এই রকম একটা ক্রাইম বোধ হয় আমার ব্যক্তিগত ২২।২৩ বছর আদালতে কাজ করে যেটুকু বুদ্ধি আছে তাতে জানি যে এই রকমের ক্রাইম সাধারণতঃ কাঁচা চোরে করে না। কাজে কাজেই তাঁদের আমি ব্যাপারটাকে জানাবার জন্যেই ডেকেছিলাম, কিন্তু তাঁরা ২২ বছরের এক ছেলেকে পাঠিয়ে দিলেন। সে সেইসব দেখে হতভম্ব হয়ে গিয়ে বললে যে সে আর এইরকম কখনও দেখে নি এবং এর আর কিছুই করবার নেই। ২০শে তারিখে এটা হয়েছে, কিন্তু আজ পর্য্যন্ত তার কোন প্রতিকার নেই বা প্রতিকারের কোন চেষ্টাও নেই।

এর পরে আর একটি ঘটনা হচ্ছে যে আমার ঝাড়গ্রামের বাড়ীর কয়েকটা বাড়ীর পরেতেই সাহিত্যিক প্রেমেন্দ্র মিত্র মহাশয়ের বাড়ী। তাঁর বাড়ীর দরজা, জানলা, চোরে খুলে নিয়ে যাচ্ছিল, কারণ প্রেমেন্দ্র মিত্র মহাশয় সেখানে থাকেন না, সেই অবস্থার সুযোগে যখন তারা দরজা-জানালা তুলে নিয়ে যাচ্ছিল সেই সময় আমার লোক চোরকে ধরতে গেলে সে পালিয়ে যায়, কিন্তু তার গামছা এবং যা দিয়ে সেই সব খুলছিল সেই যন্ত্র ফেলে যাওয়াতে তারা সেই সব নিয়ে গিয়ে থানায় জমা দেয়। সেই সঙ্গে তারা বলে যে লোকটার নাম জানে না, কিন্তু তার মুখ চেনে এবং সে পুরানো ঝাড়গ্রামে থাকে। সেই পুরানো ঝাড়গ্রামে ৪০০।৫০০ এর বেশী লোক নেই এবং সেই লোকটার পা বেঁকা বলে তাকে ধরবার সুযোগও আছে। সেই সমস্ত কথা বলার পরেও থানায় ডায়েরী নেওয়া দূরে থাক যেন আমার লোকেরাই চোর এই ধারণা করে তাদের ৫।৭ দিন ধরে রেখে ক্রমাগত জেরার উপর জেরা চালিয়েছে। অথচ যে লোকটার ডেসক্রিপশন দেওয়া হ'ল বা যার জিনিষপত্র জমা দেওয়া হ'ল' তার সম্বন্ধে কোন প্রতিকার তাঁরা করলেন না। তার পরে ভাগ্যক্রমে সেই লোকটি আর একদিন এ্যাটেম্পট করবার সময় আমার লোক একেবারে মাল এবং লোক সমেত ধরে থানায় নিয়ে গেল এবং তখন থানায় নিয়ে যাবার পর আর কোন রকম পথ না পেয়ে তাদের প্রসিকিউশনে

দিতে হ'ল এবং দুমাসের জেলও তার হয়েছে। অতএব এইভাবে যদি তাদের কাছে ধরে দেবার পর প্রসিকিউশনএর ব্যবস্থা তাঁরা করেন তাহলে পুলিশ ফোর্স বলে বিশেষ কিছু রাখবার দরকার আছে বলে আমার মনে হয় না। তার চেয়ে বরং আমাদের লোকজনদেরই কিছু কিছু দিয়ে এইসব কাজ সেরে নিলেই অনেক কাজ হয় ও খরচাও কম হয়।

তারপর এদিকে সুবোধবাবু বলছেন যে ক্রাইম বেড়েছে, কিন্তু ওদিকে আমাদের বঙ্কিমবাবু বললেন যে ক্রাইম কমেছে। সেই ক্রাইম বাড়া বা কমা সেটাও হাতের যাদুর কথা, কিন্তু মনের থেকে আপনারা জানেন যে ক্রাইম কি রেটএ হচ্ছে আর না হচ্ছে। ক্রাইম বাড়া বা কমার ব্যাপারে আমরা মফঃস্বলে থাকি, কোলকাতার ব্যাপার বলতে পারি না, কিন্তু কোলকাতাতে যা দেখলাম তাতে মনে হয় আমার এ ব্যাপারটা তাদের ডায়েরীতে পড়েছে কিনা তাতেও সন্দেহ আছে। যাই হোক মফঃস্বলের কথা আমি বলতে পারি যে মফঃস্বলের লোক ডায়েরী করতে গেলে সেই ডায়েরী নেওয়া হয় না, এবং ডায়েরী করতে গেলে এক টাকা চার আনা লাগে। সমস্ত মফঃস্বলের নিয়ম হচ্ছে যে ডায়েরী করতে গেলেই এক টাকা চার আনা লাগবে, সেই ১।৹ আনা অনেক সময় জোটে না বলে অনেকে ডায়েরী করে না।

আর ডায়েরীও না হয় করলে, ১।৹ পাঁচ সিকাও না হয় লাগল, কিন্তু তারপর যদি বাবু এসে হাজির হন তাহলে অনেক বেশী দিতে হয়। আমার আগের বক্তা এসব বলেছেন, অনেক সময় লোক হয়রান হওয়ার ভয়ে যায় না। এমন কি কোন সাক্ষী যদি সাক্ষ্য দিতে গিয়ে সত্য কথা বলে তাহলে সেই সাক্ষ্য দেওয়ার জন্য পুলিশের কাছে ভয়ানকভাবে লাঞ্ছিত হতে হয়। কেসের পরে তাকে টেনে এনে তার হয়রানীর অন্ত থাকে না। কাজে কাজেই মানুষ সাধারণ-ভাবে পুলিশকে কেস দিতে যায় না। আর আপনারা বলছেন ডিফেন্স পার্টি বা ডিফেন্স ফোর্স তৈরী কোরে প্রতীকার করবেন। ডিফেন্স পার্টিতে দেখা যাবে যে লোকগুলো ভাল কর্মী তাদের বাদ দিয়ে গ্রামে যাদের মনে করে যে তাদের দ্বারা কোন সোস্যাল সার্ভিস হ'তে পারে না সেই রকম লোকদের পুলিশ টেনে টেনে জমা করবেন যাতে কোরে সেই তাদের দ্বারা ও'রা লাভবান হতে পারবেন। যারা প্র্যাক্টিক্যালি সুযোগ-সুবিধা পুলিশের কাছে এনে দিতে পারে এই লোক দেখে তাঁরা করেন। এরকম না হয়ে যদি এই ব্যবস্থা থাকত যে ভিলেজ ডিফেন্স ফোর্স করবার সময় সেই গ্রামের লোকদের ভিতর থেকে তারা সচ্চরিত্র লোক বাছাই কোরে দিলে সেই লোকদের নিয়ে যদি পুলিশ ডিফেন্স ফোর্স করতেন তাহলে প্রতীকার হতে পারত। তার পরে দেখা যায় ডিফেন্স ফোর্স যদি কোন জায়গায় ভালভাবে তৈরী করা হয়েছে সেই ডিফেন্স ফোর্সকে পুলিশের তরফ থেকে সাহায্য দেওয়া হয় না। বরং অনেক সময় দেখা যায় কারও উপর যদি রাগ থাকে তাহলে সেই লোককে কি কোরে বিপদ্ন ক'রবে সেই চেষ্টা হয়। হয় ত রাত্রিতে বেরুলে তাকে ধরে নিয়ে গিয়ে থানায় হাজতে আবদ্ধ করলে। কাজে কাজেই পুলিশের কাছ থেকে মানুষ তফাৎ থাকতেই চেষ্টা করে। পুলিশ কো-অপারেশন তখনই পাবে যেদিন সত্যই পুলিশ জনসাধারণের সেবার জন্য নিজেকে উৎসর্গ করবার জন্য প্রস্তুত হবে। জুলুমের ভয়ে কোন ভদ্রলোক বা সত্যকার যাদের চরিত্রে খুঁত নাই এমন লোক তাদের সঙ্গে সহযোগিতা করতে পারবে না। একথা যেন ডাঃ রায় ভেবে দেখেন। যে উপরে পুলিশকে তুলেছেন তাতে কোরে পুলিশকে নামান শক্ত। কিন্তু তাঁর ব্যক্তিত্ব আছে। তিনি জোর কোরে উপর থেকে চাপ দিলে হয়ত কিছু কাজ হতে পারে। উনি কোন অভিযোগের কথা বললেই বলবার আগেতেই যদি ধমকে দেন তাহলে ফল হবে না। কেবল মাত্র এই হবে যে লোকের কাছে সাফাই গেয়ে যেতে পারেন; তাতে হবে না, লোকের কাছে তাতে ফল হবে না।

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় স্পীকারমহাশয়, সময় অল্প, কাজেই আমি শুধু ঘটনাগুলি দিয়ে যাব। গভর্ণরের স্পীচএ পেয়েছিলাম কো-অপারেশন বিটুইন দি পুলিশ এ্যান্ড দি পিপল বেড়ে গেছে। এই পিপল বলতে যদি কংগ্রেসের লোক হয় তাহলে বেড়েছে, কিন্তু জনসাধারণের সঙ্গে নয়। এ সম্বন্ধে আমি দুই-একটা ঘটনার উল্লেখ ক'রব। সোনারপুর থানার ৩নং

খেয়াদহ ইউনিয়নের একজন ভাগচাষী শ্রীঅনিল মণ্ডল তার ভাগ জমিতে জমিদারেরা ময়লা জল ফেলে সমস্ত রোয়া ধান নষ্ট কোরে দেয়, তার বিরুদ্ধে ভাগচাষ বোর্ডে দরখাস্ত দেয় এবং ভাগচাষ বোর্ড অনিল মণ্ডলের পক্ষে রায় দেয়। এজন্য যখন রায় দেওয়া হয় তখন ওখানকার জমিদার প্রণব রায় জোর কোরে তার বাড়ী যাতায়াতের পথে যে বাঁশের সাঁকো সেটা ১৫ই আগষ্ট, ১৯৫৫ তারিখে তুলিয়ে দিয়ে মারধর ক'রবে বলে শাসায়।

[10-30—10-40 a.m.]

২০শে আগষ্ট, ১৯৫৫ তারিখে সোনারপুর থানায় অনিলের ভাই রমন ডায়েরী করায়, কিন্তু পুলিশ কিছুই করে নি। ২৪শে আগষ্ট, ১৯৫৫ তারিখে সন্ধ্যায় অনিল যখন বাড়ী ফিরছিল সেই সময় বানতলা বাজারে জমিদার প্রণব রায়ের হুকুমে ৪।৫ জন দারোয়ান অনিলকে হত্যা করার ষড়যন্ত্র করে। সেই সময় সে চেঁচামেচি করাতে গ্রামের লোক এসে পড়ে; তখন তারা পালিয়ে যায়। ২৫শে আগষ্ট, ১৯৫৫ তারিখে অনিল সোনারপুর থানায় ডায়েরী করায় এবং তার উপর অত্যাচারের কথা জানিয়ে প্রতীকারের জন্য আবেদন করে; কিন্তু থানা অফিসার কিছুই করলে না। ২২শে সেপ্টেম্বর, ১৯৫৫ তারিখে অনিলের ভাই রমনকে প্রণব রায়ের হুকুমে তার দারোয়ানেরা মারধর করে এবং বাড়ীতে গেলে জমিদার প্রণব রায় নিজে বন্দুক নিয়ে গুলি চালায়; ২৫।২৬ বার বন্দুক থেকে গুলির আওয়াজ করে এবং তাকে হত্যা করতে চায়। ২৩শে সেপ্টেম্বর, ১৯৫৫ তারিখে একথা থানায় জানান হয়।

২৩শে সেপ্টেম্বর, ১৯৫৫ তারিখের সকালে ডায়েরী হ'ল; তার পর সন্ধ্যাবেলা অনিল যখন বাড়ী ফিরছিল তখন ৪।৫ জন লোক, ঐ জমিদার প্রণব রায়ের লোক তারা অনিলকে ধরে নিয়ে যায়, এবং ঐ মেছো ভেড়ীতে নিয়ে যায়। এটা অনেক লোক দেখেছে। ২৪শে সেপ্টেম্বর, ১৯৫৫, তারিখে থানায় জানান হ'ল যে অনিলকে পাওয়া যাচ্ছে না। তারপর ঐদিন ১০।১১টার সময় জানা যায় যে অনিলের মৃতদেহ খেয়াদহ জলনিকাশী খালে ভাসছে এবং পুলিশ ঐ মৃতদেহ পাহারা দিচ্ছে, আমি ব্যক্তিগতভাবে এই ব্যাপারটা জানি এবং এই ব্যাপারে এস, ডি, ওকে জানান হয়। এস, পি, তদন্তে যান, তদন্তে গিয়ে দেখেন জমিদারের ঐযে মেছো ভেড়ী সেখানে পুলিশ এবং পুলিশের কর্মচারী পাহারা দিচ্ছে। এস, পি, গিয়ে বলেন যে এখানে এত পুলিশ কেন? তারা জানায় যে সংবাদ পাওয়া গেছে জমিদার ফোন করেছে যে মেছো ভেড়ী লুট হবে, অতএব এখানে পুলিশ পাঠান হয়েছে।

অনিল মণ্ডল এতদিন থানায় ডায়েরী করেছে তখন পুলিশ দেওয়া হয় নি, দিলে বেচারার মৃত্যু হ'ত না। শেষ পর্যন্ত সেই মানুষকে হত্যা করা হ'ল, পুলিশ এসে হাজির। এতদিন পুলিশ তাকে রক্ষা করার জন্য গেল না, হঠাৎ জমিদার একটা ফোন কোরে দিল যে মেছো ভেড়ী লুট হবে, আর অমনি পুলিশ পাহারা গিয়ে হাজির যাতে মেছো ভেড়ী লুট না হয়। এই হ'ল প্রত্যক্ষ ব্যাপার ও ব্যক্তিগতভাবে আমি এটা জানি। এটা আমাদের জেলা পুলিশের সাথে জনসাধারণের সহযোগিতার প্রত্যক্ষ নমুনা। ডি, এস, পি, গিয়ে তদন্ত করেছেন, কিন্তু এখনও পর্যন্ত কোন ব্যবস্থার কথা আমরা জানতে পারলাম না। মামলা হ'ল। মামলাতে তার ভাই সাক্ষ্য দিলে; তাতে এই কয়েকদিন আগে ৭ই মার্চ, ১৯৫৬ তারিখে জমিদার নিজের লোক দিয়ে তার ভাইকে প্রকাশ্য দিনের বেলায় মারে, এবং এমন আঘাত করে যে আমাদের এই আইন সভার কোন সদস্যের সাহায্যে তাকে হাসপাতালে ভর্ত্তি করা হয়েছে, এবং সে আহত অবস্থায় হাসপাতালে আছে। তার কারণ তার ভাই সাক্ষ্য দিয়েছিল, জমিদারের লোক তার ভাইকে খুন করেছে বোলে। এই হ'ল মেছো ভেড়ীর মালিকের সঙ্গে পুলিশের সহযোগিতার দৃষ্টান্ত, জনসাধারণের সঙ্গে নয়। এইরকমভাবে পটুয়ার সাধারণ মানুষ ভাগচাষী মামলা কোরে জিতল। কিন্তু ধান নেওয়ার বেলা দেখা গেল পুলিশের পাহারায় জমিদারের ধান আটকে রেখে দেওয়া হয়েছে, সাধারণ মানুষের পক্ষে যদি কোন সাহায্য চাওয়া যায় তাতে, কিন্তু পুলিশের সহযোগিতা পাওয়া যায় না; কিন্তু কায়েমী স্বার্থে বলী বড় বড় জমিদার জোতদার, যারা টাকা দিতে পারে তাদের পক্ষে পুলিশের সাহায্য পাওয়া যায়। এই তার জ্বলন্ত দৃষ্টান্ত। আমরা এর জবাব চাই।

এই কয়েকদিন আগে ১৯৫৫ সালে, ডাঃ রায় জানেন বসিরহাট থানার যে রাঘবপুর বোনে গ্রামে ঐ মেছো ভেড়ীর মালিককে রক্ষা করবার জন্য একটা গ্রামের প্রায় ৫০টা বাড়ী লুটপাট হয়ে গেল। মেয়েদের উপর পর্যন্ত লাঠি পেটা হ'ল, অত্যাচার হ'ল। আমাদের পার্লামেন্টের সদস্যা রেণু চক্রবর্তী মহাশয়া প্রকাশ্য তদন্ত করলেন এবং তিনি একটা মেমোরেন্ডাম ডাঃ রায়ের কাছে উপস্থিত করলেন, প্রকাশ্য স্থানে বিশ হাজার লোক প্রতিবাদ কোরতে দাঁড়িয়েছিল এবং বলেছিল পুলিশের এই অত্যাচারের তদন্ত করা হউক। কিন্তু সেই ঘটনার কি প্রতীকার হ'ল জানি না।

বিশ হাজার লোক একসংগে মিলে রায় দিলে তারা জনসাধারণ নয়, আর দু-চারটা মালিক তারাই যদি জনসাধারণ হয় তাহলে নিশ্চয়ই এই জনসাধারণের সংগে সহযোগিতা আছে।

একটা প্রশ্নে আমরা সকলেই বলেছিলাম, তিনিও উত্তর দিয়েছেন যে গ্রামে গ্রামে এই সমস্ত পুলিশ ক্যাম্প আছে, সেই পুলিশ ক্যাম্পএর অবস্থা কি? আমরা দেখছি হাড়োয়া থানায় বিদ্যাধরী খাল কেটে নোনাজল প্রবেশ করান হয়, সেখানে যখন আমরা প্রোটেকশন চাই তখন প্রোটেকশন পাই না। উছিদ্দা ইউনিয়নের মোহনপুর মৌজা, লট নং ৭২, জে,এল, নং ১৩৫, সেখানে ৩ শত বিঘা জমিতে নোনাজল প্রবেশ করান হয়। পুলিশ প্রোটেকশন চাওয়া হয়, কিন্তু তারা আসে না। এইরকম আরো আছে, বেশী সময় নেই, সব বলা যায় না। ১৯৫৫ সালে হাড়োয়া থানায় আমি এবং প্রভাস রায় সেখানে ছিলাম। সেখানে সাধারণ মুসলমানদের, যদি সেখানে কোনরকম আন্দোলন হয় তাহলে এই মানুষদের দাবাবার জন্য প্রকাশ্যে পুলিশ এদের বিরুদ্ধে কিরকমভাবে ষড়যন্ত্র করছে। আমরা বসে আছি, হঠাৎ শুনলাম যে, ২৪-পরগণার কৃষক সম্মেলন হবে। পুলিশ মুসলমানদের বাড়ীতে ডাকাতীর অপরাধে ছেলে-মেয়েদের উপস্থিতিতে তদন্ত করলো। আমরা সেখানে বসে আছি, কিন্তু পুলিশ আমাদের ডাকবার প্রয়োজন মনে করলো না। তাদের বিরুদ্ধে ডাকাতী ও বার্গলারীর চার্জ-সিট দেওয়া হয়, তাতে তারা খালাস পেল। কিন্তু আবার তাদের ধরা হল, ডাকাতীর কেসএ চার্জ-সিট দেওয়া হল, আবার তারা খালাস পেলো। এইভাবে তারা কায়েমী স্বার্থ রক্ষা করছেন এটা আমরা পরিষ্কার দেখতে পাচ্ছি। এই ঘটনাগুলির প্রতীকার আমরা নিশ্চয়ই দাবী করছি। এইভাবে সহযোগিতা আসে না।

আমি আর একটা ঘটনা রাখতে চাই। গোলাবাড়ী, কাকিনং থানায় জনসাধারণ ১০০ মণ রিলিফএর চাল ধরেছিল এবং সেই চাল ধরে নিয়ে থানায় জমা দিয়েছিল। থানার বিল্ডিং হচ্ছে সীতানাথ মণ্ডলের যে চালের কল আছে তারই এক পোর্শন। এখানে সীতানাথের সংগে পরামর্শ হয়ে গেল এবং এই রিলিফএর চাল ধানের গোলায় জমা হ'ল এবং এই চাল ব্ল্যাক মার্কেটে বিক্রয় হ'ল। এটা তদন্ত করার কথা, বলা হয় যে এই চালের কি ব্যবস্থা করা হয়েছে কিন্তু তার কোন প্রতিকার হয় নি। কোথা থেকে সহযোগিতা আসবে? এইরকম ঘটনা হচ্ছে, সেখানে দেখা যাচ্ছে যে পুলিশের সংগে সমাজের সবচেয়ে জঘন্য লোকের চিরদিন বন্ধুত্ব। তারা প্রতিদিন সাধারণ মানুষের উপর জুলুম জবরদস্তি করে থাকে, তাহলে জনসাধারণের সহযোগিতা কোথা থেকে পাবেন। এইসব ঘটনার জন্য সাধারণ মানুষ পুলিশের কাছে যেতে আতঙ্কিত হয়। নজর সেলামী ১ টাকা, আর লেখনী চার আনা না দিলে ডায়েরী হয় না। এবং মামলা চালানর সময় কিছু টাকা উপরি না দিলে হয় না। হাড়োয়া থানার একটা দারোগার কথা বলি। তার সংগে মালিকের সহযোগিতা থাকার জন্য লোকে একটা দরখাস্ত করেছিল এবং এখানে সেই সহযোগিতার প্রমাণ দিচ্ছি। তার কি অবস্থা হল। এনফোর্সমেন্ট ডিপার্টমেন্টে বনগাঁয়ে তাকে বদলি করা হল। তিনি ছিলেন থানার দারোগা—১ হাজার টাকার ব্যবস্থা ছিল, এখন ৫ হাজার টাকার ব্যবস্থা করা হল। প্রতিকারের ব্যবস্থা যদি প্রোমোশন হয় তাহলে সহযোগিতা আসবে না, বিরোধীতাই আসবে। **এইজন্য এই বাজেটের সংগে জনসাধারণের কোন সম্পর্ক নেই।**

[10-40—10-50 a.m.]

Sj. Kali Mukherjee:

মাননীয় সভাপাল মহোদয়, বাজেটের যে গ্র্যান্ট ডাঃ বিধানচন্দ্র রায় ১৬ নম্বর—হেড—মেজর—পুলিশ আপনার সামনে পেশ করেছেন, আমি তার সমর্থনে ২।১টা কথা আপনার মাধ্যমে বলতে চাই। ৭ কোটী ১৫ লক্ষ ৩২ হাজার টাকা এই গ্র্যান্টে আছে এবং এই পুলিশ বাজেটের উপর ১২৮টা এমেণ্ডমেণ্ট বা ছাঁটাই প্রস্তাবই বলবো, আছে। তার ভেতর হিসাব করে শ্রমিক আন্দোলন ব্যাপারে যে ছাঁটাই প্রস্তাবগুলি আছে, আমি আপনার দৃষ্টি সেদিকে আকর্ষণ করছি এবং তার উপর যেসমস্ত বক্তারা বক্তৃতা দিয়েছেন, তাঁরা আপনার সামনে যে তথ্য প্রকাশ করেছেন সেই তথ্য থেকে যে কনক্লুশান তাঁরা টানবার চেষ্টা করেছেন সেগুলি যে ঠিক নয়, সেটার প্রমাণাদিসহ আপনার মাধ্যমে কিছু বলতে চাই। এই যে ছাঁটাই প্রস্তাব আছে ৬ নম্বর, ২১ নম্বর, ২২ নম্বর, ৫৩ নম্বর, ৭৬ নম্বর, ৮২ নম্বর, ৮৩ নম্বর, ১২৪ নম্বর, এই সবগুলিতেই শ্রমিক আন্দোলন বৃহৎ গণতান্ত্রিক আন্দোলনকে দাবানো হচ্ছে এবং কতকগুলি চার্জেস আপনার সামনে আনা হয়েছে। যে কয়জন বক্তা আপনার সামনে বক্তৃতা দিয়েছেন মোটামুটি সেগুলিকে যদি ভাগ করা যায় তাহলে দাঁড়ায় এই—বেশী খরচ হচ্ছে, দুর্নীতি আছে ও গণতান্ত্রিক আন্দোলন দমন এবং বিশেষ করে শ্রমিক আন্দোলন দমন। একটা একটা করে যদি বিচার করা যায় তাহলে দেখবো যে ১৯৫৫-৫৬ সালে ৬ কোটী ৯২ লক্ষ ৪০ হাজার টাকা খরচ হয়েছে, ১৯৫৬-৫৭ সালে কিছু বেশী হয়েছে, ৭ কোটী ১৫ লক্ষ ৩২ হাজার টাকা। এই যে ৮১ লক্ষ টাকা বৃদ্ধি হয়েছে এর মধ্যে ৭৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে সাধারণ কনষ্টেবল বলতে আমরা যা বুঝি তাদের মাহিনা বৃদ্ধির জন্য এবং ৫ লক্ষ টাকা দিতে হয়েছে মডার্ন ওয়েপনস্ প্রভৃতি সব জিনিষের জন্য। পুলিশ বাহিনীকে সচেতন রাখতে আমাদের বিরোধীপক্ষের বন্ধুদের বড় মুস্কিল হচ্ছে, তাঁরা ছাত্রকে বলেন মাহিনা কমাতে হবে, সুতরাং মাইনে দিও না, আর মাষ্টারকে বলেন স্ট্রাইক কর, মাইনে বাড়াও, বোনাস চাও। কনষ্টেবলরা মাইনের জন্য যখন স্ট্রাইক করে, বিশৃঙ্খলা করে, তখন বিরোধীদের সহানুভূতি সেদিকে ছিল কিন্তু যখন ৭৬ লক্ষ টাকা মাইনা বৃদ্ধি করে সাধারণ কনষ্টেবলদের কিছু সুবিধা দেওয়ার জন্য চেষ্টা করা হল, তখন তাঁরা চিৎকার করছেন, ভীষণ খরচ হচ্ছে, এইগুলি অন্যায়, ইত্যাদি। আমার মনে হয় যে একটা সংগতি রাখা দরকার এবং যে বৃদ্ধি বাজেটে হয়েছে, যার উপর কিছু কিছু বক্তা বলেছেন, সেই মূল বৃদ্ধি হচ্ছে এই ৭৬ লক্ষ টাকা এবং এই ৭৬ লক্ষ টাকা সম্পূর্ণ দেওয়া হয়েছে সাধারণ কনষ্টেবল, সাধারণ পুলিশ বাহিনীর অবস্থা ভাল করবার জন্য। দুর্নীতি সম্পর্কে অনেকে উল্লেখ করেছেন, দুর্নীতি যে আছে তা কেউ অস্বীকার করে না এবং সমাজেও যে দুর্নীতি আছে সে-কথা কেউ অস্বীকার করতে পারেন না। আজ পুলিশ বাহিনীতে আমাদের স্বাধীন দেশের স্বাধীন মনোবৃত্তি নিয়ে শিক্ষিত ছেলেরা ভর্ত্তি হচ্ছে, তারা আমাদেরই ভাই, বা আত্মীয়-পরিজন, আমাদের বাঙ্গালী সমাজের মধ্যে ভাল সন্তান যারা ইউনিভার্সিটি থেকে আসছে, তাদেরই আজ পুলিশ বাহিনীতে ভর্ত্তি করা হচ্ছে। কাজেই বিরোধীরা দেখবেন যে তাঁদেরই আত্মীয়স্বজন, প্রত্যেকটি বাঙ্গালী সমাজের ছেলে এই পুলিশ বাহিনীতে নেওয়া হয়। দুর্নীতি দূর করতে হলে সেই মনোভাব নিয়ে দূর করা দরকার। শুধু ডেস্ট্রাকটিভ ক্রিটিসিজমে কিছু হবে না, সেই কনষ্ট্রাকটিভ মনোভাব নিয়েই একে বিচার করতে হবে। তারপরে যেটা উপস্থিত করা হয়েছে সেটা হচ্ছে গণতান্ত্রিক আন্দোলন এবং শ্রমিক আন্দোলন দমন সম্পর্কে। আমার মনে হয় যে এ সম্পর্কে কিছু আলোকপাত করা প্রয়োজন। এই প্রশ্ন উঠিয়েছিলেন, বিশেষ করে শ্রীজ্যোতি বসুমহাশয়, লীডার অফ দি অপোজিসন, তিনিই তুলেছিলেন এবং তাঁর প্রধান বক্তব্য যেটা ছিল, তার উপর ভিত্তি করে তিনি বলেছিলেন বার্নে নিমাই মিত্র বলে একজন নিহত হয়।

আমি এ-সম্পর্কে আপনার মাধ্যমে বলতে চাই যে, এই কার্য্যাবলির আমরা ঘোরতর নিন্দা করি এবং এই ধরনের শ্রমিক আন্দোলনের মধ্যে যারা কর্ম্মী, নিঃসহায় অবস্থায় তাদেরকে মারা হয়, আহত করা হয় এবং হত্যা করা হয়, এটা জঘন্য কার্য্য। কিন্তু হিসাব

এমন একটা জিনিষ যার থেকে রেহাই পাওয়া যায় না, বুমিরাং হয়ে ফিরে আসে। আমি যা করি আমার উপরই তা ফিরে আসে। কয়েক বছরের অভিজ্ঞতা থেকে আমি বলছি। ১৯৪৯ সালের নভেম্বর মাসে বেলঘরিয়াতে শ্রীকালীদাস বিশি যে শ্রমিক আন্দোলনে কাজ করতেন, তাঁকে হত্যা করা হয়েছিল এবং সে কংগ্রেস পক্ষের লোক এবং কারা এই হত্যা করেছে? এখানে বিরোধী পক্ষের লোক যাঁরা আছেন তাঁরা বুকে হাত দিয়ে বলুন তো কে দায়ী? ১৯৫১ সালে ডক অঞ্চলে তোবারক সর্দারকে লাল ঝাণ্ডা উড়িয়ে হত্যা করা হয়েছিল। সেখানে কেস হয়ে আসামীর সাজা হয়েছিল। তারপর ১৯৫৩ সালে ডক অঞ্চলে রামকিষেণ উপাধ্যায়কে ভোজালী দিয়ে লাল ঝাণ্ডা উড়িয়ে হত্যা করা হয়েছিল। সেখানেও কেস হয়েছিল, সাজা হয়েছে। কানপুরে ১৯৫৪ সালে পরপর ২টি হত্যা করা হয়েছিল। ১৯৫৫ সালে বেলেঘাটায় বোন্ মিলে একটি শ্রমিকের গায়ে পেট্রোল ঢেলে জ্বালিয়ে দিয়ে লাল-ঝাণ্ডা ইউনিয়ন তাকে রোষ্ট করে হত্যা করেছে। আমি জিজ্ঞাসা করি যে এই ঘটনাগুলি তাঁরা বিচার করুন এবং বন্ধ করুন এবং আজ যদি কোথাও শ্রমিক আন্দোলনে হত্যা করা হয়, আমরা তার ঘোরতর বিরোধী কিন্তু তাঁরা নিজেদের হাত আগে সম্বরণ করুন। ওঁরা এক অঞ্চলের ঘটনা বিশেষ করে বলতে চেয়েছেন। আমি আপনাকে আবার বলি, জি.ই.সিতে স্ট্রাইক হ'ল। আমাদের বিরোধী পক্ষের বন্ধু শ্রীরণেন সেন তার সভাপতি। সেখানে হরতাল পরিচালনার জন্য ১৬২ জন শ্রমিককে আহত করা হ'ল, ১ জনকে ছোরা মারা হ'ল, ১ জনকে রড দিয়ে মাথা ফাটিয়ে দেওয়া হ'ল। এইভাবে সেখানে শ্রমিক আন্দোলন পরিচালিত হয়েছে। তারপর ডকের দিকে আসুন, ওখানে পরিচালক লাল ঝাণ্ডা ইউনিয়নের নেতৃত্বে ডক-মজদুর ইউনিয়ন, যার সমর্থনে ওঁরা কাল বক্তৃতায় করবার চেষ্টা করলেন। এখানে ওঁরা লাল ঝাণ্ডা বাহিনীর প্রাইভেট আর্মি সৃষ্টি করলেন যার সভ্য সংখ্যা ২০৭ জন। ১৯৫৩-৫৪-৫৫ সাল পর্যন্ত তাঁদের একমাত্র প্রধান জীবিকা রাহাজানি, মানুষ খুন এবং আন্দোলনের স্লোগান হচ্ছে স্লো ডাউন অর্থাৎ কাজ কমিয়ে দাও। ফুডসিপ যেসমস্ত আমাদের এখানে আসে তাদের বহু বাধা পেতে হয়েছে। হাজার হাজার টনের খাদ্যবাহী জাহাজ ঘাটে এসে ৮।৯।১০ দিন ধ'রে পড়ে আছে, মাল নামানো হয় নি। কলকাতার বিরাট সহর এবং তার বন্দরের গুরুত্ব যথেষ্ট। এখানে যে মাল আছে যার উপর সাধারণ মধ্যবিত্তের এবং বহু শ্রমিকদের খাদ্য এবং জীবিকা নির্ব্বাহ করে সেখানে ফুডসিপএ হরতাল করে দেওয়া কত গুরুত্ব ব্যাপার বুঝতেই পারছেন। কিভাবে তা হল দেখুন, সেখানে একটা গ্যাং কাজ করতো, ৬০।৭০ হাজার টন যারা মাল নামাতো, তারা স্লো ডাউন, রীতিতে ১,৭২০ টন মাল নামাতে আরম্ভ করলো।

[Loud noise and interruptions from the Opposition Benches.]

(এ ভয়েসঃ সারা জীবন ত দালালী করে গেলে) ১৯৫৫ সালে তিনটি থানায় যে সকল কেস ডায়েরীতে আছে বা রেকর্ডএ আছে, পোর্ট পুলিশ, একবালপুর ও ওয়াটগঞ্জ তা অতি সাঙ্ঘাতিক। যে সমস্ত ডক শ্রমিক ওদের ইউনিয়নের কথায় স্লো ডাউন করতে চায় নি তাদের স্ট্যাব করা হয়েছে, তার সংখ্যা ৬৩টি। বিটিং বাই রডস্ ২৬৭, এবং তা ছাড়া এ্যাসল্ট বাই হ্যাণ্ডস্ বাই সারাউণ্ডিং দি ওয়ার্কার্স এবং রাহাজানি করা হয়েছে, তার সংখ্যা অগণিত। তারা ২।৪ পয়সা মাইনে পেয়ে ঘরে যাচ্ছিল, তাদের সব কেড়ে নেওয়া হয়েছে। এরকম কেস মোট ১,১০২টা হয়েছে।

[10-50—11 a.m.]

এই স্লো ডাউন আন্দোলনের জন্য ক্যালকাটা পোর্ট কমিশনার্সএর পোর্ট রেভিনিউ এতে ঘাটতি হয়েছে ১ কোটী টাকার উপর। ৬৩টি কোল জাহাজ কলিকাতা বন্দরে নামতে পারলো না এদের অত্যাচারে—ভিজাগাপট্টমে, সিলোনএ চলে গেল। [ডিসটার্বান্সেস।]

Sj. Monoranjan Hazra:

স্যার, দেখুন, ইরিলিভ্যান্ট বলছে।

Mr. Speaker: He is discussing the points raised.

Sj. Kali Mukherjee:

ফলে ডেমোক্রেটিক মুভমেন্টকে হত্যা করা হয়েছে, এইভাবে ট্রেড ইউনিয়ন মুভমেন্ট করা যায় না, আমরা দেখেছি। আমরা দেখেছি ট্রেড ইউনিয়ন মুভমেন্টএর নামে তারা মানুষ খুন করে ডেমোক্রেসি প্রতিষ্ঠা করতে চান। আমি সেজন্য এই তথ্য পরিবেশন করতে চাইছি, ৬৩টি ক্ষেত্রে জাহাজ ১৯৫৫ সালে কলকাতা বন্দরে থেকে ফিরে ভিজাগ্, সিলোন এবং বোম্বে চলে যায়। কলকাতার পোর্ট এইভাবে ১ কোটী ১৩ লক্ষ টাকা লুজ করল। শ্রমিক যা রোজগার করতে পারতো তা পারল না, যার মানে এটা সমগ্র বাংলাদেশের লোকসান। সাধারণ মধ্যবিত্ত যারা লরী চালিয়ে জিনিষ নিয়ে যায় তাদের কারবার নষ্ট হ'ল। এক্সপোর্ট ও ইমপোর্ট রেভিনিউ বাবত ১৫।২০ কোটী টাকা আমরা লুজ করেছি। এদেরই জন্য এইভাবে দেশের কত ক্ষতি হয়েছে। যারা গণতন্ত্রের বুলি আওড়ান, এই হচ্ছে তাঁদের রূপ ও পেশা। তাঁরা আজ বলছেন অমুক জায়গায় অন্যায় হচ্ছে। আমি বলি তোমরা তোমাদের নিজেদের সামলাও। আর একটী ঘটনা বলি, গেষ্ট কীন উইলিয়ামস এ্যাণ্ড কোম্পানীতে ১৯৫৫ সালে তাদেরই নেতা শ্রীশিবনাথ ব্যানার্জীকে কমিউনিষ্ট পার্টীর লোকেরা ঠেঙ্গিয়ে দিল। যদি একবার অন্যায় কাজ করতে আরম্ভ করা যায় তাহলে তার শেষ নাই, এবং বুমিরাং হয়ে সেটা ফিরে আসে। যাহোক যে কথা বলছিলাম, যে এই ডকের কাজ সম্বন্ধে অনুসন্ধান করবার জন্য ভাসিষ্ট কমিশন এখানে এসেছিল এবং সেই কমিশন সমস্ত স্তরের ব্যক্তিদের সাক্ষী নিয়ে রিপোর্ট করলেন যে এখানে কলিকাতা পোর্টে গুরুতর মার, দাঙ্গাহাঙ্গামা চলছে এবং তার জন্য এখানে কাজকারবার বন্ধ হয়ে যাবার উপক্রম এবং এই অবস্থা যদি চলে তাহলে কলকাতা পোর্টে যদিও ৪৫০।৫০০ জাহাজ মাল নিয়ে যাওয়ার আশা করে তাদের অর্দ্ধেককে বাধ্য হয়ে বম্বে, ভিজাগ অর সিলোনএ চলে যেতে হবে। যখন স্টেটএর মধ্যে স্টেট সৃষ্টি করে, লাল টুপী মাথায় দিয়ে ফৌজ তৈরী করে মানুষ মারা আরম্ভ হ'ল, খিদিরপুর ডক অঞ্চলে তখন এমারজেন্সি ডিক্লেয়ার করা হ'ল এবং তারপরে দেখা গেল ১০।১২ ঘণ্টার মধ্যেই কমপ্লিট পীস ইন দি ডক এরিয়া ফিরে এলো।

আমরা দেখছি পুলিশ খাতে অনেক টাকা খরচ হচ্ছে, কিন্তু সেই টাকা কেন খরচ হচ্ছে? আমি তারজন্য কয়েকটা কথা এখানে প্রকাশ করতে চাই। আমি দেখলাম শ্রীবঙ্কিম মুখার্জী অত্যন্ত সোবার বক্তৃতা দিয়েছেন। খুব সুন্দর, কিন্তু জানতে পারি কি বজ বজ পেট্রোল এলেকায় ১১ জন শ্রমিক, বঙ্কিমবাবুর ইউনিয়নের শ্রমিকদের দ্বারা প্রহৃত হ'ল কেন? তাঁরা প্রহার করেন, হত্যা করেন। কিন্তু এই আঘাত করবার কারণ কি? আবার ওঁরা গণতন্ত্রের কথাও বলেন?

এখানে দেখছি আমরা যে মোট পুলিশ খাতে খরচ করছি, তাতে ৪১,৯৭৯ জন পুলিশ ফোর্সের সংখ্যা আছে। অর্থাৎ ৫২২ জন ইন্সপেক্টার নিয়ে প্রায় ৪২ হাজার পুলিশ ফোর্স আছে। কিন্তু তাতে আমরা এক একটা গ্রামে একটি পুলিশ দিয়েও উঠতে পারি না। এবং ওঁদের বক্তৃতায়েই দেখতে পাবেন, বলা হয়েছে যে, গ্রামের মধ্যে সময়মত পুলিশ যায় না, যখন তদন্ত করবার দরকার হয়, এবং তদন্ত করবার জন্য চেষ্টা পর্য্যন্ত হয় নি। এর একমাত্র কারণ হচ্ছে যে, সাফিসিয়েন্ট পুলিশ ফোর্স আমাদের নেই। লোকে গাঁয়ে গাঁয়ে চাচ্ছে পুলিশ দাও, কিন্তু আমরা তা দিতে পারছি না। ৬১৩ জন অধিবাসীর মাথা পিছু আমরা একটি করে পুলিশ দিতে পেরেছি। আরও আশ্চর্য্য হচ্ছি পশ্চিম বাংলায় ৬,৩০০টি প্রোসেসন হয়েছে ১৯৫৫-৫৬ সালে কলকাতা এবং তার আশেপাশে। এই সমস্ত প্রোসেসনএর মধ্যে ⅓ ভাগ প্রোসেসেন হচ্ছে পলিটিক্যাল পার্পসএ; এবং যা আমাদের বন্ধুরা করেন। তার মধ্যে ১১৩টি প্রোসেসন হচ্ছে ভায়োলেন্ট প্রোসেসন, অর্থাৎ ঢিল ছুঁড়ে লোককে আক্রমণ করবার চেষ্টা করা; অথবা কোন জায়গায় কোন কারখানার ম্যানেজারকে ঘিরে দিনভোর আটকে রাখা এই হচ্ছে তাদের গণতান্ত্রিক পদ্ধতি। সভাপাল মহাশয়, আমি আপনাকে জিজ্ঞাসা করবো একি গণতন্ত্রের অধিকারে কারখানার শ্রমিকদের লেলিয়ে দিয়ে সেখানকার ম্যানেজারকে সারাদিন ঘিরে রেখে, তাঁকে হেল্পলেস করা? এবং

এ্যাসল্ট করা? বা শ্রমিকে শ্রমিকে দ্বন্দ্ব বাঁধিয়ে দিয়ে, শ্রমিকদের মাথা ফাটান? সুতরাং আমাদের অভাব যেটা দেখছি, সেটা হচ্ছে শান্তি রক্ষা করার। আমাদের বিরোধী পক্ষের বন্ধুদের পক্ষে শান্তি বিরাজ করলেই তাঁদের অবস্থা কঠিন হয়ে পড়ে। আজ বাংলাদেশে যদি শান্তি রাখতে না পারি তাহলে পঞ্চ-বার্ষিকী পরিকল্পনাই বলুন, আর দশম-বার্ষিকীই বলুন, কোন কিছুতেই, কিছু হবে না। প্রথমতঃ মানুষের জীবনের প্রধানতম জিনিষ হচ্ছে আমরা শান্তিতে খেটে খেতে চাই। আমাদের একমাত্র দাবী হচ্ছে শান্তিতে থেকে, পরিশ্রম দিয়ে যে রোজগার করবো, তা দিয়ে সংসার চালাবো, এতে তোমরা কেউ বাধা দিও না, এবং কেউ যেন বাধা দিতে না পারে তার জন্য সরকারকে জানাচ্ছি। যেটা প্রাইমারী নেসেসিটি অফ সোসাইটি সেটা যদি গভর্ণমেন্ট বা স্টেট পালন করতে না পারে, তাদের নিজ দায়িত্বে, তাহলে সেই গভর্ণমেন্টের অস্তিত্বের কোন মানে হয় না। [এপ্লজ ফ্রম কংগ্রেস বেঞ্চেস], কাজেই যে অর্থ ব্যয় করা হচ্ছে, পুলিশের জন্য সেটা যথেষ্ট নয়; এবং যে চাহিদা আমাদের জনসাধারণের সামনে আছে, সেই চাহিদা অনুযায়ী আমরা যথেষ্ট পরিমাণে পুলিশ দিয়ে উঠতে পারি নি, তার জন্য এই খরচ সম্পূর্ণভাবে গ্রহণ করাই উচিত। আমার মনে হয় আরও শক্তিশালী পুলিশ বাহিনী সময়মত তাড়াতাড়ি গ্রামের মধ্যে ও ঘটনাস্থলে পৌঁছে যাতে শান্তি রক্ষা করতে পারে তার ব্যবস্থা করা উচিত।

[11—11-10 a.m.]

Sj. Narendra Nath Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় কংগ্রেস সদস্য শ্রীবঙ্কিম কর মহাশয় যে তথ্য আমাদের সামনে পরিবেশন করলেন সেই তথ্যের সঙ্গে আমি একমত হ'তে পারলাম না। যদি তিনি তাঁর দেশ খানাকুল থানায়, অন্ততঃ বর্ষা, শীত ও গ্রীষ্মকাল, এই তিন সময় কিছু দিনের জন্য সেখানে থেকে সেখানকার অবস্থা দেখে এসে এই তথ্য পরিবেশন করতেন তাহলে ভাল হ'ত।

মিঃ স্পীকার, স্যার, কয়েকদিন পূর্ব্বে আমি যে মার্ডার কেস সম্বন্ধে প্রশ্ন করেছিলাম, তাতে ভুল তথ্য পরিবেশিত হয়েছিল। আমি নিজে জানি যে, খানাকুলে ধামারিয়া ব'লে একটা জায়গায় গত এপ্রিল মাসে একটা মার্ডার হ'ল, এবং সেখানকার ৪২ জন আসামীর বিরুদ্ধে স্টেটমেন্ট দেওয়া হ'ল, তারমধ্যে কয়েকজন আসামী হাসপাতালে রইলো, কিন্তু, মিঃ স্পীকার, স্যার, আপনি শুনে আশ্চর্য্য হয়ে যাবেন, চার-পাঁচ মাসের মধ্যে কোন আসামীকে ধরে গ্রেপ্তার করবার চেষ্টা পর্য্যন্ত হল না, অধিকন্তু থানা থেকে বারবার চেষ্টা হ'তে লাগলো; যাতে দুই বিঘা জমি নিয়ে, আর কিছু নগদ টাকা নিয়ে, যাকে হত্যা করা হয়েছিল তার ছেলেকে দিয়ে, ঐ মামলাটা কোন রকমে শেষ করে দিতে পারে। স্থানীয় জনসাধারণ পুলিশের কাছে আবেদন করতে লাগলো, কিন্তু ফল কিছু হ'ল না। তারপর প্রায় সাড়ে চার-পাঁচ মাস পরে সুপারিন্টেন্ডেন্ট অফ পুলিশএর সঙ্গে দেখা করে বিস্তারিত আলোচনা করা হ'ল এবং তাঁকে চিঠি দিলে, কাজ হ'ল, কিছুদিন পরে পুলিশ ইনভেস্টিগেশন করবার চেষ্টা করেন। এবং তার কিছুদিন বাদে দেখা গেল পুলিশের দ্বারা কয়েকজন ব্যক্তি এ্যারেস্ট হ'ল; কিন্তু তখনও দেখা গেল চেষ্টা হতে লাগলো যাতে কেসটাকে ধামা চাপা দেওয়া যেতে পারে। এই হচ্ছে আমাদের দেশের অবস্থা। ডাকাতির সংখ্যা আরামবাগ মহকুমায়, বিশেষ করে খানাকুলে কি অবস্থা, তা আপনি সরকারী নথিপত্রের মাধ্যমে নয়, যদি সেখানে গিয়ে তথ্য সংগ্রহ করতে পারেন, তাহলে দেখতে পাবেন সরকারী যে সমস্ত তথ্য আছে তার চেয়ে ঢের বেশী চুরি, ডাকাতি, খুন-খারাপী সেখানে হচ্ছে। কোথাও ডাকাতি হ'লে, তার খবরাখবর দেবার জন্য অনেকেই থানায় যেতে চায় না। কারণ, মাননীয় সদস্য নৃপেনবাবু পূর্বে যে কথা বলে গিয়েছেন, দেড় টাকা দিয়ে ডায়েরী করতে হয়; শুধু তাই নয়, ঐ ডায়েরী কাটাবার জন্য আড়াই টাকা থেকে আরম্ভ করে আড়াই হাজার টাকা দিয়ে, এটা কাটিয়ে দেওয়া যায়। বোধহয়, এটা তিনি বলতে ভুলে গিয়েছিলেন, যে কোথাও কোন একটা ডাকাতি হলে, পুলিশ অফিসাররা সেখানে অনুসন্ধানের জন্য যান এবং কয়েকদিন ধরে সেখানে থেকে মাছ, মুড়ো,

ডিম, মাংস ইত্যাদি বেশ পেট ভ'রে খেয়ে থাকেন। কিন্তু একে তার সর্বস্ব গিয়েছে, তারপর তাদের জন্য যদি তাকে মাছ, মাংস প্রভৃতি নানা প্রকার খাবার সংগ্রহ করতে হয়, তাহলে তাকে সর্বস্বান্ত হ'তে হয়, এবং অনেক সময় অনেকে তা পারে না। ফলে দেখা যায় সেখানে কিছুই হয় না, আসামী ধাওয়া হয়, ধরা পড়ে না, আসামীর কোন রকম সাজা হয় না। এই ত হ'ল আমাদের পুলিশের অবস্থা। আর একটা ঘটনার কথা বলছি। ডিহিবাগানে একটা ডাকাতি হয়; সেখানে বামাল একজনকে তার বাড়ীতে পাওয়া গেল, এবং তার প্রমাণপত্র পর্যন্ত পাওয়া গেল; তারপর কেসটা সেসনএ গেল। দেখা গেল জনন্নাথপুর হচ্ছে আসামীর বাড়ী, আর তার থেকে ঠিক দু-মাইল দূরে কৃষ্ণপুরে জুরী নিযুক্ত করা হয়েছে। আমি বুঝতে পারলাম না সরকারী আইনে এই রকম কোন ব্যবস্থা আছে কিনা, যে আসামীর বাড়ীর কাছা-কাছি লোককে জুরীর পদে নিযুক্ত করা হয়? অবশ্য কিছু সেলামীর ব্যবস্থা করে দিতে হয়েছিল ঐ আসামীকে; কিন্তু, সে মুক্তি পেয়ে গেল, তার কোন সাজা হ'ল না। এই হচ্ছে আমাদের দেশের প্রকৃত অবস্থা। তাই আমি মাননীয় কংগ্রেসী সদস্য বঙ্কিমবাবুকে অনুরোধ করবো, তিনি মাঝে মাঝে দেশে গিয়ে, সেখানকার কি প্রকৃত অবস্থা, সেটা দেখে এসে, এখানে তথ্য পরিবেশন করুন। বছরে তিনি বোধহয় দেশে একবারও যান না।

মিঃ স্পীকার, স্যার, আমাদের দেশের এই যে অবস্থা, এই অবস্থার প্রতিকার করতে হ'লে সরকারকে চেষ্টা করতে হবে, যাতে তাঁদের কর্ম্মচারীদের মধ্যে অসাধুতা দূরীভূত হয়; তা না করতে পারলে, বিশেষ করে আমরা যারা পাড়াগাঁ অঞ্চলে থাকি, তার কোন রকম কিছু হবে না।

এই গত বৎসর সেখানে যে ডাকাতি হয়েছে—সেখানে ফায়ার আর্মস্ ব্যবহার হয়, একজন সঙ্গে সঙ্গে মারা গিয়েছে, আর একজন হাসপাতালে থেকে সুস্থ হয়ে উঠেছে, সে ডাকাতির কোন কিনারা হ'ল না।

আর একটা কথা, ছোটখাটো চুরি হ'লে যদি থানায় ডায়েরী করতে যেতে হয়, থানার অফিসাররা প্রথমে ডায়েরী করতে চান না, এবং যদিও বা করেন সে কেস তদন্ত করবার জন্য আসবার তাদের সময় হয় না। এ নিয়ে লেখালেখি করলে জবাব পাওয়া যায় পুলিশ কর্ম্মচারীর সংখ্যা কম কাজেই ছোটখাটো কেসে সব জায়গায় তদন্ত করতে যাওয়া সম্ভব হয় না। কিন্তু যখন কংগ্রেস দ্বারা সংগঠিত কোন সভা হয় বা মন্ত্রীদের অভ্যর্থনার জন্য সভা হয় সেখানে ত সে সব সভায় যাবার জন্য পুলিশের কোন অভাব হয় না। সেখানে ত দেখা যায় সভা আরম্ভ হবার নির্দ্ধারিত সময়ের বহু পূর্ব্বে সেখানকার আনাচে-কানাচে দলে দলে পুলিশ থাকে। তখন সে সব পুলিশ কোথা থেকে আসে? এই কথাটা, স্পীকার-মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে জানাচ্ছি, তাহলে তিনি এর উত্তর দিতে বাধ্য হবেন। পুলিশের যেসব দুর্নীতির কথা বল্লাম সেই কারণে অন্যান্য বিরোধী সদস্যদের সুরের সঙ্গে সুর মিলিয়ে বলব পুলিশের এইসব কর্ত্তব্যে অবহেলা দূর করতে হলে তাদের মধ্যে যে দুর্নীতি রয়েছে তা কঠোর হস্তে দমন করতে হবে, পুলিশ কর্ম্মচারীদের অপরাধ প্রমাণিত হ'লে তাকে নামে মাত্র সাজা না দিয়ে যদি সরকার আদর্শ সাজার ব্যবস্থা করতে পারেন তাহলে আমার মনে হয় তাদের মধ্য থেকে দুর্নীতি দূরীভূত হবে। এবং তখন সত্যকারের কাজ পুলিশ অফিসাররা করতে পারবেন। তা যদি না করেন, তাহলে যত বেশী টাকাই পুলিশের জন্য ধার্য্য করেন না কেন সে কেবল ভস্মে ঘি ঢালার মতন হবে। প্রকৃত কাজ কিছুই হবে না। এ কয়টী কথা ব'লে আমার বক্তব্য শেষ করলাম।

Sj. Haripada Baguli:

মাননীয় স্পীকারমহাশয়, পুলিশ বাজেট আলোচনা প্রসঙ্গে পুলিশের বাবদ ব্যয় কেন বাড়ানো উচিত সে সম্পর্কে সরকার পক্ষ থেকে অনেক যুক্তি দেখানো হয়েছে এবং পুলিশ যে অনেক ভাল কাজ করেছে সে কথাও বলা হয়েছে, কিন্তু ইংরেজ আমলে পুলিশ যা ছিল, পুলিশকে আমরা যেভাবে দেখেছি, আজ কি তার সেই প্রকৃতির কিছু পরিবর্ত্তন হয়েছে? আমাদের সরকার পক্ষের যাঁরা তাঁরাই বলুন, অনেক কংগ্রেস কর্ম্মী এখানে আছেন, তাঁরা

এবারে এখানে আসার আগেকার একটা ঘটনা বলি। সুন্দরবন নাকি পুলিশের পেনাল হয় নাই, তারা আগে যা করত এখনো তাই করছে, তবে একটু মার্জিতভাবে, আগে তারা গ্রামে গিয়ে প্রকাশ্যভাবে, সকলের সামনেই দর কষাকষি করে টাকা আদায় করত, এখন সেটা গোপনে নিচ্ছে। এ সম্বন্ধে আমি ২।১টা তথ্য আপনার কাছে উপস্থিত করছি।

এবারে এখানে আসার আগেকার একটা ঘটনা বলি। সুন্দরবন নাকি পুলিশের পেনাল স্টেশন এবং পুলিশের মধ্যে যারা ক্রিমিন্যাল তারাই বোধ হয় সেখানে যায়। এখন ঘটনাটা শুনুন, একজন ভাগচাষীর বাড়ীতে বদমায়েসীর উদ্দেশ্যে একজন ভদ্রগোছের লোক গিয়ে ধরা পড়ে। লোকটী কান্নাকাটি ক'রে দোষ স্বীকার করাতে মান নষ্ট হবার ভয়ে পাড়ার লোকেরা তাকে সসম্মানে ছেড়ে দেয়, তাকে কোন রকম মারধোর বা অপমান করে নি। লোকটী ছাড়া পেয়ে চলে যায়। কয়েকদিন পরে দেখা গেল, লোকটী সেখান থেকে সসম্মানে ছাড়া পেয়ে এসে থানায় গিয়ে একটা কেস্ করে দিয়েছে। থানার ছোট বাবু যান সে কেসের তদন্ত করতে। সেই ছোট বাবুর সঙ্গে আমার দেখা হয়েছিল, আমি তাকে সত্য ঘটনাটা কি জেনে আসতে বলি এবং ফেরার পথে ঘটনার সত্যতা আমাকে জানিয়ে যেতে অনুরোধ করি। পরের সংবাদ ঐ ছোট বাবু সেই গরীব চাষীর বাড়ী থেকে দশ টাকা নিয়ে এসেছে।

তা ছাড়া সুন্দরবনের নদীপথের ডাকাতি পুলিশ কিছুই করতে পারে নি, আমি যতদূর জানি তারা একটা কেসেরও কিনারা করতে পারে নি। নৌকা ডাকাতি হচ্ছে, মেদিনীপুরের পুলিশ বলে ওটা ২৪-পরগণা এলেকায় হয়েছে, আর ২৪-পরগণার পুলিশরা বলে হয়েছে মেদিনীপুরের এলেকায়। এর কোন মীমাংসা না হওয়ার ফলে শেষ পর্যন্ত ডাকাতি কেসের তদন্তই হয় না। ডায়মণ্ডহারবার নদীপথে যে-সব ডাকাতি ও রাহাজানি হয় তার সম্বন্ধে অনেক আগে বলেছি কিন্তু কোন প্রতিকার হয় নি। এ-বৎসর বন-বিভাগের কয়েকজন কর্ম্মচারী নিহত হয়েছে তার প্রতিকার হয়েছে বলে শুনি নি। তার পর একটা ধান বোঝাই নৌকার দাঁড়ি মাঝিদের খুন করে সমস্ত ধান লুঠ হয়ে গেল, তার পর্যন্ত কোন প্রতিকার হ'ল না। যারা মাছধরা জাল নিয়ে সমুদ্রে মাছ ধরতে যায়, তাদের মধ্যে ডাকাতও থাকে। তারা দিনের বেলায় বাজার করার নামে ডাঙ্গায় উঠে কার বাড়ী টাকা-কড়ি আছে তার খোঁজ নেয়, রাত্রে সেই বাড়ীতে ডাকাতি করে। একবার তারা দিনের বেলায় একটা বাড়ীতে ডাকাতি করবে ব'লে ঠিক ক'রে রাখে, রাত্রে রাস্তা ভুল ক'রে এক গরীবের বাড়ী চড়াও হয়। সেখানে অনেক মার-ধোর করেও কিছু পায় না। তাদের চিৎকারে পাড়ার বহু লোক ছুটে আসায় ডাকাতরা পালিয়ে যায়। পরের দিন পাড়ার অন্য বাড়ীর একটী ছেলে থানায় সংবাদ দিতে গিয়েছিল, থানা-পুলিশের চড় খেয়ে তাকে ফিরতে হ'ল। ডাকাতিকে চুরি ব'লে ডায়েরীভুক্ত ক'রে কোন প্রতিকার হয় নি।

[11-10—11-20 a.m.]

তারপরে মন্ত্রীমহাশয় বলেছেন, বেওয়াখালিতে পুলিশের ঘাঁটি আছে। কিন্তু বাস্তবিক পক্ষে সেখানে কোন পুলিশের ঘাঁটি নাই। পুলিশ যায় গোয়ালপাড়া গ্রামে, সেখানে ৯টা ডাকাত আছে, জুয়ার ঘর আছে, মদের ভাটী আছে, সেখানে তাদের মাসকাবারী আয় ভাল হয়। আর অপরাধজনক কাজ যা তা আজ পর্যন্ত কমেনি বা বন্ধ হয় নি।

তারপর, সাগর থানা যেটা সেটা ইংরেজ আমলে তৈরী হয়েছিল শিকার করতে গিয়ে যাতে ভাল আশ্রয় স্থান হয়, সেইদিকে লক্ষ্য করে সেটা এলেকার একপ্রান্তে অবস্থিত। নদীর দু'দিক থেকেই লোক আসে, ১৭।১৮ মাইল পর্য্যন্ত পায়ে হেটে লোক আসে। বহু অপরাধের খবর তারা নিয়ে আসে, যে খবর আসে তা তারা সাদা কাগজে ডায়েরী করে নেয়। আমার বন্ধুরা যে বলেছেন ডায়েরীর দক্ষিণা পাঁচ সিকা তাতো আছেই, আর যে-সব চিঠিপত্র লিখে দেয় তাতেও ঐ পাঁচ সিকা দিতে হয়, লাগে না কেবল আমি যেগুলি লিখে দিই, তাতে অন্যান্য লোকদের বেলায় তা দিতে হয়। আমি একটা প্রস্তাব করছি, থানায় যারা ডায়েরী করাতে আসে, তারা যে ডায়েরী করায় তার একটা কপি যেন তাদের সঙ্গে সঙ্গেই দেওয়া হয়, তাহলে কি ডায়েরীতে লিখে নিলে তারা বুঝতে পারবে। আর থানাটাকে এক পাশে যে রয়েছে সেখান থেকে সরিয়ে মাঝখানে নিয়ে আসার জন্য প্রস্তাব করি।

তারপরে আচার্য্য কৃপালনী সেদিন লোকসভায় বলেছেন, তাঁর সঙ্গে সব সময় গোয়েন্দা পুলিশ থাকে। আমিও তা দেখে আসছি। যতদিন কংগ্রেস কর্ম্মী ছিলাম তখন মাঝে মাঝে তাদের দর্শন পাওয়া যেত; মাঝখানে কিছুদিন সরকারী চাকরী করেছিলাম তখনও তারা ছিল, স্বাধীনতা লাভের পর কয়েক বছর তাদের দেখি নি, এখন কংগ্রেস ছেড়ে দিয়েছি, আবার তারা আসছে। তখনো কোন হিংসার কাজ করিনি, আমি চিরকাল অহিংস আন্দোলন করেছি, কাজেই তাদের ভয় করি না। এবং তারা চেষ্টা করেও আমার ক্ষতি করতে পারে নি। আমি আগেই বলেছি পুলিশের প্রকৃতি বদলায়নি। এই কথা বলে পুলিশ বাজেটের যে ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে তার বিরোধীতা করছি।

Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় স্পীকারমহাশয়, ব্রিটিশ রাজত্বের সময় গভর্ণমেন্টকে পুলিসরাজ দেখা হলে বলা হ'ত, সেই যে পুলিশরাজ শুরু হয়েছে আজও তা শেষ হয় নি। যদিও আমরা দেখতে পাচ্ছি বর্ত্তমানে পুলিশ বিভাগে বহু শিক্ষিত যুবক তারা দেশ-সেবকের মত কাজ করতে চায় কিন্তু এই বিভাগ পরিচালনায় যে ত্রুটি আছে তাতে তাদের অমানুষ করে তোলে। এই সম্পর্কে আমি বলতে চাই, জাতীয় গভর্ণমেন্টএর এই যে-সব মন্ত্রী আছেন তাঁদের ৪ জন মন্ত্রীকে পাহারা দেবার জন্য ৪ সিফ্‌ট্‌এ, পুলিশ অতিরিক্তভাবে নিয়োগ করা হয়েছে। অথচ গ্রামাঞ্চলে দেখতে পাচ্ছি বিভিন্ন থানায়, বিশেষ করে খড়্গপুর থানার কথাই বলি, সেখানে ১৪টি ইউনিয়নএ ১৪টি কনষ্টেবলও নেই। এইভাবে শান্তিরক্ষা করা কি করে সম্ভব তা আমরা জানি না। এই বিভাগ পরিচালনার দৃষ্টান্তস্বরূপ আমরা বলতে পারি খড়্গপুর টাউন থানার অধীনে কমলা পাঁড়ে নামে একজন বিখ্যাত গুণ্ডা, ডাক্তার রায়ই এক সময় বলেছিলেন যে একে একটা নটোরিয়াস গুণ্ডা এবং তাকে মেদিনীপুর থেকে এক্সটার্ণ্ড করা হয়েছিল, কিন্তু আমাদের ডাক্তার রায় অবগত আছেন কিনা জানি না, তাঁর প্রিয় উপ-মন্ত্রী চিত্তরঞ্জন রায়ের কথামত এই এক্সটার্ণমেন্ট অর্ডার বাতিল করে দেওয়া হয়; খড়্গপুরে লোকের বিশ্বাস তাঁর মেয়ের বিবাহের সময় কয়েক হাজার টাকা পান খেতে নেওয়া হয়েছে।

দ্বিতীয় কথা, মেদিনীপুর সহরে একটা চুরির তদন্তের জন্য দুইজন দারোগা ও কয়েকজন পুলিশ কনষ্টেবল বড়বাজারের শীতলা দেবীর মন্দিরে যান এবং জুতা পায়ে মায়ের মন্দিরে প্রবেশ করে। সেখানকার লোকে তখন নিষেধ করে, কিন্তু তা সত্ত্বেও সে-কথা না শুনে পুলিশ জুতা পায়ে মন্দিরের মধ্যে প্রবেশ করে এবং এই রকমভাবে দেবীর মন্দিরের পবিত্রতা নষ্ট করে এবং তদন্তে মন্দিরে কিছুই পাওয়া যায় না কিন্তু যাঁরা নিষেধ করেছিলেন, সেই অপরাধে কয়েকটী লোককে ধরে নিয়ে গিয়ে থানায় আটকে রাখে। এদের জামিনের জন্য মোক্তার যায় এবং তাঁকেও অকথ্য ভাষায় গালি দিয়ে অপমান করা হয়। সেই সময় ডি, এম, ও এস, পির কাছে এই ব্যাপারের তদন্ত করতে বলা হয়। তারপর ডি, এস, পি, ইন্সপেক্টর অফ পুলিশ, স্থানীয় এম, এল, এ, মিউনিসিপ্যাল কমিশনারএর দ্বারা তদন্ত করা হয় এবং তাকে অর্থাৎ সাব-ইন্সপেক্টরকে দোষী সাব্যস্ত করা হয়। কিন্তু এর পরে দেখা গেল যে সেই সাব-ইন্সপেক্টরকে ও, সি, করে দেওয়া হ'ল। এইভাবে দোষী মানুষকে প্রোমোশন দিয়ে কিভাবে তাদের আরো নষ্ট করা হচ্ছে। তারপর বালিচকে, কল্যাণ দাস মাড়োয়ারী, মিলওয়ালা (ধানকল), তার গুদামে একজনকে হত্যা করে লুকিয়ে রাখে। থানায় যারা এই ডায়েরী করতে যায় তাদের আটকে রাখা হ'ল। তারপর সেখানকার লোকেরা যায় এস, পির কাছে। তখন তদন্তের ব্যবস্থা করা হয়। কিন্তু আগেই সেই রাত্রে থানা থেকে যোগাযোগ ক্রমে সেই লাস্‌কে পেট্রল ঢেলে পুড়িয়ে দেওয়া হয়। তদন্তের শেষ চিহ্নটুকু পর্য্যন্ত লোপ করে দেওয়া হ'ল। এবং তারপরে নামমাত্র একটা তদন্তের ব্যবস্থা করা হয়েছিল। এখানে এমন একটা ষড়যন্ত্র করা হয়েছিল এবং কথা হয়েছিল যে যারাই পুলিশের বিরুদ্ধে সাক্ষী দেবে তাদের পরিণাম অতি ভয়ঙ্কর।

পুলিশের আর একটা ব্যাপার বলি। বাসগুলিতে পুলিশের লোকেরা বিনা পয়সায় যাতায়াত করে। তাই এখন ওভার-ক্রাউডিং ধরা হয় না। দুর্ঘটনা ঘটলে বহুলোক হতাহত

হয়। তারপর আবার আমাদের পল্লীগ্রাম অঞ্চলে কংগ্রেসীরা পুলিশের দলের অন্তর্ভুক্ত হয়ে গিয়েছে দেখছি। এবং তারাও বিনা পয়সায় তাদের আত্মীয়স্বজন নিয়ে চলাফেরা আরম্ভ করেছে। বাসওয়ালারা রীতিমত এদের ভয়ে ভয়ে চলে। পুলিশের আত্মীয়স্বজনের ত কথাই নাই, শুধু তাই নয়, প্রত্যেক ফাঁড়ীর সঙ্গে বাসওয়ালাদের মাসিক বন্দোবস্ত আছে। এই যদি পুলিশের পরিণতি হয় তাহলে পুলিশমন্ত্রী, মুখ্যমন্ত্রী ও অর্থমন্ত্রী জনসাধারণের কাছে কি করে সহযোগিতার আশা করতে পারেন। এইভাবে মানুষের কিভাবে সততা বা মোরেল ঠিক রাখতে পারবেন। দুষ্কৃতকারীরা যদি পুলিশের এই রকম সাহায্য পায়, তবে পুলিশের সঙ্গে দেশের লোকের কোন সম্পর্ক থাকতে পারে না।

[11-20—11-30 a.m.]

Sj. Dalbahadur Singh Gahatraj: Mr. Speaker, Sir, I support the demand made by our Chief Minister in this Police Budget. As I have heard our friends from the opposite side, I have learnt something of their heart and I should express in a few words what I know. I may tell them that where there is a Government, the Government must have a police. An efficient and dutiful police force can be maintained only if proper salary and emolument are paid to them. When this country is in its making, there have been individual enemies and there have been different policies of different enemies that have stood in the way and have been trying to stand in the way of advancement of the country. There must be a strong police force to stand by the Government especially when it is embarking on various ambitious schemes and projects. My friends opposite will be very happy if there is no Police Department so that they can commit crimes, so that they can fulfil their ambitions in accordance with their policies which are directed towards the destruction of the country and its peaceful inhabitants. I would request my Chief Minister that more expenditure should be incurred to pay these police personnel nicely so that they can afford to look after their school-going children properly. In this connection I may be permitted to mention that there are many police officers and employees who are transferred in the midst of the year leaving behind their children who are school-going. They have to meet additional expenditure on this account. I should make a prayer that instead of cutting down the police expenditure, it should be increased so that they may be provided with better amenities, so that they may be more dutiful in helping to maintain law and order. This is all I have to say, Sir.

Sj. Balailal Das Mahapatra:

• মাননীয় স্পীকারমহাশয়, গতকল্য মাননীয় স্বরাষ্ট্রসচিব মহাশয় বাজেটের পুলিশ বরাদ্দ উপস্থিত করে পুলিশের বহু প্রশংসা করেছেন এবং কি কারণে পুলিশ বরাদ্দ বাড়ানো দরকার, তার উল্লেখ করেছেন। তিনি বলতে চান যে সমাজবিরোধী কার্য্য দমনের জন্য, শান্তি ও শৃঙ্খলা রক্ষার জন্য পুলিশের একান্ত প্রয়োজন, সেজন্য তিনি এটা করেছেন। ট্রাফিক পুলিশেরও তিনি খুব প্রশংসা করে গেছেন, তাদের কর্ত্তব্য সম্পর্কে উচ্ছ্বসিত প্রশংসা করেছেন। শুধু তাই নয়, তারা কত কর্ত্তব্যপরায়ণ সে-কথা বলতে গিয়ে পণ্ডিত নেহেরুকে পর্য্যন্ত টেনে এনেছেন। রুশ নেতাগণ যখন এখানে আসেন, তখন পুলিশ যেভাবে শান্তি ও শৃঙ্খলা বজায় রেখেছিল, তার জন্য তিনি নাকি তাদের যে উচ্ছ্বসিত প্রশংসা করেছেন তা ভাষায় বর্ণনা করা যায় না, কিন্তু আমরা মনে করি রুশ নেতারা যখন এখানে এসেছিলেন, তখন পুলিশ এমন বিশৃঙ্খলার সৃষ্টি করেছিল এবং তারা এমন কর্ত্তব্যহীনতার পরিচয় দিয়েছিল যাতে করে সমগ্র বাংলাদেশের মাথা লজ্জায় নুইয়ে গেছে বিদেশের কাছে। যাহোক্ এখানে উনি বললেন যে গুণ্ডা-দমন হয়েছে, চুরি-ডাকাতি কমে গেছে, দেশে শান্তি শৃঙ্খলা বজায় আছে। কিন্তু আজকের 'যুগান্তরে' একটা সংবাদ বেরিয়েছে, সেটার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন পূর্বে এস, এন,

মুখার্জী, মহাশয়, আপনাদেরই একজন বড় অফিসার, পুলিশরা কত বড় ঘুষখোর, বিশেষ করে ট্রাফিক পুলিশরা কত বড় ঘুষখোর তার একটা বিবরণ দিয়েছিলেন। তার আজ পর্য্যন্ত যে কি হ'ল তা আমরা জানি না। বিরোধী দল যদি বলতেন, তাহলে বলতেন ওরা কেবল গালাগালি করে, নিন্দা করে, এটা তাদের অভ্যাস। কিন্তু সেটা আপনাদেরই একজন বড় অফিসার বলেছিলেন, সেটার কি হলো তা আজ পর্য্যন্ত জানতে পারলাম না। কিছুদিন আগে ৩০০।৩৫০টা বে-আইনী টেলিফোন ধরা পড়েছে। আমরা একটা গুজব শুনছি, যে অফিসার ধরেছিলেন তাঁকে নাকি ট্রান্সফার করার চেষ্টা হচ্ছে, শুনছি জলপাইগুড়িতে। পুলিশের মধ্যে যে ২।১০ জন ভাল লোক আছেন সে কথা আমরা বিশ্বাস করি কিন্তু সেখানে ভাল লোকের স্থান নেই। আজ পুলিশ কেমন সুন্দরভাবে কাজ করছে, তারা কত কর্ত্তব্যপরায়ণ, তেমন কেমন শান্তি শৃঙ্খলা রক্ষা করছে, সমাজ বিরোধী কার্য্য বন্ধ করছে তার একটা উদাহরণ আপনার সামনে দেবো। আজকের 'যুগান্তরে' একটা সংবাদ বেরিয়েছে।

Mr. Speaker:

কেন ওটা পড়ে সময় নষ্ট করছেন, পয়েন্টস বলুন না।

Sj. Balailal Das Mahapatra:

না স্যার, এটা বলতেই হবে। একজন হাওড়ার পুলিশ অফিসার বিজ্ঞাপন দিয়েছেন। এখানে হাওড়ার বঙ্কিমবাবু বলে গেলেন যে পুলিশ খুব কর্ত্তব্যপরায়ণ, চুরি-ডাকাতি, অনেক কমে গিয়েছে। কিন্তু তাঁর কনষ্টিটিউয়েন্সীর পুলিশ অফিসার কি বলছেন শুনুন স্যার।

"গৃহস্থ সজাগ থাক।

চুরি॥ চুরি॥

সহরের জানালা, দরজা ও গরাদ ভাঙ্গা চোরের উপদ্রব বেড়েছে

সাবধান! সাবধান! সাবধান!

১। আপনাদের বাটীর প্রত্যেক দরজা ও জানালা মজবুত করুন। মজবুত করার উপায় হ'ল জানালায় মোটা শিক্ লাগান, দরজায় মজবুত কাঠের পাল্লা ও ভিতরে লোহার মজবুত ছিট্‌কানির ব্যবস্থা করা। তাহা হইলে দেখবেন চোরেরা সহজে ঘরের ভিতরে ঢুকতে পারবে না।

২। চোরেরা অনেক সময় আপনাদের গভীর ঘুমের সুযোগ নিয়ে জানালার গরাদ বা দরজা ভেঙ্গে ঢোকে। কিন্তু আপনারা যদি একটু সজাগ থাকেন ও উপরের কথা মনে রাখেন তাহলে তারা এ সুযোগ হারাবে ও চুরি বন্ধ হবে।

চুরি বন্ধ করাই আমাদের উদ্দেশ্য। আপনাদের সাহায্য করিতে আমাদের সাহায্য করুন।

শ্রীকরালীচরণ বসু,

হাওড়া জেলা আরক্ষাধ্যক্ষ।"

এই হ'ল অবস্থা। স্পীকারমহাশয়, আপনার এরিয়ায় এই অবস্থা। কাজেই চোরের উপদ্রবে যদি আমরা রাত্রে নিশ্চিন্তে ঘুমাতে না পারি, তাহলে কেন আমরা কোটী কোটী টাকা পুলিশের পেছনে খরচ করবো? অখণ্ড বাংলায় যেখানে পুলিশের বরাদ্দ ছিল ২ কোটী ৫৮ লক্ষ টাকা, আজ সেখানে সেটা পরোক্ষ এবং প্রত্যক্ষভাবে এসে দাঁড়াচ্ছে ১০ কোটী ৯২ লক্ষ টাকা যেটা কালকে জ্যোতি বসুমহাশয় বলে গেছেন এবং বাজেটে বরাদ্দ হয়েছে ৭ কোটী ১৫ লক্ষ ৩২ হাজার টাকা। কাজেই এত টাকা আমরা বরাদ্দ করবো কেন যদি আমরা রাত্রে ঘুমাতে না পারি, যদি আমাদেরই সব ব্যবস্থা করে নিতে হয়। আমি মনে করি আমাদের দেশে প্রায় ৫০ হাজার পুলিশ রয়েছে। যেখানে দেশের লক্ষ লক্ষ মানুষ খেতে পায় না, একটা আশ্রয় পায় না, আশ্রয়ের অভাবে পথে ঘুরে ঘুরে বেড়ায়, যেখানে লক্ষ লক্ষ শিশু একটু দুধ পায় না, সেখানে এই সমস্ত দুর্নীতিপরায়ণ, কর্ত্তব্যহীন এবং দায়িত্বজ্ঞানহীন পুলিশের জন্য আমরা কেন এত ব্যয় করবো, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়

তার জবাব দিন? তিনি আজ পরিষ্কারভাবে বলুন যে তাঁকে রক্ষা করার জন্য, তাঁর মিটিংএর ব্যবস্থা করবার জন্য, গণতান্ত্রিক আন্দোলনকে দমন করবার জন্য, কৃষক-মজুর আন্দোলনকে দমন করবার জন্য পুলিশের পেছনে এই ১০ কোটী টাকা খরচ করবো। আমার সময় খুব কম, কাজেই আমি সময় নষ্ট করবো না। মুখ্যমন্ত্রী কিছুদিন আগে দীঘায় গিয়েছিলেন, দীঘা আমার কনষ্টিটিউয়েন্সী। রামনগরে পুলিশের কি অত্যাচার চলেছে, কি জুলুম চলেছে, কি রকম জুয়ারীর আড্ডা চলেছে, চোলাই মদের কারবার চলেছে, তার সমস্ত উদাহরণ দিতে গেলে আমার দু' ঘন্টা সময় লাগবে। তাই একটা বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করবো। রাবণ রাজা যদি বেঁচে থাকতেন তাহলে কলিযুগের এই রামরাজত্ব দেখে তিনি লজ্জা পেতেন। আজ সেখানে রামরাজত্ব চলছে, সেখানে চুরি-ডাকাতি অবাধে চলছে, গুণ্ডামী অবাধে চলছে, জুয়া অবাধে চলছে, মানুষের উপর নির্য্যাতন অবাধে চলছে। দেশের লোক ডাঃ রায়কে মুখ্যমন্ত্রী বলুন, স্বরাষ্ট্রমন্ত্রী বলুন, আর অর্থমন্ত্রীই বলুন কিম্বা লৌহ মানব বলে প্রচার করুন কিন্তু আমরা বলি তাঁর মত আর দুর্বল লোক কল্পনা করা যায় না, যার জন্য তাঁকে আজ কেউ ভয় করে না।

[11-30—11-40 a.m.]

তাই যদি না হবে তাহলে রামনগর থানার পুলিশ কর্ম্মচারীরা এত সাহস পায় কোথা থেকে? রামনগর থানার অধিবাসীরা যখন আর অনাচার সহ্য করতে না পেরে তারা প্রতিবাদ আরম্ভ করল, তখন এই গ্রামবাসীদের জব্দ করবার জন্য গত ২৫শে এপ্রিল, ১৯৫৫ তারিখে পুলিশের যোগসাজসে জুয়াড়ী প্রসন্ন দাস তার নিজ গৃহে অগ্নি সংযোগ করে পুলিশের দ্বারা গ্রামবাসীকে সায়েস্তা করার ব্যবস্থা করেছিল। ঐ তারিখে পুলিশ গ্রামবাসীর উপর নিষ্ঠুর অত্যাচার এবং গ্রামবাসীগণকে দাঙ্গা, বে-আইনী জনতা, গৃহে অগ্নি-সংযোগ প্রভৃতি নানা গুরুতর অভিযোগে অভিযুক্ত করে সন্ত্রাসের সৃষ্টি করেছিল। মাননীয় দায়রা জজ সকলকে মুক্তি দিলেন। এবং সরকারকে এই বিষয় জানান হয়েছিল কিন্তু সরকার এটা চাপা দিয়ে দিয়েছেন। সেইজন্য রামনগর থানার অধিবাসীরা দারোগা ভবতোষ সৎপথী, জমাদার কালীপদ চাটার্জ্জি ও রমনীমোহন সেনগুপ্ত এবং অন্যান্য পুলিশ যারা এর সহিত প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত তাদের প্রতি শাস্তিমূলক ব্যবস্থার দাবী করে। যতদিন পর্য্যন্ত এই ব্যবস্থা না করা হচ্ছে ততদিন পর্য্যন্ত স্থানীয় জনসাধারণের মন হ'তে কেবল সমগ্র পুলিশ বিভাগে নহে, সরকারের প্রতি ঘৃণা এবং অসন্তোষের মনোভাব দূরীভূত হবে না। আশা করি মুখ্যমন্ত্রী মহাশয় এই বিষয়ে দৃষ্টি দেবেন এবং এর জবাব দেবেন।

Sj. Ananda Gopal Mukherjee:

মাননীয় স্পীকারমহাশয়, স্বরাষ্ট্রমন্ত্রীর স্বরাষ্ট্র খাতে যে বাজেট পেশ করেছেন তা আমি সমর্থন করতে দাঁড়িয়েছি। আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা পুলিশের বাজেট খুব ভালভাবে অধ্যয়ন করে তাদের মতামত ব্যক্ত করেছেন। তাঁরা যে না বুঝে এই বাজেটের সমালোচনা করেছেন তা নয়, ইচ্ছা করেই তাঁরা বিকৃত তথ্য দিয়েছেন। তাঁরা বাজেটে বেশী টাকা ধরা হয়েছে বলে যে যুক্তি দেখিয়েছেন তা সত্য নয়। তাঁরা গত বৎসরের বাজেট এষ্টিমেটএর সঙ্গে এ বৎসরের রিভাইজড এস্টিমেটএর সঙ্গে তুলনা করেছেন। যেখানে স্টেট এক্সপেণ্ডিচার তুলনা করব সেখানে দুই বৎসরের তুলনা করব। যেখানে আমরা গ্রস কস্টএর তুলনা করব সেখানে দুই বৎসরের একসঙ্গে তুলনা করব। কিন্তু আমাদের বিরোধী পক্ষের নেতৃস্থানীয় বন্ধুরা নিজেদের যুক্তির সমর্থনে গত-বৎসরের নেট কস্টএর সঙ্গে বর্ত্তমান গ্রস কস্টএর তুলনা করেছেন। এইভাবে কত বেশী পুলিশের বাজেটে তারতম্য হয়েছে সেটা উল্লেখ করেছেন। আমি আপনার মাধ্যমে এটাই বলতে চাই যে বিরোধী পক্ষের বন্ধুরা যে যুক্তি দিয়েছেন সেটা না বুঝে দিয়েছেন এটা আমি বলি না, তবে এ-কথা ঠিক যে এ পক্ষের কংগ্রেসী বন্ধুরা তাঁদের মত বাজেট না বুঝলেও কিছুটা বাজেট আমরা বুঝতে পারি। আমরা এই বাজেটে দেখছি পুলিশের খাতে ১৯৫৬-৫৭ সালে ৭ কোটী ১৫ লক্ষ ৩২ হাজার টাকা নেট কস্ট ধরা হয়েছে। এ ছাড়া আমরা দেখছি সিভিল ওয়ার্কস সুপারয়্যানুয়েশন য়্যালাউন্স এ্যান্ড পেনসন্স ও প্রিটিং এ্যান্ড আদার্স

যে টাকাটা ধরা হয়েছে তার নেট কস্ট যদি ধরা হয় তাহলে ৭ কোটী ৯৫ লক্ষ ৮৮ হাজার টাকা। আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা এই বাজেটে বাড়তি টাকা নিয়ে গতবৎসর যে হিসেব দেওয়া হয়েছিল বর্ত্তমানে সেটা উল্লেখ করে পুলিশের বাজেটে বেশী টাকা খরচ হচ্ছে বলে দেখাবার চেষ্টা করেছেন। কিন্তু আমরা জানি এই টাকাটা ধার্য্য হয়েছিল। বেতনভোগী কর্ম্মচারীদের উপযুক্তভাবে বেতন দেবার জন্য এই টাকাটা ধার্য্য হয়েছিল। সেই টাকার পরিমাণ অন্যান্য যে গ্রাজুয়েল ইন্‌ক্রিমেন্ট হয় তা ধরে এবং রিভাইজড পে স্কেল ধরে প্রায় ৭৬ লক্ষ ৬ হাজার টাকা হয়েছে। এদিক থেকে ১৯৫৬-৫৭ সালে রিভাইজড বাজেটএর চেয়ে যে ২৩ লক্ষ ৯২ হাজার টাকা বেশী ধরা হয়েছে তার সম্বন্ধে তাঁরা ইঙ্গিত করেছেন। আমরা জানি হিসেব পরিসংখ্যান জেনেও তাঁরা ইচ্ছা করেই এই তথ্যকে তাঁরা অন্যভাবে রাখতে চেয়েছেন। ন্যাচারাল ইন্‌ক্রিমেন্ট যেটা তাদের পাওয়ার কথা সেই হিসেব ধরে এবং ইন্‌ক্রিজড ইমোলিউমেন্টস যাদের দেয় কন্সটেবল র‍্যাঙ্কএ, তাদের এই বর্দ্ধিত হার ধরলে এবং আরও বর্দ্ধিত ২।৩টা খাতে হিসেব ধরলে ২৩ লক্ষ ৯২ হাজার টাকা শুধু নয় বর্দ্ধিত হার দেখা যাবে ২৭ লক্ষ ৮৪ হাজার টাকা। অন্য খাতে কিছু সেভিং হওয়ার দরুন টোট্যাল ইন্‌ক্রিমেন্ট হয়েছে ২৩ লক্ষ ৯২ হাজার টাকা।

[11-40—11-50 a.m.]

আমি বলবো আজ আমাদের হাউসের সামনে তাঁরা যেসব তথ্য রাখবেন, তার মধ্যে যেন ইঙ্গিত না দিয়ে সত্য তথ্য তাঁরা রাখেন। আমি পুলিশ বাজেট সম্বন্ধে আমার কথা বলবার আগে আমি আপনার মাধ্যমে বিরুদ্ধপক্ষীয় বন্ধুদের আর একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই। আজকে বাংলাদেশ ফ্রন্টিয়ার এরিয়া, এর যে বর্ডার আটশো মাইল, এর সঙ্গে আজকে অন্যান্য প্রদেশের বর্ডারের তুলনা করে অনেকে বলেছেন যে, এই দুই অজুহাতে পুলিশ খাতে বেশী টাকা বাড়াবার কোন প্রয়োজন আছে আমরা মনে করি না। কিন্তু আমি তাঁদের স্মরণ করিয়ে দেই যে বাংলাদেশের আভ্যন্তরীণ অবস্থা অন্যান্য প্রদেশের সঙ্গে সমান নয়। বাংলাদেশে যে পরিমাণ কল-কারখানা আছে, কলিকাতার যে পোর্ট আছে, বর্ডার এরিয়া আছে, যে স্পেশ্যাল ডিফিকাল্টিজ আছে, তার জন্য বাংলার সঙ্গে আসামের তুলনা করা যেতে পারে না। আমি জানি বিরুদ্ধপক্ষীয় বন্ধুদের বলতে হবে বলেই এসব কথা উৎঘাটন করেছেন। কাজেই পুলিশ খাতে আজ বেশী টাকা ব্যয়-বরাদ্দের দাবী করা হয়েছে, বিশেষ করে ঐ কারণগুলির জন্য ধার্য্য করা হয়েছে। পুলিশ ফোর্সকে মডার্নাইজ করবার জন্য বেশী টাকা বরাদ্দ করবার প্রয়োজন আছে, পুলিশের এ্যাকোমোডেশন-এর জন্যও বেশী টাকা বরাদ্দের প্রয়োজন আছে। যেহেতু বাংলাদেশ বর্ডার এরিয়া এবং কলিকাতা ইন্ডাস্ট্রিয়ালী ডেভেলপড এরিয়া, তার পুলিশ এ্যারেঞ্জমেন্টএর জন্য সমস্ত ধরে এত টাকা খরচ ধরা হয়েছে এই পুলিশ খাতে।

তারপর আমি বলবো বিরুদ্ধপক্ষীয় বন্ধুদের যে যুক্তি শুনছি, তা থেকে মনে হয়েছে যে পুলিশ সাধারণ মানুষের কোন কল্যাণে আসতে পারে না। আমি তাদের সামনে দু-একটা তথ্য রাখতে চাই। আমাদের বিরুদ্ধ পক্ষের নেতা শ্রদ্ধেয় বঙ্কিমবাবু সেদিন কাগজের কাটিং থেকে পড়ে পড়ে শুনিয়েছেন, কোথায় পুলিশের বিরুদ্ধে কোর্ট থেকে স্ট্রিক্চার দেওয়া হয়েছে। তিনি এটাও জানেন আজকে জনসাধারণ পুলিশের কাজকে প্রশংসা করেছেন। কিন্তু তা তিনি বলেন নাই, সেটা তাঁদের পক্ষে যাবে না। তা না বলে কোথায় পুলিশের বিরুদ্ধে কোর্ট স্ট্রিকচার দিয়েছে, সেটা এখানে দিয়ে গেছেন। আমি তাঁর সামনে কয়েকটী তথ্য রাখবো। গত ১৯শে সেপ্টেম্বর, ১৯৫৪ তারিখে শিয়ালদহ ষ্টেশনে যে ঘটনা ঘটেছিল, তার সঙ্গে হাবিলদার মন্মথ নাথ সমাদ্দার এবং অজিত কুমার দাস জড়িত ছিলেন। সে তথ্য জানতে আজ আর কারো বাকী নাই। আজ ভারতবর্ষের প্রেসিডেন্ট তাদের কাজের প্রশংসা করে পুলিশ পদক উপহার দিয়েছেন। আর একটা ব্যাপারে এক নেপালী চাকর সুটকেসে করে ২৪,৩৬৪ টাকা চুরি করে নিয়ে পালাচ্ছিল। পুলিশ সন্দেহ করে তাকে চ্যালেঞ্জ করে ধরে। সে লোকটী পুলিশকে দশ হাজার টাকা ঘুষ দিতে চায় যাতে পুলিশ তাকে ছেড়ে দেয়। কিন্তু নিম্ন বেতনভোগী পুলিশ কর্ম্মচারীটী ঐ

দশ হাজার টাকায়ও প্রলুব্ধ হয় নাই। সে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের গোচরে নিয়ে আসে। সেও আজ প্রশংসা হিসেবে প্রেসিডেন্টের কাছ থেকে পুলিশ পদক পেয়েছে। আর একজন পুলিশ কন্‌ষ্টেবল গোপাল চন্দ্র ঘোষ অসীম সাহসের পরিচয় দিয়েছেন। তাঁর কথাও কারো জানাতে বাকী নাই। সে নিজের জীবন বিপন্ন করে হাওড়া অঞ্চলের গুণ্ডাশ্রেষ্ঠ সীতারাম কাহারকে ধরে। সেও পুরস্কার হিসেবে পুলিশ মেডাল পেয়েছে, প্রেসিডেন্ট তাঁকে পুরস্কৃত করেছেন। তারপর সি,আই,ডি, ভিলেজ ডিফেন্স পার্টি, স্পেশ্যাল কন্‌ষ্টাবুলারী যেভাবে জনসাধারণকে দুর্বৃত্তের হাত থেকে রক্ষা করেছেন, তার একটা উদাহরণ এখানে তুলে ধরবো। গত ২৮শে জুন, ১৯৫৫ তারিখে সি,আই,ডি, অফিসার হাওড়া ষ্টেশনে যখন ডিউটিতে ছিল, তখন খবর আসে যে আজিমগঞ্জ প্যাসেঞ্জারে হাওড়া থেকে একটা ডাকাতের দল যাবে মুর্শিদাবাদ জেলায়, ডাকাতি করবার জন্য। এই সংবাদ পৌঁছিবার সংগে সংগে তাঁরা তল্লাস করতে সুরু করেন এবং একটা ডাকাতের দল তাঁরা ট্রেনের দ্বিতয়ী শ্রেণীর কামরা থেকে ধরতে সক্ষম হন। সেই দলের সংগে দুটী পাইপ গান্, ড্যাগার ও অন্যান্য জিনিষ ছিল। এ ছাড়া মেদিনীপুর ও অন্যান্য অঞ্চলে ডাকাতি করবার জন্য এখান থেকে এক ডাকাত দল সমবেত হচ্ছিল, তখন পুলিশ তাদের ধরে ফেলে। এ-বিষয়ে হাজার হাজার উদাহরণ রাখা যায়, এই হাউসের সামনে। তার জন্য আর সময় নিতে চাই না। বিরোধী পক্ষের বন্ধুগণ বারবার করে বলছেন যে গণতান্ত্রিক ট্রেড ইউনিয়ন আন্দোলনকে দমন করবার জন্য আজকে পুলিশকে কাজে লাগান হচ্ছে। আমি সবিনয়ে বলবো আমাদের বন্ধু কালী মুখার্জী যে তথ্য রেখেছেন, তাঁদের সাহস থাকে তো তা চ্যালেঞ্জ করুন। আজকে বাংলাদেশে তাঁরা যেভাবে আন্দোলন চালিয়ে যাচ্ছেন, তাকে কি করে তাঁরা সেটাকে গণতান্ত্রিক আন্দোলন বলেন, বুঝতে পারি না। তাঁরা বলেন সরকার গণতান্ত্রিক অধিকার ক্ষুণ্ন করে চলেছেন। তাঁদের এই উক্তি যে কত অসত্য, তার সমর্থনে একটা চিঠি এখানে পড়ে শোনাতে চাই। সেই চিঠি আমাদের তরফের কারো নয়, এই চিঠি লিখেছেন শ্রীমৃণালকান্তি বোস। তিনি লিখেছেন—

"I express my gratitude for the splendid behaviour of the police on this occassion. The peacefulness of the *hartal* was due to the excellent management of the police authorities."

এই সার্টিফিকেট কংগ্রেসের কেউ দিচ্ছেন না। আজকে তাদের বলবো তাঁরা যে যুক্তি এখানে দিচ্ছেন, যে তথ্য এখানে দিচ্ছেন, আগামী নির্ব্বাচনকে লক্ষ্য করেই তাঁরা তা দিচ্ছেন। আগামী নির্ব্বাচনকে লক্ষ্য করেই কি এইসব আবোল তাবোল বলতে সুরু করেছেন যাতে করে আর বাজেট বই খুলবার দরকার হয় না?

মাননীয় সুধীর চন্দ্র রায় চৌধুরীর মত নেতৃস্থানীয় লোকও ব্যক্তিগত গালাগালিতে নিজেকে নিযুক্ত করেছেন। আজকে ব্যক্তিগতভাবে প্রধান মন্ত্রীকে গালাগালি করেন, ব্যক্তিগতভাবে পুলিশ অফিসারদের গালাগালি করেন। আর সামনে নির্ব্বাচনকে উপলক্ষ্য করে জনসাধারণের সামনে এগুলি তিনি ধরে দিতে চান। সামান্য বেতনভুক্ত পুলিশ কর্ম্মচারীদের দায়িত্ববোধের উপর যাঁরা আঘাত করেন, আমি তাঁদেরকে একটা কথা স্মরণ করতে বলি। মাননীয় সুধীর চন্দ্র রায় চৌধুরী মহাশয় যখন কলিকাতা কর্পোরেশনের মেয়র ছিলেন, তখন কি তাঁর শূন্য ভাণ্ডারে বসে কল্পনা করেছেন ট্রাম কোম্পানীকে ন্যাশানালাইজ করবেন? আর তার সুযোগ নিয়ে ফাটকা বাজারে লক্ষ লক্ষ টাকা কার হাতে গিয়েছিল? এই প্রশ্ন আপনাদের সামনে রেখে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[11-50—12 noon.]

Sj. Bibhuti Bhushon Ghose:

মাননীয় স্পীকারমহাশয়, পুলিশ খাতের ব্যয়-বরাদ্দ এসেছে আজ আমাদের সামনে। এতক্ষণ ধরে আমাদের কংগ্রেস পক্ষের পুলিশ স্তুতি শোনা গেল, এবং আমরা আশ্চর্য্য হয়ে গেলাম, যেভাবে স্তুতি গাণ পুলিশের করা হ'ল, তাতে মনে হচ্ছে ভদ্রলোক বোধহয় পুলিশের কার্য্যের ব্যাখ্যা করছেন কিনা জানি না। তবে আমার বক্তব্য হচ্ছে আজকে এটা

স্বীকার করতে হবে যে পুলিশের আজকে যেভাবে জনসাধারণের সঙ্গে ব্যবহার করা উচিত ছিল, যেভাবে অন্যান্য স্বাধীন দেশের পুলিশ কাজ করে থাকে সেইভাবে নিশ্চয়ই এদের করা উচিত ছিল, কিন্তু এখানকার পুলিশ তা করতে পারে নি. তাদের ব্যর্থতার একটা বিরাট ইতিহাস এই কয়েক বছর ধরে পুঞ্জিভূত হয়েছে, এ-কথা স্বীকার না করতে পারলে সত্যের অপলাপ করা হবে। আজকে পুলিশের মধ্যে দুর্নীতি, ও আত্মীয় পোষণ ও পুলিশের উপরতলার মধ্যে দলাদলি—এটা দিনের আলোর মত পরিষ্কার হয়ে রয়েছে।

এসব না দেখে একতরফা পুলিশের গুণ গাইতে যাওয়া, এটাকে নির্লজ্জ চাটুকারীতা ছাড়া আর কিছু বলে অভিহিত করতে পারি না। ওঁদের তরফের কাগজ, আমাদের উপ-মন্ত্রীমহাশয় কবে কোথায় গেলেন, যুগান্তরের নিজস্ব সংবাদ দাতা ছেপে দেয়, সেই কাগজে আমাদের জেলায় পুলিশের কি অবস্থা তা বেরিয়েছে। অথচ আমাদের এখানকার সদস্য শ্রদ্ধেয় বঙ্কিমবাবু (কর) পুলিশের প্রশংসায় পঞ্চ-মুখ। পুলিশের সৎ-কাজের প্রশংসা নিশ্চয়ই করব। কিন্তু পুলিশ যদি অসৎ কাজ করে তবু অনর্থক চাটুকারীতা দ্বারা তার সেই অসৎ কাজের সুযোগ আরো বাড়িয়ে দেওয়া এটা সম্পূর্ণ নীতি-বিরোধী। ন্যায় নীতির সঙ্গে এর কোন সামঞ্জস্য নাই। আজকে উপরতলার পুলিশের মধ্যে, তাদের নিজেদের মধ্যে দলাদলি আছে, যেটা নীচের তলায় পর্যন্ত চলে গিয়েছে। যার ফলে সমস্ত পুলিশের মধ্যে অসন্তোষ, এবং সেই কারণে ঐ উপরের তলা পুলিশের সব সময় তাদের নিজেদের দল রাখতে প্রাণান্ত হয়ে যাচ্ছে। এবং তারি ফলে যত রকম দুর্নীতি ও আত্মীয় পোষনের ভূরি ভূরি দৃষ্টান্ত পাওয়া যায়। গণতান্ত্রিক আন্দোলন দমন করবার জন্য ওঁরা যখন পুলিশের সব শক্তি নিয়ে এগিয়ে যান তখন প্রতিবাদ ওঠে অপর পক্ষ থেকে। আমি জানি না আনন্দবাবু কি উত্তর দিতে পারেন। স্টেট ইন্সিওরেন্স চালু করবার সময় হাওড়া জেলায় যখন শ্রমিকেরা আন্দোলন করে তখন ডাঃ রায় এবং কালীপদবাবু বারবার এ্যাসুরেন্স দিয়েছিলেন যে মিলগুলি চালু করে দাও, আমরা কারো উপর অযথা শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করব না। এই প্রতিশ্রুতি ত মন্ত্রীরা দিয়ে গেলেন, কিন্তু যে মুহূর্তে শান্তিপূর্ণভাবে তারা মিলগুলি চালিয়ে দিল, ডাঃ রায়ের দৃষ্টি আকর্ষণ করবার জন্য আমি চেষ্টা করছি, অমনি পুলিশ নির্যাতন আরম্ভ করল। এবং নির্বিচারে পুলিশের অত্যাচার চলতে লাগল। এই অবস্থা হবে এ আমরা তখনি বুঝেছিলাম। এখন পর্যন্ত প্রায় দুশো লোকের উপর মামলা চাপানো রয়েছে। এক মাস, দু'মাস তিন মাস ধরে ম্যাটারটা চলছে। আমি মন্ত্রীমহাশয়ের কাছে এটা রাখছি, তিনি অস্বীকার করুন, আমি যে কথা বলছি, কিভাবে কি সব হচ্ছে তা তিনি নিশ্চয়ই জানেন, যেখানে ট্রাইবুন্যালের কেস চলছে, ষ্টেটাস্‌কো মেইনটেইন করবার জন্য ট্রাইবুন্যাল বলে দিয়েছেন, তখনো মিলের শ্রমিকদের টেনে ঘর থেকে বার কোরে দিয়েছে এবং শুধু তাই নয়, তাদের জিনিষপত্র লুটতরাজ করা হয়েছে, দরোয়ান দিয়ে, গুণ্ডা দিয়ে মেরে-ধোরে তাদের তাড়ানো হয়েছে। এইসব চার্জ দিয়ে যখন থানায় কেস করতে গেল, তখন উপরতলা থেকে হুকুম এলো এ কেস ফৌজদারীর আওতায় আসে না, এসব দেওয়ানী কোর্টের আওতায় গিয়েছে, যেখানে এত সব কাণ্ড, দিন দুপুরে ঘরে ঢুকে লুটতরাজ করছে সেখানেও ফৌজদারীর আওতায় পড়ে না!! সেটা দেওয়ানী আওতায় গিয়েছে। এই রকম কত ঘটনা ঘটছে। কি ঘটনা ঘটল দাসনগরে, শ্রমিকেরা সেখানে আন্দোলন সুরু করলো (এ ভয়েসঃ আবার সে কথা কেন?) আমি যা বলি সত্য কথাই বলি। মন্ত্রীত্বের লোভে, উপ-মন্ত্রীত্বের লোভে চাটুকারীতা করি না, বঙ্গ-বিহারকে সংযুক্তির ষড়যন্ত্র করি না। যাক, সেখানে ২০ জনকে গ্রেপ্তার করা হোল, কিন্তু একটা কেসেও তাদের একজনকেও অভিযুক্ত করা গেল না, তা যদি না পারা গিয়ে থাকে তাহলে এ ব্যাপার যদি গণতান্ত্রিক আন্দোলন দমনের উদ্যোগ না হয়, গণতান্ত্রিক আন্দোলনকে দাবাবার আর কি রাস্তা আমরা জানি না।

তারপর পুলিশের একটা মজার ঘটনা শুনুন। বজবজের একটী সেকেণ্ড অফিসার যখন-তখন মদের দোকানে ছুটে গিয়ে মদ খায়, মদের বোতল বগলে করে রিক্সায় চরে প্রকাশ্য পথে ঘুরে বেড়ায়। একদিন সে দু-দুজন লোককে ধরে নিয়ে বেটন পেটা করলে।

এস্‌পি, মিঃ চ্যাটার্জিকে এ ব্যাপার জানানো হ'ল, তাকে কি করা হ'ল, কিছুই না। কোন এন্‌কোয়ারী পর্যন্ত হ'ল না, কেবল সে অফিসারটীকে বদলি করে দেওয়া হ'ল। এই হ'ল পুলিশের নিজেদের লোকের অন্যায়ের বিচার করবার নমুনা। আমি জানি জ্ঞান নন্দী বলে একজন সাব-ইন্‌স্পেক্টর, ইন-চার্জ অফ এ থানা ছিল, এমন কোন ক্রিমিনাল অফেন্স আমাদের জানা নাই যা নাকি তার চরিত্রে ছিল না। বাঁকুড়া জেলায় দুর্ধর্ষ নন্দী, তার সম্বন্ধে কত রিপোর্ট করা হয়েছে, তার নামে গান পর্যন্ত বাঁধা হয়েছে, এই রকমের যে জঘন্য চরিত্রের অফিসার, তার বিরুদ্ধে পর্যন্ত কোন কেস ষ্টার্ট করা হ'ল না, বরং সে বদলী হয়ে যাবার সময় যাদের যাদের বিরুদ্ধে উপরতলায় রিপোর্ট করে গিয়েছে এখনো পর্যন্ত তাদের প্রত্যেকের বিরুদ্ধে অ্যাকশন নেওয়া হচ্ছে। আমি দায়িত্ব নিয়ে বলছি যদি দরকার হয়, আমি নিজে এগুলি প্রমাণ করে দিতে পারি।

আমরা যখন পুলিশের সমালোচনা করি তখন পুলিশের সৎ কাজগুলি চোখের সামনে রেখেই সমালোচনা করি। কিন্তু সত্যই যেখানে তারা অসৎ কাজ করে, গর্হিত কাজ করে তখন তাদের ক্ষমা করার কোন কারণ আছে বলে মনে করি না। সে অপর দলের বা নিজের দলের যে লোক হোক বা পুলিশ হোক। পুলিশের আর একটা বিরাট কলঙ্ক কাহিনী সেদিন সারা কলকাতায় ছড়িয়ে পড়েছিল, যেদিন রাশিয়ার দুজন মহান নেতা এখানে এসেছিলেন। সারা কলকাতার লোককে সেদিন যেভাবে লজ্জায় ও দুঃখে অভিভূত হতে হয়েছিল, সেটা পুলিশেরই অপদার্থতা ও ব্যর্থতার জন্যই নয়! অনেক মানুষ যারা নাকি শীতে রাত্রি থেকে গিয়ে রাস্তায় দাঁড়িয়ে মহান নেতাদের দেখবার আশায় অশেষ কষ্ট সহ্য করতে কুণ্ঠিত হয় নাই, পুলিশেরই ব্যর্থতায় কি তাদের আশা চূর্ণ হয়ে যায় নাই! পুলিশের ব্যর্থতার জন্যই কি কলকাতাবাসীর এত বড় একটা কলঙ্ক হয় নাই যে শেষটায় পুলিশ-ভ্যানে করে মহান অতিথিদের রাজভবনে আনা হ'ল! পুলিশ যদি জনসাধারণের সহযোগিতা আহ্বান করত, তাহলে ঐ বিশেষ ব্যাপারে জনসাধারণ সানন্দে তাদের সঙ্গে সহযোগিতা করত। (জনাব এ, এম, এ, জামানঃ পুলিশের এতে কি দোষ, জনসাধারণই ত গোলমাল করেছে), জামানের পাকিস্তানেই রওনা হওয়া উচিত, কেন যেচে গালমন্দ শুনতে যাওয়া? ইংরেজ আমলে কি করতেন উনি তা কি মনে নাই? পাকিস্তানের লোক এখানে কেন? যাক, আমরা শাসন ব্যাপারে যে-কোন জায়গায় গলদ দেখি তার সমালোচনা করি। আজকে পুলিশের উপরতলার যে মনোভাব নীচের তলার পুলিশের প্রতি তার জন্য পুলিশকে সতর্ক করছি। একটা অর্থনৈতিক কারণ হয় ত রয়েছে, নীচের তলার পুলিশের অসন্তুষ্টির মূলে কিন্তু সাথে সাথে আমি এটাও একটা কারণ বলে জানি যে, উপরতলার পুলিশ নীচের তলার পুলিশের প্রতি শেয়াল-কুকুরের মতন ব্যবহার করে।

[12—12-10 p.m.]

অফিসার-ইন-চার্জরা নীচের পুলিশদের ননসেন্স, রাশকেল, সাধারণভাবেই বলে যায়। এটা আমি নিজের কাণে শুনেছি ও নিজের চোখে দেখেছি। এই দুর্ব্যবহারের জন্য আজ নীচের তলার পুলিশের মধ্যে একটা বিরাট অসন্তোষ জমে আছে। আজকে অর্থনৈতিক কারণে সমস্ত নীচের তলার পুলিশরা দুর্দ্দশার মধ্যে আছে। তিনি বলেছেন যে টাকা কিছু বাড়িয়েছেন, দয়া করে মিনিয়েল স্টাফএর মাইনে কিছু বাড়িয়েছেন। কিন্তু আই, জি, ডি, আই, জি-র সঙ্গে তুলনা করলে কিছুই বাড়ান হয় নি। তা ছাড়া ডি, আই, জি-র পোষ্ট নূতন একটা ক্রিয়েট করে পি, কে, সেনকে সেটা দেওয়া হ'ল। সাংবাদিকদের পিটানর জন্য রাষ্ট্র-পদক দেওয়া হ'ল। এর দ্বারা দুর্নীতি কি করে দূর হতে পারে। সকল সময় আমরা দেখছি যে উপরতলার মাথাভারী শাসন ব্যবস্থার দিকেই ডাক্তার রায়ের নজর আছে; নীচের দিকে নেই। যদি এই শাসনযন্ত্র ভাল করে চালাতে হয় তাহলে অফিসার-ইন-চার্জ যারা সারা দিন রোদের মধ্যে ঘুরে বেড়ায় তাদের তুলনায় উপর তলার মানুষের যে ব্যবধান আছে সেই ব্যবধানের সামঞ্জস্য যদি না করা যায় তাহলে পুলিশের মধ্যে অসন্তোষ ও অশান্তি থেকে যাবে। এবং এর ফলে সুশৃঙ্খলার সঙ্গে পুলিশ তাদের নিজেদের কর্ত্তব্য পালন করতে পারবে না। যাদের ঘরে অভাব ও দারিদ্র রয়েছে, তারা কোনদিন কর্ত্তব্য পালন

করতে পারে না। তাদের যদি কর্ত্তব্যপরায়ণ করতে হয় তাহলে তাদের ভালভাবে রাখতে চেষ্টা করুন। পুলিশকে যদি জনসেবক করে তুলতে হয় তাহলে আই, জির ভিতর দিয়ে সেটা হবে না। উপর তলার যে মনোভাব সেই মনোভাব দূর করতে হবে। সেইজন্য আমি বলি পুলিশের মধ্যে দুর্নীতি দূর করতে হ'লে এইসব আত্মীয়-পোষণ নীতি ও পক্ষপাতিত্ব দূর করবার জন্য শক্ত হাতে ব্যবস্থা করতে হবে। শুধু উপরওয়ালার মুখের দিকে তাকিয়ে থাকলে চলবে না। এই হচ্ছে আমার পরিষ্কার বক্তব্য।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: On a point of personal explanation, Sir,

একজন পূর্ব্ববর্ত্তী বক্তা, মাননীয় কালীবাবু বলেছেন, তার বক্তৃতার সময় যে আমি যখন কর্পোরেশনএর মেয়র ছিলাম, তখন ট্রাম কোম্পানী আমরা নিতে পারি নাই ইত্যাদি, তাড়াতাড়ি ২।১টা কথা বলেই চলে গেলেন, তার সব কথা আমি বুঝতে পারি নাই। তারপর, আমার বন্ধুদের কাছ থেকে সেই খবর জেনে নিয়েছি। যদিও পুলিশ বাজেট সম্বন্ধে আমি কিছুই বলি নি কিন্তু গতকাল ডাঃ রায়ের বিরুদ্ধে যে-সমস্ত অভিযোগ আমি এনেছিলাম, তার কোন সদুত্তর দিতে না পেরে আজকে তার বক্তৃতার সময় এতবড় একটা হীন পার্সোনাল এ্যাটাক করে গেলেন।

Mr. Speaker: Speaking on a point of personal explanation, you can deny it.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

আমার এক্সপ্লানেশন হচ্ছে, আমি যখন মেয়র ছিলাম তখন যে ট্রাম কোম্পানী আমরা নিতে পারি নি তার জন্য আমরা দায়ী নই। ট্রাম কোম্পানী নেবার জন্য বহু চেষ্টা আমরা করেছি। যাতে ট্রাম কোম্পানী জনসাধারণের হয় তার জন্য আমাদের প্রচেষ্টা সর্ব্বজনবিদিত। তখন যে সরকার ছিল, তারা আমাদের নিতে দেয় নি। কেন না একটা আইন ছিল যে সরকারের অনুমতি ছাড়া ধার করা যেতে পারে না। কলকাতা করপোরেশনের এত টাকা ছিল না। ধার যাতে পায়, তার প্রয়োজন ছিল। কিন্তু তখনকার সরকার সেটা অনুমোদন করেন নি বলেই করপোরেশন ট্রাম কোম্পানী নিতে পারে নি। কিন্তু এখন যা দেখা যাচ্ছে তাতে আমরা বুঝতে পারছি, কার প্ররোচনায় তখনকার সরকার এই অনুমোদন দেন নি, যারা আজ ২০ বছরের জন্য ট্রাম কোম্পানী লিজ দিয়েছে তারাই এইজন্য দায়ী, আমরা নই।

Sj. Amarendra Nath Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এ সম্বন্ধে বলবার সুরুতেই মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব কলকাতার দুর্ঘটনা সম্পর্কে। এই কয়েক দিন আগে আনন্দবাজার পত্রিকায় কলিকাতায় যে-সব দুর্ঘটনা হয়েছে তার একটা তালিকা দেওয়া হয়েছিল। সে দেখে সত্যই মনে হয় যে আমাদের দেশের টি, পি-এর অত্যন্ত অব্যবস্থা। আমিও স্বীকার করি যে কাল একজন বক্তা বলে গেছেন যে আমাদের যান-বাহন বেড়েছে এবং লোক-সংখ্যাও খুব বেড়েছে। যান-বাহন বেড়েছে, লোকসংখ্যা বেড়েছে, তখন সাথে সাথে টি, পি,র সংখ্যা বাড়ান উচিত। প্রথমেই আমি বিশেষ করে বলব, স্কুলের সামনে, যেন রোজ একটা করে টি, পি,র লোক থাকে। তারপরে আমি বলতে চাই, বিশেষ করে যে ফলওয়ালারা ফল মাথায় করে বেচে, তাদের উপর পুলিশরা যে কত রকম অত্যাচার করে তার তালিকা আমার কাছে আছে। অনেকগুলি থানা সম্বন্ধে আমি অবগত আছি এবং কার কার উপর অত্যাচার করা হয়েছে তার বিবরণও আমার কাছে আছে। যদি দরকার হয় আমি এইসব খবর মন্ত্রীমহাশয়কে জানাতে পারি।

দ্বিতীয় কথা হচ্ছে, কলকাতায় ভেজাল খাদ্য সম্পর্কে। সেই ভেজাল ও বাসী নষ্ট খাদ্য অবাধে বিক্রী হয়, পুলিশ সেদিকে বিশেষ নজর দেয় না, বিশেষ করে কাঁচা কাটা ফল, যা ফাঁকা বা খোলা জায়গায় রেখে বিক্রয় করা হয়, সেটা যাতে বন্ধ হয়, তার জন্য চেষ্টা করা উচিত।

তারপর, গুণ্ডা ও অসৎ-প্রকৃতি লোককে দমন করবার জন্য পুলিশ চেষ্টা করছে, আমি জানি। কিছুটা ভাল কাজ হচ্ছে কিন্তু এও দেখি প্রকৃতপক্ষে যারা গুণ্ডা তাদের অনেক সময় ছেড়ে দেওয়া হয় এবং অনেক সৎ লোক, ভাল লোককে ধরে নিয়ে গিয়ে তাদের উপর অত্যাচার করা হয়। একটু অনুসন্ধান করলেই দেখা যায় যে এই কাজটা সম্পূর্ণ দলীয় স্বার্থে করা হয়। আমি পরিষ্কার করেই বলব যে-সব গুণ্ডা কংগ্রেস দলকে সাহায্য করবার জন্য প্রস্তুত তারা অবাধে গুণ্ডামি করতে পারে এবং যে-সব ভাল ছেলে তা করতে প্রস্তুত নয়, তাদের উপর খালি খালি অত্যাচার হয়। আমি বলব, এটা না করে, সত্যই যারা গুণ্ডা, সে যে দলেরই হোক তাদের বিরুদ্ধে পুলিশী ব্যবস্থা অবলম্বন করা উচিত। কলকাতা সহরে আজও চোরাই ও চোলাই মদ অবাধে বিক্রী হচ্ছে, পানের দোকানে পর্যন্ত বিক্রী হচ্ছে, এটা অত্যন্ত অন্যায়। আমি খবর নিয়ে জেনেছি যে থানা অফিসারদের কারও কারও সঙ্গে এইসব চোরাই মদ কারবারীর যোগাযোগ আছে এবং সেই জন্যই এই দুর্নীতি বন্ধ হচ্ছে না।

এই জিনিষটা চার বৎসর ধরে বলেও বন্ধ করতে পারলাম না।

মাননীয় স্পীকারমহাশয়, এই সভার এক পক্ষ পুলিশের ভুলত্রুটী, পুলিশ অন্যায় যে-সব কাজ করে সেগুলি তুলে ধরেন এবং আর এক পক্ষ, সরকার পক্ষ পুলিশের সমস্ত রকম কাজের প্রশংসা করেন এবং পুলিশ ভাল কাজ করছে এই কথা বলেন। অনেকদিন আগে একটা কথা আমি শুনেছিলাম, তখন সেটা বিশ্বাস করতে পারি নি। আজকে মনে হচ্ছে সে-কথা সত্য। আমার শ্রদ্ধেয় বন্ধু শ্রীযুত কিরণ শঙ্কর রায় মহাশয় যেদিন দেহত্যাগ করেন, মারা যান, সেদিন আমি তাঁর বাড়ীতে উপস্থিত ছিলাম এবং সেখানে বহু কংগ্রেস নেতাও ছিলেন ও বড় বড় অফিসার ছিলেন। আমাদের একজন কংগ্রেস নেতা একটা বড় অফিসারকে বললেন, ওগো তোমাদের যে আজকাল বড় বদনাম হচ্ছে, পুলিশ যে আবার সব ঘুষটুষ নিতে আরম্ভ করেছে। সেই বড় অফিসারটি একটা জবাব দিয়েছিলেন, সেদিন বড় কষ্ট হয়েছিল সে কথা শুনে, আজ যেন মনে হচ্ছে তাঁর কথাটা সত্য। তিনি বলেছিলেন কংগ্রেস যখন এলো, আমরা ভেবেছিলাম এঁরা অযোগ্য হ'লেও এঁরা সৎ। কাজেই একটা পুলিশ অফিসার থেকে আরম্ভ করে বড় অফিসাররা পর্যন্ত সংযত হয়েছিল। কিন্তু তিনি বলেছিলেন আজ আমরা দেখছি যে কংগ্রেস শুধু অযোগ্য নয়, অসৎও আর সেই জন্য সমস্ত বাঁধন খুলে গেছে। আজ মনে হচ্ছে তিনি সত্য কথাই বলেছিলেন। সেদিন সে কথা শুনে আমার দুঃখ হয়েছিল, সত্যই কি কংগ্রেসের এই অবস্থা হয়েছে? আজ আমি বলবো আমার আগে এক বন্ধু বলেছেন যে আমাদের ভায়েরা, আমাদের ভগিনীরা সেখানে কাজ করে। যদি আমাদের ভায়েদের, আমাদের ভগিনীদের সেখানে পাঠিয়ে থাকি, তাহলে আমি আমার সেই বন্ধুকে বলবো তিনি তাঁর গভর্ণমেন্টকে বলুন সেই বিভাগকে শীঘ্র শীঘ্র ভাল করবার ব্যবস্থা করতে।

[12-10—12-20 p.m.]

Sj. Surhid Kumar Mullick Chowdhury:

মাননীয় স্পীকারমহাশয়, শুঁড়ির সাক্ষী মাতাল, আর পুলিশের সাক্ষী এই কংগ্রেস গভর্ণমেন্ট। আমাদের পুলিশের যে রাজত্ব সেটা হচ্ছে যাকে বলে জংগলের রাজত্ব, আর তার সঙ্গে যোগসাজস করেছে এই কংগ্রেস দল এবং এ্যান্টি-সোস্যাল এলিমেন্টস, এই ব্যাহস্পর্শ যোগে যে পাপচক্রের সৃষ্টি হয়েছে, তার কিছু কিছু পরিচয় আমি দেবো। কংগ্রেস পক্ষ থেকে এর আগে শ্রীকালী মুখার্জী মহাশয় বলেছেন যে বেলেঘাটার একটা ঘটনার কথা, যেটাতে তিনি সত্যের অপলাপ করেছেন জেনে-শুনে। তাঁর দলের কংগ্রেস পক্ষের যে ট্রেড ইউনিয়ন আছে, সেই ট্রেড ইউনিয়নই সেখানে লুঠতরাজ করেছে, সেখানে বাড়ী জ্বালিয়ে দিয়েছে, সেখানে একটা পুলিশী সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করেছে, তার কথা আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে জানিয়েছি এবং তিনি অনুগ্রহ করে তার জবাব ৬।৭ মাস পরে দিয়েছেন, যদিও আমরা জানি তাঁর পুলিশ সম্পর্কে একটা যথেষ্ট দুর্ব্বলতা আছে, তার পরিচয় আমরা পেয়েছি। যাহোক কালীবাবু বললেন যে একটা মানুষ সেখানে মরেছে

এবং সেটা মরেছে কমিউনিষ্টদের ইউনিয়নের কর্ম্মীদের দ্বারা। আমি বলবো, তাঁর যে চিঠি আমার কাছে আছে, সেই চিঠিতে তিনি এ-কথা বলেন নি। বরঞ্চ ট্রেড ইউনিয়ন, যেটা কংগ্রেসের, আই, এন, টি, ইউ ,সি, তাদের সম্পর্কে তিনি যে ব্যবস্থা করেছেন সে সম্পর্কে তিনি জানিয়েছেন। এই যে সৎ-সাহস তিনি দেখিয়েছেন, তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। সুতরাং যে কথা তিনি বললেন আমি বলবো তাঁর নেতাকে তিনি অবিশ্বাস করছেন। আমার কাছে যে চিঠি আছে, সে চিঠি আমি দেখাবো। তিনি যে কথা আজকে বলেছেন, সে কথা তিনি বলবেন কারণ পুলিশের এজেন্ট হিসাবে এখানে অনেকে সে কথা বলতে পারেন। কংগ্রেস যখন তাদের এজেন্সী নিয়েছে তখন কংগ্রেস পক্ষ থেকে এই এজেন্সীর কথা অনেকেই বলবেন।

আমি এবার বলব এমন কতকগুলি কথা আপনার কাছে, যে কথা আমাদের শ্রদ্ধেয় নেতা জ্যোতিবাবু বলে গিয়েছেন যে এখানে কেমন করে এই পুলিশ জগতে একটা অদ্ভুত অরাজকতা চলছে, বিশেষ করে বেবী ট্যাক্সির ক্ষেত্রে। বেবী ট্যাক্সি যা দেওয়া হচ্ছে তা প্রায় সমস্তই কংগ্রেসের যারা চাঁই রয়েছেন তাঁদের মধ্যেই। প্রথমেই আমি বলব আমাদের শ্রীগোপিকাবিলাস সেনগুপ্ত মহাশয়ের কথা, তিনি বর্ত্তমানে স্টেট মিনিষ্টার এবং চীফ হুইপ। তাঁকে একখানা দেওয়া হয়েছে।

The Hon'ble Copika Bilas Sen Cupta: Sir,

আমার কোন ট্যাক্সি নেই। আই ডু নট নো।

Sj. Surhid Kumar Mullick Chowdhury:

আছে এবং তার নম্বর হচ্ছে ডব্লিউ বি টি ১১৮৬। তারপর শ্রীমতী পূরবী মুখার্জীর ভাইকে দেওয়া হয়েছে একখানা বেবী ট্যাক্সি। একখানা বেবী ট্যাক্সি দেওয়া হয়েছে শ্রীউপেন্দ্র ভদ্রকে, ইন এ্যাডিশন টু এ বাস, সেই একই বছরে অর্থাৎ ১৯৫৪ সালে। দুটো কেন পেয়েছেন সেটা রহস্যজনক। তারপর শ্রীননীগোপাল মুখার্জী তার ট্যাক্সি নং ডব্লিউ বি টি ১১৮৭, তাঁর ৮৫ নং রুটে বাস পাওয়া সত্ত্বেও কেন তিনি ট্যাক্সি পেয়েছেন সেটা বলতে হবে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on a point of order. There is no head as Baby Taxi. It comes under Transport under General Administration. I object to it.

Sj. Surhid Kumar Mullick Chowdhury:

বেবী ট্যাক্সির ব্যাপার পুলিশএর ব্যাপার। তারপর দেখুন শ্রীবিজয় মুখার্জী, ইনি পেয়েছেন চারটি পারমিট। তারপর, বাকুলিয়া হাউসে যে-সমস্ত মেম্বার্স থাকেন, খিদিরপুরে তাঁদের দুটো পারমিট দেওয়া হয়েছে। তাঁরা শ্রী এস, এন, মুখার্জীর শ্বশুর বাড়ীর লোক।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on a point of order. This does not refer to the Police Budget. I repeat again that it is under the head Transport under General Administration.

Sj. Surhid Kumar Mullick Chowdhury:

শ্রীমতী শেফালী বিশ্বাস (ইনি একজন পুলিশ সার্জেন্টের ভগ্নী।) তাঁর গাড়ীর নম্বর হ'ল ডব্লিউ বি টি ১২৯৬। তারপর মিস্ লিলি সাহা, এঁর ট্যাক্সি নং ডব্লিউ বি টি ১৩০৩। তারপরে আছেন শ্রী পাল চৌধুরী, মন্ত্রী শ্রীমতী রেণুকা রায়ের পার্সোনাল এ্যাসিস্টেন্টএর স্বামী ইনি। এঁর গাড়ীর নম্বর হ'ল ডব্লিউ বি টি ১৩১৭।

Mr. Speaker: These are all relevant for State Transport, not here.

Sj. Surhid Kumar Mullick Chowdhury:

এখানে সব পুলিশ পার্মিসন কেমন করে দেওয়া হ'ল বুঝি না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I repeat again the permit is not given by the police. I do not agree. It is given by the Regional Transport Authority, not by the Police.

Mr. Speaker: The question comes under State Transport.

Sj. Surhid Kumar Mullick Chowdhury:

আর, টি, ও, হতে পারে, কিন্তু পুলিশ অথরিটী দ্বারা চলে থাকে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The point is that this is an item under Transport under General Administration. It is given by the Regional Transport Authority, but the actual police permission has to be taken as in the case of every taxi The permit actually for the taxi is not given by the police.

Sj. Jyoti Basu: Mr. Speaker, whatever may be the position, this is a subject where the police make enquiries. The Regional Transport Authority may be at the top but the police actually are the people who not only make enquiries but give permission also. The Chief Minister cannot say that this comes under State Transport. It does not come under State Transport. Under General Administration everything comes.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I did not say that it comes under State Transport.

Sj. Jyoti Basu: Mr. Speaker said that.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Mr. Speaker is wrong in saying so. It should be under General Administration under the item "Transport".

Sj. Jyoti Basu: Once again I state all these facts. If you have to collect these facts as to who have got taxis and so on and so forth, you have to go to the Police Department to collect all the facts from them because they are the people who make enquiries and give permission.

[12-20—12-30 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I say again that is not correct. The correct position is that the application goes to the Regional Transport Authority and the Regional Transport Authority makes all investigations and gives the permit, after which when the taxi has been purchased, to actually get the number they go to the police department.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: The Secretary of the Regional Transport Authority is the same person as the Deputy Commissioner of Police, Motor Vehicles.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: No.

Sj. Jyoti Basu: Mr. Speaker, the Chief Minister is telling an untruth because I know that in the case of Baby Taxis even the Police Commissioner and the Deputy Police Commissioner call the particular applicants, and make all the enquiries. Can he contradict that?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Yes, I do contradict, because that is not correct.

Sj. Jyoti Basu: It is true.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: *It is not true.*

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Enquiry

ছাড়া কখনও কেউ বাস অর ট্যাক্সি পেতে পারে না, এইটে হ'ল পজিসন। কিন্তু সেই এনকোয়ারী যদি পুলিশ দিয়ে হয়ে থাকে তাহলে সে সম্পর্কে এখানে কেন বলা যাবে না?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: All I wanted to point out to you is that under head "General Administration" there is an item "Home (Transport)". There is a transport under head "General Administration". It is under that head that the discussion may take place with regard to giving of permits.

Mr. Speaker: Yes, you go on.

Sj. Surhid Kumar Mullick Chowdhury:

তারপর শ্রীপ্রতাপ চন্দ্র গুহরায়, ছেলেদের নামে চারখানা পেয়েছেন, এবং বাসও পেয়েছেন। এ-ছাড়া দুর্গাপুর, ডি, ভি সিতে যা ঘটছে, সেখানকার ইতিহাস আপনাকে বলছি। আমার কাছে সমস্ত লরীর নম্বর রয়েছে, যার মধ্যে দেখা যাবে যে পুলিশ সেখানে ঘুষ খেত দশ টাকা এবং আঠার টাকা, দুই দফাতে এবং সেখানে উড়িষ্যা, ইউ, পি, এবং বিভিন্ন দেশ থেকে যে-সমস্ত লরী আসত সেগুলি যদিও ড্যামেজড লরী বলে চালান যায় না, তবুও সেখানকার থানার সঙ্গে কংগ্রেসী নেতৃবৃন্দ যোগসাজস করে সেইরকম অবস্থাতে লরী সেখানে চালাতে দেওয়া হয়েছে। যে-সমস্ত কন্ট্রাক্টরেরা ঐগুলি খাটিয়েছে তাদের নাম, ঠিকানা প্রভৃতি আমার কাছে রয়েছে এবং এঁদের কাছেও তা দেওয়া হয়েছিল, শ্রী এস, এন, মিশ্র, শ্রী এস, এন, মুখার্জী, যিনি এ্যান্টি-করাপশন ডিপার্টমেন্টএর ডেপুটী কমিশনার হয়েছেন। কিন্তু তাঁদের কাছে দেওয়া সত্ত্বেও কোন ব্যবস্থা হয় নি। আমি সেই লরীর সমস্ত নম্বর আপনার কাছে উপস্থিত করছি, এগুলি সম্পর্কে এনকোয়ারী করা হোক—

WBI—9114, 8217, 5493, 7783, 7510, 821, 2987, 2172, 711, 9798, (Private), 164, 939, 8975; WBQ—618 (private), 922, 387, 1343, 868, 1869, 1462 (private), 1578, 922, WBH 1287; WBA 1087, 1819, 1837, 1815, 1731, 1748, 1839, 1868, 1847.

এরকম ইতিহাস এর ভিতর বহু আছে, যে নম্বর এদের কাছে দেওয়া হয়েছে, কিন্তু কোন ব্যবস্থা হয় নি। সেখানে দেখা যাবে যে ট্যাক্স টোকন ছিল না, রেজিস্ট্রেশন ছিল না। সেখানে আমাদের কংগ্রেসের নেতৃবৃন্দের সহযোগিতায় এবং পুলিশের সহযোগিতায় অবাধে ঘুরে বেড়িয়েছে এবং তার সম্পর্কে এদের কাছে বার বার জানান সত্ত্বেও কোন ব্যবস্থা হয় নি। এই তো হোল এদের অবস্থা। এ-ছাড়া আমরা দেখতে পাই যে সাধারণভাবে যদি কোন পুলিশ অফিসারকে বাড়ীতে চা খাওয়ানর কোন নেমন্তন্ন হয় সেখানে মেয়ে, বৌ বা অন্য কোন মেয়েদের পরিবেশন করতে যদি না আনা হয় তাহলে তাদের প্রোমোশন হয় না। এই তো হ'ল পুলিশের অবস্থা এবং তা ছাড়া আমাদের সরকার যারা পরিচালিত করছেন তাঁদেরও সেই অবস্থা এবং তারই ফলে দেশের মধ্যে করাপশন, নেপোটিজম এখন ভয়ানক বেড়ে চলেছে। অনেক পুলিশের বড় বড় সাহেব হয় ত অমুক ছেলেকে জামাই করবেন, তাকে ডেকে নিয়ে আসেন এবং ভাল প্রোমোশন দিয়ে দেবার ব্যবস্থা করেন। শুধু তাই নয়, নর্টন জোন্স, এখন যিনি একজন লেবর ওয়েলফেয়ার অফিসার হিসাবে কাজ করেন, তিনি টেলিফোনে বললেন "হ্যাল্লো, হীরেন" এবং তখুনি হীরেন সেখানে হাজির হ'লেন এবং তাঁদের মধ্যে গোপনে কি শলা-পরামর্শ হ'ল এবং বেরিয়ে এসে হীরেন পরামর্শ অনুযায়ী কাজ শুরু করে দিলেন। আমরা দেখেছি তারই একজন স্বজাতির বাড়ীতে নেমন্তন্ন খেতে গিয়ে এমন হুলাহুলি করে এলেন যা অত্যন্ত দৃষ্টিকটু বলে সকলের কাছে মনে হবে, বিশেষ করে এই লোকটীর ব্ল্যাক লিষ্টএ নাম আছে এবং কাগজে কাগজে নামটা বেরিয়েছে। যাদের নাম ব্ল্যাক লিষ্টএ রয়েছে তাদের সঙ্গে এরকম হরিহর আত্মাভাব অত্যন্ত গুরুতর বিষয়। এদিকে শ্রী এস, এন, চ্যাটার্জী বসে বসে ৩½ হাজার টাকা মাইনে

নিচ্ছেন, তাঁর কাজটা কি! তাই বলি যদি এদের পোষণ করতে হয়, ক[illegible] নিজের জমিদারী থেকে। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর যে সমস্ত নায়েব, গোমস্তা, বাবুর্চি রয়েছে তাদের কোন অধিকার নেই এইভাবে দেশের দরিদ্র মানুষের অর্থ আত্মসাৎ করা।

The Hon'ble Copika Bilas Sen Gupta: On a point of personal explanation. I categorically deny the knowledge of having any taxi licence or anything like that.

Sj. Jyoti Basu:

ওটা কার ট্যাক্সি যে নামটা করা হ'ল? আপনার বেনামী রয়েছে, আর আপনি জানেন না?

The Hon'ble Copika Bilas Sen Gupta: I do not know.

Dr. Kanailal Bhattacharya:

মাননীয় স্পীকারমহাশয়, পুলিশ বাজেট আলোচনা কালে কংগ্রেস সদস্যবর্গদের তরফ থেকে পুলিশের যে সুখ্যাতি শুনলাম তাতে আমরা আশ্চর্য্য হয়ে গেলাম। এ সম্বন্ধে অনেকে অনেক কথাই বলেছেন, কিন্তু তার মধ্যে আনন্দবাবুর কথা আমার কানে লাগলো বলে সেটা আমি আপনার সামনে পেশ করছি; এবং চাটুকারিতার সীমা আনন্দবাবু যে কতখানি পেরিয়ে গেছেন এটা থেকেই তার প্রমাণ হবে। তিনি বললেন কলকাতায় যে শান্তিপূর্ণ হরতাল হয়ে গেছে, তার জন্য পুলিশ ধন্যবাদের পাত্র এবং পুলিশের ভিজিল্যান্সএর জন্য শান্তিপূর্ণ হরতাল পালিত হয়েছে। এইজন্য আমি আনন্দবাবুর দৃষ্টি দু-একটি বিষয়ের প্রতি আকর্ষণ করছি। আপনারা বোধ হয় সকলে জানেন, এবং কাগজেও দেখেছেন যে হাওড়ায় কিছুটা গণ্ডগোল সৃষ্টি হবার সম্ভাবনা হয়েছিল বলে পুলিশ সেই গণ্ডগোল রোধ করবার জন্যে বামপন্থী নেতাদের আহ্বান করেছিল, সেজন্য বিধান পরিষদের সদস্য শ্রদ্ধেয় ডাঃ মনীন্দ্রমোহন চক্রবর্ত্তী এবং আমাদের এই বিধান সভার সদস্য শ্রদ্ধেয় বিভূতিবাবু মাইকে বক্তৃতা দিয়ে সেখানে শান্তি আনয়ন করেছিলেন। আনন্দবাবুকে আমি ২২শে জানুয়ারী তারিখের ষ্টেট্‌সম্যান কাগজটা একবার পড়তে বলি। ষ্টেট্‌সম্যানের এডিটোরিয়েলএ সেদিন লেখা হয়েছিল যে শান্তিপূর্ণ হরতালের জন্য যদি আজকে কাউকে ধন্যবাদ দিতে হয় তাহলে সেটা বিরোধী পক্ষের সদস্যগণকে দিতে হবে। অতএব কংগ্রেস কর্ত্তৃপক্ষ আজকে যে একটিমাত্র সুযোগ পেয়েছেন, সেই সুযোগেই তাঁরা বিরোধীপক্ষকে ধন্যবাদ দিতে পারেন। আমি আশ্চর্য্য হয়ে যাচ্ছি যে আনন্দবাবুর মতন রেসপন্সিবল পার্লামেন্টারিয়ান, যিনি সাধারণ মানুষের ভোটে এখানে এসেছেন, সেখানে তিনি তাঁর কর্ত্তব্য ভুলে গিয়ে, নিরপেক্ষভাবে সমালোচনা না করে, এইভাবে যে পুলিশের চাটুকারিতা করবেন, তা আমরা আশা করতে পারি নি। আমার মনে হয় যে এখন চাটুকারিতা করবার প্রয়োজন তাঁদের হয়েছে, তার কারণ পুলিশের মধ্যে অনেক বড় বড় বাঙ্গালী অফিসাররা এই সংযুক্তি করণের বিরুদ্ধে তাঁদের মত প্রকাশ করেছেন, শুধু তাই নয়, ভিতরে ভিতরে মতও দিয়েছেন। এবং এই যে আন্দোলন আসছে তাতে যাতে তারা তাদের ডাণ্ডা-গুলি শানিয়ে আমাদের মাথায় ফেলে, এবং ফেলতে বাধ্য হয়, তার জন্য অন্য কোন পন্থা না নিয়ে এখন তাঁরা চাটুকারিতার পন্থা গ্রহণ করেছেন। এটা অত্যন্ত দুঃখের কথা এবং অন্যায় কথাও বটে।

[12-30—12-40 p.m.]

আমার দ্বিতীয় কথা হচ্ছে, মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে আমাদের দেশে নাকি এখন ক্রমশঃ ক্রমশঃ ক্রাইম কমে যাচ্ছে; এজন্য এখানে এই সম্বন্ধে আমি হাওড়া শহরের গুটিকয়েক দৃষ্টান্ত আপনার সামনে পেশ করবো। কিছুদিন আগে স্থানীয় একটা বিশিষ্ট সংবাদপত্রে বিবরণ প্রকাশিত হয়েছিল যে হাওড়া শহরের ৭টি থানায় জনদা থানা সহ, গত তিন মাসের মধ্যে হত্যার উদ্দেশ্যে আঘাত, দাঙ্গা ইত্যাদি ঘটনা ঘটেছে। প্রায় ১৮২টি অপরাধ-মূলক কার্য্য হাওড়া শহরে গত তিন মাসের মধ্যে হয়েছে; এবং শুধু ফেব্রুয়ারী মাসে হাওড়া শহরের প্রকাশ্য রাজপথে দস্যুতা, রাহাজানি, খুন, জখম ইত্যাদি ঘটনা ঘটেছে।

শুধু তাই নয়, গত নভেম্বর মাস থেকে হাওড়া শহরে চুরীর সংখ্যা অত্যাধিক বেড়ে গেছে এবং শুধু ফেব্রুয়ারী মাসেই প্রায় ২০০টি জায়গায় চুরী হয়েছে। এই ব্যাপারে আমাদের হাওড়া শহরের যিনি এস,পি, তাঁর দৃষ্টি আকর্ষণ করে স্থানীয় জনসাধারণরা যখন একটা ডেপুটেশন নিয়ে তাঁর কাছে গিয়েছিল তখন তিনি তাঁদের বলেছিলেন যে না, চুরীর সংখ্যা বাড়ে নি। কিন্তু যখন ক্রমশঃ আস্তে আস্তে তাঁর চোখ খুলে দেওয়া হ'ল, তখন তিনি হঠাৎ একটা বিজ্ঞপ্তি হাওড়া শহরের মধ্যে ছড়িয়ে দিলেন। সেই বিজ্ঞপ্তি আজকের যুগান্তর পত্রিকায় ছাপা হয়ে প্রকাশিত হয়েছে, এবং তার থেকে দু-একটা লাইন আমি পড়ে শোনাচ্ছি—প্রথমে তাঁরা বলছেন "চুরী, চুরী সাবধান", এই বিজ্ঞপ্তির মধ্যে তাঁরা বলছেন চুরী বেড়েছে, এবং তাঁরা এটা স্বীকার করছেন, এবং তার জন্য তিনি গেরস্থকে বলছেন যে তোমরা দরজা, জানলার পাল্লাগুলির শক্ত কর। কিন্তু চুরী কমানোর কি ব্যবস্থা করেছেন সে সম্বন্ধে কোন কথাই এর মধ্যে নেই। দ্বিতীয় কথা যেদিন এই বিজ্ঞপ্তি বেরোয়, ৬ই মার্চ, ১৯৫৬ তারিখে, সেদিন ৭ নম্বর চিন্তামনি দে রোডে ধীরেন্দ্রনাথ নস্কর মহাশয়ের বাড়ীতে প্রায় এক হাজার টাকার গহনা চুরী গেছে। শুধু তাই নয়, এই বিজ্ঞপ্তি বেরোবার পর চুরীর ব্যাপার সম্বন্ধে হাওড়া শহরের মালিপাঁচঘড়া থানার জনৈক ভদ্রলোক যখন ডায়েরী করতে যান, তখন সেখানকার এ,এস,আই, ডি, এন, চ্যাটার্জী, তাঁকে বলেন যে আপনার ঘরে কখন চুরী হবে সেটা লক্ষ্য করবার জন্য কি পুলিশ ঘরে দরোয়ানের কাজ করবে? তারপর বিজ্ঞপ্তিটি তাঁর হাতে দিয়ে তিনি বললেন যে আপনার বাড়ীর দরজা, জানলা মজবুত করুন, শিক, গরাদগুলি ভাল করুন, এ ভিন্ন আর বিশেষ কিছু আর আমরা করতে পারবো না। (ডাঃ রাধাকৃষ্ণ পালঃ গুড এ্যাডভাইস।) তাত সত্য কথা, গুড এ্যাডভাইসই বটে। এইভাবে দেখা গিয়েছে যে হাওড়া শহরে দাঙ্গা-হাঙ্গামা অনেক বেড়ে গিয়েছে।

[At this stage the blue light was lit.]

স্যার, আমার ত মাত্র তিন-চার মিনিট হয়েছে, আমি আরও মিনিট চার বলবো। তারপর চুরী, রাহাজানি ইত্যাদি হাওড়া শহরের মধ্যে ৭টি থানায় প্রচুর পরিমাণে বেড়ে গিয়েছে, এবং তার সংখ্যা এই কয়েক মাসে প্রায় ৩০০ হবে। এই ঘটনাগুলির মধ্যে প্রায় শতকরা ৬৩ ভাগের কোন খোঁজ পাওয়া যায় নি, অপরাধী এখনও ধরা পড়ে নি। এই হচ্ছে হাওড়া শহরের প্রকৃত অবস্থা। সেইজন্য এ-বিষয়ের প্রতি আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি।

আর একটা কথা বোলে বক্তব্য শেষ ক'রব। সেটা এক্সাইজএর। হাওড়া জেলার আশেপাশে মদ চোলাই অত্যন্ত বেড়ে গেছে। এক্সাইজ ডিপার্টমেন্টের পুলিশ এ-সম্বন্ধে কিছু তদন্ত করার পর কিছু কিছু কেস ধরার চেষ্টা করছেন। হাওড়ার জনসাধারণ তাদের সঙ্গে সহযোগিতা করছে। কিন্তু, মাননীয় স্পীকারমহাশয়! দুঃখের কথা যেসমস্ত লোক এই মদ চোলাই ইত্যাদি করে সেই সব নোংরা প্রকৃতির লোকের সঙ্গে পুলিশের সরাসরি যোগ থাকার ফলে আজ এক্সাইজের কেস ধরা খুব শক্ত হয়েছে। যারা ধরিয়ে দিচ্ছে তাদের উপর পুলিশের অত্যাচার বাড়ছে। সে সম্বন্ধে দুই-একটি কথা বলতে চাই। আমাদের বাড়ীর পিছনে মদ চোলাইএর ব্যাপারে একটা লোক্যাল ছেলে মদ চোলাই ধরে দিয়েছিল বোলে পুলিশের হামলায় পড়ে। সে যখন কারখানার কাজ করতে যাচ্ছে তখন জনকয়েক গুণ্ডা প্রকৃতির লোক তাকে মারধর কোরে, তার হাতে রিভলবার দিয়ে দেয়। সঙ্গে সঙ্গে সেই অবস্থায় ব্যাটরা থানার ও, সি, এসে তাকে ধরে চালান দেন; তার কেস এখন পেণ্ডিং সেসন কেসএর মধ্যে রয়েছে। এইভাবে যারা এক্সাইজ পুলিশকে সাহায্য করছে তাদের উপর হাওড়ার থানা-পুলিশের অত্যাচার বাড়ছে, এবং তার ফলে মদ চোলাই যা অত্যন্ত অন্যায় কাজ তা এত বেড়ে চলেছে যে তাতে হাওড়ার সাধারণ নাগরিক জীবন দুর্বিষহ হয়ে উঠেছে। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে মনে হয় পুলিশের খাতে ব্যয়-বরাদ্দ এত হওয়া উচিত নয়, বরং এ অবস্থার কোন প্রতিকার বা উন্নতি না হ'লে পুলিশের ব্যয় একেবারেই সমর্থন করা যায় না, এবং তার সম্পূর্ণ বিরোধিতা করছি।

Mr. Speaker: Sj. Biren Banerjee.

Sj. Raipada Das: Sir, I want to speak. Give me four minutes.

Mr. Speaker:

আপনার ফোর মিনিস টাইম এক্সিড হয়েছে।

Sj. Raipada Das: I shall speak only for four minutes.

Mr. Speaker: I have cut out that side speakers.

Sj. Raipada Das: Why did you cut us out? It should be done on a party basis.

Mr. Speaker: On another budget head you can speak.

Sj. Biren Banerjee:

মাননীয় সভাপাল মহোদয়! আমরা গত দু-দিন ধরে এই হাউসে যা কথাবার্ত্তা শুনে আসছি, গভর্ণমেন্ট পক্ষকে যেভাবে আক্রমণ করা হয়েছে, তাঁদের দোষ-ত্রুটি যেভাবে উদ্ঘাটিত করা হয়েছে তাতে এই দু'দিন, বরঞ্চ আড়াই দিন বলা যায়, সরকার পক্ষের অর্থাৎ ট্রেজারী বেঞ্চের এবং তাদের দলীয় সদস্যদের পক্ষে সহ্য করা মুস্কিল হয়েছে। যে নগ্ন-চিত্র গত দু'দিন ধরে এই হাউসে উদ্ঘাটিত হয়েছে তার জবাব তাঁরা সরাসরি দিতে পারেন নি। অবশ্য আজকে দেখলাম যে এমন একটি লোককে দিয়ে ঘুরিয়ে জবাব দেবার চেষ্টা করা হয়েছে, যাঁর ইতিহাস এই সভায় বহুবার বলা হয়েছে। এ কাজের তিনি উপযুক্ত এ-কথা সত্য। ঐরকম লোক না হলে এর জবাব তিনি যা দিলেন যদি সেটা তাঁর জবাব হ'ত আমাদের কোন আপত্তি ছিল না। তিনি নিজেই জানেন তিনি যা উক্তি করেছেন তার বার আনাই অসত্য। আমি গত ২৫ বৎসর ধরে শ্রমিক আন্দোলনের সঙ্গে সংযুক্ত, কিন্তু আমি আশ্চর্য্য হয়ে গেলাম যে আজকে এই শ্রমিক লীডার পুলিশের সপক্ষে সাফাই গাইছেন। এটা অতি অদ্ভুত লাগল আমার কাছে। আর সে সাফাই গাওয়া কি রকম! আমি পর পর সেগুলো আপনাকে দেখাতে চেষ্টা কোরব।

বোন মিল ইন্সিডেন্টএ নিজেরা যে দুষ্কৃতি করেছেন সেই দুষ্কৃতি চাপিয়েছেন অন্যের উপর। আমি বিস্তৃত বলতে চাই না; সেটা সুহৃদ মল্লিক মহাশয় বলেছেন; এবং এ-কথা সত্য যে লোকটা সেখানে উপদ্রব করেছিল তিনি যে একজন মন্ত্রীর পোষা লোক এ-কথা অস্বীকার করতে পারবেন? আমরা যখন প্রধানমন্ত্রীর কাছে তার নাম পেশ করি তিনি হেঁসে উঠেছিলেন। আমরা যখন এই অভিযোগ করি যে এ-কথা আমরা শুনছি [নয়েজ] ডকের কথা বলেছেন; ডকের কথা শ্রদ্ধেয় কালীবাবু জানেন না যে কি অবস্থা হয়েছিল? এবং তাঁর কন্‌স্টিটুয়েন্সিও জানেন; কিন্তু তার সম্বন্ধে যে ইঙ্গিত করেছেন সে অত্যন্ত অসত্য ইঙ্গিত, আমি বলব অত্যন্ত ভ্রান্ত ইঙ্গিত। তিনি জানেন না তা? তিনি বলেছেন সেখানে গুণ্ডামী হয়েছে। আমি জিজ্ঞাসা করি সীতারাম সিংকে তিনি জানেন, সীতারাম সিং গুণ্ডামী করেছে কোনখানে? সীতারাম সিংকে কেন ধরা হয়েছে?

[12-40—12-50 p.m.]

কেন সীতারাম সিংকে পি, ডি, এ্যাক্টে ধরা হয়েছে? যদি তিনি বলতেন সীতারাম সিং গুণ্ডা নয়, তাকে পি, ডি, এ্যাক্টে ধরা হয় নি, আমি বুঝতাম তাঁর বাহাদুরী আছে। কিন্তু সে কথা বলবার সাহস নেই, কেন না পুলিশের সপক্ষে সাফাই করতে হবে। তিনি বার্ন কোম্পানীর ইন্সিডেন্ট এনেছেন—নিমাই মিত্রের হত্যার কথা বলতে লজ্জা করল না? কিভাবে বলছেন যে যেন শিবনাথ বাবুর সঙ্গে লাল-ঝাণ্ডার ঝগড়া হয়েছিল, শিবনাথ বাবুকে অন্য ইউনিয়নের লোকেরা ধাক্কা দিলে, না পিটিয়ে দিলে। আমি বলব তিনি জানেন সে ঘটনা। তিনি জানেন বার্ন কোম্পানীর ঘটনা। জেনে-শুনেও তিনি অসত্য কথা বলছেন; এবং তিনি বলছেন যে ঐ তেওয়ারী, তাকে প্রথমে পাওয়া যায় নি, সে নিজে

এসে যখন আত্মসমর্পণ করলে তখন তাকে পুলিশ ধরলে, এবং ধরে তার পরের দিন তাকে বেল দিলে। সে ৩০২ ও ৩০৪ ধারার আসামী, তার বেল হ'ল, এবং তাকে আদর কোরে নিয়ে কোম্পানীতে কাজ দেওয়া হ'ল, এবং কোম্পানী দু'দিনের জন্য মারামারিতে বাধা দিলে। পুলিশকে এক মাস দেড় মাস আগে বলা হয়েছে, এবং পিটিশন করা হয়েছে যে সেখানে এই ঘটনা ঘটতে যাচ্ছে, এবং পুলিশ ঘুমিয়ে আছে। তেওয়ারী যখন বেলএ খালাস হ'ল পুলিশ বললে "কি ক'রব"? শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়! আপনি যেমন মাঝে মাঝে বলেন "আমি নিরুপায়", তেমনি সেখানকার পুলিশ বললে "আমরা নিরুপায়, আইন রয়েছে, ম্যাজিষ্ট্রেট ছেড়ে দিয়েছে, আমরা কি ক'রব? গণতান্ত্রিক অধিকার আছে"। তারপরে যখন এখান থেকে শ্রদ্ধেয় জ্যোতি বসু মহাশয় প্রধানমন্ত্রীর কাছে গিয়ে বললেন তখন প্রধানমন্ত্রী টেলিফোন করবার পর তাকে পি, ডি, এ্যাক্টে ধরা হয়েছে। তাই বলছি এখানে এই প্রকার হচ্ছে। এখানে তারা ঘুমিয়ে আছে, এবং ধরা পড়ার পরের দিন আমাকে পুলিশ সুপারিন্টেন্ডেন্ট খবর দিচ্ছেন যে কালকে তাকে পি, ডি, এ্যাক্টে ধরা হয়েছে। আমি সমস্ত ঘটনা জানি। উনি গেস্ট কীনএর কথা বলেছেন, গেস্ট কীনএ কি হয়েছিল? গেস্ট কীনএ তারা গণ্ডগোল করে নি? আই, এন, টি, ইউ, সি, গোণ্ডগোল করে নি? বার্ন কোংতে কি হয়েছিল? আই, এন, টি, ইউ, সি, গণ্ডগোল করে নি? সমস্ত ঘটনাই জানি। যখন নিজের পা থেকে মাটি খসে যাচ্ছে সেই সময় গায়ের জ্বালা ধরল কেন? এসব কথা ব'লে লাভ কি? কার ইঙ্গিতে বার্নপুরে এবং কুল্টীতে দুইপক্ষের লড়াই হ'ল, বহু কোস্তাকুস্তি হ'ল, স্ট্রাইক হ'ল, সব কিছু হ'ল? আসলে ওখানে যেমন শ্রমিকেরা সংগঠিতভাবে একত্র ইউনিয়ন ক'রেছে তখন ওঁদের খুব জ্বালা ধরেছে, এবং পুলিশ গিয়ে তাহের হোসেন ও ঠাকুর সিংকে ধরলে এবং আরও বহু লোককে ধরলে পি, ডি, এ্যাক্টএ। কেন ধরলে? কেন না তারা ট্রাইবিউন্যাল করতে চায়। ট্রাইবিউন্যাল কেস যাতে না হতে পারে, ট্রাইবিউন্যালকে ধ্বংস করার জন্য এই হচ্ছে। আমরা জানি এসব কার নির্দ্দেশে, স্যার বীরেনের নির্দ্দেশে।

শ্রীকালী মুখার্জ্জী যা বলেছেন সেটাও স্যার বীরেনএর ইঙ্গিতেই করেছেন, তাঁরই দালালী করেছেন। শুধু তাই নয়, এইমাত্র শুনলাম চন্দ্রশেখর ব'লে এক ভদ্রলোক তিনি বার্নপুর থেকে কাগজপত্র নিয়ে কলিকাতায় উকিলের সঙ্গে পরামর্শ করবার জন্য আসছিলেন, তিনি এ্যারেস্টেড হ'লেন এদের যোগাযোগে। পি, ডি, এ্যাক্টএ একে ধরা হ'ল। পুলিশ কি করছে, কি গণতান্ত্রিক অধিকার রক্ষা করছে। তিনি ট্রাইবিউন্যালএ কেস করতে যাচ্ছেন এবং ট্রাইবিউন্যালএ কেস করবার অধিকার প্রত্যেক শ্রমিকের আছে। সেই কেস যখন করতে যাচ্ছে সেই সময় পুলিশ লাঠি মারছে। এই বিষয় যদি ইমপার্সিয়াল এনকোয়ারী হয়, তারা যদি নিজের বুকে হাত দিয়ে চিন্তা করেন তাহলে সকলেই বুঝতে পারবে যে সর্ব্বত্র আমরা দেখতে পাই পুলিশ যখনই ইন্টারফিয়ার করে শ্রমিকদের জব্দ করার জন্য। দেখবেন পুলিশ কিভাবে সাহায্য করে আই, এন, টি, ইউ, সিকে এবং অন্য ইউনিয়নকে ভেঙ্গে দেবার জন্য। পোর্টএর কথা বলি। তিনি বড় গলা করে বলেছেন পোর্ট শ্রমিকের নেতা হিসাবে। কিন্তু এ-কথা বললেন না যে, যে জন্য তারা আন্দোলন করেছে সেটা হচ্ছে যে তাদের এত বড় বস্তা উঠাতে হয় যা তারা উঠাতে পারে না, তাই তারা দাবী করেছিল এবং তার জন্য কাজ স্লো-ডাউন করেছিল [নয়েজ] এবং এটা যদি তারা করেই থাকে তাহলে তারা গণতান্ত্রিক অধিকারের মধ্যেই করেছিল। কি অন্যায় করেছিল? এবং যখন তারা ম্যানেজারকে ঘেরাও করে, মালিককে ঘেরাও করে তাদের দাবী পেশ করার জন্য, সেটা কি ভায়োলেন্ট ডিমনস্ট্রেশন বলা যেতে পারে। ডিমনস্ট্রেশন করলেই কি সেটা ভায়োলেন্ট হতে হবে। আর যখনই তারা কোন রকম আন্দোলন করে তখনই তারা বলেন যে পুলিশের উপর ব্রিকব্যাটস ছোড়ে। [নয়েজ এ্যান্ড ইন্টারাপশনস] সেইজন্য আমি এই কথাই বলছি যে তারা যেসব অভিযোগ করছে সেগুলি দূর করতে হবে। এবং যে গলদ আছে তা শোধরাতে হবে।

তারপর, বার্ন কোম্পানীর অবস্থা বলি। যখন দেখা গেল যে ইউনিয়নকে কিছুতেই ভাঙ্গা যাচ্ছে না, খুন করেও ভাঙ্গা যাচ্ছে না, তখন পুলিশ কি করলো। ইউনিয়ন কর্ম্মীদের ১০৭ ধারায় চালান দিল, তাদের সাজা দেবার জন্য। ১০৭ ধারায় ২০ জনকে আটক করা হ'ল। তাদের বিরুদ্ধে মামলা চলতে থাকে। এই ২০ জন ৬ মাস ধরে কেস করে। এর

ফান্ড ইউনিয়নকে যোগাতে হবে। দিনের পর দিন, মাসের পর মাস কাজ কামাই করে কোর্টএ যেতে হবে। এখানে যদি বাহাদুরী নেবার জন্য তাঁরা শুধু মুখের কথা বলতে চান সেখানেই আমাদের আপত্তি। সেই জন্য প্রত্যেক জায়গায় আমরা দেখছি যে যখন তারা হলে পানি পাচ্ছে না তখন যাতে শ্রমিকরা ইউনিয়ন ছেড়ে চলে আসে তার সাহায্য পুলিশ করছে। পুলিশ সাহায্য করছে তাদের।

[12-50—1 p.m.]

এবার আমি আর একটা কথা বলতে চাই। সেই পয়েন্ট হচ্ছে চুরি-ডাকাতীর কথা। হাওড়ার এস, পি, যে একটা সার্কুলার দিয়েছে শুনেছি আমি তা বলছি। আমি বলতে চাই ইণ্ডাস্ট্রিয়াল এরিয়া, হাওড়া ও কলিকাতার আসেপাশে ইণ্ডাস্ট্রিয়াল এরিয়াতে যে-সমস্ত অফিসার-ইন-চার্জ আছেন তাঁদের ঘনঘন বদলি করা উচিত। কি কারণে বদলি হওয়া উচিত সেটা অতি সুস্পষ্ট। এক জায়গায় বেশী দিন থাকলে সেখানে বসে তারা বেশ আসর জমিয়ে ফেলে গুণ্ডা বদমায়েসদের নিয়ে। এবং মালিকদেরও একত্র জুড়ে নিয়ে তারা আসর জমায়। এটা না হ'লে কিছুতেই দুর্নীতি দূর হবে না। বাংলাদেশ থেকে দুর্নীতি দূর হতে পারে যখন মুখ্য মন্ত্রীমহাশয়, যিনি দুর্নীতি জুড়ে বসে আছেন, দুর্নীতির প্রশ্রয় দিচ্ছেন, তাঁরা যদি সম্পূর্ণভাবে দুর্নীতিমুক্ত হয়ে একটা এক্সাম্পল দিতে পারেন তবেই দুর্নীতি দূর হবে। সঙ্গে সঙ্গে পুলিশকে ধমক দেবার আগে আপনাদের এটা অনুরোধ করছি এবং ভেবে দেখতে বলছি যে ইণ্ডাস্ট্রিয়াল এলাকায় যে থানাগুলি আছে, এই থানাগুলি প্রাইজ পোষ্ট, এবং অনেকে টাকা দিয়ে সেই থানায় যাবার চেষ্টা করে। বিশ্বাসীয়ত, এখানে এইরকম কতকগুলি থানা আছে সেই থানাগুলি অফিসার আছে, যারা ২।৪ মাস বাদেই সেখানে এসে হাজির হয়। মন্ত্রীমহাশয় এটা ভাল করে অনুসন্ধান করবেন।

তৃতীয় কথা বলি—এক্সাইজ পুলিশ এবং জেনারেল পুলিশএর মধ্যে ভাগাভাগি করা। যদি কোন চোলাই মদ ধরতে হয় তাহলে এক্সাইজ পুলিশ ডাকতে হয়, জেনারেল পুলিশ ধরতে পারে না। এটা কেন? এর ফলে অনেক চোলাই মদ গ্রাম থেকে এসে সহরে বিক্রয় হয়। এবং এইসব বন্ধ করতে হ'লে এক্সাইজ পুলিশ এবং জেনারেল পুলিশকে একসঙ্গে দায়িত্ব দেওয়া উচিত। তারপর আমি বলবো রেডিওগ্রাম যা পুলিশের হাতে আছে। আমি একটা ঘটনা জানি। ঘাটালের এ্যাসিস্টেন্ট সার্জন মেদিনীপুরে রেডিওগ্রাম করতে চান একটা রোগীর জন্য। এবং তিনি রেডিওগ্রাম করবার জন্য থানায় গিয়ে বলেন যে একটি লোক মারা যাচ্ছে, আপনি রেডিওগ্রাম পাঠিয়ে দিন। তারা বললো যে রেডিওগ্রাম শুধু ল এ্যাণ্ড অর্ডারএর জন্য, সাধারণ কাজের জন্য নয়। আজকে পুলিশের হাতে এটা আছে। এবং পুলিশ জনসাধারণের সাহায্য করবার জন্য যদি এই রেডিওগ্রাম করতেন তাহলে একটা লোকের জীবন বেঁচে যেত। এই রেডিওগ্রাম করতে আপত্তিটা কি?

রেড-টেপ সম্বন্ধে বহু কথা বলা হয়েছে কিন্তু এই বিভাগের মত আর কোথাও নেই। পুলিশের মধ্যে যে দুর্নীতি আছে সেই দুর্নীতি ঢাকবার কোন মানে হয় না। পুলিশের অপকর্ম লুকিয়ে রাখার কোন মানে হয় না। যারা সুনামের সঙ্গে সুষ্ঠু কাজ করছেন তাঁদের গোল্ড মেডেল দিন আপত্তি করি না। কিন্তু যেখানে কুকীর্ত্তি হচ্ছে সেগুলি দমন করুন। পরিশেষে ট্যাক্সির ব্যাপারে পুলিশের বিরুদ্ধে যেসব অভিযোগ আছে সেগুলির পরিষ্কার জবাব আমরা চাই।

Sj. Raipada Das: On a point of privilege, Sir. I am as much a representative of the people and a member of the House as the party members are. I do not understand why selection of speakers should be made on the party basis.

Mr. Speaker: The allotment of time is a matter of arranagement. You have been allowed to speak on every matter.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Before I proceed to answer the points which have been made, I would like to make one submission. There has been some confusion in this House as regards the place of the Transport Department which controls the permit, taxis, etc. The Transport Department is under the Home Department, under the Civil Secretariat, 25-B. It has officers which control this Transport Department and the Regional Transport Authority is a civil officer. Here I want to offer an apology for a mistake which I have made, particularly to my friend Sj. Sudhir Chandra Ray Chaudhuri that although the salary of the Deputy Commissioner of Police, Public Vehicles Department, is on the Transport Department of the General Administration section, he is still the Deputy Commissioner because he has got other works to do with regard to the Public Vehicles Department. We have already asked the Public Service Commission to send us a civil officer, to select a civil officer for the Regional Transport Authority, so that we may not have to depend on the Police Department for the conduct of the officers of this Department.

Before I pass on to the specific instances raised, I may mention my friend Sj. Subodh Banerjee—he is not here—he has argued that there has been an increase of 1 crore and 50 lakhs or 30 lakhs in the Police budget as from last year. Sj. Ananda Gopal Mukherji has referred to it. I only say to him and to the others that what we have placed in the Red Book under the head Police is a net expenditure on the Police Department. Some of my friends have taken the gross expenditure of the year 1956-57 and compared it with the net expenditure of the year 1955-56. If you take the figures of the last few years which Sj. Subodh Banerjee referred to, you will find that in the year 1951-52 the total expenditure was 5 crores 75 lakhs, in the year 1952-53 it was 5 crores 73 lakhs, in the year 1953-54 it was 5 crores 83 lakhs, in the year 1954-55 it was 5 crores 96 lakhs; and in the year 1955-56 the budget estimate was 6 crores 10 lakhs but the revised estimate was 6 crores 91 lakhs because, as has been explained in the Red Book, this included the increased salary and allowances given to the constables, sepoys, Assistant Sub-Inspectors of Police, etc. That being the background of 6 crores 91 lakhs, this year's expenditure is 7 crores 15 lakhs, net expenditure. If you look at these figures, first of all I may say to the House, that I have got the figure of the total staff in the Police Department, both in the districts and in Calcutta and I find that in 1951 the total number in the District Police was 31,293 and this year—1955—it is 31,593.

[1—1-10 p.m.]

In the case of the Calcutta Police I have not got the figures of 1951 and 1952. In 1953 the total number of personnel was 13,032. In the year 1955 it was 12,731. It will be seen, whatever the reason for the increased expenditure under the head Police might be, it is not due to increase in the personnel; but it is due to the fact that in particular the subordinate men have been given a higher salary in the year 1955-56.

Sir, the next general point that I want to make out is that my friends opposite have said that the police are not what they should be. That is the reason why in this budget we have included a larger provision for two items, the Police Training College and the Criminal Investigation Department, who will mainly spend this in developing the forensic laboratory. Sir, this Police Training College, I may say at once, was started only in late 1954 or early 1955. The basic training courses for prescribed periods were given for the Assistant Superintendents, Deputy Superintendents, directly recruited cadets, departmental cadets, wireless personnel and recruited constables. The cadets included officers from Calcutta and West

Bengal—I am talking of 1954, this was the first year of joint training of the officers of the Calcutta and the West Bengal Police. Twenty-four Sub-Inspectors and 29 Sergeants from Calcutta Police had undergone a course for one year. Ninety per cent. of the cadets succeeded to pass in the final examination. Then there are also provisions for refresher course—I will not go into this now. This course has been devised mainly for the purpose of giving training to the subordinate police officers, not merely the training which is an expert training for the police officers but also the training which every man in the police force should get as to how to behave towards the people. The total number, as we have seen, that have already been trained is only a few compared with the total strength of the police force and I think that within the next 3 or 4 years we shall have sufficient number trained who would give a good account of themselves as regards their work.

The other point that I wanted to refer was that Shri Subodh Banerjee had said—some friends probably taking the cue from him had also repeated—that the crimes have increased. I asked him when he was here as to what book he was referring and quoting. It appears that he took the quarterly report of the Police Department. That does not give you a correct picture. I have got here, so far as Calcutta is concerned, the figures for the different crimes from 1951 onwards. In 1951, there were 15 cases of dacoity, in 1952 it was 7, in 1953 it was 5, in 1954 it was 4 and in 1955 it was 2. So far as robbery is concerned, in 1951 it was 99, in 1952 it was 40, in 1953 it was 54, in 1954 it was 54 and in 1955 it was 22. So far as burglary is concerned, in 1951 the total was 2,007. It came down to 1,516 in 1952. It came down to 1,480 in 1953. It came down to 1,310 in 1954 and again to 1,290 in 1955. So far as thefts are concerned, it came down from 9,975 in the year 1951 to 7,312 in 1955. So far as the cognisable cases are concerned, the total for the year 1951 was 17,930. In 1955 it was 12,233. Therefore it is not correct to say that so far as Calcutta is concerned, the figures show that there has been increase in the crimes.

I have got here the figures of crime in the districts of West Bengal. Taking the total of cognisable crimes in the year 1953, it was 71,705; in the year 1954, it was 69,475; in 1955, it was 68,031. If you take the different heads, dacoity has come down from 702 in 1953 to 557 in 1955; robbery has come down from 942 in 1953 to 621 in 1955; burglary has come down from 12,187 in 1953 to 10,166 in 1955. Only as regards murder the total number has remained almost the same—388 and 400. That shows, Sir, that the figures that we have been given with regard to crimes by Shri Subodh Banerjee were on insufficient evidence.

Now, Sir, the next point that I want to say is with regard to what the police have been doing. Just now I heard one friend saying about the wireless vans not giving help to convey messages. Sir, I have here the figures of the Wireless Department which show that the wireles organisation of the West Bengal Police has sent out 3,608 messages from private parties mainly from persons who have been injured and who have asked to give messages to particular parties. I may mention also that wireless communication is a monopoly of the Government of India and the Police Wireless which we have got is an organisation which is licensed by the Government of India mainly for law and order and, with the previous permission of the Government of India, for messages in emergencies like flood, famine and other contingencies. Ordinarily other messages—I am talking of districts—are not allowed because, I take it, that would mean that the telephone and the telegraph would not be used sufficiently which

will lower the revenues of the Central Government. So far as Calcutta is concerned, we use our wireless system very often and with very great effect.

Sir, yesterday I was asked a certain number of questions which I will try to answer. First of all I was asked about what happened to the enquiry with regard to the telephones and medicines.

[1-10—1-20 p.m.]

Sir, information of theft of drugs and medicinal appliances from the R. G. Kar Medical College and Nil Ratan Sarkar Medical College is as follows. Three big godowns of numerous stolen medicines worth about 2 lakhs were discovered and medicines were taken charge of. Other hospitals were also checked as to the storage and supply of medicines to the patient. As a result of this 13 persons in 14 different cases were arrested, out of whom 7 persons in 6 cases have been sent up for trial. The remaining cases are under investigation. Instructions have already been issued by the Director of Health Services to stamp all supplies in Central Medical Store so as to identify them in case they are fradulently removed from the State Hospital.

Sir, there was another set of cases found with regard to Blood Bank and the police investigated. They arrested a certain number of people and the position now has become very much improved.

As regards unwarranted telephone exchanges, offences relating to use of unauthorised telephone exchanges or telephones are not cognisable. The police however collected information about the activities of unscrupulous persons who have been using unauthorised telephone exchanges and telephones in carrying on illegal forward contracts in jute and jute goods. Somebody had suggested that the cases have been dropped because the men who were involved were rich people to whom we had showed some favour. I may mention to my friends that some of them did approach me as to what should be done in future. I told my Enforcement Department to go ahead with the cases with the greatest speed as far as possible. Search warrants were obtained from the court in connection with the information that offences under the Forward Contract Act of 1952 have been committed and 61 places were searched. In course of searches at different places, besides a huge quantity of incriminating documents, as many as 342 unauthorised telephone sets and 12 receivers were seized; 488 batteries for the operation of these telephones were also seized, along with 6 maunds of plastic wire. (Sj. JYOTI BASU: Publish the names.) I have not got the names. They will be in the law courts; they will be prosecuted. You may know more than I do. (Sj. JYOTI BASU: Of course, I do.) I can tell my friends exactly what I know. Some of them came to me and I told my Enforcement Branch to go ahead with the prosecution. One hundred and thirteen persons were arrested for conspiring and violating the Forward Contracts Act, 1952, and the West Bengal Jute Goods Act, 1950. This is a great achievement to my mind for the police in detecting use of unauthorised telephone exchange. The case is under investigation. I may tell my friend, whatever he may say otherwise, that his information is not correct.

Sir, somebody said—I think it was Mr. Bibhuti Ghose—that the top people are getting more increments than the lower people. I have got here the figures which shows that since 1950 the constables have got an increment of about 238 per cent., head constables 207 per cent., Assistant Sub-Inspectors 255 per cent., Sub-Inspectors 151 per cent., Inspectors 99 per cent., Deputy Superintendents 60 per cent. That shows that greater emphasis is given to the lower grade.

Then a case has been mentioned by Sj. Balailal Das Mahapatra—a petition of complaint containing allegations against the A.S.I. Kalipada Chatterji and some constables. The S.D.O. caused a judicial enquiry to be made into this by a Magistrate of Contai. The complainant was represented during the judicial enquiry by three local lawyers. Twenty-four witnesses were examined on his behalf and the complainant also tendered evidence during the enquiry before the Magistrate. After the judicial enquiry, the Magistrate held that none of the charges has been proved. No action was taken against the police officer on the basis of the finding of the judicial enquiry.

(শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ সেসন্স জজএর রায়ে আছে রিপোর্টটা মিলিয়ে পড়ে দেখুন না, বুঝতে পারবেন।)

In this connection, Sir, I may mention what action we have so far taken against the police force in the year 1954-1955 has not yet been compiled. The total number or persons punished in the West Bengal Police was 9,552 of which major punishments—i.e., dismissal, reduction in rank and recovery from pay—amounted to 618. Of these 618, dismissals took place in the case of 6 S.Is., 3 A.S.Is., 2 head constables and 212 constables, the total being 323. Reduction in rank took place in 272 cases. So far as Calcutta Police is concerned, in 1954 there was dismissal of one S.I., three head constables and 99 constables; one Inspector, five Sub-Inspectors, five Sergeants, one A.S.I., four head constables and 25 constables were degraded or reduced in rank. We have not included in this any minor punishments such as are sometimes inflicted fines, etc.

Now, Sir, Sj. Bankim Mukherji made reference to certain cases about which he had records. I took that bunch from him in order to find out the facts. I cannot say that I can give all the information because I have got to get this information. With regard to a case about which he mentioned proclamation order against the Government for non-appearance in the court, as I said before, this is only the beginning of the enquiry, but it appears that this is a private case between the father and sister of a Sub-Inspector. Details will have to be obtained in order to find out what the Sub-Inspector's conduct was.

(শ্রীজ্যোতি বসুঃ ট্রাফিক পুলিশএর এনকোয়ারীর কি হ'ল!)

So far as the case against Kalyan Dutt, brought by Sheikh Muhammad Saiyad is concerned, the matter is *sub judice* in the Bankshall Court. It is true that Magistrates have sometimes expressed opinions, but we cannot take action so long as the case is *sub judice*.

With regard to the case regarding a clash between *goalas* and the police on the Kali Pujah day, there was no stricture, I find, on the police. It was only a case of reference with regard to anti-social conditions.

of transport. If the Cooch Behar Transport Service is found to be satisfactory and I am confident that the transport service in Calcutta has gone out of the difficult period, there is no reason why we should not proceed further.

Sir, there is a scheme, which at my suggestion, the Government of India have agreed, for running long route buses, say, from here to North Bengal with, of course, ferry transport somewhere near Farakka and the other from here up to the coal-bearing area. The Government of India have accepted the proposal on condition that we use or employ only educated middle class men in those routes. It will be one method of relieving unemployment amongst them. We are exploring the possibilities of such a transport service and if that is found satisfactory I am sure this will lead to some amount of relief so far as unemployment is concerned.

Sir, with these words I move the demand that is in my name.

[*Mr. Speaker: I take it that all the cut motions are moved.*]

Sj. Bankim Mukherji: Sir, I beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about unplanned extension of State Transport Service in and around Calcutta and Howrah.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy, expenditure and economy.

Sj. Jyoti Basu: Sir, I beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Sir, I also beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy of the Government with regard to taking over of private bus routes in Calcutta.

Sj. Jyotish Joarder: Sir, I beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Governmental indifference to the ignominious overcrowding of buses and transport policy of the Government.

Sj. Jyotish Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be

reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to introduce a bus route from Shibanipur to Falta on Falta-Shibanipur Road within police-station Falta, district 24-Parganas.

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

উত্তরপাড়া-চণ্ডীতলা বাস রুটে বেশি বাস চালাইতে ও ভাড়া কমাইতে সরকারের অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

শ্রীরামপুর-বালী খাল বাস রুটে ভাড়া কমাইতে সরকারের অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

শ্রীরামপুর-চিনসুরা বাস রুটে ভাড়া কমাইতে সরকারের অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

শ্রীরামপুর হইতে বালী উইলিংডন ব্রীজ দিয়া কলিকাতা পর্যন্ত বাস রুট খুলিতে সরকারের অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

হাওড়া ময়দান হইতে হুগলী জেলার চণ্ডীতলা পর্যন্ত বাস রুট খুলিতে সরকারের অক্ষমতা।

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy in extending the route coverage by State Transport as affecting the private bus owners and the public.

Sir, I also beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy in respect to the union and workers and their pay scale and medical and other benefits in State Transport.

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be

reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to open a new bus route from Thakurpur to Raipur via Bakrahat within police-stations Behala, Bishnupur and Budge Budge.

Sj. Rakhahari Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy and grievances.

Dr. Ranendra Nath Sen: Sir, I beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the running of the State Transport Services in Calcutta.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads. "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about State Transport Service.

Sj. Sudhir Chandra Bhandari: Sir, I beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about মহেশতলা অঞ্চলে ও পশ্চিমবঙ্গের অন্যান্য অঞ্চলে চলাচল বাসের মধ্যে বসিবার শীট্ সংখ্যা অপেক্ষা প্রায় দুই-তিন গুণ বেশি যাত্রী উঠান হয়, অথচ বাসের সংখ্যা বৃদ্ধি করা হইতেছে না।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, I beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury: Sir, I beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about corruption, inefficiency, favouritism and nepotism of the department.

Sj. Tarapada Bandopadhyay: Sir, I beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Sj. Balailal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about সরকারী পরিবহণ বিভাগের চরম দুর্নীতিপরায়ণতা, পক্ষপাতিত্ব, অবিচার এবং স্বেচ্ছাচারিতা, বিশেষতঃ পরিবহণ বিভাগের সৎ ও কর্তব্যপরায়ণ কর্মচারী কন্ডাক্টর শ্রীরাধাকান্ত চৌধুরীকে অন্যায়ভাবে বরখাস্ত করার ব্যাপারে সরকারের নিষ্ঠুর অবিচার ও দায়িত্বজ্ঞানহীনতা।

Sj. Dharani Dhar Sarkar: Sir, I beg to move that the demand of Rs. 2,75,95,000 for expenditure under Grant No. 47, Major Heads: "XLVIA—Receipts from Road and Water Transport Schemes, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about মালদহ জেলার প্রত্যেকটি বড় বড় রাস্তায়, যথা ইংরেজবাজার-মাণিকচক রোড, ইংরেজবাজার-খেজুরীয়া রোড, ইংরেজবাজার-গাজোল-বালুরঘাট রোড প্রভৃতি রাস্তায় বাস, ট্যাক্সী ও ট্রাক ড্রাইভারগণ বেপরোয়াভাবে গাড়ী চালানোর ফলে প্রায়ই মটর দুর্ঘটনা হইতেছে। গাড়ীর বলদ, মহিষ চাপা দিয়া জখম ও হত্যা করিয়াছে, এমন কি কয়েকজন মানুষকেও চাপা দিয়া জখম ও হত্যা করিয়াছে—এ সম্পর্কে বিশেষ তদন্ত করিয়া শাস্তির ব্যবস্থা ও এরূপ দুর্ঘটনা বন্ধ করিতে সরকারী ব্যর্থতা।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Though, Sir, we find that some profits have been shown in this year's budget under this head, if we analyse the figures and look into the facts it will appear that there have in fact been no profits and the profits have been shown by manipulation of accounts.

Sir, the total capital outlay as up to 31st March, 1956, is Rs. 3 crores 8 lakhs. It is more or less represented by buses—about 95 per cent. The number of effective buses on that date is 427. This is worked out at Rs. 72,000 each, as against new buses purchased at an average price of Rs. 44,650. If we assume the price of these 427 buses, inclusive of new ones and the old ones at half the new price for each, the reasonable value of the fleet of 427 buses would come out at less than one crore. Even if we assume all these at new price, that is, Rs. 44,650 on average, it will not come to 2 crores. Hence about one to two crores of rupees out of the capital outlay is lost though the Chief Minister asserts that there are assets against the huge liability of the State.

Sir, the percentage of the depreciation has been taken at a considerably low figure—3.85 per cent.—whereas as we have stated before it should be at least 25 per cent.

Now, Sir, the question of interest comes. The interest has been charged at a low rate whereas we have to pay interest to the Central Government at a higher rate.

[3-10—3-20 p.m.]

Sir, we have seen from this white book that the buses which were acquired at a price of say 44 or 45 thousand rupees each five or six years ago have been sold at Rs. 1,500 per bus. From this it can very easily be imagined how the losses are unusually covered up by manipulation of accounts. I want to point out one thing about the top-heavy administration of Dr. Roy. With the increase of gross receipts, we find that in the cost under Direction, the ratio of percentage is the same—3.72 per cent. in 1954-55; 3.70 in the Revised Estimate of 1955-56 and 3.66 in the budget estimate of 1956-57; whereas in the cost of operation the ratio of percentage is going down. It was 31.58 per cent. in 1954-55, 28.9 per cent., in 1955-56, 28.9 per cent., in the ensuing year. With the increase of annual receipts, you are increasing the cost of the direction, whereas the increase in the cost of operation is lower according to what it should have been. This accounts for only one explanation, and that is this that you are making your lower-paid employees work harder than what they should. You are squeezing out their blood to improve those receipts but are depriving them of their dues. Sir, the irregularities and corruption

are still there. We have from year to year pointed out various irregularities, but the information that we receive is that same things are happening in the department of Road Transport.

Sir, we were informed through Press that there was defalcation to the tune of 1½ to 2 lakhs of rupees due to the Motor Vehicles Department by the State Transport Department. Sir, money was wanted from one department to the other department, and in its way it evaporated. It was not deposited in the Motor Vehicles Department. There must be a vicious circle all over, as otherwise moneys payable as token taxes could not be misappropriated or stolen in this way. Up till now we did not find anybody being prosecuted before any Court of law. It may be that investigation is pending, but should the Government take so much time to prosecute the real offenders in a matter like this? The dilatory tactics is very suspicious, and in no time we shall hear that nobody could be traced on whom the responsibility for this defalcation could be fixed.

Now, Sir, coming to the employees, Dr. Roy even last year promised that contributory provident fund would be introduced in State Transport Directorate. The same promise he made also this year. We want to know definitely—when he feels so keenly—when this is going to be implemented. About the contributory provident fund he gave an assurance last year, and during the whole year he could not arrange to do so; and even this year he has not kept his promise. So, we want a definite answer as to when he is going to implement his promise. So far as the employees of this department are concerned, there is no security of service; pay scales and annual increments are not there; and leave facilities including medical leave are very inadequate. Inhuman duties are exacted from the poor paid employees. A mechanic is given a work at the fag end of the day, and until he completes his work in the night he is not allowed to leave the station. He is not given any over-time for that. Even if he has to be there the whole of the night, he is not given any over-time allowance for night duty. Sir, this department has already been made a permanent department. Still the conductors and drivers are employed as temporary men. Why should not they be made permanent, unless the Government want to make savings out of them to show a profit? They are suspended and dismissed very arbitrarily. I will tell Dr. Roy of one case which I personally know, i.e., case of a conductor of a particular bus. I will give his number. There are many instances which come to us, but we cannot give them any relief. For want of funds they cannot also go to court. This case may go to court. He was victimized for nothing. He is conductor No. 418. He was charge-sheeted and kept suspended for about nine months when ultimately he was discharged. His appeal to the Director-General has been pending ever since June 1955. The charge against him was that he refused to oblige a lady passenger, an officer of Writers' Buildings, when she demanded the refund of a certain fare of a ticket which allegedly was purchased by her in excess of her male partner, sitting in the same bus with the general public. The conductor entreated that he could not make such a refund as the ticket had already been punched. This infuriated the lady, and she began to abuse the conductor, but the conductor again refused to give in. After having punched a ticket, it was not open to the conductor to refund then and there the money covered by it. He had to go somewhere else, to some superior officer who could refund it. The lady informed the authorities by 'phone, and the conductor was forthwith suspended on a charge of misbehaviour and subsequently discharged.

[3-20—3-30 p.m.]

There are hundreds of cases like this where taking the advantage of the poverty of these poor conductors they are so arbitrarily or mercilessly deprived of their jobs. Dr. Roy has said about medical relief. The relief that is given now, so to say, is a mockery. There is a dispensary under the charge of one gentleman but there is no arrangement for indoor patients. One who lives in Calcutta and in suburbs can ill afford during his illness to go to the depot and get medicines from there. Most of the people who work as drivers and conductors reside within Calcutta. So if some permanent arrangement about their treatment could be made in Calcutta that would be preferred by the employees. There is another system that has been introduced in this Department. It is the badli system. Another is reward system and the other is ad hoc increment. Under the badli system hundreds of drivers and conductors are asked to attend the stations and if any drivers or conductors are absent they are allowed to work on the basis of no work no pay. It is inhuman and even then if he cannot run the whole day he will not get his wages. If instead of five trips he gives two or three trips he will not be paid his wages. Then about reward. The reward is given to the staff of a particular bus if he can show more return. The result is that Government buses try to compete against each other and at times we find that two or three of them are coming one after another and at times we have to wait for a considerable time to get into a State bus. So far as ad hoc increment is concerned it has been allowed to a particular category of employees. What the employees want is that this should be given irrespective of categories. Now about period of employment. They are employed for over one hour and 40 minutes above the time they should work. There should, therefore, be a scheduled time scale according to labour law and that should be followed up. The next thing is the Association which has on its roll about 2,000 members. I understand that that association has not been very arbitrarily recognised by Government. While posing itself as the saviour of industrial labour Government should not deny these inherent rights of their employees in the State Transport Department. Dr. Roy has said that he is trying to nationalise the State Transport. There is no indication about that here. He is simply monopolising certain routes with a view to get more income from the routes in which Government buses are plying and that is only with that end in view, I submit, that the routes are being chosen and selected from where other buses are thrown out. He has no plan before him about the nationalisation of the State Transport in our country. He has increased the fares in many of the routes after taking them over. I have a list but I have not the time to go through it. He has increased the fares by breaking the routes and the result is that a person has to purchase tickets twice for one journey. He has removed the ordinary buses but the buses that they supply are thoroughly inadequate. He is taking away buses without considering how difficult it would be for the people to go standing or hanging a long distance. These difficulties have got to be looked into. He has said that he was thinking of nationalising the whole bus service but we have told him year after year that unless he does that he will not be able to solve this problem at all, on the contrary whatever money he will put in this temporary venture will ultimately be lost by way of depreciation and other expenses, wastage and corruption. The first thing in this direction should have been the nationalisation of the tramways. It yields a huge profit—about 50 or 60 lakhs a year. But he did not do so. The other day one of my friends opposite tried to fling an aspersion on me by saying that why did I not nationalise the tramways when I was the Mayor of Calcutta Corporation.

Nothing happened during my Mayoralty. A proposal was made for the acquisition of the tramways. This proposal could be made by the Corporation every ten years and the tramways could be taken over on the basis of some agreement. The proposal was made during the Mayoralty of Sj. Anandilal Poddar. Sir, I was one of those who wanted that the tramways should be acquired by the Corporation for the benefit of the people of Calcutta. The Corporation had no money and the then Government was approached for giving them permission to raise a loan. That was a condition imposed under the Act itself. The Corporation could not raise any loan without the sanction of Government. But that was not given.

[3-30—3-40 p.m.]

There were two brilliant officers—one Dr. B. N. Dey and another Mr. D. N. Ganguli who are still being employed by the Government and it happened during their time and during the Mayoralty of Shri Anandilal Poddar. Our friend opposite may know from them what was the actual state of things then. Now, Sir, he has said that

তার সুযোগ নিয়ে ফাট্‌কাবাজারে লক্ষ লক্ষ টাকা কার হাতে গিয়েছে?

We are not aware of it. My friend might be knowing it. So far as I am concerned, I do not know anything about it. What I know is that the Government refused to give the sanction and the tramways could not be taken up. If he asked me anything about *Fatkabazar*, I shall not be able to answer because I declare before this House that in my life I had never dealt with any shares at any stage or time. My friend will not be able to prove that I had ever any dealings in shares. It is a blank chapter in my life. He may know *Fatkabazar* and may probably tell about it, or Shri Anandilal Poddar who is now in the Congress camp can tell something about it. I challenge them to prove my association with it either in connection with tramways shares or any shares whatsoever. But, Sir, why did not our friends opposite acquire the tramways? Why a lease for twenty years was given to them—a foreign concern? Whenever the question of a foreign concern came our Government felt hesitant in nationalising these concerns—the tram service, the Electric Supply Corporation—the lease of their lives being extended inordinately and why? What was the secret consideration that passed between our friends opposite and the Tramway Company which gave them this long lease of life?

Sir, with these words I conclude my speech.

Dr. Narayan Chandra Ray:

মাননীয় সভাপাল মহাশয়, আমি এই রাষ্ট্রীয় পরিবহণ সম্বন্ধে আমার বক্তব্য সুরু করবো। পরশুদিন সরকারী পক্ষের সদস্য কালীবাবু যে সুন্দর কথা বলেছিলেন তা দিয়ে সুরু করবো। তিনি একটা কথা তুলেছিলেন—মানুষের বাঁচবার, খাটবার, যা করছে তার পারিশ্রমিক পাবার—মানুষের বেঁচে থাকবার মত যাতে তার যা কিছু প্রয়োজন তা রক্ষা করবার দায়িত্ব সমস্ত রাষ্ট্রের। একথা খুব সত্য, মূল্যবান। আমি এটা আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর সামনে দিচ্ছি এবং দিয়ে জানিয়ে দিচ্ছি এই যে [illegible] কথাটা আগে কার্যে পরিণত করুন।

এখানে ষ্টেট ট্রান্সপোর্ট সম্পর্কে সেখানকার কর্মচারীবৃন্দের কথা মাননীয় সুধীরবাবু অনেক কথা বলে গেছেন। আমি বক্তব্যটুকু বলবার আগে একটি কথা জানিয়ে দিতে চাই। আমাদের [illegible] এ সম্বন্ধে বিশেষ দায়িত্ব আছে। এই কারণে এটার নাম ষ্টেট ট্রান্সপোর্ট কোথায়? না, ওয়েলফেয়ার ষ্টেটএ। কোথায়? না, সোস্যাল মাইনাস ষ্টেটএ। এতগুলি কারণে এই রাষ্ট্রীয় পরিবহণ বিভাগ আমাদের রাষ্ট্রে কালীবাবুর কথাটা কাজে নেন কি না নেন, বিচার

করুন। আপনার মাধ্যমে প্রশ্ন করছি, কালীবাবুকে করছি, উনি করেন নাই। মনে পড়ে—সরকারের একজন ড্রাইভার গাড়ী চালাতে গিয়ে মারা গেছে। এ সম্পর্কে প্রশ্নোত্তর উঠেছিল। তার জবাব কি দেওয়া হয়েছিল? তার একটা খুব বিখ্যাত জবাব আমার মনের মধ্যে গেথে রয়ে গেছে। সরকারের মনোভাব আমরা জানি। এই নন্দলাল সাধুখাঁ লোকটি বাড়ী থেকে এসেছে, গ্যারেজে গেছে, ডিপোতে গেছে, গাড়ীতে চড়ছে, ষ্টিয়ারিং ধরেছে, সেই সময় তার করোনারী এটাক হলো, সে মারা গেল। আমার প্রশ্নে ছিল—ও লোকটি কি অন ডিউটি মারা গেছে? মহামান্য বিখ্যাত ডাক্তার তিনি, তার কাছ থেকে ঘুরিয়ে ফিরিয়ে জিজ্ঞাসা করলাম—সে যে মারা গেল সেটা অন ডিউটি কিনা, মনে হতো কাজের মাধ্যমে কাজের জায়গায় থেকে যদি মারা যায়, ও'র কথা কাগজওয়ালারা বুঝেছিলেন, তাহলে অন ডিউটি মরলো। একটা গরীব শ্রমিক—সে অন ডিউটি মরে নাই। সেদিন সে ষ্টিয়ারিংএ বসে ছিল বটে! ও'র সমস্ত প্রশ্নোত্তরটা আবার পড়ে বলছি। আমি এ কথাটা কেন তুলেছি? আজকে আবার মনে করিয়ে দিচ্ছি, আপনাদের এই হিসাবের মধ্যে জড়িয়ে আছে, গোঁজামিল আছে, আবার সেই দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা—যে পঞ্চবার্ষিকী পরিকল্পনার নাম আপনারা এদেশে ভাঙিগয়ে খাবেন, যে সোস্যালিজমএর কথা বলে দেশে ভাঙিগয়ে খাবেন, আজকে সেই কথার উপরে আপনাদের আচরণের দ্বারা যদি বিচার করতে যাই তাহলে আপনাকে আমার কথা শুনতে হবে। আমার প্রশ্ন হচ্ছে, আপনাদের কর্মচারীবৃন্দের অনেকগুলি দাবী এক দুই কোরে পরিবেশিত হয়েছে। আমি তার মধ্যে দু-একটি কথা যা বাকি আছে তা আপনার মাধ্যমে রাজস্বমন্ত্রীকে জানিয়ে দিচ্ছি।

বাংলাদেশের রাষ্ট্রীয় পরিবহণে টেম্পোরারী বলে একটা কলঙ্কময় কথা আছে, তা মুছে দিন। ভদ্রলোকের ছেলে, এখানে আমাদের মত এমন কোথাও নাই যে রাষ্ট্র বা সংস্থা মানুষের পরিশ্রমকে বিনা পারিশ্রমিকে নিচ্ছে। আপনি সোস্যালিষ্টিক ষ্টেট বলে লম্বা লম্বা কথা বলছেন, ন্যাশনাইলেজেশনএর কথা বলছেন, কিন্তু এখানে গরীব লোক চাকরী পাবার জন্য আপনার কাজে নিজের পয়সা খরচ করছে, তার এলাউন্স নাই, তার সিকিউরিটি অব সার্ভিস নাই, তাকে কোন কিছু দিতে পারছেন না। আপনার সেন্ট্রাল ওয়ার্কসপ আছে, এবং অপারেশন ডিপার্টমেন্ট আপনার ষ্টেট ট্রান্সপোর্টএ—এসব আছে। সব ভদ্রলোকের ছেলে গরীব, তাদের অপারেশনএর দিকে টেম্পোরারী ক্যাটাগরীতে বেঁধে দেন। তারা অপারেশনএর দিকে টেম্পোরারী হয়ে এক বৎসর শিখল তারপরে—কি পাবে, না পাবে তা জানে না। এতে আপনার সম্মান বাড়বে, না, আপনার প্রতিষ্ঠানের সম্মান বাড়বে? এর আগে জেনারেল পে-স্কেলএর কথা তুলেছিলাম, এতো টেম্পোরারীও বললেন না, সত্যিকারের টেম্পোরারী হ'লেও দুই-চার-পাঁচ মাস পরে এই টেম্পোরারীকে কিছু না কিছু তার হাতে তার যাতায়াত খরচ, তার পথ খরচ দিলে তার কতকটা রাস্তা হবে, তাতে চুরি চামারি কম হ'তে পারে, তাতে মানুষের আত্মসম্মান বাড়তে পারবে।

প্রভিডেন্ট ফন্ডএর সম্বন্ধে বলে গিয়েছি। সেটা তাড়াতাড়ি হলেই সুখী হব। আর একটায় জোর দিয়ে বলছি—ওভারটাইম। এ সম্বন্ধে আপনি খাতা একটা ভাল কোরে করুন। ওভারটাইম কোরে মানুষ যেন কিছু পায়। ওভারটাইম করেছে কিনা তার প্রমাণ ত শ্রমিক দিতে পারে না। আপনি একটা সিসটেম করুন, একটা রেজিষ্টার করুন, যাতে সত্যিকারের তারা ওভারটাইম করেছে কিনা—কখন এল, কখন গেল, তা থাকবে। তারপর মাননীয় সুধীর রায় চৌধুরী মহাশয় যে কথা বলেছেন যে বেশী কোরে উপরের লোকদের মাহিনা দিচ্ছেন, নীচের লোকদের কিন্তু তা দেন না। আর তিনটাভাবে তাদের এক্সপ্লয়টেশন করছেন। লিগ্যাল এ্যাইডএর কথা বলা হয়েছে। লিগ্যাল এ্যাইড কথাটা ঠিক রয়েছে, এই লিগ্যাল এ্যাইড কর্মচারীরা পাবেন সেটাও শুনে থাকি কিন্তু সেটার সম্বন্ধে এই সভার মধ্যে পরিষ্কার করে বলি যে তা কিন্তু সত্য নয়; আপনার আইন কর্মচারী যাঁরা আছেন তাদের কাছে গেলে ফি দিয়ে তবে এদের কাজ করতে হয়। সেখানে এরা ত আপনার কর্মচারী এবং আপনারই ব্যাপার, কাজেই সেটা অবৈতনিক হওয়া উচিত। তা ছাড়া যাতে পার্সন্যাল রেস্পন্সিবিলিটিতে বন্ড দিয়ে ছেড়ে আসতে পারে তার বন্দোবস্ত করুন, এবং লিগ্যাল এ্যাইডএর সত্যকারের প্রভিসন করুন।

রিওয়ার্ড সিস্টেম সম্বন্ধে বলে গেছেন। রিওয়ার্ড দিলে মানুষকে কাজে উৎসাহিত করা হবে; কিন্তু রিওয়ার্ড সিস্টেমএর মধ্যে পাবলিক কি কারণে ক্ষতিগ্রস্ত হয়, দুটো কথা এর মধ্যে

আছে। সাধারণভাবে রোজগার বেশী দেখাতে পারলে যদি রিওয়ার্ড পাওয়া যায়, তাহলে সেখানে ঐ টাইমিংগুলো ঠিক রাখতে পারে না; একটা গাড়ী এগিয়ে যাবার চেষ্টা করে, যে কারণে ক্রসিং বন্ধ করবার এবং রাস্তার ক্রসিংএ স্পীড রেগুলেশন করেন; কিন্তু আপনারা মনে হয় নিয়মের ব্যত্যয়টাই চান এবং তারজন্য অন্যভাবে তাকে কিছু দিয়ে দিলেন। আপনারা যদি মনে করেন যে সত্যকার ধাক্কা লাগাবার, এ্যাকসিডেন্ট হবার কারণ এখানে তাহলে সেখানে মানুষকে ঐরকমভাবে উৎসাহিত করবার চেষ্টা না কোরে সত্যকার এদের যে দাবী অর্থাৎ (১) পে-স্কেলগুলো ঠিক কোরে দেওয়া, (২) সিকিউরিটি অব সার্ভিস করে দেওয়া, আর (৩) গাড়ী যাতায়াতের সত্যকার টাইমিং বেঁধে দেওয়া—এগুলো করে দিলেই সব দিকে ভাল হবে।

আপনার মাধ্যমে রাজস্বমন্ত্রী মহাশয়কে বলব এই কথাগুলো শ্রমিকদের জীবনে অত্যন্ত গুরুত্বপূর্ণ, অথচ অতি ছোট এবং টেকনিক্যাল। তাই শ্রমিকের যে সত্যকার ডিফিকাল্টি সেগুলি শুনলে ভাল হত।

এড-হক ইনক্রিমেন্ট বলে একটা না দুটো ইনক্রিমেন্ট দিয়েছেন। তার সম্বন্ধে মানুষের বক্তব্য আছে। তাতে মানুষকে উপকার না পেয়ে বঞ্চিতই হতে হবে। তাতে আছে—

Completed 4 years of continuous service in the department.

একটা ডিপার্টমেন্টে একটা লোক সে জায়গায় চার বৎসর না থেকে তারপরে আর একটা, তারপরে আর একটা, এই কোরে চার বৎসর ঐভাবে কাজ করেছে, তাহলে আপনার আইনের ফাঁক দিয়ে সে বঞ্চিত হয়ে গেল। সেইজন্য বলতে চাই—ফোর ইয়ার্স অব কন্টিনিউয়াস সার্ভিস এটা যদি আরও ব্যাপকভাবে ধরেন, সকল সময়ে ম্যাকসিমাম উপকার যাতে হতে পারে তাহলে তখনই সত্যকার কাজ হবে। লিগ্যাল এ্যাইড সম্বন্ধে যা বলেছি, তার সম্বন্ধে জবাবে যেন ভাল ক'রে বলেন।

মেডিক্যাল ফ্যাসিলিটিস সম্বন্ধে আমার কিছু বক্তব্য আছে। মেডিক্যাল ফ্যাসিলিটিস সম্বন্ধে মাননীয় মন্ত্রীমহাশয় যে কথা বলেছেন সেটা হল এই যে, শ্রমিকেরা, কর্মচারীরা সারা কলিকাতার আশেপাশে ছড়িয়ে থাকে। বিশেষ অসুখ করলে ঔষধের জন্য বেলঘরিয়ায় যাওয়া ব্যয়সাপেক্ষও বটে, আর অপমানজনকও বটে। কেননা এটা প্রটেকটেড ও প্রহিবিটেড এরিয়া। সেখানে রোগী ছাড়া আত্মীয়স্বজন সহজে যেতে পারে না। তাই এখানে একটা প্রশ্ন ছিল—এটারও জবাব দিলে ভাল হবে—যে এটা ষ্টেট ইন্সিওরেন্স স্কীমএর মধ্যে আসবে কিনা। ন্যাশনাল হেলথ ইন্সিওরেন্স স্কীম সম্বন্ধে যে কথা বললেন ষ্টেট ইন্সিওরেন্স স্কীমএর সংগে তার কি সম্বন্ধ সেটা বুঝিয়ে দিলে সুখী হব।

২নং—আমি এখানে গতবারে নন্দলাল সাধুখাঁর সম্বন্ধে কমপেন্সেশনএর কথা তুলেছিলাম এবং দেখিয়েছিলাম যে কমপেনসেশন কেটিগরিতে দুই হাজার, না, তিন হাজার লোক চলে যায়। তখন যে জবাব দিয়েছিলেন, সে জবাবটা পড়ে শোনাচ্ছি। আপনার জবাবে ছিল—

> "I may inform my friend Dr. Ray that the compensation which is payable can only be paid at the rates which are mentioned in the Compensation Act".

আপনি কমপেনসেশন সম্বন্ধে ডাক্তারী চিকিৎসা হলেই কি দেবেন কমপেনসেশন? ডাক্তারীকে যদি মেডিক্যাল এইড কেটাগরি কোরে না দেন তাহলে তার কি সংজ্ঞা হবে? নন্দলাল সাধুখাঁর মৃত্যু হল—কিন্তু 'হি ডিড নট ডাই অন ডিউটি'। আপনি প্রমাণ কোরে দিলেন তার পেটে কিছু কিছু পাওয়া গিয়েছিল। অনেক জ্ঞানী মানী ব্যক্তিও এলকোহলএর বোতল তার জ্বালা উড়িয়ে দেন, তাতেত কোন দোষ হয় না। পরের দিন সে বেচারা মারা গেল, তার পেটে কি পাওয়া গেছে অতএব সে কমপেনসেশন পাবে না, এটা আমি বলব যে এটা শুধু কমপেনসেশনএর টাকা দেবার নীতির অভাব। তা ত কেউ চান না।

[3-40—3-50 p.m.]

এই কম্পেনসেশন সম্বন্ধে আপনাদের একটা ডাইরেক্টিভ থাকা দরকার। আপনি গেলবারে আপনার বক্তৃতার শেষে বলেছিলেন যে আমাদের সোস্যালিজম ইজ অব দি আবাদি টাইপ—আপনি ওখানে মিন করেছিলেন কি যে এর সঙ্গে প্রাইভেট এবং পাবলিক সেকটার মিলিয়ে হবে। এই সম্বন্ধে যখন আমরা জানতে চেয়েছিলাম তখন এক প্রশ্নের উপরে আপনি এই কথাই বলেছিলেন। চারিধারে এই যে পাবলিক এবং প্রাইভেট বাসগুলিকে নিয়ে নিচ্ছেন এই সম্বন্ধে আপনার যে নীতি সেটা নামে, কাজে নয়। গেলবারে আমার এক প্রশ্নের উপরে বলেছিলেন যে ষ্টেট বাসে নম্বর দেখলে প্যাসেঞ্জার হিসাবে গণনা হয় না এবং প্রাইভেট বাসে ২৮ থেকে ৩০ জন ক্যারেড হয় বলে আপনি ষ্টেট বাসে ডবল ডেকারে ৫৬ জন প্লাস ষ্ট্যান্ডিং ১৫ থেকে ২০ এবং অর্ডিনারীগুলোতে ৪০ থেকে ৪৪ করেছিলেন। আপনি যে হিসেব দিচ্ছেন তাতে প্যাসেঞ্জার ক্যারিইং ক্যাপাসিটি যা ছিল আমরা প্র্যাকটিক্যালি তাই রেখেছি, কিন্তু আমরা পয়েন্ট অঙ্ক কষে যা পেয়েছি তা নয়। এখানে আপনার শেষ জবাব যাকে বলে আপনার জবাবের উপর অঙ্ক কষে পরে জবাব দেবার সুযোগ এক বৎসর পরে পাওয়া যাবে। সেজন্যে বলছি যে আজকে যখন জবাব দেবেন তখন একটু অঙ্ক কষে দেবেন এবং সেখানে এটাও মনে করে দেবেন যে শুধু নম্বর নয়, এখন নাম্বার অব বাসেজ স্প্রেড ওভার টাইম। অর্থাৎ একসঙ্গে ১০০গুলা বাস যদি চলে যায় এবং ৫০গুলা বাস যদি দুবারে এ্যাট দি ইন্টারভ্যাল অব টেন মিনিটস যায় তাহলে তাতে পাবলিকের সুবিধে হয়। সুতরাং এটাকে অস্বীকার করে শুধু নাম্বার দিয়ে ভোলাতে যাবেন না এবং স্প্রেড আউটএর কথাটাও ওখানে দেখবেন।

তারপর দ্বিতীয় নম্বর প্রশ্ন হচ্ছে যে আপনার ঐ রিওয়ার্ড সিস্টেমটাকে বদলে না দিলে হবে না। আপনি যদি ষ্টেট বাস রাখতে চান তাহলে আধ ঘণ্টার মধ্যে তিনখানা বাস পরপর আসবে এবং তারপর আর বাস নেই কেননা তখন ক্লাউডএর টাইমএ কর্মপিটিশন টু পিক আপ প্যাসেঞ্জার চলে গেছে। রিওয়ার্ড সিস্টেম সম্বন্ধে এই পুনর্বিবেচনা না করলে হবে না।

এরপর যাদের বাস ও রুট আপনারা নিচ্ছেন তাদের বলছেন যে অন্য জায়গায় রিপ্লেস করছেন, কিন্তু সেটা সম্বন্ধে তাদের অভিযোগ হচ্ছে যে আপনারা তাদের টেম্পোরারী রুট দিচ্ছেন। এই সম্পর্কে আমার মাননীয় নেতা জ্যোতিবাবু আপনার সামনে বলেছেন যে দার্জিলিংএ একটা রুটে পারমিট দেবার সময় আপনাদের কংগ্রেস থেকে দুজনের নাম দিয়েছিলেন, যার সম্বন্ধে ওখানে প্রবল প্রতিবাদ হয়েছে। একজন হচ্ছেন আমাদের এখানকার মাননীয় সদস্য গহটরাজ এবং সেকেন্ড হচ্ছেন কংগ্রেসের একজন সদস্য প্রভাত বিশ্বাস। এবং এই সম্বন্ধে ওখানকার বাস সিন্ডিকেট, বাস ওয়ার্কাররা যদি কোন অভিযোগ আপনার কাছে না পাঠিয়ে থাকে তাহলে তারা তা শীঘ্র পাঠাবে যে সেখানে সকলকে বাদ দিয়ে তাদের কেন পারমিট দেওয়া হল। আপনারা যখন বাস তুলে দিয়ে অন্য জায়গায় পারমিট দেবেন তখন আবার এই প্রশ্ন আসবে যে একে দিচ্ছেন টেম্পোরারী তাও আবার চেনা লোককে—যারটা নিয়েছেন তাকে দেবেন না। ছোট ছোট মানুষের ছোট ছোট দাবিগুলি এইসব দেবার বেলায় সেই দেবার নীতিটা আপনার তলার কর্মচারীরা মানছে কি মানছে না তা দেখবার অবকাশ আপনার কোনদিন হবে না। আর এই ছোট খবর নিয়ে আপনার কাছে এই বিধানসভায় যখন কেউ তুলবে তখন এটা এত পুরানো হয়ে গেছে যে একটা মানুষের অন্ন গেলেও তার প্রশ্ন কেউ তুলতে পারলে না—এই নীতিটা আপনি রোধ করুন। এখন তাদের যদি ডিফারেন্ট রুট দিয়ে দেন তাহলে সে তার ক্যাপিটাল দিয়ে অন্য জায়গায় বাস গড়িয়ে নিয়ে যেতে পারে, কিন্তু যে শ্রমিক সেই বাসগুলিতে কাজ করত তাদের জীবন এতখানি মবিলাইজ নয়। একদিন যার চারখানা বাস ছিল সে এখান থেকে নর্থ বেঙ্গলে চলে গেল, কিন্তু যে যে শ্রমিক কোলকাতার বাসে কাজ করত সে ত আর তার সংসার ছেড়ে বাসের পেছনে পেছনে ত যেতে পারে না। অতএব তাদের এখানে এ্যাবসর্ব করবার নীতি হিসাবে একটা যে দাবী আপনার কাছে করা ছিল সেটা আপনি এখানে ঘোষণা করে দিন যে ষ্টেট বাসে ভবিষ্যতে যখন আমরা লোক নেব তখন এই প্রাইভেট বাসের ডিসপ্লেসড লোককে প্রায়োরিটি দেব। যার অন্ন আপনি মারছেন আপনি সোস্যালিষ্ট হিসাবে তাকে অন্য জায়গায় প্রভাইড করে দেবেন না—উনি সোস্যালিষ্ট, কারণ উনি বলে গেছেন যে আগে ২৮ জন

বাসওয়ালা ক্যাপিটালিষ্ট হয়েছিল। সেজন্য বলছি যে যেহেতু আপনি সোস্যালিষ্ট সেহেতু তারা যাতে অন্য জায়গায় কাজ পেতে পারে তার ব্যবস্থা করবেন। রাগ না করে সাধারণ ছয়-সাত হাজার মানুষের অন্ন, অল্প সুখসুবিধে দিলে আপনার নাম হবে এবং সত্যিকারের কর্মচারী নয় আসছে বছরে আপনার ভোটার এই পাঁচ হাজার লোক।

Sj. Jnanendra Kumar Chaudhury:

মিঃ স্পীকার, স্যার, আমি প্রথমে বলবো—এই যে সরকার থেকে যে একটা সাপ্তাহিক কাগজ আছে উইকলি ওয়েস্ট বেঙ্গল, তাতে ১৯শে অক্টোবর ১৯৫৫ তারিখে বলা হয়েছে যে রাষ্ট্রীয় পরিবহনে আধুনিক ধরণের বাস আছে ৩২৫টি, দৈনিক রাস্তায় যাতায়াত করে ২৮৫টি, ১০৫টির ইঞ্জিন এসেছে, বডি তৈরী হচ্ছে এবং গোড়া থেকে লাভ হচ্ছে বলেছেন, এই কথা সত্য নয়—এটা অতি অসত্য। আমরা দেখতে পাচ্ছি যে ১৯৫০-৫১ সালে লোকসান হয়েছে ৬ লক্ষ ৩২ হাজার টাকা; ১৯৫১-৫২ সালে লোকসান হয়েছে ১৪ লক্ষ ৩৩ হাজার টাকা, ১৯৫২-৫৩ সালে ২০ লক্ষ ২৯ হাজার টাকা, ১৯৫৩-৫৪ সালে ১২ লক্ষ ২৩ হাজার টাকা, ১৯৫৪-৫৫ সালে ১০ লক্ষ টাকা লোকসান হয়েছে। এই বৎসরে লাভ হবে আশা আছে এবং আগামী বৎসরে আরো কিছু লাভ হবে এই কথা সরকার বলছেন। উইকলি ওয়েস্ট বেঙ্গলএ দেখা যায়, ২৩এ ফেব্রুয়ারী ১৯৫৬ তারিখে, তাতে কলিকাতা ও কুচবিহারে ৪০০ বাস চলছে—

"The period of teething trouble of this organisation appears to be over and it is now paying its way".

আমরা খুসী হবো এটা থেকে যদি লাভ হয়। আমাদের এইটা শুনাচ্ছেন মাননীয় মন্ত্রীমহাশয় যে সরকার বাস ইনসিউর করে কিনা, আর সমস্ত সরকারী প্রাপ্য ট্যাক্স সরকার দেন কিনা। আমরা জানি যে একদম কিছুই দেন না, ইনসিউরএর ব্যবস্থা করেন নি এবং ট্যাক্সও দেন না। মাদ্রাজ সরকার ১৯৫১-৫২ সালে লাভ করেছিল ১২ লক্ষ ১৮ হাজার টাকা

deducting 25 per cent. as depreciation and payment of all taxes.

বিহার এমন কি উড়িষ্যা পর্যন্ত লাভ করছে। উড়িষ্যা মাল বহন করে লাভ করেছে ১৯৫২-৫৩ সালে ২ লক্ষ ২৫ হাজার টাকা, উত্তরপ্রদেশ ১৯৫২-৫৩ সালে ১৫ লক্ষ টাকা লাভ করেছে, বম্বে ১৯৫১-৫২ সালে ১২ লক্ষ ৫৯ হাজার টাকা মাল বহন করে লাভ করেছে। আমাদের দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১০ লক্ষ টাকা লাভ হবে এইরকম কথা শুনছি। এখন যেটা আমাদের দরকার সেটাই আমি বলবো। যেসমস্ত বাস রুট নিয়ে নিচ্ছেন তাতে ঐ সমস্ত রুটএ অত্যন্ত যাতায়াতের অসুবিধা হবে। ওঁরা বলছেন যে এটা নট ভেরী সেটিসফেক্টরী, আমি বলবো একটুও সেটিসফেক্টরী নয়,—নট এ্যাট অল সেটিসফেক্টরী বরং মোস্ট আনসেটিসফেক্টরী। ওঁরা যখন রাস্তা দিয়ে মোটরে যান তখন দয়া করে যদি লক্ষ্য করেন অফিস টাইমএ ৯টা থেকে ১১টার মধ্যে এবং অফিস ভাঙ্গবার পর ৪টা থেকে সাড়ে পাঁচটার মধ্যে তাহলে দেখবেন যে বাদুড় যেমন গাছে ঝোলে মানুষও ঠিক তেমনি ঝুলতে ঝুলতে যায়। এ্যাকসিডেন্ট যে হয় না তাদের ভগবান রক্ষা করেন।

[3-50—4 p.m.]

এই যে এটা যদি দূর করা হয় তাহলে সবাই তাঁকে ধন্যবাদ দেবে। আমি বলবো—অফিস টাইমে অন্য সব জায়গা থেকে বাস এনে সব জায়গায় ডাইভার্ট করে প্রত্যেক দুই-তিন মিনিট অন্তর যাতে বাস রান করা যায় সেটাই করুন। বোম্বে এবং দিল্লীর মত আমাদের এখানে লাইনএর কোন বালাই নাই। কেউ বাসে আমাদের এখানে উঠতে বারণ করে না, পড়ে মরুক তাও কেউ কিছু বলবে না। সেখানে বোম্বেতে যত লোক বসতে পারে তার বেশী লোক উঠতে দেয় না; আমার একবার এমন হয়েছিল যে দশখানা বাস চলে গেল সেখানে আমি দাঁড়িয়েই রইলাম, বসবার জায়গা নাই বলে উঠতে দেবে না। তারপর উনি যে একটু আগে বল্লেন সেলটার করবেন সেটা আমিও বলবো ভেবেছিলাম। প্রত্যেক বড় বড় রাস্তার মোড়ে ফুটপাথএর উপর বাস ষ্ট্যান্ডএর জায়গায় সেড করা দরকার—থাম এবং এসবেস্টো সিট যদি করেন তাহলে বেশী খরচ হবে না।

বাস যাত্রীদের জলে এবং রোদে থাকার যে কষ্ট তা পেতে হবে না—বহু জায়গায় দাঁড়িয়ে থাকতে হয়, যারা ভুক্তভোগী তারাই জানেন। গভর্নমেন্ট যখন এত ওয়েলফেয়ার করছেন, লোকের উপকার করবেন মনে করেছেন, তখন নূতন করে বাস রুট করুন।

তারপর মিতব্যয়িতার কথা একটু বলি। আপনারা কর্মচারীকে মিতব্যয়ী হতে উপদেশ দিয়েছেন। আমি বলি, নিজেদের এফিসিয়েন্সি বজায় রেখে খরচ কমান। সেজন্যই বলে আসছি গোড়া থেকে, একটা ইকনমিক কমিটি গঠন করুন। প্রত্যেক ডিপার্টমেন্টএ কোথায় কি গলদ আছে, কোথায় কি এফিসিয়েন্সি বজায় রেখে তার খরচ কমান যেতে পারে তার রিপোর্ট পাবেন। সেই রিপোর্ট পেয়ে তখন দেখতে পাবেন কোথায় কি কমান যেতে পারে—এটাই আমাদের গভর্নমেন্টএর কাছে অনুরোধ ছিল। যে বিহারের সঙ্গে যুক্ত হবার জন্য আগ্রহ প্রকাশ করছেন সেই বিহার কমিটি করেছে ১৯৫০ সালে, করে খরচ কমিয়ে দিয়েছে। আর উত্তরপ্রদেশেও ১৯৪৮ সালে ইকনমিক কমিটি গঠন করে খরচ কমিয়ে দিয়েছে। তারা একটা করেনি, কেউ কেউ তিন-চারটা কমিটি করেছে।

তারপর আমি বলবো—যাত্রীবহনে যে বাস অচল অবস্থায় অকেজো তাকে মেরামত করে কি মালবহনের উপযুক্ত করে তুলতে পারেন না? তাকে ১,৫০০-১,৬০০ টাকায় বিক্রী করার কোন কারণ দেখতে পাই না যেহেতু সেগুলিকে অনায়াসে মেরামত করে মালবহন করা যায় তাতে লাভও হয়। উড়িষ্যা গভর্নমেন্ট মাদ্রাজ গভর্নমেন্ট করেছেন এবং তাতে লাভও হচ্ছে। অটো-রিক্সার কথা বলেছেন—ভাল প্রস্তাব। বোম্বেতেও আছে। আমি বলবো—একস্পেরিমেন্ট না করে হোল ক্যালকাটায় যাতে হয় তার ব্যবস্থা করুন। উনি বলেছেন আন্ডার গ্রাউন্ড প্যাসেজ দুটো করে দেবেন ডালহাউসী স্কোয়ারএ। আমি বলি—অনেক জায়গায় করুন—যেমন, শিয়ালদহ স্টেশনএ দুটো, হ্যারিসন রোডে একটা, বহুবাজারে একটা, এসপ্লানেডএ একটা, এবং হাওড়া স্টেশনএ একটা। যেখানে কনজেস্টেড এরিয়া সেখানেই আন্ডার গ্রাউন্ড প্যাসেজ করে দিন। তাতে করে লোক বাঁচবে এ্যাকসিডেন্ট থেকে এবং তাতে তাড়াতাড়ি ও যাতায়াত করা যাবে। অনেক সময় দেখা যায় ছেলেমেয়েরা দাঁড়িয়ে আছে স্কুলে যেতে পারে না, আমি সেখানে বলবো—আন্ডার গ্রাউন্ড প্যাসেজ করে দিলে এ্যাকসিডেন্টএর হাত থেকে লোকে বেচে যাবে। আমার একবার দুর্ভাগ্য হয়েছিল একটা দুর্ঘটনা দেখবার। দেখলাম একটা জায়গায় বই হাতে করে একটা ছেলে আসছে, তারপর তড়াক করে গাড়ীর সঙ্গে লাগল এবং পড়ে মরে গেল—এরকম একটা এ্যাকসিডেন্ট দেখেছিলাম গত বছর। কলকাতায় একটা নয় বেশী করে আন্ডার গ্রাউন্ড প্যাসেজ করে দিন, বেশী খরচ হবে না। তারপর অফিস টাইমে দুই-তিন মিনিট অন্তর যাতে বাস চলে তার ব্যবস্থা করে দিন। যেসব রুটে চলে না সেই সমস্ত জায়গায় গভর্নমেন্ট বাস যতক্ষণ না চালাচ্ছেন ততদিন প্রাইভেট তরফ থেকে বাস চালাতে দিন। এই আমার মোটামুটি বক্তব্য।

Sj. Jogesh Chandra Gupta: Mr. Speaker, Sir, profits accruing on the working of the State bus is certainly a welcome news and the present Director-General who is very keen on minimising the losses and increasing the income deserves our congratulations. I need not worry whether the profits that have been shown have been the result of omission of certain items or miscalculation, but I want to judge it only from the point of view of providing sufficient convenience to the travelling public. Sir, to me the immediate profit that is made by the State transport is not of so much importance as the conveniences provided to the travelling public. The State cannot afford to follow any *bania* policy of shortening the services. For services which are run at an interval of two to five minutes if we from the State substitute ten to fifteen minutes service, then I assert that the convenience of the public is wholly ignored. I would like the Transport Department to see first of all that there is no over-crowding, that there is no inconvenience to the travelling public, and thereafter we should think of profits. That is my submission.

Now, there is also another point which I would like to bring to the notice of this Department. When routes are taken over we must not provide less efficient service, less regular service. The criterion by which I shall personally judge the achievements of the Transport Department is whether public gets better service.

There is a further point: I should like the Transport Department to act in perfect accord with the private sector. Sir, it cannot be denied that the private sector in Calcutta has been running regular, efficient and cheap service. Our Chief Minister at first indicated that we are going to supplement existing Bus Service by the introduction of State buses. Of course ultimately the policy of nationalisation has been accepted, and we must give preference to State buses than to private sector. But this can be effectively done after consultation with the private sector, after getting from them the experience of the last thirty years and then only we shall really be able to run an economic and good service.

[4—4-10 p.m.]

Sir, there has been a complaint that many buses are not provided with alternative routes. I am not speaking here for the owners of these buses. Until sufficient number of State buses are provided those who have invested money in the private sector none of their buses should be made to remain idle. The buses can be made to remain idle only after we have provided sufficient number of buses in all the routes in this State. Sir, this is all that I wanted to place before the House. I hope there will be a perfect accord between the private sector and public sector in order to ensure better facilities to the public. I shall certainly not welcome increase in the income if the inconvenience of the travelling public remains.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

মাননীয় স্পীকার, স্যার, জনসাধারণের কল্যাণের জন্য বাস বা ট্রাম বা ট্যাক্সি ইত্যাদি স্টেট থেকে কন্ট্রোল করা হয়। সেদিক থেকে দেখতে গেলে ট্রান্সপোর্টএর সবচেয়ে বড় যে ব্যবস্থা সেটা হচ্ছে ষ্টেট ট্রান্সপোর্ট। এদের কথাই আমি এখানে বলবো। যারা ষ্টেট ট্রান্সপোর্টএ চাকুরি করেন তাদের সম্পর্কে আগে মাননীয় সুধীরবাবু এবং আজ মাননীয় নারায়ণবাবু বলে গিয়েছেন। আমি আজকে আর কতকগুলি বিষয় আপনাদের কাছে উল্লেখ করবো। কর্মিদের ডিউটি সম্পর্কে একটা রেজিষ্ট্রী বই রাখা উচিত। যাতে করে কন্ডাক্টর এবং ড্রাইভাররা তাদের সময় লিখে রাখতে পারেন। কারণ তারা যখন কাজ করছেন সেই সময়টা কতখানি সময় কাজ করলেন সেটা থাকা উচিত। কারণ সাধারণভাবে এদের আট ঘণ্টার বেশী কাজ করতে হচ্ছে বলে অভিযোগ উঠেছে। যদি রেজিষ্ট্রী খাতার প্রচলন হয় এবং আসা যাওয়ার সময় যদি সই রাখা হয় তাহলে এদের কাজের সময়ের একটা প্রকৃত হিসেব পাওয়া যেতে পারে। তারপরে যারা চাকুরি করছেন এদের সারাদিন পরিশ্রম করতে হয়। একজন লোককে নয়-দশ ঘণ্টা পর্যন্ত পরিশ্রম করতে হয়। কিন্তু তাদের খাওয়ার জলের কোন ব্যবস্থা নাই। রেস্ট সেডএর কোন ব্যবস্থা নাই। ফার্স্ট এইডএর কোন ব্যবস্থা নাই, ল্যাভাটরিজএর কোন ব্যবস্থা নাই। এই সমস্তগুলির ব্যবস্থা করা অত্যন্ত প্রয়োজন। আমরা জানি রেল বা ট্রেনএ এই ধরণের সব ব্যবস্থা রয়েছে। স্টেট ট্রান্সপোর্টএ এই ধরণের ব্যবস্থা কেন থাকবে না? আমি অন্ততঃ বেলেঘাটা, যাদবপুর, শ্যামবাজার ও লেক অঞ্চলের কথা জানি। গ্যারেজ ডিপোতে কি আছে জানি না। কিন্তু এই সমস্ত কলকাতায় বিভিন্ন যেসমস্ত স্টপেজ ডিপো থেকে এই বাসগুলি যাতায়াত করে সেখানে এই ধরণের কোন ব্যবস্থা নাই। পুলিশ কেস সম্বন্ধে কর্তৃপক্ষ মোটে একজন উকীল নিয়োগ করেছেন। তার কাছে উপস্থিত হলে তাকে ফি না দিলে তিনি পুলিশ কেস করেন না। সুতরাং এক্ষেত্রে আরও ডিফেন্স সম্পর্কে সুষ্ঠু ব্যবস্থা করতে হলে আরও উকীল ইত্যাদি নিয়োগ করা দরকার। এবং ড্রাইভার ও কান্ডাক্টররা যাতে বিনা পয়সায় কাউন্সেল পেতে পারে তার ব্যবস্থা করা দরকার। যেসমস্ত ড্রাইভার বা কন্ডাক্টররা পুলিশের

দ্বারা অভিযুক্ত হয় তারা যাতে পি, আর, বন্ডএ ছাড়া পেতে পারে তার ব্যবস্থা করা দরকার। লিভ সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, অন্ততঃ তিনদিন পর্যন্ত যদি তারা পার্মিসান না নিয়ে ছুটি নেয় তাহলে যাতে তাদের ছুটি গ্র্যান্ট করা হয় তার ব্যবস্থা করা উচিত। কারণ কেউ হয়ত কাজে আসতে পারল না, এই অজুহাতে সঙ্গে সঙ্গে এখন তার চার্জ সিট হয়ে যায়, এটা অত্যন্ত অন্যায়। তিনদিন পার্মিশন না নিলেও ছুটি গ্র্যান্ট করা উচিত। তারপর মেডিক্যাল সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, যে ডাক্তার এদের আছে তাঁকে একা—হাতে সব ডাক্তারী সরঞ্জাম নিয়ে—একবার বরানগর আবার লেক ডিপো যাতায়াত করতে হয়। তা ছাড়া তাঁকে রাস্তায় রাস্তায় ঘুরতে হয়। এটা একটা অসম্ভব ব্যাপার। পরিবহণ বিভাগের অনেকেই তো পরিবহণ নিয়ে এদিক ওদিক অকাজে ও কুকাজে যাতায়াত করেন—তা থেকে একখানা নিয়ে ডাক্তারকে যদি একটা গাড়ী দেওয়া হয় তাহলে অসুবিধে কিছুই হবে না। কলকাতায় যদি তাঁর একটা অফিস থাকে তাহলে এতগুলি শ্রমিকদের উপকারই করা হবে। সেদিক থেকে আমি বলবো, তাকে একটা গাড়ী দেবার ব্যবস্থা করা হোক এবং ডাক্তারের সংখ্যা আরও বৃদ্ধি করা হোক। এরিয়ার ডিউজ সম্পর্কে একটা স্পেশ্যাল সেকসন করা উচিত। এখন যে সিস্টেম আছে তাতে দেখা গেছে ছয় মাস এক বৎসর আগে তাদের এরিয়ার পড়ে আছে, এখন পর্যন্ত তাঁরা সেই টাকা পাচ্ছেন না। যখনি শ্রমিকরা চাইছেন তখনই বলা হচ্ছে যে পরে পাওয়া যাবে, এরকম জুলুম করা অত্যন্ত অন্যায়। প্রভিডেন্ট ফন্ড সম্পর্কে আমি আপনাদের একটু চিন্তা করতে বলছি। কারণ যারা সারাদিন পরিশ্রম করছে এবং প্রত্যেকেই ভবিষ্যতের কথা চিন্তা করে খাটছে এবং তারা যদি ভবিষ্যতে কোন কারণে কাজ না করতে পারে—যদি রোগ হয়, যদি মৃত্যু হয়, তাহলে তাদের ছেলেপিলে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াবে, এরকম ব্যবস্থা কখনই থাকতে পারে না, থাকা উচিত নয়। এই সম্পর্কে আপনাদের একটা ব্যবস্থা করা উচিত। রিওয়ার্ড বা বদলি সিস্টেম বর্তমানে যে ব্যবস্থা আছে তা অত্যন্ত অন্যায়। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি, তিনি অনেকবার ইয়োরোপে ঘুরেছেন এবং স্পীকার, স্যার, আপনিও ইয়োরোপে গেছেন, কোথাও কি এরকম সিস্টেম দেখেছেন? কাউকে প্রলুব্ধ করা এবং তাদের প্রত্যেককে নিজেদের মধ্যে প্রতিযোগিতায় ফেলা অত্যন্ত অন্যায়। যার ফলে আমরা দেখি হঠাৎ একটা বাস বেশী এগিয়ে গেল, তারপর আর একটা বাস তার পেছনে পেছনে চলল, আবার আর একটা বাস খুব দেরীতে আসছে, তার কারণ তার গাড়ী ভর্তি না হলে সে আসে না। কারণ এখন যে সিস্টেম আছে যে ৫০ টাকার উপর না হলে এক টাকা রিওয়ার্ড পাবে না—সেজন্য এই গাড়ীগুলি অত্যন্ত দেরী করে এবং সেজন্য সাধারণ লোকের যাতায়াতের অসুবিধা হয়। সেজন্য এই রিওয়ার্ড সিস্টেম উঠিয়ে দেওয়া উচিত। ডিসিপ্লিন ম্যাটার সম্পর্কে একটা ইউনিফর্ম রুলস এবং ডিসিপ্লিনড সার্ভিস থাকা উচিত। আজ পর্যন্ত স্টেট ট্রান্সপোর্টএর একটা ডিসিপ্লিন রুলস হল না। যে প্রতিষ্ঠানে সরকার কোটি কোটি টাকা ব্যয় করছেন এবং যেখানে এরা দাবী করেন যে এখানে সব ব্রিলিয়েন্ট অফিসারদের নিয়োগ করেছেন। মটর ভেইকলস সম্পর্কে ইন্টার-ন্যাশন্যাল রুলস যা আছে তাও বিভাগীয় কর্তৃপক্ষ মানেন না—এবং যে একটা ডিসিপ্লিন রুল আছে সেটা হচ্ছে নিজেদের সুবিধামত একটা রুল, উপরওয়ালারা নিজেদের খেয়ালখুসীমত যা বলেন সেটাই হচ্ছে রুলস। সেটাকে ডিসিপ্লিন রুলস বলে না। একটা স্থায়ী ডিসিপ্লিন রুল করে ছাপিয়ে প্রত্যেকের কাছে দেওয়া উচিত। তারপর হচ্ছে এড হক ইনক্রিমেন্ট সম্পর্কে। এখন এড হক ইনক্রিমেন্ট দেওয়া হয় চার বছর অন্তর। এখন যা আছে সেটাও অত্যন্ত অন্যায়। কারণ একজন কন্ডাক্টর সে ৫৫ টাকা থেকে এড হক ইনক্রিমেন্ট পেয়ে ৬০ টাকা পায়। তারপর সে একটা প্রমোশন পেল—এইরকম প্রমোশন পাবার পর সে যখন টিকেট চেকার বা এই জাতীয় কোন প্রমোশন পেল তখন তার মাইনে আগের থেকে ধরা হল না। তাকে আবার তার প্রথম থেকে সুরু করতে হবে। কিন্তু এটাতে অত্যন্ত বেশী ব্যতিক্রম থেকে যাচ্ছে এবং তাতে তাদের উপর অবিচার করা হচ্ছে।

[4-10—4-20 p.m.]

আর একটা কথা বলবো, সেটা হচ্ছে রেফিউজিদের ২০০ ছেলে নিয়ে, ১৯৫২ সালের জুলাই মাসে, তাদের এক বছরের জন্য ট্রেনিং দেবার ব্যবস্থা করা হয়, কিন্তু আজ পর্যন্ত তাদের ট্রেনিং দিয়ে, দেখা গিয়েছে তাদের মধ্যে অনেকেই চাকরী পায়নি, এবং তার প্রধান কারণ যে সেখানে

ঘুষ না দিলে চাকরী পাওয়া যায় না। স্টেট ট্রান্সপোর্টএর এ্যাডভাইসরি বোর্ডএর সদস্যদের ঘুষ না দিলে যেমন কিছু হয় না, ঠিক সেই রকম একটা ব্যবস্থা এখানেও আছে। যে কথা আগেই বলেছি যে, বেবী ট্যাক্সীর পার্মিট ইসুর ব্যাপারে যেমন ঘুষ ও দুর্নীতি আছে, অর্থাৎ বেবী ট্যাক্সির পরিচালক হিসাবে যাঁরা আছেন, এবং যার যার হাতে এ ট্যাক্সির পার্মিট দেওয়ার ভার ন্যাস্ত আছে, তাঁকে পাঁচশো টাকা ঘুষ না দিলে ট্যাক্সি পাওয়া যায় না। বিশিষ্ট বিশিষ্ট ব্যক্তি যাঁরা সেখানে আছেন, তাঁদের জামাই এবং চাকরবাকর, তারা ট্যাক্সি পেয়ে যাচ্ছে, অথচ জনসাধারণ পাচ্ছে না। আমি বলবো জনসাধারণের কল্যাণের দিকে যদি দৃষ্টি দিতে হয়, তাহলে জনসাধারণ বিশেষ করে মধ্যবিত্তের স্বার্থের দিকে তাকান উচিত, আপনার দলের কতকগুলি লোক বাঁচলো কি মরলো তার দিকে দৃষ্টি কেবল নিবদ্ধ রাখা উচিত নয়। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Sj. Biren Banerjee:

সভাপাল মহাশয়, এই গ্র্যান্টএ বহু টাকা খরচ হচ্ছে ; এবং মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে সারা কলকাতায় তিনি ৪০৩ খানা বাসের একটা ফ্লিট রান করছেন, এবং এর অনেক ফিরিস্তি দিয়েছেন। কিন্তু আমার বক্তব্য তা নয়। অবশ্য আমার পূর্ববর্তী বক্তারা বলেছেন যে বাস রুটগুলি ডিসপ্লেসড হচ্ছে, এবং সেখানকার ওয়ার্কারদের অল্টারনেট ওকোপেশন দেওয়ার দিকে কোন সুষ্ঠুভাবে কাজ হচ্ছে না।

দ্বিতীয়ত, যেসমস্ত বাস রুটগুলি নিয়েছেন, সেগুলি প্রাইভেট সেক্টরএ থাকবার সময় তার যা সুখসুবিধা ভোগ করত সাধারণ লোকে, আজ এইসমস্ত রুটগুলি নিয়ে নেওয়ার পর আর তা তারা পাচ্ছে না। তার আমি কয়েকটি ইনস্টেন্স দিচ্ছি। ৩৩ নম্বর রুটে ফ্রম চেতলা টু পাইকপাড়া,—সেখানে পূর্বে দুটা রুট ছিল, ১৫ নম্বর আর ৩৩ নম্বর, এই দুটা রুটকে ভেঙ্গে বর্তমানে একটা করা হয়েছে, এবং আশ্চর্যের বিষয় যে এর মাধ্যমে গভর্নমেন্ট একটা পয়সা ভাড়া বাড়িয়েছেন, কেন না একটা নিউ সি, আই, টি, রোডএর মধ্যে দিয়ে যেতে হয় এবং সেখানে ট্রাম নেই, ট্রাম কমপিটিশন নেই সেইজন্য। অতএব আমি বলবো এইরকম নক্কারজনকভাবে, এই ধরণের ব্যবসা করার দরকার কি? আপনি যদি দেখেন এই ৩৩ নম্বর,—সেখানে বাসগুলি সব সময়ই এত জ্যাম্ড হয়ে থাকে, লোক ভর্তি থাকে যে লোকের নিঃশ্বাস ফেলতে অত্যন্ত কষ্টকর হয়। আপনাদের এত ইনস্পেকটর, সুপারভাইজর আছে, তাঁরা এটা চোখে দেখেও দেখেন না। আপনি যদি অনুসন্ধান করে দেখেন, তাহলে দেখতে পাবেন এমন কোন দিন যায় নি যে পাইকপাড়া টু শিয়ালদহ রুটএর পথে যাঁরা বাসে ওঠেন, তাঁদের ভিতর কারও না কারও পকেট মারা যায় নি। পকেটমারের সেটা একটা রাজরাজত্ব হয়ে দাঁড়িয়েছে।

তারপর অন্য রুট ধরুন—নম্বর ৬ রুট—হাওড়া টু গড়িয়া। টালিগঞ্জের পর থেকে যে ৮০ নম্বর বাস রুট ছিল, সেটা তুলে দিয়ে, এখন সেখানে একটি মাত্র বাস রুট করা হয়েছে, ফলে লোকে বাদুড় ঝোলার মত বাসে ওঠে, এবং অফিসের সময় লোকে উঠতেই পারে না, বাসের পর বাস ছেড়ে দেয়। এই বাসের কোন টাইমিং নেই, যখন খুসী বাস আসবে, যখন খুসী বাস ছাড়বে, লোককে ঘায়েল করবার বেশ চমৎকার ব্যবস্থা হয়েছে।

তারপর ৮বি এবং ৮এ বাস। আগে এই রুটএ তিনটা বাস চলতো, এখন সেখানে দুটা করা হয়েছে। বড় বড় বাস দিয়েছেন সত্য, কিন্তু ল্যান্ডসডাউন রোডএর মোড়ে দাঁড়িয়ে অফিস থেকে আসবার বা যাবার সময় বহু ভদ্রলোক ও মেয়েছেলেরা, যারা অফিসে কাজ করে তারা, সাধারণত উঠতে পারে না ; পাঁচ-সাতখানা বাস ছেড়ে দিয়ে তবে যদি একটা বাসের পাদানিতে কোনক্রমে উঠতে সক্ষম হয়। (এ ভয়েসঃ ওঁদের কেউ বাসের এই অবস্থা লক্ষ করেছেন কি?) ওঁদের দেখবার বালাই নেই। প্রধানমন্ত্রী মহাশয় না হয় বাসে চড়লেন না, কিন্তু উপমন্ত্রীত অনেক আছেন তাদের পাঠান না কেন?

Sjkta. Purabi Mukhopadhyay:

তাঁরা বাসে চড়ে থাকেন।

Sj. Biren Banerjee:

কিন্তু আমাদের নন-অফিসিয়াল তরফ থেকে যে ফিগারস আছে তা থেকে আমরা মনে করি এর সংখ্যা আরো ঢের বেশী—৩৫ লক্ষ থেকে ৪০ লক্ষের মত হবে এবং রিফিউজি যেভাবে আসতে আরম্ভ করেছে তাতে এর সংখ্যা শেষ পর্যন্ত যে কততে গিয়ে দাঁড়াবে সে সম্পর্কে আজকে অবশ্য কেউ বলতে পারেন না, তবে সমস্যাটা যে অত্যন্ত গুরুতর সেটা দেশের প্রত্যেকটা রাজনৈতিক দল স্বীকার করে। এখন পূর্ববঙ্গে প্রায় ৯০ লক্ষের মত হিন্দু আছেন। সেখানে কোন গণ্ডগোল হলে, হিন্দু রিফিউজিরা ইস্ট বেঙ্গল থেকে আসতে সুরু করেন। কাজেই এই যে গোড়ায় গলদ, এই গলদ যদি দূর না করা যায় তাহলে এই সমস্যা সমাধানের জন্য কোন পরিকল্পনা করাও কঠিন। যে সংখ্যক রিফিউজি আমাদের দেশে এসেছে তাদের পুনর্বাসনের জন্য সরকারের যে পরিকল্পনা আমরা মনে করি সেটা ইনসাফিসিয়েন্ট, যে অর্থ এই পুনর্বাসনের জন্য স্যাংসান করা হয়েছে তার দ্বারা সুষ্ঠু পুনর্বাসন হতে পারে বলে আমরা মনে করি না এবং যে স্ক্যান্ট সামস এ্যালট করা হয়েছে এক একটা হেডে তাতে এই সমস্ত রিফিউজিরা হিউম্যান বিইংস কিনা এ সম্বন্ধে যেন সরকারের সন্দেহ আছে বলে মনে হয়। সরকার পক্ষ থেকে যদি বলা হয় যে হ্যাঁ, তারা মানব শিশু, তাদের একটু কম প্রয়োজন আছে, সেটা যদি স্বীকার করেন তাহলে যে ধরণের তাঁরা পরিকল্পনা করেছেন সেই পরিকল্পনার মাধ্যমে এই সমস্যার সমাধান হতে পারে না। মন্ত্রীমহোদয়া আমাদের বলেছেন যে ১৮ লক্ষ রিফিউজিকে তাঁরা রিহ্যাবিলিটেট করেছেন কিন্তু সত্যই তারা রিহ্যাবিলিটেটেড হয়েছে কিনা সে বিষয়ে যদি সংখ্যাতত্ত্বের হিসাব ইনকোয়ারী করেন তাহলে দেখতে পাবেন যে বেশী টাকা সরকার থেকে যেটা দিয়েছেন, হয় সেটা তাঁরা খেয়ে ফেলেছেন, না হয় যেভাবে ব্যবস্থা করার জন্য দেওয়া হয়েছিল কিম্বা অন্যভাবে ব্যবহার করার জন্য দেওয়া হয়েছিল, সেইভাবে তারা ব্যবহার করতে পারে নি। তার কারণ তাদের যে টাকাটা দিয়েছিলেন সেটা অত্যন্ত কম—তার দ্বারা কিছু করা সম্ভব হয় নি। এ ব্যাপারে আমি ওঁকে গোটাকতক দৃষ্টান্ত দেবো। যেমন সরকার পক্ষ থেকে এগ্রিকালচারিস্টদের রিহ্যাবিলিটেট করার জন্য যে ধরণের টাকা বরাদ্দ করা হয়েছে, তা অত্যন্ত কম। প্রথমতঃ তাঁরা বলেছেন যে তিন একর জমি হচ্ছে ইকনমিক হোল্ডিং, তাই যদি হয় তার নামে জমি কেনবার জন্য তাঁরা ধার দিয়েছেন ৯শো টাকা অর্থাৎ নয় বিঘা জমি নয়শো টাকায় কিনতে হবে। আমি মাননীয় মন্ত্রীমহোদয়াকে বলবো যে তাঁরা যেসমস্ত ল্যান্ড একোয়ার করেন তার মিনিমাম ভ্যালু কত সেটা একবার দেখুন—দুইশো টাকার কম বিঘা কোন ক্ষেত্রেই নয়। সেক্ষেত্রে দুশো টাকা করে যদি বিঘা ধরা যায় তাহলে নয়শো টাকায় নয় বিঘা জমি কোথা থেকে তারা কিনবে? এই ধরণের অবাস্তব জিনিস অনেক কিছু আছে। যেমন ৭৫ টাকা দিয়েছেন হাই ল্যান্ড, বাড়ীর জমি কেনার জন্য কিন্তু সে টাকায় বাড়ীর জমি পাওয়া যায় না। দ্বিতীয়তঃ, পাঁচশো টাকা একটা বাড়ী তৈরি করার জন্য তাঁরা দিয়েছেন। পাঁচশো টাকায় একটা চালাঘর, একটা ছিটে বেড়ায় ঘর সম্ভব হতে পারে কিন্তু পাঁচ-সাত বছর থাকবার উপযোগী যদি একটা ঘর তৈরি করতে হয় তাহলে এই টাকায় হয় না। একটা এগ্রিকালচারাল ফ্যামিলিকে দিচ্ছেন ২,৫২৫ টাকা—সার্কুলেট করেছেন। তার ভেতর অবশ্য সবটাই একসঙ্গে দিচ্ছেন না, এখন যেটা দিচ্ছেন সেটা হচ্ছে হাউস বিল্ডিং লোন পাঁচশো টাকা, নয়শো টাকা দিচ্ছেন ল্যান্ড পার্চেজ লোন আর ৭৫ টাকা দিচ্ছেন বাড়ীর জমি কেনার জন্য—এই সর্বসাকুল্যে দিচ্ছেন। আমরা মনে করি যে হাউস বিল্ডিং লোনটা অন্ততঃ সাড়ে বারোশো টাকা

করুন, আর একশো টাকা যেটা আছে সেটা মিনিমাম দুইশো টাকা প্রতি বিঘা করুন। তৃতীয়তঃ, নন-এগ্রিকালচারিস্টদের জন্য তাঁরা দিয়েছেন—বাড়ী তৈরীর জন্য ৫০০ টাকা দিচ্ছেন। ৭৫০ টাকা, অবশ্য, বুকলেটে দেখা যাচ্ছে আটশো টাকা, তারা এস, টি, লোন হিসাবে দিচ্ছেন কিন্তু এস, টি লোন ৭৫০ টাকায় হয় না, সাথে সাথে টাকা নষ্ট হয়। তার চেয়ে আমার মনে হয় এই টাকা পার হেড জমা না করে যদি কোন ইণ্ডাষ্ট্রী স্টার্ট করা যায়, অবশ্য আটশো টাকা পার ক্যাপিটা দিয়ে কোন ইন্ডাষ্ট্রী হতে পারে না কিন্তু এর সঙ্গে আরো কিছু টাকা দিয়ে যদি একটা ইন্ডাষ্ট্রী গ্রো করে গেনফুল এমপ্লয়মেন্টের বন্দোবস্ত করা যায়, তাহলে তাতে করে রিহ্যাবিলিটেশনের সাহায্য হবে। সেদিক দিয়ে এখানে যে অর্থ দেওয়া হয়েছে সেটা অত্যন্ত অবাস্তব হয়েছে এবং বরাদ্দ অত্যন্ত কম হয়েছে।

তারপরে আমার বক্তব্য হচ্ছে স্কোটার্স কলোনী সম্বন্ধে। স্কোয়াটার্স কলোনী সম্বন্ধে আমি মাননীয় মন্ত্রীমহোদয়াকে অনুরোধ করবো যে আজ পর্যন্ত যেসমস্ত স্কোয়াটার্স কলোনী আছে প্রত্যেকটি স্কোয়াটার্স কলোনীকে আপনারা রেগুলারাইজ করে নিন। তার কারণ হচ্ছে তাঁরা যে টেস্ট দিচ্ছেন ১লা জানুয়ারী ১৯৫১এ যেসমস্ত স্কোয়াটার্স কলোনীতে স্কোয়ার্ট করেছেন তাদেরই শুধু রেগুলারাইজ করা হবে। এর ফলে হচ্ছে কি—রেফিউজিরা নিজেদের চেষ্টায় তাদের যতটুকু রিহ্যাবিলিটেট করতে পেরেছেন সেই রিহ্যাবিলিটেশনকে অস্বীকার করার মানে হচ্ছে এই যে তারা যে জীবনযাত্রা সুরু করেছিল সেটাকে আবার ডিষ্টার্ব করে আর একটা প্রোবলেম ক্রিয়েট করা—যে কলোসাল প্রোবলেম আজ দেশের সামনে রয়েছে সেটাকে, সল্ভ না করে আর একটা প্রোবলেম ক্রিয়েট করার মানে হচ্ছে দেশের ইকনমিকে ডিষ্টার্ব করা। কাজেই আজ পর্যন্ত যেসমস্ত স্কোয়াটার্স কলোনী হয়েছে সেগুলিকে ইমিডিয়েটলি স্বীকার করে নেওয়া উচিত বলে আমরা মনে করি।

[6—6-10 p.m.]

ভবিষ্যতে আরও হবে না, তার কারণ হচ্ছে, এখন রিফিউজিরা আসছে তারা আরও অর্গেনাইজড ভাবে আসছে, মাইগ্রেসন সার্টিফিকেট নিয়ে আসছে সেজন্য স্কোয়াটার্স কলোনীতে যারা নিজেদের প্রতিষ্ঠিত করে তুলেছে সেগুলি যেন স্বীকার করে নেওয়া হয়। তাতে হয়ত কিছু সময় লাগবে। ইন দি মিন টাইম কিছু কিছু ফ্যাসিলিটিস সেখানে দেওয়া হউক, যেমন যেসমস্ত প্রাইমারী স্কুল ইত্যাদি তারা গড়ে তুলেছে সেগুলিকে গ্র্যান্ট দেওয়া, ওয়াটার-সাপ্লাইএর ব্যবস্থা করা ইত্যাদি সুবিধা সেখানে অবিলম্বে দেওয়া উচিত। চতুর্থতঃ এমপ্লয়মেন্ট সম্বন্ধে মন্ত্রী-মহাশয়া বললেন যে আট হাজার লোককে এমপ্লয়মেন্ট দেবার জন্য প্রাইভেট ক্যাপিটালিস্টদের টাকা ধার নিয়েছেন, যাতে আট হাজার লোককে তারা এমপ্লয় করতে পারেন। আমি মনে করি যদি স্টেট এই সমস্ত এন্টারপ্রাইজগুলি নিজে করেন এবং রিফিউজিদের এমপ্লয় করেন তাদের দুই দিক থেকে সুবিধা হয়। রিফিউজিরাও এমপ্লয়মেন্ট পাবে আবার পশ্চিমবঙ্গে ইণ্ডাষ্ট্রী কিছু বাড়বে, তাতে দেশের মানুষের কাজ হবে। আরেকটা কথা, মন্ত্রীমহাশয়া যদিও কিছু বলেন নি, পশ্চিমবঙ্গের বাহিরে রিফিউজিদের পাঠানর ব্যাপারে তারা যদি অস্বীকার করে—যেমন যাদের পাঠান হয়েছিল তারা ফিরে এসেছেন সেখানে আমরা মনে করি যে এখানে যেসমস্ত জলাভূমি পড়ে আছে সেগুলিকে যদি ডেভেলপ করা যায় তাহলে অন্ততঃ এখন এখানে, যত রিফিউজি আছে তাদের রিসেটেল করা সম্ভব হতে পারে। এই ব্যাপারে আমি আপনাদের কাছে মিনিষ্টার কমিটি যেসমস্ত রেকমেন্ডেসন করেছিলেন তার থেকে কিছু রেলেভেন্ট পোর্শান পড়ে শুনাব। ৮ম পৃষ্টায় তারা বলেছেন—

"Rehabilitation of East Bengal displaced persons in States outside West Bengal has presented several difficulties and we are convinced that excepting in respect of Andamans efforts in this direction will not yield any substantial result".

তারপর তারা বলেছেন—

"Desertions from these States (meaning Vindhya Pradesh, Mysore and Hyderabad) have however been heavy mainly because of the marked reluctance on the part of the displaced persons to be

rehabilitated in the States outside West Bengal where conditions are different from what they have been used to and greater efforts are necessary to make it a success. Experience has shown that large-scale rehabilitation of East Bengal refugees in these States is not possible and we do not think that the question should be further pursued".

বিভিন্ন প্রদেশ বলতে বিন্ধ্যপ্রদেশ, মহীশূর এবং হায়দারাবাদ ইত্যাদি। তারপরে তারা যে সাজেশন দিয়েছিলেন সেগুলি হচ্ছে যাতে স্টেট এন্টারপ্রাইজ দিয়ে যেসমস্ত আনডেভেলপ এ্যান্ড ওয়াটার-লগড্ ট্র্যাক্টস রয়েছে সেগুলি যদি ডেভেলপ করা যায় সেখানে রিফিউজিদের বসান যাবে। এতে দুইদিকের সুবিধা হবে—এক হচ্ছে রিফিউজিদের রিহ্যাবিলিটেশন হবে, দ্বিতীয় হচ্ছে পশ্চিমবঙ্গে রিসোর্সেস অনেক ইনক্রিজ করবে। এ ছাড়া আরও আছে আমি এইটুকু বলতে পারি আমাদের তরফ থেকে সমস্তরকম সহযোগিতা তিনি পাবেন। শুধু দু-চারটা কনফারেন্স ডেকে আমাদের সঙ্গে আলোচনা করলেই আমাদের কো-অপারেশন সব পাওয়া হল বলে যদি মনে করেন তাহলে ভুল হবে। আমাদের কো-অপারেশন যদি চান তাহলে জ্যোতিবাবু যে কথা বলেছেন সকলকে কনফিডেন্সএ নিন। রিফিউজিদের সমস্যা সকলে মিলে চিন্তা করে যেসমস্ত আনফরচুনেট পিউপিল ইস্ট বেঙ্গল থেকে এসেছে তাদের রিহ্যাবিলিটেশনএর জন্য চেষ্টা করি। আরেকটা কথা আমার বক্তব্য সেজন্য কাট মোশন দিয়েছি সেটা হল মাননীয়া মন্ত্রীমহাশয়ার কাছে এ বিষয়ে দু-চার বার রিপ্রেজেন্টেশন দিয়েছি যে কুচবিহারে জোড়াই ও তুফানগঞ্জ সাবডিভিসনএ ইস্ট বেঙ্গল থেকে বহু রিফিউজি এসে স্কোয়াটার্স কলোনীর মত করেছে সেটা রেগুলারাইজ করে দেওয়া হউক। কিন্তু আপনারা তাদের পুলিস দিয়ে উচ্ছেদ করবার চেষ্টা করেছেন, কারণ এটা বন বিভাগের জমি। পুলিশ দিয়ে এদের উচ্ছেদ করা হবে, অথচ কোন প্রাইভেট লোকের জায়গায় স্কোয়াটার্স করলে উচ্ছেদ করা হয় নি। যা করেন সব জায়গায় একই রকম করুন। যদি বন বিভাগ টাকা চায় তাদের টাকা দেবার ব্যবস্থা করুন। কিন্তু ঐভাবে পুলিশ লেলিয়ে দেবেন না। তাতে ওখানকার লোক ক্ষিপ্ত হয়ে আন্দোলনের সৃষ্টি করবে। যাই হউক মন্ত্রীমহাশয়াকে অনুরোধ করব যারা ওখানে বসে গিয়েছে তাদের বসতে দিন। যে কলোনী হয়েছে তাকে রেগুলারাইজ করে নিন। আমার শেষ বক্তব্য এ্যাকুই-জিশন অব ল্যান্ড সম্বন্ধে এখানে সরকারী দৃষ্টিভঙ্গী অত্যন্ত পৃথক দেখতে পাচ্ছি। প্রথমতঃ মন্ত্রীমহাশয়া বলেছিলেন যে অলরেডি এগ্রিকালচার হয়েছে সেখানে রিফিউজিদের বাড়ী তৈরী করবার জন্য সেইসমস্ত ল্যান্ড নেওয়া হবে না। কিন্তু দুঃখের বিষয় আমার বাড়ীর আশেপাশে কয়েকটি গ্রামে এগ্রিকালচারাল ল্যান্ড বিকুইজিশন করা হয়েছে। শুধু তাই নয় সঙ্গে সঙ্গে এমন হয়েছে যে একজনের হয়ত একটা হোমস্টেড আছে বাড়ী আছে সঙ্গে হয়ত ১০ কাঠা জমি আছে, সেখানে শুধু বাড়ী ছেড়ে ঐ ১০ কাঠা জমি নেওয়া হয়েছে। একটা ভিলেজ যেখানে ১৪০টা ফ্যামেলি বাস করে তাদের যত জমি আছে এগ্রিকালচারাল, নন-এগ্রিকালচারাল, হোমস্টেড, এ্যাক্সট্রা ল্যান্ড, ফুটবল গ্রাউন্ড, ইত্যাদি সব কিছু এ্যাকোয়ার করা হয়েছে। এটা অত্যন্ত অন্যায়। অথচ সেই গ্রামের একজন বিশেষ ধনী ব্যক্তি আশুতোষ বোস মহাশয়ের ২৮ বিঘার বাগান রয়েছে সেটাকে নেওয়া হয় নি। মনে রাখবেন এর পরে আপনাদের ইলেকশনএ যেতে হবে। অন্তত সেদিকে দৃষ্টি রেখে বলব সাধারণ মানুষের চাষের জমি নিয়ে বাড়ী তৈরী করবেন না। বীজেশবাবুকে বলেছি বুধবার দিন তিনি যেন এ বিষয়ে আমার সঙ্গে আলোচনা করেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-10—6-20 p.m.]

Sj. Rakhahari Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, খুব দুঃখের সঙ্গে এই রিফিউজি সমস্যা আলোচনা করতে হচ্ছে। এই সমস্যাকে একটা সাময়িক সমস্যা বলে মনে করলে খুব ভুল করা হবে। এর স্থায়ী সমাধানের প্রয়োজন আছে বলে আমি মনে করি। বর্তমানে যাঁরা মনে করেন যে পাকিস্তান সৃষ্টির পর এই সমস্যার সমাধান হয়ে যাবে এবং হিন্দুরা সেখানে নিরাপদে বসবাস করতে পারবেন, কিন্তু এটা যে ভ্রান্ত ধারণা তা প্রমাণিত হচ্ছে। পশ্চিম পাকিস্তানে ইতিপূর্বেই হিন্দুশূন্য হয়েছে

এবং পূর্ব পাকিস্তান থেকে প্রতি বছরে কিস্তিতে কিস্তিতে লক্ষ লক্ষ উদ্বাস্তু পশ্চিমবঙ্গে আসার ফলে এখানকার সমাজ ব্যবস্থাকে বিপর্যস্ত করে তুলেছে। অতএব এই সমস্যার সমাধান কয়েকটা ক্যাম্প খুললে বা বৎসরে বৎসরে কয়েক কোটি টাকা ব্যয় বরাদ্দ ধার্য করে খরচ করলে হবে না। আমরা এর স্থায়ী সমাধান চাই এবং স্থায়ী সমাধান করতে গেলে যে দৃঢ় নীতির প্রয়োজন তা যদি ভারত সরকার এবং পশ্চিমবঙ্গ সরকার অবলম্বন না করেন তাহলে এইপ্রকার দ্বিধাগ্রস্ত ও দুর্বল নীতি নিয়ে এই সমস্যার সমাধান হবে না—হতে পারে না। বহু প্যাঁচ তাদের আমরা দেখেছি।

তারপর ১৯৫০ সালে এখানে ব্যাপক উদ্বাস্তু আগমনের জন্য যে নেহেরু-লিয়াকৎ চুক্তি হয়েছিল তার ফলে সুবিধা যা কিছু সবই পাকিস্তানের হয়েছে—ভারতবর্ষ তথা পশ্চিম বাংলার কোন উপকার হয় নি। আজকে আমরা দেখতে পাচ্ছি যে যদিও পূর্ববঙ্গ সরকার বলছেন যে সংখ্যালঘুদের রক্ষার জন্য তাঁরা অন্ততঃ আগ্রহশীল এবং ৫৪ জন নেতৃস্থানীয় ব্যক্তি তাদের থাকবার জন্য আবেদনও করেছেন, কিন্তু সেখানে আর হিন্দুদের থাকা সম্ভব নয়। তার কারণ পাকিস্থানের নীতি হল পরিপূর্ণভাবে ইসলামিকস্থান গঠন করা এবং সে সম্বন্ধে তারা পশ্চিম পাকিস্থানে সাকসেজফুল হয়েছে এখন পূর্ব পাকিস্তানেই মাত্র বাকী আছে। তা ছাড়া এই প্রশ্ন একেবারে সম্পূর্ণভাবে রাজনৈতিক প্রশ্ন। ইতিপূর্বে আমরা আলোচনা করেছি যে এস, ই, এ, টি, ও, সম্মেলনের জন্য আজ কাশ্মীরে যে অবস্থা দেখা দিয়েছে তার প্রতিক্রিয়া পূর্ববঙ্গে আসা স্বাভাবিক এবং সেই কারণে সেখানকার সংখ্যালঘু সম্প্রদায় নিজেদের অন্তত নিরাপদ মনে না করে এখানে আসতে বাধ্য হচ্ছে। সুতরাং এই সমস্যার স্থায়ী সমাধান করতে গেলে একটা দূরদৃষ্টি নিয়ে আমাদের এগুতে হবে। এই কথা বললে হয়ত অনেকে আপত্তি করবেন, কিন্তু এটা আপত্তির প্রশ্ন নয়। তার পরিবর্তে আজকে আমাদের ঘোষণা করতে হবে যে পাকিস্তান সংখ্যালঘুদের রক্ষা করতে ব্যর্থ হয়েছে এবং ইচ্ছাপূর্বক তারা এদের বিতাড়িত করেছে বলেই পাকিস্তানকে তার কিছু অংশ ভারতবর্ষকে ছেড়ে দিতে হবে। অর্থাৎ আমাদের এই দাবী আজকে করতে হবে যে অন্ততপক্ষে খুলনা, যশোহর এবং নদীয়া জেলার খানিকটা অংশ যা পাকিস্তানের অন্তর্গত তা পূর্ববঙ্গের হিন্দুদের বসবাসের জন্য ছেড়ে দিতে হবে। তা না হলে প্রতি বৎসর যতই কোটি কোটি টাকা ব্যয় করুন না কেন বা কয়েকটা ক্যাম্প স্থাপন করলেই এই সমস্যার সমাধান হবে না। এই কথা শুধু আমার কথা নয়, বহু চিন্তাশীল ব্যক্তিরাও এই কথা বলেছেন। গতকালকার যুগান্তর পত্রিকয় এই সমস্যা সম্বন্ধে সরকারকে দৃঢ় নীতি অবলম্বন করবার জন্য তারা অনুরোধ জানিয়ে বলেছেন, "পূর্ববঙ্গের মুসলমানরা নিয়মিত-ভাবে সমস্ত অমুসলমানকে ধাপে ধাপে বিতাড়িত করিয়া ভারতবর্ষের আভ্যন্তরীণ অবস্থাকে বিপর্যয়ের দিকে টানিয়া লইয়া যাইতেছে এবং ইহার ফলে দক্ষিণ-পূর্ব এশিয়ার যা অবস্থা, দক্ষিণ-পশ্চিমের যা অবস্থা, উত্তর-পশ্চিমের যা অবস্থা, দক্ষিণ-পূর্ব এশিয়ার ঠিক সেই অবস্থা —অসন্তোষ এবং তার প্রতিক্রিয়া ভারতবর্ষে হতে পারে।" অর্থাৎ পূর্ববঙ্গও তেমনি গোটা পূর্বভারতকে নিদারুণ বিপাকের মধ্যে ফেলিতেছে। ৪০-৫০ লক্ষ উদ্বাস্তু ইতিমধ্যে পূর্ববঙ্গ হইতে পশ্চিমবঙ্গে আসিয়াছে, আরও কয়েক লক্ষ শীঘ্র আসিয়া ভীড় করিবে এবং তার ফলে ভারতীয় সমাজ ও ভারতীয় অর্থনীতি এক অভূতপূর্ব সংকটের সীমায় পৌঁছবে। যে দেশের রাষ্ট্র ও গভর্নমেন্ট তার লক্ষ লক্ষ প্রজাকে রক্ষা করিতে ও আশ্রয় দিতে পারে না—যেমন পূর্ববঙ্গ গভর্নমেন্ট পারিতেছে না—সেই গভর্নমেন্টের বিরুদ্ধে আন্তর্জাতিক দরবারে নালিশ জানাইবার অধিকার কি ভারতবর্ষের নেই?" সুতরাং এদিক দিয়েও আমাদের চিন্তা করতে হবে। আর একটা কথাও তাঁরা বলেছেন—পূর্ববঙ্গের অগণিত উদ্বাস্তু পরিবারকে এক রাতে ভারতের নানা কেন্দ্রে ছত্রভঙ্গ করিয়া দিয়া, অন্য হাতে নেহেরু-লিয়াকৎ আলির চুক্তি স্বাক্ষর করিয়া আর একটি অদ্ভুত গোঁজামিল দেওয়া হইয়াছে। মাননীয় মন্ত্রীমহোদয়া এখানে বলেছেন এবং মাস দুয়েক আগে সংবাদপত্রে তাঁর একটা স্টেটমেন্টএ দেখেছিলাম যে তিনি বলেছিলেন যে পশ্চিম পাকিস্তানের উদ্বাস্তুদের বেলায় ভারত সরকার যে প্রকার ব্যয় করে থাকেন পূর্ব পাকিস্তানের বেলায় তা করেন নি। আজকে সেই কথার পুনরাবৃত্তি করে একটা নূতন ক্লজ এ্যাড করেছেন। তিনি বলে ভালই করেছেন যে পশ্চিম পাকিস্তান এবং পূর্ব পাকিস্তানের পার্থক্য কোথায়। তার কারণ পশ্চিম পাঞ্জাব ও পূর্ব পাঞ্জাবের মধ্যে সেইসময়ে যে অবস্থার সৃষ্টি

হয়েছিল তাতে ভারত সরকার লোক বিনিময় করতে বাধ্য হয়েছিল, সেজন্য পূর্ব পাঞ্জাবে এবং অন্যান্য স্থানে অতি সত্বর পুনর্বাসন করা সম্ভব হয়েছিল। কিন্তু দুঃখের বিষয় সেই নীতি বাংলাদেশে গ্রহণ করা হল না। সে কথা আমি এখানে বলতে চাচ্ছি না, কিন্তু দেখতে পেলাম যে পশ্চিম বাংলা এবং পূর্ব বাংলার মধ্যে অফিসার বিনিময় হয়ে গেল—সেখানকার হিন্দু অফিসাররা পশ্চিম বাংলায় চলে এলেন, আর এখানকার মুসলিম অফিসার পূর্ব পাকিস্তানে চলে গেলেন যে পূর্ব পাকিস্তানে পরিপূর্ণ একটা ইসলাম রাষ্ট্র করতে ৩০ বৎসর সময় লাগত, কিন্তু এই কংগ্রেস সরকারের অদূরদর্শী নীতির ফলে সেখানকার সমস্ত হিন্দু অফিসারদের অপসন দিয়ে এখানে এনে নিদারুনভাবে সেখানকার সংখ্যালঘুদের অসহায় অবস্থায় ফেলে দিয়েছেন। সুতরাং তখন নীতির বালাই হয় না, নীতির বালাই দেখি অন্য কারণের সময়। কিন্তু এইসমস্ত বাদ দিয়ে আজ জনসাধারণকে ঘোষণা করতে হবে—ভারতবর্ষের শান্তি ও নিরাপত্তা রক্ষা করবার জন্য ভারত সরকারকে দাবী জানাতে হবে যে পূর্ব পাকিস্তান থেকে আমাদের তিনটা জেলা চাই। এ যদি না হয় তাহলে বিহারে ও আন্দামানে পাঠালেও এই সমস্যার সমাধান হবে না—এর জন্য স্থায়ী প্ল্যান করতে হবে। তা না হলে পূর্ব বাংলায় যত হিন্দু রয়েছে একটিও সেখানে থাকতে পারবে না—প্রত্যেকটি এখানে আসতে বাধ্য হবে, কিম্বা তাদের আনতে হবে। সুতরাং সমস্ত পূর্ব বাংলায় সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য প্ল্যান করে তাদের বসবাসের জন্য ব্যবস্থা করার প্রয়োজন আছে।

দ্বিতীয়তঃ, উনি বলেছেন যে সামান্য সামান্য অভিযোগ আছে—এটা থাকবে এবং থাকা স্বাভাবিক। তার কারণ যেখানে ৫০ লাখ লোক সর্বহারা হয়ে এখানে আসছেন, ঠিকানা নেই, অজানা দেশে তাদের ব্যবস্থা করা কোন গভর্নমেন্টের পক্ষে সম্ভবপর হত না। সুতরাং ত্রুটি-বিচ্যুতি হওয়া স্বাভাবিক—আমরা তা অস্বীকারও করি না এবং তারজন্যে কোন দোষ দেব না। কিন্তু যেভাবে কাজ করা উচিত ছিল তা হয় নি। এইটুকুনমাত্র বলব যে যারা কোন স্থায়ী চাকরীতে আছেন গভর্নমেন্ট হোক বা বেসরকারী অফিসে হোক—তাদের জন্য ইনডিভিযুয়াল লোন বা হাউস-বিল্ডিংই হোক আর যাই হোক, কিন্তু যারা নবাগত এখনও পর্যন্ত তাঁদের জন্য কোন স্থায়ী বসবাস করতে পারেন নি, কোন কাজও যোগাড় করতে পারেন নি। কিন্তু তাদের হাউস-বিল্ডিং গ্র্যান্ট ইত্যাদি যাই বলুন না কেন সেইসব টাকা জলে পড়ে যাবে। তা না করে একটামাত্র উপায় যে গভর্নমেন্টের খরচা নূতন নূতন খাতে—গ্রামেই বলুন, শহরেই বলুন, আর পল্লীগ্রামেই বলুন—গড়ে তুলতে হবে এবং সেখানে তাদের বসবাস করিয়ে দিতে হবে। অতএব আমরা দেখছি এ ছাড়া আর কোন উপায় নেই। কিন্তু দুঃখের কথা যে টাকা দেওয়া হচ্ছে তাতে সেটা যেকোন কারণেই হোক অনেক সময়ে পুনর্বাসনের নামে নির্বাসনও হয়েছে। যেমন একটা ঘর করার জন্য টাকা দেওয়া হয়েছে, কিন্তু কয়েক মাস থাকবার পর অনাহারের জন্য তাকে তার ঘরের যে করগেট ছিল তা বিক্রি করতে বাধ্য হয়েছে এবং তারপরে সে পাকিস্তানে আবার চলে গেছে। পশ্চিম পাকিস্তানের বেলায় পুনর্বাসন করা খুব সহজ হয়েছিল, কিন্তু পূর্ববাংলার বেলায় তা না হবার অন্যতম কারণ হচ্ছে যে যাঁরা পশ্চিম পাকিস্তান থেকে এসেছিলেন তাঁরা চিরকালের মতন এসেছিলেন—সেখানে যাবার আর কোন মায়া, মোহ ও মমতা তাঁদের ছিল না। কিন্তু পূর্ব বাংলা থেকে যারা এসেছেন তাঁদের মধ্যে অনেকেই কিছু কিছু সেখানে রেখে দিয়ে এসেছেন। অনেকেই অসন্তুষ্ট হতে পারেন কিন্তু এটা সত্যি কথা যে যাঁরা আসবেন তাঁরা যদি চিরস্থায়ীভাবে এখানে আসেন তাহলে সমস্যা সমাধান করা সম্ভবপর হবে, কিন্তু যাওয়া-আসার মধ্যে দিয়ে এই সমস্যাকে আরও বিলম্বিত করা হবে বলে আমি মনে করি।

সর্বশেষে মিঃ স্পীকার, স্যার, আমার আর বেশী বলবার অবকাশ নেই, তবে এইটুকুন আমি মাত্র বলব যে যদি এই সমস্যার সমাধান করতে হয় তাহলে পশ্চিম বাংলার যেসমস্ত পাকিস্তানের মুসলীম ন্যাশন্যাল—জাহাজ, ডক, জুটমিল ইত্যাদি কলকারখানায় রয়েছে, সেই জায়গায় তাদের বদলে পূর্ববঙ্গের আগত উদ্বাস্তুদের নিয়োগ করতে হবে। প্রেমে হবে না, প্রেমের দ্বারা কোন সমস্যার সমাধান হয় নি—যারা আমাদের বিতাড়িত করেছে তাদের সঙ্গে উপঢৌকন নিয়ে যাওয়া নয়, প্রেমের কথা নয়—কারণ এইসব জিনিষ ব্রহ্মাণ্ডে হয় নি। সুতরাং যারা একদিন ওখানে পালিয়ে গিয়েছিল তাদের আবার যদি রক্ষা করতে হয় তাহলে পূর্ববঙ্গের হিন্দুদের

আগে রক্ষা করতে হবে এবং বেসরকারী ও সেন্ট্রাল গভর্নমেন্টের সমস্ত চাকরীতে ৩০ পারসেন্ট তাদের জন্য রিজার্ভ রাখতে হবে। তা ছাড়া আর একটা সমস্যা যেটা দেখা দিয়েছে সেটা হচ্ছে যে পূর্ববঙ্গ থেকে উদ্বাস্তু আসার ফলে পশ্চিম বাংলার যুবক সম্প্রদায় ভাবছে যে তারা বেকার হয়ে গেল—এটা আবার একটা বিপদের কথা। অতএব যাতে পশ্চিম বাংলা ও পূর্ব বাংলার মধ্যে অর্থনৈতিক সংকট দেখা দিয়ে একটা বিরোধের কারণ না হয় এই বিষয়ে সরকারকে অনেক সাবধান ও সতর্ক হতে হবে। বাকী বিষয়ে আমার আর কথা বলবার অবকাশ হল না।

[6-20—6-30 p.m.]

Sj. Haripada Chatterjee:

পরিপূর্ণ সহযোগিতা দেব, এই মনোভাব নিয়ে আজ কথা বলব।

সভাপাল মহাশয়, যাঁরা দেশকে ভাগ করেছেন তাঁদের আমাদের এখানে জবাবদিহি করতে হবে। দেশকে যখন ভাগ করেছিলেন, তখন পরিষ্কার কথা ছিল—সংখ্যালঘুরা উভয় দেশে নিরাপত্তা পাবে। সংখ্যাগুরুদের সঙ্গে তাদের সমান মর্যাদা দেওয়া হবে। আসলে কাজের বেলায় কি দেখা যাচ্ছে? বাংলাকে তাঁরা শেষ করেছেন—বাংলাকে নিজেদের ক্ষমতা লোলুপতার যূপকাষ্ঠে তাঁরা বলি দিয়েছেন। এখন অতীত সমালোচনা ছেড়ে বর্তমানে আসা যাক। আজকে সবচেয়ে বড় সমস্যা—আমাদের বাস্তুহারা সমস্যা এবং পূর্ববঙ্গে আর একটি হিন্দুও থাকতে পারবে না। একথা জেনে নিন, এ বিষয়ে কোন সন্দেহ নেই। আজকে তাই সবচেয়ে বড় ন্যাশন্যাল ক্রাইসিজ—আমাদের এই বাস্তুহারা সমস্যা। আজকে জনসাধারণ কিভাবে লাঞ্ছিত ও অপমানিত হচ্ছে তা একবার শেয়ালদা স্টেশনে গিয়ে দেখুন। সেখানে মানুষ গড়াগড়ি যাচ্ছে, শেয়াল কুকুরের চেয়েও অধম ব্যবহার পাচ্ছে। এখানে আজ যদি আমরা এই বাস্তুহারা সমস্যাকে ওয়ার মেজার হিসেবে, সামরিক ব্যবস্থা হিসেবে গ্রহণ না করি তাহলে কোন কিছুই আমরা সমাধান করতে পারব না। তাহলে এইটেই স্পষ্ট বোঝা যাবে যে আমাদের নেতারা পূর্বে ক্ষমতালোলুপ হয়ে বাংলাদেশকে বলি দিয়েছেন এবং ক্ষমতালোলুপ হয়েই তাঁরা এক্ষেত্রে সামরিক ব্যবস্থা অবলম্বন করছেন না। জয়পুর কংগ্রেসে অল-ইণ্ডিয়া কংগ্রেস কমিটির মিটিংএ সর্দার বল্লভভাই প্যাটেল বলেছিলেন যে ওঁরা যদি ওদের মাইনরিটিকে রক্ষা না করতে পারে তবে যে চুক্তিতে আমরা দেশ ভাগ করেছি সে যুক্তি বাতিল হয়ে যাবে। সুতরাং ওদের বিতাড়িত সংখ্যালঘুদের জন্য জমি দিতে হবে। আমরা জমি চাইছি আমাদের এখন পাকিস্তানকে বলা উচিত এই কথা। তাতে আমেরিকা বা ইংরেজ কি মনে করবে না করবে তা জানি না। পাকিস্তান সৃষ্টির গোড়ায় কথা ছিল যে সংখ্যালঘুদের তারা রক্ষা করবে সুতরাং এখনই আমাদের বলা উচিত - সংখ্যালঘুদের তোমরা যখন রক্ষা করছ না, রক্ষা করতে পারছ না তখন সংখ্যালঘুদের জন্য তোমাদের পাকিস্তান থেকে আমাদের জমি দাও। পদ্মার ধার পর্যন্ত, মেঘনার ধার পর্যন্ত জমি ছেড়ে দাও। জমি ঐখান থেকেই পাওয়া যাবে।

দ্বিতীয় কথা হচ্ছে, নেতারা বাংলাদেশ সম্বন্ধে সম্পূর্ণ উদাসীন। বাংলাদেশের বর্তমান সমস্যার কথা সমস্ত ভারতবর্ষকে ভাবতে হবে। সমস্ত ভারতবর্ষকে বাঁচাতে গিয়েই বাংলাদেশকে খণ্ডিত করে এই সমস্যার সৃষ্টি হয়েছে। আমাদের মুখ্যমন্ত্রীর মাথা খারাপ হয়ে গেছে, তিনি ভাবছেন বিহারের সঙ্গে যুক্ত হলেই কাজ হবে। বিহারের যদি মানভূম সিংভূম, পার্বত্য অঞ্চল বাদ দিই তাহলে ওদের পপুলেশন প্রতিবর্গ মাইলে ৯০০। কলকাতা এবং তার পার্শ্ববর্তী শিল্প অঞ্চলগুলির যে পপুলেশন তা যদি ছেড়ে দি তাহলে বাংলার প্রতিবর্গমাইলে পপুলেশন হয় ৭০০। আর বিহারের ১০ লক্ষ লোক বাংলায় এসে কাজ করে। সেই দশ লক্ষ লোকের পরিবারস্থ ৫০ লক্ষ লোককে বাংলাদেশ বাঁচাচ্ছে, মেনটেন করে। আ উড়িষ্যার তিন লক্ষ লোক আমাদের এখানে কাজ করে, তাদের পরিবারস্থ ১৫ লক্ষ লোক বাংলাদেশ থেকে মেনটেন হচ্ছে। তার মানে উড়িষ্যার মোট জনসংখ্যার এক-ষষ্ঠমাংশ পালিত হচ্ছে—আমাদের এই বাংলাদেশ থেকে। সুতরাং উড়িষ্যা পূর্ববঙ্গ থেকে আগত বাস্তুহারাদের পালন করতে পারবে না। বিহার বাংলার থেকে ঘনবসতিপূর্ণ সেও পারে না। এক পারে আসাম। আসামের রিহ্যাবিলিটেশন

মিনিস্টার যা বলেছেন তাতে দেখেছি, তিনি বলেছেন, অনলি ফিফটিন থাউজেন্ড একর অর্থাৎ ২৩ স্কোয়ার মাইলস জমি আসামে আছে যেখানে রিফিউজী বাস করানো যেতে পারে। কথাটা কতখানি অসত্য তার প্রমাণ দিচ্ছি। ভারত সরকার যে

soil erosion and water conservation survey committee

করেছিলেন ১৯৪৯ সালে তার সদস্য মিঃ দোবার গান্ধী আর মিঃ ডি সি টেক ছিলেন। তাঁরা বের করেছেন যে আসামে মাত্র ১৫ হাজার একর নয় ১৮০ লক্ষ একর—মানে ২৯ স্কোয়ার মাইল আবাদযোগ্য জমি পড়ে আছে। প্রায় বাংলাদেশের সমান-৩০ হাজার স্কোয়ার মাইল হচ্ছে বাংলাদেশ। সুতরাং সেই আবাদযোগ্য জমি কেন নেওয়া হবে না? কেন সেখানে পূর্ববঙ্গ হতে আগত উদ্বাস্তুদের বসানো হবে না? কিন্তু সেখানে কিরকম ব্যাপার চলেছে তা ওদের সার্কুলার থেকে দেখাচ্ছি। দেখুন ওদের পলিসিটা কি। আসাম গভর্নমেন্ট যে সার্কুলার দিয়েছেন তা থেকে পড়ছি—

> "Government reiterate the policy that the settlement of land should in no circumstances be made to persons who are not indigenous to this province. The indigenous inhabitants of the province only include for the purpose of land settlement during the present emergency. The emergency is the influx of refugee persons who are not Assamese settlers in Assam though they already have land and houses of their own and have made Assam their home to all intents and purposes."

যারা নন-আসামিজ—সেখানে যাদের বাড়ীঘর জমি জমা সব আছে তাদেরও ধরে নিবেন নন-ইন্ডিজেনাস পার্সনস তাদের সঙ্গে কোন ল্যান্ড সেটেলমেন্ট হবে না। যদি কোন বাঙ্গালী পরিবার গিয়ে বসবাস করতে চায় তা হবে না। ভারতবর্ষেই ঐক্য বজায় রাখবার কি চেষ্টা দেখুন!!

> "If any officer is found to have violated these instructions his name should be reported to Government at once for disciplinary action."

সত্যসত্যই যদি কোন সরকারী কর্মচারী এই হুকুমের ব্যতিক্রম করেন তাহলে তাঁর বিরুদ্ধে ডিসিপ্লিনারী এ্যাকসান নেওয়া হবে। কনষ্টিটিউশনএর কথায়, ভারতের সব জায়গায় সকলেরই যাবার অধিকার থাকা উচিত। স্বখাত সলিলে ডুবে মরা যাকে বলে—এ, তাই করা হচ্ছে। আসাম গভর্নমেন্ট সেখানে রিফিউজিদের যেতে দেবেন না। এরা যাবে কোথায়? আমাদের মন্ত্রীমহোদয়া কোথায় তাদের নিয়ে যাবেন? তিনি কি হাউসের সকলকে নিয়ে কাজ করবেন? বার বার নিবেদন করেছি—সকলকে নিয়ে কাজ করুন না একবার। নিজের ত কোন ক্ষমতা নাই, আমাদের নিয়ে চেষ্টা করে দেখুন না। সুর্মাভ্যালি পর্যন্ত যে ৯৭ পারসেন্ট বেঙ্গলী-স্পীকিং এরিয়া সেখানে পর্যন্ত বাস্তুহারারা থাকতে জায়গা পাবে না কামরূপে প্রচুর জায়গা আছে, সেখানে ওরা থাকতে স্থান পাবে না। একেবারে ওরা অর্ডার দিয়েছে—

> "No khas land was to be given to the refugees. No tea garden land should be given to refugees. The refugees are made over to the tender mercies of the zemindars."

জমিদারদের উপর ছেড়ে দেওয়া হয়েছে। ওদের রিহ্যাবিলিটেশন মিনিস্টার বলেছেন—

> "If a high price is given, some small pieces of rural land may be given to the refugees."

হাই প্রাইস—খুব উচ্চ মূল্য দিলে কিছু জমি পাওয়া যেতে পারে—এই আসাম সরকারের মনোভাব। আর ইন্ডিয়া গভর্নমেন্ট ঘুমিয়ে আছে। উড়িষ্যায় যাবার উপায় নেই, সেখানে হবে না, বিহারে হবে না, তারা বাংলা দেশ থেকে খেয়ে দেয়ে থাক। যেখানে ল্যান্ড আছে সেখানে তারা যাবে না। তার মানে সরকারের কোন রকম চেষ্টা চরিত্র নাই, এই ত এখানকার অবস্থা! তার উপর যেটুকু খরচ করেন, তার সদ্ব্যবহার হওয়া উচিত। আমাকে আশ্বাস দেওয়া হয়েছে—আমি যে ইনডিভিজুয়াল কেস বলেছি তার সুবিচার করবেন। আমি যেভাবে সমালোচনা করলাম তাতে ওঁদের উপকারই করলাম। তাতে আমাদের এই বাড়ীর পাশে যে জায়গাটা রয়েছে—অকল্যান্ড প্লেস,

সেখানে হৈচৈ পড়ে গিয়েছে। উনি যদি আমাদের সাহায্য নিয়ে একটা কমিটি করেন তাহলে দেশের উপকার হবে, ও'দেরও উপকার হত। আজ যদি সেখানে জ্যোতিবাবুর মতন লোক থাকেন, সুধীর রায় চৌধুরীর মতন লোক থাকেন, আমাদের ভগিনী পূরবী থাকেন, বীজেশ সেন থাকেন তাহলে বুঝতাম যে সিরিয়াস ম্যাটারকে সিরিয়াসলি ডিল করতে চান। আমি অনেক জিনিষ বলেছি—যা আরো ভালো করে কমিটির কাছে বলতে পারতাম। আমি অনেক জিনিষ জানি, আমার কাছে আরো অনেক ঘটনা আছে। এখন সব বলতে গেলে সময়ে কুলোবে না। তাই খালি দু-একটার কথা বলতে চাই। বলতে চাই যে অফিসারদের কথা শুনবেন না। যারা রাতারাতি ফাইল বদলাতে পারে নবরূপ দিতে পারে সেসব অফিসারদের কথা শুনবেন না। অফিসারদের কথা শুনলে বিভ্রান্ত হতে হয়, অফিসারদের কথা শুনে ভগিনী পূরবী মুখার্জি যা করেছেন। দুখানা বই আমার কাছে, একখানা হচ্ছে—হিস্টরী অব সার্ভিসেস অব গেজেটেড এ্যান্ড আদার অফিসারস ; আর একখানা হচ্ছে—ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেন্টের সিভিল লিস্ট। উনি সেদিন অম্লানবদনে এখানে বলে গেলেন—প্রেসিডেন্সি কলেজে যাকে প্রিন্সিপাল করে দেওয়া হয়েছে—তিনি সিনিয়রমোস্ট। অথচ তিনি যে সিনিয়রমোস্ট নন তা আর আমাকে দেখাতে হবে না—তা ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টএর যে বই আছে তাতেই দেখুন—তিনি সিনিয়রমোস্ট নন, তাঁর উপর আরো দুজন ছিল। আর যাঁকে প্রিন্সিপাল করে বসানো হয়েছে সেন্ট্রাল কলেজএ তাঁর উপরেও বহু সিনিয়র লোক রয়েছে।

Mr. Speaker: We are discussing refugee rehabilitation.

[6-30—6-40 p.m.]

Sj. Haripada Chatterjee:

আর একটা কথা বলি রিফিউজি ম্যাটারএ। কি আর বলবো বিজেশ সেনের বাবা ছিলেন আমার বন্ধু। রায় বাহাদুর যোগেশ সেন আমাদের বিপক্ষে ভোট দিতেন, আমরা তখন কংগ্রেসে ছিলাম উনি মুসলিম লীগকে ভোট দিতেন ; কিন্তু তিনি কখনও এমন উক্তি করেন নি যেটা সমর্থিত হয় না। শ্রীবিজেশ সেনকে আমি বলি যে অফিসাররা অসত্য বলাচ্ছেন। উনি একটা কথা বলে গেলেন, সেদিন আমি একজনের কথা বলেছিলাম যে আচ্ছা একজনের মা বিচার চাচ্ছেন তাকে বিচারে দেওয়া হচ্ছে না কেন? আমি যাকে জানি সাধু বলে তাকে কি আমি বলবো অসাধু? আমি, যদি জানি যে আমার ভগিনী পূরবী মুখার্জি ভাল কাজ করার চেষ্টা করছেন তাহলে এখানে কি তা আমি বলবো না? এইত এখানে সুধীর রায় চৌধুরী বললেন সে কথা যে পূরবী মুখার্জি কিছু কিছু চেষ্টা করেছে। নিশ্চয়ই বলবো যদি আমরা মনে করি। তেমনি আমি যদি কাউকে সাধু বলে জানি তাত নিশ্চয়ই বলবো। এখন এখানে শ্রীবীজেশ বললেন যে অধীর রঞ্জন দে ফলস টি, এ, করেছে। আচ্ছা তার টুর ডায়েরীটা নেওয়া হক্। তার টুর ডায়েরীতে দেখা যাবে যে সেখানে তার যে এ্যাকাউন্টেন্ট সে বলেছেন যে তুমি রেলওয়ে বিল কর কেননা রেলওয়ে জার্নিতে খরচ কম লাগে। সে বলছে আমি গিয়েছি বাসএ আমি কেন রেলওয়ে বিল করবো, আমি ফলস বিল করবো না এবং সে করে নি। তারাই কেটে দিয়ে রেলওয়ে বিল করেছে। সে হাবড়ায় যাতায়াত করেছে বাসএ, সেটা বাস যাতায়াত বলেই দেখান আছে। এ্যাকাউন্টেন্ট কম্পিটেন্ট অথরিটি কথামত নিজে কেটে রেলওয়ে ফেয়ার লিখেছে। এই কাজ যে করেছে সে তারাদাস রায়, এ্যাকাউন্টেন্ট, সে কোথায় আছে তাও জানি, তাকে এনে সাক্ষী মানা হক, তাহলে বোঝা যাবে যে সে সত্যি কথা বলেছে কিনা। এক নম্বর গেল টুর ডায়েরী। আর একটা উনি বলেছেন যে সে অন্নপ্রাসনের কি একটা চিঠি ছাপিয়েছিল কার কাছে। সেটার জন্য কত কান্ড হয়েছে। যার প্রেস সে ব্যক্তি ঋণপ্রার্থী হয়ে অধীরকে ১০০ টাকা ব্রাইব দিতে চায়। সেটা অধীর এই কন্ট্রোলারের কাছেই রিপোর্ট করে। এই কন্ট্রোলার সেই ব্যক্তিকে ডাকায় এবং তাঁর কাছে সেই ব্যক্তি স্বীকার করে যে সে ১০০ টাকা ঘুস দিতে চায়। তখন এই কন্ট্রোলারই বলেন যে

his loan is refused because he wanted to bribe the officer.

তখন সে গিয়ে মন্ত্রীমহাশয়ের কাছে নালিশ করে। মন্ত্রীমহোদয়া পাঠান এ, ডি, খানএর কাছে এবং তার কাছ থেকে দীর্ঘ নোট হয়ে আসে। এবং তার উপর সত্যই করেছে কিনা সেটা দেখবার জন্য তখন মিসেস গ্ল্যাডিস মজুমদার—যদি তার রিপোর্টটা নবরূপ না পেয়ে থাকে

তাহলে তা বের করলেই সব জানা যাবে—এনকোয়ারিতে আসেন এবং এনকোয়ারী করে বলেন যে সম্পূর্ণ মিথ্যা অভিযোগ। এবং সেটা আমি দীর্ঘ বলতে চাই না, আমার কাছে সব প্রমানপত্র আছে। ডেড লেটার অফিস থেকে সে চিঠি ফিরে এসেছে। তা দেখলেই বোঝা যাবে কোন্ প্রেসে চিঠিখানি ছাপা হয়েছে। মিসেস গ্ল্যাডিস মজুমদার, গিয়েছিলেন প্রেসএ এবং বলেন—কোথায় তোমার সাড়ে বার টাকা দেয় নি দেখাও। তাতে কোন বিল বা অন্য কোনরকম কিছু দেখাতে পারে নি। প্রেস কপি পর্যন্ত রাখে নি। অথচ অন্য জায়গার সমস্ত প্রেস কপি রয়েছে, সব রয়েছে এবং মিসেস গ্ল্যাডিস মজুমদার অধীরকে এই চার্জ থেকে এ্যাবসলভড করে গিয়েছেন। সুতরাং এইরূপ ক্ষেত্রে শ্রীবিজেশ সেনের অন্নপ্রাসনের চিঠি ছাপানর কথা বলা ঠিক হয় নি। আমরা তাকে ভাল করেই জানি। সে সৎ কর্মচারী সে কড়া হতে পারে। আইনমাফিক কাজ করে এই তার দোষ। আপনাদের রুলগুলি বদলান উচিত কারণ যে রিফিউজি সেও লোন পেতে গেলে তাকে সিকিউরিটি দিতে হবে। কোথায় সে সিকিউরিটি পায়? কিন্তু সিকিউরিটি না দিলে লোন পাবে না। এইরকম অবস্থা আপনারা করেছেন। আপনাদের সার্কুলারএ আছে তার যে জমির দাম, যা ডকুমেন্টএ আছে সেই অনুযায়ী ভ্যালুয়েশন হবে। সেটাত আর কর্মচারীরা বদলাতে পারে না যে রিফিউজি সে আবার সিকিউরিটি কেন দেবে, সে এমনিতেই লোন পাবে এবং তাই আপনাদের করা উচিত। অফিসারকে আইন মানার জন্য বধ করছেন কেন? এইসমস্ত তথ্য আপনিই বেরিয়ে পড়ে। যদি আমরা সহযোগী হয়ে কাজ করতে চাই, সেই সহযোগীর মনোভাব নিয়েই আমি এই কথা বলছি। আপনার পূরবী মুখার্জিকে আমি আর একটি কথা বলেছিলাম, তিনি কাজ করে দিয়েছেন এবং ফল হয়েছে এরই মধ্যে। সুতরাং সকলে মিলে যদি আমরা কাজ করি তাহলে রিফিউজি রিহ্যাবিলিটিশনটাকে আমরা ঠিক করতে পারি। এবং তা করতে গেলে সাধু সৎ কর্মচারীদের দেখতেই হবে। এবং তাকে যদি আমরা বজায় রাখতে পারি তাহলে এখানকার আটমোসফিয়ার ভাল হয়ে যাবে। সুতরাং আমি আশা করি আপনারা এটা করবেন। আরো আমার আজকের বক্তব্য এক গাদা ছিল সেটা আমি আপনার কাছে আলাদা দেবো দেখি কি বিচার করেন।

Sj. Bijoylal Chatterjee:

স্পীকারমহোদয়, রিফিউজি রিহ্যাবিলিটেশন ব্যাপারে যে ব্যয়ের জন্য তিনি আমাদের কাছে টাকা চেয়েছেন সেটাকে আমি সমর্থন করছি।

নদীয়া জেলার লোক হিসাবে এই বাস্তুহারা সমস্যা ব্যাপারে আমরা বিশেষভাবে জড়িত। মাননীয় মন্ত্রীমহোদয়া বলেছেন যে ভারতবর্ষে এই বাস্তুহারা সমস্যার বেশীর ভাগে ব্যাপারটা বাংলাকে সম্মুখীন হতে হয়েছে, আমি বলবো বাংলাদেশে ঠিক সেইরকমভাবে যেসমস্ত জেলা এই সমস্যার সম্মুখীন হয়েছে তারমধ্যে নদীয়া জেলার নাম সবচেয়ে আগে করতে হবে। আমাদের জেলায় প্রায় সাত লক্ষের উপর রিফিউজি এসেছে এবং আমাদের জেলার প্রত্যেক দুই জনের মধ্যে একজনকে রিফিউজি বলতে পারেন। মুসলমান রিফিউজিরাও অনেকে ফিরে এসেছেন এবং সেইসমস্ত রিফিউজি ও যারা হিন্দু বাস্তুহারা এসেছে—তার বহুলোক প্রায় সাত লক্ষের উপর আমাদের জেলায় বসেছে। এবং আমরা তাদের কাউকে ফিরিয়ে দিতে পারি নি। এখানে আমি একটা কথা স্পীকার মহাশয়ের মারফত মন্ত্রীমহোদয়াকে বলতে চাই যে আমাদের জেলার উপর আর বেশী বাস্তুহারা চাপান উচিত নয়। তা যদি চাপান তাহলে পরে আমাদের জেলার অর্থনৈতিক মেরুদণ্ড ভেঙ্গে যাবে। আর একটা কথা প্রথমেই বলে রাখা উচিত—ত্রিশ লক্ষ লোক আমাদের এই বাংলাদেশে এসেছে। পশ্চিমবঙ্গের মত একটা বিভক্ত প্রদেশের পক্ষে এত লোককে ঠিকভাবে বসান অত্যন্ত কঠিন। প্রথমতঃ এই সমস্যা কোন রাজনীতিক দলের সমস্যা নয়। এটা হচ্ছে সমগ্র দেশের সমস্যা। প্রথমে জ্যোতিবাবু যে কথা বলেছেন যে এই বাস্তুহারাদের রাজনীতিক মূলধন হিসাবে ব্যবহার করা উচিত নয়—তার সঙ্গে আমি একমত। সব দল নির্বিশেষে, সকল দল মিলে এই সমস্যা সমাধান করা উচিত। আমি মনে করি—এই যে বাস্তুহারা সমস্যা এই সমস্যা আজকে আমাদের বাংলাদেশের পক্ষে একটা কঠিনতম সমস্যা। সমগ্র বাংলাদেশে যখন খতুগৃহের মত আগুন জ্বলছে, তখন আমাদের সকলেরই উচিত বালতি হাতে করে এই আগুন নেভান। এই ব্যাপারটাকে কোনরকম রাজনীতিক সমস্যা করে তোলা উচিত নয়। আর একটি

কথা এখানে বলা হয়েছে—সেটা হচ্ছে, কংগ্রেসপক্ষের যারা আছেন তারা এটাকে রাজনীতিক মূলধন হিসাবে ব্যবহার করছেন। আমি মনে করি এ কথা মোটেই ঠিক নয়। যেমন বন্ধ জলাশয়ে মশকের বৃদ্ধি হয়—মশক বেশী সংখ্যায় উৎপন্ন হয়—ঠিক সেইরকম অত্যন্ত দারিদ্র্য, আর্থিক কষ্ট এবং মানুষের মনের অসন্তোষই হচ্ছে কমিউনিজমএর পক্ষে একটা ব্রিডিং গ্রাউন্ড। আমি সেইজন্য বিরোধী দলের বন্ধুদের বলব তারা যেন দলগত পুষ্টির জন্য এটা ব্যবহার না করেন এবং আমরা সেইটাই তাদের বেশী করে ভাবতে বলছি।

আর একটা কথা বলা দরকার যে এই বাস্তুহারা যে সমস্যা সেই সমস্যাটা কি কঠিন হয়ে দাঁড়িয়েছে। প্রত্যেক দিন যেভাবে নূতন নূতন বাস্তুহারার আগমন এখানে হচ্ছে তাতে যেকোন গভর্নমেণ্টই হিমশিম খেয়ে যাবে এই সমস্যা সমাধান করবার জন্য।

[6-40—6-50 p.m.]

গভর্নমেণ্ট যখনই একটা সুষ্ঠু পরিকল্পনা নিয়ে এই বাস্তুহারা সমস্যা সমাধানে অগ্রসর হচ্ছে তখনি দেখা যাচ্ছে হাজার হাজার লোক পূর্ববঙ্গ থেকে আসছে এবং এই সমস্ত পরিকল্পনা আরও খারাপ করে দিচ্ছে। এটাকে ঠিক একটা তুলনা দিয়ে ভাল করে বুঝাতে চাই। যখন কোন একটা গৃহে উৎসবে নিমন্ত্রণ করে নিয়ে এসেছে কিছু লোককে—তাদের খাওয়া দাওয়ার ব্যবস্থা হয়ে গেছে, যখন পরিবেশন করা হচ্ছে তখন যদি হঠাৎ আরও ৫০ জন লোক এসে সেই গৃহস্থের বাড়ী ভরিয়ে দেয় তাহলে সেই গৃহস্থের পক্ষে সেই সমস্যা সমাধান করা যেমন কঠিন তেমনি বাংলাদেশের গভর্নমেণ্টএর পক্ষে এই বাস্তুহারা সমস্যা সমাধান করাও কঠিন হয়ে পড়েছে। এই যে নিত্য নূতন মানুষের স্রোত আসছে পূর্ববঙ্গ থেকে সেই নিত্য নূতন মানুষের স্রোতের সামনে কোন সমস্যা সমাধান করা অত্যন্ত কঠিন এবং আমি বলছি, নিশ্চয়ই আমাদের অনেক সমস্যা রয়েছে যা সমাধান করতে পারি নি। আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা যেসমস্ত কথা বলেছেন তার অনেক কথাই অসত্য। আমি কয়েকদিন হল আমাদের জেলার ধুবুলিয়া যে ক্যাম্প আছে সে ক্যাম্প দেখে এসেছি, আমি নিজে জানি যে সেখানে প্রায় হাজার হাজার লোক রয়েছে যাদের আমরা বাড়ী ঘরের কোন ভাল ব্যবস্থা করে দিতে পারি নি। সে দিগন্ত বিস্তারী প্রান্তরের মধ্যে কাল বৈশাখীর ঝড়জলে এবং এই সামনে যে মনসুন আসছে তাতে বহু লোকের অত্যন্ত অসুবিধা হবে সে বিষয়ে কোন সন্দেহ নাই। অতএব একটা কথা এখানে বলা দরকার, সেন্ট্রাল গভর্নমেণ্ট যে টাকা দেবার জন্য তৈরী ছিলেন সময়মত সে টাকা এখনও এসে পেঁছয়নি। আমাদের বাংলাদেশের গভর্নমেণ্ট এই সমস্যা সমাধানের জন্য লক্ষ লক্ষ টাকা—প্রায় ২০ লক্ষ টাকা—ধুবুলিয়া ক্যাম্পএর জন্য ব্যবস্থা করেছে। আমি তাদের কাছে এটুকু অনুরোধ করবো যে সম্মুখে আসন্ন এই যে কালবৈশাখী ঝড়, সম্মুখে আসন্ন এই যে বর্ষা, এই কঠিন বাস্তবের সামনে দাঁড়িয়ে ধুবুলিয়া ক্যাম্পে সহস্র সহস্র বাস্তুহারার জন্য তারা যেন এমনি চেষ্টা করেন, এ বিষয়ে মুহূর্তমাত্র বিলম্ব করবার সময় নাই। এ বিষয়ে বিশেষ করে অনুরোধ করছি। যারা একথা বলেন যে আমাদের জেলায় মুশিলম বাস্তুহারার জন্য আমরা কিছুই করতে পারি নি, আমি তাদের কাছে এই কথাই বলবো—তারা নদীয়া জেলায় চলুন এবং গ্রামে গ্রামে ঘুরে দেখতে পাবেন যে যেসমস্ত মুশিলম বাস্তুহারা ফিরে এসেছে তাদের প্রায় প্রত্যেকে জমি পেয়েছে, তাদের প্রায় সকলেই বাড়ীও পেয়েছে, তবে এটা ঠিক অনেক বাড়ী ভগ্নাবস্থায় পেয়েছে। এবং সেইসমস্ত বাড়ী আশু সংস্কারের দরকার এবং তার জন্য আশা করি গভর্নমেণ্ট তার সাহায্য নিয়ে নিশ্চয়ই উপস্থিত হবে, এটা আমার আশা আছে।

শেষ কথা বলছি যে এই গভর্নমেণ্ট কিছুই করে নি বাস্তুহারাদের জন্য একথা যারা বলেন আমি বলি তাদের সেসব কথা সর্বৈব অসত্য। যার জন্য আমি আমার বিরোধী পক্ষের বন্ধুদের নিয়ে যেতে চাই ধুবুলিয়ার সেই ক্যাম্পএ এবং তাদের নিয়ে সেখানে দেখিয়ে দিতে চাই যে সেখানে বাস্তুহারাদের জীবন আগের চেয়ে কত ভাল হয়ে উঠেছে। কয়েক বছর আগে সেখানে কি রকম দুর্নীতি চলত, পুলিশকে ধরে মারা হত, সেখানে নানারকম অপমান করা হত, সেখানে উচ্ছৃঙ্খল লোকেরা জীবন প্রায় দুর্বহ করে তুলেছিল। আজ আমি আমার বিরোধী পক্ষের বন্ধুদের ধুবুলিয়া ক্যাম্পএ নিয়ে গিয়ে তাদের দেখিয়ে দেব বাস্তুহারারা কি রকম করে সেখানে

আমেরিকানদের যে ঘাঁটি ছিল সেখানকার সেই সমস্ত ইট বয়ে নিয়ে গিয়ে নিজেদের চেষ্টায় কি করেছে, যে সব সিমেন্টএর ব্যাগ ছিল সেগুলি সরিয়ে দিয়ে কেমন করে তারা নূতন জীবন আরম্ভ করেছে, সেখানে ছেলেদের শিক্ষার ব্যবস্থা হয়েছে—যেখানে কোন জীবন ছিল না, কেবল একটা ধূ ধূ করা মরুপ্রান্তর ছিল, যেখানে মানুষ হঠাৎ গিয়ে মনে করত হয়ত বা বুঝি তারা মৃত্যুর সম্মুখীন হয়ে বসে আছে। আমি তাদের বলবো যেখানে মৃত্যুর অন্ধকারে ছিল, আজ সেখানে জীবনের কল্লোলধ্বনি দেখা দিয়েছে—এসব তারা সেখানে গিয়ে দেখতে পারেন। তাই বলি পরের মুখে ঝাল খাওয়া ঠিক নয়। নিজের কাণে শুনে চোখে দেখে কি হয়েছে না হয়েছে তা বলা উচিত।

আমার শেষ কথা হচ্ছে, যারা বলেন মন্ত্রী উপমন্ত্রীরা রাইটার্স বিল্ডিংসএ বসে লেখাপড়ার কাজ করেন এবং তাদের অনুগত কর্মচারীরাই সব কাজ করছে—এটা ঠিক নয়। আমরা জানি —হরিপদ চট্টোপাধ্যায় মহাশয় পূরবী মুখোপাধ্যায়ের কথা বলেছেন—কিভাবে সমস্ত বাংলাদেশে এই ভ'নী ঘুরে বেড়াচ্ছেন এবং নিজের চোখে এইসব দেখেছেন একথা আমরা সবাই জানি এবং রিহ্যাবিলিটেশন মন্ত্রীমহোদয়া, যিনি আছেন তিনিও রাইটার্স বিল্ডিংসএ বসে শুধু থাকেন না, তিনিও অনেক ঘুরে ঘুরে বেড়ান, সুতরাং বিরোধী পক্ষের বন্ধুদের অনেক কথাই এ দ্বারা প্রমাণিত হয় না। অবশ্য সব কিছু হয়ে গেছে, সমস্ত সমস্যা সমাধান হয়ে গেছে এ কথা বলি না—যে সমস্যা রয়েছে সেটা আসুন সকলে মিলে করি, হাতে হাত মিলিয়ে, যেন প্রাণের সঙ্গে প্রাণ মিলিয়ে মহাপুণ্য কাজে সকলের জীবন উৎসর্গ করতে পারি।

[6-50—7 p.m.]

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, it would be hoping against hope if anybody still thinks that this huge problem can be solved in the present scheme of things. We know that tons of monies are being spent in the name of relief and rehabilitation of the refugees. More monies are needed. We have already spent 67 crores of rupees and we are told in this House today that sufficient monies are not being provided by the Centre. It has been almost a habit with our Government to measure the standard of their activities by the amount of the money they spend and not on the return of the money. This department has turned into a veritable hell, corrupt in all its spheres. The sincerity that was needed, the integrity that was needed, the honesty that was needed to solve this problem are not there. What we find is large-scale corruption everywhere. Unless this corruption, this nepotism, this jobbery were removed, there is no chance for the refugees being ever rehabilitated in this State of ours. You know that a large number of refugees from East Pakistan are daily coming to Sealdah Station from the middle of 1954. At the time of the dispersal from Sealdah into camps they are, it is understood, given three weeks' cash dole and shown to have been admitted in Cossipore Camp before such dispersal though, in fact, they are not shifted to that camp, i.e., Cossipore Camp. They are not paid the entire dole that is being allotted to them. Several lakhs of rupees have already been paid on this account and a large sum is also being disbursed daily for this purpose. The Superintendent of Cossipore Camp, Kalyan Chowdhury, who is a non-gazetted officer holding a temporary post, has been kept in charge of this disbursement. There is one rehabilitation officer, P. Chakrabarty. There are also several additional rehabilitation officers under the rehabilitation officer but none of these officers were given the charge of the disbursement of these cash doles to the Sealdah refugees. The muster rolls of these heavy disbursements have never been checked by these officers. A book transfer of the families is being made from Sealdah Station to Cossipore Camp though they are actually sent to other camps. Now, Sir, an enquiry should be made why this Superintendent has been kept in charge of this cash dole distribution

and not any superior officers. Who is responsible for this? I am told that he is some P. C. Banerjee, Director of Camps. This gentleman happens to be a favourite of his and there are other considerations for his being put at that particular place for distributing these cash doles.

About appointments in this department I have many things to say. There are really heart-burnings almost at every corner. Unless you make proper appointments, if appointments are made indiscriminately irrespective of merit, irrespective of duration of service, irrespective of ability, corruption is bound to follow. I am told that one Mr. S. N. Banerjee ....

Mr. Speaker: Is it right to give all these names?

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, these officers should be told what their duties are. Unless you make the officers work ardently and honestly I am sure the Minister-in-charge will fail to discharge the noble duty that has been allotted to her.

I have a lot of information about the purchase of land by this department. A ring has been formed with certain officers and certain land brokers and land owners. What they are doing is they are arranging with the department and after necessary arrangements with the department concerned, they are offering prices not only of their own lands but also of adjoining lands belonging to others. Before the title is approved possession is taken; the prices are fixed and when that is done documents are taken from the parties to whom the lands belong—immediately before the documents are executed by them in favour of the Government keeping a heavy margin almost in every case. Lands were offered by Messrs. Kanchanjungha, a Bangur Institution. They were not the actual owners of the entire land. The company negotiated the matter with the Deputy Director of Acquisition and offered the lands for rehabilitation purpose. Afterwards, Sir, the Relief Commissioner passed order to the effect that possession of the land should be taken after verification of title. But the major portion of the lands was taken possession of although the offerers had no right of title over the lands at the time of delivery of possession, and the documents were obtained by the offerers long after the delivery of possession.

Debipur Gurguria Scheme: Knowing full well that there were bargadars on the major portion of the lands offered by the owners the Deputy Director of Acquisition took delivery of possession of the entire offered lands and showed undue interest in requesting the Government to make 80 per cent. "on account payment" to the parties before the lands were actually acquired. And what did he do? He sent a copy of the letter that 80 per cent. should be paid to the party direct, with the result that when the Government refused to purchase the land a suit had been filed on the strength of that letter.

Now, Sir, regarding Sonarpur Scheme No. 2: The Member, Board of Revenue, visited the above scheme site along with the Relief Commissioner and the Land Acquisition Collector. During inspection it was found that railway lines, permanent homestead lands, mosque, paddy lands, school, etc., had been acquired, for which he suggested disciplinary action against the officer responsible for this careless acquisition without making any spot enquiry which caused grave dissatisfaction amongst the minority community. Explanation of the officer concerned was called for by the Relief Commissioner, but no action has been taken so far and it is understood that the file is mysteriously missing.

Lands of the Laskarpur Scheme had been offered by a lady. The department fixed the lands at a certain rate per bigha without obtaining any report from the Land Acquisition Collector who on a subsequent reference fixed the value of the lands at a much lower rate. Moreover the Collector was not in favour of starting any acquisition proceedings as the lands belong to intermediary rights which would automatically vest in Government from 15th of April, 1955. But the officer showed undue interest in taking over possession of the lands on the 14th of April, 1955—that is, merely one day ahead—to avoid State acquisition.

I have a number of cases but the time at my disposal does not permit me to quote them.

There is another case—Shrimati Bela Banerjee's land at Vaishnabghata. This lady has been given Rs. 30,000 in excess of the market value of the land as was fixed by the Collector. If these state of things are allowed to continue, how can we solve the problem? Sir, in the name of various schools large amounts of money are being distributed. There is one school at 28 Canal South Road, Entally, within the jurisdiction of the Entally police-station. Its name is Bastuhara Vidyapith at 28 Canal South Road, Calcutta-15.

[7—7-10 p.m.]

Sir, what I have been able to ascertain is that there is really no school here. An old dilapidated house has been taken—I do not know if on rent or through some other source. Here a school has been established in name. This is a haunting place of bad characters. The entire locality is against it. They have given names, printed letters. I will make over one like this to the Minister. You will be surprised to find that in spite of the Auditor's report that Rs. 2,500 has been misappropriated by the Secretary—even against the advice of the Financial Adviser of their own department monies are being given to this institution—large sums of money, and the thing is such that even the Education Department is conceding to the claim of these bogus persons. The rolls are faked, the students are faked, the stipends are taken in the names of students who do not exist, the teachers are not there. In spite of that large sums of money are being withdrawn. An appeal has been made to all the authorities concerned. The police officers have been asked to investigate and still we do not know the mystery. No enquiry has so far been made and no positive or concrete steps have been taken. There is no necessity of such a primary school in this area. Within 100 yards there is a Corporation free primary school. All these things have to be gone into and looked into if you mean to solve the problem.

Now, Sir, one more instance and I will finish. That is with regard to certain institutions. In No. 2 Williams Lane, No. 5 Williams Lane and No. 10 Williams Lane, my information is that there are five or six institutions in three rooms—only three rooms. There are three telephones; they are collecting monies from three departments and with only 18 destitute girls. I will not say anything more about that. I understand that Rs. 70 thousand have already been taken away from the Government and another grant is awaiting release. The Secretary is the same Miss Kamala Roy. The Minister will kindly take note of this and will investigate the matter so that Government money may not be squandered in this manner.

Sir, my submission is if you want to improve matters, unless you improve this department, unless you get rid of the corruption that is prevalent in the department, you will fail and fail miserably to solve the problem that is before you.

Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় স্পীকার মহাশয়, উদ্বাস্তু সমস্যা সমাধানের কথা অনেকেই আলোচনা করেছেন। প্রথমে আমার আলোচনা করবার কথা হ'ল উদ্বাস্তু পুনর্বাসন সম্বন্ধে সরকারী নীতি সম্পূর্ণ ব্যর্থ এবং ভ্রান্ত। কারণ, এই উদ্বাস্তু প্রসঙ্গে বিশেষ করে কংগ্রেস সরকার তথা কেন্দ্রীয় সরকার ও পশ্চিমবঙ্গ সরকার প্রথম হতেই এমন একটা ভাব নিয়ে চলছিলেন যাতে করে এই উদ্বাস্তু সমস্যাটা পশ্চিমবঙ্গ সরকার মনে করেছিল, এর সমাধানের ভার কেন্দ্রীয় সরকারের উপর, আবার কেন্দ্রীয় সরকারও মনে করছিল এই সমস্যা পশ্চিমবঙ্গ সরকারের। তাই প্রথম থেকে সমস্যাটার গুরুত্ব তাঁরা উপলব্ধি করেন নি। সেই সমস্যা যখন ক্রমশঃ অচল জটিল অবস্থা ধারন করলো, পূর্ববঙ্গ থেকে উদ্বাস্তু প্রবাহ আসতে আরম্ভ করলো, তখন প্রাতঃস্মরণীয় ডাঃ শ্যামাপ্রসাদ মুখার্জীর অভূতপূর্ব নেতৃত্বে সমস্ত বিরোধী দল একত্রে, তাদের চাপে কেন্দ্রীয় সরকারকে বাধ্য করেছিল মেনে নিতে যে এটা একটা জাতীয় সর্বভারতীয় সমস্যা। তারপর থেকে কেন্দ্রীয় সরকার এবং পশ্চিমবঙ্গ সরকার একযোগে এই সমস্যা সমাধানকল্পে যে নীতি নিয়ে চলেছেন তার মধ্যেও যে কতখানি গলদ আছে, তা বোধ হয় আজ পর্যন্ত উপলব্ধি করেন নি। কারণ, ডাঃ রায় তাঁর বিভিন্ন ভাষণে, ভিন্ন ভিন্ন জায়গায়, বিভিন্ন কনফারেন্সএ কখনও বলেছেন উদ্বাস্তু সংখ্যা ৩০ লক্ষ আবার কখনও বলেছেন ৪০ লক্ষ রিফিউজির কথা। সুতরাং যেখানে স্বয়ং মুখ্যমন্ত্রীর এইরূপ একটা স্বচ্ছ ধারনা নাই—প্রকৃত নিশ্চিত সংখ্যা ঠিক নেই, সেখানে তিনি কি করে সুষ্ঠুভাবে এই বিরাট সমস্যা সমাধান করতে পারবেন তা আমরা বুঝতে পারি না। দ্বিতীয়ত, এই পুনর্বাসনের জন্য ১৯৫২-৫৩ সালে জনৈকা শ্রীমতী রায়, শ্রীমতী মুখার্জী ও এক জনৈক শ্রীমানকে নিয়ে, পশ্চিমবঙ্গ উদ্বাস্তু সমস্যা সমাধানের ভার তাদের উপর চাপিয়ে দিলেন। উদ্বাস্তুরা ভেবেছিল যেহেতু মাতৃজাতির প্রতীক হিসাবে যাঁরা এই সমস্যা সমাধানের জন্য নিযুক্ত হলেন, তাঁরা অত্যন্ত দরদী হবেন এবং তাঁরা অত্যন্ত দরদের সঙ্গে মনপ্রাণ দিয়ে উদ্বাস্তুদের সেবায় আত্মনিয়োগ করবেন। কিন্তু স্পীকার মহাশয়, আপনি জানেন ১৯৫৩ সালে তাঁদের পরিচর্যায় এবং সহায়তায় উদ্বাস্তুরা এমন মুগ্ধ হয়ে গিয়েছিল যে চাঁদমারী ক্যাম্পে শ্রীমতী মুখার্জির * * * *

Sjkta. Purabi Mukhopadhyay: On a personal reference, Sir. I want him to withdraw it immediately. It is a disgrace.

Mr. Speaker: You must withdraw it. This is a very unparliamentary expression. You should be ashamed of your conduct. You must withdraw it.

Dr. Krishna Chandra Satpathi: Yes, I withdraw it.

Sjkta. Purabi Mukhopadhyay: Thank you.

Mr. Speaker: This should be expunged from the proceedings.

Dr. Krishna Chandra Satpathi:

উদ্বাস্তুদের পুনর্বাসনে যেসমস্ত প্রকার ঘুষ ও দুর্নীতি চলতি আছে, তার প্রতিকারের জন্য ঐ বিভাগের মন্ত্রী এবং বিভাগীয় অন্যান্য সরকারী কর্মচারীদের দৃষ্টি আকর্ষণ করেও কোন ফল লাভ হয় নি। এই সম্পর্কে বলতে চাই মেদিনীপুর জেলার এ, আর, ও, অজিৎ রায়ের বিরুদ্ধে একটা ঘুষের চার্জ আনা হয়েছিল, এবং সেইজন্য.....

Mr. Speaker: It has been well settled that names of officers should not be mentioned. These officers are not here to defend themselves. Your charge is against the Minister. The Minister is responsible for the inefficiency or corruption of officers. Your charge is not against a particular

Note.—* * * * * * Expunged by order of Mr. Speaker.

officer but against the administration. That is the parliamentary convention. The officer cannot defend himself against the charge. So, do not name the officer.

Sj. Rakhahari Chatterjee: Without names how can the Minister know?

Mr. Speaker: That is the parliamentary convention. Names are never mentioned. There are 50,000 officers. Those poor officers are not here to defend themselves. So, names should not be mentioned. That is a very good parliamentary convention. Sj. Sudhir Ray Chaudhuri appreciated it and did not mention their names in his speech.

Dr. Hirendra Kumar Chatterjee: May I submit that the Deputy Minister the other day named Adhir Das and he was allowed to do so.

Mr. Speaker: That is why this should be discouraged. But that was in reply to the charge made by Haripada Babu.

Dr. Hirendra Kumar Chatterjee: He pointedly mentioned the name.

Mr. Speaker: A very bad custom is going on here. In the whole of the parliamentary budget debate not a single officer is named. Poor officers cannot defend themselves.

[7-10—7-20 p.m.]

Dr. Krishna Chandra Satpathi:

একটি লোক কর্তৃক এ, আর, ওএর বিরুদ্ধে কতকগুলি ঘুষ নেওয়া এবং অন্য দুর্নীতির অভিযোগ উপস্থিত করা হয় বিভাগীয় অফিসারের নিকট এবং মন্ত্রীমহোদয়ার কাছে। সেখানে বলা হয় ননীগোপাল ঘোষ ২,২৫০ টাকা পেয়েছে ভূয়া দলিলের বলে। সে কথা মন্ত্রীমহোদয়াকে বলা হয়েছে এবং পরে তাঁর কাছে দরখাস্ত দেওয়া হয়েছে, কিন্তু আজ পর্যন্ত তার খোঁজ খবর নেওয়া হল না, প্রতীকার ত দূরের কথা। তারপর ঐ ননীর ভাই ফণি ঘোষ ৫০০ টাকা ঋণ নিয়েছে।

Mr. Speaker: You can name the post of the corrupt officer but not the name of the officer.

Dr. Krishna Chandra Satpathi:

এ অফিসার নয়, উদ্বাস্তুদের নাম করছি।

Mr. Speaker: Please follow my advice. That is all the more reprehensible that you name a gentleman from the public who cannot defend himself here.

Sj. Rakhahari Chatterjee: He is not an officer.

Mr. Speaker: He may be a responsible member of the public. How can be defend himself?

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, the difficulty arises really in this way. If you really want us to tell the instances without which there is no use of our discussing this, how can we place the instances without any reference? And naturally without name reference cannot be made.

Mr. Speaker: If you look at the parliamentary convention as preceded or as advanced from the middle of the twentieth century, you will find that instances can be referred to without naming the persons. That is a very well established tradition of Parliaments everywhere.

Dr. Hirendra Kumar Chatterjee: How can the Minister reply specifically to the case unless the case is mentioned?

Mr. Speaker: The case may be mentioned, but without name. That is the parliamentary practice.

Dr. Hirendra Kumar Chatterjee: Without mentioning the name how can it be specific?

Mr. Speaker: I beg of you to go carefully through all the parliamentary procedures. You will see that in the whole Budget discussion in Parliament not a single officer is named. You can attack the Minister for maintaining corrupt officers, inefficient officers. Why bring in the name of a particular officer? The poor man is not here and he cannot defend himself. I am not establishing any new convention. It is a very well-established convention.

Sj. Sudhir Chandra Ray Chaudhhri: Making reference to any misbehaviour or misconduct of any officer on the ground that he is not here to defend himself cannot, I think, be stopped.

Mr. Speaker: I do not want to stop making any reference. I want you to speak in accordance with the very well-established parliamentary convention not to name the officer.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: We humbly dispute, Sir, the contention that we cannot make any reference of any instance by naming the officer even if he is a corrupt officer. You have so far allowed this in this House.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

তাহলে ডিস্‌কাসন হবে না। যদি আমরা বলতে না পারি যে এই ডিপার্টমেন্টের এই অফিসার এই কাজ করেছেন তাহলে উনি বুঝবেন কি কোরে, আর আমরা কাকে কি বলব, তিনিই বা কি করবেন? এ একটা হাওয়ায় ডিসকাসন হবে।

Mr. Speaker: I would request the members to read, study and see how in very efficient and old established Parliaments the members bring charge against the Minister without naming.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury: On a point of previlege, Sir.

আমি আপনাকে প্রসিডিংস থেকে দেখিয়ে দেব—আমি রেগুলারলি প্রসিডিংস পড়ি—তাতে আছে লীগের আমল থেকে এবং তারপর থেকে প্রত্যেক জায়গায় এই ধরণের অফিসারের নাম করা হয়েছিল, তখন বলা হয়েছিল তাদের পাবলিকএর সামনে এক্‌স্পোজ করার জন্য নাম করা প্রয়োজন। আপনি যদি চান তাহলে আপনি দয়া করে বলুন, আমি প্রসিডিংস থেকে এখনই আপনাকে দেখিয়ে দেব।

Mr. Speaker: There may be a particular officer's case before the House. I beg of you in the interests of the good name of this House, I am appealing to you—because you are creating a bad precedent—look at the House of Commons debate. You will find that it is a very well-established practice that the poor officers should not be named, because they do not get any chance to defend themselves. I am not suggesting anything new.

Sj. Hemanta Kumar Ghosal:

উনি যেটা বলছিলেন সেটা অফিসারের কথা নয়। অফিসারের সম্বন্ধে যেটা বললেন যে জিনিষটা নাম না বোলে নম্বর দিয়ে বলা যেতে পারে। কিন্তু এখানে যে রেফারেন্স দিলেন যে পাবলিক একটা লোন নিলে এবং সে মিথ্যা লোন নিলে তখন নাম করলে দোষের হতে পারে না।

Mr. Speaker: Yes, Dr. Satpathi, you go on with your speech.

Dr. Krishna Chandra Satpathi:

মিথ্যা দলিল উপস্থিত কোরে একজন (আমি কি লোকের নাম বলব না?) ননীগোপাল ঘোষ ২,২৫০ টাকা পেলে। অথচ ঐ একই রেকর্ডে দাগের অন্তর্ভুক্ত জমি আর একজন কোবালা করেছে—জমিদারের নাম পর্যন্তও বলতে পারি—আর একজনে যখন সমস্ত কবলে তাকে বলা হল না, দেওয়া হবে না। কৃষ্ণলাল কর্মকারের বেলা ঠিক ঐ রকম একই জমি একই দাগের জমি কোবালা করেও ঘরের ভিত্তি স্থাপন করেও তাকে লোন দেওয়া হল না, তার কাছে ৫০০ টাকা ঘুষ আদায় করবার চেষ্টা করেছেন মেদিনীপুর সদর মহকুমা এ, আর, ও, সাউথ, আর একটা অত্যন্ত করুণ ব্যাপার তাঁর নাম অমিয়প্রভা মুখার্জি একটি স্ত্রীলোক একলা বাস করেন—তার স্বামী নির্মল মুখার্জি পাগল হয়ে গিয়েছিলেন। আগে তিনি ভাল কাজ করতেন এবং তাঁর চিকিৎসা করেছিলেন ডাঃ এ, কে, রায় চৌধুরী। তিনি নিরুদ্দেশ হয়ে যাবার পর তাঁর স্ত্রী পাঁচ-ছয়টি ছেলেমেয়ে নিয়ে বিপন্ন হন, তারপর এ, আর, ওএর কাছে, এবং মিনিষ্টারের কাছে তদ্বির করেছিলেন, কোন ওয়ার্কসাইড ক্যাম্পএ স্থানান্তরিত করার জন্য এবং যত দিন তা না করেন ততদিন কিছু আর্থিক সাহায্য প্রার্থনা করেন। কিন্তু সেই এ, আর, ও, এসব সত্ত্বেও তার কোন প্রতিকার করেন নি। সার এইরকম দুর্নীতিপরায়ণ অফিসার যদি পুনর্বাসনে নিযুক্ত থাকেন এবং তাদের কুকর্মের জন্য কোন শাস্তি বিধান না করা হয় বা প্রতিকারের যদি কোনরূপ ব্যবস্থা না করা হয় তাহলে এই পুনর্বাসনের ব্যাপারটা একটা হাসাকর ব্যাপারে পরিণত হবে।

তারপর খড়্গপুরের ৬নং ইউনিয়নের রণপাটনি কলোনিতে কতকগুলি উদ্বাস্তুর পুনর্বাসনের ব্যবস্থা করা হইয়াছিল এবং ছোটখাট কলকারখানা করে দেবার কথা ছিল—যাতে তারা উপার্জন করে জীবিকা সংগ্রহ করতে পারে। নিকটেই প্রচুর কলকারখানার উপযোগী জায়গা প্রভৃতির অনুকূল পরিবেশ থাকা সত্ত্বেও সরকারী অবহেলার জন্য আজও পর্যন্ত তা করা হয় নি।

[At this stage the red light was lit.]

আমাকে আর একটু সময় দেবেন।

Mr. Speaker:

আপনার ত ৮ মিনিট হয়ে গেছে। খুব সংক্ষেপে করুন।

Dr. Krishna Chandra Satpathi:

মেদিনীপুরের নারায়ণগড়ে উদ্বাস্তুদের ঘর তৈরী করবার ব্যবস্থা করবেন বলে প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও ঐ ঘুষ দিতে পারেন নি বলে ঐ নারায়ণগড়ের ভূপেশ ভট্টাচার্য ও নরেশ ভট্টাচার্য ঋণ পান নি। প্রত্যেকের নিকট ২০০ টাকা করে ঘুষ চাওয়া হয়েছিল।

আর একটা কথা বলব খড়্গপুর থানার তালবাগিচা কলোনিতে ক্ষুদ্রশিল্প প্রতিষ্ঠান স্থাপিত করবার প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, কিন্তু আজও পর্যন্ত সেখানে কোন ব্যবস্থা হয় নি।

এতে বোঝা যাচ্ছে প্রকৃত উদ্বাস্তুগণের জন্য ঋণের ব্যবস্থা করা হয় তা তারা পায় না, কিন্তু বহুকাল ধরে যাঁরা এখানে বসবাস করছে—আর তাদের মধ্যে বড় বড় সরকারী কর্মচারীও আছেন—তাঁরা উদ্বাস্তু ঋণের টাকা ও প্রাপ্যসুযোগ সুবিধা নানাভাবে আত্মসাৎ করছেন। প্রকৃত উদ্বাস্তুরা বঞ্চিত হচ্ছেন।

[7-20—7-30 p.m.]

এর প্রতিকারের ব্যবস্থা যদি না করা হয় তাহলে উদ্বাস্তু পুনর্বাসনের নামে যত টাকাই খরচ হক্ না কেন তা কোন কাজেই আসবে না। রাখহরিবাবু যে কথা বলেছেন যে সরকারের দুর্বল নীতির জন্য এই পুনর্বাসন ব্যবস্থা সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে, তা সর্বাংশে সত্য। এখানে যেসব রিফিউজি পূর্ব পাকিস্থান হতে প্রতিটি হিন্দু মাত্রেই আসবার জন্য ব্যস্ত হয়েছে—তারা প্রত্যেকেই এখানে চলে আসবে তাদের শুধু ধরে নিয়ে এই পুনর্বাসন ব্যবস্থা না করা হয় তাহলে সম্পূর্ণ চেষ্টা ব্যাহত হবে।

আর একটা কথা, কেন্দ্রীয় সরকারের পুনর্বাসন মন্ত্রী শ্রীযুক্ত খান্না এক বক্তৃতায় বলেছেন যে পশ্চিমবঙ্গের সরকারী কর্মচারী এবং মন্ত্রী দপ্তরের ভিতর নানারকম গলদ থাকার জন্য এই পুনর্বাসন ব্যবস্থা ব্যাহত হচ্ছে। যে কোন সভ্য দেশে এই অবস্থা হলে অধঃস্তন রাজ্যের মন্ত্রীরা আর গদিতে বসে থাকতে পারতো না। কিন্তু আমাদের দেশে কংগ্রেস গভর্নমেন্টের নীতি সম্পূর্ণ স্বতন্ত্র। তার জন্য তাদের কোন দিক থেকেই কোনরকম লজ্জা সরম নেই।

Sj. Biren Banerjee:

সভাপাল মহাশয়, এই রিহ্যাবিলিটেশনএ যে টাকা খরচ হচ্ছে সেই টাকাটা যাতে সৎ ব্যবহার হয় আমাদের লক্ষ্য সেই দিকে। এবং আমাদের তরফ থেকে যে সমালোচনা আমরা করি সেই সমালোচনার লক্ষ্য হচ্ছে যে এটাকে জাতীয় বিপদজনক অবস্থা ধরে নিয়ে যে কোটি কোটি টাকা খরচ হচ্ছে, সেই টাকাটার সৎ ব্যবহার হক এবং অত্যন্ত জরুরী অবস্থা বিবেচনা করে এটা করা হক। ৩০ লক্ষের বেশী বাস্তুহারা এখানে আছে, তাদের রিহ্যাবিলিটেশনএর জন্য যে চেষ্টা হয়েছে তাতে করে আমার বক্তব্য হচ্ছে যে আজ পর্যন্ত রিহ্যাবিলিটেশন কি হয়েছে তার কোন সংজ্ঞা নেই। আমরা যেটা দেখছি সেটা হচ্ছে এই, একটা পরিবারকে কিছু জমি দেওয়া হল, তার সঙ্গে কিছু টাকাও দেওয়া হল, কিন্তু সে সেখানে কিছু খেতে পাচ্ছে কিনা, সেখানে গিয়ে তার জীবিকা সংস্থান হচ্ছে কিনা, সেটা দেখা হয় না। তেমনি যারা অকৃষক, যারা কৃষক নয়, তাদেরও এইরকমভাবে টাকা ও জমি দেওয়া হচ্ছে। বাড়ী ঘর করবার জন্য হাউস বিল্ডিং লোন এবং কিছু ট্রেড লোন দেওয়া হচ্ছে। কিন্তু তাতে তাদের জীবিকার সংস্থান হচ্ছে কিনা সেটা দেখা হয় না। তা যদি না হয় তাহলে আমি বলবো যে এই টাকাটা সম্পূর্ণভাবে সৎ ব্যবহার হচ্ছে না। এবং এর ফলে আমরা দেখতে পাচ্ছি যে তারা সেখান থেকে সব ছেড়ে আসতে বাধ্য হচ্ছে, সেখানকার টিন পর্যন্ত বিক্রয় করে আসতে বাধ্য হচ্ছে। এইত বাস্তব অবস্থা। অবশ্য গত কয়েক বৎসরের মধ্যে এটা অনেক পরিমাণে কমে এসেছে সত্যি কিন্তু তাহলেও এই ব্যাপারে এখনও গলদ আছে, এই গলদগুলি দেখা উচিত এবং এটা আরো অনুসন্ধান করা উচিত। সভাপাল মহাশয়, মাননীয় মন্ত্রীমহোদয়া তার প্রথম বক্তৃতায় বলেছেন এবং এখানে থেকে তার পূর্বের বক্তৃতায়ও আমরা শুনেছি যে বাংলাদেশ একটা সেচুরেশন পয়েন্টএ এসে গেছে, যার জন্য রিফিউজিদের অন্যত্র না পাঠিয়ে উপায় নেই এবং আমরা দেখছিও যে রিফিউজিদের অন্যত্র পাঠান হচ্ছে এবং সুদূর দেশে পাঠান হচ্ছে—কোথায় মহীশূর, কোথায় হায়দারাবাদ, এমন কি আন্দামান, টেরাই অঞ্চলেও তাদের পাঠান হচ্ছে। আমি অবশ্য একথা বলছি না যে বাংলাদেশ থেকে অন্যত্র তাদের পাঠান যাবে না। কিন্তু তার আগে দেখতে হবে—বাংলাদেশে খুঁজে দেখতে হবে যে বাংলাদেশে তাদের সংস্থান হয় কিনা। আমি মন্ত্রীমহোদয়াকে এই কথাই বলতে চাই —যা শ্রদ্ধেয় জ্যোতিবাবু মহাশয় বলেছেন—স্বর্গীয় মেঘনাথ সাহার যে ষ্টেটিষ্টিক্স ছিল—সেই অনুসারে আপনারা দেখুন এখানে আর কিছু জায়গা পাওয়া যায় কিনা। একথা সত্য যে আজকে ধীবর সম্প্রদায়ের বহু লোক রিফিউজি হয়ে এখানে এসেছে, এবং এখানে যেসমস্ত মেছোভেরি আছে তা যদি গভর্নমেন্ট এ্যাকুইজিশন করে তাদের দেয়, তাহলে এরা এদেশেই থাকতে পারে। তাহলে অন্ততঃ ধীবর সম্প্রদায়কে বাইরে পাঠান দরকার হয় না। এইসমস্ত ধীবর সম্প্রদায়ের রিফিউজিদের যাদের বিহার অঞ্চলে পাঠান হয়েছিল তারা ফিরে এসে বলল—আমরা ফরিদপুর অঞ্চলে মাছ ধরেছি, বরিশালের জলে মাছ ধরেছি কিন্তু হাওয়ায় মাছ ধরা যায় এটা আমরা জানতাম না। এগুলি দেখা উচিত। তার আগে আমি বলব যে প্রথমেই একটা জিনিষের উপর জোর দেওয়া উচিত। আমরা জানি এবং মনে করি যে এখানে সবাইকে জমি হয়ত দেওয়া

যায় না। কিন্তু সবাইকে দেওয়া যায় না বলেই এদের বাইরে পাঠান হচ্ছে—এই কথা প্রধানমন্ত্রী মহাশয়ের বক্তৃতায় আছে। সেই অবস্থার মধ্যে তারা অসন্তোষ ফিল করছে বলে সেখান থেকে ফিরে আসছে—অজানা পরিবেশে তারা থাকতে চায় না। এটা তাদের কথাতেই স্বীকৃত আছে। আমি তাই বলব, তাদের বাইরে পাঠানর আগে বাংলাদেশে জমি জায়গা দেখা হোক। তারপর এখানে যে ব্যবস্থা হয়েছে এবং যে টাকা খরচ হচ্ছে তার মধ্যে স্পিডি ইন্ডাস্ট্রিয়েলাইজেশনএর জন্য কোন টাকা খরচ করা হয় নি, যাতে বাংলাদেশে কলকারখানা গড়ে ওঠে এবং সেখানে এই কৃষকদের শ্রমিক হিসাবে এমপ্লয় করা যায়। তাহলে তাদের বাংলাদেশ ছেড়ে যেতে হয় না। আমার প্রথম কথা হচ্ছে যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা যা হয়েছে সেটা বাংলাদেশের পক্ষে সম্পূর্ণ ঢেলে সাজা হোক। এবং তাড়াতাড়ি যাতে ইন্ডাস্ট্রিয়েলাইজেশন হয় তারজন্য প্রচুর টাকা খরচ করা হোক। এই বাংলাদেশ হচ্ছে প্রব্লেম প্রভিন্স সমস্ত ভারতবর্ষের মধ্যে। এখানে যদি তাড়াতাড়ি ইন্ডাস্ট্রিয়েলাইজেশন হয় তাহলে তাদের অন্য প্রদেশে যেতে হয় না এবং তারপরেও যদি তাদের অন্যত্র পাঠাতে হয় তাহলে সে প্রশ্ন ওঠে—তার আগে নয়। এটা না করলে রিহ্যাবিলিটেট কিছুতেই করা যাবে না। আমাদের প্রথম দরকার হচ্ছে—আগের কাজ আগে করতে হবে। আগে জমি দেখুন, আগে বিল, জলা জায়গা দেখুন এবং সঙ্গে সঙ্গে ইন্ডাস্ট্রিয়েলাইজেশন যাতে তাড়াতাড়ি হয় তার ব্যবস্থা করুন। তারপরেও যদি আরও রিফিউজি থাকে তাহলে তাদের বাইরে পাঠান—তার আগে পারবেন না।

তারপর জলা জায়গায় জল সরিয়েছে—যেমন বাগজলায় হয়েছে আর পেঁচে হয়েছে—সেখানকার কৃষকদের সঙ্গে রিফিউজিদের গোলমাল হয়েছে এবং এ জিনিষ বুঝাপড়ার মধ্য দিয়ে করা হয় নি।

[7-30—7-40 p. m.]

অতএব আমার বক্তব্য হচ্ছে যে ঐরকম করবেন না। আমরা দেখেছি, আমাদের নিজেদের অভিজ্ঞতা আছে যে হাওড়ায় জমি উদ্ধার করতে হবে—রিফিউজির নাম করে কৃষকদের জমি নিয়ে টানছেন কেন? সেখানে পাশে রং কলের জমি পড়ে আছে, সেই জমিতে হস্তক্ষেপ করবেন না, তাদের বহু বিঘা জমি পড়ে আছে, সেখানে না গিয়ে কৃষকদের জমি নিয়ে কেন টানছেন? এইরকম বহু জায়গা আছে ঐ সোনারপুর-আরাপাঁচএ জল সেঁচে জমি উঠান হল। যে কৃষক চিরকাল খাজনা দিয়ে এসেছে, সেই জমি সে দখল করতে পারলো না। তারা দেখলো যে বাস্তুহারা আসাতে তাহাদের জমি চলে গেল। এতদিন বাদে গভর্নমেন্ট স্কীম করলেন, স্কীম করে জমি উঠান হল, সেই জমিতে এরা যেতে পারবে না, গভর্নমেন্ট বলছেন বাস্তুহারারা সেখানে যাবে। অতএব গাঁয়ের বাস্তুহারা এবং কৃষকদের সঙ্গে লাঠালাঠি লাগাচ্ছে, অতএব এগুলি করবেন না। যদি স্কীম করেন, সত্যই যদি কৃষকের হাত থেকে কিছু জমি নিতে হয়, তাহলে তাদের গিয়ে বোঝান, আমাদের দুইজন মন্ত্রী উপমন্ত্রী আছেন, তাঁরা গিয়ে তাদের বোঝান, যে বাংলাদেশকে বাঁচাবার জন্য, বাংলাদেশের রিফিউজি সমস্যাকে সলভ করবার জন্য এটা করা হচ্ছে। অতএব সেখানে যদি কিছু অন্যায়ও হয়, তা তোমরা মেনে নিও। এইকথা বলে কেন তাদের বুঝানো যাবে না তা আমি বুঝতে পারি না এবং তারা যদি সত্যই জমি থেকে চ্যুত হয়, তাহলে তাদের অল্টারনেট একমডেশনের ব্যবস্থা করুন।

তারপরে আর একটা কথা বলবো এই যে লোন দেবার ব্যাপারে—আপনারা যেসমস্ত জমি নিচ্ছেন তার টাকা দেওয়ার ব্যাপারে এত বেশী বিলম্ব হয় যাতে করে লোকে ডিসগাস্টেড হয়ে যায় এমন কেসও আমি জানি। যদি মন্ত্রীমহোদয় চান তাহলে আমি ভুরি ভুরি প্রমাণ দেবো। সেই প্রমাণ আমি এখানে উপস্থিত করছি না। দেড় বছর হয়ে গেছে অথচ এখনও পর্যন্ত তারা টাকা পায় নি। জমি তাঁরা নিজেরা দেখেছেন, নিজেরা ঠিক করেছেন, কিন্তু লোন পেতে, জমি পেতে দেড় বছর লেগে যাচ্ছে, তাও তারা পাচ্ছে না। কেন এমন হয়, আপনাদের ত এতসব অফিসারস আছেন, তবুও কেন হল না।

তারপরের কথা হচ্ছে, হাওড়ার দিকে আসুন। আমি দুটো কেস শুধু বলবো, সেগুলি তিনি যেন একটু নোট করে নেন। একটা হচ্ছে হাওড়া স্টেশনে রিফিউজি ক্যাম্প। স্টেশনের

ধারে যে রিফিউজি ক্যাম্প আছে, সেটা কার দায়িত্ব কেউ জানে না। সেখানে আগে মিলিটারী ছিল, তারপর কোন একটা মাড়োয়ারী ভদ্রলোক লিজ নিয়েছিলেন শুনেছি। এখন রিফিউজিরা সেখানে আছে, ন দেবায়, ন ধর্মায়। সে জায়গা গভর্নমেন্টের নয়, অন্য কারো নয়, সে জায়গা কার জানি না। মধ্যে মধ্যে হচ্ছে কি, সেই বেচারীরা দিনের পর দিন, বছরের পর বছর সেখানে জলে ভিজছে, রোদে পুড়ছে, কলেরায় মরছে। যখন কলেরা মড়ক আরম্ভ হয়, তখন আমরা ওঁদের কাছে দরবার করি, ওঁরা বলেন আমাদের লোক নয়। কলেরা হলে কোথায় টীকা দেওয়া, মিউনিসিপ্যালিটির কাছে গিয়ে জলের বন্দোবস্ত করা ইত্যাদি আমাদের করতে হয়। যদি রিফিউজি হয় তবে কেন তাদের রিহ্যাবিলিটেশন হবে না? তাঁরা এখনও ঠিক করতে পারেন নি যে তারা রিফিউজি কি রিফিউজি নয়। তাদের মধ্যে এমন লোকও আছে আমরা জানি যারা কলকাতার বস্তীতে বাস করতো—হরিজন সম্প্রদায় এবং এই হরিজনরা এই কলকাতার বস্তীতে বাস করতো, বিহার অঞ্চলে তাদের একতিলও জমি নেই। এইরকম বহু ফ্যামিলি প্রায় ৫০-৬০টা ফ্যামিলি মুচিপাড়া বা আপার সার্কুলার রোড বা এইসমস্ত জায়গায় বাস করতো। গুণ্ডারা এসে তাদের বস্তী ভেঙ্গে দিয়েছে এবং তারা ঘুরতে ঘুরতে সেখানে গেছে। এখন তাদের কি করবেন বলুন, তাদের বিহারে দিতে পারেন না। অতএব আমরা দেখতে পাচ্ছি যে ১৫ লক্ষ টাকা খরচ করে ঐ রাস্তা তৈরী করা হল আর আজকে চার বছর ধরে সেই রাস্তা হাওড়া ব্রিজের সঙ্গে সংযুক্ত হতে পাচ্ছে না শুধু এই কারণে যে, সেখানে রিফিউজিরা বসে আছে, সে জায়গা কার সেটা এখনও স্থির হয় নি, অথচ সেটা স্পিডিলি করতে কি অসুবিধা আছে, তিন বছর লেগে যাবে কেন?

দ্বিতীয় কথা হচ্ছে হাওড়া-ঘুসুড়ি ট্রানসিট ক্যাম্প। গত বছর শুনেছিলাম এই ট্রানসিট ক্যাম্পটা উঠে যাবে কিন্তু আজ পূতি-গন্ধময় অবস্থায় অনাচার, ব্যাভিচারের মধ্যে সেখানে দিনের পর দিন লোক বাস করছে, তাদের ছেলেপিলে সেখানে হচ্ছে, সব কিছুই হচ্ছে। অতি পূতি-গন্ধময় অবস্থায়, নক্কারজনক অবস্থার মধ্যে তারা বাস করে, প্রায় নরকের চেয়েও অধম অবস্থা। আমাদের মাতৃস্থানীয়া এবং ভগ্নিস্থানীয়া দুইজন আছেন, তাঁদের দয়া করে সেই জায়গাটা অনুসন্ধান করতে বলি, অনুসন্ধান করে নিজেরা চোখে দেখে এসে বলুন সে সম্পর্কে কি করবেন, না করবেন। এই হচ্ছে আমার বক্তব্য। আরো দু-একটা কথা বলার ছিল কিন্তু সময় নেই বলে বলতে পারবো না। সর্বশেষে আমি বলবো যে, প্রব্লেমস যেভাবে এসেছে, ক্রিটিসিজমস যেভাবে এসেছে তাতে যে কোন লেম্যান বুঝতে পারবেন যে এর সমাধান করা তাঁর একার পক্ষে সম্ভব নয়। কাজেই একটা সর্বদলীয় এ্যাডভাইজরী কমিটি করুন, তাহলে আপনারা সমস্ত খবর রেডিলি পেতে পারেন একত্রে বসে সে জায়গা থেকে। আমরা বলি না যে, যে ইনফর্মেশন আমরা দিই তার ১৬ আনা সত্য, কিন্তু যদি তার ১৪ আনাও সত্য হয় তাহলে এক টেবিলে বসলে সেটার অনেক ভালভাবে আলোচনা করা যায়, অনেক ভাল তথ্যও পাওয়া যায়, এবং কাজও অনেক তাড়াতাড়ি করা যায়—তাহলে রিহ্যাবিলিটেশনের কাজও বাংলাদেশে ভালভাবে হবে।

Sj. Jagannath Majumder:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই ডিসপ্লেসড পার্সনদের গ্রান্ট ব্যাপারে আমি বিশেষ করে শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে বলতে চাই কারণ শিক্ষা জীবনকে গঠনমূলক পথের সন্ধান দেয়। আজকে এই খাতে শিক্ষার উন্নতির জন্য যে ব্যবস্থা করা হয়েছে আমি, স্পীকার মহাশয়, আপনাকে বলতে চাই যে বাজেটের মধ্যে আমরা দেখতে পাচ্ছি যে রিভাইজড এস্টিমেটে শিক্ষা ব্যবস্থার জন্য আরো বর্ধিত করা হয়েছে আট লক্ষ ত্রিশ হাজার টাকা, এটা বিশেষ করে প্রাথমিক শিক্ষার কাজে ব্যয় হবে এটাই ঠিক হয়েছে। আগামী বছরের বাজেট যদি আমরা দেখি তাহলে দেখতে পাবো যে মাধ্যমিক শিক্ষার জন্য গ্রান্ট-ইন-এড, স্টাইপেন্ড প্রদান প্রভৃতি এইসবের জন্য বেশী করে খরচ ধরা হয়েছে, ২০ লক্ষ ১৯ হাজার টাকা। আর আগামী বৎসরে দেখা যাচ্ছে যে এই রিফিউজি ছেলেদের প্রাথমিক শিক্ষা যাতে আরো বিস্তারলাভ করে, আরো নূতন বিদ্যালয় হয় তারজন্য ৩২ লক্ষ ৫৫ হাজার টাকা ধরা হয়েছে। শিক্ষা ব্যবস্থার উন্নতি করলে সত্যসত্যই আমাদের দেশের বাস্তুহারা ছেলেমেয়েদের জীবন একটা নূতন গঠনমূলক ধাপে প্রবাহিত হতে

পারে—তারই ব্যবস্থা এখানে করা হয়েছে, এই ব্যবস্থা বাস্তবিকই প্রশংসাই। আজ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকার বাস্তুহারাদের জন্য যে টাকা খরচ করেছেন তার একটা হিসাব দেখলে মনে হবে যে আমাদের এই ডিপার্টমেন্ট রিফিউজি মেয়েদের শিক্ষার ব্যাপারে অতিশয় ব্যগ্র। প্রথমেই দেখা যাচ্ছে যে গভর্নমেন্ট স্পনসোরড প্রাইমারী স্কুলের সংখ্যা হচ্ছে ১১ শো ৬৯টা এবং তার ছাত্রসংখ্যা প্রতি বছর হচ্ছে ১ লক্ষ ৬২ হাজার এবং খরচ হচ্ছে ১ কোটি ৫৭ লক্ষ ৮১ হাজার টাকা। এ ছাড়া ক্যাম্পে প্রাইমারী বিদ্যালয়ের সংখ্যা হচ্ছে ৫৮টা এবং সেখানে ৪৩,১১৫টি ছাত্র পড়ে। আর একটা জিনিষ দেখা যাচ্ছে, যেসব স্কুলে ছাত্রদের মাইনে দিয়ে পড়তে হয় সেইসব স্কুলে সরকারী সাহায্য দেওয়া হয় রিফিউজি ছেলেদের জন্য এবং সেখানে ৬১,৭৫০টি রিফিউজি ছাত্র পড়ে।

[7-40—7-50 p.m.]

এবং তাদের জন্য ১৮ লক্ষ ৫৯ হাজার টাকা খরচ গভর্নমেন্টকে বহন করতে হয়। এই সমুদয় ছাত্র যদি আমরা দেখি তাহলে দেখছি প্রতি বছর ২ লক্ষ ৬৬ হাজার ৮৬৬ জন প্রাইমারী শিক্ষাপ্রাপ্ত হচ্ছে রিফিউজি ছাত্রছাত্রী এবং সমুদয় খরচ হচ্ছে ১ কোটি ৭৬ লক্ষ ৫০ হাজার টাকা। এই হচ্ছে প্রাইমারী শিক্ষার খরচ। এ ছাড়া সেকেন্ডারী স্কুলের জন্য অর্থাৎ মাধ্যমিক বিদ্যালয়ের জন্য সরকার থেকে সাহায্য করা হয়, এবং ইতিমধ্যে ৯টি মাধ্যমিক শিক্ষালয় রিফিউজিরা নিজেরা তৈরী করেছেন। তারজন্য ৫ লক্ষ ৭০ হাজার টাকা দেওয়া হয়েছে। এ ছাড়া আরো দেখা যাচ্ছে, ৮টি স্কুলে বিভিন্ন রিফিউজি কন্সেন্ট্রেটেড এরিয়াতে তাঁরা তৈরী করছেন এবং শীঘ্রই এটা সমাধা হবে। এ ছাড়া আমরা আরো দেখতে পাচ্ছি মাধ্যমিক স্কুল যেসব আমাদের আছে তাতে রিফিউজি ছাত্রদের সংকুলান হয় না এবং ছাত্রসংখ্যা মাধ্যমিক স্কুলে দিনের পর দিন বেড়ে যাচ্ছে। এইরকম ১৯৪টি মাধ্যমিক স্কুলকে ২৭ লক্ষ ২১ হাজার টাকা গ্রান্ট হিসাবে দেওয়া হয়েছে এবং ১৭৪টি মাধ্যমিক স্কুলকে ২১ লক্ষ ৪৫ হাজার টাকা লোন হিসাবে দেওয়া হয়েছে। এ ছাড়া যেসব রিফিউজি ছেলেরা মাধ্যমিক স্কুলে পড়ে, তাদের ভেতর যারা গরীব মেবিটরিয়াস তাদের শিক্ষার ব্যয়ভার সরকার থেকে বহন করছেন। এইরকম ছাত্র-সংখ্যা ২ লক্ষ ১৪ হাজার ৯০৭টি। তাদের জন্য গভর্নমেন্ট খরচ করছেন ১ কোটি ৭১ লক্ষ ১৩ হাজার টাকা। স্টুডেন্ট হেলফ ফর কলেজ এডুকেশন যেসব রিফিউজি ছাত্র কলেজে পড়ে, তাদের পড়বার ব্যবস্থা সরকার করছেন এবং বহু ছাত্রকে লোন দেওয়া হয়েছে। যেসব ছাত্রকে লোন দেওয়া হচ্ছে বা বই কিনবার জন্য টাকা দেওয়া হচ্ছে এইরকম ছাত্রসংখ্যা হচ্ছে ১,৬৯২ জন। সরকার তাদের জন্য খরচ করছেন ২ লক্ষ ৯৯ হাজার টাকা। এবং কলেজে যেসব স্টাইপেন্ড দেওয়া হয় সেই স্টাইপেন্ডপ্রাপ্ত ছাত্রসংখ্যা হচ্ছে ৫,৭৬৭ এবং ১৪ লক্ষ ৪৯ হাজার টাকা স্টাইপেন্ডের জন্য ছাত্রদের সাহায্য করা হয়েছে। এ ছাড়া নূতন কলেজ স্থাপনের জন্য প্রচেষ্টা করা হচ্ছে। ডিস্পার্সেল স্কীমএ এবং প্রাইভেট কলেজএও টাকা সাহায্য করবার ব্যবস্থা করা হচ্ছে প্রায় ৫ লক্ষ ৪২ হাজার টাকা সাহায্য করা হয়েছে। এ ছাড়া মেডিক্যাল স্টুডেন্ট এবং টেকনিক্যাল স্টুডেন্টদের জন্য খরচ করা হচ্ছে প্রায় ৬০ লক্ষ টাকা। মেডিক্যাল এবং টেকনিক্যাল স্টুডেন্টদের প্রায় ১৮ হাজার ছাত্রছাত্রীদের সাহায্য করা হয়েছে। পোস্টগ্রাজুয়েট স্টুডেন্টদেরও সাহায্য করা হয়—প্রায় ১ হাজার ছাত্রছাত্রীকে আড়াই লক্ষ টাকা সরকার থেকে সাহায্য করা হয়েছে লোন এবং স্টাইপেন্ড দিয়ে। এ ছাড়া আমরা দেখতে পাচ্ছি বৃত্তিকরী শিক্ষা দেবার জন্য কতকগুলি ব্যবস্থা রয়েছে এবং ৭,৮৩৭ ছাত্রছাত্রীর বৃত্তিমূলক শিক্ষার ব্যবস্থা করা হয়েছে। ভোকেশন্যাল এ্যান্ড টেকনিক্যাল ট্রেনিং যারা পাচ্ছে এইরকম শিক্ষাপ্রাপ্ত ছাত্রছাত্রীর বর্তমান সংখ্যা হচ্ছে ২০,৪২৩—এরা এই প্রডাকসন সেন্টারএ গিয়ে নানারকম কার্যকরী ট্রেনিং পাচ্ছে। এবং এইরকম উদ্বাস্তুদের শিক্ষা ব্যবস্থা সরকার করেছেন। এই বাবদও অনেক বেশী খরচ করছেন। এবং এইভাবে উদ্বাস্তু ছাত্রদের মানসিক শক্তি গঠন করবার জন্য চেষ্টা করা হচ্ছে। তারপর নূতন কলেজ তৈরী করবার ব্যবস্থা করা হচ্ছে উদ্বাস্তুদের জন্য। তার ভেতর আমরা শুনেছিলাম নদীয়া জেলাতে মেয়েদের দুটা কলেজ হবে—একটি নবদ্বীপে এবং আর একটি কৃষ্ণনগরে এবং আমরা এখন শুনছি রিফিউজি ডিপার্টমেন্ট থেকে সেটা রেকমেন্ড করা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার অনুমোদন করেন নি। চব্বিশপরগনা এবং কলকাতায় এই

রিফিউজির সংখ্যা যথেষ্ট হলেও পশ্চিমবঙ্গের অন্যান্য জেলার চেয়ে নদীয়াতে রিফিউজির সংখ্যা সবচেয়ে বেশী। এবং এই অসম্ভব রিফিউজি কন্সেন্ট্রেশনএর জন্য কৃষ্ণনগরে এবং নবদ্বীপে একটি করে মেয়েদের কলেজ করা অত্যন্ত দরকার। সেজন্য এই বিভাগকে আমি সাজেসন করছি যাতে তারা এই জিনিষটা সম্বন্ধে কেন্দ্রিয় সরকারের সঙ্গে পত্রালাপ করেন এবং নদীয়া জেলাতে দুইটি না হোক অন্তত একটি যেন মেয়েদের কলেজ স্থাপন করা হয়। আমরা জানি যে ২৫০টি রিফিউজি স্পোনসোর্ড প্রাইমারী স্কুল হবে। আমরা আশা করতে পারি এর ভেতর কিছু-সংখ্যক স্কুল যেন নদীয়া জেলায় হয়। নদীয়া জেলাতে প্রায় ১২শো গ্রাম আছে এবং প্রত্যেক গ্রামে যদিও স্কুল আছে তা সত্ত্বেও যেসমস্ত জায়গায় রিফিউজি কন্সন্ট্রেশন হয়েছে সেই সমস্ত জায়গায় যাতে এই সমস্ত স্পোনসোর্ড স্কুল হয় তারজন্য অনুরোধ জানাচ্ছি। আর দু-একটি কথা বলে আমার বক্তব্য শেষ করবো। নদীয়া জেলাতে উদ্বাস্তু সমস্যা প্রচন্ড এবং প্রচুর এবং যেভাবে উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে তাতে সমস্যার যে অনেকখানি সমাধান হয়েছে তাতে কোন সন্দেহ নেই। কারণ এবারকার রিফিউজি খাতে ব্যয় বরাদ্দের আলোচনায় দেখা যাচ্ছে যে চড়া সুর আর নেই, খাদে নেমে গেছে। আমাদের শ্রদ্ধেয় হরিপদবাবু বেশ ভালভাবেই বক্তৃতা দিয়েছেন। তার কারণ সকলেই এটা জানেন যে নদীয়া জেলায় উদ্বাস্তুদের কাজ যেন ভালভাবেই হচ্ছে। নদীয়া জেলা একটা ক্ষুদ্র জেলা এবং সেখানে কোন শিল্প নেই এবং ৮ লক্ষ অধিবাসী এবং প্রায় সমসংখ্যক—৮ লক্ষের মত রিফিউজি সেখানে এসেছেন। এত বাধাবিপত্তি সত্ত্বেও এই রিফিউজিদের পুনর্বসতি যেভাবে হয়েছে, তা সত্যই প্রশংসাই। আমরা কংগ্রেসীরা গঠনমূলক কাজ করে থাকি, শুধু বাক্যবিন্যাস করে সমালোচনা চালাই না। সেজন্য আমি অনুরোধ করবো প্রত্যেক বিরুদ্ধ পক্ষের বন্ধুদের যে যদি সত্যিকারের কাজ দেখতে চান তবে নদীয়া জেলাতে চলুন। হয়ত আমাদের কাজে কিছু ভুলচুক থাকতে পারে কিন্তু আমরা এদের আন্দোলনের ভেতর টেনে নিয়ে ধ্বংসের পথে এগিয়ে নিয়ে যাবার প্রচেষ্টা করি না। আমি আপনাদের কাছে অনুরোধ করবো যদি সংগঠনের পথে এদের নিয়ে যাওয়ার সদিচ্ছা থাকে তাহলে চলুন আমার সঙ্গে আমার জেলাতে। আমরা আপনাদের দেখিয়ে দেবো যে মুসলমানদেরও কিভাবে আমরা পুনর্বসতির ব্যবস্থা করেছি এবং কিভাবে আমরা শান্তি স্থাপন করতে পেরেছি। বৃথা সমালোচনা করে আমরা উদ্বাস্তুদের উদ্বাস্ত করে তুলি নি।

[7-50—8 p.m.]

Sj. Dasarathi Tah:

অধ্যক্ষ মহোদয়, উদ্বাস্তু পুনর্বাসন বিভাগ যে উদ্বাস্তুদের কৌশলে নির্বংশ করার বিভাগ সেটা আজ আমাকে দুঃখের সঙ্গেই বলতে হচ্ছে। আমি এই হাউসের সকলকে আহ্বান করছি যে কি চমৎকার পুনর্বাসনের ব্যবস্থা বর্ধমান ভূমিতে হচ্ছে সেটা একবার দেখবেন চলুন। ওয়ার্ক সাইট ক্যাম্পের চার হাজার উদ্বাস্তুর—গলসী থানার সাকো, উড়ো এবং সারুল—আজ এই তিনটি জায়গায় দেড় মাস ধরে তাদের খাদ্য বন্ধ করে দেওয়া হয়েছে। অধ্যক্ষ মহোদয়, জেলখানার মধ্যে রাখলে যদি কোন কয়েদী এক বেলা খাদ্য বন্ধ করে দেয় তাহলে তাকে জোর করে খাওয়াবার ব্যবস্থা আছে, কিন্তু যেখানে এই ওয়ার্ক-সাইড ক্যাম্পের অসহায় নরনারী ও শিশুদের খাদ্য একমাত্র নির্ভর করে সরকারের উপর সেখানেই খাদ্য বন্ধ করে দেওয়া হয়েছে। যেখানে আমাদের মাননীয় সদস্যগণ এই তিনটি মন্ত্রীদের মাতাভগ্নী ইত্যাদি বললেন তাঁদেরই অধীনে আমরা দেখলাম যে চার হাজার উদ্বাস্তু আজ দেড় মাস ধরে অনশনে পড়ে আছে। উড়ো ওয়ার্ক-সাইট ক্যাম্পের পঞ্চানন গোলদার অনাহারে ৫ই মার্চ মারা গেছে এবং সাঁকো ক্যাম্পের কচিবালা সারুই অনাহারে ৭ই মার্চ মারা গেছে, কিন্তু মন্ত্রী জননীরূপা রেণুকা দেবী কন্যা বা ভগ্নী স্থানীয়া পূরবী মুখার্জি এবং ভ্রাতৃ স্থানীয় শ্রীবিজেশ সেনকেও আজ পর্যন্ত সেখানে দেখলাম না। আমি এই জায়গায় বলব যে গণতন্ত্র ও প্রজাতন্ত্র রাষ্ট্র যাঁরা বলে থাকেন তাঁরা সেখানে গিয়ে একবার দেখে আসুন যে কি অবস্থা হচ্ছে। এঁরা এর উপরেও সেখানে একজন নাবালক জেলা ম্যাজিস্ট্রেট রেখেছেন। যদিও আমার বয়স কম, কিন্তু চুল পাকিয়ে ফেললাম এবং অনেক ম্যাজিস্ট্রেট দেখলাম যে তাদের হৃদয় আছে, ভালবাসা আছে, সৌজন্য আছে। আমি এই ম্যাজিস্ট্রেটের সঙ্গে দেখা করতে যাই নি, কিন্তু বর্ধমানের যেসব বিশিষ্ট জননেতারা দেখা করতে গিয়েছিলেন তাঁদের মুখের দিকে চেয়ে তিনি আবার কথা বলেন নি, তাচ্ছিল্যভাবে

টেবিলের দিকে মুখ রেখে গোঁজ হয়ে কথা বলেন। তাই বলি যে যদি মনে করেন যে সেই অফিসারের উপর নির্ভর করে আপনাদের সবকিছু চলবে তাহলে হবে না—সেখানে অবিলম্বে একজন হৃদয়বান এবং বিচক্ষণ শাসক দিন যাঁরা একটু মিষ্টি কথা বলতে পারেন।

বর্ধমানের জেলাশাসকের আদালতের বারান্দায় আজকে সেখানে প্রায় ২৪ দিন ধরে অনশন করে ১৪ জন শুকিয়ে শুকিয়ে মরেছে এবং তাদের ছবিও আমার কাছে আছে। সেখানে তাদের কাছে গিয়ে তিনি একবার মানবতার খাতিরেও বলতে পারেন না যে দেখ তোমরা কাজ কর, মাটি কাটা নীতিটাকে তোমরা যদি স্বীকার করে নাও তাহলে তোমাদের দশ দিনের খাদ্য আমি আজকেই দিচ্ছি। কিন্তু তিনি বলছেন ওরা মরুক, ওদের মরতেই হবে। সেখানে বিভিন্ন প্রকার রিফিউজি রেখেছেন, এবং ট্রানজিট ক্যাম্পে বিভিন্ন প্রকারে রিফিউজিদের রেখে তাদের বসিয়ে বসিয়ে খাওয়াচ্ছেন। আর একসংগে তথাকথিত ভদ্রলোক এবং চাষী যারা ছিল তাদের এনে বলছেন যে যারা মাটি কাটা জাতের চাষী তারা কোদাল পাড়, আর যারা চাষী নয় তারা কোদাল পাড়বে না। এবং তাদের কিছুদিন পরে অল্পে অল্পে সরিয়ে কোদাল দিয়ে মাটি কাটান হল। কোদাল পাড়া ভাল, মাটি কাটা ভাল যদি মন্ত্রীমহাশয়রা এবং আমরা সকলে গিয়ে কাটি তাহলেই সেটা ভাল। কেউ এই কাজকে অসম্মানের বিষয় মনে করবে না। তাদের যদি বলা হয় যে ২৫-২০ দিন মাটি কাট তাহলেই তোমাদের পুনর্বাসন দেব, কিন্তু তাত হয় নি। বরং আজ পর্যন্তও তাদের পুনর্বাসনের কোন ব্যবস্থা হয় নি। মাটি কাটায় তারা অভ্যস্ত নয় —যদি তাদের চাষের কাজ দেওয়া যেত, মেয়েদের যদি ধান কোটার কাজ দেওয়া যেত তাহলে তারা হয়ত পারত। কিন্তু সেখানে শুধু এলোপাথাড়ি মাটি কাটা নয়—ডি, ভি, সির নৌভিগেবল চ্যানেলএর জন্য ইঞ্চি গজ ইত্যাদি ধরে মাটি কাটতে হবে। অনভ্যস্ত ও অনভিজ্ঞদের দিয়ে মাটি কাটিয়ে পয়সা দিবার সময় হিসেব করে দেখা গেল কিনা শতকরা দশ টাকা করে তাদের পাওনা কেটে রেখে বাকি টাকা দেওয়া হয়েছে এবং অধিকাংশ স্থলে যে মজুরী তাতে যে বেশী রোজগার করেছে সে পেয়েছে ছয় আনা, আর যে কম রোজগার করেছে সে পেয়েছে এক আনা। সেখানে এই অবস্থা চলছে। অতএব আমি বলি যে যে মাটি কাটার কাজ দেওয়া হয়েছে তাতে যদি তারা বদমাইসী করে মাটি না কাটে, যদি কেউ অন্যায় করে তাহলে তাকে গ্রেপ্তার করে বিচার করে জেল দাও কিন্তু তাকে অবলম্বন করে তার ফ্যামিলিতে যেসমস্ত শিশু, বৃদ্ধ ইত্যাদি, যারা আছে তাদের উপর নিপীড়ন করে হৃদয়হীনভাবে তাদের খাদ্য বন্ধ করে দেওয়া অন্যায় এবং অমানুষিক ব্যাপার বলে আমি মনে করি। তাদের জীবনদীপ নিভে যাওয়ার উপক্রম হয়েছে, কিন্তু এখনও সময় আছে বলে আমি মন্ত্রীমহাদয়কে অনুরোধ করেছি যে তিনি তৎপর হয়ে গিয়ে এর একটা সুব্যবস্থা করুন।

আজ সেখানে হাঙ্গার স্ট্রাইক যারা করছে তাদের কথাই শুধু বললাম। বঙ্কিমবাবুও সেদিন সেখানে গিয়েছিলেন এবং সেখানকার জনসাধারণ তাঁকেও এইসব দেখিয়েছে। অধ্যক্ষ মহোদয়, আমি এইটুকুন বলতে চাই যে বর্ধমানের পুনর্বাসন ব্যবস্থার সংগে আমি বিশেষভাবে পরিচিত এবং আমরা সরকারের বিরোধী হতে পারি, কিন্তু আমরা মনে করি যে যতদিন পর্যন্ত না পশ্চিমবাংলার উদ্বাস্তু সমস্যার সমাধান হচ্ছে ততদিন পর্যন্ত কোন বাঙ্গালী স্থির থাকতে পারবে না—তার অর্থনৈতিক ও সামাজিক কাঠামো সমস্ত ভেঙ্গে চুরমার হয়ে যাবে। এত বছর ধরে পুনর্বাসনের যে ব্যবস্থা করছেন, চার বছর ধরে যেসব বড় বড় কাজ করেছেন বলছেন কিন্তু এমন মানুষ ক্যাম্পে পচছে। যেরূপ ধরণের তাঁবু তাদের দিয়েছেন তার কিছু তথ্য আমার কাছে আছে। মন্ত্রীমহাশয় আপনি ঘাড় নাড়লে চলবে না—আমি হাতে-কলমে সেইসব জায়গায় গিয়ে দেখিয়ে দেব এবং সেইসব ক্যাম্পের হিসাব আমি নখদর্পণে রেখেছি। যদি বিশ্বাস না হয় তাহলে আপনি নিজে সেখানে গিয়ে দেখুন যে কি অবস্থায় তারা সেখানে রয়েছে। সেখানে ক্যাম্পে দারুণ রৌদ্রের মধ্যে মানুষের চোখ ঝলসে যায় এবং ঠাণ্ডা যখন পড়ে তখন তাদের গায়ে সেটা ফোটে। সেখানে একটা রোগের উদ্ভব হয়েছে কিন্তু এই রোগের কোন চিকিৎসার ব্যবস্থা নেই। একজন ডাক্তার আছেন কিন্তু সেখানে কোন ঔষধ-পত্র নেই। সেখানে একটাও হাসপাতাল নেই যে লোকটা কিসে মারা গেল, কি হল—তার প্রমাণ পর্যন্ত পাবার কোন উপায় নেই। চীৎকার করে কাঁদছে যে হাঁটু থেকে আরম্ভ করে পায়ের নিচু

পর্যন্ত একটা সাংঘাতিক যন্ত্রনা হচ্ছে, কিন্তু এমন একটা অসুখ সেটা যে কি অসুখ আজ পর্যন্ত তার নির্ণয় পর্যন্ত হোলো না। আপনারা হয়ত মনে করেছিলেন যে দেড় মাস ধরে যদি তাদের খাওয়া বন্ধ করে দেওয়া যায় তাহলে তারা ত হাওয়া খেয়েই থাকতে পারে। কিন্তু তা হবার নয়। দুজন পর্যন্ত যদি অনাহারে অনশনে থাকে তাহলে ভিক্ষে করে তাদের দেওয়া যায়, কিন্তু সেখানে যদি হাজার লোক অনশন করে থাকে, তাদের খাদ্য যদি বন্ধ করে দেওয়া হয় তাহলে তাদের চারিদিকের গ্রামের লোকেরাই বা কি করে এই দৃশ্য দেখবে? তারা নিতান্ত ভদ্রলোক তা নাহলে তারা এতদিনে ডাকাতি, খুন, জখম ইত্যাদি আরম্ভ করত। পাল্লা ক্যাম্পে কিছু সমস্যার সমাধান হয়েছে—সেখানেও এই অবস্থা হয়েছিল এবং সেখানে টিয়ার গ্যাস, লাঠি চার্জ করে বিক্ষোভ থামাতে হয়েছিল। আমি এই কথা বলি যে যারা বাধ্য হয়ে ঘর ছেড়ে দিয়ে চলে আসে তাদের কখনও কি মাথার ঠিক থাকে? তাদের স্ত্রীপুত্র পরিবারকে নিয়ে তাদের চেটাই তৈজসপত্র নিয়ে, নিশ্চয় তারা পশ্চিমবাংলার মাঠে প্রান্তরে বনজঙ্গলে প্রমোদ ভ্রমণ করতে আসে নি। সুতরাং অসুস্থ মস্তিষ্ক তাদের আছেই, কিন্তু তাদের কেমন করে মানিয়ে নিয়ে কাজ করতে পারা যায়, কেমন করে মানিয়ে গুছিয়ে সেই জায়গায় তাদের পুনর্বাসন করতে পারা যায় তার ব্যবস্থা করা উচিত। এতদিন পর্যন্ত যেখানেই পুনর্বাসনের ব্যবস্থা সরকার করেছেন সেটা সেখানে নামেমাত্রই করেছেন। ঘর তৈরী করে দিয়েছেন, কিন্তু তাদের পেশা কোথায়—কোথায় মিল কারখানা করে তাদের কাজ দিয়েছেন? কাজেই সমস্ত জায়গায় একটা হাহাকার চলছে? আমি সেজন্য বলছি যে আপনারা বলুন যে আমার বর্ধমান জেলায় কোথায় তাদের কি কাজ দিয়েছেন, অথচ সেই জায়গায় বহু লোককেই পুনর্বাসন দিয়েছেন বলছেন। আমরা জানি যে আপনি জমি দেবার কথা বলেন এবং ওয়ার্ক-সাইট ক্যাম্পে বলেছেন যে তোমরা যেহেতু চাষী এবং মাটির সঙ্গে থাক সেহেতু তোমরা মাটি কেটে চাষবাস করতে পার। আমরা ধরে নিলাম সেই যুক্তি, এবং তাদের জমি দেবার প্রতিশ্রুতি দিয়েছেন কিনা জানি না—তারা বলে যে প্রতিশ্রুতি দিয়েছেন, হয়ত কাগজে কলমে দেন নি, মুখেই দিয়েছেন—আপনাদের ঘোষিত নীতিই আছে যে আপনারা জমি দেবেন, কিন্তু এই দেশের যারা ভূমিহীন তাদেরও জমি দেননি, যারা এসেছে তাদেরও দেন নি। কারণ আপনারা বলেন যে জমি নেই।

[8—8-10 p.m.]

মন্ত্রীমহাশয়, আপনি দার্জিলিংএ কনফারেন্সে বলেছিলেন যে ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড খণ্ড কিছু জমি যা আছে তা দেওয়া যেতে পারে, কিন্তু যে জমি আছে তাতে আমি বর্ধমানের একটা কথাই বলি। সেখানে দামোদরের বন্যা নিয়ন্ত্রণের ফলে কাঠগোলার ঘাটে কয়েক হাজার বিঘা জমি উত্থিত হয়েছিল এবং স্থানীয় লোকেরা ও উদ্বাস্তুরা চাষবাস করবার জন্য কিছু জমি চেয়েছিল কিন্তু স্থানীয় লোকেদের দেওয়া হল না এবং উদ্বাস্তুদের তাড়িয়ে দিয়ে নবদ্বীপের গংগার চড়া থেকে সেই জায়গায় বিহারী চাষী আমদানি করা হল। বিহারী চাষীরা বর্ধমান কংগ্রেসের প্রশ্রয়ে জাতীয় পতাকা উড়িয়ে সেই জায়গায় জবরদখল করে চাষ করছে। তাহলে আপনি বুঝুন যে বিহার বাংলা এক হওয়ার প্রস্তাবটা কি বহুদিন থেকে কল্পিত নয়? সেখানে জেলা কংগ্রেসের সভাপতি জনাব আবদুস সত্তার—আপনি নাম করতে নেই বলেছিলেন, কিন্তু আমি মনে করি যে নাম মাহাত্ম্য না থাকলে হয় না এবং আমার ঠাকুরদাদা মরবার সময় বলেছিলেন যে সময় পেলেই নাম করবে, সেজন্য নাম না করে পারলাম না। সেজন্য বলছি যে আবদুস সাত্তার সেখানে, সেই চড়ায় গিয়ে আপনার প্রতি কিরকম আনুগত্য দেখিয়ে বক্তৃতা করে বলেছেন যে তিনি আবার জেলা কংগ্রেসের সভাপতি, প্রাদেশিক কংগ্রেসের একজন হোমরাচোমরা এবং লোকসভার অন্যতম সদস্য তিনি বলেছেন, কোনদিন হয়ত দেখিব রাইটার্স বিল্ডিংএ পুনর্বাসনমন্ত্রী রেণুকা রায় উদ্বাস্তুদের ঐ জমিগুলি বিলি করিয়া দিয়াছেন। রায়না থানার যেখানে দামোদরের বন্যায় বহু পরিমাণ জমি হেজে গিয়ে আজ ১০০ বছর পরে উত্থিত হয়েছে সেখানে এক জনসভায় আবার তিনি ভাষণে বলেছেন যে স্থানীয় লোকেরা তোমরা এই জমি দাবি কর এবং আমরাও তাই চাই। এখানেও তিনি বক্তৃতায় বলেন, কোনদিন হয়ত দেখিব যে সেখানে রেণুকা রায় মহোদয়া বাঙ্গালীদের বিলি করে দিয়েছেন। সেখানে শুকলাল কার্নানীর জমিদারী ছিল সেটা সব বিলি হয়ে গেল। শুকলাল কার্নানীর সেটা জমিদারী ছিল এবং এখন সেই জমিদারী খাস হয়েছে। রায়না থানায় শ্রী কার্ণানী ঐ জমি দিয়ে বলিয়ারপুর গ্রামে একটা হেলথ সেন্টার করবার জন্য

সরকারকে ঐ জমি দেবার কথা বলেছিলেন। উদ্বাস্তু বিভাগ হ'তে ঐ জমি নিয়ে যে টাকা হবে তাতে ঐ হাসপাতাল হবে। আর ও'দের লিস্টেও বোধ হয় আছে যে এই যে জমিগুলি উত্থিত হয়েছে এইগুলি উদ্বাস্তুদের দেওয়া হবে। আমরা অবশ্য বলি যে যেখানে যাদের ১৪ পুরুষের জমি ছিল এবং হাজা জমির খাজনার দায়ে আজ তারা ভূমিহীন সেই জায়গাই ঐ জমি তাদেরই দেওয়া হোক। কংগ্রেস স্থানীয় চাষীদের হাতে যদি জমি প্রকৃতই দিতে চান, তাহলে তাদের হাতেই যখন গভর্নমেন্ট তখন অনায়াসেই দিতে পারেন। উদ্বাস্তু পুনর্বাসনের জন্য যে জমির কথা বলেন সে জমি আপনাদের লিস্টে আছে বা খাতায় আছে তাতে কি সেই জমিগুলিকে আপনারা লিস্টভুক্ত করেছেন? অতএব আমরা দেখছি এক জায়গায় বিহার প্রীতি এবং আর এক জায়গায় অন্য রকমের প্রীতি, সেজন্যে আমরা এই বিষয়ে আপনার কাছ থেকে একটা স্পষ্ট জবাব চাই। অন্যদিক দিয়ে আমি এই কথাই বলব যে আপনারা যেভাবে পুনর্বাসন করছেন তাতে পুনর্বাসন হবে না। আর যদি এইভাবে চলেন তাহলে কি এই নীতি যে—যেমন সেদিন স্বাস্থ্যমন্ত্রী অমূল্যবাবু বলেছেন যে দেশে রোগ নেই, মৃত্যুসংখ্যা কম। লোকসংখ্যা জন্মনিয়ন্ত্রণ করে আমদানী কমিয়ে দিয়ে এবং পঞ্চাশের উর্ধের লোককে মেরে রপ্তানী বাড়িয়ে সমস্যার সমাধান হবে কি? তাই কি তাঁহারা উদ্বাস্তুদের মেরে ফেলবার জন্য ষড়যন্ত্র করছেন? সেজন্য এই বিষয়ে আমি আপনার কাছ থেকে বিশেষ করে জানতে চাই। পাকিস্তান যখন সৃষ্টি হয়েছিল তখন আপনারা প্রতিশ্রুতি দিয়েছিলেন যে পাকিস্থানের সব হিন্দুকে এখানে দরকার হলে স্থান দেবেন এবং বর্তমান সেখানকার গভর্নমেন্ট মুখপাত্রদের যে রীতিনীতি তাতে তারা সবই নারদের নিমন্ত্রণের মত এখানে চলে আসবে এবং তাদের স্থানও দিতে হবে। অতএব কত লোককে যে নিমন্ত্রণ করেছেন সেটা ত আপনারা জানেন এবং সেই হিসেবেই তাহলে তাদের যে ব্যবস্থা করতে হয় করুন। আমি মনে করি যে সেন্ট্রাল গভর্নমেন্ট আপনাদের তিনজন মন্ত্রীর প্রত্যেকের প্রতি অবিশ্বাস করে। যাই হোক আমরা মনে করি যে উদ্বাস্তুদের জন্য ভেবে ভেবে আপনারা দিন দিন শুকিয়ে যাচ্ছেন, কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্ট মনে করেন যে আপনারা খেয়ে খেয়ে ফুলে উঠছেন এবং সেজন্যেই এমন একটা মন্ত্রীকে তাঁরা পাঠালেন যার নাম খান্না (খান্না)—[হাস্য রোল]। কিন্তু সেই খান্নাকে পাঠিয়ে দিয়েও কোন কিছুরই এতটুকুনও অদলবদল হয় নি।

তারপর আপনার ডিপার্টমেন্ট উদ্বাস্তু ডিপার্টমেন্ট বলেই জানি, কিন্তু সেদিন হরিপদবাবু যেসব ছবির কথা বলেছেন তাতে দেখছি যে এটা একটা আর্ট-এর ডিপার্টমেন্ট হয়েছে। অর্থাৎ সেখানে দেখছি যে দিগ্‌বসনা রক্ষে কালীর ছবি সব তোলা হচ্ছে এবং তার কালচারও হচ্ছে। সুতরাং আপনার উদ্বাস্তু বিভাগে যেসব বাস্তুঘুঘু আছে তাদের নাম করতে নাই—সেগুলিকে যদি আপনি না দূর করতে পারেন তাহলে ভাল কাজ কি করে হবে। ঐ যে নাকি নাম করতে নেই শ্রীরমাপতি বসু, জয়েন্ট কমিশনার ও জয়েন্ট সেক্রেটারী, সম্বন্ধে কিছু বলব। প্রথমে তিনি ডেপুটি কন্ট্রোলার অব মুভমেন্টরূপে নন-গেজেটেড হয়ে এসে ডাবল, ট্রেবল প্রমোশন পেয়ে রহস্যজনকভাবে এ্যাসিস্টান্ট ফাইনান্স এ্যাডভাইজার পদে উন্নীত হলেন এবং আবার কিছুদিন বাদে তাঁকে ডেপুটি ফাইনান্স অফিসার করার পরে ফাইনান্স অফিসার করা হল—শেষে এখন তিনি জয়েন্ট কমিশনার ও জয়েন্ট সেক্রেটারী হয়ে আছেন। কিন্তু তিনি একজন সাধারণ জ্ঞানসম্পন্ন লোক, ফ্যাইন্যান্স ব্যাপারে তাঁর আলাদা কোন ডিগ্রি বা জ্ঞান নেই। এ ছাড়াও তিনি আবার স্টেট ট্রান্সপোর্টএর ফাইনানসিয়াল এডভাইসর। নদীয়ার শান্তিগড় কলোনীর একটা বিরাট দুর্নীতির ব্যাপারে তদন্তের সময় যেসব সংশ্লিষ্ট লোকের সঙ্গে যোগাযোগ করে রিপোর্ট দেন তাতে শুনেছি যে শ্রদ্ধেয় ডাঃ বিধান চন্দ্র রায় নাকি তাঁকে বলেছিলেন যে তুমি আবার কবে ফাইন্যান্স সেক্রেটারী হলে? তিনি শেয়ার মার্কেটে দালালী করেন শুনে দুর্নীতিদমন বিভাগ তাঁর পেছনে লাগলেন এবং ব্যাঙ্কএর এ্যাকাউন্ট দিয়ে কেমন করে ধরা যায় তার চেষ্টা হতে লাগল। কিন্তু তিনি অত্যন্ত ঘোড়েল লোক বলে ব্যাঙ্ক এ্যাকাউন্টএর যিনি ব্যাঙ্কার তাঁর সঙ্গে বৈবাহিক সূত্র করে ফেললেন। অর্থাৎ তাঁর নিজের বিলেত ফেরত ছেলেকে তাঁকে দিয়ে তাঁকে কন্যা দায় থেকে উদ্ধার করলেন এবং নিজের ব্যাঙ্কের দুর্নীতির দায় থেকে উদ্ধার পেয়েছেন বলে আমরা রিপোর্ট পেয়েছি। কাজেই আপনারা এগুলো দেখুন। তিনি আবার তাঁর নিম্নতম কর্মচারীদের মধ্যে যেগুলি মনিমাণিক্য তাদেরও এইসব বিষয়ে টেনেছেন। যেমন নাম করতে

নেই শেখরেন্দ্র নাথ ঘোষ, এস, ডি, আর, ও,—তিনি নানাবিধ দুর্নীতির ব্যাপারে ধরা পড়ার উপক্রম হওয়ায় আমাদের বর্ধমানের রাজবাড়ীর গোলাপবাগে ভবঘুরের যে আড্ডা হয়েছে সেই ভবঘুরের আড্ডাতে এঁকে পাঠিয়ে দেবার ব্যবস্থা করছেন। তিনি নাকি অনেক সংখ্যক টি, এ, বিল বিপুল আকারে আত্মসাৎ করেছেন বলে রিউমার আছে এবং তার জন্যে নাকি প্রসিডিংও হয়েছিল কিন্তু কোন উপায়ে তাঁর ফাইল চাপা পড়েছে। এইসব বিষয়ে তদন্ত করা বিশেষ করে প্রয়োজন আছে এবং আপনি যদি তার কনফিডেন্সিয়াল ফাইলটাও দেখেন তাহলে আপনি ধরতে পারবেন বলে আমি মনে করি। এই ভদ্রলোক আবার পারচেজ বোর্ডএর মেম্বার, সেজন্য চাল ডালের ব্যাপারে বহু লাভলাভির জন্য হাত ফেরতের ব্যবস্থা করেছিলেন কিন্তু শেষ পর্যন্ত আর, আর, সি, এর হস্তক্ষেপের ফলে সেটা আর ঘটে ওঠে নি। তিনি তাঁর বীরভূমের বাড়ীতে আত্মীয়স্বজন প্রভৃতি নিয়ে যাতায়াতের জন্য সরকারী গাড়ী ব্যবহার করেন বলে জানি। তারপরে নাম করতে নেই আর একজন এ্যাসিস্টান্ট আর, জি, ঘোষও তার সঙ্গে আছেন। এই আর, জি, ঘোষ মহাশয় হচ্ছেন ডেপুটি ডাইরেক্টর অব ক্যাম্প। তিনি ২৪-পরগণার একটা কলোনীর উদ্বাস্তুদের জন্য ১৯৫১ সালে লজেন্স ফ্যাক্টরী করবার নামে ৪০ হাজার টাকা লোন বার করেছিলেন। অর্থাৎ উদ্বাস্তু যারা লজেন্স তৈরী করবে তাদের লোন হচ্ছে প্রতি জনপিছু ২৫০ টাকা করে নিয়েছিলেন বলে অভিযোগ হয়েছে এবং জনৈক দত্তকে দেখিয়েছিলেন যে উনি এ বিষয়ে পাশ করা এবং এই বিষয়ে গুণবান লোক। কিন্তু শেষকালে দেখা গেল যে লোন বার করা হল না, কারণ সেই দত্ত নিখোঁজ এবং ফ্যাক্টরীও হল না। আর আমরাও সেজন্য ৪টের জায়গায় ৬টা করে লজেন্স পাচ্ছি। তারপরে আমাদের বর্ধমান জেলার ভূতপূর্ব ডি, আঁর, ও, যিনি ছিলেন, নাম করতে নেই ডি, পি, ব্যানার্জি—তাঁর বিরুদ্ধে বহু অভিযোগ হয়েছে এবং সেজন্য তদন্তও হয়েছে। কিন্তু তাঁকে সাসপেন্ড করা হল না বরং তাঁকে আবার ডেপুটি ডাইরেক্টর করা হয়েছিল এবং সম্প্রতি তিনি নদীয়ার স্পেশাল অফিসার হয়ে আছেন। আর একজনের নাম করব না জিহ্বা জড়িয়ে আসে, কারণ আমাদের ভূতপূর্ব পরিচিত বন্ধু, কিন্তু বন্ধুর সমালোচনা করা বন্ধুর কাজ বলেই মনে করি। তাঁর নাম হচ্ছে শ্রীজীবানন্দ ভট্টাচার্য—ডেপুটি ডাইরেক্টর অব ট্রেনিং ছিলেন। তিনি অতি সৎলোক মাসিক মাত্র এক টাকা বেতনে কাজ করে সাধুতা দেখিয়েছেন এবং এই এক টাকা বেতন নিয়ে সত্যিকারের ভারতবর্ষে আদর্শের পরিচয় দিয়েছিলেন। তিনি হাবড়া কলোনীর ৬০ বিঘে জমি নিয়ে যে নাম দিয়েছিলাম সেটা অতি চমৎকার নাম—গণদ্বীপায়ন। গণতান্ত্রিক রাষ্ট্রে গণদ্বীপায়ন নাম তিনি দিয়েছিলেন। এই সম্বন্ধে আমাদের শ্রদ্ধেয় অতীনবাবু এবং কেন্দ্রীয় সরকারের যিনি মন্ত্রী আছেন তিনিও এই নিয়ে ডাঃ রায়ের কাছে এই কথা বলেছিলেন যে এটা বড় অন্যায় হচ্ছে। দুর্নীতি ধরা পড়ছে বলে যখন উপক্রম হল তখন সেই সময় তাকে ৪৫০ টাকা মাইনে দিয়ে পাকা চাকুরী দেওয়া হল। এবং তিনি এখনও সেইভাবেই আছেন। তারপরে নীলদর্পণ বলে আর একটা কলোনী—কি চমৎকার ঐতিহাসিক নাম, শুনলে গা শিউরে ওঠে? সেই নীলদর্পণে তার মুখ দেখলেন। সেখানে নীলদর্পণ ওয়েলফেয়ার স্কীমএর জন্য তাঁর এক আত্মীয়ের নামে জমি নিলেন—সরাসরি নয় একটু মাধ্যমে। যেমন আপনি আমাদের হাউসের মাধ্যমে—বন্ধুদের যদি কিছু সমালোচনা করি আপনার মাধ্যমেই করতে হবে, সেরূপ মাধ্যম দিয়েই তাঁর কারবার হতে লাগল—মিডলম্যান হিসেবে। তারপরে আর একজনের নাম, যদিও নাম করতে নেই, প্রাতঃস্মরণীয় নামের সঙ্গে সম্পর্ক শ্রী সি, আর, দাস। ইনি পি, এল, ক্যাম্পএর কন্ট্রোলার। পি, এল, ক্যাম্পএর যেসমস্ত নাবালিকা বৃদ্ধা প্রভৃতি থাকে ইনি তাদেরই গার্জেন। এবং সেই জায়গায় নাবালক নাবালিকার গার্জেন হলে যেরকম অভিযোগ হয়, ঠিক সেইরকমই অভিযোগ এর ক্ষেত্রেও হয়েছে। কেন্দ্রীয় সরকার এই সম্বন্ধে ছয় মাস পূর্বে কৈফিয়ৎ চেয়েছিলেন এবং এই সম্বন্ধে বহু কাগজপত্র দুর্নীতি বিভাগ পর্যন্ত নিয়ে গেছেন, কিন্তু তাঁদের চাকুরী যাবার ভয় আছে বলেই বোধ হয় তাঁরা কিছুই করছেন না। তাঁর বিরুদ্ধে সরকার থেকে এখনও পর্যন্ত কোন কেস করা হল না এবং প্রধান-মন্ত্রী নাকি বলেছেন যে এই বিভাগে বড় গোলমাল হচ্ছে ওকে দাও ডেভালাপমেন্টএ পাঠিয়ে। এইসমস্ত চমৎকার ব্যবস্থা সেখানে হচ্ছে। আর রেণুকাদেবীকে বলছি যে এইরকম বাস্তুঘুঘুদের যদি সেখান থেকে না সরান তাহলে আপনার উদ্বাস্তু সমস্যার কোনরকম সমাধানই হবে না এবং আপনাকে অনুরোধ করছি যে এইসবের একটা ব্যবস্থা আপনি করুন।

আর একটা কথা বারবার আপনাকে বলছি যে উদ্বাস্তুদের পুনর্বাসন শুধু আর্থিক নয়, সামাজিক পুনর্বাসনও করতে হবে এবং এই কথাও বলব যে সামাজিক শুধু নয়, বৈবাহিক পুনর্বাসন করতে হবে। অর্থাৎ এই দেশের লোকের সঙ্গে তাদের বৈবাহিক সম্বন্ধ স্থাপন করুন। আর বাঙ্গাল-ঘটি বলে যেটা এখন আছে সেটা যাতে বিশ বছর পরে বাঙ্গাল-ঘটি বলে কেউ যাতে আর গাল না দিতে পারে তারই ব্যবস্থা করুন। বাঙ্গাল-ঘটি বলতে গেলে যাতে কারুর মামা, দাদাকে বুঝায় সেটার ব্যবস্থা করুন। সেখানে আসল ব্যাপার হচ্ছে যে পশ্চিমবাংলার কংগ্রেস বাঙ্গাল খেদা আন্দোলন করে এবং পূর্ববঙ্গের অধিবাসীদের বিরুদ্ধে তারা অপপ্রচার করতে বলে এবং এদেশের লোককে খেপায় যেন ওরা উদ্বাস্তুদের পেছনে লাগে।

[Question, question from the Congress Benches.]

আমি সেজন্য বলি যে কোয়েশ্চেন প্রভৃতি যাই হোক সৎ কথা ভাল করে বলতে হয়। এবং এই কথাতে আমাদের বিরোধী বন্ধুরা যখন উৎক্ষিপ্ত হয়ে উঠেছেন তখন আমি তাঁদের অভিনন্দন করছি এইজন্য যে নিশ্চয় এই জিনিষটাকে তাঁদের খারাপ বলে মনে হয়েছে। এ ছাড়া তাঁদের কাছে আমি নিবেদন করব যে বাস্তুঘুঘুরা যেসব অন্যায় ও দুর্নীতির ব্যাপারে রয়েছে তাদের সরান এবং উদ্বাস্তু বিভাগটি যাতে একটি আর্ট গ্যালারীতে পরিণত না হয় তার জন্য আপনারা ব্যবস্থা করুন। এই কটি কথা বলে আমি আসন গ্রহণ করছি।

Mr. Speaker: The House stands adjourned till 2-30 p.m. tomorrow.

Adjournment

The House was then adjourned at 8-10 p.m. till 2-30 p.m. on Tuesday the 13th March, 1956, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 13th March, 1956, at 2-30 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 192 members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[2-30—2-40 p.m.]

Rise in price of rice in Calcutta

***91A.** (SHORT-NOTICE.) **Dr. Narayan Chandra Ray:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Food, Relief and Supplies Department be pleased to state whether price of coarse, medium and fine varieties of rice is rising in Calcutta during the recent months?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) what is the current price per maund of each variety of rice;

(*ii*) how does it compare with the price prevailing in the corresponding period of the previous year;

(*iii*) what are the reasons for the rise in price during the recent months; and

(*iv*) what steps Government proposes to take to check the increase in the price of rice?

Minister-in-charge of the Food, Relief and Supplies Department (the Hon'ble Prafulla Chandra Sen): (*a*) Yes; since the middle of February, 1956.

(*b*) (*i*) and (*ii*) The wholesale prices of rice per maund in Calcutta during the first week of March, 1955, and March, 1956, were as follows:—

	March, 1955.		March, 1956.	
	Rs.	a.	Rs.	a.
(*a*) Coarse	15	4	17	4
(*b*) Medium	17	0	18	4
(*c*) Fine	20	2	22	2

(*iii*) The main reasons are—

(*a*) Heavy purchases by Rice Mills and large employers.

(*b*) Export to foreign countries.

(*c*) Decline in imports into West Bengal from other States

(*d*) Speculative tendency among the traders.

(*e*) Reported smuggling to East Pakistan.

(*iv*) Central Government have—

(*a*) prohibited shipping of rice to foreign countries from Calcutta ports,

(*b*) agreed to release 15,000 tons of rice per month for sale through Fair Price shops in Calcutta, if necessary, and

(*c*) to arrange for facilities of transport for import into Calcutta and other parts of West Bengal from surplus areas. State Government have issued instructions to District Magistrates of border areas to prevent smuggling by appropriate legal action.

I may inform the House and the honourable members that since my return from Delhi the prices have shown a downward trend. I returned from Delhi on the 7th March and on the 8th March the retail price of rice in Calcutta came down from Rs. 18-12 to Rs. 17-8 and the wholesale prices in Calcutta also recorded a fall. The fine rice which was selling at Rs. 22 a maund on the 20th February came down to Rs. 20-12 on the 8th March; medium rice which was selling at Rs. 19 per maund on 20th February came down to Rs. 18 per maund on 8th March; common rice which was selling at Rs. 16-14 per maund came down to Rs. 16; and coarse rice from Rs. 16-8 to 15-8.

Dr. Narayan Chandra Ray: In answer (iv) you said "Central Government have prohibited". When was that order of prohibition issued?

The Hon'ble Prafulla Chandra Sen: I cannot give you the exact date but the order was issued about a week or so ago.

Dr. Narayan Chandra Ray: What did the State Government do before that?

The Hon'ble Prafulla Chandra Sen: As soon as the State Government came to know that one of the factors for the rise was the export of rice from Calcutta, they wrote to the Central Government to ban all exports which the Central Government very kindly did.

Dr. Narayan Chandra Ray: Of the main reasons given (a) to (e), to which do you attribute the major portion of the rise?

The Hon'ble Prafulla Chandra Sen: All together. It is very difficult to assess.

Dr. Narayan Chandra Ray: Has the attention of the Minister been drawn to one editorial in *Jugantar* of the 9th March

"আবার ৪৩ সাল"

The Hon'ble Prafulla Chandra Sen: That is a panicky editorial. I have not read it.

Dr. Narayan Chandra Ray: Are you aware that the President of the Rice Dealers' Association has hinted that we are on the border of 1943?

The Hon'ble Prafulla Chandra Sen: I would ask the honourable member not to be panicky.

Dr. Narayan Chandra Ray: "Export to foreign countries". Was it in any large quantity?

The Hon'ble Prafulla Chandra Sen: No. It was only about 16,000 tons from West Bengal.

Dr. Narayan Chandra Ray: "(a) Heavy purchases by rice mills and large employers". This is a major quantity.

The Hon'ble Prafulla Chandra Sen: The purchases were speculative in the hope that they would be able to export large quantity to foreign countries at higher prices, but since the Government of India have banned all exports there is no more speculative purchase.

Dr. Narayan Chandra Ray: Except issuing instructions to the District Magistrates to prevent smuggling by appropriate legal action, what other action the State Government propose to take about the speculative tendency among the traders?

The Hon'ble Prafulla Chandra Sen: The State Government can only take legal action and not illegal action.

Dr. Narayan Chandra Ray: Have they taken any?

The Hon'ble Prafulla Chandra Sen: I have already said that the Central Government are willing to release 15,000 tons of rice per month if the prices still go on rising.

Dr. Narayan Chandra Ray: If the prices go up the Government of India will release rice. My question is does the State Government propose to take any legal action against the traders who speculate and raise the prices?

The Hon'ble Prafulla Chandra Sen: At the present moment I have no power to take any action against them; since de-control I have no power.

Dr. Narayan Chandra Ray: About smuggling to East Pakistan, could you tell us what is the legal action?

The Hon'ble Prafulla Chandra Sen: Under the Security Act we can take proper steps against the smugglers.

Dr. Hirendra Kumar Chatterjee: Regarding answer (e) "Reported smuggling to East Pakistan"—what is the source of the report?

The Hon'ble Prafulla Chandra Sen: The source is the District Magistrate.

Dr. Hirendra Kumar Chatterjee: When the source has been traced, what steps have already been taken by the District Magistrates?

The Hon'ble Prafulla Chandra Sen: Orders have been issued asking the District Magistrates to take steps under section 20 of the Security Act.

Dr. Hirendra Kumar Chatterjee: Ordinarily have the District Magistrates no power to deal with the matter on the spot immediately or they have to wait for orders from Writers' Buildings?

The Hon'ble Prafulla Chandra Sen: We have asked all District Magistrates on the border to take steps under the Security Act.

Dr. Narayan Chandra Ray: You said that you have asked the District Magistrates to take appropriate legal action under the Security Act. Since you saw the rise in rice prices, why did you not apply the Security Act here in Calcutta on the speculators?

The Hon'ble Prafulla Chandra Sen: We cannot apply the Security Act here. We can apply it only in the border areas where smuggling is taking place.

[2-40—2-50 p.m.]

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

কতজন সিকিউরিটি এ্যাক্ট অনুসারে বর্ডার এরিয়াতে ধরা পড়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen: I ask for notice.

Dr. Hirendra Kumar Chatterjee: Appropriate legal action

যে কথা বলা হল,

is there any difference between legal action and police action? Legal action must go to court, but police action can be taken by the Magistrate himself without going to court.

Mr. Speaker: Legal action does not mean that it must go to court. It means any action under the law.

Dr. Hirendra Kumar Chatterjee: When the Magistrate is reporting to Calcutta and Writers' Buildings by issuing appropriate orders, is not the Magistrate already empowered with all these powers?

The Hon'ble Prafulla Chandra Sen: They are taking action.

Sj. Hemanta Kumar Ghosal:

একজনও সিকিউরিটি এ্যাকটে ধরা পড়েছে কিনা বলতে পারেন?

The Hon'ble Profulla Chandra Sen: I said I ask for notice.

Sj. Hemanta Kumar Ghosal:

একজন ধরা পড়েছে কিনা, এটাতেও নোটিস চাইতে হবে?

The Hon'ble Profulla Chandra Sen: I have said I ask for notice.

Sj. Bibhuti Bhushon Ghose:

রাইটার্স বিল্ডিংস থেকে অর্ডার যাবার পূর্বে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট কোন এ্যাকশন নিয়েছিলেন কিনা?

The Hon'ble Profulla Chandra Sen:

আমি বলতে পারি না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The difficulty is that in the border areas it often happens that a house has got one door on the Indian Union side and another door on Pakistan side. There are several houses of that type in Nadia and Cooch Bihar border. It is almost impossible in these cases to trace the smuggling but there is a very great chance of smuggling taking place because the price of rice in East Bengal is much higher than the price in West Bengal.

Dr. Hirendra Kumar Chatterjee: The Chief Minister has stated that there are houses with two doors, one on the Indian side and the other on the Pakistan side. Would he not take action to see that such houses are demolished?

Mr. Speaker: That is not a supplementary question.

Sj. Hemanta Kumar Ghosal:

একথা কি সত্য যে বর্ডার লাইনে যেসমস্ত পুলিশ ক্যাম্প আছে, পিকেট আছে, এনফোর্সমেন্টএর যে সমস্ত লোক আছে, তাদের মারফত স্মাগলিং করা হচ্ছে?

Mr. Speaker: That does not arise out of this question.

Dr. Narayan Chandra Ray: আপনি বলবার পর question টা frame করলাম। question হচ্ছে allegation is this যে It is not so much smuggling nor is it export. It is heavy purchase by the millowners and large employers and rich men and speculators. যে জন্য pointed question ছিল এই যে, what has been done, not what will be done later on যে জন্য question করেছিলাম। Again I am putting the supplementary, why did you not apply the Security Act?

The Hon'ble Prafulla Chandra Sen: I have already stated that I have been divested of all powers after de-control, excepting the Security Act which I can apply.

Sj. Tarapada Bandopadhyay: Has any action been taken against any officer for this large-scale smuggling? It is going on under his very nose.

The Hon'ble Prafulla Chandra Sen: Not that I know of.

Sj. Tarapada Bandopadhyay: Who was responsible for this smuggling?

The Hon'ble Prafulla Chandra Sen: The smugglers.

Sj. Tarapada Bandopadhyay: Was there any officer to check that smuggling? Why should there be so much smuggling?

[No reply.]

Sj. Biren Banerjee:

মন্ত্রীমহোদয় বলেছেন যে, উনি দিল্লী থেকে ফিরে আসবার পর চালের দাম কমেছে। আবার কবে দিল্লীতে গিয়ে উনি ফিরে আসবেন, সেটা বলবেন কি? (হাস্য)।

The Hon'ble Profulla Chandra Sen:

চেষ্টা করবো।

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

জলাঙ্গী থানার অন্তর্গত যেসব অঞ্চল রয়েছে, বর্ডার এরিয়ায় সেখান থেকে যে সমস্ত চাল ওপারে নিয়ে যাওয়া হচ্ছে পাকিস্তানে, সে সম্পর্কে সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে কিনা এবং যদি করা হয়ে থাকে, তাহলে আজ পর্যন্ত সে সম্পর্কে কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি কেন, এবং আপনি জানেন কি ম্যাজিষ্ট্রেট জলাঙ্গী থানার কাছাকাছি অঞ্চলে যান এবং পাকিস্তান থেকে এই সব কারবার করার জন্য সেখানে যিনি ম্যাজিষ্ট্রেট ছিলেন, তিনি ঐখানে যেতেন এবং তারপরে কোন এ্যাকসন না নেওয়ার ফলে সেখানে ব্যাপকভাবে চালের স্মাগ্লিং করা হচ্ছে।

Mr. Speaker: That does not arise out of this question. The Minister may please make enquiries.

[Sj. Kanai Lal Bhowmick rose.]

Mr. Speaker: There have been enough supplementaries on this question. Why are you treating the Budget so lightly?

Sj. Kanai Lal Bhowmick:

সারপ্লাস এলাকা বলতে কোন্ এলাকা মিন করছেন?

The Hon'ble Profulla Chandra Sen: This question does not relate to the surplus area.

Mr. Speaker: Questions 92 to 94 may be held over as the Education Minister is not here today.

Fixation of maximum price for paddy and rice

***95. Sj. Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(ক) এই বৎসর সরকার হইতে ধান্য ও চাউলের সর্বোচ্চ মূল্য কি ধার্য করা হইয়াছে; এবং

(খ) এই বৎসর পশ্চিমবঙ্গের উৎপন্ন ফসলের প্রাক্‌ফলন পশ্চিমবঙ্গের বর্তমান বৎসরের প্রয়োজন অপেক্ষা অধিক, না কম?

The Hon'ble Prafulla Chandra Sen: (ক) না।

(খ) কম।

Sj. Sudhir Chandra Das:

আপনি প্রথমে বলেছেন "না"। তাহলে সিলিং প্রাইস এবছর বাঁধবেন না?

The Hon'ble Profulla Chandra Sen:

দরকার নেই, দাম একদম সিলিং ফেটে উঠে যাচ্ছে কিনা।

Sj. Sudhir Chandra Das:

দাম যখন বাড়বে, তখন সরকার সিলিং প্রাইস বাঁধবেন কি?

Mr. Speaker: That is a hypothetical question.

Sj. Sudhir Chandra Das:

(খ) এ বলেছেন "কম"; উৎপন্ন ফসল এবছর কম হবে, অন্য বছরের থেকে। কত কম, কত ঘাটতি হবে জানাবেন কি?

The Hon'ble Profulla Chandra Sen: I ask for notice.

Sj. Kanai Lal Bhowmick:

ছয় টাকা বার আনার নীচে দাম পড়ে গেলে সরকার থেকে ধান কেনা হবে, এরকম কোন অর্ডার দেওয়া হয়েছে কিনা?

The Hon'ble Profulla Chandra Sen:

সেটা সর্বোচ্চ নয়, সর্ব নিম্ন, দ্যাট ইজ এ ফ্লোর প্রাইস।

Sj. Sudhir Chandra Das:

যেটা কম বলেছেন ধান, নোটিশ চাই বলছেন কেন? আপনি অন্তত একটা আনুমানিক আভাষ দিতে পারেন না যে এবছর কত ঘাটতি হবে, আমাদের পশ্চিমবঙ্গে?

The Hon'ble Profulla Chandra Sen:

আমি আমন ফসল সম্বন্ধে বলতে পারি, এবছর ৩৭ লক্ষ টন, গত বছর হয়েছিল ৩৩ লক্ষ টন। এবছর চার লক্ষ টন বেশী হয়েছে।

Sj. Sudhir Chandra Das:

তাহলে কম হল কোথায়?

The Hon'ble Profulla Chandra Sen: What is stated here is this. The question was

এই বৎসর পশ্চিমবঙ্গের উৎপন্ন ফসলের প্রাক্‌ফলন (মানে ফোরকাষ্ট) পশ্চিমবঙ্গের বর্তমান বৎসরের প্রয়োজন অপেক্ষা অধিক, না কম? তাই বলা হয়েছে প্রয়োজন অপেক্ষা গত বছরের তুলনায় কম।

Sj. Sudhir Chandra Das:

তাহলে প্রয়োজন অপেক্ষা কম হলে, এই কম পূরণ করবার জন্য সরকার কি ব্যবস্থা করেছেন জানাবেন কি?

The Hon'ble Profulla Chandra Sen:

পূরন করবার দুটো উপায় আছে। একটা হচ্ছে গত বছরের আমাদের হাতে কিছু আছে, মানে চাষীর হাতে। দ্বিতীয়ত এবছর তিন লক্ষ টন গম খাচ্ছে। সেটা খেলে পর কিছুটা পূরন হবে।

Sj. Hemanta Kumar Ghosal:

মন্ত্রীমহাশয় বলেছেন যে, গত বছরের আমাদের হাতে কিছু আছে, মানে চাষীর হাতে, এ কথাটার মানে কি? চাষীর হাতে আছে, না আপনাদের হাতে আছে?

The Hon'ble Profulla Chandra Sen:

চাষীর হাতে।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

আপনি বলেছেন কম হিসাব করেই বলেছেন। কত কম?

The Hon'ble Profulla Chandra Sen:

গত বছর তিন লক্ষ টন গম খেয়েছে। এবারও সেটা খাবে বলে মনে করেছি।

Tasar Industry in Midnapore

*96. **Sj. DHANANJOY KAR:** Will the Hon'ble Minister in charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার, বিশেষ করিয়া গোপীবল্লভপুর ও নয়াগ্রাম থানার, তসর চাষ ও শিল্পের রক্ষা ও উন্নতির জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা;

(খ) থাকিলে, তাহা কি; এবং

(গ) না থাকিলে, কোন পরিকল্পনা গ্রহণ ও তাহা কার্যকরী করার কথা সরকার বিবেচনা করেন কিনা?

Sj. Sowrindra Mohan Misra (on behalf of the Minister for Cottage and Small-Scale Industries the Hon'ble Jadabendra Nath Panja): (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) বর্তমানে এই ধরণের কোনও পরিকল্পনা রাজ্যসরকারের বিবেচনাধীন নাই।

[2-50—3 p.m.]

Message.

Secretary (Sj. A. R. Mukherjea): Sir, the following message has been received from the West Bengal Legislative Council, namely:—

"That the West Bengal Legislative Council at its meeting held on the 12th March, 1956, agreed to the West Bengal Premises Tenancy Bill, 1956, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 12th March, 1956.

Point of information

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, the Chief Minister is about to go away, but I wanted to know whether a report which has appeared in the press that there is a communication from the Chief Minister of Bihar to the Chief Minister of West Bengal objecting to putting any conditions with regard to the question of union between Bengal and Bihar.....

Mr. Speaker: When he is here, you put your question to him.

Sj. Jyoti Basu: He has just gone away.

Mr. Speaker: You will have enough time hereafter.

Sj. Jyoti Basu: It is important.

Mr. Speaker: I think this is a question to which a reply can be given by no other Minister but the Chief Minister.

Sj. Jyoti Basu: Naturally, he is the person who ought to know it.

The Hon'ble Prafulla Chandra Sen: If the Chief Minister is able to throw any light, as soon as he comes he will do it.

Mr. Speaker: I will send your message to him, and, if possible, after the adjournment, he may throw some light.

DEMANDS FOR GRANTS

GRANT NO. 41

Major Heads: 57—Miscellaneous—Expenditure on Displaced Persons, etc.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

মাননীয় স্পীকার, স্যার, ওপক্ষ থেকে বলা হয় যে আমরা যেসমস্ত কথা বলি সেগুলি নাকি ভেগ। সুতরাং আমি সর্বপ্রথম আপনার কাছে কতকগুলি স্পেসিফিক কেস উপস্থিত করতে চাই। কবিগুরু বহু দুঃখে বলে গেছেন "রাজার হস্ত করে সমস্ত কাঙ্গালের ধন চুরি"। এই কাঙ্গালের ধন চুরির একটি ব্যাপার আপনার কাছে উপস্থিত করবো। দেশবন্ধু শিক্ষায়তন এবং সুভাষচন্দ্র বালিকা বিদ্যালয় ইত্যাদি উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের পরিচালনাধীনে কতকগুলি স্কুল, আমাদের কন্ট্রোলার শ্রী সি আর দাসের পরিচালনায় চলে। এ'র সম্পর্কে আমার প্রধান বক্তব্য, এই লিষ্টের মধ্যে দেখতে পাচ্ছি, প্রত্যেকটি স্কুলে সি আর দাস সভাপতি এবং বিজয়লাল চট্টোপাধ্যায়, শান্তি দাস যিনি শ্রী সি আর দাসের স্ত্রীও বটেন এবং তারকদাস বন্দোপাধ্যায় প্রভৃতি কংগ্রেসী পান্ডারা এই বিদ্যালয়গুলিতে আছেন। এরা সব নিয়ম করেছেন যেসব বই কিনতে হবে তা এদের কাছ থেকে নিতে হবে, ডিপার্টমেন্টের থ্রু দিয়ে, তা না হলে

টাকা পয়সা গ্রান্ট অর্থাৎ এডুকেশন গ্রান্ট যা গভর্নমেন্ট দেন তাও পাওয়া যাবে না। দেখা গেছে সেকেন্ডারী এডুকেশন বোর্ডের রেকমেন্ডেড নয়, এই রকম বই তারা প্রেসক্রাইব করেছেন। যেমন এ সেকেন্ড বুক অফ ট্রানশ্লেশন, যেটা সি আর দাস মহাশয় রচনা করেছেন। (এ ভয়েস ফ্রম দি কংগ্রেস বেঞ্চঃ ইনি কোন সি আর দাস?) ইনি স্বর্গীয় সি আর দাস নন, জীবিত সি আর দাস—উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের কন্ট্রোলার । আরো সমস্ত বই লিষ্টের মধ্যে যা আছে, তাও দেখছি পরিচালক সমিতির অন্যতম ব্যক্তির লেখা, অথবা কংগ্রেস পক্ষের যাঁরা সমস্ত এম এল এ, এম এল সি আছেন, তাঁদেরই লেখা বই। (এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চঃ তাঁরা সব বিদ্বান লোক) এবং এই বিভাগ নিয়ম করেছেন, ডিপার্টমেন্টের থ্রু দিয়ে এই সমস্ত বই নিতে হবে। দেখা যাচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্ট যে টাকা বরাদ্দ করে দিয়েছেন, সেই টাকা নিয়ে এরা রীতিমত একটা লুটপাট ট্রেডিং বিজিনেস আরম্ভ করেছেন। এবং দেখা যাবে সি আর দাসের বই কিনতেই হবে। এবং অন্যান্য যেসমস্ত এম এল এ, এম এল সি আছেন, তাঁদের বই যাতে অন্য জায়গা থেকে কিনতে না পারে, সেই রকম বাধ্যতামূলক ব্যবস্থা করা হয়েছে। এটা পুনর্বাসনের নামে লুটপাট ট্রেডিং ছাড়া আর কিছুই নয়। এটা পরিষ্কার দেখা যাচ্ছে যে, তাঁরা বইএর ব্যবসা করছেন এবং দুই পয়সা রোজগার করছেন। বুঝতে পারতাম এই টাকাটা গভর্নমেন্টের হাতে যাচ্ছে, কিন্তু তা যাচ্ছে না, এটা যাচ্ছে কিছু ডিপার্টমেন্টের লোকের হাতে বা যেসমস্ত এম এল এ, এম এল সির বই এর ভেতর দেওয়া হয়েছে, তাঁদের হাতে। (এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চঃ রেকমেন্ডেড কিনা বলুন।) রেকমেন্ডেড নয়। এর পরের ব্যাপার দেখুন, আমরা বারবার বলেছি যে, এই যে চুরি চামারি হচ্ছে এটাকে চেক করুন। শিবতলা গোপালপুর এ্যাকোমোডেশন ক্যাম্পএর কথা বলি। সেখানে তিন চার মাস আগে একদিন রাত্রে দেখা গেল যে, সেখানকার কতকগুলি ষ্টাফ তারা জামাকাপড় ইত্যাদি পাচার করছেন। তারপরে রিফিউজিরা বাধা দিল, ফলে ষ্টাফের প্রায় অর্ধেক লোককে য়্যারেষ্ট করা হয়েছে এবং দেখা যাচ্ছে, এ ঘটনা ঘটবার পরেও এদের কাছে আমরা বলেছি যে, রিফিউজি ক্যাম্পের মধ্যে যে কমিটিগুলি আছে, তাদের সঙ্গে সহযোগিতা করুন, কিন্তু এঁরা তা করছেন না। অথচ কি রকম বিশ্রী সব ঘটনা ঘটছে। তাছাড়া আপনার কাছে আর একটা ঘটনা উপস্থিত করবো সেটা হচ্ছে, বাগজলা ক্যাম্পের ব্যাপার। কয়েক মাস আগে ক্যাম্প সুপারিনটেনডেন্ট মাটি কাটার জন্য রিফিউজিদের প্রাপ্য টাকা দেননি। যখন ধরা পড়লেন, তখন পলাতক হলেন। তার সম্বন্ধে কি করেছেন জানি না। এই জন্যই আমি জোর দিয়ে বলছি যে, যে সমস্ত ক্যাম্প কমিটি আছে, তাদের সঙ্গে সহযোগিতা করে কাজ করুন, তাহলে কাজ হবে। ডোল বা ক্যাশ ডোল সম্পর্কেও নানারকম অসুবিধা চারিদিকে দেখা যাচ্ছে। সে জন্য বিশেষ করে অনুরোধ করি, ক্যাম্প কমিটিগুলোর সঙ্গে সহযোগিতা না হলে এরকম চুরি বন্ধ হবে না, সর্বদাই এরকম দেখা যাবে। বারাকপুরে কিছুদিন আগে উদ্বাস্তুদের টাকা ট্রেজারীতে রাখা হয়েছিল, লক্ষ লক্ষ টাকা উধাও হল শুনেছিলাম। ২-৩ জন পুলিশকে য়্যারেষ্ট করা হয়েছিল, কিন্তু লোকে বলছে এর পেছনে সব রাঘববোয়াল রয়েছে, যাঁরা শাসন করছেন, তাদেরই এটা একটা শয়তানী ষড়যন্ত্র। আমার জিজ্ঞাস্য নতুন এস, ডি, পি, ওকে এখানে হঠাৎ শ্রীরামপুর থেকে আনা হলো কেন? এই টাকা সম্পর্কে কি হয়েছে আমরা সে সম্পর্কে জানতে চাই। শুধু তাই নয় এখানে দেখতে পাবেন কেমন করে কংগ্রেসী বন্ধুরা রিফিউজিদের গ্রান্টগুলি নিয়ে নিজেদের উদর পূর্তি করেন। এ সম্পর্কে একটা লেখা আমি পেয়েছি। অনেক ক্ষেত্রে তাঁরা ছাত্রের নাম এবং ছাত্রদের অভিভাবকদের স্বাক্ষর নকল করেন এবং অভিভাবকের অজ্ঞাতসারে পুনর্বসতি বিভাগ থেকে টাকা আদায় করেন। সেই সব ছাত্রছাত্রীর নামে যারা কোনদিনই বিদ্যালয়ে পড়েনি, পুনর্বসতি বিভাগ এইভাবে টাকা সংগ্রহ করে তাঁরা কংগ্রেসে দল বৃদ্ধি করেন। তাদের কুকীর্তি ধরা পড়লেও কর্তৃপক্ষ কর্তৃক কোনও ব্যবস্থা নেওয়া হয় না, তার কারণ হচ্ছে তারা খদ্দর পরিধান করেন এবং কংগ্রেসী সেবাদলের চাঁই।

[3—3-10 p.m.]

এরপর একটি দুঃখের কথা বলবো। সেটা আমার অঞ্চলে ঘটেছে। এই বিভাগের কর্তৃপক্ষ কত অপদার্থ তার জাজ্বল্যমান দৃষ্টান্ত। এই স্কুলটি বাংলা দেশের গৌরব, ঐ স্কুলটার

প্রেসিডেন্ট হচ্ছেন, মৎস্যমন্ত্রী হেমচন্দ্র নস্কর মহাশয়। সেই স্কুলের একটা ঘটনার কথা আমার কাছে এসেছে, সেটা হচ্ছে একজন অভিভাবক চিঠি মারফৎ জানিয়েছেন যে, সেখানে দেখা যায় ১৯৫৪ সনের, এক বৎসরের মাইনে একটি ছাত্র তার নাম হচ্ছে অজিতকুমার দত্ত.....

Mr. Speaker:

সে কি রিফিউজি স্টুডেন্ট?

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

হাঁ, সে রিফিউজি স্টুডেন্ট, সে গ্র্যান্ট পেয়েছিল, ৫৪ টাকা এবং তাকে চিঠির মারফৎ জানান হয়। তারপর যখন সে ঐ ৫৪ টাকা নিতে গেল, সেখানকার ইনসপেক্টার ও মাষ্টার মহাশয়ের উপস্থিতিতে, তখন দেখা গেল, সেখানে মাত্র ২৭ টাকা রয়েছে, আর বাকী ২৭ টাকাটা, একটা জাল সই করে কে নিয়ে গিয়েছে। সে সই হচ্ছে ইংরাজীতে লেখা। কিন্তু সেই ভদ্রলোক শ্যামাপদ দত্ত মহাশয় বাংলা ছাড়া অন্য ভাষা জানেন না। তিনি বললেন, ইংরাজীতে কখনও আমি সই করি নি, বাংলায় সই হচ্ছে আমার, সমস্ত কাগজ পত্রে আমার বাংলায় সই। তাকে সেখানে টাকা দেওয়া হ'ল না। এই ঘটনার কথা উদ্বাস্তু বিভাগকে যথাসময়ে জানান সত্ত্বেও আজ পর্য্যন্ত তার টাকা দেওয়ার কোনই ব্যবস্থা হয় নি; অথচ সেই ছেলেটি টাকাটা না পাওয়ার দরুন লেখাপড়া থেকে বঞ্চিত হতে বাধ্য হচ্ছে। ছাত্ররা লেখাপড়া বন্ধ করুক, এই কি আপনারা চান? এই কি আপনাদের ইচ্ছা? এই রকম ঘটনার কথা অন্যান্য স্কুলে ঘটচে তার দৃষ্টান্ত আরও কত বলতে পারি; উদ্বাস্তু পুনর্বাসনের শিক্ষা বিভাগের এটা একটা নিত্য নৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে। এসিয়ার মধ্যে যে এতবড় একটা স্কুল, সেখানে এই রকম অবস্থা। এ ছাড়া আরও কত স্কুলে যে ঘটনা ঘটছে তার ইয়ত্তা নেই। অবশ্য এর মধ্যে দু-একজন ভাল লোকও আছেন। যেমন ও'র পার্সোনাল এ্যাসিসট্যান্ট তিনি যথেষ্ট চেষ্টা করেন, কিন্তু কথা হচ্ছে, তার কথা কেউ শোনেন না। ডিপার্টমেন্টে তিনি হয়ত একটা কিছু ফরওয়ার্ড করে দিলেন, কিন্তু তারপর দেখা গেল সেই জিনিষটা দুই এক বছরের মধ্যে কিছুই হয় নি। এই ধরণের কাজ করে পুনর্বাসন কিছুতেই করা যাবে না। তার উপর তারা বঞ্চনা করছেন কিভাবে দেখুন। আগে একটা সিসটেম করে ছিলেন, তাতে দেখা গিয়েছিল যে, রিফিউজি সার্টিফিকেট না থাকলেও, বিশিষ্ট বিশিষ্ট ব্যক্তি যেমন এম এল এ, এম এল সি, তাঁরা সার্টিফাইড করলে পর কাজ হতো। যক্ষ্মারোগাক্রান্ত রিফিউজি সর্বত্র ঘুরে বেড়াচ্ছে এবং রাস্তায় মারা যাচ্ছে, তাদের সম্পর্কে উল্লেখ করলে, এমন অমানুষিক ব্যবহার পাওয়া যায়, যা করতব্য নয়। এইভাবে বঞ্চিত করবার যে নীতি, সেই নীতিই যদি নিয়ে থাকেন, তাহলে পুনর্বাসন মন্ত্রী মহোদয়ার সুনাম হবে কি করে? এইভাবে কাজ করলে তাঁর নিজেরাও বদনাম হবে। আমাদের কো-অপারেশন নেবার জন্য যদি তিনি প্রস্তুত থাকেন, তাহলে সকলকে নিয়ে একটা এ্যাডভাইসরী কমিটি গঠন করুন এবং তার মাধ্যমে কাজ করাবার চেষ্টা করুন। আপনার চারপাশে যে কংগ্রেস চমচা ও নন্দীভৃঙ্গীরা রয়েছে, তাদের উপর নির্ভর করে এবং আপনার যেসব আমলা রয়েছে তাদের উপর যদি বিশ্বাস করে ভাবেন যে, উদ্বাস্তুদের পুনর্বাসন সব ঠিক আছে এবং চমৎকার ব্যবস্থা হচ্ছে, তাহলে আমি বলবো, আপনি মূর্খের স্বর্গবাস করছেন। আপনার বঞ্চনার নীতির পরিবর্তন করুন—এই আমার শেষ অনুরোধ।

Sj. Janardan Sahu:

মাননীয় স্পীকার মহাশয়, মাথা নত করতে তিনিই পারেন, যিনি প্রেম ভরে মাথা নত করতে জানেন। এখন আমি অস্পৃশ্য, এই রাজনীতির ক্ষেত্রে, এই রাজনৈতিক দলের মধ্যে একজন অস্পৃশ্য। এর মধ্যে একজন অস্পৃশ্য হিসাবে আমার পরিচয় দিতে হলে, বলতে হবে পূর্ব পাকিস্তানের ভাষাতে আমি একজন সংখ্যালঘিষ্ঠ ব্যক্তি আর হিন্দুস্থানের ভাষাতে বলতে হবে সংখ্যাগরিষ্ঠ ব্যক্তিদের মধ্যে একজন। আমি হিন্দু একথা যদি বলতে যাই, তাহলে সেটা সাম্প্রদায়িক হবে; হিন্দুর কোন কথা বলতে গেলেই সাম্প্রদায়িক হবে বলে গালাগালি খেতে হবে। আজ বহুদিন ধরে যে সমস্ত অস্পৃশ্য হিন্দুর দল সেই পূর্ব পাকিস্তান থেকে

এসেছেন, তাঁরাও বলছেন এই হিন্দুরাষ্ট্রে হিন্দু বলে কোন কথা বলবার উপায় নেই। আমরা এখন কিভাবে আছি? যখন ভারতের নেতৃবৃন্দ আমার মনে হয় তার মধ্যে ভারতের প্রধানমন্ত্রী নেহেরুজীও ছিলেন। তিনি নিত্য ঘোষণা করেছিলেন, পাকিস্তান সম্বন্ধে—

"Pakistan is a fantastic idea. It cannot stand."

এবং আমি প্রাণপণে সমস্ত পূর্ববঙ্গের হিন্দুদের রক্ষা করবো। তখনই দধিচীর ত্যাগের মন্ত্রে দীক্ষিত হয়ে পূর্ববঙ্গের হিন্দুরা সাহায্য করলো। তাই আজ এসিয়ার মধ্যে প্রথম শহর আর পৃথিবীর মধ্যে যে তৃতীয় নগরী কলিকাতা, সে আজ হিন্দুস্থানের মধ্যে। আজ বাংলার লোক মুখ্যমন্ত্রী, তিনি আজ বাংলায় মুখ্যমন্ত্রীরূপে অধিষ্ঠিত হতে পেরেছেন এবং আপনি আজ আমাদের স্পীকার না হলে, আমরাও এখানে আসতে পারতাম না; এটা তাঁদেরই কুক্ষিগত হয়ে থাকত। তাঁরা প্রতিশ্রুতি দিয়েছিলেন, সমস্ত পূর্ব পাকিস্তানের হিন্দুদের রক্ষা করবেন বলে। কিন্তু কি হয়েছে?

"হল না, হল না মোদের সে সত্য পালন,

সত্য ভঙ্গ মহাপাপে ডুবিল জীবন।"

এই অবস্থা দাঁড়িয়েছে। তাঁরা সত্য রক্ষা করতে পারেন নি, ভয়ে, পাছে তৃতীয় মহাসমর বেঁধে যায়। কিন্তু পাকিস্তান চেষ্টা করছে, ভারতের মধ্যে মহাসমর বাঁধাতে, এটা সত্য কথা। কিন্তু, তাই বলে আমরা কি পাকিস্তানের হিন্দুদের আশ্রয় দিয়ে বাঁচাবার চেষ্টা করবো না? এই উদ্বাস্তু সমস্যার ভিতর দিয়ে দেখতে পাবো কেন্দ্রীয় সরকার বাংলা ও বাঙ্গালী জাতির প্রতি কি মনোভাব পোষণ করছেন এবং তার উজ্জ্বল দৃষ্টান্ত দেখতে পাচ্ছি। প্রথমে পাঞ্জাব থেকে যে সমস্ত উদ্বাস্তু এসেছিল, তাদের সমস্যা সমাধান করে ফেললেন স্থান এবং লোক বিনিময় করে। কিন্তু বাংলার বেলায় বলা হচ্ছে সেকিইউলার ষ্টেট, উদার প্রেমের ভাব জেগে উঠলো; তাঁরা বিশ্ব প্রেমে মজে গেলেন। বাংলার বেলায়ই যত সঙ্কট, বাংলার বেলায় এটা কেন হবে না, তা সকলেই বুঝতে পারছে। একটি ছোট ছেলে, শিশুও বুঝতে পারে, যে পূর্ব পাকিস্তান চাচ্ছে যে, সম্পূর্ণভাবে হিন্দুদের তাড়িয়ে সেখানে মুসলেম রাজত্ব স্থাপিত করতে। এ কথাটা সহজেই বুঝতে পারা যায়; কিন্তু তা সত্বেও এঁরা তৃতীয় মহাযুদ্ধের ভয়ে চুপচাপ করে আছেন।

আমরাত আশ্রয় নিয়েছি রাষ্ট্রপুঞ্জের কাছে, তাদের কাছেত বলতে পারি, "দেখুন, একদল লোক আমাদের প্রতি অত্যাচার করছে, আমাদের বাধ্য হয়ে সহ্য করতে হচ্ছে"। কিন্তু কেন্দ্রীয় সরকার কি তাও করেছেন? তা তাঁরা করেন নি। অথবা তাঁদের বলেছেন কি? যে তোমরা তোমাদের লোক দাও, তাঁরা সেখানে দলে দলে গিয়ে দেখে আসবে পূর্ব পাকিস্তান থেকে কেন লোক চলে আসছে; তাদের অভয় দেবে এবং পূর্ব পাকিস্তানের গভর্ণমেন্টকে চেপে ধরবে, কেন তাঁরা এই রকম করছেন। কিন্তু তাও তাঁরা করেন নি। আজ ভারতীয় ইউনিয়নের ৩৬ কোটি লোকের ভিতর আবশ্যকমত দু-এক কোটি লোক ক্রুসেড যুদ্ধের মত সেখানে যেতে পেরেছে কি? মিঃ স্পীকার মহাশয়, "গীতাতে" বলে সকলের প্রতি সমান ব্যবহার করতে নেই। মনে করুন আপনার কাছে যে রকমভাবে মাথা নত করতে পারি, ঠিক সেই রকম রাষ্ট্রের ঝাড়ুদারের কাছে কি করবো? দেখা যায়, আমি যদি সমান ব্যবহার করতে যাই, খ্যাপা কুকুরের কাছে; তার কাছে যদি উদার ভাবের ব্যবহার নিয়ে যাই, তাহলে সে আমাকে কামড়াতে পারে; মাথা নত করলে, মাথায় বা পায়ে কামড়াতে পারে। আমরা যখন দেখতে পাচ্ছি, তারা উস্কানী পাচ্ছে উপর থেকে, তখন আমাদের শক্ত হতে হবে। কিন্তু কেন্দ্রীয় সরকার কি তাই শক্ত হয়েছেন? তাঁরা দেখছেন বাংলা কি করে ধ্বংস হতে পারে, তারা ভাবছে বাংলা এখনও নিঃশেষ হল না? তারপর তারা পর্দার আড়াল থেকে খেলা খেলছেন, "বাংলার জন্য বঙ্গ-বিহার সংযুক্তি করণ"। আজ বাঙ্গালীকে নিঃশেস করতে হবে, এই মনোভাব চতুর্দিকে জেগে উঠেছে। সুতরাং ক্রুসেড যুদ্ধের মত আজ আমাদের সেখানে দলে দলে যেতে হবে; কিন্তু তা কিছুই হচ্ছে না। সেখানে আমাদের একদল হিন্দু যখন নির্যাতিত হচ্ছে, তখন সেই ইউরোপের ক্রুসেড যুদ্ধের মত, আমরা সেখানে দলে দলে যাবো, এবং তাদের বলবো কেন তোমরা ভাল কাজ করছো না; যদি তারা, তা না শোনে তাহলে দেখা যাবে।

[3-10—3-20 p.m.]

কেন্দ্রীয় সরকারের এই শক্তি কাদের ত্যাগের দ্বারা হয়েছে? বাংলার ত্যাগ কি তাঁরা ভুলে গিয়েছেন? আজ তাঁরা দেখছেন, বাংলার ধ্বংসের পথ কি করে হতে পারে!! ভাগ হয়ে দ্বিখণ্ডিত হয়েও বাংলা ধ্বংস হল না। তাই তাকে শেষ করবার জন্য বঙ্গ-বিহার সংযুক্তি। আমাদের মধ্যে একদল এই নিয়ে নির্য্যাতিত হচ্ছে। তবু তাঁরা কি এটা দেখতে পাচ্ছেন না? তিন কোটি হিন্দু যাবে, তাদের হাতে ধরবে, পায়ে ধরবে, তবু যদি না শোনেন তখন অন্য পথ দেখা যাবে। কেন্দ্রীয় সরকার কি মনে করছেন? তারপর তাঁরা যে আর একটা কাজ করছেন, এতখানি উপকার যারা করেছে, সেই পূর্ববঙ্গ হতে আগত ভাইদের এক এক দলে দু হাজার তিন হাজার করে বিভিন্ন জায়গায় নিয়ে যাচ্ছেন। জিজ্ঞাসা করছি, তাদের যে নিয়ে যাচ্ছেন, সেখানে রাস্তাঘাট, জলের ব্যবস্থা এসব সুন্দরভাবে করেছেন কি? অথচ বাংলাতে তারা নিজেরাই ভাল বাসস্থান স্থাপন করেছে। আর কেন্দ্রীয় সরকার করছেন কি? কোন পরিকল্পনা সুষ্ঠুভাবে না নিয়েই গর্বিতের মতন কতকগুলি টাকা ছড়াচ্ছেন সেখানে, সে টাকার সদ্ব্যবহার হচ্ছে না যেখানে। যারা স্ত্রী-পুত্র নিয়ে, বৃদ্ধ বাপ-মা নিয়ে সেখান থেকে ছুটে এসেছে, তাদের দুঃখ মোচনের চেষ্টা কোথায়? বার বার অভিযোগ হচ্ছে, যারা সাহায্য পাবার যোগ্য তারা পায় নি, অপরে পাচ্ছে। পাওয়া যাদের উচিত, তারা পথের ভিখারী হয়ে ঘুরে বেড়াচ্ছে। তাদের দিকে তাকান। মন্ত্রী বা উচ্চপদস্থ কর্মচারী যারা তাঁদের প্রাণে সহানুভূতি নাই। গতানুগতিক পন্থায় অফিসারী নোট পাঠিয়ে কর্তব্য শেষ করেন, তাতে ফল কিছুই হয় না। আপনারা যদি জায়গায় জায়গায় সারপ্রাইজ ভিজিট দিয়ে দুর্নীতি ধরতেন, তাহলে দুর্নীতিও দূর হত এবং এই বাস্তুহারা সমস্যা এবং অন্যান্য বহু সমস্যার সমাধান হত। আপনারা তা কিছু করছেন না। আপনারা কেবল দুর্নীতিকে প্রশ্রয় দিয়েই চলেছেন। আপনারা কেবল বলছেন যে, আমরা উদ্বাস্তুদের জন্য এত টাকা ব্যয় করছি, কিন্তু সে টাকা যাচ্ছে কোথায়? লোকগুলি যে এত অভিযোগ করছে সেসব সত্য না মিথ্যা, একবার খোঁজ করুন। কেন্দ্রীয় সরকার তেমন কিছু চেষ্টা করছেন না। কিন্তু যে বাঙ্গালী একদা স্বাধীনতার মূল্য দিয়েছে, সে বাঙ্গালীকে রক্ষা তাঁরা কেন করছেন না? স্বাধীনতা অমনি এসেছে কি? স্বাধীনতার মন্ত্র দিয়েছিল কারা? কেন্দ্রীয় সরকারের এই রকমটা করবার ফলে বাঙ্গালীর মনে হতাশা জেগেছে। কিন্তু বাঙ্গালীকে আজ ধীর স্থিরভাবে অগ্রসর হতে হবে। বাঙ্গালী আজ কোন পথে যাচ্ছে? এখানে একটা ঘটনা বলছি। আমি ট্রেনে যাচ্ছিলাম, কোলাঘাট ষ্টেশনের কাছে দুই বন্ধু রিফিউজি ডিপার্টমেন্টে কাজ করেন এবং প্রচুর টাকা রোজগার করছেন, ঐ বিভাগ থেকে। দুই বন্ধুর একজনের ছেলে মরেছে, তাই তার বৃদ্ধামাতা বলে দিয়েছেন, দেখরে তুই আর ঐ রকমভাবে টাকা নিস নে। ঐ রকমভাবে টাকা নেবার জন্যই, আমার ধারণা তোর ছেলে মরল। এবং সে অপর বন্ধুকে বল্লে যে সে টাকা নেওয়া বন্ধ করেছে। দ্বিতীয় বন্ধুটি বল্লে, ওসব বাজে কথা। লুটের সময় এখন টাকাটা নিতে থাক, পরে আর এ সুযোগ ও সুবিধা পাবি নে। সেই বন্ধুও তার পর থেকে আবার টাকা নিতে সুরু করবে বলল। বহু ঘটনা এই রকম ঘটছে। বাংলা ভারতেরই একটা অংশ। এই বাংলার প্রতি তার সমস্যার প্রতি কি দৃষ্টি দিচ্ছেন কেন্দ্রীয় সরকার? বাংলার প্রতি যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, সে প্রতিশ্রুতি তাঁরা রক্ষা করুন। কেন্দ্রীয় সরকার যদি বাংলার প্রতি অবিচার করেন, তাহলে তাঁরাও ছাড়ান পাবেন না। উত্তর প্রদেশ যখন মহম্মদ ঘোরি জয় করেছিল, তখন পরস্পরের মধ্যে ঝগড়ার ফলেই ভারত পরাধীন হয়েছিল। এখন যদি আবার তাঁরা ঝগড়া করতে থাকেন, তাহলে সেই রকম ফলই ফলবে। তাই বলছি, আসুন সকলে মিলে কি করে রিফিউজিদের সমস্যার সমাধান হতে পারে, সেই চেষ্টা করি। সকলে মিলে কিসে তারা নিরাপদে থাকতে পারে, আসুন সেই ব্যবস্থা করি।

Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের শ্রদ্ধাস্পদ বন্ধু বিজয়লাল চট্টোপাধ্যায় মহাশয়কে জানতাম তিনি "সর্বহারা"দের কবি। সেই "সর্বহারা" দরিদ্রের দুঃখের গান একদিন তিনি গেয়ে ছিলেন। কিন্তু আজ তাঁর কাছে "সব পেয়েছি"র গান শুনে আনন্দিত হলাম বুঝলাম যে, সবহারাদের আজ আর দুঃখ কিছু নাই। বন্ধু জগন্নাথবাবুও কালকে অনেক তথ্য দেখিয়েছেন। তিনি যে

সব ফিগার দিয়েছেন, সেগুলোর সম্বন্ধে বলতে পারি, হয়ত এক দিক দিয়ে টাকা খরচ যে কিছু হয়েছে উদ্বাস্তুদের জন্য, সেকথা অস্বীকার করব না। উদ্বাস্তুদের শিক্ষার নামে টাকা খরচ হয়েছে, যেটা জগন্নাথবাবু দেখিয়েছেন, সেটা নিশ্চয় খরচ হয়েছে, কিন্তু তার সঙ্গে সঙ্গে কতগুলি ছেলের পিছনে কোন স্কুলে কত টাকা খরচ হয়েছে, সে কথা যদি না বলতেন, তাহলে বুদ্ধিমত্তার কাজ করতেন। তার কারণ এই আমরা অস্বীকার করছি না যে, এই দপ্তরের টাকা খরচ হচ্ছে, কিন্তু সঙ্গে সঙ্গে এটাও অস্বীকার করতে পারছি না যে, এই দপ্তরে যা খরচ হচ্ছে, তা সঠিক লোকের কাছে পৌঁছাতে পারছে। এ বিষয়ে আমাদের ঘোর সন্দেহ রয়েছে। সেদিনও একথা বলেছিলাম কিন্তু উত্তর পাই নি। গোবরডাঙ্গা গার্লস স্কুলে রিফিউজি ছেলে ছিল, সেখানে অডিট করতে গিয়ে যে জিনিস বেরিয়েছিল, তার ভিতর দিয়ে এটা পরিষ্কার বোঝা গেছে যে, এই টাকা যথাযথভাবে ব্যয় করা হয় নি। যে উদ্বাস্তু ছাত্রীদের নাম কোরে টাকা বার করা হয়, তারা কোথায় থাকে খুঁজলে পাওয়া যায় না। এ যেন আঁটকুড়ো রাজার চার ছেলে, তার দুটো মরে গেছে, আর দুটো বেঁচে নেই, সেই রকম। সংখ্যা ঠিক আছে। সমস্তই ঠিক আছে, কেবল ছাত্রীরা নেই। আমরা সেদিন গোবরডাঙ্গা স্কুল সম্বন্ধে উত্তর পাই নি, প্রশ্ন করেছিলাম, কারণ গোবরডাঙ্গা স্কুল ব্যাপার নিয়ে কেবল এ হাউস কেন, উদ্বাস্তু দপ্তর পর্যন্ত সেই গোবর মাঠময় হয়ে গিয়েছে। সে জিনিষের উত্তর সেদিন দিতে পারেন নি বা সে উত্তর দেন নি। আজ সে উত্তর আমরা চাই।

চন্দননগরে উদ্বাস্তু অনেক আছে। সেখানে উদ্বাস্তুদের স্বচক্ষে দেখে এসেছি, কাজেই আমরা জানি। উদ্বাস্তু দপ্তরের মন্ত্রী তিনিও এসেমব্লি নির্বাচনের সময় চন্দননগর গিয়েছিলেন এবং উদ্বাস্তু কলোনি দেখে এসেছেন। জগন্নাথবাবু আমাদের নিমন্ত্রণ করেছেন নদীয়ার উদ্বাস্তু কলোনি দেখে আসতে। আমি তাঁকে এবং মন্ত্রীমহাশয়কে নিমন্ত্রণ করছি যে, চন্দননগর উদ্বাস্তু কলোনি দেখে আসুন। চন্দননগরের ট্রেঞ্চিং গ্রাউন্ডএর সুবাস গ্রীষ্মকালের মলয় বাতাসে দক্ষিণ থেকে উত্তরে নিয়ে আসে, আবার শীতকালের উত্তরের বাতাস উত্তর দিক থেকে দক্ষিণে নিয়ে, সেই সুগন্ধ নিয়ে আসে। দুই দিকেই যখন সেই সুগন্ধ নিয়ে আসে তখন মনে হয় যে, যত সুবাস বিতরণ করতে এই সোসালিষ্ট প্যাটার্নএর সরকার কাকেও বঞ্চিত করেন নি। দক্ষিণের হাওয়া উত্তর দিকের রিফিউজিদের আর উত্তরের হাওয়া দক্ষিণ দিকের রিফিউজিদের সমভাবে সুগন্ধ আঘ্রাণ করাচ্ছে, এবং এই দপ্তরেরও গৌরব বৃদ্ধি করছে। চন্দননগর নির্বাচনের পূর্বে এই দপ্তরের দুজন কর্মচারী চন্দননগরে গিয়ে বহু উদ্বাস্তুকে জিজ্ঞাসা করেন, আপনাদের ঘর তৈরি করবার জন্য যে ১,২০০ টাকা কোরে দেবার কথা ছিল, তারই ব্যবস্থা করতে আমরা এসেছি। তাদের কেউ বা মাত্র ৭০০ টাকা, কেউ বা ৬০০ টাকা পেয়েছে। বাড়ীর কোনটার পাঁচিল আছে, ছাদ নেই, কোনটার বা ছাদ আছে, দরজা নেই বা পাঁচিল নেই। এই অবস্থা চলে আসছে। তারা চীৎকার কোরে, আবেদন নিবেদন কোরেও কিছু পায় নি। এই অবস্থা যখন চলছিল, তখন সেখানে গত ইলেকশনএর পনের দিন আগে রাইটার্স বিল্ডিংস থেকে দুজন কর্মচারী গলদঘর্ম হয়ে, সেটা জুন মাস ছিল, তাই ঐ গলদঘর্ম হয়ে, সেখানে হাজির হয়ে বলেছিলেন, তোমাদের কি প্রয়োজন আছে? কার কি নেসেসিটী? সেজন্য একেবারে সেখানে দপ্তর তৈরি হয়ে গেল। তারা ভাবলে একেবারে দানীয়েল ইজ কাম টু জাজমেন্ট। কিন্তু ইলেকশন যখন হয়ে গেল, ইলেকশনের ফল যখন বেরুল, তারপরে আর তাঁদের দেখা নাই, তাঁরা রাইটার্স বিল্ডিংসএ ফিরে চলে গিয়েছেন। এটা যেন নির্বাচনের পূর্বে একটা ফিভারিস য়্যাক্টিভিটি, এবং তার পরে একেবারে ম্যালেরিয়া জ্বরের মত খুব কাঁপুনি, ব্যাস। তারপর জ্বর ছেড়ে কোথায় গেল, এই অবস্থার দিকে মন্ত্রীমহোদয়ার দৃষ্টি আকর্ষণ করছি।

দ্বিতীয় কথা হচ্ছে, সেখানে কি রকমভাবে কাজ হয়, সে কথা কিছু বলব, বেশী কিছু বলব না, সেখানকার কিছু তথ্য আপনাদের জানাব। শুনলে পুলকিত হবেন, অন্ততঃ আপনাদের পুলক সঞ্চার হবে। গভর্নমেন্ট ইভাকুয়ি ক্যাম্পএর কথা, একটা ডাক্তার নিয়োগের ব্যাপার। এটা মেডিকেল কাউন্সিল অফ ওয়েষ্ট বেঙ্গলএর ইনভেষ্টিগেশনএর ফল, এই ইনভেষ্টিগেশন আমরা বিরোধী পক্ষীয়েরা করি নি, করেছিলেন ক্যাপ্টেন পি, বি, মুখার্জি, মেডিকেল কাউন্সিল-এর ভাইস প্রেসিডেন্ট। তিনি ইনভেষ্টিগেশন করতে গেলেন, একজন ডাক্তারের সম্বন্ধে, যিনি মোটেই ডাক্তার নন; তাঁর ডাক্তারী কোয়ালিফিকেশন নাই, কিন্তু গভর্নমেন্ট সার্ভিসে য়্যাপয়েন্টমেন্ট

পেয়েছেন। কি কোরে পেয়েছিলেন, তার দরকার নেই; তবে তিনি যে লেটার হেড ছাপিয়েছিলেন তাতে লিখেছেন, চীফ মেডিকেল অফিসার, গভর্ণমেন্ট ইভ্যাকুয়ি ক্যাম্প, মহানদ, হুগলী। সেই লেটার হেডিং নিয়ে ওয়েষ্ট বেঙ্গল মেডিকেল কাউন্সিলএ কোশ্চেন এল। তাতে ভাইস প্রেসিডেন্ট চিঠি লিখলেন হুগলীর এস, ডি, ও-কে। ভাইস প্রেসিডেন্ট লিখেছিলেন, এই ডাক্তার কেমন করে য়্যাপয়েন্টেড হন, তার উত্তরে এস, ডি, ও, লিখেছেন—

"With reference to your memorandum under reference I am to inform you that while in jail as a political prisoner during the salt campaign a batch of co-prisoners including Dr. Bhattacharjya got lessons and training in medical science regularly for a year from Dr. Indra Narayan Sen Gupta, *ex*-I.M.S. and Dr. Charu Chandra Sanyal, political prisoners in the same jail, Dum Dum."

[3-20—3-30 p.m.]

যে ডাক্তার গভর্নমেন্ট য়্যাপয়েন্ট করেছেন, সেই ডাক্তার মেডিকেল কলেজএ পড়ে নি, মেডিকেল স্কুলএও যায় নি। তিনি জেলের ভিতর ইন্দ্রনারায়ণ সেন ও ডাঃ চারু সান্যালের পাঠশালায় পড়েছেন। এই হচ্ছে তার মেডিকেল ট্রেনিং এবং তাকেই য়্যাপয়েন্ট করা হোল। শেষকালে লিখেছেন, তিনিও স্বীকার করেছেন—

"In this connection it may be noted that Dr. M. Bhattacharya, though a quack, is still one of the most popular and experienced medical practitioners in the area and is known to be an honest and self-less worker. In view of the above I can only say that Dr. Bhattacharya was an appropriate man to be in medical charge of an evacuee camp and his appointment was justified in the circumstances then prevailing."

Sj. Bijesh Chandra Sen: Which Camp?

Dr. Hirendra Kumar Chatterjee: Mahanad Evacuee Camp.

Sj. Bijesh Chandra Sen: Which year?

Dr. Hirendra Kumar Chatterjee: Mr. Speaker, Sir,

আমি এই কাগজখানা দিয়ে দেব। আপনি হুগলী এস, ডি, ওর কাছে খোঁজ নেবেন। তাহলেই সব জানতে পারবেন।

Mr. Speaker: If you want a reply you will have to give the detail.

Dr. Hirendra Kumar Chatterjee:

এই চিঠিখানার ডিটেল্স দিচ্ছি লিখে নিন।

Copy of a letter No. 14, dated 5th January, 1956, from the Subdivisional Officer, Sadar, Hooghly.

(ভয়েস: পাশ কাটাচ্ছেন কেন?) পাশ আমরা কাটাই না। মন্ত্রী বা উপমন্ত্রীকে যখন অপোজিশন থেকে একটা স্টেট কোয়েশ্চেন করা হয়, তখন তাঁরা পাশ কাটান, তখন তার উত্তর বাঁকাভাবে পাওয়া যায়, এবং অনেক সময় মোটেই পাওয়া যায় না।

এখানে এই এস, ডি, ও, যার হাতে এই ম্যানেজমেন্ট বা এ্যাডমিনিস্ট্রেশন। তিনিও নির্লজ্জের মত বলেছেন, দি য়্যাপয়েন্টমেন্ট ইজ জাস্টিফায়েড, কেননা তার ডাক্তারি ট্রেনিং আছে। এই ডাক্তার তৈরি হয়ে ছিল, জেলের মধ্যে এক বৎসর ইন্দ্রনারায়ণ সেন ও চারু সান্যালের কাছে পড়ে। তাই আমি ডাঃ রায়কে বলি যে, আপনার মত ডাক্তারের সঙ্গে ১২ বৎসর আছে, এমন লোককে আপনি দয়া করে মেডিকেল কলেজএর প্রিন্সিপাল করে দিন, কারণ সে হাতযশ আপনার আছে, এবং তাঁর ডাক্তারী করবার অধিকার জন্মে গেছে, অন্ততঃ আপনার গভর্নমেন্টের নীতি অনুসারে।

Sj. Tarapada Bandopadhyay: Mr. Speaker, Sir, we have again come to our annual routine discussion of the worst calamity that ever befell a large section of human beings. The tragedy of the whole thing is that we have not any clear vision as to the magnitude of the problem as also the ways and means by which we can combat or cope with this problem. According to my humble opinion this is the greatest and most serious of all the problems that now confront us but a corresponding attention has not been given to this problem. It is certainly a problem of national emergency and therefore it should have been treated as such but it is to be regretted that the Government is not going to treat this problem in that way. There is callousness and there is want of sympathy so far as this problem is concerned. Now, at least there is one ray of hope that this Government is increasingly realising that the Hindu population of East Bengal will not be in a position to stay there for any length of time. The last Hindu will have to come here specially after they have got their Islamic Constitution declaring East Pakistan as an Islamic State. So they are to come. Most of them will come but those people who will not be able to come will be forcibly converted into the Muslim faith. That would be a great onslaught on Hinduism. We cannot tolerate that. Therefore, I think, Sir, it is high time that the Government of India should begin negotiations at a high Governmental level with the Government of Pakistan to evacuate all the Hindus that are remaining there into Hindusthan. That will save the refugees themselves a lot of trouble and that will save also this Government a lot of difficulties. But there should be one indispensable condition—Pakistan will have to concede to us a proportionate territory of East Pakistan bordering on the eastern side of the State of West Bengal and they will have fully to compensate us for the assets that the East Bengal Hindu population have already left or will leave there. We should be prepared to go to any legitimate and logical extreme in order to achieve this end. This should be the only policy. We have tried our week-kneed and foolish policy which has not paid. Nobody should be misled by the camouflage and eyewash that is now being adopted in East Pakistan by means of conferences and by means of appeals sent to the Hindu population to stay there. I will say it is only an eyewash. This is only a camouflage. We should not be misled in any way by this. This may have a propaganda value but it has no other value. Now they are to come here and they will have to be brought here but where and how they will be rehabilitated. This Government say they have no other land, they have no other means to settle them, the Hindus in West Bengal and they say that they should be sent to distant parts of India in unsympathetic and in unhealthy atmosphere. Sir, I join issue and I say that we do not like that this Bengali society should be disintegrated in this way. So the Hindu population that have come here should be rehabilitated in West Bengal and in the Bengali-speaking areas bordering on West Bengal which are now in Bihar or in Assam and in that tract of land which we are to get from East Pakistan. In this way we can save the integrity and solidarity of the Bengali population. We cannot allow this great society to be disrupted. Now, Sir, of course, some money has been allotted but I must say that no amount of money is sufficient for a problem of such a magnitude and such dimensions. It is the creation of the Congress and the Congress Government—I mean this refugee problem. They divided the country foolishly and it is the direct after-effect of that policy of that division. Therefore, it is the direct responsibility of the Congress and the Central Congress Government to cope with the situation, to spend as much money as is required for this purpose. Therefore, I do not like that there should be any definite sum allotted to Bengal from time to time for the purposes of refugee rehabilitation but there should be an arrangement between the Government of West Bengal and the

Central Government that this Government should be allowed to draw as much money as in their discretion they would feel necessary for the purpose of refugee rehabilitation. This is the only arrangement that should be there. Unless and until there is an arrangement like this, this Government cannot cope with this problem.

There are waste lands and all of them should be given to the refugees and they would be given as much help as possible to reclaim these waste lands. In this way we achieve two purposes. We will be able to settle or resettle a sufficient number of refugees and in the same process we will be able to reclaim our waste lands. That should be done. Now, Sir, in this connection I have often said here that to me it strikes that the vast areas of land on the side of the railway lines can also be reclaimed and these lands can be converted into culturable lands and there also some refugees may be settled and they may be provided with lands that we may get therefrom.

As regards the internal management of the Refugee and Rehabilitation Department I will only say that there is want of sympathy, there is callousness and there is want of understanding and therefore we should purge this department with an iron hand.

[3-30—3-40 p.m.]

Sj. Bijesh Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, গতকাল আর আজকে রিহ্যাবিলিটেশন সম্বন্ধে অনেক আলোচনা শুনলাম। সকল সদস্যই এই সমস্যাকে বিরাট সমস্যা বলে বলেছেন। আমরা আশা করেছিলাম সমস্যা সমাধানের ইঙ্গিত তারা কিছু দেবেন। কিন্তু প্রত্যেক সদস্যই বল্লেন, কোথায় টাকা খরচ হয় নি, কোথায় কোন অফিসার কি করেছে এই সমস্ত। যখন কিছুই বলবার থাকে না, তখনই এসব হয়ত বলতে হয়। যে সমস্ত কথা বলেছেন করাপশন সম্বন্ধে তাতে দেখলাম অনেক সদস্য বলেছেন, সমস্ত করাপ্ট অফিসার। দুই একজন হয়ত করাপ্ট অফিসার থাকতে পারে, একথা অস্বীকার করি না, কিন্তু এমন কথা বলা ঠিক হবে না যে, সমস্ত অফিসারই করাপ্ট। এমন অনেক অফিসার আছেন, যারা সকাল থেকে রাত পর্যন্ত অমানুষিক পরিশ্রম করছেন। এই যে হাজার হাজার উদ্বাস্তু যারা পূর্ববঙ্গ থেকে আসছে, তাদের দেখা, তাদের সুখসুবিধার দিকে নজর দেওয়া এটা তারা কর্মচারী বলেই কাজ করছে না, সেটা সোসাল ওয়ার্কার হিসাবেই কাজ করছেন। সুতরাং যারা এইভাবে কাজ করছেন তাঁদের সম্বন্ধে যদি বলেন সকল স্টাফই করাপ্ট, সমস্ত পিডার্টমেন্টই করাপ্ট, একথা বললে পর যারা ভাল কাজ করছেন, তাদেরও মনোবল নষ্ট হয়ে যাবে। যারা করাপ্ট অফিসার নিশ্চয়ই দরকার হলে তাদের সম্বন্ধে ব্যবস্থা করা হবে। আপনাদের জানাতে চাই যে, করাপশন যাতে না হয় সে সম্বন্ধে সরকারের সজাগ দৃষ্টি আছে; এই কারণেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ডিপার্টমেন্টএর ১৪০ জন নন-গেজেটেড স্টাফ এবং ১২ জন অফিসারএর বিরুদ্ধে ডিপার্টমেন্টাল এনকোয়ারী হচ্ছে।

Anti-corruption enquiry pending with the Police 5, dismissed or discharged 5, degraded 5, censured 4.

এই ফিগার দেখলেই আপনারা বুঝতে পারবেন, সরকার এই দিকে বিশেষ দৃষ্টি রাখছেন, যখনি যে খবর পাওয়া যাচ্ছে, অনেক সময় অপোজিশনএর মাননীয় সদস্যরা কিংবা বেনামী চিঠি যা পাওয়া যাচ্ছে, পাবার সঙ্গে সঙ্গে খবর নেওয়া হয় এবং প্রয়োজন হলে শাস্তিবিধানের ব্যবস্থাও করা হয়।

তারপর মাননীয় সদস্য সুধীরবাবু কতকগুলি জমি সম্বন্ধে আমাদের জানিয়েছেন, আমি এ সম্বন্ধে আপনার কাছে কয়েকটি কথা রাখবো। তিনি সোনারপুর সম্বন্ধে বলেছেন যে, সেখানে কি জমি নিয়ে গোলমাল হয়েছে। সোনারপুর অঞ্চলে আপনারা জানেন যে বহুদিন থেকে সেখানে পোড়ো জমি ছিল তা রিক্লেম করা হয়েছে। তার মধ্যে ২৪ হাজার একর জমির

উপর সেক্সন ৪ করা হয়েছিল। তারপর সার্ভে করার সময় দেখা গেল, অনেক গ্রাম এসে পড়েছে সেজন্য ফের সার্ভে করা হল, তারপর ৩,৮০০ একর জমি নেওয়া হয়, সেখানে ২৪ হাজার একর জমি নিয়ে আরম্ভ করা হয়েছিল। তার মধ্যে প্রয়োজনীয় জমি যা ছিল তা আমরা ছেড়ে দিয়েছি। কোতরং (২) সম্বন্ধে উল্লেখ করেছেন, ১৯৫২ সালে ২১৭ একর জমি য়্যাকোয়ার করা হয়। কলেক্টর তার মধ্যে ১৬ একর জমি নেবার জন্য বলেন এবং ল্যান্ড য়্যাকুইজিশন কলেক্টর ভ্যালুয়েশন করেন ১৩ হাজার টাকা। তাতে তারা রাজী হয় নি এবং আমরাও রাজী হই নি। আমাদের সিলিং হচ্ছে ৯ হাজার টাকা। তারপর কাঞ্চনজঙ্ঘা কোম্পানী আমাদের জমি অফার করে, আমরা ল্যান্ড য়্যাকুইজিশন কলেক্টারের কাছে পাঠাই, আমরা বলি যে প্রাইস আছে, তা যদি দেয় তাহলে নিতে পারি। তারপর ৭,৫০০ টাকায় সেই জমি নিই। যেখানে আমাদের সিলিং ছিল ৯ হাজার টাকা, সেখানে আমরা কোন অপচয় তো করি নি বরং সরকারের কিছু টাকা সেভড হয়েছে। লস্করপুর সম্বন্ধে বলেছেন। লস্করপুরএর জমি সংগ্রহ করতে বলা হয়, পরে কলেক্টর জানান যে, এ জমি পাওয়া সম্ভব নয়। এর পরে রিজেন্ট এস্টেট জমি অফার করে, আমরা ২৪-পরগণার কালেক্টরএর কাছে পাঠাই এবং কলেক্টর যে দাম ধার্য করেন, সেই দাম অনুযায়ী জমি য়্যাকোয়ার করা হয়। ব্রোকারেজএর কথা প্রসঙ্গে বলতে চাই যে, গভর্ণমেন্ট সব সময় জমি য়্যাকোয়ার করে ব্রোকারএর থ্রুতে জমি কেনা হয় না, কাজেই কাউকে ব্রোকারেজ দেওয়ার প্রশ্ন উঠে না।

তারপর বেলা বানার্জির জমির কথা, বলেছেন। বৈষ্ণবঘাটায় ২১ একর জমির জন্য ১৯৫০ সালে গভর্নমেন্ট নোটিফাই করে। তার মধ্যে বেলা বানার্জির নামে সাত একর জমি ছিল। কারেন্ট রেট দাম কম্পেনসেশন পাবার জন্য তিনি গভর্নমেন্টএর বিরুদ্ধে কেস করেন, গভর্নমেন্ট হেরে যান, সুপ্রিম কোর্টেও গভর্নমেন্ট হেরে যায় এবং কারেন্ট রেটএ এই টাকা দিতে হবে এই রায় হয়। তারপর গভর্ণমেন্টএর সঙ্গে বেলা বানার্জির কমপ্রোমাইজ হয়, এবং পরে তাকে যে রেট দেওয়া হয়, সেটা হাই কোর্টএ এবং সুপ্রিম কোর্টএ কেসএর কস্ট বাদে এবং গাছপালার কস্ট ধরে ব্যালান্স টাকা দিয়ে দেওয়া হয়। সুতরাং যিনি বলেছেন, তাকে অনেক বেশী টাকা দিতে হয়েছে, তাকে জানাচ্ছি যে, এটা ঠিক নয়, বরং কম দেওয়া হয়েছে।

তারপর দেবীপুর গুরগোরিয়াতে ১৯৫৪ সালে সেখানকার জমির মালিক গভর্নমেন্টকে জমি অফার করে, তারপর গভর্নমেন্টএর নিয়মানুসারে,

Law Officer of the Refugee Rehabilitation Department, right, title and interest

সমস্ত দেখে এবং য়্যামিকেবলী পোজেসন দেওয়া হয় এবং ওখানে য়্যাকুইজিশন স্টার্ট করা হয়, সেজন্য য়্যামিকেবল পজেসন নেওয়া হয়েছে বলে তাকে সেই য়্যামিকেবলী পজেসনএর কপি দেওয়া হয়। সুতরাং উনি যে বলেছেন সমস্ত কাগজ পত্র দেওয়া হয়েছে, এটা ঠিক নয়। জমি আমাদের বহু প্রয়োজন যেভাবে উদ্বাস্তু আসছে তাতে জমি নিশ্চয়ই প্রয়োজন, যেখানে যা আছে, আমরা খোঁজ করছি, আমরা চেষ্টা করছি। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হয়, আমাদের বিরোধী দলের অনেক বন্ধু বলছেন যে, জমি দরকার। বাস্তুহারাদের বাংলার বাইরে পাঠান চলবে না, তাদেব এখানেই বসাতে হবে। আবার আমরা যখন জমি য়্যাকোয়ার করতে যাচ্ছি, তখন তারা বলেন, এ জমি নেওয়া যেতে পারে না। তাদের নিজের কনস্টিটুয়েন্সিতে কাজ দেখাবার জন্য এইসব করছেন। একদিকে তারা বলছেন, জমি সংগ্রহ করতে হবে, অন্য দিকে তারা বলছেন, জমি ছেড়ে দিতে হবে, কি করে তা সম্ভব হবে, আমি তা বুঝতে পারি না। [নয়েজ]।

অনেকে বায়নানামার কথা বলেছেন, বায়নানামা সম্বন্ধে অনেক সময় হয়ত দেরী হয়, একথা স্বীকার করছি, কিন্তু বায়নানামার সময় দেখতে হয় যে, টাইটেল ঠিক আছে কিনা, মুসলমান কিংবা বিধবা কিংবা মাইনরএর জমি কিনা, এবং যে জমি কিনছি, সেটা রিফিউজিদের পক্ষে ঠিক হবে কিনা, তাছাড়া অনেক সময় আমরা দেখি মিডিলমেনেরা এসে মাঝখান থেকে জমির দাম বাড়িয়ে দেয়। লোকাল এরিয়াতে যে জমির দাম তার চেয়ে বেশী হয়েছে। এসব কারণগুলি থেকে বুঝা যায় যে, ভবিষ্যতে রিফিউজিদের অসুবিধা হবে, সেখানে বায়নাপত্র কার্যকরী হচ্ছে না, দেরী হচ্ছে, আমরা ব্যবস্থা করছি, যাতে দেরী না হয়। এবং যে সমস্তগুলি

দেরী হয়ে গেছে, ডেট এক্সপায়ার করে গেছে, আমরা ল্যান্ডলর্ডদের য়্যাপ্রোচ করেছি, টাকা যেটা তারা দিয়েছিলেন, সেটা যাতে তারা ফেরত দেন। বেশীর ভাগ ল্যান্ডলর্ড এগ্রি করেছেন। কাল জ্যোতিবাবু মুরারীপুকুর সম্বন্ধে উল্লেখ করেছেন যে, বহু উদ্বাস্তু বায়নানামা করেছিল, এস, বি, ইন্ডাষ্ট্রী থেকে জমি নেবার ব্যবস্থা করেছিল, যে কোন কারণেই হোক এস, বি ইন্ডাষ্ট্রী তাদের জমি দিতে পারে নি। আমরা তাদের হয়ে জমি দেখছি, জমি য়্যাকোয়ার করছি, শীঘ্রই সেটা পাওয়ার সম্ভাবনা রয়েছে। ল্যান্ড পার্চেজ লোন সম্বন্ধে কানাইবাবু বলেছেন যে, নন-এগ্রিকালচারিষ্টদের ল্যান্ড পার্চেজ লোন দেওয়া হয় না।

[3-40—3-50 p.m.]

তারপরে বলেছেন হাউজ বিল্ডিং লোন, বিজনেস লোন সম্বন্ধে, এস, টি, লোন সম্বন্ধে অনেকে বলেছেন কম—কম এটা ঠিক, সেজন্য আমরা উদ্বাস্তু ভায়েদের বলেছি, যেসমস্ত কলোনীতে তারা এস, টি, লোন নিয়েছে, ঐভাবে না নিয়ে যেন কো-অপারেটিভ ফার্ম করে এবং সেই স্কীম করার জন্য আমাদের অফিসার তাদের সবসময় সাহায্য করবেন। এই রকম কো-অপারেটিভ ফার্ম করলে মেম্বার্সদের আমরা আড়াই হাজার টাকা পর্যন্ত লোন দিতে পারি এবং এইভাবে কাজ করলে ব্যবসাও ভাল হতে পারে। ৫০০।৭০০ টাকা লোন নিয়েও অনেক সময় সাকসেসফুল হওয়া যায় নি, কিন্তু সকলে মিলে যদি স্কীম করে ব্যবসা দেখেন, তাহলে ভাল হয় এবং বেশী লোনও নিতে পারবেন। টি বি সম্বন্ধে অনেকেই বলেছেন যে, এটা সারা বাংলার সমস্যা। রিফিউজিদের মধ্যে এটা খুব বেশী, সেটা ঠিক। তারা আন্ডার নারিস্‌ড বলে এই রোগ তাদের মধ্যে বেশী দেখা দিয়েছে। আগে আমাদের ২৫০টি বেড ছিল, এখন আরো ২৫০টি বেডের স্যাংসন পাওয়া গেছে, কিন্তু যত সংখ্যা রুগী তত সংখ্যার বেড করা সম্ভব নয়। টি বি পেসান্ট একবার হাসপাতালে ঢুকলে সুস্থ না হলে ডিসচার্জ হয় না। অনেক সময় দেখা যায় যে, হাসপাতাল ডিসচার্জ নোটিশ দিয়েছে, কিন্তু তারা সেখান থেকে যাচ্ছেন না। তাছাড়া টি বি রোগীদের সাহায্যের জন্য সরকারের আগে যে নিয়ম ছিল, সেটা অনেক ক্ষেত্রেই বিলোপ করেছেন, এখন প্রত্যেক পেসান্টকে আগে যেখানে এক টাকা চার আনা ছিল, সেখানে আড়াই টাকা হিসাবে স্পেশাল ডায়েট দেওয়া হবে এবং ফ্যামিলিকে ৬৫ টাকা পর্যন্ত সাহায্য করা হবে। এ ছাড়া ৪টি মোবাইল ইউনিট করা হয়েছে এবং তারা রিফিউজিদের জন্য ব্যবস্থা করবেন, ওষুধ দেবেন। রানাঘাট, কৃষ্ণনগর, হুগলী এবং হাবড়ায় চারটি মোবাইল ইউনিট করা হয়েছে। যেসমস্ত পেসান্ট ভর্তি হচ্ছে, তাদের মেডিকেল হেল্প দেবেন এবং ওষুধ যা লাগে, তার খরচ দেবেন। এরপরে মাননীয় সদস্যরা কো-অপারেশনের কথা বলেছেন। এটা আমরাও চাই। তাঁরা বলেছেন এই সমস্যা রাজনীতির উর্ধ্বে রাখতে হবে। আমরা সব সময় সেটা করেছি এবং তা সত্ত্বেও কিন্তু বাস্তবক্ষেত্রে দেখেছি অন্য রকম। যেকোন একটা ব্যাপারেই এদের খেলার পুতুলের মত ব্যবহার করছেন। যখন তারা সমস্ত ছেড়ে চলে এসেছে, এবং যখন নূতন করে ঘরবাঁধা আরম্ভ করেছে, তখন তাদের উৎসাহ না দিয়ে, সাহায্য না করে, যদি বৃথা আশা দিয়ে ভুল পথে চালায়, তাহলে সেটা অন্যায় হবে। সমস্যার সমাধান করতে হলে সকলের সহযোগিতা প্রয়োজন এবং উচিত তাঁদের রাজনীতির ক্ষেত্র থেকে দূরে রাখা। তাঁরা বেশীর ভাগ ক্ষেত্রে রিফিউজিদের যেখানে একটা গোলমাল হয়েছে, সেখানে গিয়ে হয়ত সামান্য চেষ্টা করে সমস্যা মেটাতে পারতেন। তা না করে যাতে গোলমাল আরো বাড়ে সেদিকে তাদের উৎসাহ দিয়েছেন এবং তাদের সংকটের পথে টেনে এনেছেন, তারপরে চীৎকার করে বলেছেন রিফিউজিদের কি দুর্দশা। তাদের যদি আন্তরিকতা থাকতো তাহলে এইভাবে রিফিউজিদের নূতন করে ঘর থেকে টেনে রাস্তায় বের করতেন না। যদি সত্যই সদিচ্ছা আপনাদের থাকে তাহলে আসুন আজকে সমস্ত বাদানুবাদ ভুলে যেসমস্ত পন্থায় এই বিরাট সমস্যার সমাধান হতে পারে মিলিতভাবে সকলে সেই চিন্তা করি, যাতে যারা সর্বস্ব ছেড়ে চলে এসেছে, তাদের নূতন করে জীবনে সুপ্রতিষ্ঠিত করতে পারি, সেই চেষ্টাই করি এবং সেইটাই হবে আমাদের জীবনে সবচেয়ে ভাল কাজ এবং ভগবান আমাদের আশীর্বাদ করবেন, এই বলে মাননীয় মন্ত্রীমহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী উপস্থিত করেছেন তা আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি।

The Hon'ble Renuka Ray: Mr. Speaker, Sir, from the trend of this debate it struck me that there is at least a better appreciation of the tremendous nature of the problem that we face in West Bengal, this problem of refugee rehabilitation and the incoming influx of refugees. Yet before I deal with the arguments that have been brought forward by a few of the members of this House I would like to say first that there are unfortunately certain members who do not seem to have arguments at all, who seem to believe in villification, distortion of facts, untruths and half-truths. This is the manner in which they proceed. Sir, I think that this traduces the fair name of Bengal and of this House, and as you very rightly pointed out yesterday, to bring in names of persons who are not in this House, who cannot defend themselves and to take the protection of this House to do so and not to face the consequence is not only wrong but, if it is parliamentary to say so, I would say, sheer cowardice. This was done by a certain number of members. I do not wish to inflate their ego by replying to them because they know probably better than any one of us how very wrong are the statements that they have made. I would reply to one or two points.

Sir, my colleague Shri Sen has replied to the points regarding certain land acquisition schemes. I will reply to one or two other points made by some honourable members before I go to reply to those who have really brought forward some arguments. In the first place, one of the members yesterday brought a charge against the Superintendent of the Cossipore camp saying that at Cossipore camp the names of refugees are put in the books who are not there. If he had tried to apprise himself of the facts he would not have brought this charge. At Sealdah station when new arrivals come, we are now following the procedure and there is a Government order on this, that they should be supplied with three days' doles, their names have to be entered into the camp books. Their names are entered in the Cossnpore camp but physically they are not moved there. Why they are not moved there? In order to obviate the delay of going to one transit camp and then to some other transit camp so that they should not be harassed. In order to eliminate one step this is done.

[3-50—4 p.m.]

Therefore, on arrival, as the honourable members should well be aware of it, they do not arrive, generally speaking, with much with them. They need the dole. Therefore, assoon as their *bona fides* have been ascertained and they are removed, the transit camp stage is eliminated. Three weeks' dole is given ahead and their names are put into the Cossipore transit camp which is the nearest. Had the honourable members bothered to apprise themselves of the facts, they would not have brought such an untrue and false charge.

Secondly, Sir, there is another point. A charge has been brought, sometimes very sweepingly, saying that all moneys have been wasted, and then one or two examples are brought forward. Some of them were wholly untrue and some of them were not right. We have taken steps long ago. I will give an illustration—*Basthuhara Bidyapith, Tangra.* Here the honourable member has said that this school was getting help from the Refugee Rehabilitation Department in the form of stipends, and that we have not found out what the school was like. First of all, I want to say that the Refugee Rehabilitation Department, Education Section, gives stipends to such schools as the State Government recommends. Sometime back this particular school was investigated by the Director of Public Instruction and our Educational Officer on the recommendation of the Refugee Rehabilitation Department itself, who were not satisfied that the stipends were given to a proper place. As the investigation showed that

something was wrong, during these past years we have not given an stipends or any money to the school; and bringing up against us a charg that we waste money in regard to the particular school where we invest gated—and it was the Refugee Rehabilitation Department which found ou the state of affairs—is, I think, really surprising to say the least. In th way, there are some honourable members who make very sweeping genera isations. As my colleague Shri Sen has already said, it is very unfair t those who are working so hard day and night and whose work we see befo our eyes. I do not say that there are no corrupt persons there. There ma be corrupt persons as there are corrupt persons amongst every section of th society. I do not say that there are no inefficient persons amongst officia also. But to generalise and say that all those who are working day and nigh ceaselessly—all of them are corrupt, all of them are inefficient, is not fair Is that fair, is that just, I ask you? Sir, I want to reiterate what m colleague has said that wherever corruption is found, we make tremendou endeavour and we take steps against such corruption. Sometimes, it i unfortunate but true to say, when we do try to take steps against corruption the honourable members of the House instead of giving their co-operatio make charges against us. These are facts that I am stating. I woul request every one of the honourable members "please give us evidence an we shall definitely take steps" It is our constant endeavour to see tha corruption is eliminated and I might say that such corruption amongs officialdom does naturally affect the refugees, exploit the refugees. Bu exploitation of the refugees is not confined unfortunately to our officialdom It is easier to take steps against the officials than taking steps against other who have made money or, I should say, have exploited the misery of th refugees. We do our best also to see that this is eliminatel, but it become very difficult and I would ask those who have complained to us so far, m critical friends and others to come forward and help us in the matter.

I will now speak about certain charges brought up by my honourabl friend Shri Jyoti Basu. First of all I want to tell him—he is not here bu I want to tell him through you, Sir,—that when he heard me I do not thin he heard me with as much attention when I spoke at the beginning as heard him, because he seems to think that there was some dispute betwee the Union Minister and myself. As I mentioned in my opening remarks I was grateful to the Union Minister and it was due to his stay in this city and in the Eastern Region for a long period, to his going round to appris himself of the facts that had led to a better appreciation on the part of th Central Government of the problem of rehabilitation as it faced this Provinc of ours.

Shri Basu has also said that I have expressed the magnitude of ou problem in terms of money. I think he misunderstood me there also What I was trying to say was something different. I gave the magnitud of the problem and I tried to make the point that so far I think in th past the money provided has been inadequate. I did not make out that th amount of money spent showed the magnitude of the problem. He ha spoken and several other members have also said that rehabilitation is a national emergency and it should be dealt with as a war measure. I entirely agree with them, and I also want to tell the House that so far as the relief side is concerned, for years now, since June 1964 and in earlier periods also, we have had to deal with it on a war-time basis. As an emergency measure it is being dealt with and to those who are working in this field, I had expected that the members of the House would pay tributes to them, because they have ceaselessly worked. I will say that in this department there may be casualties amongst the officials because of the manner in which thty have to work. If they had not worked in the manner in

which they work, then today the position in camps—I shall speak in more details about the camps a little later—would have been very different from what it is. The death rate in camp is not higher. It is, as I have said, slightly lower than the death rate in West Bengal. Please realise this: How this has been possible, those who have seen these under-nourished people when they came to the station would realise this. Surely inadequacy may be there—and I do not claim that all the measures we have taken for them are adequate—but at least this much is true that those refugees who have come to West Bengal and throughout the whole India—I think we can say this—have been looked after in such a manner that the death rate amongst them is not higher than the normal death rate, but as I have said before it is slightly lower.

[4—4-10 p.m.]

He said that in the pamphlet regarding the Second Five-Year Plan of refugee rehabilitaion why 92 crores have been mentioned instead of 113 crores which he heard from the earlier estimate. He perhaps does not know that 113 crores estimate is for relief as well as for rehabilitation. This booklet has given figures for rehabilitation as we have placed them and the figures for relief have not been purposely mentioned. This figure will be very much higher with the increasing influx. The rehabilitation figures are also taken on the basis of those refugees who have come up to June, 1954, under that plan. Sj. Jyoti Basu also said that at the outset the Minister did not say anything about the achievements. It is true that I had not much time and so I could not say anything on that score. I explained the difficulty and I tried to show that the problems should be viewed in its proper perspective. I would give some idea of the work done during the present year. We have spent 4 crores 20 lakhs on non-camp refugee loans to 35 thousand families during the year which has come to end on the 31st March. I will repeat as I find Sj. Jyoti Basu in the House that it is not in terms of money that I am judging the problem. It is a fact that the money spent was not quite adequate. Camp refugees we have only been able to settle to the tune of 14 lakhs due to the fact that we have not been able to acquire sufficient land for them. The amount of land that we have notified during this year is 11,074 acres. The amount of land that has come to our possession is only 2,899 acres. The amount of land regarding which acquisition proceedings are on is 9,521 acres and I might say that only 300 acres have come to our possession as land which have been notified in the year before.

I spoke yesterday regarding the employment potential. Other members of the House on this side and the Deputy Minister have spoken about the work that has been done on education and on health. I only want to add something regarding the T.B. patients. We have sent up a scheme for having 5,000 beds of which we wanted 1,000 now. This year we have got 500 beds most of which have been working and another 50 beds will be put in within a very short time. There has been a world of change regarding the grants to T.B. patients and their families. We have given these grants on an *ad hoc* basis in the past. It was very unsatisfactory. Our recommendation has been accepted and now for every T.B. patient we give Rs. 20 per month for diet *plus* something is given for the family—wife and children as well. This is continued to be given up to three months after the T.B. patient has been released. We are also making an attempt to have a special colony for those T.B. patients who are discharged so that they may be settled there with our help and assistance. We have formulated such a scheme, and we hope to get sanction for it during the course of the coming year.

মিঃ স্পীকার স্যার, কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট এবং ন্যাশনাল একসটেনশন সার্ভিসের স্কীম সম্বন্ধে কিছু বলতে গেলে, আমাদের এই কথাই বলতে হয় যে, সরকার যে নূতন নূতন শহর নির্মাণের পরিকল্পনা করেছেন তা না করে যে সমস্ত পুরানো শহর আছে বা যে সমস্ত জায়গায় নানা শিল্পের কাজ আজও বেঁচে আছে, সেই সমস্ত জায়গার যদি উন্নতি করা হত, তাহলে আমার মনে হয় এর চেয়ে ঢের বেশী কাজ হত। নূতন নূতন শহর নির্মাণ করতে গিয়ে লক্ষ লক্ষ টাকা খরচ করা হচ্ছে বটে, কিন্তু সেখানে লোকে থাকতে যাচ্ছে না। সুতরাং ঠিক নতন শহরও গড়ে উঠতে পারছে না। কিন্তু যে সমস্ত জায়গায় যেমন আরামবাগ মহকুমার বালি দেওয়ানগঞ্জ অঞ্চল পিতল-কাঁসার বাসন তৈরি হয় সেইরূপ বাংলা দেশে এই রকম আরো অনেক গ্রাম আছে, যেখানে নানা রকম কুটির শিল্প আজও বেঁচে আছে যথা, তাঁতের কাপড় তৈরি হয় ইত্যাদি, সেই সমস্ত গ্রামগুলির যদি উন্নতির চেষ্টা করা হত, তাহলে আরো বেশী লোক সেখানে যেতে পারত, সেই সমস্ত শিল্পের আরো উন্নতি হতে পারত, এবং আরো বেশি লোক নিয়ে তাঁরা সেখানে এমপ্লয়মেন্ট দিতে পারতেন, তা না করে নূতন নূতন জায়গায় নূতন নূতন শহর নির্মাণের পরিকল্পনা করে যে অর্থ ব্যয় করা হচ্ছে, সে অর্থে ঠিক কাজ পাওয়া যাচ্ছে না বলেই আমার মনে হয়। ন্যাশনাল একসটেনশন ব্লক সম্বন্ধে বলতে গেলে বলতে হয়, বিভিন্ন ডিপার্টমেন্টের হাতে কাজ দেওয়া হয়েছে, কিন্তু তাতে কাজ ত্বরান্বিত করার কোন আগ্রহ নাই বা করে উঠতে পারে না। যা তাঁরা স্কীম ঠিক করেন, যেমন এডুকেশনে এই টাকা খরচ করা হবে, কমিউনিকেশনে এত টাকা খরচ করা হবে, ইন্ডাস্ট্রীতে এত টাকা খরচ করা হবে, স্কুল বিল্ডিংএ এই টাকা খরচ করা হবে বা ক্রাফটসএ এত টাকা খরচ করা হবে, কিন্তু স্কীম অনুযায়ী সে টাকা ওঁরা খরচ করতে পারে না, কারণ বলা হয়, অমুক ডিপার্টমেন্টে যেতে হবে, তমুকের স্যাংশন নিতে হবে, ইত্যাদি করে অনেক সময় পেরিয়ে যায়, তখন আর ঠিকমত করে করাব স্কোপ থাকে না। যে স্থানের আমি, জন কল্যাণের সঙ্গে সংশ্লিষ্ট, সেখানে দেখেছি, গত এক বছরের মধ্যে কোন কাজ করা সম্ভব হয় নি। গত বছরের মধ্যে আমরা দেখতে পাই নি যে একটা নলকূপ সেখানে হয়েছে। ধরুন নলকূপ বা রাস্তার একটা একটা স্কীম হল, কিন্তু তা কার্যকরী করা সম্ভব হয়ে উঠলো না, এক বছরেও। কারণ বিভিন্ন ডিপার্টমেন্টের আওতা থেকে বার করে আনতে এবং টাকা ঠিকমত সময়ে না পাবার দরুন কাজ করার সময় অতীত হয়ে যায়। এতে যে কি সুবিধা হচ্ছে, আমরা তা বুঝতে পারি না। আমার মনে হয় একসটেনশন সার্ভিস ব্লকের জায়গায় সমস্তই ডেভেলপমেন্ট ব্লক করছে, ন্যাশনাল একসটেনশন সার্ভিসেস ব্লকের মাধ্যমে তাঁরা যে সমস্ত কাজ করতে চাইছেন, তা যদি সমস্ত প্রাণ দিয়ে গ্রামিন লোকের দ্বারা করাতে পারতেন, তাহলে কিছু সফল হতে পারে। আমরা দেখেছি, যে সমস্ত গ্রামসেবকেরা সেখানে গিয়েছেন, এক একটা ইউনিয়নে এক একটি গ্রামসেবক থাকেন, তাঁরা বাইরের লোক সেখানে তাঁরা থাকবার স্থান পান না; আমি জানি না, এমন কোন পরিকল্পনা আছে কিনা, যাদের যে অঞ্চলে বাড়ি তাদের সেই জায়গায় রেখে অন্য লোককে অন্য জায়গায় দেওয়া। আমরা দেখেছি, স্থানীয় লোক তার অঞ্চলে থাকে না, সেখানে অন্য জায়গা থেকে লোক আনা হয়, এর কারণ কি? আমরা শুনেছি, গ্রামসেবকদের জন্য ট্রেনিং সেন্টার আছে। তাঁরা কি ট্রেনিং পান? কিন্তু যে সমস্ত গ্রামসেবক পল্লীগ্রামে যাচ্ছেন, তাঁদের কতটুকু অভিজ্ঞতা কৃষি সম্বন্ধে আছে জানি নে। দেখছি গ্রামসেবক কৃষির যন্ত্রপাতি অনেক সময় অপারেট করতে পারেন না, সে এক অদ্ভুত ব্যাপার। তখন এক গ্রামসেবক বলে উঠলেন, যন্ত্রটা খারাপ হয়ে

গেছে।" যাদের সাধারণ বুদ্ধি আছে, তারা পরে যন্ত্রটাকে এদিক ওদিক ঘুরিয়ে যখন চালিয়ে দিল, তখন তিনি বল্লেন, হাঁ এইরকমেই চালাতে হয়। পেরিনক্স কি করে গালাতে হয়, তা তার জানে না, জল ঢেলে এতটা পাতলা করলে যে তাতে পোকা মরে না। এই রকম আরো অনেক কিছু তাদের কাজ সম্বন্ধে অভিজ্ঞতার অভাব দেখা যায়। সুতরাং কৃষি সম্বন্ধে কোন রকম অভিজ্ঞতা নাই, এরকম গ্রামসেবকদের যদি গ্রামে পাঠানো হয়, তাহলে সুফলের জায়গায় কুফলই হবে।

আমি একটা কাট মোশন দিয়েছি, আমাদের গোঘাট থানা ন্যাশনাল একসটেনশন সার্ভিস স্কীমে ইনক্লুসেন সম্বন্ধে, আমি এখানে বলতে চাই, আমাদের আরামবাগ মহকুমায় গোঘাট থানায় ১৫টা ইউনিয়নে মাত্র ৬টা হাই স্কুল গড়ে উঠেছে, কিন্তু একটিও হেল্‌থ সেন্টার নাই এই রকম অনুন্নত স্থানে ন্যাশনাল একসটেনশন সার্ভিস ব্লক হবে, সেজন্য গোঘাট থানাকে ন্যাশনাল একসটেনশন সার্ভিস ব্লকএর অন্তর্ভুক্ত করলে ভাল হয়। কারণ সবচেয়ে অনুন্নত অঞ্চল যেগুলি সেখানেই করা উচিত। মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যখন সমস্ত ন্যাশনাল একসটেনশন ব্লকগুলি কমিউনিটি ডেভেলপমেন্ট, ব্লক ট্রান্সফার কর হবে তখন থানাকুল, আরামবাগ ও পুরসুরায় যে ন্যাশনাল একসটেনশন সার্ভিস ব্লকগুলি গড়ে উঠেছে, তারা নিশ্চয়ই আগামী বছরে কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লকএর মর্যাদা পাবে এটাই মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন জানাই।

মিঃ স্পীকার স্যার, ন্যাশনাল সার্ভিস ব্লক সম্বন্ধে বলতে গেলে আরো অনেক কথা বলতে হয়, সেখানে আমরা দেখছি, অনবরত সেখানকার কর্মচারী বদল করা হয়, তার ফলে এই হয় যে কাজত এগোয়ই না বরং পিছিয়ে যায়। তাছাড়া আর একটা অসুবিধাও আছে। চাষীদের সঙ্গে একজন গ্রামসেবকের সঙ্গে জানা শোনা হয়ে গেল, কিছুদিন পরই তার জায়গায় যদি নতুন লোক আসে, তাহলে কাজের সুবিধা হয় না। ধরুন একজন চাষী একজন গ্রামসেবকের কাছে কিছু জানতে গেল, যখন সে তার খোঁজে গেল, তখন দেখল, অন্য লোক বসে কাজ করছে সে তাকে জানে না, আবার গ্রামসেবকও চাষীকে জানেন না। ফলে চাষীর যে জিনিস জানার জন্য গ্রামসেবকের কাছে যাওয়া, তা আর জানা হল না। এইভাবে ঘন ঘন ট্রান্সফার যাতে না হয় সেইজন্য আমি এ বিষয়টির প্রতি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[6-10—6-20 p.m.]

Sj. Sudhir Chandra Das:

মিঃ স্পীকার স্যার, কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট ও ন্যাশনাল একসটেনশন সার্ভিস ব্লক সম্পর্কে মাননীয় মন্ত্রীমহাশয় যে উজ্জ্বল চিত্র আমাদের চোখে ধরে তুলেছেন, মাছ, ডিম প্রভৃতি খাদ্যের এবং শিক্ষা স্বাস্থ্য ও শিল্পের যথেষ্ট উন্নতি আমাদের হচ্ছে বলে, তিনি যা বলেছেন, আমি তাঁর সে কথার প্রতিবাদ করছি। এবং এটা যে অধিকাংশ ক্ষেত্রেই একেবারে শোচণীয় ব্যর্থতায় পর্যবসিত হচ্ছে এই কাগজখানা দেখলেই বুঝতে পাবেন। এই যে শোচণীয় ব্যর্থতায় পর্যবসিত হয়েছে, তার পূর্বে আমাদের বিরোধী দলের পক্ষ থেকে বার বার বলা হয়েছে, এ জিনিস উপর থেকে জোর করে না দিয়ে, জনসাধারণ কি জিনিস চায়, সেখানকার সোসা ব্যবস্থায়, শিল্পে, শিক্ষায়, স্বাস্থ্যে কি উন্নতি করা আবশ্যক, সেটা বাস্তব অবস্থার পরিচয় না পেলে, এবং সেখানকার লোকেরাই বা কতখানি সাহায্য দিতে পারবে এবং কতটা গ্রহণ করতে পারবে, সব অবস্থা সঠিক না জেনে উপর থেকে পরিকল্পনা চাপিয়ে দেবার ফলেই এই অবস্থা ঘটেছে।

সুতরাং একটা জায়গা নয়। মেদিনীপুর জেলার ঝাড়গ্রামের অধিকাংশ ব্লক সম্বন্ধে ইতিপূর্বে আলোচনা হয়ে গিয়েছে, আমি আর সে কথা বলছি না। আমি আমার ওখানে ন্যাশনাল একসটেনশন সার্ভিস ব্লক গত বৎসর থেকে যে কাজ আরম্ভ করে দিয়েছে, তার চিত্র আপনাদের সামনে তুলে ধরছি। এবং তা থেকেই বুঝতে পারবেন, জনসাধারণের কোন মত না নিয়ে এবং স্থানীয় অবস্থা সম্পর্কে কিছু না জেনে পরিকল্পনা উপর হতে চাপানর ফলে

অধিকাংশ পরিকল্পনা ব্যর্থ হয়েছে, টাকা অপচয় হয়েছে। আমি খেজুরির ন্যাশনাল এক্সটেনশন সার্ভিস ব্লকএর কথা বলছি। গত এপ্রিলএ অফিস স্টার্ট করল এবং সেকেন্ড এপ্রিলএ সমস্ত অফিসার এনগেজড হয়ে গেল।

(১) ব্লক ডেভেলপমেন্ট অফিসার	.	২০০ টাকা
(২) এগ্রিকালচার অফিসার	...	১৫০ টাকা
(৩) ওভারসিয়ার	...	১২৫ টাকা
(৪) ২ জন সোসাল এডুকেশন অর্গ্যানাইজার (ওয়ান মেল এ্যান্ড ওয়ান ফিমেল)	...	১০০ টাকা ইচ
(৫) গ্রামসেবক (৮ জন)	..	৬০ টাকা ইচ
(৬) ২ জন ভেটেরেনারী হেল্থ এ্যাসিসট্যান্ট	.	৪০ টাকা ইচ
(৭) ফিটার মেকানিক	...	৬০ টাকা
(৮) টাইপিস্ট (১ জন)	...	৫৫ টাকা
(৯) পাবলিক হেল্থ অফিসার		১৬০ টাকা

এবং আর চার জন শীঘ্রই য়্যাপয়েন্টেড হবে। এত টাকা খরচ হচ্ছে সমস্ত অফিসার সেখানে পৌঁছে গেল, কিন্তু তাদের হাতে কোন পরিকল্পনা নেই। তারা নির্দিষ্ট হারে বেতন পাচ্ছে, মাসে প্রায় তিন হাজার টাকা বেতনের জন্য খরচ হচ্ছে, কিন্তু এই মার্চ মাস পর্যন্ত গত এক বৎসরে কি কাজ হয়েছে, তার নমুনা দেখুন। এখানে যে গ্রান্ট মানি দেওয়া হয়েছিল, তা পর্যন্ত খরচ করতে পারেন নি। ১৯৫৫-৫৬ সালে টাকা ধার্য ছিল—

সোসাল ডেভেলপমেন্ট	...	৪,৫০০ টাকা
এগ্রিকালচার	...	১৬,০০০ টাকা
রোডস এ্যান্ড ইরিগেশন	.	১৭,০০০ টাকা
পাবলিক হেল্থ	..	৬,০০০ টাকা
ডাগ-ওয়েল ল্যাট্রিন	...	১,৫০০ টাকা
ওয়াটার-সাপ্লাই	..	১১,০০০ টাকা
ফিসারী	...	২০,০০০ টাকা

মোট ৭৬ হাজার টাকা স্যাংকশন করা হল, কিন্তু খরচ সে তুলনায় কিছুই হল না। এক্সপেন্ডিচার আপ টু ডেট হয়েছে—

সোসাল এডুকেশন	...	১,২০০ টাকা
ফারনিচার	...	১,২০০ টাকা
স্টেশনারী	.	৫০০ টাকা
টাইপ-রাইটার	.	৮৫০ টাকা
ক্লক	...	৭৫ টাকা
সাইকেল	...	৩৭৫ টাকা
ক্যারিয়িং কষ্ট	...	৫১২ টাকা
ফার্টিলাইজার ডিসট্রিবিউশন	...	৭৬৭॥ আনা
কন্টিনজেন্সি	..	৬০০ টাকা
মোট	..	৬,০৭৯॥ আনা

খরচ হয়েছে অথচ স্যাংকশন ছিল ৭৮ হাজার টাকা।

অর্থাৎ এখানে দেখলে দেখা যায় যে, ফিসারীর জন্য যে ২০ হাজার টাকা ধরে রাখা হয়েছিল কিন্তু কি করে ব্যয় করা হবে, তার পরিকল্পনা না থাকায় সে টাকা খরচ করে উঠতে পারেন নি। ১৬ হাজার টাকা এগ্রিকালচারএর জন্য ধরা হয়েছিল, কিন্তু কো-অপারেটিভ সোসাইটী ছাড়া লোন দেওয়া হবে না। ফলে কৃষকরা ঋণ পেল না, ১৬ হাজার টাকা গ্র্যান্ট ফেরৎ গেল। সরকারের গাফিলতি এবং উপর থেকে পরিকল্পনা চাপিয়ে দেবার ফলেই এই জিনিস হচ্ছে। পাবলিক হেল্থএর ৬ হাজার টাকারও সেই অবস্থা হয়েছে। লজ্জার কথা, ১১ হাজার টাকা ওয়াটার-সাপ্লাইএর জন্য ধরা হয়েছিল, আমার জেলায়, বিশেষ করে খেজুরি থানায় এপিডেমিকএ কলেরায় তিন জন লোক মারা যায়। এই এপিডেমিকএর সময় নানা জায়গার জল পাওয়া যায় না। অথচ এই ১১ হাজার টাকা যে গ্র্যান্ট, তার একটা টাকাও এই স্কীমএ খরচ করা হয় নি। এর কি উত্তর দেবেন? লোক দেখান কতকগুলি কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট করেছেন অর্থাৎ এক্সটেনশন ব্লক করছেন, উপরওয়ালা অফিসার পুষবার জন্য। এক কথায় বলতে গেলে এটাকে অফিসার্স মেনটিনান্স ব্লক বলা যায়। এই কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট অর ন্যাশনাল এক্সটেনশন ব্লক, এটা অফিসার্স মেনটিনান্স ব্লকএ পরিণত হয়েছে। এখানে টাকা রাখা হল ৯ লক্ষ, এই ৯ লক্ষ টাকার স্কীমএ কাজ হচ্ছে, এর মধ্যে দেড় লক্ষ টাকা ঘর-বাড়িতে খরচ করা হয়েছে এবং বেতন বাবদ ১ লক্ষ ২৫ হাজার টাকা খরচ হয়েছে। এই ভাবে ২॥।৩ লক্ষ টাকা ঘর-বাড়ি ও বেতন বাবদই চলে যাচ্ছে। কাজ কি টাকায় হবে, সেই কাজের নমুনা, এই চিত্র থেকেই বুঝতে পারছেন। এই হচ্ছে সরকারী বিভাগের কর্মকুশলতা - খেজুরির অফিসাররা বসে আছে, তাদের কোন কাজ নেই, বসে বসে মাইনে পাচ্ছে। গ্রাম-সেবকরাও কিছু করে না। এখানে ওভারসিয়ার নিয়ে যে চার জন অফিসার, তাদের কোন কাজ নেই। এই কথা আমরা বারবার বিরোধী পক্ষ থেকে বলেছি যে, এই কাজে সম্পূর্ণ অকর্মণ্যতার পরিচয় দিয়েছেন সরকার পক্ষ থেকে। সব বিষয় উপর থেকে চাপিয়ে দেওয়ার ফলে বহু টাকা এইভাবে অপব্যয় করা হচ্ছে। ঝাড়গ্রামে যেয়ে দেখুন যে, লোক থাকবার জন্য যে সমস্ত ঘরবাড়ি করেছেন, তার সবগুলি দিয়ে জল পড়ে, থাকবার উপায় নেই। এই যে ঘরগুলি করেছেন, তার কোন পরিকল্পনা নিয়ে করেন নি। সুতরাং আমি আপনার কাছে এই কথা প্রমাণ করবার জন্য দাঁড়িয়েছি যে, আপনারা একটা জিনিস পরিষ্কার করে দিন, যেটা করবেন, তার একটা নির্দিষ্ট পরিকল্পনা নিন, যাতে এই টাকা ভালভাবে ব্যয় হয়। আমাদের পাশে পটাশপুর ও ভগবানপুর থানার ব্লকএর অবস্থা একই হয়েছে, সেখানেও অফিসাররা বসে আছে, গত বৎসর থেকে কাজ নেই। হাজার হাজার টাকা সরকার খরচ করছেন, কিন্তু রাস্তার উন্নতি নেই। পানীয় জলের ব্যবস্থা নেই। শুধু মাসে মাসে এই সমস্ত অফিসারদের কোট প্যান্ট পরে ঘুরে বেড়াতে দেখা যায়। এখানে যদি আপনারা মিটিং করেন, এবং তাদের মত গ্রহণ করেন, তাহলে তারা নিশ্চয়ই সহযোগিতা করবে। জনসাধারণ সহযোগিতার জন্য প্রস্তুত আছে। কিন্তু সরকারই সহযোগিতা চান না। ঘেটুয়া পরামর্শ কমিটি বলে ছিল, এই অফিসটা সরিয়ে কেন্দ্র স্থলে নেওয়া হোক, কিন্তু তারা পিচের রাস্তা ছেড়ে যেতে চায় না। তা ছাড়া রাস্তার ধারে থাকলে ছুটীতে কলকাতায় এসে ঘুরে ফিরে যেতে পারে। তাদের কাজ কিছুই নেই।

এই যে সমস্ত অনাচার চলছে, আমি তার তীব্র নিন্দা করছি। এবং এই কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট বা এক্সটেনশন ব্লকে, যেভাবে টাকা খরচ করা হচ্ছে, তাতে এই টাকার অপব্যবহারই হচ্ছে। এদ্বারা সরকারী অকর্মন্যতার চূড়ান্ত পরিচয় পাওয়া যাচ্ছে।

[6-20—6-30 p.m.]

Sj. Nripendra Gopal Mitra:

মাননীয় স্পীকার মহাশয়, সমালোচনা যে করি সে শুধু মাত্র মন্ত্রীমহাশয়কে হেয় প্রতিপন্ন করবার জন্য নয়, তাঁরা যে কাজ করে উঠতে পারেন নি, এই কথাই আমরা বলতে চাই। এবং কেন অকৃতকার্য হচ্ছেন তারই ইঙ্গিত করি। কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টএর পরিকল্পনা ডাঃ রায়ের মস্তিষ্ক প্রসূত। তিনি চেয়েছেন এই পরিকল্পনার মাধ্যমে গান্ধীয়ান ইকোনমির সঙ্গে যান্ত্রিক জগতের ইকোনমির সামঞ্জস্য বিধান। তাই তিনি শুধু মাত্র আইডিয়েল ভিলেজ

গড়তে চান নি, তিনি চেয়েছেন ভিলেজ টাউনশিপ, কিন্তু এই ভিলেজ টাউনশিপ কিভাবে গড়ে উঠবে সে সম্বন্ধে সম্যক ধারণা ডাঃ রায়ের নেই। তার কারণ বাংলার গ্রামগুলিকে তিনি চেনেন না এবং তাঁর যৌবনের প্রথম অবস্থায় যদি বা চিনতেন; গ্রাম থেকে শহরে মানুষ হুমড়ি খেয়ে পড়বার পর সে গ্রামগুলির যে চেহারা হয়েছে, তার সঙ্গে ডাঃ রায়ের এতটুকুও পরিচয় নেই। কাজেই তাঁকে নির্ভর করতে হয়েছে, তার সহকর্মীদের এবং রাজকর্মচারীদের উপরে। সহকর্মীদের মধ্যে দু দল। এক দল গান্ধীয়ান ইকোনমিতে বিশ্বাসী, তাঁরা ভিলেজ টাউনশিপএর পরিকল্পনায় তেমন উদবুদ্ধ হতে পারলেন না। আর এক দল যারা সদ্য আমদানী তাঁদের কাছে সকল পরিকল্পনাই দুর্জ্ঞেয়, তাঁরা মতলবে এসেছেন, মতলব নিয়েই ঘোরাঘুরি করছেন, অতএব পরিকল্পনার পোষণে, কাজে অবতীর্ণ হলেন, সেই সব রাজ-কর্মচারীরা যাঁরা বৃটিশ আমলে গতানুগতিক কাজকর্ম চালিয়ে কোন রকমে মাথা না ঘামিয়ে উপরওয়ালাকে তোয়াজ করে, ধাপে ধাপে উঠে এসেছেন, উপর শাখায়। এই সব মস্তিষ্ক-বিহীন, ব্রিলিয়েন্টএর দল যাদের ধারণার বালাই নেই, উপরে গদিয়ান হয়ে, নীচের দিকে নজর দেবার অবকাশ নেই, তারা রাতারাতি খসড়াকে রূপ দিতে লেগে গেলেন। প্রহসন সুরু হলো। প্রথমে তারা গ্রামিণ চিত্তজয়ের পন্থা আবিষ্কার করলেন, ব্লকের বহু জায়গায় ক্লাব গড়ে তুলে যাকে গাল ভরা নাম দেওয়া হল সোসাল এডুকেশন সেন্টার। এলো তবলা, হারমনিয়াম, সতরঞ্চি, পেট্রমাক্স লাইট। গ্রামের যারা ধড়িবাজ লোক এগিয়ে ধরলেন বাড়ীর সংলগ্ন এক চিলতে জমি যার উপর প্রজেক্টের পয়সাতে খাড়া হলো ঘর, প্রজেক্ট অফিসার রিপোর্ট লিখলো সকলের সহযোগিতায় বিপুল সাড়া পড়ে গেছে, ঘর হয়েছে তৈরী নিত্য নৈমিত্তিক পেট্রমাক্স জ্বলছে গ্রামে গান বাজনার চর্চা হয়ে উঠেছে পঞ্চমুখ। কিন্তু ভাবের ঘরে চুরি চলে না? পেট্রমাক্সের মেন্টাল আর পাম্প গেল খারাপ হয়ে, হারমনিয়ামের বেলো গেল উইয়ে খেয়ে, তবলার ছাউনি গেল ফেঁসে, সতরঞ্চি হারিয়ে কার ঘরে উঠলো হদিস পাওয়া গেল না। পর্বটা যে বিফল হলো কর্তৃপক্ষ বুঝলেন। কিন্তু সবজান্তাদের পক্ষে স্বীকার করতে বাধে, অজ্ঞতা বশতঃ ভুল করেছেন এই কথা কবুল করলে মর্যাদা হানি হয়। ওদিকটায় ভাঁটা পড়তে দেখতে পাই, এক্সচেঞ্জ থিওরী ইন্ট্রোডাকশন। কিনা, নাকের বদলে সহযোগিতায় নরুণ কিনে ঘরে ফেরো। একজনের মুগ আছে, আর একজনের আছে শাক, শাকওয়ালার যদি মুগ প্রয়োজন হয়, আর মুগওয়ালার যদি শাঁক দরকার থাকে এয়াজ ফের করে নাও। কত বড় সুন্দর প্রস্তাব।" রাম রাজ্যের চমৎকার নমুনা। কিন্তু কিন্তু রয়ে গেল অনেক। শাকওয়ালার মুগ দরকার না হতে পারে আবার মুগওয়ালার এক বোঝা শাঁকের প্রয়োজন না থাকতে পারে। মুগওয়ালা যেদিন শাকের চাহিদা নিয়ে হাটে পৌঁছাল, সেদিন শাকওয়ালা গর হাজির থাকতে পারে। কত শাকের বদলে কত মুগ পাওয়ার সে হকদার তা নিয়ে তর্ক বাধতে পারে। আরো কত পরিস্থিতির উদ্ভব হতে পারে, নজির দিতে হয় তো সময় মিলবে না। তথাপি ঝুনো আই. সি. এসএর মাথা থেকে পরিকল্পনা গজিয়েছে তার উপর মুখ্যমন্ত্রীর প্রিয় পাত্র, উঠে পড়ে লাগলো নীচের কর্মচারীরা আর এখানে ওখানে সেখানে রাজ্যের কড়ি খরচ করে কো-অপারেটিভ এক্সচেঞ্জএর হাট বসে গেল, আর সফলতার কি বিরাট ফিরিস্তি। এই প্রথম সপ্তাহে ১৭ জন লেনদেন করেছে, দ্বিতীয় সপ্তাহে ১১৭, তৃতীয়তে সাত শত। হাজারে ব্যাজার নেই। লোককে জিজ্ঞাসা করি কি গো হাট কেমন চলছে। তোমাদের সব চাহিদা যদি সেই সহযোগী হাটে মিটছে তবে আবার শত কোশ ঠেঙিগয়ে ব্যবসাদারী হাটে কেন আর পয়সাই বা পেলে কোথায়? নাকের বদলে নরুন নয় শাকের বদলে মুগ নিয়ে তো ঘরে ফিরেছ পয়সার আমদানী হলো কোথা থেকে? লোকটা ভ্যাবাচাকা খায় বলে, এমন হাটের হদিস জানিনে, যেখানে বিনা পয়সায় লেনদেন হয়। অফিসের বাবুদের হাট সে তো অক্কা পেয়েছে অনেক কাল? আমি মনে মনে বলি, হাট অক্কা পেলেও হিসাবের অঙ্ক বেড়ে চলেছে জি, পি, প্রসেসএ। রাস্তা ঘাট, জলকষ্ট নিবারণ সম্বন্ধে অনেক বলেছি অনেক ব্যর্থতার নজির তুলে ধরেছি অনেক বার, আর কর্তৃপক্ষও আমাদের কাছে গলাবাজী করলেও মনে মনে অপরাধী মনে করেন, একথা আমি জোরের সঙ্গেই বলতে পারি।

আর স্মল-স্কেল ইন্ডাষ্ট্রিজ আর কটেজ ইন্ড্যাষ্ট্রিজ কি অদ্ভুত অগ্রসর হয়েছে, ভিলেজ টাউনশিপএ তার নমুনা যদি চান, একবার ঝাড়গ্রামে যান। এক বিড়িওয়ালা, বিড়ির

ফ্যাক্টারিতে লোন পেয়েছেন ৫,০০০ টাকা নিয়েছেন কিনা জানিনা, কিন্তু কর্মচারীর সংখ্যা যথা পূর্বম তথা পরম। একজন ষষ্ঠীবাবু বলে নাম, চমৎকার খাম আর ঠোঙ্গা করতে পারেন, এবং সেই হাতে গড়া ঠোঙ্গা আর খাম বিক্রয় করে; দিন গুজরাণ করছেন। প্রজেক্ট অফিসারএর কাছে ধর্ণা দিয়ে পড়লেন, কাটিং মেসিনএর জন্য দাম নাকি ২,৫০০ টাকা। প্রজেক্ট অফিসার থেকে আরম্ভ করে, উর্ধ্বতম সকল অফিসার দেখা শোনার পর তারিফ করে বলা হল তুমি ১,৫০০ টাকা জোগাড় করলে ১,০০০ টাকা দেওয়া হবে। কিংবা তুমি ১,৫০০ তোল আর না তোল ১,০০০ টাকা লোন তুমি নিয়ে যেতে পারো। লোকটি বোধ হয় ধর্ম ভীরু কিংবা দেনা শোধবার মন তার আছে, সে বললে, এক হাজার টাকায় আমার চাহিদা মিটবে না, গরীব মানুষ হয়তো টাকাটা খেয়ে ফেলবো, শোধ করতে পারবো সেই শর্তে সিঙ্গার সেয়িং মেসিন যেমন হায়ার পার্চেজ সিসটেমএ জিনিস দেয় সেইভাবে আমায় মেসিনটা কিনে দিয়ে প্রতিপালন করুন। আমি মাসে মাসে টাকা পরিশোধ করে যাই। ম্যাটার ড্রপড, সেইখানে যবনিকা পড়লো। লোকটা আমার কাছে এসে জানলো তাকে আসকারা দেওয়া হবে বলে বলিনি নতুবা বলবার ইচ্ছা হচ্ছিল। "লুটের চরকা লাভ"। ১,০০০ টাকা নিয়ে সরে পড়লেনা কেন। ওদের তো দেখাতে হবে। স্মল-স্কেল ইন্ডাষ্ট্রিজএ কি টাকা সাহায্য বা হাওলাত দেওয়া হয়েছে, গরজ তো তোমার কারবার ফাঁপানোর নয়। ওদের ফিগার ফাঁপানোর। জার্মানীর ম্যানেজার করিতকর্মা লোক, অনেক ছোটখাট ইন্ডাষ্ট্রিজ গড়েছে, হার খাচ্ছেন, তবু হতাশ হচ্ছে না, চালিয়ে যাচ্ছেন। পেট্রোমাক্স তৈরী করেছেন তাকে পাকড়াও করে প্রজেক্ট অফিসার উৎসাহিত করলেন, ঝাড়গ্রামে ম্যাচ ফ্যাক্টরী করবার, বেচারা মোটর পেট্রোলএ খরচ করে বসল ৫০০, ৭০০ টাকা আর কলকাতা ঝাড়গ্রাম করে খরচান্ত আর হায়রান হয়ে যখন এলিয়ে পড়েছেন, তখন তার সাড়ে তিন লক্ষ টাকার স্কীমএর এক লক্ষ টাকা সরকার দিতে রাজী হলেন। বেচারা অঙ্ক কশে দেখে তার তদবিরের খরচের অঙ্ক যদি সুদ কবুল করে কোন মহাজনের কাছ থেকে এক লাখ টাকা হাওলাত নিতেন তার টেঁক একটু ভারী থাকতো। ভদ্রলোক নিরাশ হয়ে আর না এগিয়ে সরে পড়লেন।

কাজেই আমার জিজ্ঞাস্য ডাক্তার রায় সেকেন্ড ফাইভ-ইয়ার স্কীমএ আবার কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টএর প্রহসন করবেন কি না। যদি মতলব থাকে। দোহাই তাকে তিনি পথ পরিবর্তন করুন। গত পাঁচ বছরের ব্যর্থতার অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে সকলের মতামত নিয়ে সুষ্ঠু পরিকল্পনা গড়ে তুলুন। তিনি শুধু মাত্র খোসামোদে তুষ্ট না হয়ে, হক কথাকে সম্মান দিতে বদ্ধপরিকর হন। স্বপক্ষেব লোকেদের কাছে (যেমন তিনি নিজে গ্রামে গ্রামে ঘুরতে পারবেন না) খবর সংগ্রহ করুন কিছু বিপক্ষের কাছ থেকে তথ্য সংগ্রহ করে, স্বপক্ষীয় মতকে একটু সাঁতলে নিন। পাঁচ বৎসর ব্যর্থ হয়েছে ক্ষোভের কিছু নেই, আনাড়ী হাতে পড়ে যা গেছে, তা গেছে, আর টাকা পয়সা এনার্জি সময়ের অপচয় না করে ধীরে সুস্থে গ্রামের প্রাণের সংগে যাদের সংযোগ আছে, এমন লোকদেব সংগে পরামর্শ করে সুস্থির চিন্তা ধারায় আসুন। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা গ্রহণের পূর্বে স্বদল ও বিরুদ্ধ দল এবং বিশেষজ্ঞদের কাছ থেকে পরিকল্পনা আহ্বান করুন। আর অন্তর প্রশস্ত রেখে, সেইগুলিকে যাচাই করে যেটিকে গ্রহণযোগ্য বিবেচিত হবে সেইটি গ্রহণ করুন এবং পরিকল্পনা রূপায়িতাকে নিজের উর্ধ্বে সম্মান দিন, জাতকে এমনভাবে সকল দিক থেকে গোষ্ঠ পোষণের খাতিরে ডোবাবেন না। ডাঃ রায় বলেছেন, য়্যানিমেল হাসবান্ড্রী, পোলট্রী, কটেজ ইন্ডাষ্ট্রি, স্বাস্থ্য, পাবলিক হেল্থ সব কিছুর উন্নতির ব্যবস্থা। জানি না পোলট্রী এসঙ্গে ইনক্লুডেড কিনা। যদি ইনক্লুডেড হয়, ডাঃ রায়কে জানাই যে, আমি নিজে প্রেসিডেন্ট হিসাবে, ঝাড়গ্রামে এগ্রিকালচার মন্ত্রীর উপদেশেই পোলট্রী ক্লাব খুলেছি। এবং এগ্রিকালচার মন্ত্রী গ্রাম থেকে ফিরে আসবার পর প্রায় মাস খানেক ধরে নানা অফিসারের কাছ থেকে কিছু আশ্বাস পেলাম। কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টএর এক্সিকিউটিভ অফিসারও উপস্থিত ছিলেন। ক্লাবএ কম দরে মেম্বারদের মধ্যে উন্নত ধরণের মুর্গী আসে আসে আর কি। শর্ত গভর্ণমেন্টকে একটা বাঁধা দরে ডিম বিক্রী করতে হবে। তারপর তার পরের অভিজ্ঞতা যথা পূর্বম তথা পরম। ছমাস কেটে গেছে, কি আরো বেশী মুর্গী আর পৌঁছাল না। ক্লাব

থেকে গ্রামের লোকের জন্য সরল ভাষায় লিটারেচার পাবলিশএর কথা হলো, আর তার জন্য "লিটারেচার" পৌঁছে দিতে কর্মচারীরা স্বীকার পেলেন? কিন্তু সেই পর্যন্ত। আজ পর্যন্ত একটুকুরো কাগজও গিয়ে পৌঁছায় নি।

[6-30—6-40 p.m.]

Sj. Jogesh Chandra Cupta: Mr. Speaker, Sir, I was very amused when I heard members from the Opposition benches running down the work of the Community Development Projects. Sir, I will ask you to realise the unreality of the criticism by looking at at least half a dozen cut motions—Nos. 10, 15, 16, 17, 19 and 26—in which the Opposition members have claimed extension of the National Extension Service or Community Development Projects in certain areas. They have complained that Government has failed, as in No. 10, to include Dantan within Community Development Projects or National Extension Service. They want to have included Moina thana in Tamluk—cut motion No. 15. Then 16 and 17 mention—it should be extended to every thana. Then No. 19—it should include Keshiari thana and Shri Narendra Nath Ghosh wants it to be extended to Goghat thana. I ask you, Sir, if the Community Development Projects work and the National Extension Service work are as miserable as some of my opposition friends depicted from the Opposition benches would you have expected those Opposition members to table cut mentions showing their annoyance that their respective areas have not been included? I think, Sir, this is the best proof. The arguments which have been given by Dr Roy may not have appealed to them, but I hope a look at these six cut motions will convince them that Community Development Project and National Extension Service are good things, are things which are wanted by the Opposition members and the people.

(শ্রীহেমন্ত কুমার ঘোষালঃ ডিফেক্টসগুলি বলুন।)

There has been mention of certain defects. It is altogether a new approach, altogether a new thing. Sj. Benoy Chowdhury was complaining that some American books are read. Sir, the idea of Community Development Projects, we are not ashamed to say, have been borrowed. In America they have made a headway and therefore if we get things from countries which have made headway it is not to be blamed. We often refer to books and booklets about China about Russia when we think of doing certain things in the way those countries have successfully done.

Sir, I was also sorry to hear the complaint that it is only governmental appointments and governmental machinery but no work. That is again ignoring the whole fact Sir, the difficulty is this. Community Development Projects seek to get the initiative of the people. The whole project, the whole activity is based on ensuring the initiative from the people and hence there is a delay, hence lots of preparatory work have got to be done and afterwards the people have got to be brought into this work.

Sir, my time is short but I will only refer to a few of the remarks made by Sj. Nripendra Gopal Mitra. Sir, I am sure you will be surprised to learn that Sj. Nripendra Gopal Mitra is also a member of the Jhargram Community Block Advisory Council and I am also a member there. Sir, I have never heard from him as a member of the Advisory Council what he has stated here from the Opposition benches. I have made it a point to go from here and attend all those Advisory Council meetings and Sj. Nripendra Gopal Mitra had been in many of them. He has deprecated village exchange system. If I remember aright when this village exchange system was expounded in the meeting of the Advisory Council he was present there. This village exchange system does not contemplate to substitute the

ordinary rule of demand and supply. Village exchange system is intended not to interfere with the ordinary business and the rule of demand and supply. What is intended through it is that many of the artisans have spare time, many materials remain unutilised, but if they go on producing more then the market demand will not consume all productions. We know that the standard of living of the average people is very low. Now to increase the living standard among people who have no cash to pay, the village exchange system intends to supply those primary needs to people, who cannot afford to pay cash, by the exchange of materials they produce. Moreover, Sj. Mitra has twitted at the mention of the fact by Dr. Roy that five villagers sit down together and what they can do. Sir, I have participated in this village exchange system. I have asked officers not to do anything but to watch, how villagers themselves work. The villagers themselves sit down in the market, make a list of the things as they are brought in, mutually discuss what they can give and take and they decide prices. Therein the villagers learn the co-operative method. They develop a co-operative mind, the villagers themselves learn how to help themselves, and that is the biggest achievement of the Community Development Projects work and what the village exchange system are aiming to get.

My friends miss the whole spirit in which this village exchange system is organised; they have missed the whole spirit that underlies the success of the Community Development Projects and National Extension Service work.

[6-40—6-50 p.m.]

I heard Sj. Sudhir Das to say that the Government officers are sitting there, but I can assure you that the Government servants' first duty is to find out what the people think and how the people want to go about. They have got to go there, meet the best cultivator in the village, gather from him the information that he can give, and then co-ordinate all those activities. There is generally a co-operative system amongst the villagers. Thus one lends his cattle, another lends his plough, and the labour is exchanged. But these have got to be canalised, these have got to be developed into a co-operative effort, and this is the work which they have got to do. The result is that today we have been able to go ahead. Because of this work, because of this pioneer work that they have done in developing the initiative of the people we are able now to form those village societies, village *panchayats* in the places where Community Development Project has worked, and we will be able through the village panchayats which we want to be established early. The Planning Commission has said that land reforms and everything can be utilised at its best if we get the people to handle them. Therefore, I would request my friends not to criticise because they have not been able to see eye to eye and to appreciate the work done. But let us put all our heads and shoulders together, let us try to make this initiative among the people a success and through these to bring in the village *panchayats* who will be able to solve many of the difficulties. I agree that Government officers from outside living far off will not be able to do their duties to develop the local initiative.

With these words, Sir, I resume my seat.

Sj. Nripendra Gopal Mitra: On a point of personal explanation, sir. উনি বলেছেন যে—

Mr. Speaker: What is the charge against you that you want to reply to?

Sj. Nripendra Copal Mitra:

উনি বলেছেন যে, আই হ্যাভ পয়েন্টেড আউট, যে এক্সচেঞ্জ সম্বন্ধে উনি নিজে প্রেসিডেন্ট ছিলেন এবং উনি অনেকক্ষেত্রে ভোট চাইলেন ও ভোট পাবার জন্য বলেন।

Mr. Speaker: That is no point of personal explanation. Please sit down.

Sj. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই সমাজ উন্নয়ন বিষয়ে দুই পক্ষের কথাই শুনলাম। সমাজ উন্নয়ন করতে হবে দুই পক্ষকেই কেবল তফাত হচ্ছে, শ্রদ্ধেয় গুপ্তসাহেব যেভাবে এইটাকে দেখেছেন, সেখানে দৃষ্টির কেবল তফাৎ, অন্য কিছু তফাৎ নেই। তিনি এই কমিউনিটি প্রোজেক্টকে যে দৃষ্টিতে দেখছেন, যদি সেটা আমেরিকার দৃষ্টি বলি, তাহলে তিনি সে জায়গায় ভালই দেখেছেন, কিন্তু আমরা সেটা ভারতীয় দৃষ্টিতে দেখতে চাই। জাতির জনক মহাত্মা গান্ধী স্বাধীন ভারতের গ্রামগুলিকে কেমন করে গঠন করতে হবে, একথা বলেছিলেন, এবং যেখানে একটা বড় অভিজ্ঞ দল শ্রী জে. সি. কুমারাপ্পা, বিনোবাভাবে, সতীশ দাশগুপ্ত প্রভৃতি এই রকম ধরণের পণ্ডিত লোকেরও অভাব ছিল না। অধ্যক্ষ মহাশয়, আমেরিকার ট্রুম্যানএর জ্যাঠামহাশয়ের শ্রাদ্ধের ফর্দ যদি আমাকে করতে দেওয়া হয়, তাহলে আমি তো আগে গোবর, গঙ্গাজল, তুলসীর ব্যবস্থা করবো, আর ট্রুম্যানকে যদি আমার ঠাকুরদার শ্রাদ্ধের ফর্দ করতে দেওয়া হয়, তাহলে তিনি টেবিল, কাঁটা-চামচ, চেয়ার ইত্যাদি এবং মুরগীর ঠ্যাং নিয়ে ব্যবস্থা করবেন। আমাদের এই যে কমিউনিটি ডেভেলপমেন্ট, যেটা গ্রাম উন্নয়ন সমাজ উন্নয়ন ব্লক যেভাবে হয়েছে, সেটা দৃষ্টিভঙ্গীর তফাৎ। আমার বন্ধু সুধীর দাস মহাশয় কটাক্ষ করেছেন যে, সব কর্মচারীরা বসে থাকেন; সুধীরবাবুর কথা ঠিক; আবার যে কর্মচারীরা কাজ করতে চান, যে কথা গুপ্তসাহেব বলেছেন সেটাও ঠিক। কর্মচারীরা বসে আছেন কারণ তাদের কাজ করবার কোন স্বাধীনতা নেই, তাদের সৃষ্টির কোন আনন্দ নেই। প্রোগ্রাম দেওয়া হয়েছে, তাদের যে কাঠামো সেই অনুযায়ী কাজ করতে হবে। সব জুতার এক রকম মাপ করে দিয়েছেন; সেটা পরতেই হবে যে সাইজই হোক। সেই রকম সেই কর্মচারীদের সেখানে কাজ করবার কোন স্বাধীনতা নাই।

আমরা চেয়েছিলাম, গ্রামগুলি কেমন হবে? বাংলার দাবী ছিল, "ম্যালেরিয়ার ধ্বংস চাই, শহর সুখের অংশ চাই"। মোটামুটি যে জিনিস সেখানে তৈরী হয়েছে, ম্যালেরিয়া ডি, ডি, টিতে সব না গেলেও আবহাওয়া পরিবর্তনের জন্যই প্রায় ধ্বংস হয়েছে; কিন্তু তার স্থল নিয়েছে টি, বি। অবশ্য স্বাস্থ্য বিভাগের কৃতিত্ব এতে নাই। আশা করেছিলাম, শহরের যেগুলি ভাল জিনিস, সেগুলি আমরা ঐ জায়গায় খানিকটা পাব, স্কুল পাব, কলের জল পাব, লাইট পাব ভাল পায়খানা পাব ইত্যাদি। শহরের লোক গ্রামে যেতে চায় না দুটো কারণে, একটা হচ্ছে মুখরোচক খানা নাই, আর ভাল পায়খানা নাই। এই কমিউনিটি ডেভেলপমেন্টেতে নাকি এই দুটো জিনিস হবে। মফস্বলের বড় প্রব্লেম হলো, সেখানে ভাল পায়খানা নাই। গত ৫।৬ বছর ধরে বলছি, এ সম্বন্ধে কোন ব্যবস্থা হল না। এর নীতি সম্বন্ধে পূর্বে অনেকেই অনেক কথা বলেছেন। মুখ্য মন্ত্রীমহাশয় উন্নয়নমন্ত্রী হিসেবে আমাদের সামনে এক উজ্জ্বল চিত্র ধরে বলেছেন, নানা রকম শিল্প প্রতিষ্ঠা করবেন। তাতে ল্যাম্প হবে, নানা রকম হাঁড়িয়া হবে, ইত্যাদি। কিন্তু আমরা এখন এর মধ্যে দেখছি, কোন শিল্পই সেখানে হয় নাই। তিনি হাট-বাটের কথাই বলেছেন, কিন্তু সেখানে কবির কল্পনায় চাঁদের হাট হয়েছে, কোন কোন স্থানে।

তারপর রাস্তার যে ব্যাপার, তাতে দেখি, আমার বাড়ীর পাশে শক্তিগড় ব্লক যেটা আছে, সেখানে সেই গ্রামে যে জঙ্গল ছিল, তা অবশ্য ভাল হয়েছে, কিন্তু তার রাস্তা একেবারে ব্লক হয়ে আছে। এখানে যারা আসেন তাদের অধিকাংশ লোক ট্রান্স-দামোদরের লোক, এই অঞ্চলে রাস্তা হলে পর তবেই সেখানে শহর গড়ে উঠবে। কিন্তু সেখানে কোন রাস্তা নাই। আমরা বলেছিলাম, সেখানে যদি ভাল করতে হয়, তাহলে কমিউনিটি প্রজেক্টের যেটা কেন্দ্র, সেই ট্রান্স-দামোদরের বেশী লোক সেখানে আসবে। অন্ততঃ শক্তিগড় ব্লক থেকে রায়না পর্যন্ত যদি

একটা কমিউনিকেশন থাকে, তাহলেই শহর পরিকল্পনা সফল হতে পারে। দ্বিতীয় কথা, শান্তিগড় গ্রাম নগরীর জন্য ইলেকট্রিক পাওয়ার হাউস সরকার অনেকদিন করেছেন। এতে বহু পয়সা খরচ হয়েছে এবং খরচ হয়ে এক-দিন দু-দিন এখানে আলোও জ্বলেছিল, ঐ ডেভেলপমেন্ট কমিশনার শ্রী এস, কে, দের ফেয়ারওয়েল পর্যন্ত। সেখানে কোন কনসুমার নাই। গ্রামের লোক চেয়েছিল। কিন্তু তারা বললো কর্তার হুকুম নেই, কেমন করে দেই। এখনো সেটা অকেজো হয়ে আছে। ইতিমধ্যে ডি, ভি, সি ইলেকট্রিক এখানে এসে যাচ্ছে। পাওয়ার হাউস করে শুধু শুধু কতগুলি টাকা অপব্যয় হলো।

এবার ডি, ভি, সি দেখাচ্ছি। ভেবেছিলাম লোকে ডি, ভি, সির কনেকশন পাবে, তা হচ্ছে না। আপনারা যদি তা করতে পারেন, তাহলে বহু শিল্প ও গ্রাম নগরীতে গড়ে উঠবে। কিন্তু এখানে ইলেকট্রিসিটী কি দরে দেবেন, তা এখনো ঠিক করেন নাই। মাননীয় মুখ্য মন্ত্রীমহাশয় বলেছিলেন, ডি, ভি, সির ইলেকট্রিক সাড়ে পাঁচ আনার কমে মফঃস্বলে দিতে পারি না। কলিকাতায় তিনি দেবেন, দশ পয়সায়, আর গ্রামনগরীতে হবে সাড়ে পাঁচ আনা। তার কারণ কি? তিনি বলেছেন, ওখানে দূরবর্তী লাইন তৈরী করতে হবে, ইলেকট্রিক মেসিন বসাতে হবে ইত্যাদি বহু খরচ তার জন্য হবে। সুতরাং আমাদের খরচ বেশী পড়বে। তাহলে আমরা কি এ কথা ভাববো বর্দ্ধমান পর্যন্ত যে লাইন নিয়ে আসবেন, তা তার যোগে, আর কলিকাতায় যে ডি, ভি, সি, বিদ্যুৎ আসবে বেতার যোগে? সেই জন্যই বোধ হয় ওখানের রেট সাড়ে পাঁচ আনা, আর এখানে দশ পয়সা! এই কমিউনিটি প্রজেক্টে যদি সস্তায় ইলেকট্রিসিটী পাওয়া যায়, তবেই সেখানে শিল্প সম্ভার গড়ে উঠবে। সুতরাং এই কমার্সিয়াল রেট যদি সাড়ে পাঁচ আনার কম না করেন, তাহলে কিছুতেই সেখানে কোন উন্নতি হতে পারে না।

[6-50—7 p.m.]

জল সরবরাহের ব্যবস্থা যেকটি গ্রামনগরী সেখানে হয়েছে। অনেক বাড়ী হয়েছে, সে বাড়ীগুলো বালির উপর হয়েছে এবং সে বাড়ীগুলোর এমনই অবস্থা যে বৃষ্টি হলে জল ভিতরে পড়ে, আর দরজার কথা, সেগুলো নিজের চোখে দেখে এসেছি, আর স্যার, তাদের এত বিনয় যে তারা একেবারে বেঁকে পড়ে রয়েছে, সোজা পাবার জো নেই। রাস্তাঘাট কর্দমাক্ত, এবং সে জায়গায় যে পায়খানা করা হচ্ছে, আমার স্যার, পায়খানার উপর বড় ঝোঁক, কিন্তু সেখানে দেখে এসেছি যে সব আছে। কিন্তু পায়খানা নেই। অন্ততঃ এক বৎসর ধরে ঘরগুলো তৈয়ারী হয়ে পড়ে আছে। সেগুলোতে জলসরবরাহ ও পায়খানা যদি করা হয়, তাহলে ত ভাড়া দিলেও সরকারের কিছু আয় হোত। তা নয়, সে ঘরগুলো বাজে, অকেজো হয়ে যাচ্ছে। পাছে ঘরগুলো পড়ে থাকলে ভুতের বাসা হয়ে যায় তাই সেখানে ন্যাশনাল কেডেট কোরএর কাজের ব্যবস্থা হয়েছে এবং সেই ন্যাশনাল কেডেট কোরএর তৎপরতা দেখলাম। আমি একটা কাগজের এডিটর কিনা তাই সেখানে গিয়েছিলাম এডিটর হিসাবে, এসেমব্লির মেম্বার হিসাবে যাই নি। আমাদের মুখ্য মন্ত্রীমহাশয় ডাঃ বিধানচন্দ্র রায় হিসাবে যেমন রেডিওতে বক্তৃতা দেন, মন্ত্রী হিসাবে নয়, সেই হিসাবে আমিও গিয়েছিলাম, সাংবাদিক হিসাবে। সেখানে যেয়ে দেখি যে সমস্ত মহিলা এন, সি, সি, ঘরে ঘরে গিয়ে মেয়েদের কাজ দেখাচ্ছেন, তারা সব পুরুষের মত সামরিক পোষাক পরা। আমি একটা বাগদীর মেয়েকে জিজ্ঞাসা করলাম, হাঁ, বৌ! তোমাদের যে এই মেয়েরা শেখাতে এসেছে ওরা সব কি রকম? ওদের সঙ্গে মিশতে তোদের গা ছম ছম করে না? সে বললে, আমরা ভাল করে মিশতে পারি নে, বাবা। আরও বললে, আমাদের তবু মিশতে ভয় হয় না, কিন্তু মুসলমান মেয়েরা ওদের দেখে বনে লুকিয়েছিল। ওদের পোষাক দেখে মনে করেছে ওরা বুঝি পুরুষ, আর মাথার ঝুঁটি দেখে মনে করেছে, ওরা বুঝি শিখ; পাঞ্জাবী; তাই ভয়ে পালিয়ে গিয়েছিল। স্যার! সাংবাদিক হিসাবে আমি সে জায়গায় গিয়ে দেখেছি। এক জায়গায় দেখি, ন্যাশনাল কেডেট কোরএর মহিলা কর্মী তার পোষাক পরে একজন টিউবওয়েল পাম্প করছে, আর একজন একটি প্রায় দশ বছরের ছেলের গায়ে জোর করে সাবান লাগিয়ে দিয়ে ভাল করে পরিষ্কার করছে, আর ছেলেটা বাপান্ত করে চীৎকার করছে। কোন কালে তাদের গায়ে সাবান ওঠে নি। এক দিকে সেই রকমভাবের ট্রেনিং দেওয়া হচ্ছে। আর অন্য রকম ভাবের ট্রেনিংও নেওয়া হচ্ছে। আর সাঁওতাল মেয়েরা, বাউরীর মেয়েরা বডিস আর ব্লাউজ কাটতে

শিখছে, পুরানো খবরের কাগজ দিয়ে। আমরা জিজ্ঞাসা করতে বললে, বাবা! কাপড় কোথায়ই পাবো যে আমরা জামা তৈয়ারী করবো? যদি কাগজ দিয়ে শেমিজ হোতো, তাহলে না হয় হতে পারতো।

তারপর গোপালনের কথা বলছি। এই ব্লকে রসুলপুরে কৃত্রিম উপায়ে গো-প্রজননের সুযোগ সুবিধা হয়েছে, কিন্তু গুসকরায় কিছু হয় নি। গতবার যে কমপ্লেন করেছিলাম; এখনও সেই কমপ্লেন রয়েছে। আমি বলেছিলাম, কোথা থেকে একটা থারপারকার না কি এক জাতীয় ষাঁড় এনেছেন, সেগুলো কাজেই লাগে না, একেবারে ব্রহ্মচারী ষাঁড়। পোলট্রির ব্যবস্থা যা করা হয়েছে, তাতে গতবারে ইনজেকশন দেওয়ার ফলে শত শত হাঁস মুরগী মরেছে। আমি যদিও "তা" সে জায়গায় আমার সঙ্গে কনসাল্ট করতে আমি বলি না। কিন্তু অন্ততঃ ডিমে "তা" দেবার ব্যবস্থাটা আধুনিক না করলে পোলট্রি হতে পারে না। সেখানে হিমঘর করা দরকার, কেন না আলু খুব হয়, কিন্তু আলু থাকবে কোথায়? কমিউনিটি প্রজেক্টে বহু টাকা দেওয়া হয়েছে, কিন্তু সরকারের এমনিই ব্যাপার যে এ পর্যন্ত হিমঘর হল না।

শিল্পের ব্যাপারে বিশেষ কোন শিল্প দেখলাম না, এক সাবান শিল্প হয়েছে। সাবান যা দেখে এসেছি, সে সাবানে কাপড় ছাড়ে না, বাঁদর মারা চলে, সে এমনই শক্ত সাবান। সরকারী সাহায্যের স্বল্পতার জন্য সে সাবান এখন উঠে গেছে। সেই সাবানওয়ালাকে নোটিস দেওয়া হয়েছে, যেহেতু তোমার ব্যবসা উঠে গেছে, তুমি যে টাকা নিয়ে গিয়েছ, সেই টাকা সাড়ে বার টাকা হারে সুদ দিয়ে তোমাকে শোধ করতে হবে। তার ত ঢাকের দায়ে মনসা বিক্রী। ৫০০ টাকা কোরে লোন, তার জামীন দিতে হবে না। কিছু কিছু এই লোন দেওয়া হয়েছে মেশিন কেনবার জন্য, কিন্তু সোয়িং মেসিন এ পর্যন্ত কেউ কেনে নি। আমি গিয়ে দেখে এসেছি, সেখানে কোন শিল্প হয় নি, একমাত্র সেখানে একটা শিল্প কাঠের কারবার রসুলপুরে করা হচ্ছে।

[At this stage the blue light was lit.]

পনের মিনিট হয়ে গেল? না, দশ মিনিট বুঝি। যাই হোক, আমি সংক্ষেপ কোরে আনছি। কৃষির দিক থেকে উন্নতির কথা চুলোয় গেছে। যে যে জায়গায় নিয়ে কৃষি প্রদর্শনী ক্ষেত্র করেছেন, তাতে ত লোকসান হয়েছে। এতে লোকেরা সাহস পাচ্ছে না। সরকার যাতে হাত দিচ্ছেন, তাতেই সোনা। সরকার যে স্কীমগুলো নিচ্ছেন, তাতেই লোকসান হচ্ছে। সেখানকার চাষীরা ভয়ে তাদের এই সাহায্য নিতে পারছে না। শিল্প অনেক হতে পারে। এখানে চিনি শিল্প হতে পারে, সেখানে ভাল আম হয়; তামাক শিল্পও ভাল হতে পারে। এসব বিষয়ে চিন্তা করলে তবে তা হয়, কিন্তু সেসব কিছুই করা হল না। যদি কাজ না দেওয়া যায়, তাহলে কি করে সেখানে গ্রামনগরী বা নূতন কিছু গড়ে উঠতে পারে?

শিক্ষার দিক থেকে কমিউনিটি প্রজেক্টে মনে করেছিলাম, শিক্ষার ব্যবস্থা হচ্ছে। কিন্তু দেখলাম সেখানে শিক্ষার কিছু হয় নি। তবে কৃষ্টি কিছু কিছু হয়েছে। আমাদের শ্রীযুক্ত তরুণকান্তি ঘোষ মহাশয় তার সঙ্গে সংশ্লিষ্ট, সেখানে তাদের খোল দেওয়া হয়েছে। আধুনিক উষায়ে সেখানে প্যান্ট পরে বাবুরা খোল বাজাচ্ছে। জনসাধারণকে ডেকে বলা হয়েছে যে, তোমরা ভোট কি করে দিতে যাবে। কাজেই নূতন কোরে ভোটটা কি করে দেবে, তা শিক্ষা করে নিয়েছে। ইতিমধ্যে ঐ পরিকল্পনা পালটিয়ে দিয়ে প্রজেক্টকে গয়ায় পিণ্ড দিয়ে নূতন করে জন্মগ্রহণ করেছে, ন্যাশনাল এক্সটেনশন সার্ভিস। এদের বর্তমানে হাতে কোন কাজ না থাকায় দরিদ্র গ্রামবাসীদিগকে তীর্থভ্রমণের সুবিধা করে দেব বলছেন। ১০০ টাকায়, ২৫০ টাকায় সেকেন্ড ক্লাস, ফার্স্ট ক্লাসএর ব্যবস্থা করা হয়েছে। খবরের কাগজে দেখছি, তীর্থযাত্রী স্পেশাল ট্রেন যাবে, কুণ্ডুবাবুর স্পেশাল ট্রেনের মত। কমিউনিটি প্রজেক্টে এখন এই কাজ হয়েছে। এর সম্বন্ধে জে, সি, গুপ্ত মহাশয় বলেছেন, তোমরা চাও বা না চাও, একদিন ভাত ধরে গেছে বহুল কোন মানুষ কি বলবে, যে আর ভাত খাব না? জে, সি, গুপ্ত মহাশয় ভাল ব্যারিষ্টার; তিনি মামলার পয়েন্ট না থাকলেও কিছু কিছু পয়েন্ট নিশ্চয়ই বের করবেন। কিন্তু আমরা তা থেকে কিছুই আলোক পেলাম না। এইটাই দুঃখের কিথা।

আমাদের উন্নয়ন মন্ত্রীমহাশয়কে বলা যায় যে, শিল্পের মধ্যে কিছুই হয় নি, শিল্পের মধ্যে হাঁড়িয়া শিল্পই বেড়েছে, এবং সেই সুযোগে এবার চিঁড়ে শিল্পের জন্য চিঁড়ের কল হয়েছে, ধানের কল হয়েছে, আর সেখানে ঢেঁকি শিল্প এবং চিঁড়ে কোটার শিল্প ডকে উঠেছে। সেই যে শিল্প তাও গিয়েছে। কোন কিছুই হয় নি। এখনো বুঝে সুঝে কাজ করান যাতে সাধারণ মানুষের উপকার হয়। নচেৎ শুধু শুধু ভস্মে ঘি ঢালা হবে, আর কিছুই হবে না।

Sj. Tarun Kanti Ghosh:

মাননীয় অধ্যক্ষ মহোদয়! আজকে আমরা সমাজ উন্নয়ন বিষয়ে বাজেটে আলোচনা করছি। আপনি নিশ্চয় জানেন আমাদের দেশের কাজে প্রধানমন্ত্রী নেহরু এবং প্ল্যানিং কমিশন এই জাতীয় সমাজ উন্নয়ন কেন্দ্র এবং জনসম্প্রসারণ ও উন্নয়নের যে দুটো জিনিস তাতে খুব গুরুত্ব আরোপ করেছেন। আর পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে এটা সবচেয়ে গুরুত্বপূর্ণ বললে ভুল হবে না। আমি আজকে শুনতে শুনতে একথা চিন্তা করছিলাম যে, বোধ হয় আমাদের এখানকার বন্ধুরা যাঁরা এই আলোচনা করছেন, তাঁরা ঠিক সেভাবে এ সম্বন্ধে উপলব্ধি করেন নি। বিশেষ করে শ্রদ্ধেয় বন্ধু দাশরথি তা মহাশয়ের যে বক্তৃতা শুনলাম, তাতে করে এ রকম গুরুত্বপূর্ণ ব্যাপারকে হাসির খোরাক হিসেবে ব্যবহার করা হয়ত আমাদের ৩।৪ ঘন্টা এসেমব্লির অধিবেশনের মধ্যে মনের একটু খোরাক হতে পারে, কিন্তু ঠিক এই জিনিসকে এই ভাবে বিবেচনা করা উচিত বলে মনে করি না। আমি অন্য কথা বলবার আগে একটা কথা বলতে চাই, সেটা এই যে, তিনি যে উচ্চকণ্ঠে সোসাল সার্ভিস ক্যাম্পএ আমাদের দেশের যে সমস্ত মেয়েরা বোনেরা গিয়েছে, তাদের নিয়ে ঠাট্টা করতে গিয়ে যে রুচি দেখালেন তা মনে হয় না দেখালেই ভাল হত। তাঁদের মত বয়সের লোকের পক্ষে এটা অশোভন; আমাদের মত ত তাঁর বয়স নয়। আমি অনুরোধ করব আমাদের দেশের মা বোনদের যদি আর একটু বেশী সম্মান দেখান হয়, সেটা সবার পক্ষে ভালই হবে।

আজকে উন্নয়ন খাতে এই বায় করার প্রস্তাব পাশ করতে গিয়ে মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় বিশদভাবে আমাদের এই সভাতে বুঝিয়ে দেবার চেষ্টা করেছেন যে, সমাজ উন্নয়ন পরিকল্পনা বলতে কি বোঝায়। জাতীয় সম্প্রসারণ পরিকল্পনা এবং এই পরিকল্পনা বলতে কি বোঝায় এবং কিভাবে এর মাধ্যমে দেশের উন্নতি করবার চেষ্টা করছেন তা বুঝিয়েছেন।

একটি কথা আমি প্রথমে বলে রাখতে চাই যে, সমস্ত কিছুই আমরা যে ঠিক করেছি এবং কিছুই ভুল করি নি, এরকম মনোভাব নিয়ে আমরা কাজ করি নি। নিশ্চয়ই আমাদের কাজের মধ্যে ভুল হওয়া স্বাভাবিক। যে কাজ করে সে নিশ্চল হয়ে বসে থাকে না। সে হয়ত ভুল করবে। সেই ভাবে দেখলে বলতে হবে সরকার নিশ্চয়ই কিছু কিছু কাজে ভুল করেছেন, আবার অনেক জায়গায় তাঁরা হয়ত সফলতা লাভও করেছেন।

[7—7-10 p.m.]

প্রথমেই একটা কথা আমি বলে রাখতে চাই যে, সমস্ত কিছুই আমরা ঠিক করেছি, কোন ভুল করি নি এই রকম মনোভাব নিয়ে আমরা কাজ করি না। আমাদের কাজের মধ্যে ভুল হওয়া স্বাভাবিক, কেন না কাজ যে করে সে নিশ্চয় ভুল করবে, অতএব সেই রকমভাবে দেখতে গেলে এই সরকার নিশ্চয় কিছু কিছু ভুল করেছে এবং অনেক জায়গায় আবার সাফল্য লাভও করতে পেরেছে, দেশের উন্নতি সাধনও করতে পেরেছে। কিন্তু ভুল বা সাফল্য লাভ করাটাই সবচেয়ে বড় কথা নয়, বড় কথা হচ্ছে যে, আজ পর্যন্ত সমাজ উন্নয়ন পরিকল্পনা বা জাতীয় সম্প্রসারণ কেন্দ্র বা অন্যান্য যে কোন উন্নয়নমূলক পরিকল্পনার মধ্যে দিয়ে হোক যা কিছু সরকার করে থাকুক না কেন, তার একমাত্র লক্ষ্য সেখানে ছিল যে, কি করে দেশ এবং জাতিকে সেবা করা যায়, কি করে দেশের এবং জাতির উন্নতিবিধান করা যায়। ক্রিটিসিজমকে আমরা নিশ্চয় অপচ্ছন্দ করি না, তার কারণ আমরা বিশ্বাস করি যে, যদি সত্যিকারের ক্রিটিসিজম হয় তাহলে সরকারের পক্ষে যা ভুল হয়, তার সংশোধন করা সহজ হয় এবং ঠিক পথে পরিচালনা করাও আমাদের পক্ষে সহজ হয়ে দাঁড়ায়। কিন্তু সেই ক্রিটিসিজম যদি ভুল তথ্য বা অজ্ঞানতার

উপর হয়, তাহলে তা আমাদের কোন সাহায্যে আসে না এবং আজকে যে সমস্ত ক্রিটিসিজম আমাদের এখানে হয়েছে সেখানে আমি দুঃখের সঙ্গে বলতে বাধ্য যে তার কিছু কিছু ভুল তথ্যের উপরেই হয়েছে।

যাই হোক, আপনারা জানেন যে, ১৯৫২ সালে ভারত সরকার প্রথম এই দেশের মধ্যে সমাজ উন্নয়ন পরিকল্পনা নিয়ে আসেন এবং ভারতবর্ষের বিভিন্ন জায়গায় ৫৫টি পরিকল্পনা তাঁরা স্থাপন করেন, তার মধ্যে আমাদের বাংলাদেশে ৮টি পরিকল্পনার কেন্দ্র তাঁরা দিয়েছিলেন। প্রথম যে পরিকল্পনা তাঁরা করেছিলেন তাতে বাংলাদেশে প্রতিটি কেন্দ্রের জন্য গড়পড়তা খরচ ছিল ৪০ লক্ষ টাকা। ১৯৫৩ সালে পশ্চিমবঙ্গের ভাগ্যে আরও তিনটি সমাজ উন্নয়ন পরিকল্পনা কেন্দ্র আসে এবং তার জন্য ২৭ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ছিল। ১৯৫৩-৫৪ সালে প্রথম যে সমাজ উন্নয়ন পরিকল্পনা সারা ভারতবর্ষে ছড়িয়ে দেওয়া হয়েছিল, তার কার্য-কলাপের ফলে লোকের মধ্যে যে উৎসাহ ও আশার সঞ্চার হল, তাতে করে সরকারের কাছে ডিম্যান্ড আসতে লাগল যে, আমার এলাকায় এই পরিকল্পনা নিয়ে আসুন। কিন্তু তাতে দেখা গেল যে, সমাজ উন্নয়ন পরিকল্পনা করে এক একটা জায়গার জন্য এত বেশী খরচা করা আমাদের পক্ষে সম্ভব নয়। আমাদের পক্ষে যদি বেশী জায়গাকে এর আওতায় আনতে হয় তাহলে খরচ কিছু কমিয়ে দিয়ে আমাদের বেশী জায়গা আনতে হবে এবং এর জন্যেই ন্যাশনাল এক্সটেনশন সার্ভিস বা জাতীয় সম্প্রসারণ কেন্দ্রের সৃষ্টি হল। এই জাতীয় সম্প্রসারণ কেন্দ্রের খরচ কিছু কম কিন্তু কাজের প্যাটার্ন এক রকমের। আপনারা মুখ্যমন্ত্রীর কাছ থেকে শুনেছেন যে সমস্ত জাতীয় সম্প্রসারণ কেন্দ্রের আজকে আমরা উদ্বোধন করেছি, ভবিষ্যতে এর শতকরা ৪০ ভাগকে সমাজ উন্নয়ন কেন্দ্রে রূপান্তরিত করা হবে এবং তার জন্যে ব্যয় বরাদ্দও বেশী করা হবে।

তারপর আজকে আমাদের এখানে যে সমস্ত আলাপ আলোচনা হয়েছে তার মধ্যে আমি দেখতে পাই যে, আমাদের বিনয়বাবু অনেক কথা বলে গেছেন তার মধ্যে একটি কথা তিনি বলেছেন যে, তিন বৎসরে এই কাজ শেষ হবার কথা ছিল, কিন্তু তিন বৎসর পার হয়ে যাবার পরেও আজও সেই কাজ শেষ হয় নি। এই কথার উত্তর দিতে গেলে আমি তাঁকে বলব যে, সমাজ উন্নয়ন পরিকল্পনা বলতে কি বোঝা যায় এবং সেটার সমাক উপলব্ধি করলেই আপনারা বুঝতে পারবেন যে, কেন এত দেরী হচ্ছে। সরকারের অনেক রকম উন্নয়নমূলক পরিকল্পনা আছে, কিন্তু বেশীর ভাগ উন্নয়ন পরিকল্পনার সঙ্গে এই কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট এবং ন্যাশনাল এক্সটেনশন সার্ভিসএর মধ্যে একটা বিরাট পার্থক্য রয়েছে। সেই পার্থক্য হচ্ছে এই যে অন্য যে কোন উন্নয়নমূলক পরিকল্পনা থাকুক না কেন, সরকারই হচ্ছে তার একমাত্র এজেন্সি, সরকারই তার পরিকল্পনা করেন এবং সেই কাজও করে যান, কিন্তু সমাজ উন্নয়ন পরিকল্পনা বা জাতীয় সম্প্রসারণের মূল লক্ষ্য হচ্ছে যে, আমাদের দেশের গ্রামের সরল মানুষকে জাগিয়ে তুলতে হবে, উদ্বুদ্ধ করে তুলতে হবে, তাদের নিজেদের সম্বন্ধে তাদের সচেতন করে তুলতে হবে এবং তাদের নিজেদের দেশ সম্বন্ধেও তাদের সচেতন করে তুলতে হবে যাতে করে তাঁরা নিজেরা চিন্তা করতে পারেন যে, কোন পথে বা উপায়ে গেলে তাঁরা নিজেদের বা দেশের তাড়াতাড়ি সর্বাঙ্গীণ উন্নতি করতে পারেন। সরকার বা সরকারের কর্মচারীবৃন্দ যাঁরা সেখানে উপস্থিত রয়েছেন, তাঁরা সেখানে গেছেন সাধারণ মানুষকে সাহায্য করবার জন্যে ইনিসিয়েটিভ যেটা সেটা সেখানকার মানুষদের নিতে হবে এবং সরকার সেখানে এক্সপিরিয়েন্স, ইমপ্লিমেন্টস প্রভৃতি দিয়ে সাহায্য করতে যাবেন, সো দ্যাট দে ক্যান সার্মাউন্ট দি অবসট্যাকেল অর্থাৎ তাদের সামনে যে সমস্ত বাধা আছে সেই সমস্ত বাধাকে যাতে তারা অতিক্রম করে এগিয়ে যেতে পারে তার জন্যেই সরকার সেখানে যাবেন। অতএব আজকের দিনে ক মাইল রাস্তা বা কটা টিউবওয়েল বা কটা ডাগওয়েল ল্যাট্রিন করতে পেরেছি, এটা দিয়ে আমরা সাফল্যমণ্ডিত হয়েছি কি হয়নি তা আপনারা বিচার করবেন না, বরং বিচার করতে গেলে আপনাদের এটাই দেখতে হবে যে, আজকের দিনে সমাজ উন্নয়ন বা জাতীয় সম্প্রসারণ কেন্দ্রের মারফৎ আমরা দেশের মানুষকে উদ্বুদ্ধ করতে পেরেছি কিনা বা দেশের উন্নয়ন সম্বন্ধে তাদের সচেতন করে তুলতে পেরেছি কি পারি নি। আজ আমরা দেখতে পাচ্ছি যে যে সমস্ত জায়গায়

সমাজ উন্নয়ন বা জাতীয় সম্প্রসারণ কেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছে, সেখানকার মানুষের কথা আমি বাদ দিচ্ছি, তার কারণ আপনারা দেখেছেন যে, আমাদের মুখ্যমন্ত্রী যখন বাজেট পেশ করেছিলেন তখন তিনি বলেছেন যে, ৪৫ লক্ষ টাকার বেশী টাকায় হোক বা লেবারে হোক তাঁরা সেখানে থেকে দিয়েছেন। কিন্তু আজ আমরা দেখতে পাচ্ছি যে, সারা দেশ থেকে আজকে দাবী আসছে যে, আমার এলাকাকে তোমরা জাতীয় সম্প্রসারণ কেন্দ্রের অন্তর্গত কর। এই দাবী আসার একমাত্র কারণ হচ্ছে যে, এর সত্যিকারের মূল্য আজ সমস্ত মানুষ বুঝতে পেরেছে, সমস্ত মানুষ আজ সত্যিকারের জেগেছে এবং এই জাগরণের মধ্য দিয়ে তারা বুঝেছে যে, নিজেদের উন্নতি নিজেদেরই করতে হবে। এখানে একটা কথা ভুললে চলবে না যে, শত শত বছর ধরে আমাদের গ্রামের সরল ভাইবোনদের কোনদিন সামগ্রিকভাবে দেশের উন্নতির কথা চিন্তা করবার বা তাদের গ্রামের বাহিরে যে একটা কিছু তা জানবার সুযোগ দেওয়া হয় নি। তাদের লেখাপড়া শেখবার বা চিকিৎসা পাবারও কোন রকম সুযোগ দেওয়া হয় নি, এ ছাড়া তাদের জলকষ্ট ও পথচলারও কষ্ট ছিল, কিন্তু আজকে শত শত বৎসরের পর তাদের মনে একটা উপলব্ধি এসেছে যে, তারাও স্বাধীন দেশের মানুষ। স্বাধীন মানুষ হিসাবে যেমন তাদের দাবী আছে, সরকারের কাছ থেকে যেমন চাইবার অধিকার আছে, তেমনি জাতি ও দেশের প্রতিও তাদের একটা কর্তব্য আছে। সেই কর্তব্য হচ্ছে যে, আমাদের এই দীন দরিদ্র দেশকে যদি এগিয়ে নিয়ে যেতে হয়, যদি সত্যিকারের এই দেশ থেকে দারিদ্রকে চিরতরে বিলুপ্ত করতে হয়, তাহলে শুধু সরকারের একলা কাজের দ্বারা এই জিনিস সম্ভবপর নয় তাদেরও সরকারকে সাহায্য করতে হবে, কারণ সেই জিনিস করতে ১০।২০।৫০ বছর লাগবে। অতএব যদি সরকারের সঙ্গে এই দেশের ৩৫ কোটি মানুষ সহযোগিতায় কাজ করে, তাহলে এই কাজ সহজ হবে এবং সম্ভব হবে। সেজন্যেই আজকে জাতীয় সম্প্রসারণ এবং সমাজ উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে আমরা এই কাজ করবার চেষ্টা করছি।

যাই হোক, এই প্রসঙ্গে আমি এখানে আর একটা কথার উল্লেখ করতে চাই। আমি কোন দলের প্রতি কোন রকম অবজ্ঞা প্রদর্শন করবার জন্য এটা উল্লেখ করছি না, শুধু একটি সত্যি জিনিস এখানে রাখবার জন্যেই আমি এটা উল্লেখ করছি। সেটা হচ্ছে এই যে আপনারা নিশ্চয় জানেন যে, গত বৎসরের জুন মাসে যখন ভারতীয় কমিউনিষ্ট পার্টি দিল্লীতে কংগ্রেস করেছিলেন, তখন সমাজ উন্নয়ন পরিকল্পনা সম্বন্ধে যে নীতি তাঁরা গ্রহণ করেছিলেন, তার পরিবর্তন তাঁরা করেন। যদিও দেরীতে সেই নীতির পরিবর্তন তাঁরা করেছেন, কিন্তু তাঁদের এই পরিবর্তনের জন্য আমি তাঁদের ধন্যবাদ দিচ্ছি। সেখানে তাঁরা স্বীকার করেছেন যে, এই উন্নয়নের মধ্যে এমন ভাল ভাল জিনিস আছে, যার দ্বারা মানুষের সত্যিকারের উপকার হতে পারে এবং তাঁরা তাঁদের পার্টির সভ্যদের এই কথাই বলেছেন যে, তোমরা এই সমস্ত কমিটি থেকে দূরে সরে থেকো না, তোমরা এর সঙ্গে সহযোগিতা করবে এবং যাতে করে দেশের মানুষের উপকার হয়, তার চেষ্টা কর। (নয়েজ) আমি তাঁদের কোন অন্যায় কথা বলি নি, যার জন্যে আমার ভাই হেমন্তবাবুর রাগের কিছু কারণ আছে, বরং আমি এই কথাই বলেছি যে দেরী করে হলেও তাঁরা আজকে এটাকে উপলব্ধি করেছেন বলেই এর দ্বারা প্রমাণিত হয় যে, তাঁরা বুঝতে পেরেছেন যে, দেশের মানুষ এই পরিকল্পনাকে চায় এবং এই পরিকল্পনা জনপ্রিয় হয়ে উঠেছে। যারা এই পরিকল্পনার বাহিরে থাকবে তাদের সঙ্গে মানুষের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যাবে বলে তাঁরা এই পরিকল্পনাকে গ্রহণ করবার পথে এগিয়ে আসছেন। যাঁরা এগিয়ে আসছেন তাঁদের সহযোগিতা আমি নিশ্চয় কামনা করি।

[7-10—7-20 p.m.]

আর একটা কথা আমি বলতে চাই যে, আমাদের কি উন্নতি হয়েছে, না হয়েছে সেটা বিচার করবার সময় আমরা কতটা এগিয়ে যেতে পেরেছি, সেটা বড় কথা নয়, কিন্তু আমি এটুকু জানাতে চাই যে, তার মানে এই নয় যে, আমরা সত্যিকারের এগুতে পারি নি। আমি এখানে আপনার সামনে কিছু তথ্য পরিবেশন করতে চাই, যার দ্বারা প্রমাণিত হবে গত বছর জাতীয় সম্প্রসারণ এবং সমাজ উন্নয়নের মাধ্যমে সত্যিকারের কতটুকু কাজ আমরা করতে পেরেছি।

Distribution of improved seeds—36,543 maunds.

Distribution of manures and fertilisers—2,52,756 maunds.

Preparation and distribution of compost—1,524,392 maunds.
Plant Protection (use of Chemicals)—2,58,542 lbs.
Number of demonstration half plots—24,787.
Co-operative Marketing Societies—60.
Short-term finance to agriculturists—Rs. 12,82,580.
Development of tank fisheries in dry districts—Rs. 1,68,008.
Unionwari tank fishery Scheme—82,058.

ামি খুব বেশী তথ্য দিয়ে এই হাউসের সময় নষ্ট করতে চাই না, তবে আরো কতকগুলি জিনিস আমি জানাতে চাই। কমিউনিকেশন আমরা পাবা রাস্তা তৈরী করেছি ১০০ মাইলের বেশী এবং কাঁচা রাস্তা করেছি ৯৬৩ মাইলের বেশী। এডুকেশন—ইমপ্রুভমেন্ট অব সেকেণ্ডারী এডুকেশন আমরা প্রায় ১৫০ স্কুল করতে পেরেছি। সোসাল এডুকেশন সেন্টার স্টার্ট করা হয়েছে ১,১১১ এবং ৪০ হাজারের উপর লোককে আজ আমরা লিটারেট করতে পেরেছি। তবে আমি একথা বলতে চাই না যে, আমাদের দেশে সমস্ত দুঃখ দারিদ্র্য দূর হয়ে গেছে, আমাদের দেশের সমস্ত লোক লেখাপড়া শিখেছে, বা আমাদের যা যা অভাব ছিল, তা মিটে গেছে। কিন্তু আমি এটুকু বলবো যে আজকে আমাদের দেশে যে যে জায়গায় অভাব ছিল, সেই সমস্ত জায়গার অভাব দূর করবার জন্য আমরা অনেকখানি এগিয়ে গিয়েছি। আপনারা জানেন যে, যে কোন স্বাধীন দেশে জলকষ্ট যদি সত্যিকারের দূর করতে না পারা যায়, তাহলে সেটা লজ্জার কথা। যাঁরা বিরোধী পক্ষে বসে আছেন তাঁরা এই সমস্ত কথা বলতে পারেন, কিন্তু তাঁদের একথা বোঝা উচিত যে, যাঁরা আজ সরকারের দায়িত্ব গ্রহণ করেছেন, এটা তাঁদের পক্ষে আরো বেশী লজ্জার কথা, যদি তাঁরা তাঁদের মা, বোনদের জলের সুযোগ দিতে না পারেন। আপনার কাছে জানাই যে, গত কয়েক বছরে ১৪২৮এর উপর টিউবওয়েল এবং রিংওয়েল আমরা করতে পেরেছি, বিভিন্ন গ্রামে গ্রামে। আমি এখানে একটা কথা বলবো যদিও আমার পক্ষে সেটা বলা একটু এমবারাসিং হবে, হাবড়ার কথা। হাবড়া কমিউনিটি প্রোজেক্ট এরিয়া। এমবারাসিং এই জন্য হবে যে এটা আমার নিজের কনস্টিটিউয়েন্সী। সেজেই এ সম্পর্কে কিছু বলা মুস্কিল কারণ অনেকেই অনেক কিছু মনে করতে পারেন। সেখানে আমি জানাতে চাই যে, সেই জায়গাটা এখান থেকে ২৮ মাইল দূরে এবং সেখানে ৪০।৫০ হাজার উদ্বাস্তু ভাইবোন এসে নূতন করে জীবনযাত্রা শুরু করবার চেষ্টা করছেন। সেখানে সবই সাধারণ মানুষ রয়েছেন, কোন ধনী বা বিত্তশালী ব্যক্তি নেই। কিন্তু সেখানে আমরা দেখতে পাই, কয়েকদিন আগেকার হিসাবে যে ৬ লক্ষ ১৪ হাজার টাকা সরকার সেখানে খরচ করেছেন এবং সেখানকার সাধারণ মানুষ ৩ লক্ষ ২৫ হাজার টাকা কন্ট্রিবিউট করেছেন, শ্রম, অর্থ এবং মেটিরিয়ালসে। কাজেই আজকের দিনে তাঁরা এই একটা আদর্শ স্থাপন করেছেন এবং এই আদর্শ ভারতবর্ষের অন্য কোন জায়গায় স্থাপিত হয় নি। সেইজন্য আমি আজ নিজে গর্বিত, এই সমস্ত লোকদের প্রতিনিধি হিসাবে আমি এখানে উপস্থিত হয়েছি। [বিরোধী পক্ষের বেঞ্চ হইতে তুমুল হট্টগোল]। আজকের দিনে এই সমস্ত সাধারণ মানুষ যদি মনেপ্রাণে এটা উপলব্ধি না করতেন যে এর মাধ্যমে দেশকে অগ্রগতির পথে এগিয়ে নিয়ে যাওয়া যাবে, তাহলে কখনও তাঁরা এই কাজে এগিয়ে আসতে পারতেন না। আমাদের কমিউনাল এক্সটেনশন সার্ভিস এবং কমিউনিটি প্রোজেক্ট সম্বন্ধে বলতে গিয়ে বিনয়বাবু, গরিথিবাবু, নৃপেনবাবু প্রভৃতি আরো অনেকে আমাদের যে শহরতলীর পরিকল্পনা ছিল, সম্বন্ধে উল্লেখ করেছেন। বিনয়বাবু বলেছেন যে ডাঃ রায় বলেছিলেন যে এর দ্বারা আমরা বেকার সমস্যা দূর করতে পারবো, কিন্তু কতজন লোককে আপনারা চাকরী দিতে পেরেছেন? বিনয়বাবু যে কথা তুলেছেন, তার জন্য আমি তাঁকে ধন্যবাদ দিই। আমার অন্যান্য বন্ধুরা সব বক্তৃতা দিয়েছেন, তার প্রতি কোনরকম অবজ্ঞা পোষণ না করে আমি বলবো যে, বিনয়-বাবুর বক্তৃতার মধ্যে কিছু যুক্তি এবং কিছু সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার পথের সন্ধান ছিল। আমি বলবো আজকে শক্তিগড়, মহম্মদ বাজার, ঝাড়গ্রামে টাউনশিপ অনেকটা সম্পূর্ণ হয়ে এসেছে এবং মহম্মদ বাজার ও শক্তিগড়ে ইলেকট্রিসিটী এসেছে কিন্তু ঝাড়গ্রামে এখনও ইলেকট্রিসিটী এসে পৌঁছায় নি, তবে এসে পৌঁছাবার সম্ভাবনা হয়েছে। আমি বলছি যে,

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure under Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about

৫নং ধর্মতলা ষ্ট্রীটের এস, হরলালকা এণ্ড কোং নামক প্রসিদ্ধ পোষাক ব্যবসায়ী তাহার দর্জিদের (ওস্তাগরদের) প্রতি অমানুষিক ব্যবহার করিতেছে ও মজুরির হার অসম্ভব পরিমাণে কমাইয়াছে, যাহার ফলে দর্জিরা আসন্ন ধ্বংসের সম্মুখীন হইয়াছেন। ইহার প্রতিরোধে সরকারী ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure nder Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise discussion about

ম্পৃশ্যতা প্রতিরোধে সরকারী ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure nder Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise discussion about

শ্চিমবঙ্গের দর্জি শ্রমিকদের সংরক্ষণের ব্যবস্থায় পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure nder Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise discussion about

র্জি শিল্পীদের অর্থাৎ ওস্তাগরদের সংরক্ষণের ব্যবস্থায় পশ্চিমবঙ্গ সরকাবের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure nder Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise discussion about

শ্চিমবঙ্গের দর্জি শ্রমিকদের বহুলাংশের পক্ষে ক্রীতদাসের জীবনযাপন করিতে হইতেছে—ইহার বসানে সরকারী ঔদাসীন্য।

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure nder Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise discussion about

র্জি শ্রমিকদের মজুরীর হার নির্ধারণে পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Sj. Suhrid Kumar Mullick Chowdhury: Sir, I beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure under Grant No. 32, Major Head '47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about anti-Labuor policy of the Government of West Bengal.

Sj. Bibhuti Bhushon Chose: Sir, I beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure under Grant No. 32, Major Head '47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise a discussion about rationalisation in the field of jute and cotton industry.

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure nder Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise discussion about failure of the Government in the matter of the execution of the State Insurance Scheme.

Sir, I also beg to move that the demand of Rs. 92,19,000 for expenditure nder Grant No. 32, Major Head "47—Miscellaneous Departments (excluding Fire Services)" be reduced by Rs. 100. I move this to raise discussion about failure of the Government in its present labour policy.

Sj. Bankim Mukherjee:

সভামুখ্য মহোদয়, মাননীয় শ্রীকালীপদ মুখার্জির বক্তৃতা থেকে একটা অবাস্তব চিত্র, শ্রমিকদের সম্বন্ধে ফুটে উঠেছে এবং গভর্নমেন্টের শ্রমনীতি সম্বন্ধে সত্যিকার যে চিত্র তা পরিস্ফুট হয় নি। আমরা দেখছি—প্রথম পঞ্চবার্ষিকী প্ল্যানএ যে নীতি গভর্নমেন্ট অনুসরণ

করে এসেছেন শ্রমিক সম্বন্ধে—দ্বিতীয় পঞ্চবার্ষিকী পর্যায়ে তার চেয়ে বেশি অগ্রসর নীতি, বাস্তব আকারের নীতি অবলম্বন করা হবে তার আভাষ প্ল্যানিং কমিশন রিপোর্ট থেকে পাই, এবং কেন্দ্রীয় সরকার থেকে তাঁরা যে লেবার প্যানেল সৃষ্টি করেছেন তার রিপোর্ট থেকে এ সম্বন্ধে সুস্পষ্ট ইঙ্গিত পাওয়া যায়। কিন্তু তাঁরা যে নীতি অনুসরণ করে আসছেন—তার সারমর্ম হচ্ছে এই যে, যথার্থ ফেয়ার ওয়েজেস এ পর্যন্ত শ্রমিকদের কোথায়ও নেই। খুব সামান্যতম তাদের মাহিনা—তার উপর দিনের পর দিন আজ জিনিসপত্রের মূল্য বৃদ্ধি হচ্ছে—ইনফ্লেশন আরম্ভ হয়েছে—সেটা অস্বীকার করা যায় না এবং এই অল্প মাহিনা থাকা সত্ত্বেও এখানকার গভর্নমেন্টের পলিসি হচ্ছে আরও ছাঁটাই, আরও র‍্যাসানালাইজেশন, ন্যূনতম শ্রমিক নিয়োগ কোন কাজের জন্য, এবং শ্রমিক সংগঠনের উপর আক্রমণ চালিয়ে শ্রমিক শক্তি পর্যুদস্ত করে শ্রমিক সংগঠনগুলির ন্যায্য দাবীদাওয়া চূর্ণবিচূর্ণ করে দেওয়া, এবং সঙ্গে সঙ্গে নিজেদের সংগঠন গড়ে তোলা—রাজনীতিক তাদের যে ইন্টারেস্ট তার জন্য কোন বিশেষ শ্রমিক সংগঠনকে পেট্রোনাইজ করা। মালিকদের মুনাফা আরও ভালভাবে যাতে বেড়ে যায়—সেদিকেই গভর্নমেন্টের দৃষ্টি। এবং এই নীতি তাদের আরও কঠোরতর হওয়ার সম্ভাবনা। কেননা দ্বিতীয় পঞ্চবার্ষিকী প্ল্যানএর মেমোরান্ডাম থেকে দেখা যাচ্ছে—

"An under-developed country mobilising all its resources to bring about rapid social and economic progress is in no position to afford low productivity and loss of production through strikes and stoppages."

খুব ভাল কথা। এই রকম একটা পশ্চাৎপদ দেশকে উন্নত করতে গেলে স্টপেজ নীতি চলবে না। কিন্তু তাদের দেশের অল ইটস রিসোর্সেস, দেশে যেসমস্ত রিসোর্স আছে, সেটা মোবিলাইজ করার ফলে বৎসরের পর বৎসর মুনাফাখোর ক্যাপিটালিস্ট ধনিকদের মুনাফা বেড়ে যায় কেন? যদি সমস্ত রিসোর্সেস মোবিলাইজ করাই হয়, তাহলে শ্রমিকদের আয় বা রিসোর্সেসও মোবিলাইজ করা উচিত ছিল। কিন্তু তা হয় নি। হলে, এত লো প্রোডাকটিভিটি হত না—অন্ততঃ স্টারভেশন অর সেমি-স্টারভেশন ওয়েজেস হত না। এখানে ফেয়ার অর্থাৎ ভাল ওয়েজেসএর কথা বলছি না—এ্যাবাভ স্টারভেশন ওয়েজেস কথা মাত্রই বলছি। আজ যখন দ্বিতীয় পঞ্চবার্ষিকী প্ল্যান অনুষ্ঠিত হতে চলেছে—তখন শ্রমিকদের ওয়েজেস কেন বাড়ছে না—লো, প্রোডাকটিভিটি কেন কমছে না? আজ র‍্যাসনালাইজেশন করার ফলে শ্রমিকরা কারখানার মধ্যে হাপিয়ে যায়—এটা বেড়ে যায় কেন? এই যে ওয়েজেস—যেটা এখনও ফেয়ার ওয়েজেস স্কেলএ পৌঁছায় নি, এটা আমার কথা নয়—গভর্নমেন্ট দ্বারা পৃষ্ঠপোষিত ট্রেড ইউনিয়ন মুভমেন্ট যেটা আই এন টি ইউ সি এই সম্পর্কে যে এক্সিকিউটিভ রিজলিউশন নিয়েছে তাতে বলছে—

Having regard to the fact that the wages of industrial workers have nowhere reached even a fair wage scale.

অর্থাৎ কোথায়ও ফেয়ার ওয়েজ স্টেজএ পৌঁছায় নি। অতএব রিভিসন অফ ওয়েজ পলিসি দরকার।

[3-40—3-50 p.m.]

আজকে যদি সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যান স্মুথলি, নিরপেক্ষভাবে, মসৃণভাবে চালাতে হয়, তাহলে পর সমস্ত জায়গায় ওয়েজেস সম্বন্ধে একটা কমিশন বসানো উচিত যাতে শ্রমিক প্রতিনিধিও থাকবে, তাদের অন্ততঃ বাঁচবার মত ওয়েজেস দিতে হবে। সে সম্বন্ধে বহু তথ্য পড়ে দেখেছি, যে ওয়েজেস তারা পায় তাতে কোনরকমে একটা ফ্যামিলির পুরা পেট খাওয়া চলে না, সেমি-স্টার্ভেশন অবস্থায় তাদের থাকতে হয়। ওঁরা বলছেন যে, আমাদের আয় কিছু বেড়েছে, কিন্তু বাংলা গভর্নমেন্ট এই সমস্ত তথ্যাদি কোথা থেকে সংগ্রহ করেন জানি না। অন্ততঃ এদেশে কলকাতায় লেবার সম্বন্ধে কোন গেজেট এখনও করেন নি,—যেমন বোম্বে বা অন্যান্য প্রভিন্স করেছে। কোন ডিসপুটে হলে তাতে শুনতে পাই যে, কলকাতায় কোন এরকম রিলাইয়েবল জিনিস নেই। যা হোক ইন্ডিয়া লেবার গেজেট ১৯৫৫, তাঁরা বলছেন—

The index of real earning of the factory workers remained during 1954-55 at the level of 1939.

১৫।১৬ বছরে লেভেল উঠে নি, এটা হচ্ছে গিয়ে ইন্ডিয়া গভর্নমেন্টের লেবার গেজেট। ১৯৩৯ সনে যদি একশ' ধরা যায়, তা হলে ১৯৪০ সালে ছিল ১০৮ অর্থাৎ যুদ্ধের সময় রিয়েল ওয়েজেস কিছু কিছু বাড়ল, ১৯৫১—৯২·২, ১৯৫২—৯৯·৯, ১৯৫৪—১০২·৭, এবং এখন হচ্ছে কি, কিছুটা খাদ্য প্রভৃতি সস্তা হওয়ার দরুণ গত দুই বৎসর কিছুটা জিনিসপত্রের দাম কমে গিয়ে ওয়েজেস সামান্য বেড়েছে কিন্তু সম্প্রতি আবার প্রাইস লেভেল বেড়েছে এবং তার ফলে দেখা যাচ্ছে ১৯৫৫ সালে ১৯৩৯ সালের চেয়ে সামান্য ২।৩ পয়েন্ট বেশি কিন্তু ১৯৪৭এ যা লেভেল তার চেয়ে উপরে উঠে নি। রিয়েল ওয়েজেস লেভেল দিন দিন বাড়ছে এবং সে সম্বন্ধে রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার লেটেস্ট বুলেটিন ফেব্রুয়ারি ১৯৫৬, তাঁরা বলছেন যেসমস্ত কমোডিটি ইতিমধ্যে একটু উপর থেকে উঠছে—৮ পার্সেন্ট চালের দাম কলকাতা এবং আশেপাশে এলারমিংলি বাড়ছে যাতে করে কস্ট অব লিভিংএর উপর এর এফেক্ট হওয়া একেবারে অবশ্যম্ভাবী। ইতিমধ্যে যে এডিসনাল ট্যাক্সেশন, আরও বাড়তি ট্যাক্সেশন এবং হেভি ডেফিসিট যা হয়েছে তাতে করে আরও খানিকটা বোঝা ওয়ার্কারদের উপর পড়ছে। মিঃ দেশমুখ, কেন্দ্রীয় অর্থসচিব তাঁর বাজেটের রিপ্লাইএ ৬ই মার্চ বলেছিলেন তাঁকে যখন জিজ্ঞাসা করা হয়েছিল যে, এফেক্ট অব দি ডেফিসিট কি হবে ১২শো কোটি টাকা ডেফিসিট, তখন তিনি বলেছিলেন—

"There is no use asking me to answer the statements of financial journals about what effect 1,200 crores deficit financing will have on the economy. Their own economic advisers have also done some calculations and expect that it would increase the price level by 40 per cent."

প্রাইস লেভেল আরও শতকরা ৪ আনা থেকে ৭ আনা পর্যন্ত বাড়বে। তার মানে আজকে প্রাইস ইনডেক্স করলে পর ৮০ থেকে ১৫০, কারণ আরও দুঃখ কষ্ট বাড়বার সম্ভাবনা,—স্বয়ং দেশমুখ স্বীকার করছেন। এই যে অবস্থা প্রাইস বাড়ছে, রিয়েল ওয়েজেস ১৯৪৭ সালের উপরে যায় নি। ১৯৩৯ এর থেকে সামান্যমাত্র ২।৩ পয়েন্ট। এবং এইমাত্র শুনলাম মন্ত্রী-মহোদয়ের কাছ থেকে যে, জুট ওয়ার্কারদের মাইনে বেড়েছে। একি বদান্যতা একবার দেখুন। কতকগুলি ইন্ডাস্ট্রিতে যা ওয়েজেস, তা একবার দেখুন। জুট ৩৪৷৷৵০ + ডিয়ারনেস এ্যালাওয়েন্স ৩২৷৵০—মোট ৬৭ টাকা, ইঞ্জিনীয়ারিং ৩০ টাকা + ৩৫ টাকা—মোট ৬৫ টাকা, টেক্সটাইল ৫২ টাকা, ২০ টাকা আজও তাদের বেসিক ওয়েজেস এবং টেক্সটাইলে গত ২ বছর ধরে নানারকম আবেদন করে চলেছে। গত অক্টোবর মাসে মুখ্যমন্ত্রীর কাছে গণ ডেপুটেশন যায়, এবং তিনি বলেন সে সম্বন্ধে কিছু হবে। রাইটার্স বিল্ডিংসএ ফাইল আজও পর্যন্ত পড়ে রয়েছে। টেক্সটাইল ওয়ার্কারদের সঙ্গে কমপেয়ার করুন,—বোম্বে, আমেদাবাদের সঙ্গে, তাদের প্রায় অর্ধেক মাইনা এরা পায়। কেন, বাংলাদেশের টেক্সটাইল ওয়ার্কার বলে? বাংলাদেশের টেক্সটাইল ম্যাগনেটদের মুনাফা কি কিছু কম হয়? এই হল গিয়ে ওয়েজ স্ট্রাকচার। ১৯৪৮ সাল থেকে কোন বেসিক ওয়েজ এই কটি ছাড়া চায়ে সামান্য ৵১০ পার ডে হয়েছে, এবং যে কটাতে বললাম তাতে কিছুটা বেড়েছে। তা ছাড়া ১৯৪৮ সাল থেকে এ পর্যন্ত কোথাও মাইনে বাড়ে নি কোন ইন্ডাস্ট্রিতে। অথচ মন্ত্রীমহাশয় বললেন, বহু কিছু করেছি, তাঁদের ট্রাইব্যুনালে ৪ হাজার ৫ হাজার কেস হতে পারে কিন্তু সেই ৪।৫ হাজার কেসে কোন ফান্ডামেন্টাল যায় নি, যখন ফান্ডামেন্টাল যায় তখন অস্বীকার করেন। কোথায় কটা ছাঁটাই হয়েছে, মালিক অন্যায় করেছে এই রকম ফান্ডামেন্টাল ডিসপুটস মেটে নি। এইভাবে এখানে দেখতে পাই কি, যে কটা ট্রাইব্যুনাল তাদের কিছুটা মাইনে বাড়ালে ৪৮ ঘণ্টা হিসাবে, সেটা ২।৩ মাস যেতে না যেতে মালিকরা ৪০ ঘণ্টায় পরিণত করলেন। অর্থাৎ ট্রাইব্যুনাল বললেন ৪৮ ঘণ্টা, সামান্য কোথ ৪ ঘণ্টা বেশি পাওয়া যাবে, যেই ট্রাইব্যুনাল হয়ে গেল, তাঁরা ৪ ঘণ্টা কমিয়ে দিলেন। সেখানে কি ব্যবস্থা করেছেন? আই জে এম এর কাছে দাঁত ফোটাবার সাধ্য এঁদের নেই। মাইনে বাড়ানো হল ট্রাইব্যুনালে ৮৷৷৵০ কিন্তু সঙ্গে সঙ্গে মাগ্‌গী ভাতা কেটে দেওয়া হল ৪৵০ দক্ষিণ হস্তে দান, বাম হস্তে বঞ্চন। কি বলে কাটলেন

by reducing the existing dearness allowance per month on the plea of a fall in the cost of living.

ডি. এ. কেটে দেওয়া হল কস্ট অব লিভিং কমেছে বলে। এর মধ্যে কস্ট অব লিভিং বেড়ে যাচ্ছে, এখন জুট ট্রাইব্যুনাল বসছে কি মাগ্‌গী ভাতা বাড়াবার জন্য? যখন দাম বাড়ছে তখন

ট্রাইব্যুনাল মাগ্‌গী ভাতা বাড়াতে পারলেন না, কিন্তু যখন দাম কমছে তখন মাগ্‌গী ভাতা কমিয়ে দিলেন। সবচেয়ে আশ্চর্য এই যে, কলকাতা হচ্ছে একটিমাত্র জায়গা যেখানে মাইনের সঙ্গে কস্ট অব লিভিংএর কোন সম্পর্ক নেই। অন্যান্য সেন্টারে কস্ট অব লিভিং উঠানামার সঙ্গে সঙ্গে শ্রমিকদের মাইনে উঠানামা করে, ৫ পয়েন্ট ভাগে হলে পর উঠে বা কমে। ভারতবর্ষের মধ্যে সবচেয়ে হাইলি ইন্ডাস্ট্রিয়ালাইজড্ জায়গা এটা, কিন্তু এখানকার শ্রম দপ্তর, এখানকার গভর্নমেন্ট এত অপদার্থ এবং অপারগ এবং শ্রমিকদের সম্বন্ধে তাঁদের এত বিপরীত দৃষ্টি যে একমাত্র এই জায়গায় স্লাইডিং স্কেলে ডিয়ারনেস এলাওয়েন্স করা হল না। কারণ এখানে বেঙ্গল চেম্বারস অব কমার্স এত জোরালো যে, সেখানে এঁদের মুখ খোলার উপায় নেই। আজও আই, জে, এম, এ, সেই ক্লাইভের বংশধরগণ কলিকাতায় আধিপত্য বিস্তার করে আছে। তাঁদের সামনে শ্রমমন্ত্রীর এতটুকুও হাঁ করার উপায় নেই। এইরকম ভয়ঙ্কর ব্যাপার, এবং এখানে ওয়েজ লেভেল অত্যন্ত অসম্ভব রকমের কম। এখনও পর্যন্ত আমরা প্রায় ২৩০টা ফ্যামিলি যখন সার্ভে করি জুট ওয়ার্কারদের ট্রাইব্যুনাল দেবার সময় নিশ্চয়ই শ্রমমন্ত্রী সেকথা জানেন।

[3-50—4 p.m.]

সেই সার্ভেতে ২৩০টা ফ্যামিলি বাজেট দেখেছি। দেখেছিলাম ৪ টাকা পায় ৮১ পার্সেন্ট এই ফ্যামিলিতে। তাদের সবাইকার চিরন্তন দেনা ১৭১৵০ পার ফ্যামিলি। আমি তাই দাবী করছি খুব শীঘ্র একটা ওয়েজ কমিশন বসানো হোক। এই হল আমাদের অবস্থা। সঙ্গে সঙ্গে এমপ্লয়মেন্টএ কি দেখতে পাচ্ছি, না এইমাত্র আমি শুনলাম আনএমপ্লয়মেন্টএর অবস্থা ভাল কিন্তু ১৯৫১-৫৪ সালের ভেতরে প্রায় ৫০ হাজার ডিক্লাইন করেছে। এটা হল ফ্যাক্টরী ফিগারএ লাস্ট পজিসন, যদিও এর মধ্যে প্রায় ১৫৭টি নূতন ফ্যাক্টরী হয়েছে তা সত্ত্বেও ৫০ হাজার কমে গিয়েছে। সম্প্রতি ক্যালকাটা ইউনিভার্সিটি থেকে একটা সার্ভে হয়েছিল—তাঁরা বলছেন—

Since the launching of the First Five-Year Plan the total volume of employment in the organised Sector in Calcutta declined by 3.7 per cent.

এবং ফ্যাক্টরী আনএমপ্লয়মেন্ট বলছেন প্রায় ডবল ৬·৪ পার্সেন্ট, ফ্যাক্টরী আনএমপ্লয়মেন্ট ৬·৪ পার্সেন্ট, অর্গানাইজড্ সেক্টরএ ৩·৭ পার্সেন্ট। ডাঃ রায় বাজেট বক্তৃতায় বললেন, শ্রমিকশ্রেণী সবচেয়ে আরামে আছে। কিন্তু দেখছি আনএমপ্লয়মেন্টএর ব্যাপারে তাদেরই হচ্ছে ৬·৪ পার্সেন্ট এবং সমস্ত অর্গ্যানাইজড্ সেক্টরএ আনএমপ্লয়মেন্ট ৩·৭ পার্সেন্ট। এই যখন শ্রমিকের অবস্থা এবং প্ল্যানিংএর সমস্ত রিসোর্সেস ব্যয় করা হবে সেখানে দেখতে পাই প্রফিট আরও ক্রমাগত বেড়ে যাচ্ছে। আমি একটা এক্সাম্পল দিয়ে দেখাচ্ছি। আইরন এ্যান্ড স্টীল এবং স্টীল ইন্‌গট ১৯৫৩-৫৪ সালে ৫ কোটি ৮০ লক্ষ। কিন্তু সেলেব্‌ল স্টীল ২ কোটি ৯১ লক্ষ ইত্যাদি। কিন্তু সেটা বেড়ে ৪ কোটি ৬১ লক্ষ হয়েছে—মোট যদিও প্রোডাকশন বেড়েছে ১৪ পার্সেন্ট ১৯৫৩ থেকে ১৯৫৫ সাল পর্যন্ত, প্রফিট সেখানে ১৯৫৩-৫৪তে ৩ কোটি ৬২ লক্ষ, ১৯৫৪-৫৫তে ৭ কোটি ৭ লক্ষ অর্থাৎ ১৪ পার্সেন্ট প্রোডাকশন বেড়ে ৯৪ পার্সেন্ট প্রফিট হয়েছে। অথচ স্বীকার করতে হবে এই গভর্নমেন্টের শ্রমনীতি অত্যন্ত সুন্দর এবং শ্রমিকের পক্ষে অত্যন্ত কল্যাণকর! ইন্ডিয়া গভর্নমেন্টএর স্ট্যাটিসটিকস যদি নেওয়া যায় তা হ'লে পর ১৯৪৮কে যদি ১০০ ধরা যায় তা হ'লে জুট ইন্ডাস্ট্রিতে এমপ্লয়মেন্ট ইন্ডেক্স ৮৩ অথচ প্রোডাকটিভিটি ১২৯·৯, তখন আনএমপ্লয়মেন্ট কমেছে ১০০ থেকে ৩০, অর্থাৎ দেড়া প্রায় প্রোডাকটিভিটি বাড়ল, কিন্তু ওয়েজেস বাড়ল না—ওয়েজ ৪ টাকা মাত্র। অথচ শ্রমমন্ত্রী হাস্যবিগলিত মুখে বললেন, মাইনে বাড়িয়ে দিয়েছি ৩৮০। ইতিমধ্যে আমরা খবর শুনতে পাচ্ছি ট্রাইব্যুনাল প্রভৃতি হবে ; কিন্তু এই জুট ট্রাইব্যুনালএতে দেখা যায় এরবড় একটা আন্দোলন সমস্ত কলকাতায়, এবং আশেপাশে চটকলমহলে বিরাট আন্দোলনের পর তখন গভর্নমেন্ট অস্থির হয়ে তাড়াতাড়ি একটা কিছু করতে চান। বোনাসের কথা নিয়ে আন্দোলন হয়েছে কিন্তু যখন সেই বোনাসের কথা হয়েছে, গভর্নমেন্ট নানা কায়দায় পিছু হটাবার চেষ্টা করেন। শেষ পর্যন্ত ট্রাইব্যুনালে দেন—এইরকম রীতিনীতি সত্যই দুঃখের কথা। গভর্নমেন্টের সঙ্গে যাঁরা শ্রমিক আন্দোলন করেন তাঁরা সেসময় আপত্তি করেছিলেন বলে শুনেছি

—বলেছিলেন, বোনাসটা অন্ততঃ টার্মস অফ রেফারেন্স অনুসারে..... (শ্রীকালী মুখার্জিঃ ভুল শুনেছেন। ঠিক নয়।) যিনি ঠিক নয় বলছেন আমার রিপোর্ট তিনিই আপত্তি করেছিলেন এবং তিনি এ্যাসেম্বলির বাইরে গেলে স্বীকার করবেন যে, হ্যাঁ, আমরা আপত্তি করেছিলাম। সেখানে সঙ্কীর্ণ রাজনীতি ছিল, সেখানে মেন ডিম্যান্ড ছিল বোনাস। বোনাস সম্বন্ধে যাদের অবস্থা ভাল তারা এ বছর বোনাস দেয় নি, কিন্তু তারপর কি হয়েছে। এই কোম্পানিগুলি এই বছরে কতকগুলি শেয়ার বোনাস দিয়েছে তার দাম হচ্ছে ৬ কোটি ১ লক্ষ ৮৩ হাজার ৮ শো টাকা। এত টাকা শেয়ার বোনাস দিয়েছেন, কিন্তু শ্রমিককে দিতে পারেন নি। ফোর্ট উইলিয়াম কোম্পানি ফেব্রুয়ারি ১৯৫৫ এইসমস্ত ইসু করছেন বোনাসএর শেয়ার ৭ লক্ষ টাকা। হুকুমচাঁদ ১৯৫৪ মার্চ ২২ লক্ষ ৫০ হাজার টাকা, ক্লাইভ ৮ লক্ষ, এ্যালবিয়ান জুন ১৯৫৪ ১২ লক্ষ, বিড়লা জানুয়ারি ১৯৫৪ ৭ লক্ষ, ফেব্রুয়ারি ১৯৫৫ ৭ লক্ষ। প্রত্যেকবারই এমন করে কিছু না কিছু দিয়ে যাচ্ছেন। আবার দেখুন জেসপ এ্যান্ড কোম্পানি ১৯৫৩ সালে ১৮ লক্ষ, ১৯৫৫ সালে ১৯ লক্ষ ৮২ হাজার, ডানলপ এ্যান্ড কোঃ ২৯ লক্ষ ১৯৫৩ সালে, তারপর ১ কোটি ৬০ লক্ষ, তারপরে ১ কোটি ৮৭ লক্ষ—এইভাবে মুনাফা ক্রমাগত বেড়ে যাচ্ছে অথচ বলা হচ্ছে শ্রমিকদের মাইনে বাড়ানো হবে না। আমরা দেখতে পাচ্ছি নূতন যে বৎসর আসছে তাতে আরও বেশি করে লাভ করবে, কারণ শতকরা ৩৩½ যদি লেবার মেম্বার না থাকে তাহলে তাদের রেকগনাইজ করা হবে না। তাঁরা যা করবেন তা মেনে নিতে হবে শতকরা ৬০ জন শ্রমিক না মানলেও। আমাদের কথা, এ আই টি ইউ সি কর্মী তাঁরা বলেছিলেন, অন্ততঃ এটা একটা রেফারেন্স করা হোক, জেনারাল ওয়ার্কার্সদের ভোট পুল করা হোক অর্থাৎ কোন-প্রকারে সরকারপোষিত যদি ইউনিয়ন ½ মেম্বারশিপ দেখাতে পারেন তাহলে তারাই হবে গিয়ে মনোপলি রিপ্রেজেনটেটিভস অফ দি ওয়ার্কার্স এবং মালিকেরা তাদের সাপোর্ট করবেন। অন্যান্য ট্রাইবুনালএ যে কোথায় কি হচ্ছে তা এই অল্প সময়ে বলতে পারি না। আমি স্টেট ইনসুরেন্স ব্যবস্থার কথা বলি। শুনেছি এটা খুব চমৎকার হয়েছে, কিন্তু কি অবস্থা আজকে সেখানে। শ্রমিকের নামে টাকা নেওয়া হচ্ছে, কিন্তু ব্যবস্থা এত সাংঘাতিক যে, তাতে করে অত্যন্ত শোচনীয় অবস্থা দেখা দিয়েছে। সম্প্রতি ২টি সংবাদ পেয়েছি। হাওড়ার জুট মিলের একজন কর্মী বড়বুদ্দিন, সে মই বেয়ে উপরে উঠে কাজ করতে করতে পড়ে যায়—২টার সময় আহত হয় তারপর থেকে এ্যাম্বুলেন্স পাওয়া যায় নি। ৩ ঘণ্টার পরে তাকে লরী করে পাঠানো হয় এবং তারপর সে মারা যায়। আর একটা কেস রয়েছে যে, সেখানে ঠিক এইরকমভাবে ৩ ঘণ্টা পরে গাড়ীর ব্যবস্থা হয় এবং লোকটা মারা যায়। সেখানে বলা হয় যে, স্টেট ইনসুরেন্সএর লোকের জন্য এ্যাম্বুল্যান্স পাওয়া যায় না। বলা হল প্যানেলএ এতগুলি ডাক্তার দেখতে পাচ্ছি কলকাতার লিমিট ১ হাজার, হাওড়ায় ১২ শো থেকে ১৮ শো —সকালে বিকালে ৩ ঘণ্টা করে এদের ডিউটি। আগে নিয়ম ছিল ডি, এইচ, এস, টাইম ফিক্স করবেন, যিনি ইন-চার্জ, মেডিকেল, কারণ অফ কোর্স উইথ দি এ্যাপ্রুভ্যাল অফ ডি, এইচ, এস, কিন্তু সেই রুল ৬ সিডিউল ১ সাব-সেক্সন ২ এখন আর তা মানা হয় না। ডি, এইচ, এস, এখন নিজের মর্জির মত সময় ফিক্স করেন। এখানে যেসমস্ত ব্যাপার ঘটে তা অমানুষিক। ট্রিটমেন্টএর ব্যাপারে এমন কি ম্যালিগন্যান্ট ম্যালেরিয়া, ব্যাসিলারী ডিসেন্ট্রি, কলেরা ইত্যাদি আর্জেন্ট যে কেস তাদের বিশেষ যে ঔষধ তা পাওয়া যায় না। এদের সম্বন্ধে ক্লিনিক্যাল ট্রিটমেন্টএর জন্য স্পেসালিস্টদের কাছে পাঠানো হয়, কিন্তু স্পেসালিস্ট এমন হয়ত করে থাকেন যে, ব্লাড এক্সামিনেশন হয়েছে ১৭ই অক্টোবর, ২রা নভেম্বর রিপোর্ট এল। এক্স-রে ৩১এ জানুয়ারিতে হয়েছে, ১৬ই মার্চ তা পাওয়া গেল। অর্থাৎ ম্যালিগন্যান্ট ম্যালেরিয়া আক্রান্ত একজনের ব্লাড এক্সামিনেশন রিপোর্ট একমাস পরে পাওয়া যায়। ব্যাসিলারি ডিসেন্ট্রিতে ভুগছে তার ঔষধ পাওয়া যায় না। টি-বি সাসপেক্টেড তার এক্স-রে প্লেট ৩ মাস পরে পাওয়া যায় —তা হ'লে স্পেসালিস্ট ট্রিটমেন্ট করবার কি প্রয়োজন থাকতে পারে!

[4—4-10 p.m.]

এক্স-রে ১৯এ জানুয়ারি দেওয়া হয়েছে, পাওয়া গেল ২৭এ মার্চ। আর একটা ১৬ই ফেব্রুয়ারি দেওয়া হয়েছে, ১৫ই মে পাওয়া গেল। এতে লাভ কি হয়? হয়ত একটা ম্যালিগন্যান্ট ম্যালেরিয়া রোগীর ব্লাডটা এক্সামিন করে এক মাস পরে যদি তার রিপোর্ট পাওয়া যায়, তাহলে তার মানেটা কি হবে? কারও ব্লাড ডিসেন্ট্রি হয়েছে—তারও এক্সামিনেশনএর রিপোর্ট

যদি এই রকম দেরীতে পাওয়া যায়, তাহলে লাভ কি? হয়ত একজনের টি-বি সাসপেক্টেড, তিন-চার মাস পরে এক্স-রে প্লেট পাওয়া গেল, আর এর মধ্যে তার রোগ কতখানি বেড়ে গেল। কাজেই স্পেসালিস্ট সম্বন্ধে আপনারা এই করেছেন। একজন স্পেসালিস্ট থাকেন এখানে, আর একজন থাকেন ওখানে; এইরকমভাবে চারিদিকে ছড়িয়ে থাকলে তাদের দিয়ে কি কাজ হয়? হাওড়ায় রোজ যাবে; কিন্তু কলিকাতার মত ইন্ডাস্ট্রিয়াল এরিয়াতে সপ্তাহে দু-তিন দিন। কেবল এক নীলরতন সরকার হাসপাতালে রোজ বসে। একজন ডেন্টাল স্পেসালিস্ট দিবারাত্র কোথাও নাই। আমার বক্তব্য হচ্ছে যতগুলি হাসপাতাল আছে, সেখানে সব রকম স্পেসালিস্ট থাকা উচিত। লোকে হাতড়ে হাতড়ে কোথায় বেড়াবে? এখান থেকে ওখানে। এটা সম্ভব নয়। একটা জায়গায় ডেন্টাল সার্জেন, গাইনোকোলজিস্ট, এক্স-রে, ব্লাড টেস্ট একই হাসপাতালে যদি থাকে, তার যদি একটা নির্দিষ্ট টাইম থাকে, আওয়ার থাকে, তা হলে লোকে সেখানে গেলে পর বুঝতে পারে, সুবিধা হয়। যতদূর সম্ভব সেটা ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার কাছাকাছি থাকা উচিত। এদের ট্রিটমেন্ট সম্বন্ধে এখনো কোন সুব্যবস্থা হয় নাই। আজ পর্যন্ত যা হয়েছে, ট্রিটমেন্ট পোজিশন যা হয়েছে, ইনজিয়োর্ড হলে পরে এক্ষুণি টাকা পাচ্ছে না, ৯ মাস পরে তার টাকা পাচ্ছে। এই হচ্ছে ট্রিটমেন্টএর ব্যাপার। ট্রিটমেন্ট হবার পরে অল সর্টস অফ সার্টিফিকেটস ভাল হয়ে তাদের দিতে হবে। তাঁরা বললেন—অমুক জায়গায় যাও, আইডেন্টিফাই করবার লোক নিয়ে গেলে ট্রিটমেন্টএর টাকা পাবে। একজন শ্রমিক রুগন—অবস্থা স্বচ্ছল নয়, তার ট্রিটমেন্টএর টাকা সেই সময় দেওয়া উচিত। তাকে তখন কোনো মিল থেকে বলা হল—অমুক জায়গায় গিয়ে ডাক্তারের সার্টিফিকেট নিয়ে এস। এখান থেকে ওখানে ঘুরবে। এইরকমে হয়রানির শেষ করেন। যখন স্টেট ইনস্যুরেন্সএ ট্রিটমেন্টএর ব্যবস্থা করা হয়েছে—তখন যাই হোক না কেন, গভর্নমেন্টের ডিউটি হবে, যেমন ফ্যাক্টরীর দেওয়া উচিত মাইনে দিয়ে দেওয়া, তেমনি সার্টিফিকেট গভর্নমেন্টের দেওয়া উচিত—কালেক্ট করা উচিত। কোন অসুস্থ লোক—যে টালিগঞ্জে থাকে, তাকে রিপোর্ট করতে হবে নীলরতন সরকার হাসপাতালে। এও কি সম্ভব? একটা অমানুষিক ব্যাপার! বড় বড় দপ্তর উপর থেকে কোন সংস্রব রাখেন না। যাঁরা রাখেন আমাদের কথা তাঁরা গ্রাহ্য করেন না, শোনেন না। রিজিওন্যাল এ্যাডভাইসরি বোর্ড যেটা আছে, তার সেন্ট্রাল গভর্নমেন্টএর এ্যাডভাইসরি কমিটির মেম্বার আছেন ডাঃ রনেণ সেন। তিনি কমিটির কার্যকলাপ দেখে এতদূর পর্যন্ত হতাশ হয়ে পড়েছেন যে, তিনি বলেছেন, তাতে কিছুই হবে না। আমাদের কোন কথা সেখানে গৃহীত হয় না। আমাদের প্রস্তাবগুলি সব উপেক্ষিত হয়। তাঁরা যেন একটি দলীয় ইস্যু করে নিয়েছেন। এতে করে এই স্টেটস্ ইনসুরেন্সএর রিজিওন্যাল এ্যাডভাইসরি কমিটির সংগে আর কোন সম্পর্ক আমাদের রাখা উচিত নয়। অন্ততঃ গভর্নমেন্টের যদি নীতির পরিবর্তন না হয়, তাহলে এই স্টেট ইনসাুরেন্সকে বয়কট করে বিরাট আন্দোলন করা ছাড়া আর কোন উপায় নাই। আমরাই শ্রমিকদের উপদেশ দিয়েছিলাম, তোমরা এতে যোগ দাও। তাই আজ আমরা শ্রমিকদের কাছে লজ্জিত। সেখানে শ্রমিক স্বার্থ-বিরোধী যেসমস্ত ব্যবস্থা চলেছে তাতে তার বিরুদ্ধে একটা ভীষণ রকমের বিক্ষোভ সৃষ্টি হয়েছে। একজন স্পেসালিস্ট মনে করুন দু' ঘণ্টায় ১৩০ জন রোগী দেখেন—অর্থাৎ প্রতি মিনিটে একটি করে রোগী তিনি দেখবেন। তাতে রোগীর কি দেখবেন? কালীঘাটের একটা পাঁঠা কাটতেও তার চেয়ে বেশি সময় লাগে। স্পেসালিস্টএর কাজ—যেভাবে রোগী দেখা চলেছে—সেইভাবে চলে, তাহলে আসলে কোন কাজ হবে না। এই গভর্নমেন্টের দলীয় রাজনীতির স্বার্থ এতদূর সংকীর্ণ যে, তাঁরা আমাদের কোনরকম সহযোগিতা গ্রহণ করেন না। কালকে রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন সম্পর্কে দেখেছি—বার বার বলা হ'ল আমাদের সংগে সহযোগিতা করতে। শেষ পর্যন্ত বলতে শুনলাম—সহযোগিতা করুন। কি উপায়ে করুন? তাঁদের বাড়িতে গিয়ে, অফিসে গিয়ে পায়ে তেল দেওয়া? এমন কোন মেসিনারি হয়েছে? এ্যাডভাইসরি বোর্ড করা হবে। তা করলেই হয় না। কংগ্রেস গভর্নমেন্ট দেখছি লীগ মিনিস্ট্রির মত হয়েছে—তখন খাদ্যসংকটের সময় কংগ্রেস থেকে যেমন বলা হয়েছে এ্যাডভাইসরি বোর্ড করতে। কালকে শ্রীমতী রেণুকা রায়ের বক্তৃতা শুনে মনে হচ্ছিল যেন সুরাবর্দি সাহেবের বক্তৃতা শুনলাম।

আসুন না, আপনারা সব এসে কাজ করুন না, আপনারা এলে তো হবে। এটা একেবারে ফাঁকি। ওখানে গেলেই বক্তৃতা একরকম হয়। কারণ ওটা রাবণের দেশ, যে যাবে লঙ্কায়, তাকে রাবণ হতেই হবে। এটাই তখন মনে হয়েছিল। [হাস্যধ্বনি]

Sj. Bibhuti Bhusan Ghose:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের শ্রমমন্ত্রী তাঁর ব্যয়বরাদ্দের দাবী উপস্থিত করেছেন। আজকে সেই সঙ্গে সঙ্গে আমার বক্তব্যটা পরিষ্কার করে রাখা দরকার যে, আজ শ্রমশিল্পে শ্রমমন্ত্রীর ব্যর্থতা ও শ্রম দপ্তরের ব্যর্থতা কত বড়। সরকারী নীতি সাধারণত শ্রমশিল্পে, শান্তি অব্যাহত থাকার ব্যর্থনীতি। আমরা দেখেছি সব জায়গায় এই শিল্পে শান্তি রক্ষার জন্য যে প্রচেষ্টা, সেই প্রচেষ্টাটা সব সময় অপপ্রচেষ্টায় পর্যবসিত হয়। তার কারণ হচ্ছে, এই শ্রম দপ্তরের মালিক-ঘেঁষা নীতি, এবং এই কংগ্রেসের যে শ্রম-প্রতিষ্ঠান সরকারের পৃষ্ঠপোষকতার ব্যর্থতা, সেই বিশেষ সংগঠনকে রাজনৈতিক কারণে বিশেষ সুবিধা দেওয়া,—এই দুটি কারণে আজ শ্রমশিল্পে অশান্তি আরও বেশি মাথাচাড়া দিয়ে উঠেছে। এক দিকে দেখান হয়েছে উৎপাদন বৃদ্ধি হয়েছে; এবং শ্রমমন্ত্রীর দাক্ষিণ্যের কথা শোনা গেল। তিনি শ্রমিকদের জীবনযাপনের মান নিয়ন্ত্রণ করেছেন—তার হিসাব দিলেন। শ্রদ্ধেয় বঙ্কিম-বাবু হিসাব দেখিয়েছেন, ১৯৩৯ সাল থেকে আজ পর্যন্ত ২।৩ পয়েন্ট শ্রমিকদের জীবনের দৈনন্দিন গড়পড়তা হিসেবে কিছু প্রসারতা লাভ করেছে।

আমি প্রথমে আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, শ্রমশিল্পে শান্তি অব্যাহত রাখবার জন্য ১৯৪৭ সালের ডিসপিউট এ্যাক্ট অনুযায়ী এবং তারপর যেসমস্ত এ্যামেন্ডমেন্ট তাতে যোগ করা হয়েছে—তার একমাত্র উদ্দেশ্য হওয়া উচিত ছিল শ্রমিকদের মঙ্গলের দিকে তাকানো, শ্রমিকদের মঙ্গলের জন্য আরও কিছু শ্রমিকদের উন্নত জীবনযাত্রার ক্ষেত্র প্রস্তুত করবার। কিন্তু আজ দেখা যাচ্ছে শ্রমদপ্তরের মালিক-ঘেঁষা নীতি সমস্ত আইনকে বানচালই করেছে তা নয়, মালিকদের প্রচুর মুনাফা লুটবার একটা সুযোগ করে দিয়েছে। এই আইনের ১০ম ধারায় আছে যে, শ্রমিক-মালিকের বিরোধ যেটা নাকি ট্রাইব্যুনালে যাবে, তার ইস্যু তৈরি করবে শ্রম-দপ্তর। আজকে শ্রমমন্ত্রী এখানে নাই—যদিও তাঁর এখানে থাকা উচিত ছিল। তিনি নাই এটা জঘন্য অপরাধ। (এ ভয়েসঃ আমরা রয়েছি!) আপনাদের দিয়ে তা ভবের টাট সাজান হয়েছে।

সেই ১০ ধারায় পরিষ্কার করে একথা উল্লেখ রয়েছে যে, ট্রাইব্যুনালের ইস্যু ঠিক করেন কারা? না, আমাদের শ্রম-দপ্তর।

[4-10—4-20 p.m.]

আমরা দেখেছি শতকরা ৯৯টা কেসে যে শ্রমিকরা হারে তার একমাত্র কারণ হচ্ছে যে, যে ইস্যুগুলি তৈরি করা হয় সে ইস্যুগুলি ঠিক মালিকের সন্তোষের জন্য, মালিকের দিকে তাকিয়ে সে ইস্যু করা হয়; এবং তারই ফলে শ্রমিকেরা হেরে যায়। (শ্রীকালী মুখার্জিঃ অত হারে না।) হাঁ হারে, দেখেন না আপনারা ভাল করে।

১১নং ধারায় আছে—কনসিলিয়েশনের কথা। ওঁরা এই যে একটা দপ্তর করে রেখেছেন শ্রমিক-দপ্তর সেটা হচ্ছে—একটা ভবের টাট। কিছু ক্ষমতা নাই, তারা কেবল অপরের মুখের দিকে তাকিয়ে আছে। আইনগত কোন অধিকার তাদের দেওয়া হয় নাই, এমন কি যা তারা নিজেরা ন্যায় বলে মনে করে সেটার জন্যও তারা তাদের মত জাহির করতে পারে না। বিহারে কিম্বা ইউ-পিতে কেন্দ্রীয় গভর্নমেন্টের ক্ষমতা দেওয়া ছাড়াও প্রাদেশিক গভর্নমেন্ট কমিশনারের হাতে দিয়ে রেখেছেন, যার ফলে শ্রমিকের কিছু কিছু কল্যাণ অন্ততঃ ইচ্ছা করলে তাঁরা করতে পারেন, কিন্তু দুর্ভাগ্যের বিষয় সবচেয়ে বৃহৎ শ্রমিক অঞ্চল যে বাংলাদেশ—এখানে শ্রমিক দপ্তর দয়া করে সেটুকু করবার মতন ইচ্ছা প্রকাশ করেন না। যার ফলে এটা একটা পোস্টাফিসের পিয়ন ছাড়া আর কিছুই নয় [হাস্য] তাদের কাজ—পিয়নগিরি করা।

১২নং ধারার ৬নং উপধারায় বলা রয়েছে—১৪ দিনের মধ্যে ট্রাইব্যুনাল শেষ করতে হবে। আমি শ্রমমন্ত্রীকে জিজ্ঞাসা করি—তিনি হিসেব দিয়ে যান, এই সভার সমক্ষে—আজ পর্যন্ত,

তাঁর থাকাকালীন কয়টা কেস ১৪ দিনের মধ্যে ট্রাইব্যুনালে দিয়েছেন। ১৪ দিন—১৪ মাস, আরও কতদিন কেটে যায়—ট্রাইব্যুনালে পাঠাবার পক্ষে নানারকম অসুবিধার সৃষ্টি হয়।

তারপর ১৫নং ধারায় আছে যে, ট্রাইব্যুনাল তাড়াতাড়ি শেষ করবেন, এটাও তিনি বলে যান এই সভার সমক্ষে কটা কেস তাড়াতাড়ি হয়েছে? তিনি হিসেবের বেলায় ত বলে গেলেন—৫ হাজার ট্রাইব্যুনাল করা হয়েছে, ৭ হাজার ট্রাইব্যুনাল করা হয়েছে, দয়া করে হিসেবটা দেখিয়ে দিন ট্রাইব্যুনাল শেষ করতে কতদিন সময় লাগে—মায় এ্যাপেলেট ট্রাইব্যুনাল এবং কিভাবে শ্রমিকেরা এই ট্রাইব্যুনালের আওতায় পড়ে নির্যাতিত হয়ে যায়। আশা করি, সে তথ্যটুকু দয়া করে তিনি আমাদের কাছে রেখে যাবেন, যাতে করে সত্যিকারের অসুবিধাটা সকলেই জানতে পারে। একদিকে দেখানো হচ্ছে, শ্রমিকদের বাসস্থানের ব্যবস্থা হচ্ছে, তাদের মাইনে বাড়াবার ব্যবস্থা হচ্ছে, তাদের জন্য স্টেট ইনসিওরেন্সের ব্যবস্থা হচ্ছে—অতএব তারা স্বর্গ-রাজ্যের দরজায় এসে গেছে! কিন্তু শ্রমিকদের কি দেখানো হচ্ছে, কত লোক ছাঁটাই হচ্ছে, তা ছাড়া বিভিন্ন কল-কারখানায় কত পার্সেন্ট ছাঁটাই হচ্ছে? তা দেখানো হচ্ছে না। মালিকেরা দিনের পর দিন কত পার্সেন্ট মুনাফা লুটছে—এই দুটোর চেহারা যদি সামনাসামনি রেখে বিচার করা হয়, তা হ'লে সত্যিকারের যেটা আসল সমস্যা সেটা মানুষ বিচার করতে পারবে। নইলে কেবল একদিকে ঢাক পিটিয়ে বলা হল যে, শ্রমিকরা রোজগার করছে, তাতে আসল সমস্যা বোঝা যাবে না। তাঁরা যে বলেছেন যে, শ্রমিকরা রোজগার করছে, আমি জিজ্ঞাসা করি—হাওড়ায় এবং ২৪-পরগনায় নদীর ধারে যেসমস্ত চটশিল্প আছে, সেখানে যেসমস্ত শ্রমিকরা রয়েছে তাদের জন্য কি ব্যবস্থা করা হয়েছে? স্টেট ইনসিওরেন্সের কথা তাঁরা বলে গেছেন, সে বিষয়ে আমি তাঁদের কাছে প্রথম থেকে বলবার চেষ্টা করেছি আগে মজুরদের কিছু মাইনে বাড়িয়ে দেওয়া হোক, তারপরে তাদের সেই বাড়তি মাইনে থেকে কিছু কেটে ইনসিওরেন্সে নেবার ব্যবস্থা হোক। আগে যে ব্যবস্থা ছিল, যেটুকু সুব্যবস্থা ছিল তা থেকে কিছু একটা জিনিস ভুল বোঝাবার ব্যবস্থা করায় বঙ্কিমবাবু বলে গিয়েছেন স্টেট ইনসিওরেন্সকে সাপোর্ট করতে গিয়ে মজুরেরা কোথায় গিয়ে পৌছেচে? স্টেট ইনসিওরেন্সের হাওড়ার যেসমস্ত অঞ্চলের মজুরেরা বিরোধিতা করেছিল তাদের জন্য নানা ব্যবস্থা অবলম্বন করা হয়েছিল, মায় ইস্টার্ন রাইফেল পর্যন্ত আনা হয়েছিল। সেটা হয়েছিল এইজন্য যে, ম্যানেজারের তরফের বন্ধুদের বেশ গায়ে লাগে! ইংরেজ মালিক, অবাঙালী পুঁজিপতিদের খেলা তারা বুঝতে পারে নি, বুঝতে পারে নি যে তাদের মাইনে কাটা যাবে। সেইজন্য ঘেরাও করেছিল। আমি জিজ্ঞাসা করি, স্টেট ইনসিওরেন্স চালু করবার আগে ঐ যে তাঁদের অকেজো ডিপার্টমেন্ট পাবলিসিটি, আর ঐ যে লেবার ডিরেক্টরেট রয়েছে তারা কি প্রচেষ্টা করেছিল মজুরদের কি বুঝিয়েছিল যে, এই এই ব্যবস্থা করা হয়েছে? তা না করে করা হল কি না আচমকা চাপিয়ে দেওয়া হল স্টেট ইন্সিওরেন্স তাদের ঘাড়ে। তাদের তরফের বন্ধুরা গেলেন, গিয়ে মিল চালাবার উপদেশ দিলেন। আমি মন্ত্রীমহাশয়ের কাছ থেকে প্রতিশ্রুতি পেয়েছিলাম যে, একমাত্র ক্রিমিন্যালি প্রসিকিউটেড ছাড়া আর কাউকে ছাঁটাই করা হবে না। এখান থেকে যাঁরা শ্রমিক দরদী গিয়েছিলেন আজ আর তাঁদের পাত্তা নাই। গেলে পিঠের চামড়া উঠিয়ে নেবে। তারপর তাঁরা মালিকের সংগে দেখা করে কি ব্যবস্থা করেছিলেন তার পরই মিল চালু করবার ব্যবস্থা করে এলেন!! আজকে মন্ত্রীমহাশয় জবাব দিয়ে যাবেন কত লোককে সেখানে ছাঁটাই করা হয়েছে, কত লোককে বিনা কারণে শাস্তিমূলক ব্যবস্থার মধ্যে ফেলেছেন। কত লোককেই বা মিছিমিছি হয়রান করবার জন্য তাদের বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করেছেন। কার ডাকে পুলিশ এবং মালিকদের দালাল সেখানে গিয়ে সেদিন বড় বড কথা বলে এসেছে? সেইটে অনুধাবন করে সত্যিকারের মজুরদের যাতে হয়রানি না হয়, যাতে তাদের কাজের অসুবিধা না হয় সেই প্রতিশ্রুতি যে দিয়েছিলেন মন্ত্রীমহাশয়, দয়া করে সেই প্রতিশ্রুতি রাখবার যেন চেষ্টা করেন। সুতাকর্মীদের কথা রাখতে গিয়ে ১৯৪৭ সালে একটা এ্যাওয়ার্ড দিয়েছিলেন। আজ আবার বার বার বলছি, তাঁদের নূতন করে এ্যাওয়ার্ড করা উচিত। তাদের ২০ টাকা মাইনে, ১৮৷০ আনা পর্যন্তও আছে বেসিক ওয়েজেস, আমাকে যদি জিজ্ঞাসা করেন মন্ত্রীমহাশয়, আমি বলে দিতে পারি কোথায় রয়েছে। গতবার যখন আমরা ক্যাটিগরিক্যালি ঘটনা দিয়েছিলাম, তখন বলেছিলেন—হাঁ, সুতাকর্মীদের জন্য নিশ্চয় ট্রাইব্যুনাল বসানো হবে, কিন্তু আজ পর্যন্ত তা বসানো হয় নাই। আমরা ত জানি না—আজকে যখন সুতাকলের

মালিকেরা কোটি কোটি টাকা মুনাফা লুটছে, তখন কেন, কি কারণে আজও পর্যন্ত সুতাকর্মী-দের জন্য সুতাকলের ট্রাইবুনাল বসানো হচ্ছে না? সেইজন্য আমরা পরিষ্কার বলতে বাধ্য হচ্ছি, সরকারের মালিক-ঘেঁষা নীতির দরুণ শ্রমিকদের এই অবস্থা হয়েছে।

স্পীকার মহাশয়, আজ শ্রমিকদের জীবনযাত্রার যা নাকি সত্যিকারের ছবি—তারা যদি গিয়ে দেখতে চান, আমি জানি না, তাঁরা সেখানে কোনদিন গিয়েছেন কিনা। সেসমস্ত বস্তিতে তাঁরা কেউ কেউ অবশ্য আগে যেতেন, মুড়ি খেতেন, চট পেতে বসে গল্প করতেন, কিন্তু আজকাল আর তাঁদের বিশেষ কারও যাবার প্রবৃত্তি হয় না—ঐসব নক্কারজনক জায়গায়।

[4-20—4-30 p.m.]

সেইজন্য আজকে সত্যিকারের শ্রমশিল্পের যদি ব্যবস্থা করতে হয় তাহলে দু'টি জিনিসের উপর পরিষ্কারভাবে লক্ষ্য রাখতে হবে। একটা জিনিস হচ্ছে এই মালিকদের একচেটিয়া পুঁজিবাদকে এবং পুঁজিবাদী মনোভাবকে যে-কোন রকমেই হোক দাবিয়ে রাখতে হবে। এবং সেই সঙ্গে সঙ্গে মালিক ও শ্রমিকদের মধ্যে সত্যিকারের সম্বন্ধ সৃষ্টি করবার জন্য মালিকদের মুনাফার একটা বিশেষ অংশ শ্রমিকদের জন্য নির্দিষ্ট করে দিতে হবে। একথা আমার কথা নয়, এই কথা তাঁদের বড় বড় নেতারাই মাঝে মাঝে ভুলক্রমে বক্তৃতা দেবার সময় বলে ফেলেন। অতএব যদি শ্রমশিল্পে শান্তি রাখতে হয়, আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনা সার্থক করে তুলতে হয় তাহলে সর্বাত্মকভাবে পুঁজিপতিদের একটা অংশ এই আওতায় নিয়ে আসতে হবে এবং তা হলে একমাত্র শ্রমিকদের বলতে পারা যাবে যে দেশের উন্নতির জন্য, দেশের বৃহত্তর কল্যাণের জন্য তোমরা স্বার্থত্যাগ কর। তা না হলে মালিকদের বেলায় স্বার্থত্যাগের কথা বলতে গেলেই যদি মন্ত্রীমহাশয়ের গায়ে লাগে, শ্রমিকরা মালিকদের দুয়ারের একটা কাচ ভাঙ্গলেই ইস্টার্ন রাইফেল্‌স নিয়ে যাবার দরকার হয় তাহলে মালিকদের কোটি কোটি টাকা মুনাফা লোটার জন্য সাহায্য করা হচ্ছে কিন্তু দিনের পর দিন শ্রমিকদের জীবনযাত্রার মান ভেঙ্গে চুরমার করে দেওয়া হচ্ছে, তাদের জন্য আপনারা কি করছেন? সেইজন্য আপনার কাছে পরিষ্কার করে আমার বক্তব্য রাখছি যে, শ্রমমন্ত্রী যে চিত্র দেখিয়েছেন সে চিত্র সঠিক চিত্র নয়। আজকে এই কথা পরিষ্কারভাবে আমাদের স্বীকার করে নিতে হবে যে, শ্রমশিল্পের সর্বাঙ্গীণ উন্নতির যদি প্রচেষ্টা হয় তাহলে আগে শ্রমিক কল্যাণের দিকে আমাদের মন্ত্রীমহাশয়কে এবং শ্রম-দপ্তরকে নজর দিতে হবে। সাথে সাথে শ্রমিকদের পেট ভরে খেতে দেবার জন্য, শ্রমিকদের জীবন ধরণের মান উন্নত করবার জন্য, তাদের ছেলেমেয়েদের মানুষ করবার জন্য, তাদের ভবিষ্যতে সুন্দর, সুস্থ, সবল করে গড়ে তুলবার জন্য, তাদের জীবনে প্রতিষ্ঠিত করবার জন্য যদি মন্ত্রীমহাশয় এবং তাঁর শ্রম-দপ্তর লক্ষ্য না রাখেন তাহলে আজকে এই কথাই দ্বিধাহীন ভাষায় আমাদের বলতে হবে যে, এই মন্ত্রী কিম্বা শ্রম দপ্তর শ্রমিকদের জন্য নয়, এটা পুঁজিবাদী মিল-মালিক এবং কারখানার মালিকদের স্বার্থ রক্ষা করার জন্য। আমরা আজকে এই কথাই জোর করে বলতে চাই যে, যদি আজকে শ্রমিকের জীবনযাত্রার মান উন্নত করার ব্যবস্থা না করা হয় তাহলে শ্রমিকরা আজ সুসংগঠিতভাবে তাদের নিজেদের জীবনে উন্নতি করবার জন্য তাদের নিজেদের হাতে নিজেদের ভবিষ্যৎ গড়ে তুলবার জন্য দায়িত্ব নিয়ে সংগ্রাম শুরু করবে এবং সেই সংগ্রাম নিশ্চয়ই সার্থক ও সফল হবে।

Dr. Maitreyee Bose: Mr. Speaker, Sir, I rise to support the demand for grant made by the Hon'ble Labour Minister. While supporting it I make bold to observe that in spite of our repeated requests to put this grant under a separate major head, this has not been considered possible. Moreover, no regular publication of any gazette giving details about labour has come into being. Such a gazette or journal is a prerequisite to all social surveys in the labour field. I pointedly draw the attention of the Hon'ble Minister in this direction.

I congratulate our Labour Minister about the establishment of the Employees' State Insurance in Calcutta and Howrah. Though still in its infancy, the beginning of good work is most welcome. I would have been happier if the Regional Board saw its way to establish hospitals of their

own instead of crowding the overcrowded city hospitals, thus depriving the general public of their rightful dues. I respectfully urge upon the Hon'ble Minister to fulfil this demand at an early date.

I draw his attention to the laudable effort of the Calcutta Dock Labour Board who has decided to build a hospital of their own for the present labour force of eleven thousand odd at a cost of approximately Rs. 5 lakhs for 69 beds. In spite of initial opposition employers' representatives are now willing partners to the scheme which is under way to implementation. Money is not lacking in the Employees' State Insurance Directorate. Therefore, no difficulty can arise in the building of a new hospital or hospitals in Calcutta and Howrah area.

Our friend Sj. Bankim Mukherji has criticised the Employees' State Insurance in a most unmerciful manner. He has also said that their representative, Dr. Ranendra Nath Sen, does not feel like participating in the State Insurance Committee any more. Nothing can be more deplorable because, true to the character of his party, there was a lucid moment when they supported the Employees' State Insurance Bill and Employees' State Insurance Organisation. But this lucid moment as usual has disappeared. They are again in their usual state of mind and therefore they even go so far as to say that they will dissociate themselves from such a scheme which has done so much good to such a great number of people. I hope that the lucid moment would come back again to Dr. Ranendra Nath Sen as a medical man and he would reconsider his decision.

I also congratulate our Labour Minister about the implementation of the award of bonus to plantation workers in the State of West Bengal—though I know that the amount of bonus that has been given to the workers is very inadequate because for one acre of land about ten maunds of tea is produced and for each maund of tea about a thousand rupees profit is made by the planters. Only Rs. 130 has been given to the workers as bonus in gardens over five hundred acres which is most inadequate but in spite of that bonus is a new thing in plantations and therefore I congratulate our Labour Minister for implementation of the same.

He has said about the difficulties of the Indian Tea Planters' Association, i.e., I.T.P.A. I hope that he will not relax his vigilance and he will not allow the Indian Planters to shirk their responsibility and not to give the bonus which is the workers' rightful due.

I also congratulate him for successfully averting the proposed three-anna cut in the minimum wages of the Plantation workers which specially the Indian Tea Planters' Association was trying to do. But with his usual vigilance our Labour Minister has been able to avert it and I congratulate him for the same.

You will excuse me if I become a little academic at this point. It has been the usual practice amongst speakers on this matter of labour to be abusive to one another. But I think time has come when we must also give a lead to people and also show our mind to the Government so that a new wage policy may be chalked out in the near future.

[4-30—4-40 p.m.]

Apart from unemployment the most serious consideration of the country today is a wage policy for industrial labour. Up till now wages have been determined almost arbitrarily depending on tradition. Analysis of wage claims made by different unions also shows that the cost of living or living index has been the guiding factor. Time has now come when a social foundation of wage policy must be considered. What I mean by social

foundation of wage policy will be illustrated by a case. A University Professors earns, say, Rs. 400 a month—and he is supposed to be just comfortably off. A skilled workman earns theoretically at the rate of Rs. 3-8 per day, Rs. 105 per month, if he works all 30 days. Therefore, I call it theoretical because nobody works for 30 days, and the workman is considered to be at the height of his possible earning capacity and thus very well off. If we accept the principle of rate for the job, then the Professor's and the skilled man's work must be analysed on the four accepted principles of job analysis: skill, say, at the rate of 35 per cent.; effort 15 per cent.; responsibility 30 per cent.; and working condition 20 per cent. These are again subdivided under various heads into which I do not want to go at this particular juncture. The final step is to convert these point values thus calculated into money values. In other words, after job analysis comes job evaluation, thus fixing the rate for the job. The class the man belongs to is then considered, and here slabs are introduced. Brain work is considered to carry more prestige than manual work. This is morally wrong. This differential must be brought down in calculating the new wage structure. New Pay Commission which even our friend Shri Bankim Mukherji wanted so badly is not going to help us by merely upgrading our present earnings and linknig it up with the cost of living index only and maintaining and perpetuating the existing differential. Wage fixation, be it by statutory regulations, quasi-judicial settlement by tribunals or collective bargaining, the three recognised methods up till now, has not considered in our country either the real rate for the job or the family budget enquiry based on social justice; or in other words all wage-fixing machineries follow the same pattern which is a reflection of the present-day social structure. Our legal measures which are in their turn a reflection of our social structure also follow suit. This wage policy must change, if we are to change our present-day society into a socialist one which all of us desire. This new wage policy must consider revision of wage and salary structure on a moral and ethical, and not on the traditional principle so that differentials in real earnings of different classes are narrowed as far as practicable. This narrowing should depend upon job analysis, job evaluation and job rating, as I have already stated, and family budget enquiry or simply the basic needs of a man and his family must be considered accepting the principle of brotherhood of man and not only of living index and tradition. When I say family budget enquiry, I mean that the family budget enquiry must not be on working class basis or on middle-class basis as such, as it is being done today. This outlook should be gradually changed because the working man's son needs an operation for appendicities as much as a middle-class man's son does. He also needs the education which is suitable for him, for his brain, as much as a middle-class man's son does. It depends on the brain, the capacity of the brain, and not on the social status. Therefore, the slab for dearness allowance that has been allowed up till now should be narrowed. I know that opposition will come not only from the monied classes but also from the workers themselves who believe in differentials.

The next question is unemployment. Unemployment can surely be tackled to a great extent if all industrial labour is given training in alternative trades which can stand them in good stead, in establishing cottage industries on co-operative basis for, say, cycle parts, padlocks, latches, zari, etc. Here, a change in the import policy will be needed to give protection to articles produced by the co-operatives.

I draw our Labour Minister's attention to these observations. I support the demand for grant placed by him.

Mr. Speaker:

ওঃ, আপনিও লেবরএর উপর বলবেন?

Sj. Rakhahari Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমাকে প্রথমেই দাঁড়িয়ে উত্তর দিতে হল আপনার প্রশ্নের, তার কারণ হচ্ছে আপনি মিঃ স্পীকার স্যার জিজ্ঞাসা করলেন, আমিও লেবর সম্বন্ধে কিছু বলব কিনা? হয়ত বলতাম না, তার কারণ, শহরে যাঁরা বাস করেন, তাঁরা ভালই জানেন, এই একটা ডিপার্টমেন্ট মিসলেনিয়াস বাই মিসলেনিয়াস, যার মধ্যে সমস্ত রকম জিনিস এই বাজেটে দেখান হচ্ছে। দুইটি গুরুত্বপূর্ণ বিভাগ—একটা হল শ্রমবিভাগ, যার উপর শিল্পোন্নতি নির্ভর করছে, তার সঙ্গে সঙ্গে আদিবাসী উপজাতি যারা অনগ্রসর সম্প্রদায়, যার জন্য ভারতীয় সংবিধানে স্পেশাল ইন্সট্রাকশন আছে সে বিষয়ও এর অন্তর্ভুক্ত করা হয়েছে। যদি এটা পৃথক করা হত তাহলে হয়ত বলবার কিছু আবশ্যকতা হত না। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এই যে, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় হয়ত এই আদিবাসী অনগ্রসর সম্প্রদায়ের সম্বন্ধে কিছুই বলবেন না কারণ, মাননীয় কালীপদবাবু হলেন লেবর মিনিস্টার। তবে আশা করব, সময় থাকলে তিনি যেন এবিষয়ে কিছু বলেন।

Mr. Speaker:

সময় থাকলে ট্রাইব্যাল মিনিস্টার এ বিষয়ে বলবেন।

Sj. Rakhahari Chatterjee:

আমি অতি সংক্ষেপেই বলব এবং আপনার সিগন্যাল মেনেই চলব।

প্রথম কথা হচ্ছে, সমাজ এবং রাষ্ট্রকে গঠন করতে হলে যারা শিক্ষায় এবং অর্থনৈতিক ক্ষেত্রে অনগ্রসর তাদের পূর্ণাঙ্গ করে অন্যান্য সমাজের প্রতিষ্ঠিত লোকের সমান করতে না পারলে এই রাষ্ট্রের কল্যাণ করা সুকঠিন হবে বলে আমরা মনে করি। এই কার্য যে শুধু রাষ্ট্রেরই কর্তব্য তা নয়, সমাজের কর্তব্য বলে মনে করি। প্রথম কথা হচ্ছে, আমাদের দেশে আদিবাসী ও অন্যান্য তপশীলভুক্ত শ্রেণীর জন্য শিক্ষায় অনগ্রসর সম্প্রদায়ের উন্নতির জন্য যে পরিকল্পনা সরকার করছেন তাদ্বারা অগ্রগতি যে হবে তা আমি মনে করি না। তারপর দেখতে পাচ্ছি আনটাচেবিলিটি দূরীকরণের জন্য, অস্পৃশ্যতা দূরীকরণের জন্য সরকারের একটা স্কীম আছে কিন্তু অস্পৃশ্যতা দূরীকরণ করতে গেলে গোটা কতক স্কুল কিংবা হোস্টেল স্থাপন করলেই হবে না। অস্পৃশ্যতা দূরীকরণ করতে গেলে সামাজিক ব্যবস্থায় এমন কিছু পরিবর্তন আনা দরকার যাতে সেটা হয় এবং তার জন্য যে প্রচারের প্রয়োজন সেটাও করতে হবে। অস্পৃশ্যতা সমাজকে বড় দুর্বল করে এবং অস্বাভাবিক ক্ষতির কারণ হয়েছে, প্রত্যেক চিন্তাশীল ব্যক্তিই তা স্বীকার করেন। এই কারণে সরকার যে টাকা খরচ করেন তাদ্বারা এমন প্রচারের উচিত ছিল যা দ্বারা বিভিন্ন রকম সামাজিক সম্পর্ক স্থাপনের দ্বারা নিম্ন ও উচ্চশ্রেণীর মধ্যে স্থায়ী সম্পর্ক স্থাপিত হয়, কিন্তু সরকারের প্রচেষ্টায় তা আজ পর্যন্ত হয় নি। শুধু রিমুভ্যাল অফ আনটাচেবিলিটি এ্যাক্ট ইত্যাদি পাশ করলেই কাজ হবে না। এটা করতে গেলে করবার জন্য যেরকম সামাজিক কর্মী ও সমাজসেবকের প্রয়োজন তা সরকারপক্ষ থেকে করা হয় নি এবং না হওয়া পর্যন্ত সুষ্ঠু কাজ হতে পারে না। এ বিষয়ে সরকার যদি দৃষ্টি দেন তাহলে দেশের সত্যকার কল্যাণ হবে।

দ্বিতীয় কথা হচ্ছে, স্কুল ইত্যাদি বাবদ তপশীলশ্রেণীর এবং উপজাতিদের জন্য কিছু টাকা বরাদ্দ করা হয় বটে, কিন্তু সেই টাকার ব্যয় সম্বন্ধে অত্যন্ত বিঘ্ন ঘটে। প্রথম আদিবাসী ও উপজাতি এবং তপশীলী শ্রেণীর ছেলেরা স্কুলে ভর্তি হলে বৃত্তি পাবে কিনা, আর্থিক সাহায্য পাবে কিনা, তার নিশ্চয়তা নাই। স্কুলে ভর্তি হলে পর ছেলেদের বই কেনবার দরকার, কিন্তু সেই টাকা ৬ মাস হয়ে গেলেও অনেক সময় স্যাংশন হয় না এবং হবে কিনা সন্দেহ থাকে। সেজন্য স্কুলে এই উপজাতি ও তপশীলীদের কত ছেলেমেয়ে পড়ছে তাদের স্ট্যাটিসটিকস যদি আগে থেকে নেওয়া হয় এবং সেই অনুযায়ী স্কীম তৈরি হয় এবং সেসমস্ত হিসাবনিকাশ করে

অন্ততঃ তিন মাস পূর্বে ব্যবস্থা করতে পারেন তাহলে ভাল হয়। এ বিষয়ে স্কুল কর্তৃপক্ষ এবং জলার স্কুল ইন্সপেক্টর্স আগে থেকেই যদি এ বিষয়টা স্থির করেন তাহলে নিশ্চয়ই তাদের কোন াধা হয় না।

[4-40—4-50 p.m.]

প্রত্যেক স্কুলের কর্তৃপক্ষ এবং জেলার যিনি স্কুল ইন্সপেক্টর তাঁর দ্বারা আগে যদি ঠিক হয়, তাহলে নিশ্চয়ই পড়তে হয় না। মাননীয় স্পীকার স্যার, আরও দুঃখের কথা হচ্ছে, এই তপশীল সম্প্রদায়ের মধ্যে বংগজযোগ, কুলীন, ইত্যাদি আছে, তারা নিজেরা নিজেদের মধ্যে এক হতে না পারলে জিনিসটা ব্যাহত হবে। বাঁকুড়া জেলার কথা বলি, সেখানে বাউড়ির সংখ্যা ১ লক্ষ ৬ হাজার, হাঁড়ীর সংখ্যাও কম নয়, মুচি এবং বর্গক্ষত্রীয় বিরাট অংশে আছে। তাদের জন্য বিভিন্ন কোন বরাদ্দের ব্যবস্থা নেই। আমি গত চার বছর ধরে বলে আসছি তপশীল বলতে গেলে তাদের মধ্যে মেধাবী এবং দরিদ্র ছাত্রদের জন্য কোন ব্যবস্থাই করেন নি। আমি তাঁকে জিজ্ঞাসা করি, বাঁকুড়া জেলায় একটাও হাঁড়ী কি বাউড়ির ছেলে কি সাহায্য পেয়েছে? কেবলমাত্র অনুন্নত সম্প্রদায়ের লোকেরা তারা কিছু কিছু সুবিধা পেয়ে থাকে। প্রত্যেক শ্রেণী যাতে পায় তার ব্যবস্থা করুন। শিক্ষার সংগে সংগে আর্থিক উন্নতি যদি না হয় তাহলে অস্পৃশ্যতা দূরীকরণ হবে না। দ্বিতীয় কথা হচ্ছে, যেসমস্ত লোক শিক্ষাপ্রাপ্ত হয়েছে এবং যাদের আর্থিক অবস্থা ভাল তাদের সংগে উচ্চশ্রেণীর কোন পার্থক্য নেই। কিন্তু যেখানে অভাব যেখানে অশিক্ষা সেখানে তারা সেই নীচেই পড়ে আছে। আমার বক্তব্য হচ্ছে, যাদের হয়ত বয়স বেশি হয়ে গেছে তাদের আর্থিক অবস্থার উন্নতির দিকে বেশি লক্ষ্য করুন। কারণ আমরা দেখেছি সাঁওতাল বা বর্গক্ষত্রিয় এবং সর্দারদের মধ্যে যাদের শরীর অত্যন্ত সবল তাদের আপনারা প্রোভাইড করতে পারেন, তাহলে তাদের আর্থিক উন্নতি হবে। তাদের পুলিশ কনস্টেবলএর মধ্যে, পাইওনিয়ার সোলজারএর মধ্যে গ্রহণ করতে পারেন, কিন্তু আমরা এতবড় ম্যানপাওয়ারকে ইউটিলাইজ করতে পাচ্ছি না, যার ফলে সমাজ বিভিন্নভাবে দুর্বল হয়ে পড়ছে। শুধু কতকগুলি মাঝে মাঝে মেলা করলেই হবে না, পূজাপার্বণের মধ্য দিয়ে, স্বভোজনের মধ্য দিয়ে একটা নৈকট্য সম্বন্ধ স্থাপন করতে হবে, তাহলে এতদিনের পুঞ্জীভূত পাপ দূরীভূত হবে। এবং এই বিষয়ে বহু লোক আপনারা পাবেন যারা সহযোগিতা করতে প্রস্তুত। এর পরে আমি খেজারীর সম্প্রদায়ের কথা বলব যাদের ক্রিমিন্যাল ট্রাইবস বলা হত। বাঁকুড়া জেলায় বহু সংখ্যায় আছে। যদিও ১৯৫০ সালে কনস্টিটিউশন হবার পর ক্রিমিন্যাল ট্রাইব্স বলে আর কেউ নেই। এরা হচ্ছে ওয়ান্ডারিং গ্যাং যাদের পেশা হচ্ছে ডাকাতি, খুন। বাঁকুড়ায় অম্বিকানগর বলে একটা জায়গা আছে সেখানে এরা বহুকাল ধরে বাস করছে। সেখানে একটা কলোনি তৈরি করা দরকার।

তারপর আমি শ্রমিক সম্বন্ধে ২।১টি কথা বলব। কলকাতা এবং হাওড়া ইন্ডাস্ট্রিয়াল এরিয়া—সেখানকার শ্রমিকরাও সংঘবদ্ধ এবং এখানে বহু নেতৃস্থানীয় লোক আছেন যাঁরা তাঁদের দাবীদাওয়া সম্পর্কে ফাইট করছেন; কিন্তু মফঃস্বলের কারখানার কি অবস্থা। সেখানে কোন ট্রেড ইউনিয়ন নেই, সেখানে সম্পূর্ণ মালিকদের দয়ার উপর নির্ভর করতে হয় এবং যদিও ২।১টা ইউনিয়ন রেজিস্ট্রি হয়েছে, তবুও তারা রাইটার্স বিল্ডিংসএ এসে ফাইট করতে পারে না। এখানে আমি একটা কথা বলব যে, বাঁকুড়াতে একটা বড় তেলকল আছে তার নাম লালজী রাজ অয়েল মিল। সেখানে একজন কর্মীকে বিনা কারণে ছাঁটাই করে দেওয়া হল। তিনি লেবার অফিসারের কাছে দরখাস্ত করলেন, লেবার অফিসার বহুদিন পরে এসে মালিকদের বলে গেলেন যে, ওকে একটা কাজ দিয়ে দাও। তাকে রিএমপ্লয়েড করল কিন্তু অন্য পোস্টএ দেওয়া হল। তারপর কিছুদিন বাদে তাকে আবার কাজ থেকে ছাড়িয়ে দেওয়া হল। তারপর সে আবার বহু দরখাস্ত করল, কিন্তু লেবার ডিপার্টমেন্ট থেকে বলা হল তাদের আর কোন উপায় নেই। এখানে আমি বলতে চাই, এতে কারও কল্যাণ হবে না। ১৯৫২ সাল থেকে আমি বলে আসছি যে, মালিকের সংগে শ্রমিকদের যদি সংঘর্ষ হয়, তাহলে কিছুতেই সমাজের উন্নতি হতে পারে না। এবং সর্বপ্রথম শ্রমিকদের কল্যাণ করা দরকার। প্রত্যেক ইন্ডাস্ট্রিতে শ্রমিকদের যদি একটা পার্টনার করে নেওয়া হয় তাহলে এইসব থাকবে না, সত্যকারের সমাজের

উন্নতি হবে,
they should be treated as partner of the industry
এই হচ্ছে আমার বক্তব্য।

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহাশয়, আমি গভীর দুঃখের সহিত এই ডিপার্টমেন্টের নামকরণের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করিতেছি। আমরা বার বার অনুরোধ করেছি যে, এই দপ্তরের নাম মিসলেনিয়াস ডিপার্টমেন্ট রাখা উচিত নয়। আর যদি রাখেন তা হ'লে এই দপ্তরের মন্ত্রীর নাম পাঁচমিশাল মন্ত্রী বলে রাখা হোক। আমাদের সরকার মুখে সমাজতান্ত্রিক রাষ্ট্র গঠনের কথা ঘোষণা করেন কিন্তু আসলে পুঁজিবাদী স্বার্থে সরকারের শ্রমনীতি পরিচালিত হচ্ছে। এবং বৃটিশ সরকার যেমন একদিন সমাজে কৃষকদের ও শ্রমিকদের গুরুত্বপূর্ণ ভূমিকা উপেক্ষা করে পুঁজিবাদীদের স্বার্থ রক্ষায় শক্তি নিয়োগ করতেন, তেমনি কংগ্রেস সরকারও তাঁদের নীতি অনুসরণ করে চলছেন এবং যারা আসলে সম্পদ সৃষ্টি করছে, তারাই প্রত্যহ লাঞ্ছিত ও শোষিত হচ্ছে। আজকে সমাজতান্ত্রিক রাষ্ট্র কর্ণধাররা শ্রমিকদের গুরুত্ব নষ্ট করবার জন্য চেষ্টা করছেন, এটাই হচ্ছে সবচেয়ে দুঃখের বিষয়। আমি মনে করি যে, সমাজতান্ত্রিক রাষ্ট্র গঠন করা তাদের নীতি নয়, তাদের নীতি হচ্ছে শ্রমিকদের বিরুদ্ধে মালিকদের তোষণ। প্রতিদিন ছাঁটাই চলছে, লক-আউট চলছে। কিন্তু সরকার নীরব। মালিকরা কোটি কোটি টাকা মুনাফা করছে, বোনাসের আন্দোলন, শ্রমিক আন্দোলন যদি হয়, তাহলে সেখানে মালিকদের গায়ে হাত দেবার সাহস এই মন্ত্রীর নেই। পশ্চিমবাংলার শতকরা ৮০ ভাগ সম্পদ কারখানার শ্রমিকরাই উৎপাদন করছে, কিন্তু দুঃখের বিষয় শতকরা ৮০ ভাগ কারখানার শ্রমিকরা বেতন পায় না জীবনধারণের উপযোগী—মিনিমাম ওয়েজ পায় না, ফেয়ার ওয়েজ পাওয়া তো দূরের কথা। কিন্তু এঁরা কথায় কথায় বলেন, বিদেশীরা যেমন ক্রুশ্চেভ, টিটো, এঁরা কিরকম প্রশংসা তাঁদের দিয়েছেন সেটাই প্রচার করেন। কিন্তু আমি তাঁদের জানাতে চাই কিছুদিন পূর্বে আন্তর্জাতিক শ্রমিক সংস্থা আই, এল, ও,-এর এক্সপার্টগণ বাঙ্গালোরে এসেছিলেন, তাঁরা ভারতের শ্রমিকগণের অবস্থা পরীক্ষা করে এই অভিমত পোষণ করেছিলেন যে, ভারতের শ্রমিকদের যদি বেতন ও সুযোগ-সুবিধা বাড়িয়ে দেওয়া হয়, তাহলে বর্তমানে যা যন্ত্রপাতি আছে তার দ্বারাই উৎপাদন ৩ গুণ বৃদ্ধি করা সম্ভব।

[4-50—5 p.m.]

কাজেই বিদেশীর কথা যদি বিশ্বাস করেন, তাহলে আমি অনুরোধ করব, এখানে যেসমস্ত শ্রমিকরা খেতে পাচ্ছে না, পরতে পাচ্ছে না, যাদের বাসস্থানের ব্যবস্থা হচ্ছে না, যারা বোনাসএর জন্য দিনের পর দিন লড়াই করে আসছে, তাদের জন্য এইসমস্তের ব্যবস্থা করা একান্ত আবশ্যক।

আমি মনে করি, যে উৎপাদন বর্তমানে হচ্ছে এবং যেটা গভর্নমেন্ট নিজে স্বীকার করেছেন এই উৎপাদন আরও তিন গুণ বেড়ে যেতে পারে ; এটা আমার কথা নয়, এটা বিদেশী এক্সপার্টএর কথা। ১৯৪৮ সালে যে মেজর ট্রাইব্যুনাল হয়েছিল তাতে পাট শ্রমিকদের ৭১৷৷০ টাকা ন্যূনতম বেতন ধার্য হয়েছিল। তারপর আজ প্রায় ৮ বছর হতে চলল, সরকার তাদের জন্য আর বেশি কিছুই করলেন না। অথচ আমরা দেখতে পাচ্ছি এর দ্বারা ডলার আর্নিং বেশী হয়। প্রায় তিন লক্ষ শ্রমিক তার মধ্যে অংশ গ্রহণ করে রয়েছে, কিন্তু তাদের প্রতি সরকারের কোন লক্ষ্য নাই। আমি এই ডিপার্টমেন্ট সম্বন্ধে কয়েকটি অভিযোগ উত্থাপন করছি। যারা ১০।১২ বছর ধরে টেম্পোরারি কাজ করে আসছে, তাদের কাউকে পার্মানেন্ট করা হয় না। যাদের এ্যাপ্রেন্টিস হিসাবে রাখা হয়েছে, তাদের স্থায়ীভাবে চাকরীতে নিযুক্ত করা হয় না। যারা কোটি কোটি টাকা কোম্পানির আয় করে দিচ্ছে, তাদের প্রতি সরকারের কোন নজর নাই, তাদের জন্য সরকার কোন কিছু ব্যবস্থাই করছেন না, কারণ তাদের গায়ে হাত দিতে গেলে, ডালমিয়া টাটা প্রভৃতি বড় বড় মিল মালিক ও বিদেশী ইংরাজ পুঁজিবাদীদের গায়ে হাত পড়বে ; তাই তাঁরা তা করছেন না। ইঞ্জিনীয়ারিং, টেক্সটাইল প্রভৃতি অন্যান্য বড় বড় শিল্পে নিযুক্ত শ্রমিকরা আজ পর্যন্ত একটা লিভিং ওয়েজেস আদায় করতে পারে নি। ইঞ্জিনীয়ারিং শিল্পে

নিযুক্ত শ্রমিকরা সর্বমোট ৬১ টাকার বেশী পায় না। এটা তাদের জীবনধারণের পক্ষে সম্পূর্ণ অনুপযোগী। এদের পরিশ্রমের দ্বারা বড় বড় শিল্পের সম্পদ বাড়ছে অথচ শ্রমিকদের বেতন, মাগ্‌গি ভাতা বাড়ছে না।

তারপর চা শিল্পের শ্রমিকরা দৈনিক মাত্র ১৷৵০ পেয়ে থাকে ; তার বেশী তারা পায় না ; অথচ বানারহাট চা বাগানের মালিক, একশ বছর ধরে, তাঁরা যথেষ্ট লুটেছেন, তাঁদের অংশীদারগণকে ১৯৫২ সালে ৩৫ পার্সেন্ট এবং ১৯৫৩ সালে ৪৫ পার্সেন্ট ডিভিডেন্ড দিয়েছেন। সরকার তাদের গায়ে হাত দিতে পারছেন না, তাঁরা মনে করছেন এই ১৷৵০ই যথেষ্ট। কিন্তু আমি মনে করি, এইসমস্ত বড় বড় শিল্পপতিদের গায়ে হাত দেওয়া দরকার ; কারণ দেশের শ্রমিক যদি না বাঁচে তাহলে উৎপাদন বাড়বে না, এবং তার ফলে সরকারের আয়ও বাড়তে পারে না। তারপর আর একটা বিষয়ের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করব। কয়েকদিন আগে দেখলাম ইন্ডিয়া গভর্নমেন্ট পরিকল্পনা করেছেন যে, বোনাস শেয়ারএর উপর ট্যাক্স ধার্য করবেন না। কিন্তু আমি এখানে স্মরণ করিয়ে দিতে চাই যে, একশ বছর ধরে যেসমস্ত ইঞ্জিনীয়ারিং কোম্পানি, জুট মিল, টেক্সটাইল মিল ও টেক্সটাইল ইঞ্জিনীয়ারিং, কয়লা কিম্বা চা শিল্পের যেসমস্ত কোম্পানি রয়েছে, এইসমস্ত শিল্পের মালিকদের বোনাস শেয়ার দ্বারা কোটি কোটি টাকা মূলধন বেড়ে গিয়েছে ; এবং অংশীদারগণকে বোনাস শেয়ারের নামে প্রকৃত শেয়ার অপেক্ষা বহুগুণ বেশি লভ্যাংশ দিয়ে আসছেন। সুতরাং এখন যদি এইসমস্ত কারখানাগুলিকে দখল করে নেওয়া যায় তাহলে তাদের আর কিছু বলবার বা কোন দাবীদাওয়া থাকতে পারে না। কাজেই আমি বলব—সরকার আজ যে কোটি কোটি টাকা ঋণ করে বসে আছেন, সেই ঋণ শোধ করবার এই হচ্ছে একটা উপায়, অর্থাৎ যারা কোটি কোটি টাকা বোনাস শেয়ার হিসাবে লুটেছে, তাদের কলকারখানাগুলি এখনই দখল করে নিন ; এবং তা করতে পারলে বহু লোকের কাজ হতে পারে ও যথেষ্ট টাকাও পাওয়া যেতে পারে। তা ছাড়া এই বোনাস সম্পর্কে জাস্টিস তারাচাঁদ ট্রাব্যুনালকে সমর্থন করে গিয়েছেন। কাজেই আমি মনে করি শ্রমিকদের এই তিন মাসের বোনাসের যে দাবী সেটা বিবেচনা করা উচিত। কোন্ জায়গায় তাঁরা বোনাস দিতে পারেন, সেটা ডিফেন্ড করবেন ; আবার ওদিকে তারা লোকসান দিচ্ছে, তাদের লাভ নাই ; সুতরাং কোথা থেকে তারা বোনাস দেবে একথাও বলবেন।

গত বাজেটের সময় আমি বলেছিলাম, আবার এখন আমি বলব—আপনি বিবেচনা করুন—যেখানে সত্যি-সত্যি রিজার্ভ ফান্ডএ কোটি কোটি টাকা জমা আছে, অথচ যেখানে দেখা যাচ্ছে শ্রমিকরা অর্থাভাবে বাঁচতে পারছে না, সেখানে তাদের ঐ টাকা, বোনাস প্রভৃতি দিয়ে বাঁচাবার ব্যবস্থা করুন। তারপর হয়ত তাঁরা বলবেন শ্রমিকদের ভালর জন্য অনেক পরিকল্পনা করেছেন যেমন

Trade Disputes Act, Minimum Wages Act, Payment of Wages Act, Shops and Establishments Act

ইত্যাদি। আমি বলি আপনারা এই যে ট্রেড ডিসপিউটস এ্যাক্ট প্রভৃতি বিভিন্ন এ্যাক্ট করেছেন, এর দ্বারা জনসাধারণের বিশেষ কোন উপকার হচ্ছে না, বরং উলটে তাদের জ্বালাতন করছেন। এক-একটা কেস শেষ করতে ২।৩ বছর সময় লেগে যায়। অন্যান্য জায়গায় অযথা টাকা অপব্যয় করছেন, অথচ দু-একজন জজের সংখ্যা বাড়াতে কৃপণতা করছেন। আমি বার বার বলি শ্রমিকদের টাকা নাই, সুতরাং তখনই তারা বাধ্য হয়ে মামলা করতে কোর্টে যায়, যখন সে কোন কেসএর মধ্যে পড়ে। সেইজন্য আমি বলছি বিশেষ করে শ্রমবিরোধী আইনের ১৪নং, ২০নং ও ৩৩নং ধারাগুলি শ্রমিক স্বার্থের উপযোগী করে সংশোধন করা উচিত। ১৪নং ধারায় বলা হয়েছে যে, ১৪ দিনের মধ্যে কনসিলিয়েশন প্রসিডিংস শেষ করতে হবে, কিন্তু দেখা গিয়েছে ১৪ সপ্তাহ, এমন কি আরও অধিক সময় লেগে যায়। এটা খুব অন্যায় ; সুতরাং এই ধারাটা পরিবর্তন করা দরকার। তারপর ২০নং ধারায় আছে সার্ভিসএর ব্যাপার। এখানে বলা হচ্ছে যে, কনসিলিয়েশন প্রোসিডিংস শেষ হলেও, তার ৭ দিনের মধ্যে স্ট্রাইক করা চলবে না এবং তা করলে সেটা বেআইনী হবে। কিন্তু যেখানে কনসিলিয়েশন প্রোসিডিংস শেষ হতে মাসের পর মাস কেটে যায়, যেখানে শ্রমিকদের বাধ্য হতে হয়, তাদের ন্যায়সঙ্গত দাবী আদায়ের

জন্য স্ট্রাইক করতে; কারণ এর জন্য তারা অনির্দিষ্ট কাল ধরে বসে থাকতে পারে না এবং তাদের দাবী আদায়ের পক্ষে স্ট্রাইক হচ্ছে তাদের ন্যায়সংগত শেষ অস্ত্র। কাজেই এই ধারাটির পরিবর্তন হওয়া উচিত।

তারপর ৩৩নং ধারায় বলা হচ্ছে যে, কনসিলিয়েশন প্রোসিডিংস বা ট্রাইব্যুনাল চলাকালীন চাকরীর সর্তাবলী শ্রমিকের স্বার্থের বিরুদ্ধে পরিবর্তন বা শ্রমিককে জবাব দেওয়া, বরখাস্ত করা বা কোন শাস্তি দেওয়া চলবে না, তাদের বেতন ঠিকভাবে দিতে হবে। কিন্তু তা করা হয় না; মালিকরা আইনকে, এমন কি সরকারকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে কাজ করে যায়—তারা শ্রমিকদের ছাঁটাই করে, সাসপেন্ড করে রেখে দেয়। তারপর তাদের একেবারে বিদায় করে দেয়। এইসমস্ত ধারাগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ, এগুলি পরিবর্তন করা দরকার।

তারপর মিনিমাম ওয়েজেস এ্যাক্ট তৈরি হয়েছে বটে, কিন্তু কোথাও এখনও চালু করা হয় নি। পশ্চিম বাংলায় কারখানা শ্রমিক ছাড়াও লক্ষ লক্ষ শ্রমিক রয়েছে; বড়বাজারে যান সেখানেও দেখবেন হাজার হাজার শ্রমিক রয়েছে; কিন্তু এই মিনিমাম ওয়েজেস এ্যাক্ট অনুসারে তাদের বেতন বৃদ্ধি করতে পারেন নি। অর্থাৎ এই এ্যাক্ট কাজে লাগে নি। অতএব এটা যদি কাজে না লাগে তাহলে এই আইন করায় লাভ কি? এই আইনের সুযোগ হতে শ্রমিকরা বঞ্চিত হচ্ছে। সুতরাং অবিলম্বে সর্বত্র কমিটি গঠন করে সর্বশ্রেণীর শ্রমিকগণকে এই আইনের সুযোগ দেওয়া উচিত। তা ছাড়া এই মিনিমাম পেমেন্ট অফ ওয়েজেস এ্যাক্ট অনুসারে সমস্ত মামলা বিচার করবার জন্য সমগ্র পশ্চিম বাংলায় একজন মাত্র অথরিটি বা জজ নিযুক্ত আছেন। সুতরাং একজন জজের পক্ষে বৎসরে ৫।৭ শত মামলা বিচার করা কল্পনাতীত। যদি অবাস্তব অসম্ভব জিনিসকে সামনে রাখতে না চান, যদি জনসাধারণকে ধোঁকা দেবার ইচ্ছা না থাকে, যদি সত্যই শ্রমিকদের স্বার্থ রক্ষা করতে চান, তাহ'লে এই মিনিমাম পেমেন্ট অফ ওয়েজেস এ্যাক্ট অনুসারে যেসমস্ত কেসের বিচার করতে হবে, তার জন্য আরও জজের সংখ্যা বাড়ান দরকার। তারপর শপ এস্টাবলিসমেন্ট এ্যাক্ট, এটা একটা অকেজো আইন। অর্থাৎ এই আইন সর্বত্র প্রযুক্ত হলেও দোকান কর্মচারীরা অধিকাংশ ক্ষেত্রে দেড়দিনের ছুটি পায় না। দোকান সবদিনই খোলা থাকে। যাঁরা ইচ্ছা করে দোকান বন্ধ করেন না, তাঁদের ধরা হয় না; আপনারা এমনই সব কর্তব্যপরায়ণ কর্মচারী রেখেছেন যে, তাদের কথা আর বলা যায় না। গতবার এ সম্পর্কে আমি বহু উদাহরণ দিয়েছিলাম, কিন্তু তার কোন ফল হয় নি। আমি বেশিদূর যাব না; বড়বাজার এলাকায় বিভিন্ন ব্যবসায় প্রতিষ্ঠানের কর্মচারিগণ তাঁদের বহুবিধ অভাব-অভিযোগ সম্পর্কে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছে এবং গত বৎসর বিধানসভা মারফৎও ঐ সম্পর্কে বহু অভিযোগ উত্থাপন করা হয়েছে। কিন্তু আজ পর্যন্ত তার কোন প্রতিকার করা হয় নি। যদি মন্ত্রীমহাশয় গোপনে এই সমস্ত বিজনেস এরিয়াতে ছুটির দিন গিয়ে দেখে আসেন, যে সেখানে সারাদিন দোকান খোলা আছে কিনা? এটা ত' সত্যিকারের কাজ, মানুষ সেখানে কি অবস্থায় আছে তা জানবার যদি ইচ্ছা থাকে তাহলে নিশ্চয়ই তিনি সেখানে গিয়ে দেখে আসবেন। মিঃ স্পীকার, স্যার, আপনি নাম করতে বারণ করেছেন; কিন্তু কয়েকটা নাম না বলে উপায় নেই। শপ ডিপার্টমেন্টের মিঃ নীলকান্ত চ্যাটার্জি ও মিঃ দত্তের অভিযোগ যে, বড়বাজারের প্রায় সমস্ত এলাকার দোকান ১০।১২ ঘণ্টা খোলা থাকে। আইন অনুসারে পে রেজিস্টার, এ্যাটেন্ডেন্টস রেজিস্টার বা নোটিশ বোর্ডে ছুটির দিনের নোটিশ লাগান থাকে না। এইরকম একটা গুরুতর অভিযোগ শোনা যাচ্ছে যে, উক্ত বড়বাজার এলাকার যে সরকারী ইন্সপেক্টার রয়েছেন, তার সঙ্গে নাকি মালিকদের একটা টাকার ব্যবস্থা রয়েছে। সেইহেতু সেখানে ছুটির দিন দোকান খোলা থাকলেও, সেই সমস্ত দোকানের মালিকদের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করেন না। এই রকম শত শত কেস আছে। বিভিন্ন সংস্থার পক্ষ হ'তে বহু কেস, অর্থাৎ যেসকল দোকান খোলা থাকে তার নামের তালিকা শ্রম দপ্তরকে জানান হয়েছে। কিন্তু এ পর্যন্ত সে সম্বন্ধে কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি।

যেসমস্ত মালিক আইন ভঙ্গ করছে তাদের মধ্যে আমি কয়েকটির নাম উল্লেখ করে মন্ত্রী-মহাশয়কে জানাতে চাই। এইগুলির নাম ইতিপূর্বেই জমাদার সঙ্ঘের পক্ষ হতে শ্রম দপ্তরকে দেওয়া হয়েছে। যেমন, (১) পুরুষোত্তম লাল রোসনলাল, (২) শালগ্রাম মন্নিলাল, (৩)

ারায়ণদাস হরিদা, (৪) সীতারাম পান্নালাল, (৫) গণেশ স্টোর্স এ্যান্ড অল ভেরিয়াস শপ, ৬) রামদাস খান্না, (৭) হংসরাজ খান্না ইত্যাদি।

তারপর শপ এস্টাবলিশমেন্ট এ্যাক্ট সম্বন্ধে আমি আর একটু দৃষ্টি আকর্ষণ করতে চাই। াটারও একটু পরিবর্তন হওয়া দরকার। অর্থাৎ একটা অঞ্চল ধরে বন্ধ রাখা উচিত, এবং যে ঞ্চলে বন্ধ হবে, সেখানে সমস্ত দোকান, ঐ একদিনেই বন্ধ থাকবে ; তা না হ'লে যদি কিছু দিন বন্ধ থাকে, আবার অন্য এক দিনে কিছু বন্ধ থাকে, তাতে জনসাধারণের অনেক অসুবিধা য়। কারণ এও দেখা যায় যে, হয়ত একই এলাকার কতগুলি দোকান তার ছেলের ামে লাইসেন্স দেওয়া আছে, আবার কতগুলি দোকান তার বাপের নামে আছে ; সেইজন্য ামার মতে এখানে একটা নামে লাইসেন্স দেওয়া দরকার ; এবং একটা অঞ্চলে সমস্ত দোকান াতে বন্ধ থাকে তার ব্যবস্থা করতে হবে। তারপর দেখা যাচ্ছে যে, কোন মালিক যদি টাকা া দেয়, তা হলে ঐ মালিকের কাছ থেকে সেই টাকা আদায় করতে পারেন না, বড় জোর তাকে রিমানা করতে পারেন। কাজেই এটাকে সংশোধন করে এখানে পেমেন্ট অফ ওয়েজেস এ্যাক্টএর তন একটা আইন করুন, যাতে ম্যাজিস্ট্রেট টাকা আদায় করে দিতে পারে। পেমেন্ট অফ য়েজেস এ্যাক্টএ যে-সমস্ত সুযোগসুবিধা আছে, শপস্ এন্ড এস্টাবলিশমেন্ট এ্যাক্টএ সেই সমস্ত ুযোগ-সুবিধা নেই। কাজেই এই আইনকে সেইভাবে পরিবর্তন করে, ঢেলে সাজাবার চেষ্টা রুন। একটা কমিটি করে, তাতে এটা বিচার করে, নেক্সট সেসনে এটা একটা বিল হিসাবে ঠকভাবে আনুন, যাতে বাংলাদেশের লক্ষ লক্ষ নরনারী যারা নানারকম অসুবিধা, দুর্গতি ভোগ রছে, তারা যাতে দুর্গতির হাত হতে মুক্ত হতে পারে তার জন্য একটা আইন করুন।

5—5-10 p.m.]

তার পরে স্টেট ইন্সিওরেন্স সম্পর্কে ওঁরা বলেছেন, আমি বিস্তৃত বলব না। খালি স্টক মক্সচার দিয়ে লাভ হবে না, অথবা ভিটামিন ট্যাবলেট কি কুইনাইন মিক্সচার দিয়েও কাজ হবে া। অধিকাংশ ঔষধই বাজার থেকে কিনতে হবে। শ্রমিকদের টাকা দিতে হয়, অথচ ঔষধ ায় না, শ্রমিকেরা বিরক্ত বোধ করছে, অস্বস্তি বোধ করছে। শ্রমিকেরা যেভাবে লোয়ার পেড াতে তাদের কাছ থেকে টাকা আদায় করে যে নেওয়া হয় তা ঠিক নয়, যদি তারা ফেয়ার ওয়েজেস পেত তা হ'লেও কথা ছিল ; কিন্তু তাদের লিভিং ওয়েজও নয়, তাদের কাছ থেকে াসে যে দু' টাকা কেটে নেওয়া হবে এটা অন্যায় ; সেজন্য মনে হয় গভর্নমেন্টের সমস্তটা হন করা দরকার বা মালিককে বাধ্য করা দরকার, যে আগে যেমন চিকিৎসার ব্যবস্থা ছিল সইভাবে যেন করেন।

তারপরে প্রেস ওয়ার্কারদের সম্বন্ধে বলি। বাংলাদেশে হাওড়ায় ও কলিকাতায় ৩৫ হাজার প্রস ওয়ার্কার আছে। তাদের মিনিমাম ওয়েজএর ব্যবস্থা নেই। সেদিকে আমি দৃষ্টি আকর্ষণ রি, সেখানে কমিটি গঠন করুন। মিনিমাম ওয়েজ এ্যাক্ট অনুসারে বেতন এবং ছুটির ব্যবস্থা রুন। আর সুপ্রীম কোর্ট ২৮ টাকা ত ডিয়ারনেস এ্যালাওয়েন্সএর রায় দিলেন, কিন্তু ভর্নমেন্ট থেকে জানিয়ে দিচ্ছেন যে, আমরা আদায় করে দিতে পারব না ; তবে সেখানে গয়ে কি হ'ল? যদি আদায় ক'রে দিতে পারবেন না, তবে সুপ্রীম কোর্ট পর্যন্ত যাবার রকার কি ছিল? গভর্নমেন্টের পক্ষে প্রেস ওয়ার্কারদের যে ২৮ টাকা দেবার রায় হয়েছে া আদায় করে দেবার ব্যবস্থা করা দরকার।

তারপরে বিশেষ দরকার মন্ত্রীমহাশয়ের দপ্তরকে সাবধান করে দেওয়া যে, তাঁরা যেন একটু ক্ষপ্রতার সহিত কাজ করেন। বেচন ওঝা আর ভগবত প্রসাদ সিং অন্যায়ভাবে ছাঁটাই হয়েছে, ার ব্যবস্থা হচ্ছে না। একখানা চিঠি দিলে এক বৎসর লাগে চিঠির জবাব আসতে। একটা চিঠির কথা বলব, তাহলে বুঝতে পারবেন যে, এক একখানা চিঠির জবাব দিতে কত সময় লাগে। গবত প্রসাদের সম্বন্ধে চিঠি দিয়েছি ২৯এ এপ্রিল, ৬ই জুলাই, ৯ই জুলাই, ১২ই আগস্ট, ৭এ আগস্ট, ২৭এ সেপ্টেম্বর, ৮ই নবেম্বর, ২৯এ নবেম্বর—এই একজনের জন্য চিঠি লেখা য়েছে ১৯৫৫ সালে। তাহলে ভাবুন, এক জনের জন্য যদি এতগুলি চিঠি লিখতে হয় া হ'লে কিরকম করে চলে? ১০ মাস ১২ মাস চিঠি লিখে লিখে তবে জবাব পাওয়া যায়। ময় নাই, সব কথায় আসব না, আর একটা বিষয় সম্বন্ধে ব'লে আমার বক্তব্য শেষ করছি।

তারপরে ক্যালকাটা ক্লিনিক্যাল রিসার্চ এসোসিয়েশনের জন্য ২৮-১-৫৪ তারিখ থেকে কর্মচারী বিভূতি সিংহকে সাসপেন্ড করা হয়েছে। খবর নেওয়া হয়েছে, লেবার কমিশনারের কাছে দরখাস্ত করবার পর শেষে এম সি মৈত্রের এ্যাসিস্ট্যান্ট সেক্রেটারীর কাছে চিঠি দেওয়া হয়েছে। কিন্তু কোন প্রতিকার হয় নি। মডার্ন আর্ট প্রেসে ৩ জন ছাঁটাই করায় ডিসপুট দেওয়া হয়েছে ১২-৭-৫৪ তারিখে, আজ পর্যন্ত তার মীমাংসা হ'ল না। এইভাবের বহু প্রতিষ্ঠান আছে তাদের কোন স্ট্যান্ডিং অর্ডার নাই, মাসে মাসে বেতন দেবার ব্যবস্থার কিছু নাই। এইরকমভাবের জিনিসগুলো বন্ধ হওয়া দরকার।

তারপরে এসোসিয়েটেড ইন্ডাস্ট্রিজ গভর্নমেন্ট কন্ট্রাক্টর তারা শ্রমিকদের ফাঁকি দেন, গভর্নমেন্টকেও ফাঁকি দেন। ওভারটাইম দেন না। সেখানে ৭০ জন শ্রমিককে লিখিত নোটিশ না দিয়ে লে অফ করেছে। নিয়ম অনুযায়ী প্রত্যেককে অর্ধেক বেতন দেওয়া দরকার। শ্রম দপ্তরেও ৬ মাস আগে দরখাস্ত করেও আজ অবধি জবাব পাওয়া যায় নি। এইত এক কথা, ৪৮ ঘণ্টারও বেশী কাজ করান হয়, স্ট্যান্ডিং অর্ডার কিছু নাই। অথচ ১৫ বৎসর আগে গভর্নমেন্ট ওয়ার্কিং আওয়ার ঠিক করেছেন, সেখানে রবি মিত্র ব'লে ভদ্রলোক টেলিফোন নিয়ে ব্যবহার করছেন, সকলকে ঠকাচ্ছেন।

[At this stage the red light was lit.]

আর একটির বিষয়ে বলে শেষ করছি।

তার পরে জেম্‌স আলেকজান্ডার সম্পর্কে বলব যে, সেখানে জুলুম চলছে। সেই কোম্পানির সঙ্গে আমাদের জালান সাহেব রয়েছেন, আগে পান্নালালবাবু ছিলেন। সেটা সুরজমল নাগরমল দ্বারা পরিচালিত। তাদের সেখানে লক আউট করা হয়েছে। শ্রমিকদের উপর জুলুম চলছে সেখানকার শ্রমিকেরা আবেদন নিবেদন করেছে। সকলে মনে করে, যেহেতু জালান সাহেব তার সঙ্গে যুক্ত সেই হেতু কিছুই করা যাবে না। সেখানে ৪৮ ঘণ্টা ডিউটি লেখা আছে কিন্তু ৮৪ ঘণ্টা খাটায়। অথচ সেখানে কোন বাড়তি মজুরি দেওয়া হয় না। ১৯৫০ সন থেকে ইনক্রিমেন্ট বন্ধ করা হয়েছে। এইসব প্রকার কত অন্যায় করা হচ্ছে তার প্রতিকার করা হউক।

Sj. Biswanath Roy: Mr. Speaker, Sir, I rise to support the demand for grant made by the Hon'ble Labour Minister. The magnitude of the labour problem in our State is obviously great. Since Independence we have been trying to establish economic freedom and social justice and I am glad to find that the Government has been proceeding on the right line. There may be many shortcomings and difficulties, but it must be admitted that there has been at least some progress. Members of the Opposition belonging to different political parties cannot naturally admire anything good coming from the Government. Sj. Bankim Mukherji in this House made a remark today that the speech of our Minister for Relief and Rehabilitation was a reactionary one and was like that of Mr. H. S. Suhrawardy of the Muslim League regime. Though he disliked Mr. Suhrawardy's policy I do not understand why then he and his party actively supported the League Ministry during the period 1942-45. In any case I do not like to enter into any controversy on the speeches of the Opposition members. From the facts and figures it is clear that in spite of the difficulties created by the elements hostile to the interest of labour, industrial peace has been established in the country. Many disputes are being settled by conciliation, by tripartite meeting round the table and by adjudication by the tribunal. If the number of judges is increased to meet the heavy pressure of work, the accumulated arrears may be speedily disposed of and this will give considerable relief to the workers. We believe in the settlements of disputes by peaceful methods without hampering the progress of production and development of industries. If we can proceed along the path shown by Mahatma Gandhi in the field of trade nuion and also follow the advice of our Prime Minister,

Shri Nehru, we shall be able to establish the right of workers to participate in the management and in sharing the profits and I am sure that the gradual changes brought about by labour legislation will ultimately lead to the building up of a socialistic State.

Nobody will deny that our country is poor today. It is necessary to increase minimum wages and to give employment to those who are unemployed. Though the number of persons employed has decreased in the last few years owing to the rationalisation scheme it is hoped that those who are unemployed today will get opportunities for employment in the Second Five-Year Plan. The scheme of rationalisation should be discouraged now. Those who are already employed today will, it is hoped, get their wages in the revised scale of living wages, not to speak of the fair wages only. This of course will take a litte time for gradual implementation and I find that the Government is paying its increasing attention to this.

We are glad that the housing scheme, labour welfare work and employees' provident fund scheme have been introduced and the State Insurance Scheme is under operation in Howrah and Calcutta. To give more facilities for medical treatment, more hospitals are necessary in the industrial areas. The Government should improve the existing hospitals to make provision for the treatment of the industrial workers.

The Cossipore area is a vital industrial belt comprising the Ordnance Factory in Cossipore, the Raiway yards, the Calcutta Electric Supply Corporation power house, the Talla Pumping Station and factories like the National Carbon Company, the Angelo Brothers and also many other factories and from the labour point of view, it is one of the most important industrial areas in West Bengal.

[5-10—5-35 p.m..]

A separate hospital is absolutely necessary and if arrangement is made with the local North Suburban Hospital in expanding its services, it may to some extent give relief to the ever-increasing suffering workers.

Unemployment has been increased due to the closing down of the Press Houses in view of the fact that the jute mills are not purchasing jute from the balers of Cossipore. If the Government wants to solve the probem of unemployment of 25,000 workers, it should insist on the I.J.M.A. to purchase jute from these Presses. It will also give employment to the people attached to the various types of transport including the carters as well.

[At this stage the House was adjourned till 5-35 p.m.]

[After adjournment.]

[5-35—5-45 p.m.]

Sj. Subodh Banerjee: Mr. Deputy Speaker, Sir,

মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় তাঁর প্রারম্ভিক ভাষণে শ্রমিকদের জীবনধারণের মান উন্নয়নের অনেক কথাই বলেছেন। তিনি দেখাতে চেয়েছেন যে, সাধারণ শ্রমিকদের জীবনধারণের মান উন্নততর হয়েছে, জিনিসপত্রের দাম কমেছে ইত্যাদি। এই সমস্ত বিষয় আমি বিশদভাবে আলোচনা করতে চাই না। কারণ বাজেটের সাধারণ আলোচনাকালে আমি দেখিয়েছিলাম, ডাক্তার রায় যেকথা বলেছিলেন সেই সরকারী পরিসংখ্যানগুলি অসত্য। কেবলমাত্র কতকগুলি ফিগার মগজের মধ্যে রাখলেই চলতে পারে না। মানুষের জীবনধারণের সাধারণ মান উন্নত হয়েছে কিনা সেটা এ্যাকাডেমিক ডিসকাসনএর জিনিস নয়। ব্যবহারিক জীবনে প্রতি মুহূর্তে বোধ করতে হবে যে, [illegible] মান উন্নত হয়েছে কিনা। সেদিক থেকে দেখি যে, সাধারণ

মানুষের জীবনের রিয়েল আর্নিং আরও কমে গিয়েছে। গভর্নমেন্ট এটা স্বীকার করবেন কিনা জানি না। কিন্তু ভারত সরকারের "লেবার গেজেট"এ এই কথাই বলা হয়েছে। বিড়লার "ইস্টার্ন ইকনমিস্ট"এ যে কথা বলেছে সেটা আপনাদের স্মরণ করিয়ে দিচ্ছি যে, ১৯৪৫ সালে একজন শ্রমিকের প্রকৃত আয় যা ছিল আজ ১৯৫৩-৫৪ সালে তার চেয়ে শতকরা ২ ভাগ প্রকৃত আয় কমে গিয়েছে। এই কথাই বিড়লার "ইস্টার্ন ইকনমিস্ট" এবং কেন্দ্রীয় গভর্নমেন্টএর "লেবর গেজেট"এ একথা স্বীকার করেছে। কোথা থেকে বলছেন যে, এদের ইনকাম বেড়েছে ইতিমধ্যে—তা বাড়ে নি। এই অবস্থায় শ্রম বিভাগের কার্যকলাপ দেখলে অদ্ভুত লাগে। মন্ত্রীমহাশয় প্রমাণ করার চেষ্টা করেছেন যে, মালিক এবং শ্রমিকদের মধ্যে সরকার তৃতীয় পক্ষ। একথা ঠিক না। আমাদের সরকারের শ্রমনীতি সম্পূর্ণ মালিকঘেঁষা, মালিক তোষণকারী। একথা ছেড়ে দিলেও আমরা জানি বা বিশ্বাস করি, যতদিন পুঁজিবাদ থাকবে ততদিন শ্রমিকদের এক্সপ্লয়েট করা হবে, তাদের উপর অত্যাচার করা হবে এবং তাদের কেন উন্নতি হবে না। কারণ ওয়ার্কার ইজ নো বেটার দ্যান ওয়েজ স্লেভ। তাদের কিছুটা সুখসুবিধা দেবার জন্য আপনারা ইন্ডিফারেন্ট। তারা এখন ওয়েজ স্লেভ ছাড়া আর কিছুই নয়। অন্যান্য রাজ্যে যেসব সুখসুবিধাগুলি আছে এখানে তাও নেই।

আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি, ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটস এ্যাক্ট ১৯৪৭এ যে এ্যানোম্যালি রয়েছে, কি চেষ্টা করেছেন তা সংশোধন করার জন্য? ইউ-পি ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটস এ্যাক্টে, বোম্বে ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটস এ্যাক্টে কনট্রাক্ট সিস্টেমে তারা নিজেরা আইন করে নিয়েছে। বাংলাদেশের মন্ত্রীমহাশয় সেদিকে তাকাবার ফুরসুত পান না। হাজার হাজার লেবারার এই এ্যাক্টের সুযোগ পাচ্ছে না। তারা চেষ্টা করেছে ওয়ার্কারদের সুবিধা দেবার জন্য। কন্সিলিয়েশন—পেন্ডেন্সি অব কন্সিলিয়েশনএর কোন সংজ্ঞা নেই। এমন একটা জিনিস ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটস এ্যাক্টে রয়ে গেছে। তা ছাড়া ইন্ডাস্ট্রিয়াল ডিসপুটস এ্যাক্টে আছে কন্সিলিয়েশন এ্যাজ এক্সপিডিসাসলি এ্যাজ পসিব্‌ল, ১৪ দিনের মধ্যে কন্সিলিয়েশন শেষ করে দিতে হবে। সে জায়গায় মাসের পর মাস, বছরের পর বছর লেগে যাচ্ছে। ট্রাইব্যুনালে এ্যাডজুডিকেশন করার জন্য আমি শ্রম দপ্তরকে দোষ দেব না, আমি লেবার কমিশনারএর অফিসকে দোষ দেব না, আমার আক্রমণস্থলই ঐ মন্ত্রীমহাশয়—সম্পূর্ণ রেসপন্সিবিলিটি মন্ত্রীমহাশয়ের। আমি জানি শ্রমদপ্তরকে রি-অর্গানাইজ করার জন্য শ্রমবিভাগ মন্ত্রীমহাশয়ের কাছে দীর্ঘদিন আগে ফাইল দিয়েছেন। আমি এও জানি তাঁর জয়েন্ট সেক্রেটারী তাঁর কাছে সেই ফাইল পাঠিয়ে দিয়েছেন, মাসের পর মাস সেই ফাইল তিনি ধামাচাপা দিয়ে রেখে দিয়েছেন। ১৯৪৬ সালে কতজন কন্সিলিয়েশন অফিসার ছিলেন আর ১৯৫৫ সালে কতজন কন্সিলিয়েশন অফিসার আছেন? এর সংখ্যা কমে গিয়েছে, এদিকে কন্সিলিয়েশনের কেস একের পর এক বাড়ছে। ফলে হচ্ছে কি, কন্সিলিয়েশনের জন্য শ্রমিককে ধর্ণা দিতে হচ্ছে, মাসের পর মাস কেটে যাচ্ছে, কিন্তু সুবিচার পাচ্ছে না। লেবার কমিশনার, ডেপুটি লেবার কমিশনারস, এ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনারস, কন্সিলিয়েশন অফিসারস, লেবার অফিসারদের আমি দোষ দেব না, সমস্ত নাটের গুরু হচ্ছেন ঐ মন্ত্রীমহাশয় যাঁর কোন শ্রমনীতি নেই, যিনি এদিকে তাকাবার ফুরসুৎ পান না, যাঁর ব্যক্তিগত কোন অভিজ্ঞতা নেই শ্রমিক আন্দোলন সম্পর্কে। ৪০ জন মন্ত্রী হতে পারে, পার্লামেন্টারী সেক্রেটারী হতে পারে, ডেপুটি মিনিস্টার হতে পারে কিন্তু কর্মচারীদের সংখ্যা, কন্সিলিয়েশন অফিসারদের সংখ্যা বাড়াতে যত অসুবিধা লাগে। এই গেল কন্সিলিয়েশনের দিক থেকে।

এ্যাডজুডিকেশনের ক্ষেত্রেও তাই। তিনি বলেছেন, ৭ জন ট্রাইব্যুনাল জজ আমি নিযুক্ত করেছি। আমি জিজ্ঞাসা করি, ৭ জন এমন কি একটা সংখ্যা, যদি প্রয়োজন হয় তাড়াতাড়ি বিচার করার জন্য তাহলে ২০ জন জজ নিযুক্ত করার যদি দরকার হয় তাহলে তাই-ই করতে হবে। উদাহরণ দিই, ১৯৫৩ সালে লেবার কেস ট্র্যাইব্যুনালে রেফার্ড হ'ল, তার বিচার আজ পর্যন্ত হল না। বিচারের ক্ষেত্রে বলে কি

delay in justice means denial of justice,

বিচার যদি দেরি হয়ে যায়, তার অর্থ হল বিচার না পাওয়া। মাইনে বাড়ানো, ডিয়ারনেস

এ্যালাওয়েন্স, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, এইসমস্ত কথা ছেড়ে দিচ্ছি। সেক্সন ৩৩এ এ্যাপ্লিকেশন, কন্সিলিয়েশন প্রসিডিংস চলছে, ছাঁটাই করে দিল। স্ট্যাটাস কো?

to the detriment of the interests of the labourers

সার্ভিস কন্ডিশন চেঞ্জ করে দিল। ক্যাটিগরিক্যালি বলছে তাড়াতাড়ি বিচার করে শেষ করে দিতে হবে, এর বিচার ২॥ বছরের মধ্যেও হল না। আমার কাছে ফাইল আছে, আপনার কাছে দেখিয়ে দিয়েছি। যেগুলো সাধারণ জিনিস, সেগুলোর জন্যও শ্রমিকদের অযথা হয়রানি হতে হয়। তা হ'লে কি ক'রে মন্ত্রীমহাশয় বলেন যে, তাঁর শ্রম-দপ্তর, শ্রম-বিভাগ শ্রমিকদের স্বার্থরক্ষা করে। কোনদিক থেকে এতটুকুও তারা শ্রমিকদের স্বার্থরক্ষা করে না। তা ছাড়া যে-সমস্ত জায়গায় মন্ত্রীমহাশয়ের সংগে মালিকের জানাশুনা আছে তার কথা ছেড়েই দিন। একটা ইউনিয়ন আছে, কন্সিলিয়েশন ফেল করল, মালিক কন্সিলিয়েশন অফিসারের কাছে এল না। কন্সিলিয়েশন অফিসার চার চারবার নোটিশ দিলেন, মালিক অস্বীকার করলেন আসার জন্য। কোন ক্ষমতা নেই কন্সিলিয়েশন অফিসারের তাঁকে আসতে বাধ্য করার জন্য। কন্সিলিয়েশন অফিসারকে গালাগালি দিলে হবে না। আইন প্রবর্তন করে মালিক যদি তা ভায়লেট করেন, না আসেন, তাঁকে ধরে আনার ক্ষমতা দিন, সাজা দেবার ক্ষমতা দিন। এলেন না—সেক্রেটারিয়েটে নোট চলে গেল। মন্ত্রীমহাশয় বললেন, ট্রাইব্যুনালে দেওয়া হবে না। মন্ত্রীমহাশয় বিচার করে বলছেন—তিনিই যদি বিচার করতে পারবেন তাহলে ট্রাইব্যুনাল তুলে দিন। তাহলে ট্রাইব্যুনালে কেস রেফার করেন কেন? এইরকম হাজার হাজার উদাহরণ আমার কাছে আছে যা থেকে পরিষ্কার বুঝা যাবে যে, মালিকদের স্বার্থরক্ষা করার জন্য মন্ত্রীমহাশয় ডাইরেক্টলি ইন্টারভিন করেন।

সর্বশেষে আমি একটা ঘটনার কথা বলি। সব জায়গায় ছাঁটাই হচ্ছে—আমি প্রভিন্সিয়ালিজমের কথা বলছি না, যা বাস্তব ঘটনা তার কথাই বলছি। ডালহাউসি স্কোয়ারে মার্কেনটাইল ফার্মগুলোর দিকে তাকিয়ে দেখুন, বেছে বেছে বাঙ্গালী কর্মচারী ছাঁটাই হয়ে যাচ্ছে। একথা বলতে গেলে বলবেন বাঙ্গালীর কথা বলছে, প্রভিন্সিয়ালিজমের উস্কানি দিচ্ছে কিন্তু ফ্যাক্ট ইজ ফ্যাক্ট, ট্রেড ইউনিয়নিস্ট হিসাবে আমি এই ছাঁটাইএর প্রতিবাদ করছি। যেহেতু বাস্তবক্ষেত্রে বাঙ্গালী, বাঙ্গালী হিসাবে কথা বলতে হচ্ছে। সব জায়গায় এটা হচ্ছে অথচ তাকে বন্ধ করার জন্য কোন স্টেপ নেওয়া হচ্ছে না। ফিলিপ্স কোম্পানি একটা বড় কোম্পানি—যারা রেডিও থেকে আরম্ভ করে, আলো থেকে আরম্ভ করে সব কিছুই করে। একটা ছোট কোম্পানি নিয়ে তারা পশ্চিমবাংলায় ব্যবসা আরম্ভ করেছিল, এখন তারা সাধারণ মানুষের অর্থে লাল হয়ে গেছে। যে জায়গায় আগে ছিল ৫০ হাজার টাকা ক্যাপিটাল, আজ সেখানে ১ কোটির বেশি ক্যাপিট্যাল হয়ে গেছে। সেই কোম্পানি পশ্চিমবাংলা থেকে হেড অফিস তুলে নিয়ে যাচ্ছে। এখানে যেসমস্ত কর্মচারী এবং শ্রমিক কাজ করে—তারা চাকরীচ্যুত হয়ে যাবে। মন্ত্রীমহাশয়ের কাছে জানানো হয়েছে আমি জানি। তিনি কি স্টেপ নিয়েছেন এটা বন্ধ করার জন্য? আমাদের এখান থেকে লাভ করে কোম্পানি টাকা করল, তারপর তাদের সুবিধামত এখান থেকে কোম্পানি তুলে অন্য জায়গায় নিয়ে যাবে আর এখানকার সাধারণ মানুষ বেকার হয়ে যাবে—এ জিনিসকে প্রশ্রয় দেবার পেছনে কি নীতি থাকতে পারে তা আমি জানি না। জানি না মন্ত্রীমহাশয় এটা রোধ করতে পারবেন কিনা? আমি অন্তত মুখ্যমন্ত্রীমহাশয়ের কাছে এই অনুরোধ করব, তিনি যেন জয়েন্ট স্টক কোম্পানির রেজিস্ট্রারকে এই নির্দেশ দেন যে, ফিলিপ্স কোম্পানি তাদের অফিস পশ্চিমবাংলা থেকে তুলে নিয়ে যেতে পারবে না। শুধু ফিলিপ্স কোম্পানি নয়, এইরকম বহু কোম্পানি তাদের অফিস বাংলাদেশ থেকে তুলে নিয়ে যাচ্ছে যার ফলে শ্রমিকদের উপর একটা বিরাট আঘাত পড়ছে। বড় বড় কথা আপনারা বলছেন। সোস্যালিস্টিক প্যাটার্ন ছেড়ে দিন। আপনারা যা আইন করতে পারেন সেটা করুন, আইনকে সংশোধন করুন যাতে শ্রমিকরা এতটুকুও সুবিধা পায়। তাতে শ্রমিকরা কৃতার্থ হবে। এর বেশি কিছু শ্রমিকরা প্রত্যাশা করে না অন্ততঃ আপনার মত মন্ত্রীর কাছ থেকে।

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ শিল্পাঞ্চল সম্পর্কে এখানে আলোচনা করব। সেখানে সরকার কি শ্রমনীতি নিয়ে চলেছেন এবং তার পরিণাম কি ভয়াবহ

হতে পারে সে সম্পর্কে আমি বলব। আমি আসানসোল সম্পর্কে বলছি। এটা লোহ এবং ইস্পাত শিল্পের জায়গা, কয়লা শিল্পের জায়গা। সেখানে প্রধানতঃ সরকার যে নীতি নিয়ে চলেছেন তাতে সেখানে একটা প্রশ্ন উঠেছে যে, বৈধ ট্রেড ইউনিয়ন করার অধিকার শ্রমিকদের আছে কিনা? সরকার যা চান এবং মালিকপক্ষ যা চান সেই ধরনের কাজ সেখানে হচ্ছে এবং তার জন্য সরকারের পুলিস এবং ইস্টার্ন রাইফেল্স বাহিনী ইত্যাদি যা কিছু দরকার তাই সেখানে প্রয়োগ করা হবে—এই হচ্ছে প্রশ্ন। বার্নপুর সম্বন্ধে আমি আলোচনা করতে চাই। সেখানে দেখা গেছে যে, ১৯৫৩-৫৪ সালে যা উৎপাদন ছিল—সেখানে স্টীল প্রোডাকশন ছিল ৩ লক্ষ ৪৭ হাজার ৮ শ' ৬১ টন, সেটা ১৯৫৪-৫৫ সালে বেড়ে ৫ লক্ষ ২৮ হাজার ১ শ' ১৮ টন হয়েছে, পিগ্ আয়রনের উৎপাদন ছিল ৫ লক্ষ ৭৯ হাজার ৪৪০, সেটা বেড়ে ৭ লক্ষ ১৫ হাজার ৬০১ হয়েছে। লেসলি মার্টিন এক সভায় তাঁর চেয়ারম্যানের বক্তৃতায় বলেছেন যে—

"The outstanding feature of the working results of your company for the year under review was the phenomenal production of steel which constitutes a record for the company. Given plant facilities and avaiability of raw materials production is of course governed primarily by the will to work on the part of labour and I am pleased to report that since the unfortunate events of 1953 there has been vast improvement in efficiency and effort on the part of workers."

[5-45—5-55 p.m.]

এর পুরস্কার কি পেয়েছেন সেটা দেখুন। সেটা হচ্ছে এই শ্রমিকরা এই ধরনের কম-প্যারাবেল ইন্ডাস্ট্রি যেখানে এবং ১৯৫৩ সালে যখন সমস্ত ট্যাক্সেশন, তারপর ডিবেঞ্চার ইন্টারেস্ট, সিংকিং ফান্ড এবং সমস্ত রকম বেনিফিট স্কীম ইত্যাদি বাদ দিয়ে নেট প্রফিট ছিল ৪৫ লক্ষ ৭৬ হাজার ৪২৮। ১৯৫৫ সালে বেড়ে ৬৪ লক্ষ ১১ হাজার ৪০৫। ১৯৫৫ সালে সেটা বেড়ে ২ কোটি ১০ লক্ষ ৬৯ হাজার ২০৩। এইরকমভাবে যেখানে গ্রস প্রফিট সেখানে বেড়েছে ৩ কোটি ৪৫ লক্ষ সেটা আরও বেড়ে ৭ কোটি ৭০ লক্ষ ৭৬ হাজার ৪৫৬। এইরকমভাবে প্রফিট বেড়েছে সেখানে এরকম ধরনের ইন্ডাস্ট্রি নয়, এর চেয়ে কমপ্যারাবেল ইন্ডাস্ট্রিতে যখন তিন মাসের বোনাস পাওয়া যায়—সেখানে মাত্র ২০ দিনের জায়গায় ১০ দিনের বোনাস দেওয়া হয়। তারপরে এইরকম একটা ইন্ডাস্ট্রি যেখানে দেখেছি কুলটি বিশেষ করে ফেড়িয়াবাজারের পেছনে সেখানে যা হয়েছে সেটা কল্পনা করতে পারবেন না যে, এইরকম একটা কোম্পানি যারা এতখানি লাভ করে তাদের হাউসিং কন্ডিশন এত খারাপ এবং সেখানে বার বার বলা সত্ত্বেও এ সম্বন্ধে কোন ব্যবস্থা নেই। এ সম্পর্কে ইউনিয়নের অন্যতম ভাইস-প্রেসিডেন্ট তিনি একটি প্রশ্ন করেছিলেন দিল্লীতে এবং সেই প্রশ্নের উত্তরে সর্দার স্মরণ সিং তিনি বলেছেন, যদি

"The State Government's programme of industrial housing during the Second Five-Year Plan includes proposal for the construction of a number of tenements in this area to meet the housing requirements of the worker."

এবং আরেক জায়গায় তিনি উত্তরে বলেছেন

"We are always suggesting to the State Government to give priority to this work and we are encouraging them to take assistance, but, primarily after that, it is indicated to the State Government, the initiative lies with the State Government to utilise the assistance of loans and subsidies."

এখন এইরকম ধরনের কেন্দ্রীয় সরকার যেখানে বলছেন যে, রাজ্যসরকারের এই ব্যাপারে উদ্যোগ নিয়ে এইসমস্ত অঞ্চলে হাউসিং করা দরকার সেখানে কি উদ্যোগ নিয়েছেন সেটা আশা করি ভাল করে বলবেন। এখন এইসব কিছুই না করে অন্য একটা জিনিস যা করেছেন সেটা সব-চেয়ে মজার ব্যাপার, সেটা হচ্ছে এই যে, এইরকম ধরনে যেখানে উৎপাদন বৃদ্ধি হয়েছে সেখানে শ্রমিকদের সক্রিয় সহযোগিতা না থাকলে হতে পারে না। এবং ১৯৫৩ সালের পর থেকে যে এ্যাকশন কমিটি গঠিত হয় সেই এ্যাকশন কমিটির ভিতরেতে বার্নপুরে ১৪ হাজার ৬০০ লেবারএর ভিতরেতে ১৩ হাজার লেবারই এই এ্যাকশন কমিটিতে ছিল। সেই এ্যাকশন

মিটি আজকে একটা লিগ্যাল ট্রেড ইউনিয়ন হিসেবে ইউনাইটেড আয়রন এ্যান্ড স্টীল য়ার্কার্স ইউনিয়ন হিসেবে গঠিত হয়েছে এবং বার্নপুরে এক্চুণি এর মধ্যে প্রায় ১০ হাজারের পর মেম্বার হয়েছে এবং কুলটিতে ১৫ হাজারের মত মেম্বার হয়েছে, সেই জায়গায় এতগুলি যখানে মেম্বার রয়েছে তাদের সক্রিয় সহযোগিতা ছাড়া এইরকম জিনিস হতে পারে না। অথচ সেই ১৯৫৩ সাল থেকে একটা যে জিদ মালিক তরফের রয়েছে যে শ্রমিকরা চাক না চাক সেখানে জনকে ওদের ঘাড়ে বসাতে হবেই। এবং সেই প্রচেষ্টা আজও সেখানে চলছে। সেখানে ানাদিক থেকে ব্যর্থ হয়ে আজকে ইউনাইটেড আয়রণ এ্যান্ড স্টীল ওয়ার্কারস ইউনিয়ন এই আয়রন এ্যান্ড স্টীল যেখানে বার্নপুরে এবং কুলটিতে ২৩ হাজারের মধ্যে ১৫ হাজার যেখানে অলরেডি মেম্বার হয়ে রয়েছে সেখানে তারা ফাংশন করতে চাচ্ছে। সেখানে তাদের সর্ববাদী-সম্মত নেতা তাহের হোসেন, চন্দ্রশেখর মুখার্জি, পশুপতি পাণ্ডে এবং চটুরাজ ইত্যাদি নেতা-দের গ্রেপ্তার করা হয়েছে—৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে পি, ডি, এ্যাক্টএ এবং অন্য কয়েক-জনকে বিভিন্ন ধারায় গ্রেপ্তার করে রাখা হয়েছে। কি কারণে গ্রেপ্তার করা হয়েছে? এই-সমস্ত সর্ববাদীসম্মত নেতাদের গ্রেপ্তার করার অর্থ কি প্ররোচনামূলক নয় এবং এর ফলে যদি সেখানে কোন ঘটনা ঘটে তখন এঁরা বলবেন কতকগুলি লোক শ্রমিকদের ফোমেন্ট করছেন। এদের গ্রেপ্তার করা সত্ত্বেও সেখানে সঠিকভাবে কাজ চালানো হচ্ছে এবং অন্য দিক থেকে আরেকটি জিনিস মনে রাখা দরকার যে, ট্রাইব্যুনাল বসেছে এবং সেই ট্রাইব্যুনালএর কাজেরই জন্য তাহের হোসেন আসছিলেন কলকাতায় এবং পথে বর্ধমানে তাঁকে গ্রেপ্তার করা হয় ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশে। আমি নিজে খবর নিয়েছি বার্নপুরে গিয়েছি, কুলটিতে গিয়েছি, খবর পেয়েছি এখান থেকে ডি, আই, জি, এই ব্যাপারটা করছেন। আমি জিজ্ঞাসা করব, কেন, কি উদ্দেশ্যে তাঁকে গ্রেপ্তার করা হয়েছে। এই জায়গায় একটা জিনিস মনে রাখা দরকার কি নীতি সেখানে চলেছে, বার্নপুরের ইতিহাস এবং সমস্ত আসানসোলের ইতিহাস, সেটা হচ্ছে এই দীর্ঘদিন ধরে চলছে—সেখানে অশোক চ্যাটার্জি এবং মামুদের কথা না বলে বার্নপুরের ইতিহাস বলা সম্ভব নয়—সেজন্য বাধ্য হয়ে বলছি এরা সেখানে একটা গুণ্ডামির রাজত্ব, একটা টেররএর রাজত্ব করে তুলেছে, এইসমস্ত অঞ্চলকে ভিসিয়েটেড করে এবং নর্ম্যাল ট্রেড ইউনিয়ন লাইফ তাঁরা চালু করতে দেন নি। তার পরিণাম এইরকম ধরণের যারা মার্সিনারি, যাদের টাকা দিয়ে, এইরকম ধরণের মানুষকে, গুণ্ডাকে লেলিয়ে দেওয়া হয়, তাঁরা যখন টাকা কম পান তখন তাঁরা মালিকদের বিরুদ্ধে নানারকম কাজ করেন তাও আমরা দেখেছি। কোলিয়ারি ফিল্ডএ এইরকম আমরা দেখেছি বলতে এখানে লজ্জা হয় যে, মেদিনীপুরে ১৯৩৩ থেকে আরম্ভ করে ১৯৩৪ সালে ওয়ার্সট এ্যান্ডার্সনী যুগে যিনি এস,পি, ছিলেন সেই জনসন হচ্ছে গিয়ে লেবার ওয়েলফেয়ার অফিসার, বেঙ্গল কোল।

আজকে সংযুক্তির নাম করে বিধানবাবু অনেক কথা বলেন যে, আমাদের এখানে লৌহশিল্প আছে এবং বিহারের যদি লৌহ এবং ইস্পাত-শিল্প আসে বাংলায় তাহলে তিনি সম্পদ গড়ে তুলবেন। কিন্তু তাঁকে বলি রাণীগঞ্জে যে সম্পদ আছে, সেই সম্পদের কি জিনিস পাচ্ছে সেখানকার অধিবাসী, বাংলার অধিবাসী। সেই সম্পদকে নিঙ্গড়ে নিচ্ছে ঐ বিলাতী কোম্পানি। আমি জানি ১৯৫০ সাল থেকে আরম্ভ করে ১৯৫৪ সাল পর্যন্ত কম করে ১ কোটি ৭৭ লক্ষ টাকা সেই বেঙ্গল কোম্পানি আমাদের সেখানে নিয়েছে। আগে তার ব্যবস্থা করুন তারপর অন্য জায়গা নিয়ে সম্পদ করবেন। কোন ক্ষমতা তাঁর নেই আমরা জানি। যেই চীফ লেবার ওয়েলফেয়ার অফিসার মেদিনীপুর ঠেঙ্গাল সেই এস-পি এবং তারই নির্দেশে দেবেন সেন, তারই নির্দেশে আই-এন-টি-ইউ-সিকে চলতে হয়। তারই দ্বারা এইসব হচ্ছে। এর আগে একজন বন্ধু এইসমস্ত দাঙ্গা-হাঙ্গামার কথা বলেছিলেন। আমি তাঁকে সবিনয়ে জিজ্ঞাসা করি, দেবেন সেনকে মেরেছিল সে কে এবং আই-এন-টি-ইউ-সির কোন্ গ্রুপ এবং সেইদিক থেকে নিজেরা মারামারি করছেন এবং নিজেরা সেখানে রীপ করেছেন আজকে তার ফল ভোগ করছেন। সেইজন্য আজকে প্রশ্ন উঠছে যে, কুলটি অঞ্চলে সেখানে ৫০০ মতন মজুর, ৩৭টি ছাড়া আর সমস্ত মজুর এই ইউনিয়নএর মেম্বার। আমরা বার বার একথা বলেছি, এস-ডি-ওকে বলেছি আপনি যদি সেখানে ৯০ পার্সেন্ট লোক আমাদের ভোট না দেয় যেরকমভাবে হাত তুলে বলুন, সিক্রেট বলুন, যেরকমভাবে বলুন যদি ভোট না দেয় তাহলে উইন্ড আপ করে নিয়ে

আসব আমাদের ইউনিয়ন। কিন্তু তা সত্ত্বেও যার কিছু নেই সেই ৩৭টি লোক জোর করে গুণ্ডার সাহায্যে চালান হচ্ছে। ওখানে দেখা গেছে, কোলিয়ারি অঞ্চলে এই সমস্ত গুণ্ডার সর্দারকে নিয়ে লীডার ফাইন্ড আউট করা হয়েছে এবং যখন ঐ অঞ্চলে শ্রমিক আন্দোলন হয় তখনই গুণ্ডা ভাড়া দেয় কারা, এবং এইরকমভাবে যারা মনে করেন পুলিশের বেয়নেট দিয়ে, সেখানে হাজার হাজার মজুর না চাইলেও জনকে রাখতে পারা যায় এবং তাঁরা ভুলে যান কি আগুন নিয়ে খেলা করছেন। কোন গুণ্ডার সেখানে সাধ্য নেই ২২-২৩ হাজার যেখানে শ্রমিক থাকে, যেখানে পাঠান, যেখানে শিখ, যেখানে বহু বলশালী ব্যক্তি আছে সেখানে কারও সাধ্য নেই, দুনিয়ার কোন গুণ্ডার সাধ্য নেই এই সংঘবদ্ধ শ্রমিকদের বিরুদ্ধে লড়তে পারে। আমি জানি ঐ শ্রমিক এলাকায় যেখানে লাখ লাখ কোলিয়ারি লেবার আছে সেখানে কারও সাধ্য নেই। আজকে দেখেছি সেখানে আউটপুট বেড়েছে, এটা আমার কথা নয়, তাঁদেরই রিপোর্ট, অথচ আমরা দেখি যেখানে কস্ট পার টন ১৪ টাকা থেকে ১৫ টাকা সেখানে লেবারার-এর জন্য—যেখানে কোলিয়ারিতে লেবার কস্টই ৯০ পার্সেন্ট হওয়া উচিত সেখানে লেবার কস্ট হচ্ছে মাত্র ৫ টাকা কয়েক আনা। ১৯৫১ সালে যা ছিল ১৯৫৪ সালেও ঠিক সেই লেবার কস্ট রয়েছে। কেন এটা থাকে। আমরা দেখেছি বিধানবাবুর ঘনিষ্ঠ লোক জালান সাহেব তাঁর বন্ধুর কোলিয়ারি রয়েছে, সেখানে এইরকম শ্রমিক আন্দোলন হয়, সেখানে ইউনিয়নএর নেতা মুরলীধরকে মারা হয়। লালবাজারে আমাদের ইউনিয়নএর সেক্রেটারী লালমোহন মাঝিকে মারা হয়েছে। কতদিন এইরকম চলবে? আমরা জানি, ১৯৩৮ সাল থেকে ঐ বামার-লরীর যখন কাগজের কল ছিল সেখানে আমারই সামনে আমাদেরই অন্যতম বন্ধু সুকুমার ব্যানার্জিকে লরী চাপা দিয়ে মারা হয়েছে। আমরা একটা পর একটা জীবন দিয়ে যাচ্ছি কিন্তু মনে রাখবেন এইরকম করে শুধু গুণ্ডার উপর দাঁড়িয়ে শুধু পুলিশের উপর ভরসা করে, শুধু মার্টিন বার্নের টাকার উপর ভরসা করে, বেঙ্গল কোলএর টাকার উপর ভরসা করে যদি মনে করে থাকেন যে, আপনাদের এই রাজত্ব চালাতে পারবেন তাহ'লে আগুন নিয়ে খেলা করছেন।

[5-55—6-5 p.m.]

যদি প্রয়োজন হয় আমাদের হাজার জন মরবে এবং আমরা সেখানে মরব যাতে করে মাইন্স-এর মতন ওখানকার মজুররা সব ত্যাগ করে। আমি ছোট একটা সিরামিক কারখানার ব্যাপার নিয়ে দেখেছি—আজকে অনেকখানি বড়াই করেন, ক্ষমতার স্পর্ধা করেন, কিন্তু আমি দেখেছি বিধানবাবুকে যিনি বাহিরে বীরসিংহ কিন্তু স্যার বীরেনের কাছে ইঁদুরের মতন। সেখানে এই নিয়ে কথা হবার সময় ডিভিসনাল কমিশনার বি সরকার ছিলেন, বর্ধমানের জেলা ম্যাজিস্ট্রেট ছিলেন, হোল ডিপার্টমেন্ট ছিল এবং সেখানে সমস্ত জিনিসটারই আলোচনা করা হয়েছে। এমন কি সেখানে রঞ্জিতবাবুও স্বীকার করেছেন যে, এটা ন্যায়সঙ্গত, যুক্তিসঙ্গত এবং একটা জোর দিয়ে বললেন যে, আমি স্যার বীরেনের সঙ্গে আলাপ করে দেখব। কিন্তু তিনি যখন আলাপ করে কিছুই করতে পারলেন না তখন তিনিও বুঝলেন এবং আমরাও বুঝলাম যে, তাঁর দৌড় কতখানি। এই ডিপার্টমেন্টকে স্যার বীরেনের কাছে যেখানে ধমক খেতে হয় সেখানে এই ডিপার্টমেন্ট কাজ কি করতে পারে। অতএব আপনাদের যদি মর্যাদা থাকে তাহলে সেইসব খোলসাভাবে বলুন, এবং তারপরেই আমরা বিচার করে নেব। সেদিক থেকে আজকে আমি এই হুঁসিয়ারি দিয়ে যাচ্ছি যে, বার্নপুরে আগুন নিয়ে খেলা করছেন, কুলটিতে আগুন নিয়ে খেলা করছেন এবং সমগ্র আসানসোল ফিল্ডএ আগুন নিয়ে খেলা করছেন। আপনারা ঠিক পথে চললে হয়ত আপনাদের অন্য বন্ধুরা সেখানে প্রতিষ্ঠিত হতে পারত, কিন্তু সেসময় সেটা করবার সাধ্য হয় নি, সেজন্যে নিজেদের অন্ধনীতি এবং ভুলের জন্যে সমগ্র ঘটনা ক্রমে ক্রমে আপনাদের হাত থেকে বেরিয়ে এসেছে। আজ সেখানে মজুররা এমনভাবে দাঁড়িয়েছে যে, কোন একটা দলের কথায় তারা চলছে না, তারা এগিয়ে চলেছে নিজেদের বাঁচার দাবী নিয়ে। তারা কোন পথ পায় নি বলে সমস্ত পথ আজকে তাদের কাছে বন্ধ হয়ে গেছে বলে নিরুপায় হয়ে তারা আমাদের কাছে এসেছে। যখন তারা আমাদের কাছে এসেছে তখন 'আমরা জনপ্রাণ সর্বস্ব দিয়ে তাদের রক্ষা করবার জন্যে চেষ্টা করব এবং সেই জায়গায় যদি বিবেচনা করে না চলেন তাহলে তার পরিণাম ভয়ানক হবে। এবং সেখানে কারুর সাধ্য নেই, কোন দালালের

সাধ্য নেই যে, সে জিনিস থামায়। সেজন্য আপনারা আর একবার চিন্তা করুন যে, সেখানে আগুন জ্বালাবেন, কি জ্বালাবেন না এবং সেদিক থেকে চিন্তা করার প্রয়োজন আছে বলেই এটা নিয়ে বার বার করে আপনাদের বলছি। ১৯৫৩ সালে দেখছেন যে যেখানে আপনারা ৭টি বার্নপুরের মজুরকে হত্যা করেছেন, দমদম বুলেট চালিয়েছেন, টমিগান চালিয়েছেন, কিন্তু তা সত্ত্বেও সেখানে আপনারা মজুরের মেরুদণ্ড ভাঙতে পারেন নি। ১৯৪৬ সালে কলকাতায় যখন রক্তবলি চলেছে, হিন্দু-মুসলমানের দাঙ্গা হচ্ছে, তখন সেইসময় প্রফেসার আবদুল বারির নেতৃত্বে যেখানে পাঠান, হিন্দুস্থানী মজুর এক হয়ে লড়াই করতে পারে সেখানে সেই মজুরের ঐক্যবোধকে আপনারা মনে রাখবেন। তারা সেখানে একটা ইতিহাস সৃষ্টি করেছিল। অতএব আপনাদের কোন বিভেদ চলবে না, কোন অত্যাচার চলবে না এবং কোনরকম জুলুম, জবর-দস্তিতেও আপনারা তাদের হটাতে পারবেন না। সেজন্য একমাত্র পথ যেটা আছে সেটা হচ্ছে সত্যিকারের ন্যায়বিচারের পথ অনুসরণ করা। আমি লেবার ডিপার্টমেন্ট বা লেবার মিনিস্টারকে ব্যক্তিগতভাবে বলছি না, কারণ দীর্ঘদিন থেকে আমি তাঁকে জানি এবং ব্যক্তিগতভাবে বহুদিনের তাঁর সাথে আমার পরিচয়। সেজন্য আজকে যেটা প্রয়োজন সেটা হচ্ছে যে, বৃটিশ আমলেও আমি দেখেছি যে, যখন একটা ডিপার্টমেন্ট যে নাকি নিজের ন্যায়নীতিকে বিবেচনায় মনে করে ঠিক এবং এটা হতে পারে না। কিন্তু সেখানে অন্ততঃপক্ষে রিজাইন করবার একটা ক্ষমতা ছিল। আমি দেখেছি বর্তমান মিনিস্টারদের কারুর সেই মর্য্যাদাবোধ নেই যে, যেখানে তার নিজের ডিপার্টমেন্টের উপরে যদি অন্যায়ভাবে হস্তক্ষেপ হয় তাহলে সেখানে তাঁর ডিপার্টমেন্টাল প্রেসটিজ রক্ষা করবার জন্যে তিনি রিজাইন করেন না। কিন্তু সেইরকম মর্য্যাদাবোধ পর্যন্তও আমরা হারিয়ে ফেলেছি। সেদিক থেকে আজকে সমগ্র গভর্নমেন্টের কাছে এই প্রশ্ন যে গভর্নমেন্ট এইরকম ধরনের ঐ মার্টিন বার্ন, বেঙ্গল কোল ইত্যাদির মুনাফার পাহারাদার হিসেবে সঙ্গীণ নিয়ে সমস্ত ক্ষমতা নিয়ে তাঁরা সেখানে গিয়ে সেই ধরণের কাজ করবেন, না, বর্তমান অবস্থায় যেটুকু হওয়া সম্ভব, সেটুকু করবার মতন সৎসাহস দেখাবেন?

সর্বশেষে আর একটা প্রশ্ন হচ্ছে ফিলিপ্স কোম্পানি সম্বন্ধে। কারণ এর আগে একটা জিনিস হয়েছে ফিলিপ্স কোম্পানির জিনিস থেকে বলে একটা বিশেষ তাৎপর্য নিয়ে আমি আপনাকে জিনিসটাকে দেখতে বলছি। সেই তাৎপর্য হচ্ছে এই যে, আমি লক্ষ্য করে দেখেছি যে, গত ২০ বছর ধরে যখন আমাদের দেশে প্রভিন্সিয়াল অটোনমি হল তখন থেকেই মালিক সম্প্রদায়রা এটা লক্ষ্য করেছেন যে চাই না চাই এইসমস্ত জায়গায় একটা প্রগ্রেসিভ লেজিসলেশন হবে এবং তখন থেকেই ইন্ডাস্ট্রি বৃটিশ প্রভিন্সএ যা হয়েছে, যেখানে আইনের বালাই নেই, সেইসব নেটিভ স্টেটসএ হতে লাগল। আবার এই স্টেটসগুলির ভেতরে যেখানে ডেমোক্র্যাটিক মুভমেন্ট যত দুর্বল সেখানে যাবার টেন্ডেন্সি ছিল। সেজন্য বড় বড় কথা বলবার আগে এবং মধ্যবিত্তদের কাজ দেব ইত্যাদি বড় বড় কথা বলার আগে গভর্নমেন্টের তরফ থেকে অন্ততঃ এই জিনিস হওয়া উচিত যে কাজ আছে তাকে রক্ষা করা উচিত। কোন কোন উদ্দেশ্যে যখন একটা কিছু থাকার ভেতরেতে যেসমস্ত ইন্ডাস্ট্রি যেখানে করেছে, যেখান থেকে তারা সব কিছু আহরণ করেছে, তারা নিজের মুনাফা বৃদ্ধি করেছে, নিজের সম্পদ বৃদ্ধি করেছে, কিন্তু সেই জায়গা ত্যাগ করে অন্য জায়গায় যাবার কোন অধিকার তাদের দেওয়া উচিত নয়। এই অধিকার যদি দেওয়া হয় তা হলে ক্রমে ক্রমে ফল হবে এই যে, ভারতবর্ষের যেখানে যেখানে গণতান্ত্রিক আন্দোলনের অগ্রগতি হবে সেখান থেকে সমস্ত শিল্পপতিরা শিল্পকে নিয়ে অনগ্রসর জায়গায় চলে যাবে। এবং তার ফলে হবে এই যে, ওদের রাখবার জন্যে নিজেদের সব দিক থেকে পশ্চাৎপদ হয়ে থাকতে হবে— গণতান্ত্রিক আন্দোলন হলে পরেও তাদের সেখানে রাখাটাই প্রশ্ন। অতএব সেদিক থেকে এটাকে গুরুত্ব দিতে হবে, কারণ এটি একটা ঘটনা নয়—ইট ইজ এ ট্রেন্ড, একে যদি "টাইমলি চেক" না দেওয়া হয় তাহলে ইট উইল রট হ্যাভক।

Sj. Kali Mukherjee:

মাননীয় সভাপাল মহাশয়, ৩২নং গ্রান্টে মাননীয় শ্রমমন্ত্রী তাঁর ব্যয়বরাদ্দের যে দাবী উপস্থিত করেছেন, তার সমর্থনে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলব। শ্রমনীতি নির্ধারিত হয় এমন একটা বিচারের উপর—তাতে হাঁসও বাঁচে সোনার ডিমও পাওয়া যায়। হাঁস মেরে সব "স্বর্ণ ডিম্ব" নেব—এ উপাখ্যান আপনারা জানেন। কাজেই যখন শিল্পকে ধ্বংস করে

শ্রমিকদের উপকার বা মঙ্গলের নামে কেউ কোন আন্দোলন করতে যান, হরতাল করেন, ও ঘোরতর অবস্থায় হিংসা প্রবৃত্তি নিয়ে কার্যকলাপ করেন, তখন সেখানে নিশ্চিতই শিল্প ধ্বংস হয়। সেখানে যে-কোন সরকার বা কোন গণতান্ত্রিক সরকার তাঁর শ্রমনীতি এইভাবেই পরিচালিত হবে যাতে শ্রমিকও বাঁচবে, শিল্পও বাঁচবে অর্থাৎ হাঁসও বাঁচবে এবং রোজই সোনার ডিম দেবে। [এ ভয়েসঃ দলকে।]

আমরা দেখেছি ১৯৫৫ সালের কয়েকটি ঘটনা আপনার সামনে পেশ করলে আপনি কিছু কিছু অবস্থার গুরুত্ব বুঝতে পারবেন। ৩৭টি কাঁচের কারখানা আছে ; বাংলাদেশে বিশেষ করে হাওড়া অঞ্চলে বেশি। ২০টি কারখানায় অদ্ভুত রকমের বোনাসএর দাবিতে এবং হরতাল ও মারপিটের দরুণ বন্ধ হয়ে যায়। গ্লাস ওয়ার্কাসপএর কারখানার মালিকরা দেউলিয়া ঘোষণা করলেন। ফলে দেখা গেল ৭২০ জন বাঙ্গালী শ্রমিক যারা সেখানে কাজ করত তারা বেকার হয়ে গেল। সেই কারখানা আর খুলল না। তারপর পোলার ফ্যানের কারখানায় দেড়শো লোক কাজ করত, বেহালায় ৪ মাসের বোনাসের দাবী ও মাইনে ১০০ পার্সেন্ট বাড়াতে হবে—এই দাবীতে হরতাল হল। সবই ঐ লাল ঝান্ডার ব্যাপার। এই হরতালের ফল দাঁড়ালো সম্পূর্ণভাবে কারখানাটি বন্ধ। এক বৎসর হয়ে গেল দেড়শো শ্রমিক বেকার হয়ে পথে পথে ঘুরছে।

তারপর ক্রাইড ফ্যান—আর একটা পাখার কারখানা—১১০টি লোক কাজ করে। দাবীর চোটে সে কারখানা একদম উঠে গেল। বঙ্গো স্টীল কারখানায় ৩২০ জন শ্রমিক কাজ করে, এদের বোনাসের দাবীর গুঁতোয় মালিকের গণেশ উল্টে গেল। স্টীল প্রোডাক্টস কারখানায় ২৮০ জন শ্রমিক কাজ করেন। তাদের আন্দোলনের পথে সে কারখানাও বন্ধ হয়ে পড়ে আছে।

[6-5—6-15 p.m.]

আপনার সামনে বেশী হিসাব দিচ্ছি না, সময় কম। ১,৪০০ শ্রমিক এই হিসাবে বেকার হয়ে গেল এবং জীবনে আর ঐখানে কাজ পাবে না। কাজেই নীতি কি? নীতি কি এইরকম যে, এমন দাবি করতে হবে, এমন আন্দোলন করতে হবে, এমন অবস্থা আনতে হবে যাতে কারখানা উঠে যায়, শিল্প উঠে যায়, দেশ জাহান্নমে যায় যাক, কিন্তু শ্রমিকদের হাত করবার অজুহাতে তাদের বেকার করে দেওয়া? আমি তাই বন্ধুদের জিজ্ঞাসা করি যে, এই নীতির, এই প্রসেস এ্যান্ড প্রোসিডিওরএর পরিবর্তন তাঁদের পক্ষে সম্ভব কি না? আমরা দেখেছি ১৯৫৫ সালে ৩৪৭টা স্ট্রাইক হয়েছে। তার মধ্যে ম্যান ডে বলতে যা বোঝায় সেই ম্যান ডে আমাদের যা লস হয়েছে তা হ'ল ২০ লক্ষ ৯৬ হাজার—প্রায় ২১ লক্ষ। মোটামুটি তার মধ্যে বড় হরতাল বলতে বুঝি ৩টা। একটা জয়েন্ট স্টীমার কোম্পানি, একটা টী গার্ডেন—দার্জিলিং ও তরাইএর, আর একটা আমদের বন্ধু বিভূতি ঘোষ মহাশয় যে বিষয় উপস্থাপিত করেছিলেন সেই বাউড়িয়ার চটকলে হরতাল তিনি এখন এখানে নাই—তাঁর কনস্টিটিউয়েন্সিতে বাউড়িয়ায় তিনি খুব জোরগলায় বলেছেন ১২।১৩ দিন হরতাল চলেছে, শ্রমিকেরা ১৮০,০০০ দিন নষ্ট করেছে বা ৬॥ লক্ষ টাকা রোজগার নষ্ট করেছে। এই যে টাকাটা নষ্ট করলে তার হিসাব আমি তাঁর কাছে চাইছি যে কেন তিনি ইন্সটিগেট করে—এইভাবে গরীব শ্রমিকদের ৬॥ লক্ষ টাকা নষ্ট করলেন? আমরা দেখেছি হরতালের ফল কি। বেঙ্গল মেরিনার্স স্ট্রাইকএ আমরা দেখেছি ৬০ লক্ষ চায়ের চেস্ট হেল্ড আপ হয়েছে—আমাদের বাংলার উত্তর অঞ্চল থেকে যে চা বিলাতে চালান যেত। তা থেকে একটা বিরাট আয় ভারত গভর্নমেন্ট পেয়ে থাকেন ; সেই ৬০ লক্ষ চেস্ট আটকে রেখেছিল এবং তা আসাম থেকে আসতে পারে নি। ফলে হল যে, আমরা শুধু যে ভারত গভর্নমেন্ট একটা বড় রেভিনিউ ৪৫ লক্ষ টাকা লুজ করলাম তা নয়, তা ছাড়া শ্রমিকেরা এবং অন্যান্যেরা কিভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে তা খোঁজ নিয়ে দেখেছি। সে হিসাব দিতে গেলে হাউসের টাইম যায়। আমরা দেখেছি যে, এক কাণপুরের হরতালে কি ঘোরতর অবস্থার সৃষ্টি করেছিল, আমরা দেখেছি তা। তাতে ম্যান-আওয়ার্স নষ্ট করেছে ১০·৩ মিলিয়ন ক্লথ ইয়ার্ড ৪॥ কোটি গজ নষ্ট হয়েছে, জুট ইয়ার্ডেজ নষ্ট হয়েছে ৫·৮ মিলিয়ন—অর্থাৎ একটা হরতালে দেশের কিভাবেই ক্ষতি হয়েছে! এজন্য ত কনসিলিয়েশন মেসিনারী আছে, ট্রাইব্যুনালএর ব্যবস্থা আছে, সেইসব যে প্রসিডিওর রয়েছে সেটা এক্সপ্লয়েট না করে এই হরতাল করায় শুধু বিপদ দেশের নয়, শ্রমিকের নয়, সমস্ত জাতিই বিপদগ্রস্ত হয়ে থাকে। আমরা দেখেছি কেন এরকম

হয়। একটা ছোট হিসাব দিলে বুঝতে পারবেন আমাদের এখানে যাঁরা ইউনিয়ন পরিচালনা করেন, বিরোধী পক্ষের কথা বলছি, কি ধরণের ইউনিয়নে কি হয়েছে, কত ইউনিয়ন ক্যানসেল্ড হয়েছে তার হিসাব দিতে পারেন নি। ৩ বার করে ৬ মাস ধরে তাগিদ দেওয়া হয়। কমিউনিস্ট পার্টির যে ইউনিয়ন ১৯৫৪ সালে ক্যানসেল্ড হয়েছে ১৬টা বি-পি-টি-ইউ-সির যে ২৯টা তার হিসাব দিতে পারে নি। ১৯৫৫ সালে বি-পি-টি-ইউ-সির ইউনিয়ন ক্যানসেল্ড হয়েছে যা তার মেম্বারশিপ ১৮৭,০০০। সুষ্ঠুভাবে ইউনিয়ন গঠন করে পরিচালনা করা—সেদিকে তাঁদের লক্ষ্য নাই। তা তাঁরা করতে পারেন না। ফলে হচ্ছে এই যে, ইউনিয়নগুলি রূপ নিচ্ছে শুধু স্ট্রাইক কমিটি রূপে, তা ছাড়া তাদের অন্য রূপ থাকে না। তাই বলব শ্রমনীতি এইরকমভাবে হবে, এই নীতিতে পরিচালনা করতে হবে, যাতে কারখানা বাঁচে, সারা দেশ সমর্থন করে, শ্রমিকদের মঙ্গল হয়, শিল্পের উন্নতি হয়। আমাদের এই যে বাজেট—এই বাজেটের যে অংশ এখানে তোলা হয়েছে তার মোটামুটি উদ্দেশ্য বহুলোকের প্রয়োজনে, তাদের মঙ্গলের উদ্দেশ্যে এই বাজেটের টাকা দেওয়া হয়। আমরা জানি আমাদের এখানে ফ্যাক্টরিতে কাজ করে ৬ লক্ষ ২০ হাজার, প্ল্যানটেশনএ ২ লক্ষ ৩৯ হাজার, আর কোল মাইন্সএ ২ লক্ষ ২০ হাজার। মোট ১০ লক্ষ ৮০ হাজার লোক কাজ করে। তা ছাড়া ল্যান্ডলেস লেবার সম্বন্ধেও বাজেটে প্রভিসন আছে, যদিও সে টাকা খরচ হয় না। তারাও প্রায় ২৮ লক্ষ; অর্থাৎ মোট দাঁড়ায় প্রায় ৪০ লক্ষ। এই এত লোকের ব্যাপার নিয়ে এ জিনিস তো যথেষ্ট নয়, ল' লেস লেবার এ্যান্ড ওয়ার্কিং ক্লাস মোট পশ্চিম বাংলার পপুলেশনএর ১৫ পার্সেন্ট লোকএর দ্বারা উপকৃত হয়। এখানে আমি আপনাদের সামনে একটা হিসাব রাখছি যাতে এই পরিস্থিতি ভাল করে বোঝা যায়। একটা ইনভেস্টিগেশন করা হয়েছে, স্যাম্পল সার্ভে করা হয়েছে আই-এন-টি-ইউ-সির সেক্রেটারিয়েট থেকে যে টোটাল আর্নিং অফ ফ্যাক্টরী ওয়ার্কার্স ২০০ টাকার নীচে যারা কাজ করে—তাদের ৫৩ কোটি ৫০ লক্ষ ৬১ হাজার টাকা। আর সেখানে যারা কাজ করে এবং যাদের ফুল পেমেন্ট দেওয়া হয়েছে তাদের ৭৩ পার্সেন্ট নন-বেঙ্গলী, মাত্র ২৭ পার্সেন্ট বাঙ্গালী কাজ করে। কারখানারও স্যাম্পল সার্ভে করা হয়েছে—টিটাগড়, শ্রীরামপুর, খিদিরপুর ডক অঞ্চলে এবং কিছু কিছু বজ বজ অঞ্চলে—তাতে দেখেছি চটকল, ইঞ্জিনিয়ারিং, ডক, ট্রান্সপোর্টএ পার্সেন্টেজ এই ধরণেরই দাঁড়ায়। অর্থাৎ ৭৩ পার্সেন্ট যারা আছে তাঁরা মোটামুটি ৪০ কোটি টাকা রোজগার করেন এবং এঁরা বাংলাদেশের বাহিরে বসতি করে। তারা রোজগারের ৩ ভাগের ১ ভাগ এখানে খরচ করে এবং রেস্ট এ্যামাউন্ট ২৭ ক্রোরস অফ রুপিজ অন্য স্টেটে চলে যায়। তার মধ্যে বিহারে যায় এ্যাবাউট ২০ ক্রোরস অফ রুপিজ—২০ কোটি টাকা। তা হলে দাঁড়ায় এই যে বাংলাদেশে এত বড় বড় ইন্ডাস্ট্রি থাকা সত্ত্বেও, বাংলা হাইলি ইন্ডাস্ট্রিয়ালাইজড্ হওয়া সত্ত্বেও এখানকার লোকেরা কাজ পায় না; তেমনি এখান থেকে যে টাকা আমদানী হয় তাও সব খরচ এখানে ক'রে উঠতে পারে না। আমরা আনএমপ্লয়মেন্ট রেজিস্ট্রেশনএর যে একটা খতিয়ান তাতে দেখি ১৭৩,৮১৫ জনকে কাজ দেওয়া সম্ভব হয়েছে ১৯৫৫তে। কিন্তু আনস্কিল্ড আর স্কিল্ড হিসাব করলে মোটামুটি বোঝা যায় যে, এখানকার লোক কত, অন্য জায়গার লোক কত, এবং মোটামুটি বলা যায় আনস্কিল্ড লেবার বাংলাদেশে পাওয়া যায় না। আমরা হিসাব করে দেখেছি ১৯৫১ সালে আনস্কিল্ড ৩১ হাজার কাজ পেলে, সেমি-স্কিল্ড পেলে ৫ লক্ষ ১৯ হাজার আর ক্লারিক্যাল স্টাফ ১,৫৯১, তা কমতে কমতে দেশে আনস্কিল্ড ৩ হাজার, ২ হাজার মাত্র সেমি-স্কিল্ড এবং ক্লারিক্যাল স্টাফ দাঁড়ায় ১,৬১৭; অর্থাৎ এমপ্লয়মেন্ট অনেক কম হচ্ছে। এদিকে শ্রমমন্ত্রী মহাশয় দৃষ্টি দিয়েছেন এবং সে সম্বন্ধে তিনি উল্লেখও করেছেন যে, এই পিরিয়ডএ কিছু কারখানাও বেড়েছে। কিন্তু এমপ্লয়মেন্ট বাড়তে পারে নি। আগে ২,৯৩৫টা কারখানা ছিল, সেখানে ১৯৫৫ সালে ৩,১০৩টা হয়েছে অর্থাৎ ১৬৮টা কারখানা বেড়েছে। সে অনুপাতে এমপ্লয়মেন্ট পোজিশন কিছু ইম্প্রুভ করছে না। তা ছাড়া আর একটা বিষয় উল্লেখ করতে চাই, যেটা অত্যন্ত বেশী প্রয়োজনীয়। আমাদের ডিফারেন্সিয়াল ইকনমিক পজিশন তাতে বিশেষভাবে দেখা যায়—আমাদের এখানে মোটামুটি ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন সারা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি। অর্থাৎ ১৬৮; ১৯৪৬ সালের যা তাকে যদি ১০০ ধরা যায় তা হলে সারা ভারতবর্ষের এ্যাভারেজ হয় ১৪৬·৮। এতে বোঝা যায় আমাদের এখানে ন্যাশনাল ইনকাম বেড়েছে ১৮ পার্সেন্ট—সারা ভারতবর্ষে বেড়েছে। এই আন্দাজ যেহেতু আমাদের প্রোডাকসন সবচেয়ে বেশি তাই এই

অনুমান হয়। বোধ হয় একটা জিনিস সবচেয়ে বিবেচনার এবং যেটার সম্বন্ধে প্রস্তাব গ্রহণ করা হয়েছে—সোসিয়ালিস্টিক প্যাটার্ন অফ সোসাইটি—তার এই উদ্দেশ্য হ'ল যে

fundamental idea of democratic socialism is "that all wealth socially produced must in justice be equitably distributed".

এই হওয়া উচিত এখানে। এ সম্বন্ধে সামান্য হিসাবে আপনাকে দেখালাম। আপনি চায়না ঘুরে এসেছেন। আমি তাদের হিসাবপত্র দেখেছি। তাতে দেখছি ৬০ টাকা মাহিনা শ্রমিকদের নিম্নতম বেতন দেওয়া হয়। আর ১,২০০ টাকা সবচেয়ে উঁচুদের অর্থাৎ তাতে অনুপাত দাঁড়ায় ১ : ২০। এ-আই-সি-সি ইকনমিক রিভিউ, মার্চ ১৯৫৬, তাতে এই কথা বলা হয়েছে যে, আমাদের এখানে পাবলিক সেক্টরে লোয়েস্ট হচ্ছে রুপীজ ৫৫ এবং হাইয়েস্ট হচ্ছে রুপীজ ৪,০০০ এবং তার রেসিও দাঁড়ায় ১ : ৭৩ ; আবার প্রাইভেট সেক্টরএ দেখছি—লোয়েস্ট দাঁড়ায় রুপীজ ৪৮—আর ম্যানেজিং ডাইরেক্টর্স—বিড়লাস, টাটাস, সিংঘানিয়াস, ডালমিয়াস, প্ল্যানটেশন ওনার্স প্রভৃতির আয় হচ্ছে রুপীজ ২৭,৬০০ পার মান্থ। উইথ এ্যামেনিটিজ দাঁড়ায় ১ : ৬০০ —অর্থাৎ এই হিসাবে দাঁড়ায়—৬০০ টাইম্‌স।

[6-15—6-25 p.m.]

ফল দাঁড়ায় নিম্নতম ও উর্ধ্বতম পার মান্থএ ৬০০ টাইম্‌স। আমি আপনার মাধ্যমে এই বিষয়ে কিছু বলতে চাই ; এই ইকুইটেবল ডিস্ট্রিবিউশনএর প্রতি আমাদের অত্যন্ত নজর দেওয়া প্রয়োজন। ইকুয়িটি যদি না হয় তাহলে অসম্ভব হবে অবস্থা আমাদের দেশে। আমি দেখছিলাম আমাদের এখানে আর ওখানে, চীনায় এ্যাভারেজ ইনকাম হচ্ছে

in rural sectors in China average income is Rs. 20 per month—

চায়নার পেজান্টদের ২০ টাকা, আর আমাদের এখানে দেখছিলাম, ভারতবর্ষে ২৪·২২ রুপীজ। ইন্ডিয়া ১৯৫৫, পেজ ১১১এ স্যাম্পল সার্ভে করেছিল ইকনমিক সার্ভে কমিটি থেকে তাঁরা বলেছেন। আমরা দেখছিলাম যে, পাবলিক সেক্টরএই ১৬৬·৬ টাইমস রুরালএ যারা বসবাস করে তাদের আন্দাজে। আর তার কম্প্যারিসন যদি প্রাইভেট সেক্টরএ টানা হয় তা হলে ১,১৪৫ গুণ। অর্থাৎ ১,১৪৫টি চাষী ইজ ইকোয়াল টু একজন ম্যানেজিং ডাইরেক্টর কোন কোম্পানির। অর্থাৎ আমরা দেখছিলাম যে, কাকা সাহেব গ্যাডগিল গত বৎসর পার্লামেন্টে এক বক্তৃতায় বলেছিলেন হিসাবপত্র দিয়ে যে,

"1,500 families earn 10 per cent. of the total national income of India, One hundred and sixty-one people earn 4 crores 44 lakhs rupees."

এটা হচ্ছে

Kaka Sahib Gudgil's budget speech in Loka Sabha on 19th March 1955.

এতে দেখা যায় এই,

neither the intelligence nor the ability difference between those who have the highest income fulfils this abnormally wide gulf.

এর কোনরকম এক্সাম্পল দেওয়া যায় না। কাজেই এই দিকে দৃষ্টি দিয়ে আমি বলতে চাই যে, আমাদের দেশে যে-কোন ফাইভ-ইয়ার প্ল্যান করতে যা আমরা বলব এবং যে স্যাক্রিফাইস আমরা ডিম্যান্ড করব ফ্রম দি ওয়ার্কিং ক্লাস পিপল, তার আগে আমরা যেন এই এ্যাসিওর করতে পারি এই গ্যারান্টি দিতে পারি আমাদের জনসাধারণকে, আমাদের জনসমাজকে যে ইকুইটি হবে এবং যে ওয়েল্‌থটা আমরা প্রোডিউস করব সেই ওয়েল্‌থটা রিডিস্ট্রিবিউটেড হবে এবং এইখানে যে বিরাট গাল্‌ফ, যে বিরাট ডিফারেন্স রয়েছে ইনকামএর তার উপর সিলিং হবে যাতে সেই ইনকাম টেনে এনে আমরা নীচু স্তরের লোককে দিতে পারি। শুধু তেলা মাথায় তেল না পড়ে যাদের রুক্ষ মাথা তাদেরও মাথায় যেন আমরা তেলের ফোঁটা দিতে পারি তাহলেই আমার মনে হয় এইদিক দিয়ে শ্রমিকশ্রেণীর শুধু উপকার নয়, যে গাল্‌ফ অফ ডিফারেন্স আমরা লেবারকেও করে দিচ্ছি ফ্রম দি রুর্যাল সেক্টর—এও একটা পিকিউলিয়ার ইকনমি আমরা

ক্রিয়েট করতে যাচ্ছি ; একটা শ্রমিক ১৩০—৪০ টাকা মাইনে পায় আর তার ভাই গ্রামে চাষ করে, সে ২৪ থেকে ২৫ টাকা মাইনে পায়। কাজেই আমি বলব রুর‍্যাল সেক্টর আর্বান সেক্টর এবং আমাদের ইকনমির উপর স্তরে যাঁরা আছেন এর ভিতরে সাম্য আসা দরকার। সে সাম্য না আসলে সোস্যালিস্টিক প্যাটার্ন অফ সোসাইটি যাকে আমরা বলতে চাচ্ছি, চেষ্টা করছি দ্যাট উইল বি এ ড্রিমল্যান্ড, তা আমরা কোনদিনই করে উঠতে পারব না। এই অনুরোধ আমি এরই মাধ্যমে আপনার সামনে রাখতে চাই।

Dr. Kanailal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, বিবিধ খাতে শ্রমদপ্তরের খাতে যে ব্যয়বরাদ্দ হয়েছে, সে সম্বন্ধে আমি ২।৪টা কথা বলতে চাই। যদিও মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের প্রত্যেক বৎসরে বলে আসছেন—এই বিবিধ খাত থেকে শ্রম-দপ্তরের ব্যয়বরাদ্দ আলাদা করে দেবেন কিন্তু আমাদের টার্মএর শেষ বৎসরেও আমরা তা দেখতে পারছি না। আশা করি পরের বৎসরে নূতন যাঁরা আসবেন তাঁরা অন্ততঃ দেখতে পাবেন। মাননীয় স্পীকার মহাশয়—শ্রদ্ধেয় কালী মুখার্জি এইমাত্র ২।৪টা কথা বললেন—আমি তার ২।৪টি কথার জবাব দিতে উঠেছি। হ্যাঁ, আমরাও চাই। হাঁসকে মেরে ফেলে তার পেট থেকে ডিম বের করা উচিত নয়। কিন্তু হাঁস বলতে তিনি যা বোঝেন, আমাদের দৃষ্টিভঙ্গি তা থেকে পৃথক। তিনি এই হাঁস বলতে মালিকদের বোঝাচ্ছেন। কিন্তু আমরা মনে করি শিল্পে যদি কারও দায়িত্ব থাকে প্রোডাকশন বাড়াবার সেই দায়িত্ব সম্পূর্ণ শ্রমিকদের। তাদের জীবনযাত্রার মান যদি বাড়ান যায়, তাদের আয় বৃদ্ধি করা যায়, তাহলে শিল্পে শান্তি আসবে এবং সঙ্গে সঙ্গে উৎপাদনও বৃদ্ধি পাবে। শ্রীকালী মুখার্জি অনেকগুলি শ্রমিক স্ট্রাইক, লক-আউট ও ধর্মঘটের কথা বলেছেন, তার জন্য আমি মনে করি, যারা ইউনিয়ন পরিচালনা করে, তাদের চেয়ে বেশি দায়ী সরকারের শ্রম দপ্তর। কেন—সেই কথা আমি আপনার সামনে বলছি। কারণ শিল্পে শান্তি আসুক—প্রোডাকশন বেশি হোক, শ্রমিকদের মাইনে বাড়ুক ; এটা সরকারও চান, আমরাও চাই। এবং তার জন্য কেন্দ্রীয় সরকারের ১৯৪৭ সালে শিল্প-বিরোধ আইন রচিত হয়েছিল এবং সেই অনুযায়ী আমাদের দেশের শ্রমিকদের ও মালিকদের সম্বন্ধ রচিত হয়। কিন্তু সেই শিল্প-বিরোধ আইন যেভাবে আজ রূপায়িত হয়েছে, অর্থাৎ সরকার যেভাবে সেটা এক্সিকিউট করেন, তদ্বারা তাদের মালিক-ঘেঁষা নীতি খুব ভালভাবে প্রকট হয়ে উঠেছে এবং স্পষ্ট হয়ে উঠেছে। তার ফলে দেশের মধ্যে শিল্পে অশান্তি দেখতে পাচ্ছি এবং শ্রমিক ও মালিকের বিরোধ আরও বেড়ে গিয়েছে এবং স্ট্রাইক, লক-আউট প্রভৃতি ক্রমশঃ বেড়ে যাচ্ছে। আমি মনে করি এই আইনটা যদি সরকার যথাযথভাবে এ্যাপ্লাই করতেন, তাহ'লে দেখা যেত অনেক সমস্যারই সমাধান হয়েছে। সেই আইনের মধ্যে দেখতে পাচ্ছি শ্রমিক ও মালিকের মধ্যে যদি বিরোধ হয়, তাহলে সেই বিরোধ সরকার ট্রাইব্যুনালএ পাঠাতে পারবেন। এই ট্রাইব্যুনালএ পাঠানোর ব্যাপারে সরকারী দপ্তরে যে কতদিন ফাইল পড়ে থাকে তার ঠিক-ঠিকানা নেই। তারপর যখন ইস্যু ফ্রেম করা হয়, সেই সময় শ্রমিকদের মুখের দিকে চেয়ে করেন না, তা বেশির ভাগ সময় মালিকদের মুখের দিকে চেয়ে করা হয়—যার জন্য অনেক ক্ষেত্রে দেখা যায় যে, ভালভাবে ইস্যু ফ্রেম করা হয় নি বলে শ্রমিকরা হেরে গেল। তার পর কন্সিলিয়েশন অফিসারদের হাতে বিশেষ কোন ক্ষমতা এই আইনে দেওয়া হয় নি। সরকার পক্ষ থেকে সেই ধরণের কোন আইন তৈরি করা হয় নি, যার ফলে লেবার কমিশনার্স আফিসে, লেবার কমিশনারদের কাছে কোন কেস কন্সিলিয়েশনএর জন্য পাঠালে তারা মালিক ও শ্রমিকদের ডেকে পাঠান এবং তাদের মধ্যে আপোষ হল ত হল—আর না হলে তাদের চাপ দিয়ে বিশেষ কিছু করার ক্ষমতা তাদের নেই। আমরা জানি—সেখানে অনেক অফিসার আছেন যাঁরা সত্যই চেষ্টা করেন একটা আপোষ করে দিতে, কিন্তু যেহেতু তাঁদের হাতে কোন ক্ষমতা নাই, সেইজন্য তাঁরা শেষ পর্যন্ত কিছুই করতে পারেন না—যার ফলে দেখা যায়—একটা কেস যখন ট্রাইব্যুনালএ গেল এবং যখন বলা হয় যে, ট্রাইব্যুনালএর এই কেস তাড়াতাড়ি নিষ্পত্তি করা উচিত, তখন দেখা যায় যে, এক বৎসর দেড় বৎসর পর্যন্ত এই কেস-গুলি পড়ে আছে। মাননীয় মন্ত্রীমহাশয় হিসাব দিয়েছেন, যে ৩৮৮টি কেস ট্রাইব্যুনালএ পাঠান হয়েছে তার মধ্যে ৩২০টি নিষ্পত্তি হয়েছে। কিন্তু তিনি আমাদের কাছে বলেন নি —এই ৩৮৮টি কেস কতদিন আগে গিয়েছিল এবং কতদিন ধরে পড়ে আছে। যদি আমরা গড়পড়তা হিসাব দেখি—তাহলে দেখব যে, প্রায় ৬০।৬৫ কেস বৎসরে পড়ে থাকে। আমরা

দেখছি একটা কেস ট্রাইব্যুনালএ গেলে এক বৎসরের বেশি সময় লাগে। মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে, ট্রাইব্যুনালএর জজ-সংখ্যা বাড়িয়েছেন—৬টা থেকে ৭টা করেছেন। সত্যি এই আইন যদি ভালভাবে চালু করতে হয়, শিল্পে শান্তি যদি আনতে হয়, তা হলে ২।১টা জজ বাড়ালে হবে না, ট্রাইব্যুনালএ আরও বেশি জজ বাড়াতে হবে। আইনে নির্দেশ আছে যে, কন্সিলিয়েশন অফিসারকে ১৪ দিনের মধ্যে কন্সিলিয়েশন ফিনিশ করতে হবে। কিন্তু কোন কেসএই তা আজ পর্যন্ত হয় নি। মন্ত্রীমহাশয় একটাও উদাহরণ দেখাতে পারবেন না যে, ১৪ দিনের আগে শেষ হয়েছে। ১৪ দিন ত দূরের কথা খুব তাড়াতাড়ি হলেও ৫।৬ মাস লাগে। আমি একটা বিষয়ে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই—তিনি তার জবাব দেবেন যে, শিল্প বিরোধ আইনে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট, ১৯৪৭—তার ৩৩ ধারায় আছে যে, যখন কোন কন্সিলিয়েশন প্রসিডিংস ট্রাইব্যুনালএ চলবে। তখন কোন মালিক, কোন শ্রমিককে ছাঁটাই করতে পারবে না। যদি করেন, ৩৩(এ) অনুযায়ী সেই শ্রমিক ট্রাইব্যুনালএ দরখাস্ত করতে পারবে এবং ট্রাইব্যুনাল ৩৩ ধারা অনুযায়ী যদি সেই মালিক অন্যায়ভাবে সেই শ্রমিককে ছাঁটাই করে থাকে—তা হলে সেই ৩১ ধারা মতে—সেই শ্রমিকের পুনর্নিয়োগের আদেশ দিতে পারবেন।

[6-25—6-35 p.m.]

এবং যদি তিনি পুনর্নিয়োগের আদেশ দেন এইভাবে যদি তিনি অন্যায় করেন তা হলে আইনের ৩৪ ধারা অনুযায়ী অফেন্সএর কগনিজান্স নেবে। এই যে অফেন্স তাঁরা করলেন ৩৩ ধারা অনুযায়ী, এই অফেন্সএর কগনিজান্স গভর্নমেন্টকে নিতে হবে ৩৪ ধারা অনুযায়ী এবং কগনিজান্স নিয়ে সেই মালিকের বিরুদ্ধে কেস করতে হবে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি এতগুলি কেস হয়ে গেছে, হাজার হাজার কেস হয়ে গেছে, যেখানে মালিক অন্যায়-ভাবে ছাঁটাই করেছে ৩৩(এ) ধারা অনুযায়ী শ্রমিকরা দরখাস্ত করেছে, ৩১এর ধারা অনুযায়ী ট্রাইব্যুনাল এ্যাওয়ার্ড দিয়েছে কিন্তু ৩৪ ধারা অনুযায়ী একটা কেসও কগনিজান্স নেন নি। এবং কোন মালিককে আজ পর্যন্ত কোর্টএর সামনে উপস্থিত করেন নি—এ বিষয়ে মন্ত্রী-মহাশয় নিশ্চয়ই একটা উদাহরণও দেখাতে পারেন না। কাজেই সেদিকে দৃষ্টি দিয়ে আমি বলছি এই আইন সম্পূর্ণরূপে আমাদের সরকার মানেন না। মানেন কোন্ ক্ষেত্রে? যেক্ষেত্রে শ্রমিকদের উপকার হবে না এবং শ্রমিকদের কল্যাণ হবে না। তাঁরা মালিকদের স্বার্থের প্রতি দৃষ্টি দেন এবং সেভাবেই মানবার চেষ্টা করেন। আমার আর একটা বক্তব্য, যেসমস্ত ট্রাইব্যু-নাল এ্যাওয়ার্ড দেয় সেটার ইমপ্লিমেনটেশনএর ব্যাপারে। বেশির ভাগ ক্ষেত্রেই দেখা যায় যে, সমস্ত ট্রাইব্যুনাল এ্যাওয়ার্ড দেয় মালিকরা তা ইমপ্লিমেন্ট করছে না এবং তার জন্য আমাদের মন্ত্রী মহাশয় বললেন গত বছর নাকি এরকম ১২টি কেস যেগুলি নাকি ইমপ্লিমেন্টেড হয় নি, সেইরকম ১২টি কেসএ প্রসিকিউশন অর্ডার দেওয়া হয়েছে। তিনি আমাদের কাছে বলেন নি সত্যিই কটা প্রসিকিউশন হয়েছে এবং সেই প্রসিকিউশনএ কটা মালিকের সাজা হয়েছে। আশা করি মন্ত্রীমহাশয় যখন উত্তর দেবেন তখন সেই তথ্য আমাদের সামনে রাখবেন। আমি নন-ইমপ্লিমেন্টেশন কেসএর দুটোর উদাহরণ আপনার সামনে দিচ্ছি—এক হচ্ছে হাওড়ার বার্ন কোম্পানি যার মালিক হচ্ছেন স্যার বীরেন তাঁর কোম্পানিতে তার কর্মচারী ক্লারিক্যাল এবং সাব-স্টাফএর যে ইউনিয়ন আছে সেই ইউনিয়নএর সঙ্গে ডিসপিউট হলে ট্রাইব্যুনালএ যায়, ট্রাইব্যুনালএর এ্যাওয়ার্ড বেরুল, সেই এ্যাওয়ার্ড এ্যাপেলেট ট্রাইব্যুনালএ গেল। সেই এ্যাপেলেট ট্রাইব্যুনাল অর্ডার দিলেন—সেই অর্ডার অনুযায়ী শ্রমিকরা যা যা পেল সেগুলির বিরুদ্ধে মালিক সুপ্রীম কোর্টএ এ্যাপীল করল। শ্রমিকদের পে-স্কেল রিভাইজড হল নীচের এ্যাপেলেট ট্রাইব্যুনালএর এ্যাওয়ার্ড অনুযায়ী এবং বোনাসও কিছু বেশি পেল এবং দুজন ওয়ার্কারএর রিইনস্টেটমেন্ট হল। এর বিরুদ্ধে মালিক সুপ্রীম কোর্টএ এ্যাপীল করল. সুপ্রীম কোর্ট দুটি পয়েন্টএ স্টে দিল। একটা হচ্ছে

revision of pay scale of clerical staff and sub-staff.

আর একটা হচ্ছে বোনাস। অন্য কোন বিষয়ে স্টে দিল না এবং গ্রেডিং অফ সরকার্স এ্যান্ড চেকার্স বিষয়ে মালিক তরফে কোন এ্যপীলও করেন নি এবং সুপ্রীম কোর্টও সে বিষয়ে কিছু

দেন নি। অথচ মালিক এ বিষয়টা ইমপ্লিমেন্ট করছেন না। এই ব্যাপারে ইউনিয়ন, মন্ত্রী-মহাশয়ের দৃষ্টিগোচর করেছেন কিন্তু আজ পর্যন্ত বিশেষ কিছু হয়ে উঠল না এবং আজ পর্যন্ত সরকার্স এ্যান্ড চেকার্সদের গ্রেডিং হল না। এই ব্যাপারে এ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার, হাওড়া, নোট দিয়েছেন যে, মালিককে প্রসিকিউট করা উচিত—সে বিষয়ে আজ পর্যন্ত লেবার ডিপার্টমেন্ট থেকে কোন অর্ডার আসে নি। আমি জানি স্যার বীরেনের কোম্পানিকে প্রসিকিউট করতে তাঁরা যথেষ্ট ভয় পান, তাহলে আমি বলব এই ধরণের দুর্বল নীতি নিয়ে যদি তাঁরা চলেন তাহলে শ্রমিকদের কল্যাণ কিছুতেই হবে না। সঙ্গে সঙ্গে আমি আর একটা কেস আপনার সামনে তুলে ধরতে চাই—সেটা হচ্ছে দাশনগর ইন্ডিয়া মেসিনারীর মজদুরদের ব্যাপারে। গত এক বছর আগে যে ট্রাইবুনাল, সেই ট্রাইবুনাল অনুযায়ী যেসমস্ত মাগ্‌গী ভাতা ছুটি ইত্যাদি যেসমস্ত রিলিফ ট্রাইবুনালএর এ্যাওয়ার্ড অনুযায়ী শ্রমিকেরা পেয়েছিল সেইসমস্ত এ্যাওয়ার্ড আজ এক বছর ধরে মালিক ইমপ্লিমেন্ট করছে না। সরকারী শ্রম দপ্তরের দৃষ্টি-গোচর করা হয়েছে কিন্তু আজ পর্যন্ত গত ১০ মাস ধরে শ্রম-দপ্তর কোন স্টেপ নিলেন না—আমি এ বিষয়ে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Sj. Antoni Topno Munda :

মাননীয় সভাপাল মহোদয়, আপকে সামনে মে চায় বগান কে শ্রমিকো কে সংবধ মে কুছ বাতে পেশ করনা চাহতা হুং। ইন শ্রমিকোঁ মে প্রায়: ৭০-৮০ প্রতিশত Tribal হৈং। স্বাধীনতা কে পহলে বহা কে পুরুষ শ্রমিকোঁ কো চার আনা, স্ত্রিয়োঁ কো তীন আনা ঔর বচ্চোঁ কো ছ: পৈসা দিন কে হিসাব সে কাম দিয়া জাতা থা ঔর অব পুরুষোঁ কো ১রু০ ১১আ০ ৬ পা০, স্ত্রিয়োঁ কো ১রু০ ৯আ০ ৬পা০ ঔর বচ্চোঁ কো ১৫ আনা কে হিসাব সে মিলতা হৈ। ফির ১৯৫৩-৫৪ কা bonus পুরুষোঁ ঔর স্ত্রীয়োঁ কো ১৩০ রুপয়ে ঔর বচ্চোঁ কো ৬৫ রুপয়ে দেনে কী বাত হুই হৈ। ইসমেঁ সে আধা ২/৩ February মেঁ দিয়া গয়া হৈ ঔর আধা ১/৩ September মেঁ দিয়া জাএগা। যহ হমারী সরকার নে বড়া কাম কিয়া ঔর ইসকে লিয়ে মৈ শ্রম মংত্রী কো ধন্যবাদ দেতা হুং।

স্ত্রিয়োঁ কো প্রসুতী ভত্তা মিলতা হৈ। যহ ভত্তা প্রসুতী কে ৬ সপ্তাহ পহলে সে লেকর প্রসুতী কে ৬ সপ্তাহ বাদ তক দিয়া জাতা হৈ। স্পীকর মহাশয়, মেরা অনুরোধ হৈ কি প্রসুতী কে বাদ জো ৬ সপ্তাহ মিলতা হৈ বহ চার মহীনা দিয়া জায়। অফসোস কী বাত হৈ কি ৬ সপ্তাহ কে বচ্চে কো লেকর ধূপ, বর্ষা তথা ঠণ্ড মেঁ কাম করনা পড়তা হৈ জিসসে বচ্চা বীমারী কা শিকার বন জাতা হৈ। ঔর বহুত বগান মেঁ creche বনায়া গয়া হৈ পর কেবল নামমাত্র কে লিএ। ইসলিএ ইস ওর ভী সরকার কো ধ্যান দেনে কো অনুরোধ করতা হুং। স্পীকর মহাশয়, বগান বগান মেঁ Hospitals হৈং পর Emergency Cases মেঁ জো দবাইয়াং দরকার হোতী হৈ বহ দবাইয়াং বহাং নহীং রখী জাতী হৈং, ইস তরফ ভী মৈং শ্রম মংত্রী কী দৃষ্টি আকৃষ্ট করনা চাহতা হুং। ঔর ইন Hospitals মেঁ জো রোগী রখে জাতে হৈং উনকো অচ্ছা খানা নহীং মিলতা হৈ, ইসলিএ ইস তরফ ভী সরকার কো দেখনা চাহিএ।

চায় বগান মেঁ বচ্চোঁ কে লিএ জো School দিয়া গয়া হৈ বহাং পর শিক্ষক কম হৈং জিসকে কারণ শিক্ষা অচ্ছী নহীং হোতী হৈ মৈং সরকার সে অনুরোধ করুংগা কি বহ ইস ওর ভী দৃষ্টি দে ঔর শিক্ষকোং কা সংখ্যা বড়ায়া জায়। ঔর সরকার নে জো নিয়ম কিয়া হৈ কি ১২ বর্ষ কে কম বচ্চোঁ কো কাম মেঁ ন লিয়া জাএ বহ নিয়ম মালিক লোগ নহীং মান রহে হৈং ঔর ৮, ১০ বর্ষ কে বচ্চোঁ কো ভী চায় বগান মেঁ কাম মেঁ লিয়া জাতা হৈ। ইস তরফ ভী সরকার কো ধ্যান দেনা চাহিএ।

ঘর জো বন রহা হৈ বহ জল্দী নহীং হো রহা হৈ পর আশা কিয়া জাতা হৈ কি জল্দী ঘর বন জায়গা।

बगान में जो clerks काम करते हैं, वह जो काम अच्छा करते हैं उनको शीघ्र ही Assistant Manager का chance दिया जाय।

स्पीकर महाशय, अंत में मैं यह कहना चाहता हूं कि Tribal के उन्नति के लिए केन्द्रीय सरकार जो grant देती है इसमें वृद्धि किया जाय, मैं आशा करता हूं कि सामने वर्ष और ज्यादा दिया जायगा।

इन शब्दों के साथ मैं श्रम मंत्री के demand का समर्थन करता हूं।

[6-35—6-45 p.m.]

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

माननीय स्पीकार, स्यार, कंग्रेस पक्षेर श्रीकाली मुखार्जि महाशय एकटा भयेर कथा बलेछेन। छोट छोट कारखाना केन बन्ध हये याच्छे एटा एकटा सत्याई समस्यार ब्यापार। आमि मन्त्री कालीपद मुखार्जिके जिज्ञासा करि, आज पर्यन्त कतगुलि छोट कारखानार कन्सिलियेशन हयेछे एवं ट्राईबुनालএ बिचार हयेछे, सेई बिचार येखाने मालिक माने नि ताके मानाबार जन्य तांर दप्तर कि ब्यबस्था करेछेन? तिनि अवश्य बलेछेन कन्सिलियेशन आछे, ट्राईबुनाल आछे। किन्तु आमरा देखेछि एई समस्त छोट छोट कारखानागुलि नष्ट हये याच्छे, तार पिछनेर कारण हच्छे, श्रमिक एई अपदार्थ कंग्रेस सरकारेर श्रमनीति मानते पारे ना। तादेर बिश्वास एई श्रमनीतिर उपर नेई। तार जन्य तारा चरम पथ ग्रहण करे एवं ठिक सेई समय मन्त्री काली मुखार्जिर ये दल आछे आई-एन-टि-इउ-सि—यांर सङ्गे तुलना चले एयामेरिकान गयाङ्स्टार्सदेर सङ्गे—तादेर नेता ও कर्मीरा मालिकदेर काछे उपस्थित हये बले, एई श्रमिक आन्दोलन आमरा दमन करब। तार फले आमरा देखते पाई छोट छोट शिल्पेर यारा मालिक तादेर काछ थेके टाका निये पुलिशेर सङ्गे योगायोग करे बिचार बिभागेर सङ्गे योगायोग करे टेररএর राजत्व सृष्टि करेन एई मन्त्री कालीबाबुर चेलाचामुण्डारा। श्रमिक आन्दोलनेर मेरुदण्ड नष्ट करे दिये कारखानाय लालबाति জ্বালাते এ'राई बाध्य करेन एवं लालबाति জ্বালার पर यखन तांदेर पकेटे टाका पड़े गियेछे तारपर ওদিকে यान ना। सुतरांং श्रममन्त्रीर श्रमिक-नीतिटा ये कि, श्रमिकदेर काछे परिष्कार हये गेछे। छोट छोट कारखानार येसमस्त श्रमिक तादेर जन्य एई श्रममन्त्री मिनिमाम ওয়েজএর ब्यबस्था करेछेन कि? एक एकटा कारखानाय श्रमिकरा ১৫ टाका मास माहिनाय काज करे सेटा मन्त्रीमहाशय जानेन कि? सुतरांং श्रमिक भावे, श्रममन्त्रीर अपदार्थताई एई कारखानागुलि नष्ट हये याबार जन्य दायी। तारपर बन्धुबर श्रीमान कालী मुखार्जि अनेक कथाई बललेन। मने हच्छिल চেম্বার অফ কমার্সএর ডাইরেক্টর্স মিটিংএ ডাইরেক্টর বোর্ডএর চেয়ারম্যান বোধ হয় श्रमिक सम्बन्धे येमन तांर कथा बलतेन तेमनि हिज मास्टार्स भयेस कालीबाबुও आमादेर एई सभाय सेई कथाई बलछेन। दुई कालीबाबुर ये दल आई-एन-टि-इउ-सि तारा येभाबे काज करे सेटा मोटेई सङ्गत पन्थाय नय। श्रममन्त्री यदि दृढ़ हतेन दुर्बलचेता ও स्वार्थसन्धी ना हतेन ता हले बोध हय एईसब हत ना। तार कारण, एई ये टेरर सृष्टि सर्वत्र करा हय आमरा जानि मन्त्री कालीबाबु तार पिछने आछेन। आमि जानि बेलेघाटाय दाङ्गाहाङ्गामा हल, लुठपाट हल सेखाने शत शत श्रमिकदेर बाड़ीघर জ্বালিয়ে দেওয়া হল। মৎস্যমন্ত্রী হেমবাবুর বাড়ীর সামনে এই ঘটনা ঘটল, তার ফলে দেখলাম আপনাদের পুলিসী ব্যবস্থা। যারা লুঠপাট করল আজ পর্যন্ত তাদের কিছু হল না, কিন্তু ওখানে যারা শ্রমিক আন্দোলন করত তাদের সকলকে ধরে নিয়ে যাওয়া হল। এদের ধরে নিয়ে যাওয়ার জন্য পুলিশ অফিসার যিনি ছিলেন তিনি আপনার কথা মানতে রাজী হলেন না বলে তাঁকে সেখান থেকে ট্রান্সফার করা হল এবং নতুন অফিসার আমদানী করা হল। তাই বলছি শ্রমমন্ত্রীর শ্রমিক-নীতি সুষ্ঠু হতে পারে না, তার কারণ হচ্ছে শ্রমমন্ত্রী মালিকের সঙ্গে সহযোগিতা করে চলেন। বিড়লা ফ্যাক্টরীতে তাঁর একজন আত্মীয় কাজ করেন—যখন তিনি মন্ত্রীর গদী পেলেন না তখন কিছু সময়ের জন্য তাঁকে বরখাস্ত করা হয়েছিল। যে মুহূর্তে তিনি গদী পেয়েছেন তখনই তাঁকে ফের নিয়োগ করা হয়েছে। হিন্দ মোটর্সএ তাপস মুখার্জি চাকরি করছেন—তাঁর কোন

ফিল্ড ডিউটি নেই তবুও তাঁকে রাখা হয়েছে। তাঁর যে কোয়ালিফিকেশন থাকা দরকার তাও নেই। তারপর সনৎ মুখার্জি মন্ত্রীমহোদয়ের ভাইপো—তাঁর পার্সোন্যাল এ্যাসিস্ট্যান্ট ছিলেন —সেন্ট্রাল ক্যালকাটা কংগ্রেস, এবং পশ্চিমবঙ্গ প্রাদেশিক কংগ্রেস কমিটির সদস্যও বটে। সরকারী চাকুরি করছেন, রাজনৈতিক প্রতিষ্ঠানে যোগদান নিষিদ্ধ থাকা সত্ত্বেও তিনি স্টেট ইন্সিওরেন্সএ এন্টালী রিজিওনাল অফিসে মোটা মাহিনার চাকুরি করছেন এবং এই শ্রমমন্ত্রী মহাশয়ই হচ্ছেন এই ইন্সিওরেন্সএর লোক্যাল কমিটির চেয়ারম্যান। সুতরাং স্টেট ইন্সিওরেন্স ভাল হতে পারে না। আরও কতকগুলো কাজ করেছেন—যেমন ধরুন, যিনি মন্ত্রীমহাশয়ের পার্সোন্যাল এ্যাসিস্ট্যান্ট ছিলেন, তাঁর নাম শ্রী ডি এন পাল। তিনি হাওড়াতে বদলি হয়ে গেলেন ম্যাজিস্ট্রেট হয়ে। সেখানে ৬১নং রুটএ মন্ত্রীমহাশয়ের বেনামীতে বাস করে দিলেন। বেলেঘাটায় কাদাপাড়ায় আপনার ভাইপো বলে কথিত কালিদাস চ্যাটার্জি সেখানে আই-এন-টি-ইউ-সি অর্গ্যানিজেশন করছেন, শ্রমমন্ত্রীর গাড়ী সেখানে যাতায়াত করে থাকে। লক্ষ্মী জুট মিল্‌সএর সামনে মন্ত্রীমহাশয়ের গাড়ী দাঁড়িয়ে থাকতে দেখা গেছে, তার ফটো পর্যন্ত আমার কাছে আছে। তারপর তিনি যে দলকে পুলিসের কাজে অযথা হস্তক্ষেপ করে রক্ষা করেন এবং সমস্ত দুষ্কৃতি তিনি যাদের টেলিফোন মারফৎ পরিচালনা করেন তার যথেষ্ট প্রমাণ আমাদের হাতে আছে। শ্রীঅমল রায়, যিনি সেক্রেটারী বেনেপুকুর মণ্ডল কংগ্রেসের এবং মধ্য কলিকাতার কংগ্রেস সদস্য, অখিল মুখার্জি, রিটায়ার্ড কম্পাউন্ডার অফ ক্যালকাটা কর্পোরেশন—এই সমস্ত আপনার পার্টির লোক। তাদের বেলেঘাটায় লেবার ওয়েলফেয়ার সেন্টারগুলিতে কাজ দিয়েছেন। স্বয়ং মন্ত্রীই যদি দল গড়বার জন্যে এই সমস্ত কাজ করেন তাঁর ক্ষমতার সুযোগ নিয়ে তাহলে শ্রমিকরা সেই স্বজনপোষক দলীয় মনোবৃত্তিসম্পন্ন মন্ত্রীর কাছ থেকে কি আশা করতে পারে? সুতরাং তাঁর যে শ্রমনীতি তা কখনই শ্রমিকদের কল্যাণ করতে পারে না।

[6-45—6-55 p.m.]

Janab A. M. A. Zaman:

মিঃ স্পীকার, স্যার, আমার তো আসতে আসতে পাঁচ মিনিট সময় চলে গেল। সুহৃদ মল্লিক চৌধুরী যে স্ট্রাইকের কথা বলে গেলেন—তার সম্বন্ধে দু-একটা কথা বলব। সেখানে লক্ষ্মী দাসকে পেট্রল ঢেলে তাকে পোড়ানো হল। যখন সে পুকুরের পাড়ে লাল ঝাণ্ডা হাতে নিয়ে গিয়েছিল, তখন তাকে সেখান থেকে ধরে এনে লাথি মারল। কিন্তু এটা সম্বন্ধে সুহৃদ-বাবু কিছু বললেন না।

আজকে তারা এখানে ওয়েলফেয়ারএর কথা বলেছেন, কালীবাবুর ভাইপো ট্রেড ইউনিয়ন করছে। এটা কি নিষেধ আছে যে, একজন মন্ত্রী হ'লে তাঁর কোন আত্মীয় ট্রেড ইউনিয়ন করতে পারবে না? সুহৃদবাবু এম-এল-এ হয়েছেন বলে তাঁর ভায়েরাও কি সবাই এম-এল-এ হয়ে রয়েছেন? তাঁদের কেউ কেউ অন্যান্য কারবারও করছেন? কাজেই আমি বলতে চাই—আমার টাইম খুব অল্প, যেসমস্ত কথা নিয়ে এখানে আলোচনা হল। এইভাবে আই-এন-টি-ইউ-সির উপরে। আমরা যারা ট্রেড ইউনিয়ন করি, তাদের উপর আক্রমণ করা হয়েছে, বিশেষ করে জুটের কথা বলা হয়েছে। এর আগে বজবজ এবং হাওড়াতে যে স্ট্রাইক-গুলো হয়েছিল স্টেট ইন্সিওরেন্সএর ব্যাপার, সেখানে স্ট্রাইকগুলি কারা করেছিল? ৭২ ঘণ্টা সেখানে ম্যানেজারকে ঘেরাও করে আটকে রাখা হয়েছিল, কাউকে যেতে দেয় নি। কেননা, স্টেট ইন্সিওরেন্স চালু হবে। অথচ তাঁরাই আমাদের কাছ থেকে সই করিয়েছিলেন স্টেট ইন্সিওরেন্স চালু করবার জন্য। এটা এসেমব্লি প্রসিডিংসএ রয়েছে। কাজেই আপনার মাধ্যমে বলতে চাই তাঁরা এখানে একটা কথা বলেন, আবার শ্রমিকদের কাছে গিয়ে অন্য কথা বলেন, অন্যদিকে তাদের ক্ষেপিয়ে দেন। আজকে আই-এন-টি-ইউ-সি আছে বলেই দেশে শান্তি এসেছে, শ্রমিকদের মধ্যে পীস এসেছে।

তারপর কেশোরামের কথা তাঁরা বলেছেন। এখানে দিবাকর নামে একজন মিস্ত্রী, তাদের দলে যায় নি বলে কারখানা থেকে বেরিয়ে আসবার সময় তাকে ছোরা মারা হয়। সেই ছোরা মারার পর পুলিশ সেখানে কয়েকজন লোককে এ্যারেস্ট করে ধরে নিয়ে যায় এবং জামিনে

তারপর সাত জন বেরিয়ে এসে তাদের গলায় ফুলের মালা দিয়ে প্রসেশন করে নিয়ে যায়, যেন তারা কত বাহবার কাজ করেছে! একজন নিরীহ শ্রমিককে মারা হল। কেন না, সে তাদের দলে যোগ দেয় না! এই কি তাদের ট্রেড ইউনিয়ন করা? এমনি করে গত পুলিশ বাজেটের আলোচনার সময় আমাদের পক্ষ থেকে কালীবাবু বলে গিয়েছেন যে, জি-ই-সিতে কতকগুলি লোককে তারা মেরেছিল। বিশেষ করে বরাহনগরে গ্লাস ফ্যাক্টরীতে যে ঘটনা ঘটেছিল, সেটা সুহৃদবাবু বলতে গিয়েও আর বললেন না। সেখানে মাণিকতলাতেও তারা কত লোককে মেরেছে। তারা যে কাজে গো স্লো ট্যাকটিস অবলম্বন করে, তার প্রমাণ কাগজেপত্রে রয়েছে, ডকুমেন্টেএ রয়েছে।

তারা কিভাবে শ্রমিক-আন্দোলন করে, শ্রমিকদের সর্বনাশ করে, দেশের সর্বনাশ করে—এ কথাটা যদি আমি বলি, তাহলে দেখা যাবে সেখানে ৪ মাস গো-স্লো নীতি নিয়ে বসে থাকবার পরে তারা কন্সিলিয়েশন করে। তাঁরা বলেন যে, তিন উইক আমরা গো-স্লো ওয়ার্ক করে দেব, আমরা ট্রেড ইউনিয়ন ওয়ার্ক করব ইত্যাদি। এগুলি তাঁরা করেছেন বলেই আজ ট্রেড ইউনিয়ন আন্দোলনের মধ্যে তাঁরা রাজনীতি এনেছেন, তাঁরা পার্টি বেসিসএ কাজ করে দেশের ও শ্রমিকদের সর্বনাশ করছেন। ওঁরা জিজ্ঞাসা করেছেন যে, আজ দেশের ছোট ছোট কারখানা উঠে যাচ্ছে কেন? আমি বলব উঠে যাচ্ছে তাঁদেরই জন্য। যখনই ছোট ছোট কারখানাগুলোতে ৫।৭ জন লোক নিয়ে কাজ আরম্ভ করে তখন তারা সেখানে গিয়ে দল পাকিয়ে তোলে। যা দিতে তারা পারবে না—হয়ত ৫০ টাকা দিতে পারে, সেখানে দাবি করল দুশো টাকা দিতে হবে। দুশো টাকা যখন সেই ছোট ছোট কারখানার মালিক দিতে পারল না, তখন তারা সেখানকার শ্রমিকদের স্ট্রাইক করতে বলে। তারপর তারা কন্সিলিয়েশনএ আসবে না, বাইরে থেকে তাঁরা সব কিছু করবেন। আজকে তাঁরা কন্সিলিয়েশন অফিসারদের দোষ দেন : আবার সঙ্গে একটু খাতিরও রাখেন। কারণ শেষ পর্যন্ত যদি তাদের কন্সিলিয়েশনএ যেতে হয়! অফিসাররা যখন জিজ্ঞাসা করেন, তখন বলে খুব ভাল। একজনে বলে ভাল, আর একজনে বলে খারাপ। ওদিকে আবার মন্ত্রীমহাশয়কে বলেন কিছুই করেন না। কাজেই ওঁদের কথা দিয়েই আপনি স্পীকার মহাশয় ওঁদের বিচার করুন। ওঁদের বুদ্ধিভ্রংশ হয়ে গিয়েছে। ওঁদের বক্তৃতা থেকে বেশ বোঝা যাচ্ছে যে, তাদের পায়ের তলা থেকে মাটি সরে যাচ্ছে। ওদের পেছনে শ্রমিক আন্দোলনে আর শ্রমিক নাই। তারা গত ২৪এ তারিখে স্ট্রাইক করাতে পারে নাই। এর আগে তাঁদের দলের বঙ্কিমদা বলে গেলেন—আই-এন-টি-ইউ-সি, তারা বোনাসের দাবী রাখে নাই, আমরাই বোনাসের দাবী রেখেছিলাম। আমরাই শ্যামনগরে কনফারেন্স করেছিলাম। বোনাসের আন্দোলন নিয়ে আমরা অগ্রসর হয়েছিলাম। তখন তাঁরা বলেছিলেন শ্রমিকদের, তোমরা যদি এখন স্ট্রাইক না কর, তাহলে তিন মাসের বোনাস পাওয়া যাবে না। পাগলে এই সমস্ত কথা বিশ্বাস করতে পারে।

বাংলাদেশের নিরীহ শ্রমিকদের ধোঁকা দিয়ে স্ট্রাইক করিয়ে ১৫ দিনের বেতন মেরেছে, মাঝখান থেকে সর্বনাশ করেছে, বহু নিরীহ শ্রমিক তাদের ওয়েজেস হারিয়েছে। কাজেই আমি বলব, এই শ্রমিক আন্দোলনের ভেতর দিয়ে নানাদিকে গুণ্ডামি চলেছে। সেই গুণ্ডামি বন্ধ করবার জন্য আমি গভর্নমেন্টকে বলব দৃঢ়হস্তে এইগুলি যদি বন্ধ করা না হয়, তাহলে শ্রমিকরা মিলে, ফ্যাক্টরিতে, কোথাও আর শান্তিতে কাজ করতে পারবে না ; ইন্ডাস্ট্রি চলবে না। কারণ তারা যেখানে সেখানে গিয়ে অযথা স্ট্রাইক করবে। সেইগুলিকে ঠিকমত চালাবার জন্য আমি বলব মাননীয় মন্ত্রীমহাশয়কে এদিকে লক্ষ্য দিতে হবে।

আমার বেশি সময় নেই। আজকে ওয়েলফেয়ার সম্বন্ধে অনেকে উল্লেখ করেছেন। আমাদের বাংলাদেশে ৩২টি কেন্দ্র খোলা হয়েছে। তার মধ্যে ১৪টির সঙ্গে ডিসপেনসারি আছে। সেখানে অনেক ওষুধপত্র দেওয়া হয়েছে। এসমস্ত বিস্তারিত বলতে গেলে সময় চলে যাবে। বহুলোক সেখান থেকে চিকিৎসার সুযোগ পাবে।

শেষে আমার বক্তব্য হচ্ছে আজকে দেশে শ্রমিক আন্দোলনকে সুস্থভাবে চালাতে হলে, এই যে পলিটিক্যাল পার্টিগুলি শ্রমিকদের নিজেদের কাজে লাগাবার চেষ্টা করছেন, তার থেকে শ্রমিকদের বের করে নিয়ে আসতে হবে এবং শ্রমিকদের কাছে আমাদের অগ্রসর হতে হবে। আর গভর্নমেন্টের যা কর্তব্য তা করতে সরকার যেন উঠে পড়ে লাগেন।

এর সঙ্গে আর একটা কথা বলব—গুণ্ডামির মাধ্যমে হচ্ছে ওদের গণতন্ত্র। কিন্তু আজ ভারতবর্ষে গণতন্ত্রের রাজত্ব চলেছে। এই গণতান্ত্রিক যুগে প্রত্যেকটি দলের এবং প্রত্যেকটি লোকের আজ কথা বলবার অবাধ অধিকার রয়েছে। সে কথা কন্সটিটিউশনএ বলেছে। তাঁরা যখন শ্রমিক আন্দোলনের মিটিং করেন, তখন আমরা কিছু বলি না। কিন্তু আমরা যখন মিটিং করি তখন তাঁরা যান সেখানে গুণ্ডামি করতে এবং সেখানে ধরা পড়লে বলে, তাদের উপর অন্যায় অত্যাচার হচ্ছে।

আর একটা কথা। আমি সংবাদপত্রকে ধন্যবাদ না দিয়ে পারছি না,—দেখছি তারাই আজ উঠেপড়ে লেগেছে—আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে, তাঁরা যে মিটিং করেছেন তা যেন পত্রিকা না ছাপায়। সেই হুমকির প্রতিবাদে "আনন্দবাজার" পত্রিকায় এইটা বেরিয়েছে—"সংবাদপত্রের স্বাধীনতায় সংযুক্তি বিরোধীদের অন্যায় হস্তক্ষেপ। সংবাদপত্রের উপদেষ্টা কমিটির প্রতিবাদ।"

এখানে একটা লম্বা রেজলিউশন আছে সেটা পড়লেই সবাই বুঝতে পারবেন।

কাজেই আজকে দেশের লোকের চোখ খুলে গিয়েছে। তাদের ভণ্ডামি, গুণ্ডামি সমস্ত কিছু ধ্বংস করে শ্রমিকদের উপকার করতে হবে। এইটুকু বলে আমার বক্তব্য শেষ করছি।

Sj. Biren Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, এ এম এ জামান সাহেব তাঁর বক্তৃতার মধ্যে একটা কথা বলেছেন যেটা অত্যন্ত অন্যায় বলে আমরা মনে করি; সেটা হচ্ছে '১৫ দিনের পয়সাটা ওঁরা মেরে দিয়েছেন'। জামান সাহেব যদি সাধারণ সভ্য হতেন, তা হলে আমার বলবার কিছু ছিল না কিন্তু তিনি পার্লামেন্টারি সেক্রেটারী।

Mr. Speaker: He did not mean the members of the House.

Sj. Biren Banerjee:

আপনি অনুগ্রহ করে ওঁর স্পীচটা পড়ে দেখবেন; এবং ঐটা যাতে এক্সপাঞ্জ হয় তার ব্যবস্থা করবেন। আমার মতে ঐটা এক্সপাঞ্জ হওয়া উচিত।

Mr. Speaker: Certainly I will see if it refers to the members of the House.

Sj. Dhananjoy Kar:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি সেই জাত শ্রমিক, অর্থাৎ যে জাতের শতকরা ৯৯ জন কায়িক পরিশ্রমের দ্বারা নিজেদের জীবনধারণ করে এবং যাযাবরের জীবনযাপন করে, সেই আদিবাসী-দের কথা, বিশেষ করে এবং তার সঙ্গে তপশীলশ্রেণীভুক্ত দু-একটা জাতির কথা বলব। তাদের কথা বলবার পূর্বে আমি এই কথা বলতে চাই যে, এই বিভাগের আর দরকার নেই, একে একেবারে তুলে দেওয়া দরকার। যদি একে স্বতন্ত্রভাবে, স্বাধীনভাবে কাজ করবার সুযোগ না দেওয়া যায়, তাহলে এই বিভাগ রাখবার কোন প্রয়োজন নেই। স্পীকার মহাশয়, আমরা দেখছি, যতই প্রচার করা হোক না কেন, যে সরকার আদিবাসীদের উন্নতির জন্য বহুবিধ ব্যবস্থা অবলম্বন করেছেন, কিন্তু সেইসমস্ত প্রচারের পিছনে তাঁদের আন্তরিকতা কিছু নাই। আমাদের কন্সটিটিউশনএর ২৭৫ ধারায় আদিবাসীদের উন্নতির জন্য যেসমস্ত স্কীমএর কথা বলা হয়েছে এবং তার জন্য বাজেটে যে টাকা বরাদ্দ করা হয়েছিল, দিন দিন তা কমে যাচ্ছে। ১৯৫৫-৫৬ সালের বাজেটে দেখেছিলাম যে, ১৬,৫৭,৯০০ টাকা বরাদ্দ করা হয়েছিল, সে বছর রিভাইজ্‌ড বাজেটে দেখলাম সেটা দাঁড়াল ১৫ লক্ষ টাকা; আর এ বছর দেখছি আরও কমে গিয়ে সেটা দাঁড়িয়েছে ১০ লক্ষ ৫৮ হাজার টাকা; এটা অবশ্য সেন্ট্রাল গভর্নমেন্টএর গ্র্যান্ট হিসাবে পাওয়া টাকা। সুতরাং এই যে এতটাকা সেন্ট্রাল গভর্নমেন্টএর গ্র্যান্ট থেকে কমিয়ে দিলেন তার কারণ আর কিছুই নয়, তার কারণ এখন দেখছি—

due to smaller provision of welfare schemes.

[6-55—7-5 p.m.]

যে টাকা আমাদের সেন্ট্রাল গভর্নমেন্ট এই উপজাতি এবং তপশীলভুক্ত জাতি যেসব রয়েছে, তাদের উন্নতির জন্য বরাদ্দ করেছেন, আমাদের এই যোগ্য ডিপার্টমেন্ট সেইসমস্ত টাকা ভাল ভাল উন্নতিকর পরিকল্পনায় খরচ না করার জন্য তা কমিয়ে দেওয়া হয়েছে। সেই কারণে, আমি বলব—এই ডিপার্টমেন্টকে যদি স্বতন্ত্রভাবে, স্বাধীনভাবে কাজ করবার সুযোগ না দেওয়া হয় তাহলে এই ডিপার্টমেন্ট তুলে দেওয়াই ভাল। সেইজন্য বলছি আদিবাসীদের উন্নতির জন্য যেসব পরিকল্পনা কনস্টিটুশনে দেওয়া আছে তা যদি না করা হয়, এবং এক ডিপার্টমেন্টকে আর এক ডিপার্টমেন্টে চালিয়ে দেওয়া হয়, তাহলে এই ডিপার্টমেন্টটা তুলে দেওয়া হোক। গভর্নমেন্টের এডুকেশন ডিপার্টমেন্ট, ফরেস্ট ডিপার্টমেন্ট, এগ্রিকালচার ও ইরিগেশন ডিপার্টমেন্ট, মেডিক্যাল পাবলিক হেল্‌থ ডিপার্টমেন্ট ও কটেজ ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট প্রভৃতি যত ডিপার্টমেন্ট আছে সেই সমস্ত ডিপার্টমেন্টের মাধ্যমে একে কাজ করতে হয়। এর ফলে বিলম্ব হওয়ায় আদিবাসী উন্নয়নের বরাদ্দের টাকা খরচ হতে পারে না এবং আবার সে টাকা সেন্ট্রাল গভর্নমেন্টএর কাছে চলে যায়। সেইজন্য আমি বলছি—আদিবাসীর উন্নতিসাধনের জন্য যদি কিছু ইচ্ছা থাকে তাহলে এই ডিপার্টমেন্টটাকে স্বতন্ত্রভাবে গঠন করার সুযোগ দেওয়া হোক। তবেই সে উদ্দেশ্য সাধন হতে পারে। অংকেই কেবল টাকা দেখবেন, সে টাকা খরচ হবে না আদিবাসীদের উন্নয়নও হবে না।

তারপরে দেখুন, কি অবস্থা দাঁড়াচ্ছে। ফার্স্ট ফাইভ ইয়ার প্ল্যানএ আদিবাসীদের উন্নয়ন কি তাঁরা করেছেন? তারপরে এখন আবার যাচ্ছেন—সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যানএ। এখানে বিভাগ আছে, মন্ত্রী আছে, উপমন্ত্রী আছে, মোটা মাইনের কর্মচারী আছে, টাকারও বরাদ্দ আছে কিন্তু কিছুই হচ্ছে না! কেননা কোন বিষয়েই তাদের হাত নাই। তারপরে দেখুন কাজের নমুনা—১৯৫৫-৫৬ সালে মেডিক্যালের বরাদ্দ ছিল—২ লক্ষ ১৭ হাজার ৩০৫ টাকা, রিভাইজ্‌ড বাজেটে দেখি ৩,৭৩৭ টাকা। এ বছরে দেখছি মাত্র ৪০ হাজার টাকা মেডিক্যালে তাঁরা আদিবাসীদের জন্য খরচ করছেন! এ কয় বছরে আদিবাসীদের তাঁরা এমন উন্নয়ন করেছেন যে, আর কোন চিন্তার প্রয়োজন নাই। আমি আজকে আদিবাসী মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করব —আমার কনস্টিটিউয়েন্সী থেকে একজনমাত্র আদিবাসী নির্বাচিত হলেও সেখানে তাদের সংখ্যা কত মন্ত্রীমহাশয় সে সম্বন্ধে জবাব দিন এবং তাদের জন্য কি করেছেন তারও যেন জবাব দেন। এবং আদিবাসীদের চিকিৎসার কি ব্যবস্থা করেছেন, তারও জবাব চাই।

তারপরে পাবলিক হেল্‌থ। যারা জঙ্গল এলাকায় বাস করে, তাদের জলের অত্যন্ত অভাব। তারা জল জল করে চিৎকার করে। বাজেটে দেখছি—ফার্স্ট ইয়ার প্ল্যানে বরাদ্দ ছিল ২ লক্ষ ৫০ হাজার, এবারে সেকেন্ড ইয়ার প্ল্যানে আরও কমিয়ে ১ লক্ষ ৯৮ হাজার দেওয়া হয়েছে। তাদের কি আর এ বিষয়ে কোন কষ্ট নাই? তবে কেন এমন ব্যবস্থা করলেন সে খবর জানতে চাই। আদিবাসীর উন্নতির জন্য কি করেছেন আপনারা? তাদের পানীয় জলের কি ব্যবস্থা করেছেন? কটা টিউবওয়েল প্রতিষ্ঠা করেছেন? কটা কুয়ো দিয়েছেন? আমার এলাকায় আদিবাসী আছে, আর যারা নাকি ডিপ্রেস্‌ড ক্লাস তারাও সেখানে সংখ্যায় প্রায় শতকরা ৬০ জন। তাদের জন্য কি ব্যবস্থা হচ্ছে আমি ত তা কিছুই দেখতে পাচ্ছি না। সেইজন্য আমি পরিষ্কারভাবে সেটা জানাতে চাইছি।

তারপরে আমার কথা হচ্ছে, আদিবাসী সমাজ যাদের কোন জমিজমা নাই, কায়িক পরিশ্রম করে যাদের জীবিকার্জন করতে হয় তাদের উন্নতি করতে হলে আগে তাদের খাবার ব্যবস্থা করতে হবে। তাদের বর্তমানে জমি নাই, জমি তাদের দেবার বন্দোবস্ত করেছেন কি? আদিবাসীর যে জমি সরকার নিয়ে নিয়েছেন তা পর্যন্ত ফিরিয়ে দেবার কোন ব্যবস্থা নাই। তাদের যেটুকু সামান্য জমিজমা ছিল তাও ইরিগেশন করতে জলসেচের ব্যবস্থার জন্য আপনারা

নিয়ে নিয়েছেন। সে অবস্থায় সরকারেরই দায়িত্ব তাদের খাদ্যের ব্যবস্থা করা। আপনারা ল্যান্ড রিফর্ম বিল পাশ করেছেন, আপনাদের হাতে জমি আসার কথা। আপনারা আদিবাসীদের জমি দেবার কি ব্যবস্থা করেছেন?

এখন কো-অপারেশনএর কথা বলছি। যত জায়গায় কো-অপারেটিভ গঠন করুন না কেন, আদিবাসী এলাকাতেই কো-অপারেটিভের প্রয়োজন বেশী, কারণ আদিবাসীরা যা নাকি বৎসরে উৎপন্ন করে তার বেশীর ভাগ স্থানীয় মহাজনরা কেড়ে নেয়। যদি স্থানীয় মহাজনদের হাত থেকে তাদের কর্জ নেওয়া বন্ধ করতে না পারেন তাহলে আদিবাসী আর টিঁকে থাকবে না। অতএব আমি বলছি বিভিন্ন এলাকায় অধিকতর কো-অপারেটিভ সেন্টার স্থাপন করুন। যাতে আদিবাসীরা সুবিধা দরে গ্রেন পায় তার ব্যবস্থা ব্যাপকতর করতে হবে। আদিবাসীদের মধ্য হতে একজন আমাদের দলে নির্বাচিত হয়েছিলেন, তাঁকে আপনারা আপনাদের দলে টেনে নিয়েছেন। এখন একজন আদিবাসীও বিরোধী দলে নাই, যে নাকি আদিবাসীদের দুঃখ-দুর্দশার কথা বলতে পারে।

[At this stage the blue light was lit]

স্যার, আমাকে একটু সময় দিতে হবে। যেকথা বলছিলাম—আদিবাসীদের যদি যখন তখন সামান্য কারণে গ্রেনএর অভাবে মহাজনের খপ্পরে গিয়ে পড়তে হয় তাহলে আদিবাসীরা যেটুকু ফসল উৎপন্ন করবে তা সবই মহাজনেরা নিয়ে যাবে। এবং শুধু ধানই নয় তাদের আর যা কিছু থাকে মুরগি, খাসী বা গরু এগুলো পর্যন্তও নিয়ে যায়। এইভাবে তারা শোষিত হচ্ছে।

[7-5—7-15 p.m.]

আমি এখানে ঝাড়গ্রামের কথা বলব—বিশেষ করে আমি আমার কনস্টিটিউয়েন্সীর কথা বলব। আমাদের ওখানে কয়েকটি হাট আদিবাসীরা করেছে। সেখানে প্রায় ১ লক্ষ আদিবাসী আছে এবং তারা ৩টি হাট করেছে। কিন্তু এই হাটগুলিতে সরকার কোন বরাদ্দ দিলেন না। যেখানে এত আদিবাসী আছে সেখানে হাট না হয়ে অন্য জায়গায় হাট তৈরি করে দিলেন। আমি এ বিষয়ে প্রশ্ন করছি - আপনি তার জবাব দেবেন।

তারপর বলা হয়েছে এডুকেশনএর ব্যবস্থা করা হয়েছে। আজকে তাদের এডুকেশন ব্যাপারে বলা হয়েছে—

book grant to tribal students at Rs. 25 per student.

আমি এখানে আদিবাসী মন্ত্রীকে জিজ্ঞাসা করছি- পার স্টুডেন্ট রুপীজ টোয়েন্টি-ফাইভ গ্রান্ট সকলকে দেওয়া হয় না। আমি নিজে একটা স্কুলের সঙ্গে জড়িত—আমি জানি যে, আমাদের সেই নয়াবসন স্কুলে ৩২ জন আদিবাসী ছেলে আছে—তার মধ্যে মাত্র ২।৩টি ছেলে গ্রান্ট পেয়েছে। অথচ বলছেন সমস্ত স্টুডেন্টকেই দেওয়া হয়েছে।

তারপর বোর্ডিং চার্জ ব্যাপারে বলা হচ্ছে যে, আদিবাসী ছাত্রদের বোর্ডিং চার্জ দেওয়া হয়ে থাকে কিন্তু আমি জানি ২।৩ জন মাত্র ছাত্রকে বোর্ডিং চার্জ দেওয়া হয়। অথচ বলছেন সব আদিবাসী ছাত্রদের দেওয়া হয়। বুক গ্রান্ট ও বোর্ডিং চার্জ সমস্ত ছাত্রদের দেওয়া হয় না—নামে মাত্র দেওয়া হয়। এভাবে অসত্য প্রচার করা হচ্ছে—এ দ্বারা আদিবাসীরা বিভ্রান্ত হচ্ছে এবং তাদের লাভের চেয়ে ক্ষতিই বেশী হচ্ছে।

তারপর, স্যার, সিডিউল্ড কাস্টদের জন্য কিছু টাকা বরাদ্দ আছে—সিডিউল্ড কাস্ট পুওর স্টুডেন্টসএর জন্য স্টাইপেন্ডএর বরাদ্দ আছে। তারপর এক্সপ্যানসন অফ কমন হসপিট্যাল—তার জন্য কিছু বরাদ্দ আছে ও ওয়াটার সাপ্লাইএর জন্য কিছু টাকা বরাদ্দ আছে। ওখানে একটা কুয়ো করা হল—সেদিকে আমি মন্ত্রী-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যদিও আমরা বলে থাকি—ইর‍্যাডিকেশন অফ আনটাচেবিলিটি—কিন্তু তবুও আজ পর্যন্ত সমাজে তারা কষ্ট পাচ্ছে। সেই সমস্ত আনটাচেব্‌ল গরীব যেখানে আছে—সেখানে দেওয়া হচ্ছে না—টাচেব্‌ল যেখানে আছে—সেখানেই দেওয়া হচ্ছে—এ বিষয়ে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Sj. Jai Narayan Sharma :

माननीय सभापाल महोदय, आज आपके सामने श्रम मंत्री के इस demand को समर्थन करते हुए कुछ बोलना चाहता हूं। आप जानते हैं कि Asansol area में ज्यादातर लोहे और कोयले के मजदूर काम करते है। उनकी हालत मै अच्छी तरह जानता हूं। आज ३० वर्ष से मैं वहां उन मजदूरों में काम करता आया हूं और उन मजदूरों की तमाम बातों से वाकिफ हूं। लोहे और इस्पात और कोयले की जरूरत हर गरीब और अमीर तथा मध्यवर्ग के आदमियों को होती है। इससे बने हुए हर चीज हमारे बहुत काम आती है। इस जगह १५ वर्ष से कांग्रेस Union काम करती आई है। हमारे साथी Benoy Chowdhury ने जो Action Committee के बारे में कहा, उसका कुछ रूप मैं आपके सामने रखना चाहता हू। एक तरफ तो अपने को कम्यूनिस्ट पार्टी का member बताते है और दूसरी तरफ वह कांग्रेस का झडा उड़ाते है। यह लोग दुनिया और मजदूर को धोका देना चाहते है क्योंकि वहां I. N. T. U. C. छोड़ कर मजदूर का कोई दूसरा Union नही है। और आप जानते है कि I. N. T. U. C. कांग्रेस का Union है। Jagdish Pandey I. N. T. U. C. से निकाला हुआ है अब वह कांग्रेस के अन्दर नही है। हमारे मित्र आज धमकी देते है कि वह देख लेंगे कि वहा किस तरह कांग्रेस काम करती है। जो लोग लोहे और इस्पात की तरह चीजो को नष्ट करना चाहते है वह देश के शत्रु है और वास्तव में उन्होंने शत्रुता का कमा भी किया है।

स्पीकर महोदय, जो लोग उनको चन्दा नही देते है उनके साथ वह मारपीट करते है। छूरी से हमला करते है। ५ या ६ मजदूर जो गोली से मारे गए, वह लोग मारपीट करना चाहते थे, उन्होंने S. D. O. के बगले पर हमला कर दिया था। वह लोग नागरिक की हैसियत से बड़ा अमानुषिक्ता, और अवैधानिक काम किया। अश्लील गालियां दी और rowdism कर रहे थे। अगर कोई S. D. O. पर हमला करे और इस तरह से goondaism करे और Police दमन न करे तो देश में शान्ती कैसे रह सकती है।

जो लोग यह बोलते हैं कि Action Committee में १५, २० हजार members है, वह बिल्कुल झूट बोलते हैं, उनकी तो यह हालत है कि वह वहा खुली meeting भी नही कर पाते है और अगर कभी meeting करते भी है तो अपने घरों में छूप कर या अपने Office के अन्दर, यह तो उनका हाल है। हां यह जरूर होता है कि वह चोरीचुपके कभी कभी हमला जरूर कर देते है। Burnpur और Kulti मे इस तरह का हमला किया गया है। एक आदमी पर अभी जो चन्दा नहीं दिया था उस पर छूरी से हमला कर दिया और वह अभी Hospital में है। मैं सरकार से अनुरोध करूंगा कि वह इन चीजों को दमन करे नही तो मजदूरों को रहना मुश्किल हो जायेगा। Mandalpur में वह लोग कुछ आदमियों को member बनाए है। वहां I. N. T. U. C. का कोई Union नही है। वह वहां सीयालों की तरह छिपकर रहते है। यह लोग किस कदर बेईमान है इसको आप खुद ही समझ सकते हैं वह अपना लाल झंडा तो उड़ाते नहीं है बल्कि कांग्रेस का झंडा उड़ा कर अपना काम करते है और लोगों को धोका देते है।

लोहे के इस बड़े कारखाने को नष्ट करना किस कदर मुल्क के साथ शत्रुता है वह आप समझ सकते हैं। वह लोग आज जो challenge देते हैं वह मैं कहूंगा कि सरकार इस तरफ नजर रखे।

एक बात मैं और ये कहना चाहता हूं कि वहां ग्रामी जनता जो coalfields में काम करते हैं उनको पानी की बहुत तकलीफ है। Coalmines में जो पानी जमा होता है वह अगर कल के जरिये ग्रामियो को पहुंचा दिया जाए तो बहुत अच्छा हो क्योंकि वह पानी मालिक के कोई भी काम में नहीं आता है। जमीन से कोयला निकालने के बाद वह पानी बेकार रह जाता है। Coalfields में ज्यादातर ग्रामी मजदूर काम करते हैं इसलिए मेरा अनुरोध है कि उस पानी को कल के जरिये सबको पहुंचा दिया जाए, इससे ग्रामियो को बहुत फायदा होगा।

[7-15—7-25 p.m.]

Sj. Byomkesh Majumdar:

माननीय स्पीकार महाशय, श्रमविभागের ব্যয়বরাদ্দ সম্বন্ধে যেসব ছাঁটাই প্রস্তাব এসেছে তার সম্বন্ধে ২।৪টি কথা আমি বলতে চাই। ছাঁটাই প্রস্তাব আছে ৭২টি, তার মধ্যে কয়েকটি যেমন রাখহরিবাবু বললেন যে, তপশীলী জাতি এবং অনুন্নত জাতিদের উন্নতি করতে হবে—সত্যি কথা উন্নতি করতে হবে এবং তার জন্যে আমরা চেষ্টাও করব। কিন্তু বিরোধীপক্ষদের ৬৩ নম্বর ছাঁটাই প্রস্তাবে শ্রীসুধীরচন্দ্র ভাণ্ডারী মহাশয় বলেছেন অথচ বর্ণহিন্দু ও মুসলমান সম্প্রদায়ের বহু সর্বহারা শ্রমিক, কৃষক, শিল্পী এবং নিম্ন মধ্যবিত্ত বেকারদের সরকারী সাহায্য হইতে তাদের বঞ্চিত করা হইতেছে এবং ইহা ভেদবুদ্ধির সহায়। অর্থাৎ এদের উন্নতি করতে গেলে বর্ণহিন্দুর যদি না করি তাহলেই আমরা বৈষম্য করি। অতএব আমাদের বিপদটা হচ্ছে এখানে এই যে, যখনই কিছু আমরা করতে যাব তখনই সেটাকে তাঁরা ভাঙবেন এবং অন্য দৃষ্টি দিয়ে দেখবেন। যেমন সোস্যাল সিকিউরিটিতে স্টেট ইনসিওরেন্স একটা প্রয়োজনীয় জিনিস প্রত্যেক সমাজে আজকের দিনে এই কথা কাউকে বুঝিয়ে বলতে হয় না। আমি আশা করি নি যে, আমাদের বিরোধী পক্ষের ডেপুটি লীডার শ্রদ্ধেয় বঙ্কিমবাবু আমাদের বহুদিন আগে থেকে শ্রমিক এলাকায় কাজ করছেন, কিন্তু তিনি ভয় দেখালেন যাতে এটাকে কার্যকরী করা না যায়। অর্থাৎ এটা থেকে তাঁদের সম্পর্ক ছেদ করবেন এবং যাতে স্কীম কার্যকরী না হয়, তার ব্যবস্থা করবেন। অত্যন্ত দুঃখের কথা যে, শ্রমিকদের কল্যাণের কথা যাঁরা বলেন তাঁরাই এর বিরোধিতা করেন। তাঁরা যে স্কুলে পড়েছেন সেই স্কুলে শ্রমিকদের কল্যাণের কথা কি কোথাও নেই? তাঁরা যদি বিপ্লবে বিশ্বাস করেন তাহলে যে বই পড়ে এসেছেন তাতে বিপ্লব হয় কোথায় দুঃখ-দুর্দশা দূর করলেই যে শ্রমিকদের মধ্যে বিপ্লব এনে ওঁরা ক্ষমতা হস্তগত করতে যাচ্ছেন—তার মানে শ্রমিকদের ইউনিয়ন করবার অছিলায় তাদের মধ্যে ঢুকে তাদের নিয়ে দেশের মধ্যে অরাজকতা সৃষ্টি করে ক্ষমতা হাতে নেবার চেষ্টাই তাঁদের আসল উদ্দেশ্য এবং এটাই তাঁদের স্কুলে পড়া। সেজন্য আজ পর্যন্ত যেখানে যেখানে শ্রমিক অঞ্চলে তাঁরা গিয়েছেন সেই সেই অঞ্চলে আজ আর তাঁদের কোন অধিকার নেই। আজকে আই-এন-টি-ইউ-সিকে যদি গুণ্ডা বলে প্রচার করেন তা হ'লে সেই কথা কেউ আজ আর শুনবে না।

যাক সেকথা আমি আর বলব না, আমি শুধু বলব যে, উনি আই-এন-টি-ইউ-সির একটা প্রস্তাবের কথা বলে বলেছেন যে, আই-এন-টি-ইউ-সি ফেয়ার ওয়েজ ডিম্যান্ড করেছে নিশ্চয় করবে। ভারতবর্ষ স্বাধীন হবার আগে এখানে লিভিং ওয়েজ ছিল না, ভারতবর্ষ স্বাধীন হওয়ায় লিভিং ওয়েজ তারা পেয়েছে—যেখানে নেই সেটা হয়ত আমাদের নজর এড়িয়ে আছে। যেখানে নেই সেখানে মিনিমাম ওয়েজেস এ্যাক্ট দ্বারা লিভিং ওয়েজএর ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু তার মানে এই নয় যে, আমরা ফেয়ার ওয়েজ চাই না—বরং আমরা ফেয়ার ওয়েজ চাই বলেই আই-এন-টি-ইউ-সি আজকে প্রস্তাব করেছে যে, ফেয়ার ওয়েজ আমাদের নিতে হবে। এখানে

কিছুক্ষণ আগে একজন বলেছিলেন যে, আই-এন-টি-ইউ-সিতে একদল গুণ্ডা আছে। আবার একজন আমাদের প্রস্তাব তুলে বললেন যে, আমরা ফেয়ার ওয়েজ ডিম্যান্ড করছি—কিন্তু লিভিং ওয়েজএর চেয়ে ফেয়ার ওয়েজ ডিম্যান্ড করাতে অন্যায়টা যে কোথায় হচ্ছে তা আমি বুঝতে পারলাম না।

তারপর কানাইলাল ভট্টাচার্য মহাশয় বলেছেন যে, ইসু ফ্রেম করার দোষে ট্রাইব্যুনালের মামলায় শ্রমিকরা নাকি হেরে যায়। ইসু ফ্রেম করে কে? যখন তারা কনসিলিয়েশন অফিসারের কাছে স্পষ্টভাবে দাবী দেন এবং যদি তাঁদের প্রকৃত দাবী থাকে—ইংরাজী করে সেটা লেখা হলেই তাকে ইসু বলা হয়—যদি তাঁদের দাবী ঘোলাটে থাকে এবং দাবী সম্বন্ধে তাঁদের জ্ঞান যদি স্পষ্ট না হয় তা হ'লে মামলায় হারবার দোষ গভর্নমেন্টের ঘাড়ে চাপালে আমরা নিরুপায়। সুবোধ ব্যানার্জি মহাশয় এ্যামেন্ডমেন্ট অফ ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্টএর কথা বলেছেন, কিন্তু এ খবর বোধ হয় তিনি রাখেন না যে, এ্যামেন্ডমেন্ট অফ ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস এ্যাক্ট একটা হচ্ছে এবং এটা শীঘ্র লোকসভায় বিচারের জন্য উপস্থাপিত করা হবে। আমি এই সম্বন্ধে আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করতে চাই। আমাদের শ্রমনীতি নেই বলে অনেকেই বলেছেন, কিন্তু শ্রমনীতি আমাদের মধ্যে আছে কিনা এবং রাখহরিবাবু শ্রমিকদের মালিকদের সংগে বসে ব্যবসা চালাবার অধিকার কতদূর দেওয়া হয়েছে সে সম্বন্ধে বলেছেন--এ সম্বন্ধে কিছু আলোকপাত করবার জন্য একটা লাইন আমি পড়ছি। আমাদের সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএর ড্রাফ্ট, যেটা আপনারা সকলেই পেয়েছেন, তারই ১৭২ পাতায় আছে যে,

'For the successful implementation of the plan increased association of labour with management is essential. This will improve industrial relations and will also promote increase in production. It is therefore recommended that in each undertaking there should be a Council of Management consisting of an equal number of representatives of management and workers. It should be the responsibility of the management to supply full information on all subjects to the Council of Management"

ইত্যাদি।

শেষে আমার নিজস্ব একটা কথা আমি মন্ত্রীমহাশয়ের কাছে নিবেদন করব। যেটা সম্বন্ধে আমাদের সহসা নজর পড়া সম্ভব হয় নি সেটা হচ্ছে সরকারী কর্মচারী সম্পর্কে। আমাদের সরকারী কর্মচারীরা সেক্রেটারিয়েট, ডাইরেক্টরেট এবং রিজিওন্যাল ইত্যাদি ৩।৪ রকমের বিভাগে বিভক্ত হয়ে এমন বৈষম্য অবস্থায় আছে তাতে করে ১৯৫৬ সালে এই বৈষম্য দূর করে একটা নূতন পদ্ধতির মধ্যে আনা উচিত। যেমন ২।১টা উদাহরণস্বরূপ আমি বলছি যে, সেক্রেটারিয়েটএ লোয়ার ডিভিসন ক্লার্কের মাইনে হচ্ছে ৮০—৪—১৬০—৫—১৮০, কিন্তু ডাইরেক্টরেটএ ৭০—৩—১১৮—৪—১৫০, রিজিওন্যালএ ৫৫—৩—১১৮—৪—১৩০; অর্থাৎ জিনিসটা হচ্ছে এই যে, কোয়ালিফিকেশন এবং কাজ যেখানে এক সেখানে কেন এইরকম বৈষম্য থাকবে। আই-এ-এস অফিসাররা রিজিওনএ বা ডিস্ট্রিক্টএ ট্রেনিং নিয়ে তারপরে তাঁরা সেক্রেটারিয়েটএ এসে বসেন, কিন্তু সেখানে যে কর্মচারী কাজ করে এখানে তার চেয়ে বিশেষ কিছু কাজের তারতম্য নেই। কিন্তু পে-স্কেলএর এই যে তারতম্য আছে এই সম্বন্ধে একটা অনুসন্ধান হওয়া প্রয়োজন এবং এর জন্য একটা এনকোয়ারী কমিশন বসানোর জন্যে আমি অনুরোধ করব।

Sj. Biren Banerjee:

মাননীয় স্পীকার মহোদয়, এই খাতে আলোচনা প্রায় শেষ সীমান্তে এসে পৌঁচেছে। আমার প্রথম বক্তব্য হচ্ছে এই ৪৭—মিসলেনিয়াস এটা বদলানো দরকার। এই হেডে অনেক জিনিস আছে—রিমুভ্যাল অফ আনটাচেবিলিটি, ওয়েলফেয়ার অফ ব্যাকওয়ার্ড ক্লাসেস, সিভিল ওয়ার্কসএর কিছু পোরসান আছে ইত্যাদি নানারকম আছে। উনি মেন স্ট্রেস দিলেন লেবার সাবজেক্টের উপর, ওয়েলফেয়ারএর উপর।

[7-25—7-35 p.m.]

সিডিউল্ড কাস্ট ওয়েলফেয়ার ইত্যাদি যা আছে তার জন্য মন্ত্রীরা আছেন সেটা আলাদাভাবে ভাবতে পারেন। একটি ক্ষেত্রে সমস্তগুলি জাম্বল আপ করার ফলে হিসাব পাইনে কোথায় কত টাকা খরচ হয়েছে, এ্যাকচুয়ালী কত টাকা লেগেছে। দ্বিতীয় কথা—জামান সাহেবের কথার জবাব দেবার প্রয়োজন আছে বলে মনে করি না, কারণ, তিনি জানেন কি না বা না জেনে বলেছেন যে, ঘেরাও করা ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবিউনাল ডিসপিউটএর মাধ্যমে প্রমাণিত হয়েছে লিগালাইজ্‌ড —অতএব সে সম্পর্কে হৈ চৈ করে কোন লাভ নেই। শেষ বক্তা আমাদের যা বললেন আমাদের কিছু সময় সংক্ষিপ্ত হয়ে গেল, কারণ, আমরা মনে করি, সেক্রেটারিয়াল ওয়ার্কার্স এবং অর্ডিনারি ওয়ার্কার্সদের মধ্যে যে বৈষম্যমূলক ব্যবস্থা আছে তা দূর হওয়া উচিত। এঁরা বলেছেন ওয়ার্কার্সদের আমরা পার্টনার করতে চাই। ফাইভ-ইয়ার প্ল্যান ১৭২ পৃষ্ঠা খুলে উদাহরণ দিতে চেয়েছেন। এটা সেন্ট্রালএর জিনিস বটে কিন্তু তার ইমপ্লিমেনটেশন কতটুকু হয়েছে? তাঁর বক্তৃতার শেষ ভাগে তিনি যে বললেন যে, হোল সেক্রেটারিয়েটএ তা ইমপ্লিমেন্টেড হওয়ার অনেক দেরী। কমিশন নয়, তার রেকমেন্ডেশন হবে, সেটা ফাইন্যান্স ডিপার্টমেন্টএ যাবে—হয়ত ফাইন্যান্স ডিপার্টমেন্ট বলল হবে না, ইত্যাদি। তারপর আমি কয়েকটি কাট মোশনএর দিকে ওঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। যেমন ২৩, ৪৩, ৪৯নং যেখানে ইন্ডিয়ানাইজেশন করার কথা আছে নন-ইন্ডিয়ান কমার্সিয়াল ফার্ম যা তা ইন্ডিয়ানাইজেশন করা হোক এই কাট মোশন; তারপর

Jute unemployment, cotton textiles, Employees State Insurance Scheme, rural unemployment

যা সম্পর্কে কোন কথা উনি বলেন নি এবং ৩৮।৩৯ নং শ্রীমতী মণিকুন্তলা সেনের যেখানে মেয়েদের কথা বলা হয়েছে—এসবের উত্তর জবাব দেবার সময় যেন উনি কভার করেন। এর পর ওঁর কাছে বলব, উনি সে ব্যাপারটা জানেন যে, আমাদের হাওড়া এলাকায় একটা কটন টেক্সটাইল মিল রাধাশ্যাম কটন মিল নামে সেটা বন্ধ হয়ে যায়। শ্রমিকরা যে ওয়েজেস পেত তা ফাঁকি দিয়েছে, প্রভিডেন্ট ফান্ডএ যে টাকা ছিল তাও দেয় নি। মালিককে ধরলে বলে, আমি জুয়া খেলে সব হেরে গিয়েছি, আমার কাছে টাকাপয়সা কিছু নেই। সেই মিল বিক্রি হতে যাচ্ছে। বছরে যেখানে প্রায় ১ কোটি টাকার প্রোডাকশন হত এবং ২,৯০০ লোক কাজ করত এবং ওয়ার্কাসরা ওয়েজেস পেত ২০ লক্ষ টাকা—এই মিল হস্তান্তরিত হতে যাচ্ছে একটা কালোয়ারকারের হাতে—যাঁরা ভাঙ্গা লোহার দরে বিক্রি করে দেবেন। যদিও আমি জানি, ইন্ডিয়া গভর্নমেন্টএর পার্মিশন ছাড়া মেসিন বিক্রি করা যায় না। কিন্তু কালোয়াররা ওখান থেকে ভেঙ্গে নিয়ে গিয়ে লোহার দরে বিক্রি করবে। মন্ত্রীমহাশয়ের দিক থেকে চেষ্টা হওয়া উচিত যাতে মিলটা চালু হয়। আমি ওঁকে স্মরণ করিয়ে দিতে চাই যে, সেখানে নতুন যে স্পিনিং মেসিন কেনা হয়েছিল সেটা অত্যন্ত আধুনিক। তাই দিয়ে ঐ মিলকে অক্লেশে নূতনভাবে স্টার্ট দেওয়া যায়। এটা অন্ততঃ যদি তিনি করতে পারেন তাহলে বুঝব লেবার ডিপার্টমেন্ট কিছু কাজ করেছেন। তারপরে আমি আসছি মিনিমাম ওয়েজেস এ্যাক্টএর ব্যাপারে। মন্ত্রীমহোদয় তাঁর উদ্বোধনী বক্তৃতায় বলেছেন যে, একটি ক্ষেত্রে একজন মালিককে সাজা দিয়েছেন। তার এগেনস্টএ কেস ড্র আপ করা হয়েছে। কোন্ মালিক জানি না, কিন্তু আমরা তাঁকে স্মরণ করিয়ে দিই যে, সামান্য একটা ইন্ডাস্ট্রি—বিড়ি ইন্ডাস্ট্রি, তাতেই কত লোক কাজ করে তার একটা স্ট্যাটিসটিকস নেওয়া হোক। ওঁরা বলেছেন ২৫।৩০ হাজার, কিন্তু আমি মোটামুটি হিসাব নিয়ে দেখেছি যে, ৩ থেকে ৪ লক্ষ লোক এই ইন্ডাস্ট্রিতে কাজ করে। এই ইন্ডাস্ট্রিতে কর্মীর সংখ্যা বেড়েছে পার্টিশনএর পর। এবং এতে মালিকদের যে লাভের টাকা তা খুব বেশী না হলেও খুব কম থাকে না। সেক্ষেত্রে মিনিমাম ওয়েজেস এ্যাক্ট কেন প্রযোজ্য হবে না? আমি দেখেছি ওয়ার্কাসরা আন্দোলন করলে তবে মিনিমাম ওয়েজেস এ্যাক্ট প্রয়োগ করার চেষ্টা করা হয়। যেখানে ন্যায্য প্রাপ্য ২ টাকা সেখানে ফিক্সড আপ হয়েছে ১৸৵০। এ্যাডভাইসরি বোর্ড দিয়ে রেকমেন্ড করা হল কিন্তু সেই ১৸৵০ তাঁরা এখনও পায় নি। ধুলিয়ানা, কুচবিহারের কথা বলব—সেখানে মিনিমাম ওয়েজেস এ্যাক্ট প্রচলিত হয় নি এবং বহু জায়গায় তাঁরা ফাঁকি দেওয়ার বহুরকম চেষ্টা করেন। সেখানে ফ্যাক্টরী এ্যাক্ট চালু করতে যান, তারা রেপ্রেজেনটেশন দেবে মন্ত্রীর কাছে। উনি বলেছেন

মিনিমাম ওয়েজেস এ্যাক্ট আমরা করে দিয়েছি ; নিশ্চয়ই করেছেন—নোটিফিকেশন হয়েছে কিন্তু কোন জায়গায় আমরা জানি না নিজের পক্ষ থেকে লেবর ডিপার্টমেন্টএর পক্ষ থেকে আপনি প্রযুক্ত করেছেন। হয় যেখানে ওয়ার্কার্স স্ট্রাইক করেছে সেখানে প্রয়োগ করবার চেষ্টা হয়েছে এবং তাও এমনভাবে হয়েছে যে, আমি বলব, তা বারবার ঐ মালিকের পক্ষেই গিয়েছে—মালিককে সন্তুষ্ট করতে হয়েছে। সেজন্য আমি বলব এমন একটা ব্যবস্থা করা হোক অন্ততঃ বিড়ি ইন্ডাস্ট্রিতে একটা মিনিমাম ওয়েজেস এনফোর্স করে, ফ্যাক্টরী এ্যাক্ট ইমপ্লিমেনটেশনএর ব্যবস্থা করা হোক। যেখানে মিনিমাম ওয়েজেস এ্যাক্ট ফ্লাউটেড হয়েছে তা তাঁর দৃষ্টিগোচর হলে ২।৩টা প্রসিকিউশন করুন তাহলে সুফল পাওয়া যাবে।

[7-35—7-45 p.m.]

স্যার, আমি শেষকালে আর একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে অত্যন্ত মারাত্মক কথা, স্টেটএর সঙ্গে সংশ্লিষ্ট। আমি বলতে চাই এখানে, আমাদের কলকাতায় দুটা খবরের কাগজ আছে, তার একটা হচ্ছে "মহম্মদী" আর একটা হচ্ছে "পয়গম্"। এই দুটা খবরের কাগজে যাঁরা কাজ করেন তাঁরা হচ্ছেন বাংলার অধিবাসী। কিন্তু মন্ত্রীমহাশয় জানেন এই দুটা কাগজের আর একটা দপ্তর ইস্ট পাকিস্তানএ আছে ; সেখান থেকে তাদের মাইনেটা দেওয়া হয় ; ফলে এই হয় যে, গরীব বেচারী কর্মচারীরা, যারা ৩০ টাকা মাইনে পায়, সেখানে গিয়ে পড়ে ২২ কি ২৪ টাকা। যখন তাদের ফ্যাক্টরী এখানে, তাদের হেড অফিস এখানে, তখন এই গরীব লোকদের পেমেন্ট কেন এখানেই হবে না, ইন্ডিয়ান কয়েনএ? শুধু এই দুটা খবরের কাজ নয় ; এ ছাড়াও আরও বহু লোহার কারখানা আছে, আমি জানি, যাঁরা এখানে থেকে ঐখানে কারবার করেন এবং এখান থেকে একটা কন্ট্রাক্ট করে নেন যে, তোমাকে এত মাইনে দেব ; অর্থাৎ বেশী মাইনে দেব বলে নিয়ে যান। উনি যদি ইন্ডিভিজুয়াল কেস চান তা আমি দিতে পারি।

তারপর তাঁকে, তাঁদের বাড়ীতে এখানকার গদী থেকে কিছু কিছু টাকা মাইনে হিসাবে এ্যাডভান্স করেন। যখন কোন ডিসপিউট এ্যারাইজ করে, তখন বলেন এখান থেকে দেব। অতএব এগুলি রদ করা উচিত।

জামান সাহেব এইকথাগুলি তুলে ধরলে আমি সন্তুষ্ট হতাম, কিন্তু তিনি সেসমস্ত কথা কেন উত্থাপন করলেন না, তা জানি না। অতএব আমি বলব, সর্বোতভাবে আমি একথা স্বীকার করি যে, কোন ব্যাপার মন্ত্রীমহোদয়ের গোচরীভূত করার আগে কোন কাজ হয় না। এটা একটা প্রত্যক্ষ ঘটনা ; আমি জোর গলায় বলব—আমি কোন ইন্ডিভিজুয়াল কেসএর কথা বলছি না এবং তা বলতেও চাই না। কিন্তু আপনাদের দপ্তর এত ঢিলে কেন যে প্রত্যেকটি ব্যাপার মন্ত্রীমহাশয়ের কাছে নিয়ে আসা হয়, তবে সেটার কিছুটা সুব্যবস্থা হয়, আর তা না হ'লে হয় না। অতএব আমার অনুরোধ এই ঢিলেমিকে ত্যাগ করবার ব্যবস্থা অবলম্বন করুন ; এবং ওয়ার্কাররা যাতে সন্তুষ্ট হয়ে থাকতে পারে তার চেষ্টা করুন। উনি বলছেন শ্রমিকদের মাইনে বাড়িয়েছেন। কিন্তু আমি আজকের স্ট্যাটিসটিক্স থেকে দেখাতে চাই যে, জিনিসপত্রের দাম সর্বত্র কি রকম বেড়ে গিয়েছে। তেলের দর—মাস্টার্ড অয়েল মণ প্রতি ১৫ টাকা বেড়েছে, বাদাম তেল ১০ টাকা বেড়েছে। ডালের দামও মণ প্রতি আড়াই টাকা বেড়েছে এবং চালের দাম মণ প্রতি ৪ টাকা করে বেড়েছে। এর দ্বারা দেখা যাচ্ছে যে, কস্ট অফ লিভিং ইন্ডেক্স বেড়ে গেল ; কিন্তু এর জন্য কি শ্রমিকদের মজুরির হার বাড়বে? আমি এর উত্তর মন্ত্রীমহাশয়ের কাছ থেকে শুনতে চাই। আমার শেষ প্রশ্ন হচ্ছে মন্ত্রীমহাশয়ের কাছে, সেদিন খাদ্যমন্ত্রী আমাদের খাদ্য সম্পর্কে যে জবাব দিয়েছিলেন—তাতে দেখা গিয়েছিল যে, সেদিন খাদ্যের দর কিছু নিম্নমুখী ছিল, কিন্তু আজকে সর্বত্র বাজার দর বাড়তে আরম্ভ করেছে। নিত্য-প্রয়োজনীয় জিনিস—চাল, ডাল, তেল প্রভৃতি মণ প্রতি প্রায় ১০।১৫ টাকা করে বেড়ে গিয়েছে ; এতে ওয়ার্কারদের কন্ডিশন কি হবে, সেটা দেখে মন্ত্রীমহাশয় জবাব দিন ; এই হচ্ছে আমার বক্তব্য।

Sj. Dayaram Beri :

माननीय सभापाल महोदय, यह जो demand हमारे श्रम मंत्री ने उपस्थित किया है मैं इसको समर्थन करने के लिए House के सामने आया हूं। दो चार बातें मुझे इसके सबंध में बोलना है। यहा जो कुछ आलोचनायें हुई है इसमें हमारे विरोधी पक्ष के मित्र हमारी आलोचना जिस ढंग से करते है यह ढंग हरचद खराब है और लोगो के दिलों में भरम पैदा करनेवाला है। I. N. T. U. C. की नीति महात्मा गांधी की नीति को लेकर बनी है और इसके अन्दर हमारा यह सिद्धान्त है कि यह जो कारखाने मुल्क के अन्दर चलते है इसमें मालिक और मजदूर दोनों का संबंध है, मालिक पैसा लगाता है और मजदूर श्रम लगाता है। कारखाने का मालिक हम किसी व्यक्ति को नही मानते है हम इसका मालिक जनता को मानते है, हम हिन्दुस्तान के ४० करोड़ जनता इन कारखानों के मालिक है और यह हमारा मूल सिद्धान्त है। गुडाई जो लोग करते है हम उनको देश का शत्रु समझते है। बदकिस्मती से हमारी कम्यूनिस्ट पार्टी की नीति शुरू से लेकर अब तक खराब रही है जिससे हमारे मुल्क को एक बडा नुकसान पहुंचा है। अभी चद दिनों की बात है कि Burnpur के अन्दर strike चलाया गया उसमें leadership के सिवा और कोई दूसरी बात नही थी। इतना बडा कारखाना और इतने श्रमिक इस कदर अच्छी तरह और मजे से चल रहा है यह चीज कम्यूनिस्ट पार्टी को अपन है।

इसको वह अच्छी तरह जानते है कि इस्पात से सारे जगत की चीजें बनती है, आज किसानों को खेती मे काम करने का जो हथियार है वह भी इस्पात से बनता है, हवाई जहाज के कारखाने के लिए लोहे की जरूरत है और और बहुत चीजें इस्पात से बनती है। वहा पर इन लोगो का श्रम नीति बहुत घातक है और इसके लिए इनको शर्म होना चाहिए। इतने बडे कारखाने में हड़ताल कराकर भारतवर्ष को मजबूर किया कि वह ३ गुना दाम देकर इस्पात बनाए।

हम तो यह कहते है कि यह विश्वासघात है। वह हमारा आलोचना करते है मगर अपनी श्रम नीति को नही देखते। उनका कोई भी हड़ताल सफल नही होता है जबतक १००, २०० श्रमिको का सर नही फोडा जाता है इसलिए अच्छा होता कि वह दूसरे की आख की कोट देखने के बजाय अपनी आख को देखें कि वह किस कदर खराब है। पहिले अपनी श्रम नीति को ठीक तरह से देखें तब बंगाल सरकार की श्रम नीति पर आलोचना करे। मै जानता हूं कि जब से हिन्दुस्तान आजाद हुआ है तब से लेकर अब तक मजदूरों के लिए जितना कानून भारतवर्ष ने बनाया है उतना किसी और मुल्क ने नही बनाया है। यह काग्रेस का दावा है और इस दावे को हिन्दुस्तान के बाहर सब मुल्को ने समर्थन किया है मगर कम्यूनिस्ट पार्टी इसको नही देखती है। जो कोई बन का जानवर होता है वह जब बाहर जाता है तो वह फूल की सुगंध की तरफ नही जाता है बल्कि वह मैली और गंदी चीजो की तरफ दौड़ता है, ठीक इसी तरह हम जो अच्छा काम करते है वह नही देखते है वह तो सिर्फ हमारी श्रम नीति में खराबी देखते है। आज जितने उद्योग हमारे है चाहे वह लोहे का हो, कोयला का हो, पाट का हो इन सब उद्योगों में मजदूरों का मान बढ़ा है और तनख्वाह भी बढ़ी है उन के

पास पैसा ज्यादा आता है इसको इकरार वह तमाम लोग करते हैं मगर आप उनके अन्दर दोष देखते हैं और हमारे श्रम नीति पर हमला करते हैं।

Trade Union के नाम से जो नीति चलाई जा रही है वह आपस में लड़वाने, मारपीट और आग लगाने की नीति है। मैं उनसे कहूंगा कि वह अपनी इस नीति को बदलें और सरकार को कम्यूनिस्ट पार्टी को ban करने पर मजबूर न करें।

[7-15—7-55 p.m.]

Sj. Dalbahadur Singh Gahatraj: Mr. Speaker, Sir, I rise to support the demand made by the Hon'ble the Labour Minister. I would like to speak a few words so that my friends on the opposite may hear me for their guidance and for their information. From what I have heard from the Opposition members I have learnt that it was not the real opposition type of speeches that they were making against the demands. They have their prejudices and they are out to speak something very much against the Minister and the party. After all they pose themselves as members of trade unions, either knowingly or unknowingly. It is the function of the trade unionists or the party which runs the trade union to go and meet the people and teach them how to lead a healthy life, how to lead a life for profit, how to put their future generation on a better footing through education in schools, how to make them better citizens of the country. Instead of doing all these good services to the labourers it has become a profession with them to earn their livelihood. Out of the money raised from the labourers they earn their livelihood. I repeat it once again if my friends on the opposite have not cared to hear it that it has become a trade with my friends whereby they maintain their families. Some of the trade union leaders have not seen Darjeeling. They ought to go there and find how the people there are living. Instead of doing that the trade unionists and their leaders are living like princes with the money that are being raised from the subscription of the poor labourers (Question, Question). A certain member from the Opposition was telling that the labourers are suffering from insufficiency of food. Of course, our Government knows that the labourers should have a better standard of life and to achieve that Government have so many plans and projects. I would like to cite an instance from a paper of the Communist Party known as "Agradoot" which is a miniature of "Swadhinata". At the instance of the Communist Party some people committed some illegal acts for which they were placed before the court. Instead of meeting the cost of defending the accused persons from their own pockets they are raising subscription from the public. Now it is the responsibility of the leaders who instigated them to commit the criminal offences to pay from out of their own pockets the expenses for defending the accused for whom they express so much anxiety.

The Hon'ble Radha Gobinda Roy:

মাননীয় স্পীকার মহাশয়, অন্য নানারকমভাবে দেশকে উন্নয়ন করবার জন্য যেসমস্ত বিধি-ব্যবস্থা বাংলাদেশে তথা ভারতবর্ষে হচ্ছে তাতে আদিবাসী এবং তপশীলী সম্প্রদায়ভুক্ত লোকেরা তার অধিকাংশ অংশ পাবে। বহু শত বৎসর যাবৎ এই জাতি পশ্চাৎপদ থাকার দরুণ তাদের অন্যান্য জাতির সমপর্যায়ভুক্ত করবার জন্য বিশেষভাবে প্রচেষ্টা করা উচিত এবং সেই উদ্দেশ্যেই আদিবাসীর উন্নয়ন এবং তপশীলী সম্প্রদায়ের উন্নয়নের ব্যবস্থা করা হচ্ছে।

যাই হোক, আমার বন্ধু ধনঞ্জয় কর মহাশয়ের এই আদিবাসী এবং তপশীলী সম্প্রদায়ভুক্ত সম্প্রদায়ের প্রতি বিশেষ দরদ আছে এবং তাদের জন্য তিনি প্রায়ই এইসব কথা বলে থাকেন।

এবং এদের ভালোর কথা তিনি চিন্তা করেন বলে তাঁকে ধন্যবাদ দিচ্ছি, কিন্তু তিনি যে চক্ষু এবং মন নিয়ে এইসব জিনিস বিচার করেন সেটা যদি আর একটু শুদ্ধতর হত এবং একটু যদি বিশেষ বিবেচনাপূর্বক বুদ্ধিমার্জিত করে তিনি আলোচনা করতেন তা হলে দেখতেন যে, তিনি যেসমস্ত কথা বললেন তার প্রায় অধিকাংশই ভুল। আমার সময় সংক্ষেপ এবং আপনারা বাড়ী যাবার জন্য খুব উদ্‌গ্রীব—এই উদ্‌গ্রীব মনওয়ালাদের কথা বলবার সময় একটু নার্ভাস হতে হয় বলে আমি খুব 'নার্ভাস' হয়েই কথা বলছি।

মোট প্রায় ৮ লক্ষ একর জমিতে খারিফ চাষে জল সেচের ব্যবস্থা হবে। এই সব জমির মধ্যে প্রায় ১ লক্ষ ৫০ হাজার একর জমিতে রবি চাষেরও জল দেওয়া যাবে। তাছাড়া, বর্তমান মেদিনীপুর ক্যানেলের অধীন প্রায় ৮০ হাজার একর জমিতে সেচ ব্যবস্থার উন্নতি হবে। আপাততঃ এই পরিকল্পনায় কোন জলবিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থা নেই। এই কাজে মোট প্রায় ২৫ কোটি ৩৫ লক্ষ টাকা খরচ হবে, আগামী বছরের জন্য ৫৩ লক্ষ ৩৩ হাজার টাকা বরাদ্দ হয়েছে। এই পরিকল্পনার শেষে প্রতি বছর প্রায় ১ কোটি ২৫ লক্ষ মণ বাড়তি ফসল পাওয়া যাবে। গড়ে প্রতি মণ আট টাকা হিসাবে মূল্য ধরলে উপকৃত এলাকার জনসাধারণের বাৎসরিক বাড়তি আয় দাঁড়াবে প্রায় ১০ কোটি টাকা। অর্থাৎ, এই পরিকল্পনায় জাতি যা ব্যয় করবে দু' তিন বছরে তা ফিরে পাবে ; এবং, তারপরেও প্রতি বছর এই বাড়তি আয় পেতে থাকবে। যার ফলে ঐ অঞ্চলের লোকেদের জীবনযাত্রার মান বেশ উন্নত হবে। আগামী বছরে আর একটি বড় কাজ ধরা হবে—জলপাইগুড়ি জেলায় করতোয়া-তালমা সেচ পরিকল্পনা। মোট ৪৮ লক্ষ ৮২ হাজার টাকা ব্যয়ে এই দুটি নদীকে বেঁধে ১৩ হাজার ৮ শত একর জমিতে জলসেচ করা হবে। ফলে, প্রতি বছর ২ লক্ষ মণেরও বেশী বাড়তি ফসল হবে বলে আশা করা যায়। প্রতি মণের দাম আট টাকা হিসাবে ধরলে এই বাড়তি ফসলের দাম দাঁড়ায় ১৬ লক্ষ টাকা। অর্থাৎ এই পরিকল্পনায় ব্যয়িত সমস্ত টাকা তিন-চার বছরের মধ্যে দেশবাসীর হাতে ফিরে আসবে। আগামী বছরের জন্য এই কাজে ৬ লক্ষ টাকা ধরা হয়েছে। আরও ৪৩টি নূতন কাজের জন্য আগামী বছরে ৩১ লক্ষ ৮৮ হাজার টাকা ধরা হয়েছে। এই কাজগুলির জন্য মোট ব্যয় হবে ১ কোটি ১৭ লক্ষ টাকা। বর্তমানে চালু ২৭টি কাজের জন্য আগামী বছরে ২ কোটি ১৬ লক্ষ ৭৮ হাজার টাকা ধরা হয়েছে, তার মধ্যে আছে ময়ূরাক্ষী পরিকল্পনা, সোনারপুর-আরাপাঁচ-মাতলা পরিকল্পনা, বাগজলা-ঘূর্ণি যাত্রাগাছি পরিকল্পনা এবং আরও ২৪টি কাজ। বন্যা নিয়ন্ত্রণের নূতন ও পুরাতন ১৩টি কাজের জন্য আগামী বছরে ৫২ লক্ষ ৩১ হাজার টাকা ধরা হয়েছে। রাজস্ব বিভাগ থেকে সুন্দরবন অঞ্চলের বাঁধ মেরামতের জন্য ৫১ লক্ষ ৬০ হাজার টাকা ধরার ব্যবস্থা হচ্ছে। এই কাজ সেচ বিভাগের মারফতে হবে, এছাড়া সেচ বিভাগও ২ লক্ষ টাকা বরাদ্দ করেছেন, চলতি বছরে ৩৮ লক্ষ টাকা খরচ হচ্ছে। এই অঞ্চলের সার্ভের জন্য পৃথকভাবে ২৬ হাজার টাকা ধরা আছে। সারা পশ্চিমবঙ্গে রিকনয়স্যান্স, কনটুর সার্ভে ও হাইড্রলজিক্যাল অবজারভেশন ইত্যাদির জন্য আগামী ব্যয় বরাদ্দ ৫ লক্ষ ৮০ হাজার টাকা ধরা আছে। সেচ বিভাগের নদী গবেষণাগারের কাজ বেশ ভালভাবেই চলছে। সেচ বিভাগ সম্পর্কিত বহু ব্যাপারে, বিশেষতঃ বড় বড় নদী বাঁধার কাজে, এই সব গবেষণার ফলে বহু ভুল এড়ান যায়, বহু ত্রুটি সংশোধন করা যায় ও বহু লক্ষ টাকার ব্যয় বাঁচান যায়। আগামী বছরে এই বিভাগের জন্য ২ লক্ষ ৮ হাজার টাকা ধরা হয়েছে।

২। আলোচ্য বর্ষ অর্থাৎ ১৯৫৬-৫৭ সাল থেকে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা আরম্ভ হবে। তাই, এ সম্বন্ধে কিছু বলা দরকার মনে করি। এই পাঁচ বছরে সেচ বিভাগ থেকে যেসব কাজ করা হবে তার কয়েকটির কথা আগেই বলেছি, যেমন—ময়ূরাক্ষী, সোনারপুর-আরাপাঁচ, বাগজলা-ঘূর্ণি যাত্রাগাছি প্রভৃতি বর্তমানে চালু কাজ; আরও কয়েকটি চালু কাজ আছে। দ্বিতীয় পরিকল্পনায় এই সব চালু কাজের জন্য ধরা আছে ২ কোটি ৬৭ লক্ষ ৭৯ হাজার টাকা। দ্বিতীয় পরিকল্পনাভুক্ত নূতন কাজের কথা আগে বলেছি, যেমন কংসাবতী, করতোয়া-তালমা প্রভৃতি। আরও কয়েকটি নূতন কাজের নাম করা যেতে পারে, যথা—হাওড়া জেলায় আমতা বেসিন জল নিকাশ পরিকল্পনা—এই কাজের খরচ হবে ৪৫ লক্ষ ৫৫ হাজার টাকা। এই কাজে ২৮ হাজার ৮ শ' একর জমি উপকৃত হবে, যার ফলে ২ লক্ষ ৬০ হাজার মণ বাড়তি ফসল প্রতি বছরে আশা করা যাবে। আর একটি নূতন কাজ হল ২৪-পরগণা জেলার দাঁতভাঙ্গা বিল জলনিকাশ পরিকল্পনা; এর জন্য মোট খরচ হবে ২১ লক্ষ ৭৩ হাজার টাকা, যার ফলে ২০ হাজার ৬শ' একর জমি উপকৃত হবে এবং বছরে ৭৭ হাজার মণ বাড়তি ফসল পাওয়া যেতে পারে। আরও ৫০টি নূতন কাজে ১৯৬০-৬১ সালের মধ্যে ১ কোটি ১৫ লক্ষ ৬৩ হাজার টাকা খরচ হবে, কংসাবতী সহ এই সব নূতন কাজগুলির জন্য দ্বিতীয়

পঞ্চবার্ষিকীর মধ্যে মোট খরচ হবে ৭ কোটি ৩১ লক্ষ ৭৩ হাজার টাকা। কিছু পূর্বে রিকনয়স্যান্স, কনটুর সার্ভে ও হাইড্রলজিক্যাল অবজারভেশনের কথা বলেছি, তাতে এই পাঁ বছরে মোট খরচ হবে ৩৫ লক্ষ টাকা। এই দ্বিতীয় পরিকল্পনার ৫ বছরে এই বিভাগের অভিজ্ঞ ও দক্ষ ইঞ্জিনিয়ারগণকে ভারতে ও বিদেশে উচ্চতর ও অতি আধুনিক জ্ঞান লাভের জন্য পাঠান হবে। তার জন্য ১ লক্ষ ৬৫ হাজার টাকা বরাদ্দ আছে। আমাদের নদী গবেষণাগারের কথা আগেই বলেছি। তার জন্য এই পাঁচ বছরে খরচ হবে সাড়ে সাত লক্ষ টাকা।

৩। কেন্দ্রীয় প্ল্যানিং কমিশন পশ্চিমবঙ্গ সরকারের দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সেচখাতে বর্তমানে চালু কাজের খরচের জন্য ২ কোটি ৫৫ লক্ষ ২৭ হাজার এবং দামোদর ভ্যালি কর্পোরেশনের জন্য ৯ কোটি ৯৩ লক্ষ টাকা ধরে মঞ্জুর করেছেন মোট ১৯ কোটি টাকা এই টাকার মধ্যে গঙ্গা বারাজের হিসাব ধরা নাই, কারণ কেন্দ্রীয় সরকার এ সম্বন্ধে যথাকর্তব্য করবেন। সুন্দরবন অঞ্চলের বাঁধ রক্ষা, নূতন বাঁধ তৈরী প্রভৃতি সেচ বিভাগ সম্পর্কিত কাজের জন্য উপরে প্রদত্ত হিসাবে কোন টাকা ধরা হয়নি। ১৩৬২ সালের ১লা বৈশাখ বা ১৯৫৫ সালের ১৫ই এপ্রিল থেকে জমিদারী প্রথা উচ্ছেদের ফলে সুন্দরবন অঞ্চলের এই সব দায়িত্ব সরকারের উপর এসেছে, তার পূর্বেই এই কাজে সরকার প্রায় ১ কোটি টাকা খরচ করেছেন; কারণ লাটদারদের অবহেলায় ও অক্ষমতায় প্রায় ২,২০০ মাইল লম্বা এই সব বাঁধের অতি শোচনীয় দুর্দশা হয়েছে। আগামী পাঁচ বছরে এই কাজে ভূমি রাজস্ব বিভাগের পক্ষ থেকে ৩ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয় করার মঞ্জুরী প্ল্যানিং কমিশনের কাছে চাওয়া হয়েছে, নানা কারণে সঠিক জবাব এখনও পাওয়া যায় নি। না পেলেও রাজ্য সরকার মঞ্জুরী প্ল্যানিংএর বাইরে এই টাকা খরচ করবেন বলে মনস্থ করেছেন। এই রকম খরচকে রাজ্য সরকারের বাড়তি প্ল্যান বলা যেতে পারে।

[3-30—3-40 p.m.]

কংসাবতী পরিকল্পনার জন্য প্ল্যানিং কমিশন মাত্র ৫ কোটি টাকা মঞ্জুর করেছেন, কিন্তু রাজ্য সরকার এই কাজে আগামী পাঁচ বছরে আরও ১৫ কোটি টাকার কাজ করতে চান। এটাও ঐ "বাড়তি প্ল্যানে" ধরতে হবে। "বাড়তি প্ল্যানের" মধ্যে আর একটি বড় কাজ আগামী বছর থেকেই আরম্ভ করা যাবে বলে আশা করা যায়। তার নাম—কলিকাতা কর্পোরেশনের জল নিকাশী খাল সংস্কার; পাঁচ বছরে এই কাজে ১ কোটি টাকা খরচ হবে। এই সেচ বিভাগের মারফতে এই রাজ্য সরকার ছোট বড় আরও ২৯টি কাজের জন্য পাঁচ বছরে "বাড়তি প্ল্যানে" ১৭ কোটি ৭ লক্ষ ৮৮ হাজার টাকা ব্যয় করার ইচ্ছা রাখেন। এই কাজগুলির মধ্যে গ্রেটার ক্যালকাটা মাষ্টার প্ল্যানের ৪টি কাজ আছে। তাহলে, "বাড়তি প্ল্যানে" সুন্দরবন ও কংসাবতী সহ সেচের কাজে মোট ব্যয় হতে পারবে ৪১ কোটি ৩৭ লক্ষ ৮৮ হাজার টাকা। এর মধ্যে গঙ্গা বারাজের টাকা ধরা নেই। এই রাজ্যের প্রায় প্রত্যেক বিভাগের উন্নয়নমূলক কিছু কিছু কাজে রাজ্য সরকার "বাড়তি প্ল্যান" ধরে খরচ করার ইচ্ছা রাখেন। প্ল্যানিং কমিশনের মঞ্জুরীকৃত কাজগুলির জন্য আবশ্যক টাকা সংগ্রহ করার পর যেমন যেমন বাড়তি টাকা সংগ্রহ করা যাবে সেই অনুপাতে "বাড়তি প্ল্যানের" কাজ হবে, এইরূপ সম্মতি দিল্লী থেকে পাওয়া গেছে। চালু ও নূতন কাজে ডি, ভি, সি, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সেচখাতে যে টাকা ব্যয় করতে চান তার মধ্যে পশ্চিমবঙ্গের অংশে পড়বে ৯ কোটি ৯৩ লক্ষ টাকা। আগামী পাঁচ বছরে রাজ্য সরকার ওয়েষ্ট বেঙ্গল ডেভেলপমেন্ট কর্পোরেশনকে মাত্র ৬ কোটি ৫০ লক্ষ টাকা দেবেন বলে ধরা হয়েছে, কিন্তু সরকার এ কর্পোরেশনকে ২৬ কোটি ৭২ লক্ষ টাকা এষ্টিমেটের ৪টি কাজ করতে দেবেন; তার মধ্যে ১৪ কোটি ৮৬ লক্ষ টাকা ব্যয়ে উত্তর ও দক্ষিণ সল্ট লেক উদ্ধারের এবং ২ কোটি টাকা ব্যয়ে সিউয়েজ গ্যাস উৎপাদনের কাজ অর্থাৎ মোট ১৬ কোটি ৮৬ লক্ষ টাকার ৩টি কাজ এ কর্পোরেশন এই সেচ বিভাগের মারফতে বা সাহায্যে করবেন আশা করা যায়।

৪। বন্যা নিবারণের ব্যাপারে প্ল্যানিং কমিশন এই রাজ্যের জন্য টাকা খরচের কোন সীমা বেঁধে দেননি। কেন্দ্রীয় সেচ বিভাগের হাতে একটা মোটা অঙ্কর থোক টাকা দেওয়া হবে। তাই থেকে এই রাজ্যের প্রয়োজন মত টাকা পাওয়া যাবে। আগামী পাঁচ বছরে বন্যা নিবারণ কল্পে এই রাজ্য সরকার দশ বার কোটি টাকার কাজ করতে পারবেন বলে ভরসা করেন। যদিও সারা পশ্চিমবঙ্গে বন্যা নিবারণের কাজ আছে, তথাপি এই কাজ প্রধানত উত্তর বঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, কুচবিহার, পশ্চিম দিনাজপুর ও মালদহ এই পাঁচটি জেলাতেই নিবদ্ধ। গত কয়েক বছর দেখা যাচ্ছে পাঞ্জাব থেকে আসাম পর্যন্ত হিমালয়ের সানুদেশে ঘন ঘন প্রবল বন্যা হচ্ছে। উত্তর বঙ্গের এই পাঁচটি জেলা বিশেষ করে বিধ্বস্ত হচ্ছে। কত মানুষ ও পশুর জীবন গেছে, ঘরবাড়ী, সম্পত্তি, গাছপালা ও ফসল নষ্ট হয়েছে, বহু আবাদী জমি বালি চাপা পড়ে চাষের অযোগ্য হয়ে গেছে। এইভাবে সরকারী ও বে-সরকারী বহু টাকার সম্পত্তি নষ্ট হয়েছে। কত নদী আপন গতি পথ পরিবর্তন করেছে। এই বিরাট সমস্যার সুষ্ঠু সমাধানকল্পে ভারত সরকার একটি শক্তিশালী কেন্দ্রীয় বন্যা নিয়ন্ত্রণ বোর্ড গঠন করেছেন, এতে প্রধানতঃ কেন্দ্রের ও রাজ্যের সেচ মন্ত্রীরা আছেন। অভিজ্ঞ, প্রবীন, বিশেষ ইঞ্জিনিয়ারগণের দ্বারা কয়েকটি রিভার কমিশন গঠন করেছেন। সেই রকম পশ্চিমবঙ্গ সরকারও এই রাজ্যে প্রধানতঃ মন্ত্রীদের দিয়ে একটি বন্যা নিয়ন্ত্রণ বোর্ড, বিশেষজ্ঞদের দিয়ে একটি টেকনিক্যাল কমিটি এবং সরকারী ও বে-সরকারী ব্যক্তিদের দিয়ে একটি পরামর্শদাতা সমিতি গঠন করেছেন। বন্যা নিবারণ সমস্যাকে দুই শ্রেণীতে ভাগ করা হয়েছে, যথা স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী। স্বল্প মেয়াদী কাজ হিসাবে ১৯৫৪-৫৫ সালে জলপাইগুড়ি, শিলিগুড়ি, কুচবিহার, মাথাভাঙ্গা ও আলিপুর দুয়ার শহর রক্ষার এবং ফাঁসিদেওয়া ও বার্ণেস-দোমোহানী এলাকাকে ভাঙ্গন ও প্লাবনের হাত থেকে রক্ষা করার ব্যবস্থা করা হয়েছে। এর মধ্যে বার্ণেস-দোমোহানীর কাজ আশানুরূপ সফল হয়নি। এই কয়টি কাজে ১৯৫৪-৫৫ সালে ৪৪ লক্ষ টাকা ও ১৯৫৫-৫৬ সালে ১ কোটি ৬ লক্ষ ৭৪ হাজার টাকা খরচ হয়েছে এবং ১৯৫৬-৫৭ সালে ২৭ লক্ষ ৭৪ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে, তাহলে, এই তিন বছরে এই সাতটি কাজে খরচ হবে ১ কোটি ৭৮ লক্ষ ৪৮ হাজার টাকা। এই কাজেই আরও কয়েক লক্ষ টাকা খরচ করতে হবে। ১৯৫৫-৫৬ সালে নূতন কাজ ধরা হয়েছে—তুফানগঞ্জ শহর রক্ষা এবং মহানন্দা, চেল, বালাসন ও কালজানি নদীর তীরে কয়েকটি বড় বড় অঞ্চলকে রক্ষা করা। এই ছয়টি কাজে এ বছর খরচ হচ্ছে ১২ লক্ষ টাকা, আগামী বছরে বরাদ্দ আছে ২৪ লক্ষ ৫৭ হাজার টাকা, দু বছরে মোট দাঁড়াবে প্রায় ৩৭ লক্ষ টাকা। এছাড়া ঘীশ, জলঢাকা ও রাঙ্গাতীর নদীর তীরে তিনটি বড় এলাকাকে রক্ষা করার ব্যবস্থা করা হচ্ছে এবং তার জন্য মোট খরচ দাঁড়াবে ১৩৷৷০ লক্ষ টাকা। ১৯৫৬-৫৭ সালে তিস্তা, চেল ও ডায়না নদীর ধারে ছোট বড় অনেকগুলি কাজ ধরার ইচ্ছা আছে, যার মোট এষ্টিমেট দাঁড়াবে প্রায় ১ কোটি ৩০ লক্ষ টাকা। উত্তরবঙ্গে বন্যা নিয়ন্ত্রণের জন্য তথ্য সংগ্রহের উদ্দেশ্যে নানা প্রকার সার্ভে ইত্যাদির জন্য প্রায় ২৫ লক্ষ টাকার এষ্টিমেট করা হয়েছে; এজন্য বর্তমান বছরে প্রায় ৫ লক্ষ টাকা ও আগামী বছরে ৫ লক্ষ টাকা খরচ হতে পারে। এ পর্যন্ত যে হিসাব দিলাম তার মোট টাকার পরিমাণ দাঁড়ায় প্রায় ৪ কোটি টাকা। উত্তর বঙ্গের বড় বড় নদীগুলি ভারতের বাইরে নেপাল, সিকিম, ভুটান প্রভৃতি স্বাধীন দেশ থেকে উৎপন্ন হয়েছে। এইসব অঞ্চলে ব্যাপক তথ্যানুসন্ধান ব্যতীত কোটি কোটি টাকার দীর্ঘ মেয়াদী পরিকল্পনায় হাত দেওয়া যায় না। আমাদের বিশেষজ্ঞরা সিকিম রাজ্যে তিস্তা নদীর উৎপত্তি স্থান পর্যন্ত পর্যবেক্ষণ করে এসেছেন; এর জন্য তাঁহাদিগকে পায়ে হেঁটে ১৮,০০০ ফুট পর্যন্ত উঁচুতে উঠতে হয়েছিল। নেপাল, সিকিম ও ভুটানে আমাদের বিশেষজ্ঞরা কয়েকটি পর্যবেক্ষণ কেন্দ্র স্থাপন করেছেন যেখানে তাঁরা সারা বছর ধরে নানাপ্রকার তথ্য সংগ্রহ করবেন এবং উত্তর বঙ্গে বন্যা নামার বহু পূর্বেই বেতার যোগে সাবধান করে দিতে পারবেন। কেন্দ্রীয় সরকার উড়োজাহাজ থেকে উত্তর বঙ্গের বিস্তীর্ণ এলাকার সার্ভে করেছেন ও ফটো তুলেছেন এবং তাই থেকে কনটুর ম্যাপ তৈরী হয়েছে। উত্তর বঙ্গের মধ্যে নানা প্রকারের ব্যাপক পর্যবেক্ষণ ও তথ্য সংগ্রহ চলেছে। চারিদিক থেকে এইসব তথ্যাদি সংগৃহীত হলে তবে দীর্ঘ মেয়াদী পরিকল্পনা তৈরি করা সম্ভব হবে। সরকার যত শীঘ্র সম্ভব এই কাজ করার চেষ্টা করছেন। ইতিমধ্যে লক্ষ লক্ষ টাকার স্বল্প মেয়াদী কাজ চলতে থাকবে।

৫। এই রাজ্যের কোন অঞ্চলে সেচ বিভাগীয় কোন সমস্যার হঠাৎ উদ্ভব হলে তাড়াতাড়ি তার সমাধান বার করা যায় না, কারণ তার পূর্বে কতকগুলি তথ্য সংগ্রহ করতে হয়, যার জন্য প্রচুর সময় লাগে, এমন কি কয়েক বছর লেগে যায়। তাই দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই রাজ্যে ব্যাপকভাবে কনটুর সার্ভে ও হাইড্রলিক অবজারভেশনের জন্য উপযুক্ত ব্যবস্থা করা হয়েছে।

৬। স্বাধীনতা লাভের ঠিক পূর্ব বৎসরে অর্থাৎ ১৯৪৬-৪৭ সালে অখণ্ড বঙ্গে সেচ বরাদ্দ ছিল ২ কোটি ৭৫ লক্ষ টাকা; পশ্চিমবঙ্গে তার মোটামুটি ½ অংশ ধরলে দাঁড়ায় প্রায় ৯২ লক্ষ টাকা। প্ল্যানিং কমিশন এই রাজ্যের দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সেচখাতের জন্য যে পরিমাণ টাকা অনুমোদন করেছেন তা থেকে ডি, ভি, সি, বাদ দিলে গড়ে প্রতি বছরে দাঁড়াবে ১ কোটি ৯৭ লক্ষ ৪০ হাজার টাকা, যা ১৯৪৬-৪৭ সালের অনুপাতে দাঁড়াবে প্রায় সওয়া দুই গুণ। আবার ডি, ভি, সির পুরাতন ও নূতন কাজের বরাদ্দ ধরে এই রাজ্যের দ্বিতীয় পঞ্চবার্ষিকীর সেচ বরাদ্দ গড়ে প্রতি বছর দাঁড়াবে ৩ কোটি ৯৬ লক্ষ টাকা, যেটি এ অনুপাতে দাঁড়াবে প্রায় সাড়ে চার গুণ। তার সঙ্গে আবার যদি সুন্দরবনের খরচ, কংসাবতীর বাড়তি খরচ, কলিকাতা কর্পোরেশনের চ্যানেলের খরচ, এবং অন্যান্য খরচ সহ এই রাজ্যের "বাড়তি প্ল্যানের" টাকা যোগ করা যায় তাহলে আগামী পাঁচ বছরে গড়ে প্রতি বছরে সেচ সম্পর্কিত খরচ দাঁড়াবে ৮ কোটি ২৭ লক্ষ টাকা যেটা ১৯৪৬-৪৭ সালের সেচ বরাদ্দের প্রায় সওয়া ৯ গুণ হবে।

৭। খরচ যেমন বাড়ছে, সেই অনুপাতে উপকারও বাড়ছে। অনুমোদিত দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা কার্যে পরিণত করতে এই রাজ্যের সেচ বিভাগ আগামী পাঁচ বছরে প্রায় ৩ লক্ষ ৪৬ হাজার নূতন লোককে এক মাস হিসাবে কাজ দিতে পারবে, অর্থাৎ ৩ লক্ষ ৪৬ হাজার ম্যান মান্থের নূতন কাজ হবে এই হিসাবে কাজগুলি সম্পাদন করতে প্রত্যক্ষভাবে যে লোকের প্রয়োজন হবে তাই মাত্র ধরা হয়েছে। পরিকল্পনাগুলি সম্পাদন করতে যে কাঁচা ও পাকা মালমসলা লাগবে তা যোগান দিতে যে প্রচুর লোক বিভিন্ন বে-সরকারী প্রতিষ্ঠানে নিয়োজিত হবে পরিকল্পনার কাজে নিযুক্ত লোকদের জন্য—বে-সরকারী হোটেল, দোকান, যানবাহন প্রভৃতিতে যেসব লোক নিযুক্ত থাকবে, এবং পরিকল্পনাগুলি রূপায়িত হলে যে অতিরিক্ত কর্ম সংস্থানের সুযোগ মিলবে তা এই হিসাবে ধরা হয় নাই। বিশেষজ্ঞরা সাধারণতঃ মূল সংখ্যার দ্বিগুণ ধরেন এই আনুষঙ্গিক কাজে। তাহলে ম্যান মান্থের পরিমাণ দাঁড়াবে ১০ লক্ষেরও বেশী।

[3-40—3-50 p.m.]

হিন্দু, মুসলমান ও ইংরেজ শাসনের কয়েক শত বৎসরের শেষে স্বাধীনতা লাভের সময় পশ্চিমবঙ্গে মোট আবাদী জমির পরিমাণ ছিল ১ কোটি ১৬ লক্ষ ৯০ হাজার একর। ইহার মধ্যে সর্বপ্রকারে সেচের সুযোগপ্রাপ্ত জমির পরিমাণ ছিল ১৭ লক্ষ ৩৫ হাজার একর অর্থাৎ আবাদী জমির শতকরা ১৪·৮ ভাগ। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রাক্কালে অর্থাৎ ১৯৫০-৫১ সালে আবাদী জমির পরিমাণ ছিল ১ কোটি ১৭ লক্ষ ৩০ হাজার একর এবং সেচের অধীনে জমি ছিল ২৪ লক্ষ ৮০ হাজার একর অর্থাৎ আবাদী জমির শতকরা ২১·১ ভাগ। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে আবাদী জমি বেড়ে দাঁড়িয়েছে ১ কোটি ২৩ লক্ষ একরে এবং সেচের জমি বেড়ে দাঁড়িয়েছে ৩৯ লক্ষ একরে, তাহলে এই শতকরা হার হবে ৩১·৭ ভাগ। এই রাজ্যের অনুমোদিত দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সেচ, কৃষি ও উন্নয়ন বিভাগের সকল প্রকার কাজের রূপায়নে বাড়তি প্রায় ১৮ লক্ষ ৩২ হাজার একর জমিতে সেচের ব্যবস্থা হবে, ফলে আনুমানিক ১ কোটি ৮৭ লক্ষ ৬৫ হাজার মণ বাড়তি ফসল পাওয়া যাবে, যার মূল্য হবে প্রায় ১৫ কোটি টাকা। তাহলে দ্বিতীয় পরিকল্পনার শেষে ১৯৫৫-৫৬

সালের আবাদী জমির অনুপাতে সেচের জমির এই শতকরা হার ৪৬·৬ ভাগে দাঁড়াবে বলে আশা করা যায়। অবশ্য আবাদী জমির পরিমাণ কিছু বাড়বে যার ফলে এই শতকরা হার দু-এক ভাগ কমবে। এছাড়া সেচ বিভাগের জল নিকাশী পরিকল্পনাগুলির দ্বারা প্রথম পঞ্চবার্ষিকীর সময়ে ৪ লক্ষ ৭ হাজার ৭ শত একর জমি উপকৃত হয়েছে এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকীর শেষে আরও ৩ লক্ষ ৪৫ হাজার একর জমির উপকার হবে।

৮। তবুও অনেক কাজ বাকী থাকবে। আশা, বিশ্বাস, নিষ্ঠা ও দৃঢ়তার সাথে এগিয়ে গেলে কয়েকটি পঞ্চবার্ষিকী পরিকল্পনার রূপায়ণে সকল সমস্যার সুষ্ঠু সমাধান নিশ্চয়ই সম্ভব হবে।

৯। আশা করি মাননীয় সদস্যরা এই বরাদ্দ মঞ্জুর করবেন।

[**Mr. Speaker:** *I take it that all the cut motions are moved.*]

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to supply adequate irrigation water to the cultivators of Singoor police-station in the district of Hooghly.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government of West Bengal to reclaim and re-excavate the Dankuni Drainage canal.

Sj. Amulya Charan Dal: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

ঘাটাল মহকুমায় বন্যা নিরোধ করার ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সেচব্যবস্থায় পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Sj. Amulya Ratan Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy specially in the district of Bankura.

Sj. Balailal Das Mahapatra: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

(১) সরকারের ত্রুটিপূর্ণ সেচনীতি পশ্চিমবাংলার কৃষিউন্নয়ন পথে বিঘ্নস্বরূপ এবং এই বিভাগের দুর্নীতিপরায়ণতা যে-কোন পরিকল্পনাকে ব্যর্থতায় পর্যবসিত করিতে বিশেষভাবে দায়ী।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

(৩) সুবর্ণরেখার সর্বনাশা বন্যা মেদিনীপুর জেলার অন্তর্গত রামনগর, এগ্রা, দাতন, মোহনপুর, গোপীবল্লভপুর, নয়াগ্রাম প্রভৃতি নয়টি থানার বিপুল ধনসম্পদ প্রায় প্রতি বৎসর ধ্বংসসাধন করিলেও ইহার স্থায়ী প্রতিকারের জন্য কোন সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করিতে অথবা ইহাকে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত করিয়া আন্তর্রাজ্য নদী পরিকল্পনা গ্রহণে এই সমস্যার সমাধান করিতে সরকারী চরম অবহেলা। এই প্রসঙ্গে রামনগর থানার অন্তর্গত বাধিয়া বেসিনের চিরদুর্গত অধিবাসীদের শোচনীয় অবস্থার প্রতি সরকারী উদাসীনতা বিশেষ উল্লেখযোগ্য।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

(৪) কাঁথি মহকুমার অন্যতম প্রধান জলনিকাশী খাল এবং ব্যবসাবাণিজ্যের গতিপথ উড়িষ্যা কোষ্ট-ক্যানালের এবং রামনগর থানার অন্তর্গত মান্দারমনী মোহনার উপযুক্ত সংস্কারের প্রতি সরকারী অবহেলা।

Sj. Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

দামোদর ক্যানেলে জল সরবরাহ ব্যবস্থা সম্বন্ধে।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

ভূঁরি বিল সংস্কার সম্পর্কে।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

দামোদর ক্যানেলের ৬নং জে শাখার সম্প্রসারণ বিষয়ে।

Sj. Bibhuti Bhuson Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Sinduremal khal in police-station Bauria, district Howrah.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Gouriganga khal in police-station Uluberia, district Howrah.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Rajapur-Banaspati canal in police-station Uluberia, district Howrah.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Nandanpur Culvert in police-station Budge Budge, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about general policy of the department.

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about inordinate delay in excavation of Kendua Basin in Howrah.

Sj. Dasarathi Tah: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

হুগলী জেলার নালিকুল গ্রামকল্যাণ সমবায় সমিতি লিমিটেডের পরিচালনায় স্থানীয় সেচের জন্য বাঁধ বাঁধার কাজে সরকারী খামখেয়ালী।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

বর্ধমান জেলায় রাণীগঞ্জ থানার চলবলপুর বাঁধ কোলিয়ারী কর্তৃপক্ষ কাটাইয়া দিবার ফলে চাষীদের সেচ বন্ধ হওয়ার প্রতিকার করিতে সরকারের অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

দামোদর বন্যা নিয়ন্ত্রণের পর বর্ধমান জেলায় দামোদরের দক্ষিণ তীরে দামোদর নদ ও মুনিয়া খালের মধ্যবর্তী বিস্তীর্ণ অঞ্চলে সেচব্যবস্থার জন্য দুর্গাপুর ব্যারেজের দক্ষিণ প্রান্ত হইতে দামোদর নদের ঠিক দক্ষিণ কিনারা দিয়া একটি ক্যানেল নির্মাণ, অন্যথায় জামালপুরের নিকট দামোদর বক্ষে একটি ব্যারেজ নির্মাণের প্রস্তাবে সরকারী ঔদাসীন্য।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সেচনলকূপ ও বিদ্যুৎশক্তিচালিত সেচনলকূপ প্রতিষ্ঠায় সরকারী অবহেলা।

Sj. Dhananjoy Kar: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মেদিনীপুর জেলার সাঁকরাইল থানার আন্ধারী হইতে কাঁটাপাল পর্যন্ত সুবর্ণরেখা নদীর তীরে একটি বাঁধ নির্মাণ করিয়া ১২।১৪ মৌজার হাজার হাজার বিঘা উর্বর জমি বন্যার জল ও বালি চাপা হইতে রক্ষা করিতে সেচবিভাগের অবহেলা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গোপীবল্লভপুর থানার আশুই ধর্মপুর বাঁধ নির্মাণকালে যেসমস্ত জমি দখল করা হইয়াছে তাহার মালিকগণকে আজ পর্যন্ত কোন ক্ষতিপূরণ না দেওয়া।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গোপীবল্লভপুর, নয়াগ্রাম ও সাঁকরাইল থানায় কৃষিকার্যের জন্য সম্পূর্ণভাবে আকাশের জলের উপর নির্ভর করা ব্যতীত কোন উপায় নাই জানা সত্ত্বেও এবং উক্ত তিন থানায় সেচকার্য চলিতে পারে এইরূপ বহু জীবিত খাল থাকা সত্ত্বেও সেচের কোন ব্যবস্থা আজ পর্যন্ত না করা।

Sj. Dharani Dhar Sarkar: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

উত্তর বাংলার পশ্চিম দিনাজপুর ও মালদহ জেলার সেচ ব্যবস্থার জন্য টাঙ্গন ভ্যালী প্রজেক্টের কাজ আরম্ভ করিতে সরকারের গড়িমসি। টাঙ্গন নদীর উপর বাঁধ দিয়া নদীর জল ক্যানেল ও সাব ক্যানেলের মধ্য দিয়া প্রবাহিত করে এই দুটি জেলার বেশীর ভাগ অঞ্চলে সেচের ব্যবস্থা করে ফসল রক্ষা করা অপরদিকে বন্যা প্রতিরোধ না করা সরকারের অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মালদহ জেলার সদর থানার নঘরীয়া গ্রামটি প্রতি বৎসর কালিন্দী নদীর ভাঙ্গনে নদীগর্ভে যাইতেছে। ঐখানে কালিন্দী নদী বাঁক দিয়া গ্রামটির দক্ষিণ, পশ্চিম ও উত্তর পার্শ্ব দিয়া প্রবাহিত হইতেছে। ঐ গ্রামের পূর্ব ফুলবারিয়া গ্রামের মধ্য দিয়া মাত্র কোয়ার্টার মাইল একটি খাল কাটিয়া নদীটি দক্ষিণ হইতে উত্তরদিকে যোগ করিয়া দিলে ভাঙ্গনের হাত হইতে গ্রামটি রক্ষা করা যায়—এই কার্য না করায় সরকারের গাফিলতী।

Sj. Gangadhar Naskar: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to drain out the water from low land area within unions of Khayodhaha, Haltu and Baijtolla unions within police-stations Sonarpur and Tollygunge, district 24-Parganas.

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the urgent need of taking up the Rungrungi Canal Extension Scheme for providing irrigational facilities in the Unions Nos. 13, 14, 15 and 16 of Keshpur police-station in the district of Midnapore.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the need of revising the Cossye River Project with an eye to explore the possibilities of protecting the vast areas of Midnapore, Keshpore, Debra and Daspur police-stations from the onrush of Cossye flood and also from drought during the dry years.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the need of taking up Bhonsra Khal Excavation Scheme in police-station Debra district Midnapore.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the need of taking up a proper scheme for controlling the river Kubai in Midnapore towards proving irrigational facilities in the vast non-irrigated parts of Garbeta and Keshpore.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the need of laying greater stress on the execution of small irrigation schemes in the State.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the gross indifference on the part of the Government to take up the Tabageria-Kherai Drainage Scheme in police-station Debra, district Midnapore.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the need of providing irrigational facilities in the vast areas adjoining the either sides of the rivers Parang and Tamal by constructing bundh across these rivers in Midnapore.

Sj. Haripada Baguli: Sir, I beg to move that the demand of Rs 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সুন্দরবন এলাকার বাউন্ডারী বাঁধ সংরক্ষণ, জলনিকাশী ব্যবস্থার উন্নতিসাধন ইত্যাদি বিষয়ে সুষ্ঠু পরিকল্পনা প্রস্তুতের জন্য স্থানীয় কমিটি গঠনের প্রয়োজনীয়তা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সুন্দরবন এলাকার সপ্তমুখী নদীসমূহে চর জমিয়া যাওয়ায় পূর্ববঙ্গ ও আসামের সহিত জলপথে যোগাযোগ বিচ্ছিন্ন হওয়ার আশু সম্ভাবনা। তৎপ্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মেদিনীপুর জেলার রসুলপুর নদীর মোহনায় চর জমিয়া কাঁথির সহিত সুন্দরবনের ও মুড়িগঙ্গা নদীতে চর জমিয়া সাগর থানার সহিত ২৪-পরগনা জেলার অন্যান্য অংশের যোগাযোগ বিচ্ছিন্ন হইতে চলিয়াছে। তাহার প্রতিকারের জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সুন্দরবন এলাকার বাউন্ডারী বাঁধ মেরামত ব্যাপারে কোন সুষ্ঠু পরিকল্পনা না থাকায় অর্থাৎ কিছু কাজ কন্ট্রাক্টর দ্বারা ও কিছু কাজ টেস্ট রিলিফ ওয়ার্ক দ্বারা হওয়ায়, বহু স্থানে মেরামত শেষ না হওয়ায় এবং প্রয়োজন অনুযায়ী পাকা স্লুইস, বক্স স্লুইশ বা পাইপের ব্যবস্থা না হওয়ায় অর্থ ব্যয় ব্যর্থ হইয়াছে। তৎপ্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

হুগলী নদীর নিম্নাঞ্চলে চর জমিয়া যাওয়ায় পার্শ্ববর্তী যেসকল স্থানের ভূমিক্ষয় হইয়া আবাদী জমি ও ঘরবাড়ী নষ্ট হইতেছে তাহার প্রতিকারের জন্য অনুসন্ধানের প্রয়োজনীয়তা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সরকার কর্তৃক জমিদারী গ্রহণের অব্যবহিত পূর্বে সুন্দরবন অঞ্চলে বাউন্ডারী বাঁধের বাহির পাশের পতিত জমি বেআইনীভাবে প্রজাবিলি হওয়ায় পার্শ্ববর্তী জোয়ারভাঁটি খালসমূহ মজিয়া যাইতেছে। তৎপ্রতি সরকারী দৃষ্টির অভাব।

Sj. Biren Banerjee: Sir I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সুন্দরবনের বাঁধ প্রভৃতি রক্ষা সম্বন্ধে চরম ব্যর্থতা।

Sj. Janardan Sahu: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about (i) Government's indifference in making the Kaliaghai River Scheme and (ii) widening and silt clearing the Itaberia khal from Fazilpur to Itaberia.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the Government not taking any steps to control the ravages done by the flood of the river Subarnarekha in thanas of Gopiballavpur, Sankrail, Nayagram and Dantan of Midnapore district.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about not irrigating waterlogged areas within unions 1 and 2 of Dantan police-station, district Midnapore.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about not providing for turning the Sarasanka (now State property), the biggest tank in West Bengal within Dantan police-station, district Midnapore, into a great reservoir of water for irrigation during drought.

Sj. Jyoti Basu: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Sj. Jyotish Chandra Ray: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-exacavate the Balarampur and its branches within police-stations Falta and Diamond Harbour, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to construct bridges upon Abashbaria-Anantarampur khal in police-stations Diamond Harbour and Falta, district 24-Parganas.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about some of the problems of irrigation with particular references to the districts of Bankura and Howrah.

Sj. Biren Banerjee: Sir I beg to move that the demand of Rs 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

তমলুক থানার ১১নং ইউনিয়নে চংরা কালাগণ্ডা স্লুইশ নির্মাণকার্য দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে গ্রহণ করিতে সরকার অস্বীকার করিতেছেন।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about সরকারের সেচব্যবস্থা এতই দুর্বল যে অতিবৃষ্টি ও অনাবৃষ্টি বন্ধ করার ব্যবস্থা করিতে সরকার ব্যর্থ হইয়াছেন।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about গত ১৯৫৪-৫৫ সালে মেদিনীপুর, বাঁকুড়া, হুগলী, হাওড়া প্রভৃতি জেলার ব্যাপক অংশে অনাবৃষ্টির হাত হইতে ফসল রক্ষা করিতে সরকার ব্যর্থ হইয়াছেন। এই বিভাগের গাফিলতি ও আমলাতান্ত্রিক ব্যবস্থার দরুন অনেক অঞ্চলের ফসল অনাবৃষ্টির হাত হইতে বাঁচান সম্ভব হয় নি।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about চাষের উন্নতির প্রতি ও জনসাধারণের আর্থিক অবস্থার প্রতি লক্ষ্য না করিয়া সম্পূর্ণ স্বেচ্ছাচারী ও আমলাতান্ত্রিক কায়দায় জলকর ধার্য করার সরকারী নীতির অবিলম্বে পরিবর্তন প্রয়োজন।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about গঙ্গাখালী-সোয়াদিঘী স্কীমটির উপকারিতা যে সম্পূর্ণ ব্যর্থ হইয়াছে এজন্য সরকারী নীতির সমালোচনা হওয়া বিশেষ প্রয়োজন। এ বিষয়ে প্রকাশ্য তদন্ত হওয়া উচিত।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about তমলুক মহকুমার পাঁশকুড়া থানার ১৫নং ইউনিয়নে গঙ্গাখালী-সোয়াদিঘী স্কীমের অন্তর্গত জয়গোপাল খালটি ৩।৪ বছরের মধ্যেই ভোঁতা হইয়া গিয়াছে। সেজন্য স্থানীয় শত শত বিঘা জমির জলনিকাশ না হওয়ায় এখনও মাঠে ধান পড়িয়া আছে এবং নষ্ট হইয়া যাইতেছে। এ বিষয়ে সরকারকে জানান সত্ত্বেও এ পর্যন্ত কোন প্রতিকার হয় নি। এ বিষয়ে সরকারী দায়িত্বহীনতা বিশেষ লক্ষ্যণীয়।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about গঙ্গাখালী-সোয়াদিঘী খালের উভয় পাড়ে বিভিন্ন জায়গায় স্লুইশ নির্মাণ না করার জন্য ঐ অঞ্চলের সেচব্যবস্থার ক্ষতি হইতেছে। এ বিষয়ে বার বার জানান সত্ত্বেও এ পর্যন্ত কোন ব্যবস্থা অবলম্বন করিতে সরকার ব্যর্থ হইয়াছেন।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about মেদিনীপুর জেলার জয়নারায়ণ ও কংসবতী নদীর তলদেশ ক্রমশঃ উঁচু হইয়া যাওয়ার ফলে সংশ্লিষ্ট এলাকার সেচব্যবস্থা ও যানবাহন চলাচল, ব্যবসাবাণিজ্য ক্ষতিগ্রস্ত হইতেছে। অথচ সরকার এই সমস্ত নদীর উন্নতির জন্য রিসার্চ করার বিশেষ কোন ব্যবস্থা করেন নাই এবং এ সম্পর্কে বিশেষ কোন পরিকল্পনা গ্রহণ করিতে সরকার ব্যর্থ হইয়াছেন।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

তমলুক মহকুমার শংকরআড়া, প্রতাপখালি, দেওয়ানখালি, হরিদাসপুর-রাসগাছতলা, বাঁপুর, ময়না থানার শ্রীকণ্ঠা ও পুরুশা স্কীম গ্রহণ করিবার জন্য সরকারকে বারে বারে জানান সত্ত্বেও এ পর্যন্ত সরকার কোন সুনির্দিষ্ট সিদ্ধান্ত গ্রহণ করিতে ব্যর্থ হইয়াছেন।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে ময়না বেসিন স্কীমের কাজ আগামী এপ্রিল ১৯৫৬ হইতে আরম্ভ করার জন্য সরকার এখনও কোন সিদ্ধান্ত গ্রহণ করিতে অপরাগ হইয়াছেন।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

কংসবতী নদী পরিকল্পনা কার্যকরী করার জন্য আরও দ্রুত ব্যবস্থা অবলম্বন করা উচিত এবং এই পরিকল্পনা করার সময় তমলুক মহকুমার ময়না, তমলুক, পাঁশকুড়া থানার বিভিন্ন অঞ্চলের সেচব্যবস্থা যাহাতে ক্ষতিগ্রস্ত না হয়, অধিকন্তু উন্নত করা যায়, সেদিকে লক্ষ্য রাখার বিষয়ে সরকার এখনও সচেতন নয়।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

তমলুক মহকুমায় ময়না বেসিন স্কীমের কাজ আরম্ভ করার জন্য সরকার এ পর্যন্ত কোন কার্যকরী ব্যবস্থা অবলম্বন করিতে ব্যর্থ হইয়াছেন।

Dr. Krishnna Chandra Satpathi: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

নারায়ণগড় থানায় সেচ বিভাগীয় কর্মচারীদের দুর্নীতি নিবারণে সরকার অসমর্থ।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

খড়্গপুর (লোক্যাল) থানায় ১০নং ইউনিয়নে জকপুরের ক্যানেল হইতে খাটরাঙ্গা মৌজা পর্যন্ত শাখা ক্যানেল দ্বারা সেচব্যবস্থার আবশ্যক।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মেদিনীপুর জেলায় কেলেঘাই নদী পরিকল্পনা ত্বরান্বিত না করায় উক্ত নদীর বন্যাপ্রপীড়িত নরনারীর দুর্দশা লাঘবে সরকারী উদাসীনতা ও ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মেদিনীপুর জেলায় বিশেষতঃ উচ্চভূমিতে অবস্থিত কৃষি জমিতে জলসরবরাহকল্পে সেচ পরিকল্পনা প্রণয়নে সরকারী সেচবিভাগ উদাসীন ও ব্যর্থ হইয়াছেন।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

রূপনারায়ণ নদের সংস্কার সম্বন্ধে সরকারী অবহেলা জনস্বার্থের প্রতিকূল ও সেচবিভাগের রহস্যজনক উদাসীনতা তমলুক ও ঘাটাল মহকুমায় বিক্ষোভের সঞ্চার করিয়াছে।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

খড়্গপুর লোক্যাল থানার ১২নং ইউনিয়নে শাখা ক্যানেল দ্বারা সেচব্যবস্থা প্রবর্তন অত্যাবশ্যক।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

নারায়ণগড় থানার ১৪ ও ১৫নং ইউনিয়নে কেলেঘাই নদীর উভয় পার্শ্বে বন্যা প্রতিরোধ বাঁধ মেরামত সম্বন্ধে সেচবিভাগের অবহেলা।

Sj. Lalit Kumar Sinha: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

ক্যানিং থানার কালিকাতলা ইউনিয়নের হেঁদিয়া, দাহারাণী, কুঁড়েভাঙ্গা, হরিণদহ, কালিকাতলা নামক স্লুইস গেটগুলি ও ক্যানিং ইউনিয়নের রায়বাঘিনী, হলদে স্লুইস গেটের গরমেরামতিতে চাষের ক্ষতি এবং রামচন্দ্রখালি ইউনিয়নের সোনাখালি মৌজার জলনিকাশের অব্যবস্থা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সুন্দরবনের নদীর বাঁধ, স্লুইস গেট মেরামত ও নির্মাণে সরকারের গাফিলতী।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সোনারপুর-আরাপাঁচ-মাতলা ২নং পরিকল্পনা ত্বরান্বিত করিতে সরকারের গাফিলতি।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মাতলা নদীর পূর্বপারে এবং বাঁশড়া ও বাসন্তী ইউনিয়নের জলনিকাশের অব্যবস্থার দরুন কৃষকদের অসুবিধা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about সুন্দরবনে লোনানদীর বাঁধ রক্ষণাবেক্ষণ ও পর্যবেক্ষণের জন্য স্থায়ী "বেলদার" নিয়োগে সরকারের ঔদাসীন্য।

Sj. Madan Mohon Saha: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

দামোদর পরিকল্পনা ত্রুটিপূর্ণ হওয়ায় আরামবাগ মহকুমার ব্যাপক অঞ্চল জলসেচনের আওতার বহির্ভূত হওয়ার জন্য।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about খানাকুল থানার ভোমরা খালে জীরা পুষ্করিণী নামক বাঁধ এবং মহিষকাটা বাঁধ নির্মাণের দ্বারা ৪,০০০ হাজার বিঘা জমির হৈমন্তিক আবাদে কৃষকদের সাহায্য করিতে সরকারের অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about হুড়হুড়ি খাল কাটার জন্য বহু জমি সরকার খাস করিয়াছেন এবং তাহা খালের গর্ভে গিয়াছে। সরকার তথাপি উক্ত জমিগুলি হইতে সুদসহ খাজনা আদায় করিতেছে। কৃষক স্বার্থবিরোধী কার্যকলাপ দ্বারা সরকারী অযোগ্যতা প্রমাণিত হইতেছে।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about অবোরা (বড়া) খালকে সালালপুর খালের সহিত যুক্ত করিতে সরকারের অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about দারকেশ্বর ও শিলাবতী নদীর সংস্কার করিয়া বাঁধ ও জলাধার স্থাপন করিয়া, দামোদর স্রোতকে অক্ষুন্ন রাখিয়া এবং প্রয়োজনীয় ড্রেজিং দ্বারা রূপনারায়ণ নদের সুষ্ঠু পৌর্তিক ব্যবস্থা করিতে অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about কাকি-মুন্ডেশ্বরী-কানাদার-কেশ্বরের সংস্কার করিতে সরকারের অক্ষমতা।

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

হুগলী নদীটি স্বাধীনতা লাভের পর হইতে আজ পর্যন্ত ড্রেজিং হয় নাই, ফলে নদীটি মজিয়া যাইবার উপক্রম হইতেছে—এ বিষয়ে কেন্দ্রীয় গভর্নমেন্টের সহিত পরামর্শ করিয়া ব্যবস্থা অবলম্বন করিতে পশ্চিমবঙ্গ সরকারের অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about ডানকুনি ড্রেনেজ ক্যানালটি সংস্কার করিতে সরকারের অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about পাঁচঘরা খাল ও ডানকুনি ড্রেনেজ ক্যানালটির সংযোগস্থলে একটি লক্-গেট নির্মাণ করিতে সরকারের অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about সরস্বতী নদীর সংস্কারে সরকারের অক্ষমতা।

Sj. Mrigendra Bhattacharjya: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

কংসাবতী নদীর স্থানে স্থানে আনিকোট নির্মাণ করিয়া জলসরবরাহ করার জন্য প্রস্তাব আলোচনা উঠাতে চাই।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about গাদিঘাট মহকুমা চেতুয়া সার্কেলের কলসীজোলে অতিরিক্ত সেচপুল নির্মাণ করা জরুরী। এই পুল দ্বারা সমস্ত এলাকায় জলসরবরাহ সম্ভব হয় না। সেইজন্য আরও গভীর করে ঐ স্থানে অতিরিক্ত পুল নির্মাণ করার জন্য দাবী রাখছি।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about পলাশপাই খাল সংস্কারের জন্য বহু বৎসর দাবী উঠান হয়েছে। এই খাল সংস্কার হলে ৪-৫টি ইউনিয়ন উপকৃত হবে। কিন্তু সরকার এই খাল সংস্কারে উদাসীন। এ সম্পর্কে আলোচনা উঠাতে চাই।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about কংসাবতী-শিলাবতী নদী পরিকল্পনা যুক্তভাবে করার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও এই গুরুত্বপূর্ণ বিষয়ে সরকার উদাসীনতা দেখাচ্ছেন। এ বিষয়ে আলোচনা উঠাতে চাই।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about হাওড়া জেলার বাগনান-শামপুর থানার বিরাট এলাকায় এখন পর্যন্ত (২৮-২-৫৬) মাঠের জল-নিকাশ না হওয়ায় ধান মাঠেই পচিতেছে। এইসমস্ত এলাকার সেচব্যবস্থার প্রতি সরকারের অমার্জনীয় অপরাধ, ছোট ছোট সেচব্যবস্থার সমাধান না হওয়ায় প্রতি বৎসরই খাদ্যের উৎপাদনে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। এ সম্পর্কে জরুরী দৃষ্টি দেওয়া অপরিহার্য।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

২৬-১-৫৬ তাং এস, ই, অন্যান্য সমস্ত কর্মচারী সহ গাদিঘাট সাবডিভিসনের দুঃস্থবাসপুর সার্কেল পরিদর্শনে যান। তাঁর যাওয়ার সংবাদ পেয়ে স্থানীয় পি, ইউ, বি, এবং আরও অনেকে ঐ এলাকার সেচ ও নিকাশী ব্যবস্থা সম্বন্ধে তাঁর দৃষ্টি আকর্ষণ করার জন্য বিহারীচক পুলের নিকট যান। এস, ই, মহাশয় উহাদের সাথে অত্যন্ত আপত্তিজনক ব্যবহার করেন এবং তাঁহার ঐ এলাকায় যাওয়ার সংবাদ জনসাধারণ জানতে পারার জন্য নিম্নকর্মচারীদের প্রতি অহেতুক রুক্ষ ব্যবহার করেন। উচ্চ অফিসার মহাশয়ের এই আমলাতান্ত্রিক ব্যবহার পরিবর্তন না হওয়া দুঃখের। তাঁদের ভাবা উচিত যে, তাঁরা জনসাধারণের প্রভু নন, সেবক।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গাদীঘাট মহকুমার দুঃস্থবাসপুর সার্কেলের মহেশপুরে সেচপুল নির্মাণে সরকারের ব্যর্থতা। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় পুল নির্মাণের আশ্বাস দেওয়া সত্ত্বেও সেচমন্ত্রী তাহা রক্ষা করেন নাই। পুল নির্মাণ অন্ততঃ "হোস পাইপ" বসিয়ে সেচের জল সরবরাহের জন্য আলোচনা উঠাতে চাই।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

দুঃস্থবাসপুর সার্কেলের বিহারীচকে অতিরিক্ত নিকাশী পুল নির্মাণে অক্ষমতা। মন্ত্রীমহাশয় প্রশ্নের উত্তরে স্বীকার করছেন যে, প্রতি বৎসর ছয় হাজার বিঘা জমির ফসল নষ্ট হয়, জল নিকাশ সুষ্ঠুভাবে না হওয়ায়। তবু ওখানে বার বার দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও অতিরিক্ত নিকাশী পুল নির্মাণে অস্বীকৃতি। উক্ত এলাকায় এই বৎসরই প্রায় ২ লক্ষ টাকার ফসল হানি হয়েছে।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মোহনখালি সার্কেলের বসন্তপুর মৌজার কংসাবতী নদীতে সেচপুল নির্মাণে ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

চেতুয়া সার্কেলের গাদীঘাট মৌজায় (শীলাবতী নদী) সেচের পুল নির্মাণে সরকারের টাল-বাহনা। জলাভাবে এখানের ১০-১২টি মৌজা প্রতি বৎসর ক্ষতিগ্রস্ত হয়। এ বিষয়ে স্থানীয় জনসাধারণ মন্ত্রীমহাশয়ের জরুরী দৃষ্টি আকর্ষণ করেছেন।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সেচব্যবস্থার প্রতি সরকারের অমার্জনীয় অপরাধ।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সেচ বিভাগের অপচয় নিবারণে অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

চেতুয়া সার্কেলের মধ্যে গোমরাই খাল সংস্কার ও পলাশপাই খালে জলনিকাশের জন্য নিকাশী পুল নির্মাণে ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

শলাটপা খালের উপর আমদহের পুল নির্মাণে ব্যর্থতা। ৪-৫ বৎসর এখানে পুল নির্মাণের জন্য বিরাট খাল কাটিয়ে রাখা হয়েছে। এটি একটি সদর রাস্তা, ডাক চলাচল করে এবং বহু এলাকার মানুষের যাতায়াতের পথ। দীর্ঘ ৫ বৎসরেও পুল নির্মাণ হল না। এ বিষয়ে সরকার অমার্জনীয় ব্যর্থতা দেখাচ্ছেন।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সেচব্যবস্থার সুরাহা করার সুষ্ঠু পরিকল্পনার অভাব।

Sj. Probodh Dutt: Sir, I beg to move that the demand of Rs 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about its policy and pernicious effects for want of proper irrigation schemes in Chhatna constituency of Bankura district.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the necessity of an embankment in mouja Bonpukuria within union Jamtara, police-station Chhatna, district Bankura, to divert rain-water for the cultivation of about 300 bighas of lands.

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate the Rania Khal within police-station Budge Budge, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate the Bowali Khal from Bowali to Birlapur, within police-station Budge Budge, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate the Kowrapukur Canal from Kowrapukur to Julpia within police-stations Tollygunge and Bishnupur, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate the canal from halt No. 2 to Thakurpukur by the side of Diamond Harbour Road within police-stations Bishnupur and Behala, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to make drainage system for Kowrapukur basin within police-stations Behala, Tollygunge and Bishnupur, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to make drainage system for Charial basin within police-stations Budge Budge and Mohestolla, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate the Akusha canal within police-station Bishnupur, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate Gadakhali Khal within police-station Budge Budge, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to construct a pucca bridge over Gadakhali Khal at village Gadakhali within police-station Budge Budge, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate the Burul Khal within police-station Budge Budge, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate the Bahir Kunja Khal within police-station Budge Budge, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to re-excavate the Raipur canal within police-station Budge Budge, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to excavate canal from Nabasan to Sontoshpur within police-stations Falta and Budge Budge, district 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to Poali Branch Khal of Gadakhali Khal within police-station Budge Budge, district 24-Parganas.

Sj. Rameswar Panda: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about re-excavation of Kholachatia Khal in the Bhagawanpur thana of Midnapore.

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to erect a bridge over canal connecting Ultadanga Road and Ultadanga Main Road

Sj. Natendra Nath Das: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about non-inclusion of drainage schemes of different basins of the Contai subdivision, such as Contai, Dabda, Barachowka, etc.

Sj. Narendra Nath Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about re-excavation of the Kana-Darakeswar which flows through Khanakul.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about re-excavation of the Amodar and the Tarajuli rivers in Goghat and Ghatal police-stations.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Darakeswar Control Scheme which may irrigate the lands under Arambagh and Khanakul police-stations.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about minor irrigation schemes of Khanakul and Arambagh area.

Sj. Nalini Kanta Haldar: Sir, I beg to move that the demand of Rs 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to make any provision for improvement of the drainage system at Satpukur under police-station Mathurapur in 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the necessity of a major irrigation system for the district of 24-Parganas.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Head "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the necessity of a sluice-gate at the mouth of the Charaganga Khal in mauza Ghat-Bakultala, police-station Mathurapur, 24-Parganas.

Sj. Nagendra Dalui: Sir, I beg to move that the demand of Rs 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

পশ্চিম বাংলায় ছোট ছোট সেচ পরিকল্পনা নেওয়া হইলে গ্রাম্যদেশের ক্ষেতমজুর কাজ পেত, আর প্রচুর ফসলও বেড়ে যেত—কিন্তু সরকারের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

দাসপুর থানার ৩নং ইউনিয়নের জলনিকাশী করা সরকারের উদাসীনতা ও অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

ডেবরা থানায় ভষড়ার খাল সংস্কার করার জন্য ৭ লক্ষ ২২ হাজার ৫ শত ৬৭ টাকা পরিকল্পনা করিয়াছেন, অথচ কার্যকরী করা হইতেছে না। সরকার এ বিষয়ে আদৌ সচেতন নয়।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

দাসপুর থানার ২নং ইনিয়নের পাশ দিয়ে যে শীলাবতী নদীর বাঁধ যে কালসাফাঁ মাঠকে ঘিরে রেখেছে, এই বাঁধ সংস্কার করিলে প্রায় ৭০-৮০ হাজার বিঘা জমিতে প্রতি বছর কৃষকরা নিয়মিত ফসল তুলিতে পারিত,—সামান্য কয়েক হাজার টাকা খরচ করিলেই, অথচ সরকার এ বিষয়ে আদৌ সচেতন নয়। সরকারের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মেদিনীপুর জেলার কেশপুর, দাসপুর, ও ঘাটাল থানায় বন্যা নিরোধ বন্ধ করায় সরকারের ব্যর্থতা।

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সেচ বিভাগ হইতে অবিলম্বে গড়বেতা থানার চাঁপাখাল হইতে গড়বেতা থানার ৫নং ইউনিয়নের খড়িকাশুলি গ্রামের নিকট হইতে কুইলীবাদ, ধাদিকা প্রভৃতি মৌজার মধ্য দিয়া একটি খাল খনন করিতে হইবে এবং ঐ খাল খনন করিলে প্রায় ৬,০০০ বিঘা জমিতে জলসরবরাহ হইবে তন্মধ্যে প্রায় ৫০০ বিঘা পতিত জমি আবাদযোগ্য হইবে এবং ৩০০ বিঘা জমি দোফসলী হইবে। ৪ ও ৫নং ইউনিয়নের নিম্নোক্ত মৌজায় জল পাইবে—ভাটমারা, গোপালশোল, সাতসগেড়্যা, বিরসিংপুর, বনকাটী, রঘুনাথপুর, সানকিবাঁধ, বেড়াচাপা এবং ঐ খালের জল আর, এম, বোর্ডের ৬৪নং পুল দিয়া চালিত করিবার পর কাকার বাঁধ, ধাদিকা রঘুনাথপুর, বড় ডুমুরিয়া, ছোট ধাদিকা, লধাসুলী, লালপুর ও কোঙরপুর মৌজায় জল পাইবে।

ইহা জরুরী সেচব্যবস্থা হিসাবে সরকারকে গ্রহণ করিতে হইবে নচেৎ তাহার ছোট সেচ পরিকল্পনার নীতি ব্যর্থ বলিয়া গণ্য হইবে।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গড়বেতা থানার যেসব ডাঙ্গা অঞ্চলে বৃষ্টির জল ছাড়া সেচের আর কোন ব্যবস্থা না থাকায় ঐ সব অঞ্চলে যেমন ১নং, ২নং, ১৯নং, ২০নং, ২১নং, ২২নং, ২৩নং, ২৪নং, ২৫নং প্রভৃতি এলাকায় ছোট সেচব্যবস্থার জন্য বড় বড় ঢল বাঁধ করার প্রয়োজনীয়তা আছে; ইহা না করিলে ঐসব অঞ্চলে কখনও নিয়মিতভাবে ফসল রক্ষা করা যাইবে না বা ফসল বৃদ্ধিও হইবে না। ইহা না করা অর্থে সরকারী সেচব্যবস্থার ব্যর্থতাই প্রকাশ পায়।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গড়বেতা থানা ও কেশপুর থানায় বহু ছোট ছোট খাল রহিয়াছে কিন্তু ঐ খালগুলিতে বছরে সব সময়ে এমন জল থাকে না যাহার দ্বারা চাষের কাজ হইতে পারে। এই থানা দুটিতে প্রায় প্রতি বছরই বৃষ্টির অভাবে ফসলের ক্ষতি হয়। সরকারী সেচ বিভাগের দ্বারা এই সব খালগুলিতে বাঁধ না দিয়া ছোট ছোট সেচব্যবস্থা না করায় দেশের ফসলহানি হইয়া প্রচুর ক্ষতি হইতেছে। অথচ অতি সামান্য খরচে ছোট সেচব্যবস্থার মাধ্যমে বহু হাজার বিঘা পতিত জমিতে ফসল উৎপন্নও করা যায় এবং বৃষ্টির অভাবে যেসব জমির ফসল নষ্ট হয় তাহাও সেচের জলের দ্বারা রক্ষা করা যায়। সরকারের ছোট সেচ পরিকল্পনার যে নীতি আছে ইহা না করায় তা ব্যর্থ হইয়াছে।

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy and practice of the department.

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the urgent necessity of—

(1) re-excavation of Jallabaj Khal and Radhapur Khal,

(2) reconstruction of the Kataldaha bridge over the Nakole-Kataldaha Khal, and

(3) construction of a sluice-gate on the Rupnarayan Left Embankment at the mouth of Deuli Khal in mauza Deuli,

all in police-station Shyampur, district Howrah.

Sj. Sudhir Chandra Bhandari: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মহেশতলা অঞ্চলের ও পশ্চিমবঙ্গের অন্যান্য অঞ্চলের কৃষিকার্যের জন্য সেচব্যবস্থার উন্নয়নে পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মহেশতলা থানার মনিখালী খালটি সংস্কারের জন্য পশ্চিমবঙ্গ সরকার গত চারি বৎসর যাবত পরিকল্পনা করিতেছেন। কিন্তু উহা কার্যকরী করিতে পশ্চিমবঙ্গ সরকারের ব্যর্থতা।

Sj. Dasarathi Tah: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

কাঁথি থানার কাঁথি, মগরা ও আঁওরাই বেসিনের জলনিকাশের সুব্যবস্থা না করা।

Sir, I also beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

ভগবানপুর থানার অন্তর্গত দেঁড়িয়াদীঘি খাল খনন না করায় পুনঃ পুনঃ চাষের ক্ষতি ও ব্যবসার মাল সরবরাহে অত্যন্ত অসুবিধা।

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about issue of notices for forcible payment of water-tax for the Mayurakshi Canal water at Ketugram police-station without supplying any water in due for irrigation.

Sj. Tarapada Dey: Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the irrigation schemes in the district of Howrah, specially about the Kendua and the Saraswati Schemes.

Sj. Tarapada Bandopadhyay: Sir I beg move that the demand of Rs 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy and irregularities in supplying water from Mayurakshi canal and realisation of illegal rates.

Sir, I beg to move that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs 100. I move this in order to raise a discussion about water rate.

Sj. Jnanendra Kumar Chaudhury:

মিঃ স্পীকার, স্যার, সুবর্ণরেখা নদীতে প্রায় প্রতি বৎসর বন্যা হয়। এই সর্বনাশা বন্যায় আমাদের পশ্চিমবাংলার মেদিনীপুর জেলার নয়টি থানায় প্রতি বৎসর ফসল নষ্ট হয়। রামনগর, এগরা, দাঁতন, মোহনপুর, গোপিবল্লভপুর, কেশিয়ারী, নয়াগ্রাম, সাঁকরাইল প্রভৃতি নয়টি থানায় প্রতি বৎসর হওয়া ফসল, যে সময় ফসল কাটবার সময় হয়, অর্থাৎ ভাদ্র-আশ্বিন মাসে সমস্ত ফসল নষ্ট হয়ে যায় ; এবং তার ফলে সরকারকে ঐ অঞ্চলের অনেক জায়গায় রিলিফ দিতে হয়। এইজন্য আমরা অনেক দিন থেকে চেষ্টা করছি, এটার সম্পর্কে যাতে একটা সুষ্ঠু পরিকল্পনা করে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার ভিতর ঢুকিয়ে উন্নতি করা যায়। কিছুদিন পূর্বে উড়িষ্যার জলেশ্বরে একটা সভা হয়েছিল, তাতে উড়িষ্যা গভর্নমেন্টএ যে খরচ হবে ঐ জলাধারের জন্য, তার ⅓ অংশ ব্যয় বহন করতে রাজী হয়েছিল। তারপর টাটা কোম্পানীর রিপ্রিজেন্টেটিভ এখানে এসেছিল, তাঁরাও ঐটার জন্য ব্যয় বহন করতে চেয়েছিল। আমি অনুরোধ করবো মন্ত্রীমহোদয় এই পরিকল্পনাটি গ্রহণ করুন, এবং যাতে সেই পরিকল্পনা অনুসারে কংসাবতী নদীর জন্য যেমন পরিকল্পনা গ্রহণ করেছেন সেই রকম একটা পরিকল্পনা এখানেও করুন। তা করতে পারলে, অনেক জমি উত্থিত হবে এবং জনসাধারণের দুঃখ কষ্ট অনেক অংশে লাঘব হবে, এবং প্রতি বৎসর যে ফসল নষ্ট হয়ে যায়, সেটা বন্ধ হবে; ও যেসমস্ত অনাবাদী জমি আছে, সেগুলি আবাদী জমিতে পরিণত হতে পারবে।

তারপর আমি বলছি—ঐ নদীর বর্ষায় অনেক জায়গার কোর্স বদলে গিয়ে অনেক জায়গা ওয়াটার লগড হয়ে গিয়েছে। দাঁতন থানার ১নং, ২নং ইউনিয়নের ভিতরে সেই সমস্ত পড়ে। ঐ নদীটা যদি এই রকম করেন, যে রকমভাবে কংসাবতীর জন্য পরিকল্পনা করেছেন, সেই রকম-ভাবে যদি সুবর্ণরেখা নদীতে করেন, তাহলে অনেক বিঘা জমি উত্থিত হবে এবং পুনরায় আবাদী হবে। এ বিষয়ে মন্ত্রীমহাশয় বলেছিলেন যে, তিনি চেষ্টা করবেন, কিন্তু এখনও পর্যন্ত এ সম্পর্কে কোন উল্লেখ দেখতে পাচ্ছি না। তাই বাধ্য হয়ে বলতে হচ্ছে।

তারপর পশ্চিমবাংলায় সবচেয়ে বড় দিঘী, ডাগ-আপ-পন্ড, সেটার নাম হচ্ছে 'সরাসঙ্কা'। এটা পশ্চিমবাংলার সবচেয়ে বড় পুকুর দাঁতন থানার অন্তর্গত। বর্তমানে এটা নিশ্চয়ই সরকারের হাতে আছে। কারণ যতটুকু আমি জানি, এটা কখনও জমিদার রাখেন নি। এই বিরাট পুকুরটি লম্বায় প্রায় এক মাইল এবং প্রস্থে প্রায় ⅝ মাইল হবে; সেখানে যদি একটা জলাশয় করেন, তাহলে ভাল হয়। ঐ পুকুরটির কয়েকটা জায়গা ছাড়া প্রায় সব দিকেই খুব উঁচু, উঁচু পাড় আছে, এখানে সামান্য মেরামত করলেই চলবে। এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে পূর্বে একটা সার্ভে করা হয়েছিল, তাতে তাঁরা বলেছিলেন যে, এই পুকুরটা নিয়ে ঠিকভাবে কাজ করতে গেলে ২০ হাজার টাকা খরচ হবে, তার কমে হবে না, তাই এটা গ্রহণ করা হয়নি। তারপর আমি যখন জেলা বোর্ডের মেম্বার ছিলাম ১৯৩০ সালে, তখন আর একটা পরিকল্পনা করা হয়েছিল, তখন দেখা গেল যে, তাতে প্রায় ৭ লক্ষ টাকা খরচ হবে, কিন্তু জেলা বোর্ডের সেই টাকা দেবার ক্ষমতা ছিল না বলে এই পরিকল্পনা গ্রহণ করা হয় নি। আমার মতে এই পরিকল্পনাটা এখন সরকারের গ্রহণ করা উচিত। এই 'সরসঙ্কা' পুকুরটি দাঁতন রেলওয়ে ষ্টেশন থেকে মাত্র দেড় মাইল তফাতে। এই সরসঙ্কার পাড়ের ধার দিয়ে যদি একটা মস্তবড়

রাস্তা নির্মাণ করা যায়, তাহলে সেখানে একটা কলোনী স্থাপন করা সম্ভব হবে। তারপর ঐ জায়গার জল ঢোকাবার জন্য যদি সেখানে একটা গেট করেন এবং জল বার করবার জন্য একটা স্লুইজ গেটের ব্যবস্থা করেন তাহলে সেখান থেকে জল নিয়ে বহু বিঘা জমির আবাদ হতে পারবে। অর্থাৎ যে সময় বৃষ্টির জলের অভাব দেখা দেবে তখন ঐ জলাশয় থেকে জল নিয়ে জমিতে দেওয়া যাবে এবং বহুল পরিমাণে ফসল উৎপন্ন হতে পারবে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, তিনি স্বয়ং এটা একবার দেখে এসে, প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা অবলম্বন করুন।

Sj. Nalini Kanta Haldar:

মাননীয় স্পীকার মহাশয়, আমার কাট মোশন হচ্ছে তিনটা। প্রথম হচ্ছে—মথুরাপুর থানার মধ্যে সাতপুকুরের স্লুইসটা বহুদিন থেকে অকর্মণ্য হয়ে পড়ে আছে। কুলটীর ৩নং, ৫নং, ৭নং স্লুইস গেট দিয়ে জল নিকাশ হয়, কিন্তু সম্প্রতি সেটা বন্ধ হয়ে যাওয়ায়, সেখানে তিনটা থানার চাষের খুব ক্ষতি হচ্ছে। এই স্লুইসগুলি পরিষ্কার করবার জন্য একটা কিছু ব্যবস্থা করা দরকার; আর তা নাহলে স্লুইসটা তুলে অন্যত্র বসাতে হবে। আমার মতে ওখান থেকে তুলে, চার মাইল দূরে চড়াগঙ্গা খালের মুখে স্লুইস গেট তৈরী করা দরকার। এটা যদি করা যায় তাহলে সেখানে ২২ হাজার বিঘা জমি চাষের উপযোগী হতে পারবে। আমার দ্বিতীয় কাট মোশন হচ্ছে—২৪-পরগণা থেকে কোন বড় ইরিগেশন স্কীম এ পর্যন্ত নেওয়া হয় নি। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এখানকার ইরিগেশন সম্পর্কে কোন ব্যবস্থাই করা হয়নি; যা কিছু হয়েছে সেটা ড্রেনেজএর জন্য। সোনারপুর ড্রেনেজ স্কীমএর জন্য যা কিছু ব্যবস্থা হয়েছে। বৃটিশের আমলে মগরা হাট ইরিগেশন এ্যান্ড ড্রেনেজ স্কীম একটা হয়েছিল বটে, এবং ইদানিং হরহাটুগঞ্জ স্কীম হয়েছে, কিন্তু হুগলী নদীর জল গ্রীষ্মে লোনা থাকায় তাতে ইরিগেশনএর কোন ফল পাওয়া যায় না। ২৪-পরগণা, এতবড় একটা জেলা, যার একারেজ হচ্ছে প্রায় ৩৬ লক্ষ ১০ হাজার একর, এবং তার কালটিভেবল এরিয়া হচ্ছে ১৮ লক্ষ ৯৩ হাজার একর, ও কালটিভেবল ওয়েষ্ট ল্যান্ড হচ্ছে ২ লক্ষ ১৮ হাজার ৪২৩ একর অর্থাৎ কালটিভেটেড ল্যান্ড হচ্ছে ১৪ লক্ষ ৮২ হজার একর। এই মোট ২১ লক্ষ ১১ হাজার ৫২৩ কালটিভেবল একরএর মধ্যে মাত্র ৩৫ হাজার ২৮৩ একর হচ্ছে ইরিগেটেড এরিয়া। কাজেই এই ২৪-পরগণা জেলায় ইরিগেশনএর কত প্রয়োজন সেটা বুঝতে পারা যাচ্ছে।

[3-50—4 p.m.]

তারপরে রেন ফল সম্বন্ধে—লাষ্ট ১৮৯০—১৯৫০ পর্যন্ত যে রেন ফল ষ্ট্যাটিষ্টিক আছে, তাতে দেখা যায় ইয়ারস অব এবনরম্যালিটি ১১টা তার মধ্যে ফ্লাড ইয়ারস হয়েছে ৭টা আর ড্রট ইয়ারস হয়েছে ৪টা—এই ৬০ বৎসরের মধ্যে। এই ফ্লাড ইয়ারসএর জন্য ড্রেনেজএর ব্যবস্থা আছে, কিন্তু ড্রট ইয়ারসএর জন্য জলের কোন ব্যবস্থা হয় নি। তার জন্য ধান একেবারে নষ্ট হয়। এমন কি যেসব নরম্যাল ইয়ারস তাতেও ইরিগেশনএর প্রয়োজন আছে। এই বিরাট এলাকার ২,১১১,৫২৩ একরের মধ্যে টু-ক্রপ এরিয়া মাত্র ১১৮,৮০০ একর—বাকী সব এক ফসলা। ভাল ইরিগেশনএর ব্যবস্থা করলে সমস্ত এরিয়া দো-ফসলী হতে পারে।

২৪-পরগণায় বড় সেচ পরিকল্পনা নেওয়ায় অসুবিধা আছে—হুগলী নদীর জল লোনা বালে। মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে শুনেছিলাম, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ফরাক্কায় গঙ্গা ব্যারাজএর পরিকল্পনা নেওয়া হবে। সেই পরিকল্পনা কার্যে পরিণত হলে মেজর ইরিগেশন স্কীমএর সুবিধা হবে। এই গঙ্গা ব্যারাজ হলে হুগলীতে যে আপল্যান্ড ওয়াটার পাওয়া যাবে তার চাপে, বর্তমানে বারাকপুর পর্যন্ত যে লোনা জলের জোয়ার যায়, তা যেতে পারবে না। তাতে কলকাতার উপরে বা নীচে হুগলী থেকে খাল কেটে দক্ষিণে অল্প খরচে দীর্ঘ সেচের ব্যবস্থা হতে পারবে। এখন দেখছি ফরাক্কা বাঁধ সেন্ট্রাল গভর্নমেন্টের

হাতে। আমার অনুরোধ যে সেন্ট্রাল গভর্নমেন্টের উপর চাপ দিয়ে যদি গঙ্গা ব্যারাজ করে নিতে পারেন, তাহলে ২৪-পরগণা জেলার সঙ্গে সঙ্গে নদীয়া জেলারও সেচের উন্নতি হবে পারবে। যতদিন তা না হচ্ছে ততদিন অন্যরকম ইরিগেশনের যা ব্যবস্থা করতে পারা যায়:- টিউবওয়েল ইরিগেশন ইত্যাদি—তা করে নেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

Sj. Narendra Nath Ghosh:

মিঃ স্পীকার, স্যার, ইরিগেশন সম্বন্ধে বলতে গিয়ে আগে আমাদের যে অন্তরের কথা ত বলছি।

স্পীকার মহাশয়, আপনি নিশ্চয় জানেন, দামোদরের সর্বনাশা বন্যার ফলে গত ৫০ বৎসর ধরে আমরা কি রকম দুর্দশা ভোগ করছি। তারপরে যখন দেখতে পেলাম, সরকার দামোদর নিয়ন্ত্রণ করছেন, তখন আমাদের মনে আশা জেগেছিল যে, দামোদরের যে সর্বনাশ আমরা পেয়েছি, তার অভিশাপ থেকে রক্ষা আমরা এবার নিশ্চয় পাব। দামোদরের জন্য কোটি কোটি টাকা খরচ করা হচ্ছে, দামোদরের জলে হাজার হাজার মাইল সেচ পরিকল্পনা হচ্ছে, কিন্তু সেই দামোদরের জল থেকে মাত্র ১৮ হাজার একর জমিতে জল পাবে আমাদের এই আরামবাগ মহকুমার।

Mr. Speaker:

দামোদর ভ্যালির কথা ত এখানে নাই।

Sj. Narendra Nath Ghosh:

কিন্তু, স্যার, যেমন দামোদরের বান থেমে গিয়েছে, সেই সঙ্গে সঙ্গে আমাদের সমগ্র আরামবাগ মহকুমা একটা মরুভূমিতে পরিণত হল। এ বছর সামান্য পাট ফসল যা হয়েছিল, তা জলের অভাবে পচাতে পারে নি। মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানিয়ে পত্র দিয়েছিলাম যে, যদি সম্ভব হয় ত সঞ্চিত জল থেকে কিছু জল দিন, তাতে চাষীরা পাট ভিজাক। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় জানিয়েছিলেন যে, আমাদের এমন জল নেই যে সে জল ছেড়ে দিলে চাষীদের উপকার হবে। সে জল দামোদরের মধ্য দিয়েই চলে যাবে। কিন্তু যেহেতু মরুভূমির মত অবস্থা হল আমাদের এই অঞ্চলের, তার জন্য বর্তমান সেচ পরিকল্পনাকে ক্রিটিসাইজ ন করে পারছি না। এইটাই আপনার কাছে নিবেদন।

মাননীয় মন্ত্রীমহাশয় জানিয়েছিলেন, ১৯৫৪ সালের এক প্রশ্নের উত্তরে যে দ্বারকেশ্বর পরিকল্পনা কোরে আরামবাগ মহকুমার এবং খানাকুল থানার বিশেষ কোরে জল দেবার চেষ্টা করবেন। কিন্তু আশ্চর্য্যের ব্যাপার যে; দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বা অন্য কোন পরিকল্পনায় সেটা খুঁজে পাচ্ছি না। তাহলে আমরা চিরকালই যে তিমিরে সেই তিমিরেই থাকব? এতদিন সর্বনাশা দামোদরের প্লাবনে সব নষ্ট হয়ে গেছে, এখন আবার দামোদরের জল বন্ধ কোরে মরুভূমির মত থাকবে? আমাদের কি কোন ব্যবস্থা এই সরকার করবেন না?

Mr. Speaker: Why are you raising all these points? The Hon'ble Minister will not be able to reply to them.

Sj. Narendra Nath Ghosh:

মিঃ স্পীকার, স্যার, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যদি দ্বারকেশ্বর পরিকল্পনাকে স্থান দিতেন, তাহলে নিশ্চয়ই আমাদের আরামবাগের সুবিধা হত, এবং নিশ্চয় তার আওতার মধ্যে আমরা আসতে পারতাম। গোঘাট থানা এলাকায় আমোদর, তারাজুলি—এই দুটি পরিকল্পনা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রহণ করা হবে শুনেছিলাম, কিন্তু আজকে তাঁর বক্তৃতায় সেই পরিকল্পনার কথা শুনতে পেলাম না। সেখানে প্রায় সাড়ে ছয় মাইল লম্বা ও দেড় মাইল চওড়া জায়গা জলাভূমি হয়ে রয়েছে, সেটা গোঘাট থানা এবং মেদিনীপুর জেলার

ঘাটাল থানায় অবস্থিত। সামান্য কয়েক লক্ষ টাকা খরচ করলে এই বিস্তৃত জলাভূমির জল নিকাশ হয়ে সোনার ফসল ফলবে; কিন্তু তারও আভাস পেলাম না। মিঃ স্পীকার, স্যার, যখন বড় বড় স্কীমগুলো হচ্ছে না, তখন ছোট খাট কয়েকটা স্কীম কোরে আরামবাগ এবং খানাকুল থানা তথা সমগ্র আরামবাগ মহকুমকে বাঁচাবার চেষ্টা করা কর্তব্য। মিঃ স্পীকার, স্যার, আপনি শুনলে আশ্চর্য হবেন যে, সমগ্র পুড়সুড়ো থানা এবং আরামবাগ থানার কয়েকটা ইউনিয়ন, যেমন—হরিন খোলা ইউনিয়ন, আউড়ি ঘাট ইউনিয়ন, বালিপুর ইউনিয়ন—এই সব ইউনিয়নের জমিতে ধান ফসল আদৌ হয় না। কিন্তু অদৃষ্টের পরিহাস যখন দামোদরের জল ছিল, তখন রবি ফসল হত, এখন মাঘ মাসেতেও পুড়সুড়ো থানায় যেখানে লোক আলু চাষ করত সেই মাঘ মাসেতে সেচ দিতে পারে না এবং সঙ্গে সঙ্গে আলু চাষও হতে পারছে না। কাজে কাজেই সেখানকার লোকের কি রকম অবস্থা তা সহজে কল্পনা করতে পারেন। লক্ষ লক্ষ টাকা সেই অঞ্চলকে বাঁচাবার জন্য টেস্ট রিলিফে খরচ করতে হচ্ছে, সেই জন্য স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীমহাশয়কে জানাই যে, ঐ সব অঞ্চলে ছোট ছোট সেচ পরিকল্পনা কতকগুলো গ্রহণ করুন এবং তার দ্বারা আমাদের ঐ অঞ্চলকে রক্ষা করুন। তা নাহলে আমাদের এই অঞ্চল প্রায় মরুভূমিতে পরিণত হবার উপক্রম হয়েছে। সেই জন্য তাঁকে জানাই যে, কানা দ্বারকেশ্বরের সংস্কার করার চেষ্টা করুন। ভুঁয়েড়া থেকে হলান পর্যন্ত নদীর যদি সংস্কার করা হয়, তাহলে মনে হয় যেটুকু জল দামোদর দিয়ে বেরিয়ে আসবে সেই জল দিয়ে নদীর দু পাশের চাষের কিছু কিছু উপকার হবে। এ বৎসর সেই অঞ্চলে বিভিন্ন বাঁধের জন্য যে বাধা হয় তাতে জল পাওয়া যায় নি। কিছুদিন পূর্বে একটা গির্জা পড়ে গিয়ে নদীর মুখ বন্ধ হয়ে গিয়েছে। সেই জন্য ভুঁয়েড়া থেকে হেলান পর্যন্ত নদীর যদি সংস্কার করা হয়, তাহলে ঐ বিস্তৃত এলাকার প্রভূত উন্নতি সাধন হয়। খানাকুল ও আরামবাগের ক্ষুদ্র ক্ষুদ্র সেচ খালগুলি—আরোরা খাল সংস্কার এবং সালানপুর পর্যন্ত বাড়িয়ে দিন এবং তার সংস্কার করুন। আর ভোমরা খালের সংস্কার সাধন করার পর সেটাকে রতনপুর পর্যন্ত যদি বাড়িয়ে দেন, তাহলে সেই অঞ্চলের চাষীদের অনেক উপকার হবে। তাছাড়া সোনাটিকরী থেকে কেদারপুর পর্যন্ত এবং মইখণ্ড থেকে গোবিন্দপুর একটি খাল এবং ফিগবাই থেকে তাঁতিশাল পর্যন্ত একটি খাল—এই রকম ছোট ছোট পরিকল্পনাগুলো যদি কার্যকরীভাবে গ্রহণ করা হয় তাহলে এই অঞ্চলের চাষীদের কিছু উপকার হতে পারবে। তাদের জমিতে যে বালি রয়েছে, সেই বালি সরাতে না পারলে এবং ধান না হলেও ছোট ছোট খাল বিল দিয়ে যদি জল দিতে পারেন তাহলে ঐ অঞ্চলে রবি ফসল হলে কতকটা অভাব আমরা পূরণ করতে পারব। তা না হলে ঐ অঞ্চলের প্রায় লক্ষাধিক কৃষি পরিবারের পক্ষে অন্ন সংস্থান করা আদৌ সম্ভবপর নয়। এ বিষয় আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে জানাচ্ছি যে, তিনি যেন আরামবাগ মহকুমা সম্বন্ধে বিশেষ পরিকল্পনা কোরে আমাদের জানিয়ে দেন এবং ওখানকার চাষীদের বাঁচাবার চেষ্টা করেন। এই কয়েকটি কথা বোলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4—4-10 p.m.]

Sj. Tarapada Dey:

মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রীমহাশয় যে বিরাট টাকার হিসাব দিয়েছেন, তা দেখলে মনে হয় যে আমাদের দেশের, এই পশ্চিমবঙ্গের সকল রকম সমস্যা সমাধানের আর কিছুই বাকী নেই। এই যে একটা বিরাট টাকা আমাদের দেশে খরচ করা হচ্ছে—তার আগে বাংলাদেশের সেচ ব্যবস্থা আগে কি ছিল এবং বর্তমানে কি আছে—সেটা আলোচনা করে দেখা বিশেষ প্রয়োজন। ইংরাজরা আসবার আগে আমাদের দেশে যে সেচ ব্যবস্থা ছিল তা জমিদারী প্রথা প্রবর্তনের পর এবং রেল লাইন আসবার পর একেবারে ধ্বংস হয়ে গেল। তারপর ১৯৪৭ সালের পর থেকে আজ পর্যন্ত সেচ ব্যবস্থা এগিয়েছে—তার পুরাপুরি তথ্য না দিলে বর্তমান অবস্থা বুঝা যাবে না। শুধু বিরাট একটা টাকার অঙ্ক দিলেই সত্যকার দোষ ত্রুটি ধরা যায় না। তিনি আবাদযোগ্য জমির একটা হিসাব দিয়েছেন, কিন্তু কত বৎসর এতে লেগেছে—ঠিক সেই তথ্য তিনি দেন নাই। কত পতিত জমি আছে, কত পতিত জমি উদ্ধার করা হয়েছে, তার

হিসাব দেন নি। তা ছাড়া মোটামুটি তিনি বলেছেন যে এষ্টেট একুইজিশন হয়েছে—জমিদারী প্রথার উচ্ছেদ হয়েছে, কিন্তু আসল যে নীতি—ভূমির সঙ্গে সেচ ব্যবস্থা করা—সে কথা তার বক্তৃতার মধ্যে নেই। কৃষি ও সেচ হচ্ছে দেশের মূল সমস্যা—সে সমস্যা সমাধান হবে কি হবে না—তার ইঙ্গিত এই বাজেট বক্তৃতার মধ্যে নেই। সরকার কাজ করেন নি—কোন কাজই হয় নি, একথা বলছি না, কিন্তু যেভাবে কাজ করছেন সেই কাজ সমালোচনার যোগ্য। ময়ূরাক্ষীতে কম্পালসরি কর ধার্য্য করেছেন—যার ফলে যাদের জলের প্রয়োজন নেই তাদের উপরও জোর করে কর আদায় করছেন। তাছাড়া সাড়ে ছয় টাকা বিঘা প্রতি কর আদায় করছেন—এমন সময় হবে যখন দশ টাকা পর্যন্ত হবে। এর ফলে সাধারণ লোকের মধ্যে অসন্তোষ দেখা যাচ্ছে। তাছাড়া এই কর খরচের উপর ধরা হচ্ছে কেন? মেনটিনেন্স কষ্টএর উপর ধরা উচিত বলে আমি মনে করি এবং মেনটিনেন্স কষ্ট দেড় টাকা দু টাকার বেশী হয় না। তাছাড়া আর একটা জিনিষ লক্ষ্য করছি যে ময়ূরাক্ষীর জন্য বাজেটে ১৯৫৫-৫৬ সালে ধার্য হয়েছিল ৯ লক্ষ ৭৫ হাজার টাকা—সংশোধিত বাজেটে ধরা হয়েছিল—২১ লক্ষ টাকা। কিন্তু আমরা শুনেছি যে ময়ূরাক্ষী দ্বারা ২ লক্ষ একর জমি আবাদযোগ্য হয়েছে। ২ লক্ষ একর জমিতে ৬৷৷ টাকা রেটে জল দিয়ে ২১ লক্ষ টাকা হয় না। এখানে আরও বেশী জমিতে জল দিয়াছেন কিনা বুঝা যায় না। এর পর বৎসর ধরেছেন ৪৬ লক্ষ ৫০ হাজার টাকা। যদি আমরা ধরে নি যে, ৬৷৷ টাকা হিসাবে নেবেন, তাহলে প্রায় ৭·১৫ লক্ষ একর জমি নিচ্ছেন। মন্ত্রীমহাশয় যা বলেছেন তাতে আরও বেশী জমি নেবেন কিনা সেটা ঠিক বুঝা যাচ্ছে না। আশা করি মন্ত্রীমহাশয় তার জবাব দেবেন। তা ছাড়া আমরা যেটা মনে করি, সরকার যেভাবে কাজ করছেন, সেটা কোন হিসাবে করছেন—ইংরাজ সরকার যে ধরণের কাজ করেছিল। সাম্রাজ্যবাদী শাসন ব্যবস্থা চালাবার জন্য অনেক পরিকল্পনা করেছিল—রেললাইন, টেলিগ্রাফ অনেক কিছু করেছিল। তারা যে পথে গিয়েছিল আপনারাও সেই পথ অনুসরণ করে সেই পথেই চলেছেন; সেই সাম্রাজ্যবাদের পথেই চলেছেন। সেই জন্য যে কথা আমরা বলি তা গ্রহণ করেন না—কায়েমি স্বার্থকেই বাঁচিয়ে রাখতে চাচ্ছেন। এই ধনিক গোষ্ঠীর শোষণকে কায়েম করার জন্য অনেক ছোট ছোট সেচ ব্যাপারে দলীয় রাজনীতি প্রচার করছেন এবং এই ছোট ছোট পরিকল্পনা-গুলিতে কংগ্রেস তাই করছেন। এইগুলি যাতে না হয় তার চেষ্টা মন্ত্রীমহাশয়ের করা উচিত।

এবার হাওড়া জেলার কথা বলি। হাওড়া জেলার মধ্যে দেখছি আমতা বেসিন নেওয়া হয়েছে। এই আমতা বেসিন ও কেদুয়া বেসিন এক কিনা জানি না।

(The Hon'ble Ajoy Kumar Mukherji:

এই কেদুয়া পরিকল্পনা ও আমতা বেসিন একই।)

তা যদি হয়, তাহলে এটা সুখের কথা। যে কেদুয়া পরিকল্পনার জন্য এতদিন লোকে আন্দোলন করে এসেছে। মন্ত্রীমহাশয় সেটাকে এই পরিকল্পনার মধ্যে গ্রহণ করেছেন—এটা নিশ্চয়ই আমরা সমর্থন করব। কিন্তু কেদুয়া বেসিন ছাড়াও হাওড়ায় আরও সমস্যা আছে—তাজপুর স্কীম, হাওড়া ড্রেনেজ প্রভৃতি। তাজপুর ড্রেনেজ ১৮৯৬ সালে হয়েছিল। সেটা এখন মরে যাচ্ছে- আশেপাশের জমি ধ্বংস হয়ে যাচ্ছে। ফলে প্রত্যেক বৎসরই বন্যা হচ্ছে। এটা নূতন করে পরিকল্পনা না নিলে বহু লোকের অসুবিধা হচ্ছে এবং হবে। হাওড়া জেলায় ১১ লক্ষ লোকের বাস- তার মধ্যে গ্রামেই ৬ লক্ষ গরীব চাষী, ভাগচাষী কৃষকের বাস। হাওড়ার ভূমির পরিমাণ ৬ লক্ষ ৩৬ হাজার বিঘা। এই জমিতে মাত্র ৫ মাসের খাওয়া হয়। এই ৫।৬ লক্ষ লোক—গরীব লোক যারা গ্রামে বাস করে তারা ধান চাষ করা থেকে আরম্ভ করে পাকা ধান কাটার সময় কিছু কাজ পায়। অন্য সময় তারা বসে থাকে। সেইজন্য হাওড়া জেলার মজুরের হাট বসে গিয়েছে। শত শত মজুর কাজ পাচ্ছে না; রোজ আসছে, চলে যাচ্ছে—না খেয়ে দিনের পর দিন কাটাচ্ছে। হাওড়া ড্রেনেজ স্কীম, সরস্বতী স্কীম কার্যকরী হলে আর ৪ লক্ষ বিঘা জমি আবাদযোগ্য করা যেতে পারে এবং এই জমি আবাদযোগ্য হলে পর হাওড়ায় যেখানে পাঁচ মাসের খাবার হয়, সেখানে অন্ততঃ পক্ষে আর তিন মাসের খাবার

বাড়ান যেতে পারে। এর ফলে এক দিকে যেমন সরকারের খাদ্য বৃদ্ধি হবে, অন্য দিকে তেমনি ভাগচাষী গরীব চাষীদের সমস্যা সমাধান হতে পারে। এটা মস্ত বড় জিনিস। এই পরিকল্পনা যাতে গ্রহণ করতে পারেন মন্ত্রীমহোদয় সেদিকে লক্ষ রাখবেন। তা ছাড়া ছোট ছোট পরিকল্পনা, সেচ পরিকল্পনা, হাওড়ার মধ্যে নেওয়া যেতে পারে। অত্যন্ত দুঃখের বিষয় হাওড়া জেলায় আজ পর্যন্ত এই রকম ছোট খাট সেচ পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা তা আমাদের জানা নেই। আমতা সদর সাবডিভিসনে, উলুবেড়িয়া সাবডিভিসনে অনেক পরিকল্পনা কার্যকরী করা যেতে পারে, এবং তার ভিতর দিয়ে দেশের মানুষকে খাওয়াবার ব্যবস্থা হতে পারে। আর একটা কথা—সরকার তরফ থেকে যে কথা বলা উচিত ছিল কিন্তু সে কথার উল্লেখ নেই। এখানে নূতন করে অনেক সেচের ব্যবস্থা হচ্ছে—অনেক পরিকল্পনা হচ্ছে, কিন্তু সরকার তরফ থেকে এর মধ্যে যে দুর্নীতি থাকে, সে কথার উল্লেখ এই বাজেট বক্তৃতার ভিতর নেই। এমন কি ডি, ভি, সি,র সঙ্গে কেন্দ্রীয় সরকার, বাংলা সরকার ও বিহার সরকার জড়িত আছেন। মোটামুটি দেখা গেল সেখানেও অনেক লোক নানা রকম দুর্নীতির মধ্যে জড়িত আছে। এই দুর্নীতির কথা আপনার বাজেট বক্তৃতায় উল্লেখ নাই। সে দিক থেকে বলছিলাম, ডি, ভি, সি,র সঙ্গে কেন্দ্রীয় সরকার, বিহার-সরকার ও পশ্চিমবঙ্গ সরকার জড়িত আছে।

তার মধ্যে বিহার সরকার আছেন। সেখানে অডিট রিপোর্টে দুর্নীতির কথা আছে। আমি উল্লেখ করে যাচ্ছি মাত্র। যন্ত্রপাতির জন্য অধিক মূল্য দেওয়া হয়েছে। বেহিসাবী খরচ করা হয়েছে। হিসাব না রেখে দুর্গাপুরে মাটি কাটা হয়েছে। মাইথনে ইট তৈরী করা হয়েছে, তার হিসাব নেই। এমন যন্ত্রপাতি কেনা হয়েছে, যা কাজে লাগে না। টেন্ডার না দিয়ে খুসীমত কনট্রাক্ট দেওয়া হচ্ছে, এগ্রিমেন্ট সই করা হয় নি কনট্রাক্ট ছেড়ে দেওয়া হয়েছে, বেহিসাবী স্কীম করা হয়েছে, মেসিন কাজে লাগানো হয় না ইত্যাদি। তাঁর বক্তৃতার মধ্যে কোথায় কি ত্রুটি বিচ্যুতি আছে, কনট্রাক্ট মারফত কোথায় কি কাজ হচ্ছে, সেগুলি স্পষ্ট করে বলা উচিত ছিল এবং সেটা সকলে মিলে—শুধু সরকার পক্ষের নয়—যাতে বন্ধ করা যায় তার ব্যবস্থা করা উচিত ছিল। যে সমস্ত দোষ ত্রুটি, গাফিলতী, প্রভৃতি আছে, সেগুলি তাঁর আলোচনার মধ্যে বলা উচিত ছিল।

[4-10—4-20 p.m.]

Sj. Nishapati Majhi:

স্পীকার মহাশয়, আজ ৪ কোটি ৬৫ লক্ষ ৬৩ হাজার টাকার যে বাজেট উপস্থিত করা হয়েছে, আমরা মনে করেছিলাম যে, এ বিষয়টা আলোচনা করবার জন্য মাননীয় সদস্যগণ এখানে উপস্থিত থাকবেন কিন্তু দেখছি যে অধিকাংশ আসনই শূন্য। আমরা এখানে আর একটা ভাল জিনিস দেখছি যে, ১৫৩টা ছাঁটাই প্রস্তাব আছে, তার মধ্যে ৭২টা প্রেসিডেন্সী সুন্দরবন বিষয়ে আছে এবং মেদিনীপুর বাঁকুড়া সম্বন্ধে ৫৪টা, হুগলী, হাওড়া সম্বন্ধে ১২টা, দামোদর সম্বন্ধে ১৫টা, বীরভূমের ভাগ্যে শূন্য। এরূপ অবস্থায় এক বন্ধু এখানে বীরভূমের কথা বলেছেন, আমি তাঁকে সেজন্য ধন্যবাদ জানাচ্ছি। তবে তিনি সত্য ঘটনাটুকু বলেন নি। [বিরোধী পক্ষ হতে তুমুল হট্টগোল।] একবার নিতে কি জলকর দিতে হয়, দুবার নিতে কি দিতে হয়, তিন বার নিতে কি দিতে হয়। [হট্টগোল]। আর একটা জিনিস মাননীয় সদস্য মহোদয়দের আপনার মাধ্যমে জানাতে চাই—বীরভূম জেলার একটা শ্রী। এই এ্যাসেম্বলী গৃহ থেকে বেড়িয়ে গিয়ে গঙ্গার ধার দিয়ে একেবারে বর্ধমানের ভেতর দিয়ে দামোদর দেখতে দেখতে যাবো, দেখবো একটা বৃহৎ সেতু নির্মিত হয়েছে, সেখান থেকে দুর্গাপুরে যেতে দেখবো দামোদর ভ্যালির যোগাযোগ ব্যবস্থা, বৈদ্যুতিক শক্তি একটা মস্তবড় ব্যাপার, এক একটা স্তম্ভ, চন্দ্রভাগার ভেতর দিয়ে সিউড়ি কাটিয়ে পাশ করে একেবারে ময়ূরাক্ষীর উপর একটা প্রকান্ড বাঁধ, কি বিরাট ব্যাপার, সেখান থেকে যদি যাই মাসাঞ্জোরে, মন ভরে উঠবে আনন্দে। এই সব বড় বড় দিকগুলি আমাদের বিরোধী বন্ধুদের চোখে পড়বে না, সঙ্গে নিয়ে গেলেও তাঁরা বিশ্বাস করবেন না, একটা কথা বলতে গিয়ে তাঁরা আর একটা কথা বলেন। [তুমুল হট্টগোল] এখানে আমি বীরভূমের একটা সমস্যা উপস্থিত করছি। আমি একটা চিঠি পড়ছি—"বোলপুর থানায় এই অঞ্চলের এলাকাভুক্ত গ্রামগুলির জমিতে কোপাই সাউথ মেন ক্যানেল হইতে গত

অক্টোবর মাসের মাঝামাঝি একবার মাত্র সেচের জল দেওয়া হয়েছিল। কিন্তু একবারমাত্র জল দেওয়া সত্ত্বেও একরে ৭৸ হারে জলকর ধার্য করিয়া নোটিস পাওয়ায় এই অঞ্চলের কৃষকগণ অত্যন্ত বিপন্ন বোধ করিতেছেন"—এখানে আমার বন্ধু দশ টাকা বলেছেন—"উৎপাদনের হার বিশেষরূপে বৃদ্ধি না পাওয়ায় উপরোক্ত হারে কর দিতে কৃষকগণ অক্ষমতা জানাইয়া যথাস্থানে আবেদন করিয়াছেন এবং কর্তৃপক্ষগণের নিকট প্রার্থনা করিয়াছেন যে একবারমাত্র জল নেওয়ার জন্য হারহারি জলকর দেওয়ার ব্যবস্থা করিয়া আমাদিগকে বিপন্মুক্ত করুন। এ অঞ্চলের কৃষকগণের উপর কর আদায়ের জন্য সার্টিফিকেট জারীর ব্যবস্থা চলিতেছে। জনসাধারণ অত্যন্ত বিপন্ন বোধ করিতেছেন এবং আতঙ্কিত হইয়া পড়িয়াছেন। আপনি এ বিষয়ে মাননীয় সেচ মন্ত্রীমহোদয়ের সহিত সাক্ষাৎ করিয়া উপরোক্ত বিষয় আলোচনা করিয়া যাহাতে আংশিক কর লইবার ব্যবস্থা হয় এবং যতদিন সুব্যবস্থা না হইতেছে ততদিন পর্যন্ত কর আদায়ের জন্য যেন সার্টিফিকেট জারী না হয় তাহার ব্যবস্থা করিয়া এই অঞ্চলকে বিপন্মুক্ত করুন।" আজ এই বিষয়ে ভালভাবে প্রচারিত হওয়া দরকার যে সেচ আইনের নিয়ম কানুনের মধ্যে আছে ফসল তোলবার ১৫ দিন আগে সেচ বিভাগের কাছে আবেদন জানাবেন এবং সেচ বিভাগ সেটা বিচার করে দেখবেন, তদন্ত করে দেখবেন, ব্যবস্থা করবেন। যদি সেচ বিভাগের বিচারে তারা সন্তুষ্ট না হয় তাহলে বরাবর ডি, এম,এর কাছে তারা আবেদন জানাতে পারেন। আজ এ বিষয়ে জনসাধারণ ভালভাবে জানতে পারে নি। আমি সেইজন্য সেচ মন্ত্রীমহাশয়ের কাছে গিয়েছিলাম, তিনি অনুগ্রহ করে এ বিষয়ে বিবেচনা করে দেখবেন বলেছেন এবং যথোপযুক্ত ব্যবস্থা করবেন বলেছেন। আজকে এইরূপ ছোট ছোট সমস্যা আমাদের সামনে উপস্থিত হওয়া স্বাভাবিক। আজ আনন্দ হয়, আমাদের সেচ মন্ত্রীমহাশয় একটা বড় পরিকল্পনা হাতে নিয়েছেন—কংসাবতী জলাধার পরিকল্পনা। পশ্চিম বাংলায় মাত্র শতকরা ১৭ ভাগ জমিতে জলসেচ হত, আজ সেখানে ৩১ ভাগ জমিতে জলসেচ হতে চলেছে এবং আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনার পর দেখবো যে, ৪৬ ভাগের কাছাকাছিতে আমরা উপস্থিত হয়েছি। আগামী পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় প্রায় ১৯ কোটি টাকা এই সেচ খাতে ব্যয় হবে। কেন? এই জন্যই যে এই কাজের উপর আমাদের কৃষির উন্নতি এবং সমাজের উন্নতি নির্ভর করছে। পশ্চিম বাংলায় সাড়ে তিন কোটির কাছাকাছি ধানের ফসলের জমি ছিল, আজ সেই জমি প্রায় চার কোটির কাছাকাছি। আজ যদি তার অর্ধেক অংশেরও জল সেচের ব্যবস্থা হয়, মাটি সিক্ত করতে পারা যায়, তাহলে ফসল আমাদের প্রচুর বাড়বে। বীরভূমে এইরূপ ছয় লক্ষ বিঘা জমিতে ফসল বেড়েছে। আজ চাষীরা কর দিতে চায়, সরকারের এই মহান কার্যে সহযোগিতা করতে তার কোনরূপ কাতর নয়। কিন্তু ছোট খাট এক একটা ঘটনাকে নিয়ে কোন কোন বক্তা নিজেদের দল গঠন করবার জন্য চীৎকার করেন, এমন কি জলসেচের সময়ে তাঁরা নিজেরা সামনে দাঁড়িয়ে তাদের নিজেদের সুবিধা করে নেয়। এগুলি সমাজ উন্নয়ন কাজে, কৃষি উন্নয়ন কাজে, ব নূতনভাবে অগ্রসর হবার কাজে সহায়ক নয়। আজকে এ বিষয়ে আমার এখানে কিছু বল উচিত নয়, কিন্তু আমরা দেখছি যে এ বিষয়টাকে আজকে সকলে মনেপ্রাণে গ্রহণ করেছেন সকলেই আজ এই মহান কার্যে অগ্রসর হচ্ছেন এবং আশা করি যে আমাদের কৃষির উন্নতির দ্বারা নূতন সমাজ জীবন গড়ে উঠবে। সমাজে নূতন দৃষ্টিভঙ্গী দেখা দেবে। আমর সেকথা ভালভাবে বিবেচনা করে এই জলসেচের কাজকে সর্বান্তকরণে কার্যকরী করবার দিবে এগিয়ে যাবো।

স্পীকার মহাশয়, আর একটা ছোট খাট সমস্যা দেখিয়ে দিই, যেমন ক্যানেলের জল—যখ খুব জল টানের সময় ফাল্গুন, চৈত্র, বৈশাখ মাসে, তখন চাষীরা পর্যাপ্ত পরিমাণে জল পায় না যদি আমরা সেচ আইন সংশোধন করি এবং যদি আমরা সর্বদল এক মত হতে পারি তাহলে মনে হয় আগেকার দিনে যেমন এক একটা স্থানে খাল, বিল, পুকুর, জলাশয় তৈর হত এবং সেই জল নিয়ে তারা বারমাস ফসল ফলাবার চেষ্টা করতো,

একই জমিতে ২।৩ বার ফসল উৎপন্ন করত। আমরা তেমন করতে পরবো। আজকে দেখ যাবে ক্যানেলের মুখ যদি এক জায়গায় খুলে দেয়, নীচে জল ভেসে চলে যায় এবং এতে অনে ক্ষতি হয়। আমরা যদি সকলে ঐক্যবদ্ধ হয়ে সমবায় সমিতির মাধ্যমে একটা ছোট নালা বের কে

দিতে পারি, তাহলে সেই জল চাষীরা স্বচ্ছন্দে নিতে পারে। এবং আরও বিজ্ঞানসম্মত উপায়ে যেখানে আখের চাষ হচ্ছে, সেখানে যদি পাম্প সেট বসাতে পারি তাহলে আরও উন্নতি করতে পারি। তারপর আমাদের মাননীয় সেচমন্ত্রী শ্রীঅজয় মুখার্জীমহাশয় কংসাবতী জলাধারের পরিকল্পনা গ্রহণ করেছেন, তার জন্য তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। শুধু এই কাজের জন্য নয় আরও তিনি যেসমস্ত ছোট ছোট বহু পরিকল্পনা গ্রহণ করেছেন এবং বহু লক্ষ লক্ষ টাকা ব্যয় করেছেন এবং আগামী পাঁচ বৎসরে ১৯ কোটি টাকা খরচ হবে এজন্য সত্যি আমাদের আনন্দ হচ্ছে। আমি সর্বান্তকরণে তাঁর এই বাজেটের টাকা সমর্থন জানাচ্ছি।

[4-20—4-30 p.m.]

Sj. Dhananjoy Kar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের সহিত আমি আজ সেচখাতে সমালোচনা করতে দাঁড়িয়েছি। তার কারণ হচ্ছে, গোপিবল্লভপুর, নয়াবসান, সাঁকরাইল, এই তিনটি থানা বরাবরই বলে এসেছি, পাঁচ বছর ধরে বলছি যে খুব শুকনো জায়গা এবং সেখানে সেচের কোন ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি। আগামী পাঁচ বছরের পরিকল্পনার মধ্যেও একটি সেচ ব্যবস্থাও এই তিন থানার মধ্যে দেখতে পাচ্ছি না। কিন্তু এখানে দেখছি কংসাবতী পরিকল্পনা আপান নিচ্ছেন। কংসাবতীর জল যে সমস্ত জায়গায় যাবে সেখানেও ক্ষুদ্র ক্ষুদ্র পরিকল্পনা আপনি নিচ্ছেন। কিন্তু কংসাবতীর জল গোপীবল্লভপুর, সাঁকরাইল, নয়াবসান থানায় কোন প্রকারে যাবার সম্ভাবনা নাই। সেজন্য আমি আপনাকে অনুরোধ করবো যাতে ক্ষুদ্র সেচ পরিকল্পনা ঐ তিন থানার মধ্যে নিতে পারেন, তাহলে ওখানকার হাজার হাজার লোকের উপকার হবে। তা নাহলে প্রত্যেক বছর তাদের চাষের ক্ষতি হচ্ছে এবং ফসলের ক্ষতি হচ্ছে, শুধু জলের অভাবের জন্য। সুবর্ণরেখার দক্ষিনাংশ অত্যন্ত উর্বর জায়গা কিন্তু ময়ূরভঞ্জের সীমা সুবর্ণরেখার এই এক মাইলের পর থেকে অত্যন্ত উঁচু। সেই সমস্ত জায়গা থেকে অনেকগুলি খাল সুবর্ণরেখায় এসে পড়েছে। সেই উঁচু জায়গা থেকে জংগলের ভেতর দিয়ে ঘাসের ভিতর দিয়ে নিম্নের এই জায়গাগুলি প্রত্যেক বছর বালি চাপা করে দিচ্ছে এবং শত শত বিঘা উর্বর জমি বালি চাপা হয়ে নষ্ট হয়ে যাচ্ছে। যদি সেই খালগুলি বাঁধ দিয়ে দেওয়া হয় তাহলে ময়ূরভঞ্জের বর্ডারএ আমাদের বাংলার সমস্ত অঞ্চল সেচ কার্যের দ্বারা উপকৃত হবে। তেমনি দক্ষিণাঞ্চলেও আমাদের সুবর্ণরেখা পর্যন্ত সমস্ত উর্বর জমি জায়গাগুলিতে সেচের কাজ কিছু হবে এবং বালি চাপা থেকে রক্ষা হবে। কিছুদিন আগে একটা প্রশ্ন করেছিলাম যে ঝিমি খালের কত বিঘা জমি বালি চাপা পড়েছে? তাতে মন্ত্রীমহাশয় স্বীকার করেছিলেন এবং বলেছিলেন ৮ শো বিঘা জমি। এইরকমভাবে শত শত বিঘা জমি ঝিমি, বাগদিয়া, সীতা খাল, কালনাগিনী এইরূপ কতকগুলি খালের দ্বারা প্রত্যেক বছর বালি চাপা পড়ে যাচ্ছে। সেজন্য আমি মাননীয় সেচমন্ত্রী-মহাশয়কে অনুরোধ করবো, ঝিমি, বাগদিয়া, সীতা খাল, গোপীবল্লভপুরে যে কয়টি আছে কালনাগিনী, উড়া ভাঙ্গা, রাঙ্গিয়া, মুড়োলি এই খালগুলিতে তিনি যেন সেচের ব্যবস্থা করেন। তাহলে হাজার হাজার বিঘা জমিতে জল সেচের ব্যবস্থা হতে পারে।

আর একটা কথা বলবো, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে দোলং নদীকে বাঁধার পরিকল্পনা তিনি নিয়েছেন। কিন্তু এখানে দেখতে পাচ্ছি দোলংএর নামগন্ধও নেই। যদি এই দোলং বেঁধে আজকে সেচের ব্যবস্থা করতেন, দোলংএর দক্ষিণাংশ সুবর্ণরেখা পর্যন্ত গোপীবল্লভপুর এবং সাঁকরাইলের বহু হাজার বিঘা জমিতে জল সেচের কাজ হতে পারতো। আর একটা কথা বলবো, সুবর্ণরেখা বন্যার—অবশ্য ২।৩ বৎসর হল হয় নি—এই সুবর্ণরেখার দুই ধার দিয়ে হাজার হাজার বিঘা জমিতে ফসল নষ্ট করে দিচ্ছে। যদি সুবর্ণরেখার উপর বাঁধ নির্মাণ করেন, তাহলে সেচের কাজ ভালভাবে হতে পারতো। এবং হাজার হাজার বিঘা জমি বালি চাপা থেকে রক্ষা হোত। আমি অনুরোধ করবো উড়িষ্যা সরকারের প্রতিনিধি নিয়ে, বিহারের টাটার প্রতিনিধি নিয়ে এবং বাংলার এম. পি. এবং এম. এল. এ.দের নিয়ে একটা সিদ্ধান্ত করা হয়েছিল, যদি বাংলা, বিহার এবং উড়িষ্যা গভর্নমেন্ট সুবর্ণরেখার উপর বাঁধ নির্মাণ করতেন, তাহলে বিহার এবং

উড়িষ্যা গভর্নমেন্ট তাদের যথাসাধ্য চেষ্টা করবেন বলে জানিয়েছিলেন। কিন্তু আমাদের সেচ বিভাগের মন্ত্রী মহাশয় এতে কোন সহযোগিতা করতে রাজী নন। তিনি বলেছিলেন, তার যদি করতে প্রস্তুত হন, তাহলে বাংলার যেটা ন্যায্য শেয়ার সেটা তারা দিতে পারেন। আমি তাঁকে বলতে চাই যে, প্রতি বৎসর হাজার হাজার বিঘা জমির ক্ষতি হচ্ছে, গৃহ, ফসল ধ্বংস হয়ে যাচ্ছে, সরকারকে তার জন্য টেস্ট রিলিফএর ব্যবস্থা করতে হচ্ছে, লোন দিতে হচ্ছে কিন্তু যদি সুবর্ণরেখার উপর একটা বাঁধ নির্মাণ করতেন তাহলে এই সব সাহায্য করতে হত না। সেজন্য আমি তাঁকে অনুরোধ করবো যাতে তিনি এদিকে দৃষ্টি দেন। তারপরে আর একটা কথা সেচ মন্ত্রী মহাশয়কে বলবো। আশুই-ধর্মপুর বাঁধ যেটা নির্মাণ হচ্ছে, তাতে অনেক লোকের জমি জায়গা নেওয়া হয়েছিল, কিন্তু আজ পর্যন্ত তাদের কোন ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা হয় নি। এ বিষয়ে মাননীয় মন্ত্রীমহাশয় যে প্রতিশ্রুতি আমার প্রশ্নোত্তরের সময় দিয়েছিলেন যে তাড়াতাড়ি ক্ষতিপূরণ দেওয়া হবে, সেটা রাখবেন আশা করি। ক্ষুদ্র ক্ষুদ্র সেচ পরিকল্পনা নেওয়ার জন্য তাঁকে অনুরোধ করছি। একটা হচ্ছে আধারী থেকে কাটা খাল, এটা প্রায় দু মাইল হবে এবং এতে অনেক গ্রাম ও জমির ফসল বন্যা হতে রক্ষা পাবে। তারপর নরসুন্দর থেকে মলান, নয়াগ্রামের মধ্যে এতে অনেক জায়গা এবং ফসল রক্ষা পাবে।

[4-30—4-40 p.m.]

একটা হচ্ছে আকড়া থেকে কাটপুর, দেড়-দু মাইল বাঁধ হলে অনেক গ্রাম রক্ষা পাবে, হাজার হাজার বিঘা জমির ফসল রক্ষা পাবে। তা না হলে বন্যার জল সেই সব জমির উপরে গিয়ে ফসল নষ্ট করবে। নবাবপুর-নয়াগ্রাম প্রভৃতি জায়গার হাজার হাজার বিঘা জমির ফসল নষ্ট হচ্ছে প্রতি বছর এই বন্যার জলে।

আর একটা ডাহি-নয়াগ্রামের কাছ থেকে কমলাপুর-কুয়ারপুর পর্যন্ত একটা বাঁধ দেড়-দু-আড়াই মাইল হবে, এই কয়টি বাঁধ যদি ঠিকভাবে বেঁধে দেওয়া যায়, তাহলে দশ হাজার থেকে বার হাজার বিঘা জমি বালু চাপা ও ফসল নষ্টের হাত থেকে রক্ষা পাবে। মাননীয় মন্ত্রীমহাশয় একটু বিবেচনা করে দেখুন, এবং যদি অনুসন্ধান করে দেখেন, তাহলে দেখবেন আজ আমি যে কথাগুলি বলছি সবই সত্যি, কোন কথা অতিরঞ্জিত বলছি না। আমি মন্ত্রীমহাশয়কে এ বিষয়ে বিবেচনা করে দেখতে বলবো। তিনি ভাল করে বিবেচনা করে দেখুন।

শেষ মুহূর্তে বলতে চাই—যে খালগুলির কথা বললাম সেগুলির যদি বাঁধ হয়, তাহলে এক দিকে যেমন বালু চাপার হাত থেকে হাজার হাজর বিঘা জমি রক্ষা পাবে, তেমনি আবার অন্যদিকে অনেক অনাবাদী ডাহি, হাজার হাজার বিঘা অনুর্বর জমি জল পাবে, জলসেচ দ্বারা সেগুলি ভাল জমিতে পরিণত হবে। এক নম্বর থেকে পাঁচ নম্বর ইউনিয়ন পর্যন্ত ১৬।১৭ মাইল এলাকা সমস্তই বর্তমানে ডাহি, সেই জমিগুলি জল পাবে। এ বিষয়ে পুনরায় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Sj. Sasabindu Bera:

মিষ্টার স্পীকার, স্যার, আমি হাওড়া জেলার দক্ষিণ অংশে বিশেষ করে শ্যামপুর থানার সেচ ব্যবস্থা সম্বন্ধে এবং জলনিকাশ সম্বন্ধে আলোচনা করবো। হাওড়া জেলার দক্ষিণ অঞ্চলে শ্যামপুর থানার দু পাশ দিয়ে রূপনারায়ণ ও হুগলী এবং মাঝখানে দিয়ে দামোদর প্রবাহিত। সেই জন্য এখানকার স্বাভাবিক সেচ ব্যবস্থা এবং স্বাভাবিক জল নিকাশের ব্যবস্থা থাকার দরুন এই অঞ্চলে ভাল ফসল হতে পারে। সেই জন্য এখানকার পলিমাটি ও জমির উর্বরা শক্তি থাকার জন্য এই অঞ্চলকে হাওড়া জেলার গ্রেনারী বলে আখ্যাত করা হয়েছে। কিন্তু বর্তমানে এখানকার সেচ ব্যবস্থার অপ্রতুলতার জন্য সেই সুনাম চলে গেছে। এই বৎসর ও আর বৎসর সেখানে আশানুরূপ ফসল হয় নাই। সাধারণ গড়পড়তা ফসল যা আশা করা যায়, তার চেয়েও কম

হয়েছে, দু পাশে দুটি নদী স্বাভাবিক প্রবাহ রক্ষা করে চলেছে। কিন্তু মাঝখানের দামোদর একেবারে মজে যাওয়ার ফলে স্বাভাবিক জলসেচ ও জলনিকাশের বিশেষ ক্ষতি হয়েছে। দুর্গাপুর ব্যারেজ হওয়ার ফলে দক্ষিণ দামোদরের অবস্থা খুবই শোচনীয় হয়ে পড়েছে। তার প্রত্যক্ষ আঘাত দক্ষিণ হাওড়াকে ভোগ করতে হচ্ছে। এই দামোদরের ভীষণ বন্যার প্রভাবে এই জেলার উত্তর অংশের আশেপাশের জমি ক্ষতিগ্রস্ত হচ্ছে। কিন্তু এই দক্ষিণ হাওড়ায় দামোদরের বন্যা কোন-দিন ক্ষতি করে নাই। বরং দামোদর বাহিত বন্যার জল ও পলি জমির ফসল বৃদ্ধির সহায়তা করে এসেছে। বর্তমানে এই অংশ মজে যাওয়ার ফলে সেই সুবিধা বরাবরের জন্য নষ্ট হয়েছে। এই দামোদরের দক্ষিণাংশে এখন একেবারেই জল বহন করে না এবং এক অংশ প্রায় পূর্বেকার বি. এন. আর. লাইন পর্যন্ত দামোদর উঁচু হয়ে যাওয়ায় সেই অংশে আদৌ নৌকা চলাচল করতে পারে না। জল চলাচল ব্যবস্থা এমনই হয়ে গেছে। দক্ষিণ হাওড়া জেলার জলসেচ ব্যবস্থা ভাল রাখবার জন্য এই দামোদরকে ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে গ্রহণ করে, এটা পুনঃ খনন করবার ব্যবস্থা করুন। চাষবাসের সুবিধার জন্যও বটে এবং নৌকা প্রভৃতি চলাচলের সুযোগ সুবিধার জন্যও। এই খননের উদ্দেশ্যে সত্বর টাকা বরাদ্দের দাবী করছি।

আমি শ্যামপুর থানার কতকগুলি খাল সম্বন্ধে বলবো। সেই খালগুলি আশু সংস্কারের যদি ব্যবস্থা করা হয়, তাহলে সেখানকার জল সরবরাহের ব্যবস্থার এবং জলনিকাশের ব্যবস্থার খানিকটা উন্নতি হতে পারে এবং তার দ্বারা শ্যামপুর থানায় বর্তমানে যে অসুবিধা আছে, তার কিয়দংশ দূরীভূত হতে পারে। আমি শ্যামপুর থানার কয়েকটী বৃহৎ বৃহৎ খাল—যেমন জাল্লাবাজ খাল, রাধাপুর খাল, মোহনপুর খাল, এর এক একটি খাল চার মাইল দীর্ঘ, খাড়ুরেড়িয়া খাল ইত্যাদি কয়েকটী বৃহৎ খালের দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এই খালগুলি গত কয়েক বছর অনাবৃষ্টির ফলে শুকিয়ে গেছে, মজে গেছে। এই খালগুলি যদি সংস্কার তাড়াতাড়ি না করা হয়, তাহলে শ্যামপুর থানায় ফসল উৎপাদনের মাত্রা আরও বেশী কমে যাবে এবং তার ফলে সেখানে দারুন অন্নাভাব দেখা দেবে।

উলুবেড়িয়া মহকুমার আরও কয়েকটি খালের প্রসঙ্গ আলোচনা করে মাননীয় মন্ত্রী-মহাশয়ের দৃষ্টি সে দিকে আকর্ষণ করছি। হাওড়া জেলার বাউরিয়া থানার অন্তর্গত সিন্দুর মহল খাল, একটা বিখ্যাত খাল, সেটা মজে গেছে। তাড়াতাড়ি তার সংস্কার করা দরকার। উলুবেড়িয়ার অন্তর্গত গৌরীগঙ্গা খাল, রাজাপুর বনস্পতি খাল, ২৪-পরগণা জেলার বজবজ এলাকার নন্দনপুর কালভার্ট—এইগুলির দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আশা করি, সরকার এগুলি তাড়াতাড়ি গ্রহণ করে সংস্কার করবেন। এই প্রসঙ্গে আর একটা কথা বলবো। আমাদের এই সমস্ত অঞ্চলের আশেপাশের নদী দিয়ে সেচের ব্যবস্থা ছিল, খালের মধ্যে দিয়েও সেচের কাজ হতো। এখন সাধারণ বৃষ্টিপাতের হার অত্যন্ত কম হওয়ার ফলে সমস্ত নদী থেকে জল সরবরাহ তেমনভাবে হয় না। কাজেই এই কয়েকটি খাল যা রয়েছে, কয়েক বৎসর থেকে সেখান থেকেও সমস্ত অঞ্চলে জল সরবরাহ হয় না। সেই জন্য প্রয়োজন হয়েছে এই নদীর বাঁধগুলি প্রয়োজনমত বিভিন্ন স্থানে কেটে বিভিন্ন চাষের জন্য জল নেওয়া। এই সমস্ত এক একটা ব্যাপারে অনেক হ্যাঙ্গামা পোয়াতে হয় জনসাধারণের। অনেক ক্ষেত্রে সরকার পক্ষের অনুমতি পাওয়া যায় না। আর অনুমতি পাওয়া গেলেও অনেক টাকা সিকিউরিটি হিসেবে ডিপজিট দিতে হয়। সেই টাকা দেওয়া জনসাধারণের পক্ষে অনেক সময় কষ্টকর হয়ে ওঠে। তারপর এই খালগুলি ও নদীর বাঁধগুলি কেটে জল নিয়ে এবং জল নেওয়া শেষ হয়ে গেলে, সেগুলি বন্ধ করে দেওয়া ইত্যাদি ব্যাপারও খুব ব্যয়সাধ্য ও কষ্টকর। এই ব্যবস্থা দ্বারা খালের স্লুইস গেট থাকলে যে সুবিধা হয়, সেই সুবিধা পাওয়া যায় না। যেসকল জায়গায় এই রকম সরকারের অনুমতি নিয়ে বাঁধ কাটিয়ে জল নেবার ব্যবস্থা আছে, সেই বাঁধগুলিতে যাতে তাড়াতাড়ি সরকার পক্ষ থেকে স্লুইস গেট করবার ব্যবস্থা হয়, তার জন্য আমি সরকারকে অনুরোধ করছি। শ্যামপুর থানায় কমলাপুর ইউনিয়নে দেউলী মৌজায় প্রতি বছর খাল কাটিয়ে জল নিতে হয়। এখানে স্লুইস গেট করবার জন্য দরখাস্ত করা

হয়েছিল, স্থানীয় ইউনিয়ন বোর্ডের তরফ থেকে একটা আবেদনও তার জন্য জানান হয়েছিল। সে ব্যাপারে সরকার পক্ষ কতদূর কি করেছেন জানি না।

আর একটা জিনিষ—শ্যামপুর থানায় দামোদর এমবাংকমেন্টএর উপর শ্যামপুরের নিকটেও ঐরূপ একটা কালভার্ট প্রয়োজন। আমি আশা করি বর্তমানে দেশে বৃষ্টির অভাবে এবং স্বাভাবিক জল নিকাশের ও জল সরবরাহের পথ এই খালগুলি রুদ্ধ হয়ে যাবার ফলে যে অসুবিধার সৃষ্টি হয়েছে, সেই সমস্ত অসুবিধার দিকে দৃষ্টিপাত করে সরকার এগুলির সংস্কারের ব্যবস্থা করবেন। ২৪-পরগণার বজবজ থানার নন্দনপুরে কালভার্টের জন্য অনেক আবেদন নিবেদন করা হয়েছে, এখানে জল সরবরাহ ও জল নিকাশের অত্যন্ত অসুবিধার জন্য চাষের বিশেষ ক্ষতি হচ্ছে। এটি যাতে সরকার তাড়াতাড়ি গ্রহণ করেন, সেজন্য সরকারকে অনুরোধ করছি।

[4-40—4-50 p.m.]

Sj. Haripada Chatterjee:

সভাপাল মহাশয়, সেচমন্ত্রীমহাশয়ের দৃষ্টি খালি গঙ্গার ওপারে, নদীয়ার প্রতি তাঁর দৃষ্টি মোটেই নাই। নদীয়া সমস্যাবহুল জেলা। নদীয়ার সমস্ত নদী নালা হেজে মজে গিয়েছে। ১১টা স্কীম এ বছরে ওঁরা যেটা দিয়েছেন, সেটার ইনভেষ্টিগেশন সার্ভে কমপ্লিট অথচ এখনো স্যাংশন করা হয় নি। ১৯ কোটি টাকা খরচ হচ্ছে, সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানে, তাতে আমাদের ৬টা মাত্র স্কীম দিলেন, এবং তাতে খরচ করবেন ৭ লক্ষ ৩০ হাজার টাকা। কি রকম দৃষ্টি নদীয়ার উপর দেখুন। উনি কি সমস্ত বাংলার ইরিগেশন মিনিষ্টার না খালি গঙ্গার ওপারের মন্ত্রী? [হাস্য]।

সভাপাল মহাশয়, আপনি লক্ষ্য করে থাকবেন যখনই মেদিনীপুর সম্বন্ধে একটা প্রশ্ন হয় তখন সকল মেদিনীপুরবাসী এক হয়। কিন্তু আমিও ওঁর সঙ্গে একত্র আন্দোলন করেছি, উনি আমার ছোট ভাইয়ের মতন, জেলে এক জায়গায় ছিলাম, এক সঙ্গেই ছিলাম। তাছাড়া একত্র পড়াশুনাও করেছি হিন্দু হোষ্টেলে থেকে। উনি আমার বয়ঃকনিষ্ঠ ভাইয়ের তুল্য, সেই জন্য ওঁকে আমি অনুরোধ করে বলছি—নদীয়ার প্রতি দৃষ্টি দিন। ১৯ কোটি টাকা সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানে খরচ করবেন,—আর সমস্ত নদীয়ার জন্য খরচ করবেন মাত্র ৭ লক্ষ ৩০ হাজার টাকা!! একটা সাব ডিভিসনাল অফিস ছিল নদীয়ায় সেটাকে পর্যন্ত টেনে কল্যাণীতে নিয়ে গেলেন। তার মানে কি নদীয়ায় কাজকর্ম কিছু নাই বলতে হবে। আমি ওঁর দৃষ্টি আকর্ষণ করছি গঠনমূলক কাজে। যেখানে নদীয়ায় আজ হাহাকার, সেখানেও যদি ইরিগেশন-এর কাজ না হয় তবে আর কোথায় হবে?

Sj. Tarapada Bandopadhyay: Mr. Speaker, Sir, I think that all the irrigation schemes, be they major, minor, big, small-tanks, wells or tube-wells—may be brought under one head, that is, irrigation head, to ensure proper co-ordination and to avoid waste and overlapping. As the present system continues you will be pleased to see that some of the smaller schemes including tanks, wells and *khals* are entrusted to the care of the Agricultural Department and the rest of the irrigation schemes are entrusted to the Irrigation Department proper. So this stands in the way of proper planning and proper execution. Now, Sir, the picture that has been given by our Minister as regards the overall position of irrigation is not so much hopeful. He has stated that by the end of the Second Five-Year Plan nearly less than 40 per cent. of the cultivable land of West Bengal will have facilities of irrigation. That is certainly a very gloomy picture. The selfsame thing has been summarised in a few lines here in this book "The Second Five-Year Plan—Revised Draft.". "By the end of the

First Plan period the total irrigated area of West Bengal is likely to be about 40 lakh acres. The additional irrigated area at the end of the Second Plan period will be 22 lakh acres excluding the area to be irrigated by the Kangsabati Project for which five-year figure has not been worked out yet. Thus, at the end of the Second Plan period the total irrigated area in the State as a result of the combined operation of various irrigation schemes exhibited both under Agriculture and Community Development Project and this head will be 62 lakh acres. The total cropped area of the State as per survey conducted in 1950-51 is 117 lakh acres". As the learned Minister has given out it is much more than that and there is now 123 lakh acres of cultivable land or cropped area in West Bengal. So more than 50 per cent. of the cultivable agricultural land of West Bengal will remain outside irrigation facilities even after the Second Five-Year Plan. This should not be the thing because the economy of West Bengal depends mainly on agriculture and it will so depend for many years to come unless we can industrialise West Bengal within a short time. Sir, agriculture depends on irrigation. If all these lands are outside irrigation facilities then there cannot be any certainty or security as regards the output of crops from these lands because there are so many things—failure of rains, drought, which is necessarily followed by failure of crops. Therefore, we should try to speed up irrigation in the State of West Bengal. Now, in order to speed up irrigation, I think, we should pay much more attention to smaller irrigation schemes than to bigger irrigation schemes. The bigger irrigation schemes, besides taking much time to be executed also require much money for their construction. They waste or eat up valuable agricultural lands throughout the length and breadth of Bengal. In order to construct these bigger schemes, we have to evict our people from various villages and people also have to give or pay heavy water-rate in order to get facilities from these bigger irrigation schemes. Therefore, we should pay more attention to small irrigation schemes in the shape of tube-wells, wells and re-excavation of derelict tanks, and also excavation of new tanks at strategic points. These smaller schemes have not attracted the attention of the Hon'ble Minister. I am reading from the Second Five-Year Plan—Draft Outline—from page 102. "Smaller irrigation schemes like tanks, wells, etc., play an equally important part in development of irrigation." Our Irrigation Minister can speed up irrigation service by utilising the natural resources of water like *kandors*, *khals* which are so many in West Bengal. This can be done by constructing barrages and sluice gates at convenient points of the rivulets or canals or khals. You will be pleased to see that, in this way, irrigation facilities may be extended to vast lands which are still there and will be there even after end of the 5-year plan, outsides the major irrigation projects and irrigation services. Now, so far as Ketugram is concerned, my thana constituency, it is under the influence of Saturn—perpetually under Saturn—no roads have been constructed there, no tanks have been excavated, no irrigation scheme has been taken up there. We do not know when this Saturn is going to change its place. However, Sir, there are so many *kandors* and rivulets in Ketugram under Katwa subdivision in the district of Burdwan. There are some *kandors* in our villages, viz., Dadhia, Dakhin Dihi, etc. These villages are on both sides of the *kandors*, and outside the service of Mor Project. If some sluice gates are constructed in those *kandors*, there will be irrigation facilities. There is another *khal* near the village Begunkola in Ketugram near Katwa. This *khal* may be utilised for the construction of a good irrigation scheme, which will be in a position to give irrigation facilities to substantial areas of lands. Sir, I wrote to the Agriculture Department first about this and the department referred the matter to the Irrigation Department, but, Sir, after that there has been no budge in the Irrigation Department with respect to this *khal*. There is a *khal*, Sir, near Gangatikuri and I heard

it a long time ago that a scheme had been drawn to construct a sluice gate in that *kandor*. An estimate had also been prepared but I fail to understand why and how and in what circumstances that scheme has not yet been executed.

[4-50—5 p.m.]

There is a breach in the *bundh* of Ajoy river near Rasui village in Ketugram thana. I tabled a question on it and the Hon'ble Irrigation Minister was pleased to give an answer to that; he gave me to know that it has been entrusted to the care of the District Magistrate of Burdwan. I wrote to the District Magistrate of Burdwan; he wrote to me and said that the estimate had been prepared for the scheme but sanction has not been forthcoming. Sir, for the last four or five years the *bundh* has not been repaired with the reuslt that it has been damaging vast areas of lands because of the flood-water that is gushing through that breach. Therefore, my submission is that all these petty irrigation schemes can be executed in the Ketugram thana; these should be executed as soon as possible because in Ketugram there are vast areas of rich and fertile lands which cannot give proper output of crop because of want of facilities of irrigation.

Sj. Nagendra Dalui:

মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রী মহাশয়ের কাছে অনেক পরিকল্পনার কথা শুনলাম। কিন্তু পরিকল্পনা যা শুনলাম তার অধিকাংশ পরিকল্পনাই কার্যকরী হয় না এবং তা খাতা-কলমেই থাকে—তার প্রমাণ দিচ্ছি। ডেবরা থানায় ভষড়ার খাল সংস্কার করার জন্য সরকার থেকে এই পরিকল্পনা নেওয়া হয় কিন্তু এই পরিকল্পনা আজ পর্যন্ত কার্যকরী হয় নি। এই পরিকল্পনার উপর একটা কোয়েশ্চেন দিয়েছিলাম এবং জিজ্ঞাসা করেছিলাম এই পরিকল্পনা কার্যকরী হবে কিনা। তিনি ১৯৫৩ সালে ১৩ই নভেম্বর তারিখে জবাব দিয়েছিলেন—হ্যাঁ। এই পরিকল্পনার জন্য ৭ লক্ষ ২২ হাজার ৫ শত ৬৭ টাকা ধার্য হয়েছে। তারপর যখন বললাম এই পরিকল্পনা কার্যকরী করবেন কিনা, তখন বললেন—না, কেন হবে না? তার উত্তরে বললেন—অতিরিক্ত ব্যয় সাপেক্ষ। তারপর, তখন আবার জিজ্ঞাসা করলাম পরিকল্পনা কার্যকরী করবেন কিনা, তখন বললেন—পুনর্বিবেচনা করা হবে। এই হচ্ছে পরিকল্পনার কথা—এদের পরিকল্পনা খাতা-কলমেই থাকে। এই ডেবরা থানার ভষড়া খাল মনোহরপুর থেকে আরম্ভ করে কাঁসাই নদীতে গিয়ে পড়েছে। এটা সংস্কার হলে ২০।২৪ হাজার বিঘা জমির ফসল রক্ষা পাবে এবং দেশের খাদ্য সমস্যা কিছুটা সমাধান হবে। এটা কেন নেন নি তা বুঝতে পারি না। এর কারণ কি এই যে এই কন্‌স্টিটিউয়েন্সী কংগ্রেসরা গু-হারা হেরে গিয়েছে বলেই নেওয়া হয় নি। এর উত্তর আমি মন্ত্রীমহাশয়ের কাছে দাবী করছি। আর একটা পরিকল্পনার কথা বলছি—দাশপুর থানার ৩ নম্বর ইউনিয়ন। এই ৩নং ইউনিয়নএ আজ পর্যন্ত জলনিকাশের কোন ব্যবস্থা নেই। ৪নং ইউনিয়নে যে মাঠ আছে তার নিচে বাঁধ তৈরি করার জন্য সেই মাঠের জলনিকাশ হয় না। এই কথা আমরা সরকারকে বহুবার জানিয়েছি কিন্তু সরকার কোন দৃষ্টি দেন নি। এখন শুনছি যে একটা পরিকল্পনা নেওয়া হয়েছে যে ৩নং ইউনিয়নে একটা স্লুইস গেট করা হবে। কত দিনে হবে সেটা আমি মন্ত্রী-মহাশয়কে জিজ্ঞাসা করছি। তারপর আর একটা পরিকল্পনার কথা বলছি। দাসপুর থানার ২নং ইউনিয়নের পাশ দিয়ে যে শিলাবতী নদীর বাঁধ যা কালসাণ্ডা মাঠকে ঘিরে রেখেছে—এই বাঁধকে একটু সংস্কার করলে ৭০।৮০ বিঘা জমির ফসল রক্ষা করতে পারে। এই কথা বারবার সরকার ও মন্ত্রীমহাশয়ের কাছে জানিয়েছি, কিন্তু তার কিছু হয় নি। আশা করি মন্ত্রী-মহাশয় এর জবাব দেবেন। এ ছাড়া আর কিছু আমার বলার নেই।

Dr. Jatindra Nath Basu: Mr. Speaker, Sir, with reference to Grant No. 10—Irrigation, I am pleased to mention from available satistics that irrigation facilities in West Bengal have during the First Five-Year Plan progressed fairly well, I would say, much more rapidly than in the Indian Union. In 1950-51, i.e., at the beginning of the plan period, West Bengal

had nearly 24 lakh acres under irrigation, while the cropped area was 117.2 lakh acres; hence the irrigated area was nearly 20 per cent. of the sown area, while in the Indian Union the irrigated area at that time was nearly 19 per cent. of the cropped area. In several other States, irrigation facility was much better; this is evident from the following:—Jammu and Kashmir, Pepsu and Punjab possessed the highest proportion of irrigated area, with respect to the area under plough, namely, 40 to 45 per cent., Ajmere, Madras 31 per cent., U.P. 27.3 per cent., Orissa 26.3 per cent., Bihar 25.3 per cent., Himachal Pradesh and Assam nearly 24 per cent.; Bengal practically occupied the 13th position in this respect. Bombay, Madhya Pradesh, Hyderabad and other States had much poorer irrigation facilities, 6 per cent. and less.

Now at the end of the First Five-Year Plan, the Indian Union will have additional area under irrigation to the extent of nearly 20 million acres and thereby its irrigated area will be 26.3 per cent. of the cropped area, whereas in West Bengal the irrigated area will increase by 16 lakh acres and will be about 32.8 per cent. of the area under plough. According to the Second Five-Year Plan, it is suggested to add another 25 million acres with irrigation facilities and thereby the irrigated area in the Indian Union will be nearly 36 per cent.; whereas West Bengal during the same period will have additional irrigation over 22 lakh acres and thereby the irrigated area will be 53 per cent. of the area under cultivation, according to the statistics, in 1950-51 or about 50.8 per cent. of the increased sown area in 1960-61. In other words, more than half of the cultivated area will have irrigation facility at the close of the Second Five-Year Plan in West Bengal.

In Bengal it is not only desirable but an absolute necessity. Bengal has the highest population density; she has shortage of food, jute, cotton, sugar, and many agricultural products. To make up this deficiency intensive cultivation is required for which irrigation is an inseparable component.

I express my appreciation especially for the following provisions in this year's budget under Irrigation, viz.,

(1) Kangsabati Project;

(2) Further development of River Research Institute;

(3) Hydrological observation;

(4) Irrigation Department Central Design Office Library;

(5) Minor irrigation schemes.

Bengal is fortunate to have irrigation facilities from three multi-purpose river valley projects: (1) the D.V.C., (2) the Mayurakshi, and (3) the Kangsabati project which is now under execution. West Bengal have now larger tracts with irrigation facilities. This Kangsabati project will irrigate nearly 8 lakh acres of land in the districts of Bankura, Midnapore and a part of Hooghly. This project will naturally submerge a large cultivable area and also a large number of villages in my own Constituency, namely Raipur, district Bankura.

[5—5-10 p.m.]

For the better interests of our poor State, I am inclined to support the project because it will irrigate extensive areas of land in this country. Development of River Research Institute, Hydrological observation and Central Design Office—these envisage scientific studies in this country; consequently they command my appreciation very well

About minor irrigation the provision made is about 21 lakhs in two places. These are of special importance, specially in this country. They

mainly consist of irrigation by tanks or small canals or by some other means. Some other means may be the tube-well system. This irrigation by tube-well utilises the subterranean water for our purposes, and it is found that there are extensive resources of this water available in this country, in West Bengal also. Unfortunately here in West Bengal we are not using that water at all. But this tube-well irrigation has been made very popular in U.P., in Madras, in Bihar, in Punjab, in PEPSU and in various other States. Such tube-wells are usually about 6" in diameter and dug up to 100 or 150 feet. It is worked by electricity or by a 10 h.p. engine. It will irrigate about 800 to 1,000 acres of land. Now, I wish to draw the attention of the Government to introduce that type of irrigation in this part of the country as well, specially in places where rural electrification will soon be introduced so that this kind of irrigation facilities may be provided. In North Bengal irrigation facilities are not much extended, may be especially due to shortage of funds because large amounts of money are spent in the northern districts of Bengal for flood control, but still there are large areas where rural electrification will soon be brought about, in such districts as Malda, Jalpaiguri, West Dinajpur and Murshidabad. I hope Government will also introduce tube-well irrigation in these areas to give them such irrigation facilities. Sir, in India we use the river flow water for irrigation up to 8 per cent., and it is the opinion of experts that we can go up to 33 per cent. in this regard. Besides, we can get a large amount of irrigation from the subterranean water, and that is the reason why I wish to draw the attention of the Government to this fact.

With these words, Sir, I support this grant.

Sj. Janardan Sahu:

মাননীয় স্পীকার মহাশয়, অভাগা সাগরে যায় সাগর শুকায়ে যায়। সেচ বিভাগ ভাল করিতেছে বলিয়া সকলে বলে, আর মাননীয় মন্ত্রী অজয়বাবু ভাল লোক, কিন্তু সেই অজয়-বাবুর কার্য সম্বন্ধে দুটি বিষয়ে আমি অভিযোগ করিতেছি। গত ১৯৫২ সালে নির্বাচনের পর আগস্ট মাসে মন্ত্রী অজয়বাবু সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার ডি, জি, মুখার্জি সহ আমাদের অঞ্চলে ইটাবেড়িয়া খাল দেখতে গিয়েছিলেন। তাঁহারা প্রত্যক্ষ করিয়াছেন যে ফাজিলপুর হইতে ইটাবেড়িয়া পর্যন্ত প্রায় ২।২॥ মাইল খালের অংশ অত্যন্ত সংকীর্ণ হওয়ায় বহু বিস্তীর্ণ স্থানে জলসেচ না হওয়ায় ঐ অঞ্চলে বিশেষত পটাশপুর ও ভগবানপুর থানার বহু অংশের ফসল নষ্ট হয়ে গিয়েছিল। ঐ অঞ্চলের অধিবাসী আমরা তাঁহাকে এই খালের মাত্র এই অংশের সত্বর সংস্কার করিতে প্রার্থনা জানাইয়াছিলাম। তিনি ভার দিলেন কর্মচারীদিগকে, ওভারসিয়ার মহাশয় হয়ত মাত্র একবার নৌকায় উঠিয়াই রিপোর্ট দিয়াছেন, আর ইটামগরার পি, ডবলিউ, ডি,র এস, ডি, ও, সেখানে যান নাই অথচ স্বনামধন্য একজিকিউটিভ ইঞ্জিনিয়ার মহাশয় রিপোর্ট দিলেন বহু টাকা ব্যয়ের ইটাবেড়িয়া খালের সমস্ত স্কীমটা করা হইবে—তাহার অংশ প্রস্তাবিত খালটি করা উচিত নয়। এই রিপোর্টএর ফলে এই কাজটি বন্ধ হইল। অথচ এই খালটির নীচের দিকের ৬।৭ মাইল সদর খালের অংশ অত্যন্ত ভরাট হওয়ার জন্য আমার বালাকালে পটাশপুর ও ভগবানপুর থানার বহু অংশের জল বাহির হইত না। নৌকায় ধান কাটা হইত এবং ধান বোনার সময়ও জলে বহু কষ্টে ধান আবাদ করিত। সেই সময় কাঁথির এস. ডি. ও, শ্রীযুক্ত নন্দলাল বাগচি মহাশয় প্রজার এই অসুবিধার জন্য গভর্নমেন্টের নিকট জোর করিয়া লেখেন যেন ঐ ৬।৭ মাইল অংশ সত্বর সংস্কার করা হয়। সেই সময় সংস্কারের ফলে আজ ঐ অঞ্চলে এখন আর নৌকায় ধান কাটা হয় না। তারপর গ্রিফিথস সাহেব যখন আন্দোলনের সময় আমাদের মেদিনীপুরের জেলা মেজিষ্ট্রেট, তখন ঐ অংশের পুনরায় সংস্কারের জন্য অনুরোধ করা হয়। তিনি সত্বর করিয়া দিবেন বলিয়া আশ্বাস দেন। কিন্তু ঐ খাতে টাকা না থাকায় যখন ঐ কাজ বন্ধ করার কথা হইল তখন একজন সার্কেল অফিসারকে বলা হইল—আপনাদের জেলা মেজিষ্ট্রেট তাহার কথা রাখিতে পারেন নাই। সার্কেল অফিসার গ্রিফিথস সাহেবকে এই কথা জানাইলে পর গ্রিফিথস সাহেব চীফ ইঞ্জিনিয়ার মিঃ টি, এ, কারী

সাহেবকে বিশেষ করিয়া, টেলিগ্রাম করিয়া টাকা মঞ্জুর করিয়া ঐ কাজটি সেই বৎসরই করান। এই ২।২½ মাইল অংশ ঐ সদর খালের কিছু উপর দিকের অংশ। আমি জানাইতেছি যে, ১৯২৭ সালের বাঙ্গলার তদানীন্তন চীফ ইঞ্জিনিয়ার এ্যাডামস-উইলিয়াম ইটামগরার তমলুক ও কাঁথি মহকুমার জলনিকাশের পরিকল্পনা করিয়াছিলেন এবং আমি তাহার স্পোকসম্যান ছিলাম। সেই এ্যাডমস-উইলিয়াম সাহেব বলিয়াছিলেন—বাবু, আমি চীফ ইঞ্জিনিয়ার হইতে পারি এবং নদী ও জলের বেগ ইত্যাদি সম্বন্ধে বিশেষ জানিলেও আপনাদের দেশের নদী ও জলের গতি প্রভৃতি সম্বন্ধে আপনারা অনেক কিছু বেশী জানেন। যেখানে এত বড় ইঞ্জিনিয়ার এরূপ বলেন সেখানে এত বড় একটি দরকারী খালের অতি অল্প মাত্র ২।২½ মাইল অংশের স্বল্প ব্যয়ের প্রস্তাব উপেক্ষিত হইল। পুলিশ যেমন সামান্য চৌকিদারকে বিশ্বাস করে আমাদিগকে বিশ্বাস করে না, এখানেও সেরূপ অজয়বাবু আমাদের কথা বিশ্বাস করেন না।

দ্বিতীয় কথা এই যে কেলেঘাই নদী আমাদের ঐ অঞ্চলের আজকাল অনেক স্থলে শুকাইয়া গেলেও বর্ষাকালে এই নদী ভীষণ আকার ধারণ করে। ইহার উত্তর পার্শ্বে এবং থানার বহু অঞ্চল বিপন্ন হয়। দক্ষিণ দিকের বাঁধ ভাঙ্গিয়া গেলে প্রায় দুশ বর্গমাইল স্থান বিশেষ ক্ষতি-গ্রস্ত হয়। এই নদীর বন্যা প্রতিকারকল্পে বহুদিন যাবৎ আন্দোলনের ফলে ইংরাজ আমলে এই নদীর ৫ মাইল অংশ বিস্তৃত করা হয় এবং জলামুঠা বাঁধের রিমডেলিং হইয়া যায়। বাকী অমর্ষি পি, ডবলিউ, ডি, বাঁধের রিমডেলিং এই জাতীয় সরকার গ্রহণ করে। গত ১৯৫২ সালে যখন এই বাঁধের রিমডেলিংএর প্রস্তাব আনে, তখন এক রাজনৈতিক দল ইহা ব্যর্থ করার জন্য ঐ অমর্ষি বাঁধের ধারে বসবাসকারী লোকদিগকে ক্ষেপাইয়া দেয় যে তাহাদের বাসগৃহ নষ্ট হইবে, ইহা বন্ধ করিতে চেষ্টা করিতে হইবে। রিমডেলিং কাজের সময় প্রায় ৩ মাইল তাহাদের কাজ করা হইয়াছিল। ইহা পি, ডবলিউ, ডিএর রেকর্ডএ আছে। তখন মেদিনীপুরের ডি, এম, মিঃ বি, এল, ঘোষকে ইহার ব্যবস্থা করিতে অনুরোধ করি। তিনি বলেন- ইহা এ্যামিকেবলি সেটেল করুন, নচেৎ এই বিষয়ে যদি ১৪০।১৪৪ জনের আপত্তির বিচার নিষ্পত্তি করেন তবে বহু সময় লাগিবে এবং ঐ সময় পর্যন্ত বাঁধের জন্য মঞ্জুরী টাকা ল্যাপস্ড হইয়া যাইবে। ইহা এ্যামিকেবলি সেটেলড হওয়া সম্ভবপর নহে। তাই লিখিত আপত্তি হয়।

[5-10—5-35 p.m.]

পরে যখন মিঃ এ, এন, ব্যানার্জি জেলা মেজিষ্ট্রেট হইয়া আসিলেন, তখন তাহাকে এই বিষয়ের সম্বন্ধে নিবেদন করায় তিনি বলিলেন যে সরকারের মঞ্জুরী এই ৫ লক্ষ টাকা যাহাতে ফেরৎ না দিয়া দেশের কাজ হয় তাহার জন্য বিশেষ চেষ্টা করিবেন। তখন তিনি একটা নতুন প্ল্যান এ্যান্ড এষ্টিমেট আনলেন, বললেন যে তোমাদের কোন ক্ষতি হবে না, এবং নদীর ধারে থাকতে পারবে। এখানকার অধিকাংশ লোকই জেলে, মাছ ধরে এবং বিক্রি করে জীবন ধারণ করে। তারাও রাজী হয়ে গেল। কিন্তু যখন রিমডেলিং কাজ আরম্ভ হবে তখন এদেরই আরেক দল চেষ্টা করতে লাগল যাতে কাজ না হয়। এ সমস্ত জিনিস রেকর্ড ওনাদের কাছে আছে। ২।৩ মাস ধরে রিমডেলিং হল, মাটি কাটার কাজ আরম্ভ হয়েও বন্ধ হয়ে গেল। ওরা রাজী হলো না। কারণ ঘর দুয়ার সব তাহলে উঠে যাবে। টাকার কথা উঠলো। নদীর ধারে জমির দাম খুব কম। ল্যান্ড এ্যাকুইজিশন না করে বে-আইনী করে মাটি কাটা হয়েছে। অনেক চিঠিপত্র লেখালেখি হল। তখন আমি কালেক্টরকে বললাম যে, কি কোরে তারা উঠে যাবে। কলেক্টর বললেন—তার আমি কি জানি, আমাকে ল্যান্ড এ্যাকুইজিশন করতে দিয়েছে। এখন তারা যাবে কোথায়? আমি বললাম—যদি তাদের এখন টাকা দিতে পারেন, তাহলে না হয় একটা ব্যবস্থা হতে পারে। তখন কলেক্টর বললেন—যে অবস্থা আমি ছয় মাসের আগে টাকা দিতে পারবো, না। আইনের ব্যাপার আইন মানতে আমি বাধ্য। এদিকে বৃষ্টি আরম্ভ হয়ে গেল, বাড়ীঘর দুয়ার সব পড়ে যাচ্ছে। এস, ডি, ওর কাছে টেলিগ্রাম করা হল, কিন্তু নো এ্যাকশন। কিছুদিন পর পুলিশ এল তদন্ত করতে, তারা বলল, সত্যি এ অন্যায় কাজ হয়েছে। এখন আবার শুনছি নাকি রিভাইজড প্ল্যান হবে। মোটরএবল রোড হবে। সেই জন্য মঞ্জী

মহাশয়কে অনুরোধ করছি, আপনি একবার নিজে চলুন, আপনার পায়ে ধরে অনুরোধ করব, একবার নিজে চক্ষে দেখে আসুন। আবার নতুন প্ল্যান হয়েছে, আবার রিমডেলিং হবে। কিন্তু তার আগে আপনি একবার চলুন।

[At this stage the House was adjourned till 5-35 p.m.]

[*After adjournment*]

[5-35—5-45 p.m.]

Sj. Mrigendra Bhattacharjya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচ মন্ত্রী মহাশয়ের বক্তৃতা খুব মনোযোগ সহকারে শুনলাম। যে সমস্ত বড় বড় পরিকল্পনা যা আছে তাতে কত জমির সেচ ব্যবস্থা হবে, কত টাকা খরচ হবে, এই সব কথাই তিনি বলেছেন, কিন্তু আমরা জানি বড় বড় সেচ পরিকল্পনার সঙ্গে সঙ্গে সাধারণ মানুষের মনে একটা আতঙ্কের সৃষ্টি হয়েছে। সেই বিষয়ে দু-একটা কথা আমি বলছি। দামোদর পরিকল্পনার ফলে হাওড়া হুগলী প্রভৃতি বিরাট অঞ্চলে যখন আমরা ট্রেন দিয়ে যাই, তখন দেখতে পাই, ফাল্গুন মাসেও ধান কাটা হয় নি, জমিতে জল জমে রয়েছে। তারপরে কংসাবতী পরিকল্পনা নেওয়া হয়েছে। আমি ঘাঁটালের লোক, সেখানে লোকের মধ্যে একটা আতঙ্কের সৃষ্টি হয়েছে যে এই কংসাবতী হলে তমলুক এবং ঘাঁটাল মরুভূমিতে পরিণত হবে। এই পরিকল্পনার কোন ডিটেলস আমি এখনও দেখিনি। আমি আপনার মারফত মন্ত্রী মহাশয়কে জানাতে চাই যে, এই অঞ্চলের লোকের মনে যে ভয়ের সৃষ্টি হয়েছে তার কি ব্যবস্থা উনি করছেন? আমাদের দেশ হচ্ছে কৃষি প্রধান দেশ এবং কৃষি ব্যবস্থার উন্নতি করতে গেলে সবচেয়ে আগে সেচ ব্যবস্থার উন্নতি করা দরকার। এবং সংস্কারের অভাবে যে ছোট ছোট খালগুলি পড়ে আছে এবং যার জন্য হাজার হাজার বিঘা জমির ফসল নষ্ট হচ্ছে, সেইগুলি আগে সংস্কার করা দরকার বলে আমি মনে করি। কোথাও আমরা দেখছি জলের অভাবের জন্য জমি চাষ হতে পাচ্ছে না, আবার কোথাও দেখছি অত্যধিক জলের জন্য জমিতে চাষ হচ্ছে না। এই দিকেই প্রথমে দৃষ্টি দেওয়া উচিত। দেশের যা আজকে আর্থিক অবস্থা তাতে নদীর সঙ্গে যে জল আছে, সেগুলি যদি সংস্কার করা হত তাহলে আজকে সবচেয়ে বেশী সাধারণ লোকে উপকৃত হত। এবং এই সমস্ত বিষয় মন্ত্রী মহোদয়ের কাছে বারবার আবেদন জানিয়েছি যে, বর্তমানে দেশের যে সেচ ব্যবস্থা, আমাদের যে অর্থনৈতিক অবস্থা সেটা বিবেচনা করে দেশের সেচ ব্যবস্থার জন্য যেসমস্ত খাল, বিল, নালাগুলি আছে সেগুলি সংস্কার করা; এবং নদীর উপর যেসমস্ত ছোট ছোট পুল আছে সেই পুলগুলিকেও সংস্কার করা; এবং কম টাকা খরচ করে সেখানে বেশী উপকার পাওয়া যাবে; এই রকম পরিকল্পনার দিকে যদি নজর দেওয়া যায়। আমি মন্ত্রী মহাশয়ের কাছে কতকগুলি চিত্র তুলে ধরবো। গাদিঘাট সাবডিভিসনের দুঃস্বাসপুর, বসন্তপুর, মহেশপুর প্রভৃতি জায়গায় একটা সেচ পুল হলে সেখানে প্রায় ৪০ হাজার বিঘা জমিতে ভাল চাষ হতে পারে। এখানে আমার বক্তব্য হচ্ছে যে যদি এই পুল নির্মাণের জন্য বেশী টাকার প্রয়োজন বলে, এটা করা না হয় তাহলে অন্ততঃ সেখানে হোসপাইপ বসিয়ে জল সেচের ব্যবস্থা করলে পর খুব কম খরচায় জল সরবরাহের ব্যবস্থা হতে পারে। অতএব ছোট ছোট সেচ পরিকল্পনার জন্য কম টাকা খরচ করে আমরা যাতে বেশী উপকৃত হতে পারি সেদিকে আমাদের বিশেষ নজর দেওয়া দরকার। মন্ত্রী মহাশয় যে সমস্ত বড় বড় পরিকল্পনা নিয়েছেন সেগুলি নিশ্চয়ই হচ্ছে কিন্তু যেসমস্ত ছোট ছোট সেচ ব্যবস্থা আমাদের দেশে বর্তমান আছে সেগুলি যে ধ্বংস হয়ে যাচ্ছে, সেগুলিকে কিভাবে রক্ষা করা যায়, কিভাবে সংস্কার করা যায়, সেই পরিকল্পনার দিকে আদৌ নজর দেওয়া হয় নি, যার ফলেতে আজ ৮ বছরের কংগ্রেস রাজত্বে তারা যে কিছু উপকার পেয়েছে তা তারা দেখতে পায় নি। আমি আরও বলি যে এই সমস্ত বিষয়ের প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করলেও আদৌ কিছু করা হয় নি। বেহারী, চাকপুর—সেখানে মন্ত্রী মহাশয় নিজে স্বীকার করেছেন যে ছয় হাজার বিঘা জমির ধান প্রতি বছর নষ্ট হয়ে যায়, এবং তার জন্য সেখানে অতিরিক্ত পুল নির্মাণ করার জন্য একটা পরিকল্পনা অনেকদিন থেকে হয়েছিল এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এটা গ্রহণ করা হবে বলেছিলেন; কিন্তু বর্তমানে আমরা

তার কিছুই দেখতে পাচ্ছি না। অথচ সামান্য কম টাকা খরচ করে এই ছয় হাজার বিঘা জমির ধানকে যেখানে রক্ষা করা যায়, যেখানে বহু পরিমাণ ফসলকে রক্ষা করা যায়, সেখানে তা তাঁরা করছেন না। অধিকন্তু দীর্ঘদিন ধরে পুল, নালা, খাল, বিল প্রভৃতিগুলি জমিদারকে বন্দোবস্ত দেওয়ার ফলে মাঠের সমস্ত ধানগুলি নষ্ট করছে; এবং তা নিয়ে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি—যাতে জমিদাররা এই সমস্ত পুলকে আবদ্ধ করে রেখে ফসল নষ্ট করতে না পারে তার দিকে লক্ষ্য রাখা উচিত; কিন্তু তাও তাঁরা করেন নি। এই বিষয় নিয়ে আমি এ বছর মন্ত্রীমহাশয়ের কাছে গিয়েছি, একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের কাছে গিয়েছি, তাঁরা বলেন ষ্টেপ নেওয়া হচ্ছে; কিন্তু আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা হয় নি। এইগুলি না দেখার ফলে সেখানে সমস্ত ফসল নষ্ট হয়ে গেল। জনসাধারণ গভর্নমেন্টকে সর্বদাই সাহায্য করতে প্রস্তুত। কিন্তু তা কখনও নেওয়া হয় না। অধিকন্তু আমাদের কাছ থেকে কোন রকম সাজেশন বা সহযোগিতা চাওয়া হয় না। সেখানে নদীর পাশে গ্রামের মাঠগুলো জলাভাবে ধু ধু করে জ্বলে যাচ্ছে, অথচ সামান্য একটু চেষ্টা করলেই যথেষ্ট জল দেওয়া যায়। খাল প্রভৃতির কাটবার জন্য সরকার বললেন টাকা জমা দাও; আমরা সেই টাকা জমা দিলাম, তারপর মন্ত্রী মহাশয়ের কাছে একবার রাইটার্স বিল্ডিং আর একবার মেদিনীপুর ঘুরে ঘুরে হায়রাণ হলাম, কিন্তু কোন কিছু হল না; গ্রামের ভিতর ছোট ছোট যেসকল সেচ ব্যবস্থা আছে তার কোন উন্নতি আমরা দেখতে পেলাম না। বাজেট বক্তৃতায় মন্ত্রী মহাশয় বড় বড় পরিকল্পনার কথা বললেন, এবং সেগুলিতে প্রচুর খরচ হচ্ছে। কিন্তু ছোট ছোট পরিকল্পনার কথা কই কিছু দেখছি না। এবং এই সব ছোট ছোট পরিকল্পনা না থাকার জন্য আজকে প্রচুর পরিমাণে দেশের ক্ষতি হচ্ছে, অর্থ অপচয় হচ্ছে, গ্রামের ফসল নষ্ট হচ্ছে—সেই দিকে মনোযোগ দেবার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি।

সর্বশেষে আমার আর একটা কথা বলবার আছে আমরা দেখেছি গ্রামের ভিতর সরকারী অফিসাররা যান:—আমরা সেইটাই চাই যে তাঁরা গ্রামে গ্রামে ঘুরে দেখুন কোথায় কার কি অভাব আছে; কারণ, যতই তাঁরা গণ সংযোগ করবেন ততই দেশের লোক বুঝবে যে সেখানে কিছুটা কাজ হবে, এবং হয়ত তাতে ফসলেরও উন্নতি হবে। আমার কাট মোশানে আছে যে সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার যখন সেখানে যান, তখন চার নম্বর ইউনিয়নের লোকরা তাঁর কাছে তাদের আবেদন জানাতে আসে, কিন্তু তিনি গ্রামবাসীদের সঙ্গে অত্যন্ত রূঢ় ব্যবহার করেন। একজন হায়ার অফিসার গ্রামের মধ্যে গেলে সাধারণত সেখানকার বাসিন্দারা তাঁর কাছে আবেদন নিবেদন করে থাকে, কিন্তু এই সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার গ্রামবাসীদের অভাব অভিযোগের কোন কথাই শুনলেন না, অধিকন্তু তাদের সঙ্গে অত্যন্ত অভদ্র ব্যবহার করেছেন। এমন কি তাঁর নীচের অফিসারগণ, কি করে জানিনা, সংবাদ পেলো যে তিনি গ্রামবাসীদের গালিগালাজ পর্যন্ত করেছেন। এগুলি অত্যন্ত খারাপ জিনিস। তিনি যাবেন জনসাধারণের সঙ্গে সংযোগ করতে, এবং জনসাধারণও নিশ্চয়ই তাঁর কাছে যাবেন তাদের অভাব অভিযোগ নিয়ে আবেদন নিবেদন জানাতে। কিন্তু তা না করে, এই যে আমলাতান্ত্রিক মনোভাব, এটা অত্যন্ত অন্যায়; এবং আমি মনে করি এটা বন্ধ হওয়া দরকার।

Sj. Haripada Baguli:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর প্রথম ভাষণে সুন্দরবন এলাকায় বাঁধ নির্মাণের বিষয় উল্লেখ করেছেন। ১৯৫৫-৫৬ সালে ২০ লাখ টাকার উপর এবং ১৯৫৬-৫৭ সালে ৩৮ লাখ টাকা বাদে, বাকী এক কোটি ৫১ লক্ষ ৫৭ হাজার টাকা সুন্দরবনের বাঁধ মেরামতের জন্য বরাদ্দ করা হবে এই কথা বলেছেন। তাছাড়া ভূমি রাজস্ব বিভাগ সাড়ে তিন কোটি টাকা সুন্দরবনে উন্নয়নের জন্য খরচ করবেন। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় পূর্বে বলেছিলেন যে সুন্দরবনের সমস্ত বাঁধগুলিকে যদি উপযুক্তরূপে মেরামত করতে হয় তাহলে ৬ কোটি টাকা দরকার হবে। লাটদারদের কাছ থেকে সমস্ত জমি দখল করে গভর্নমেন্ট নিয়েছেন, তখন সেগুলি মেরামত করবার জন্য যে সমস্ত দায়িত্ব তা গভর্নমেন্ট নেবেন স্বীকার করেছেন। কিন্তু এই যে সামান্য টাকা এতে সমস্ত মেরামতের কাজ করা সম্ভব হবে না এবং লাটদারদের সঙ্গে পূর্বে গভর্নমেন্টের যে চুক্তি ছিল সেই চুক্তি অনুসারে প্রতি বৎসর লাট-দারগণ কিছু না কিছু বাঁধ মেরামত করতেন; এবং তখনকার দিনে সরকারী কর্মচারীরা এই সব

তদন্ত করতেন। কিন্তু ১৯৪৭ সালের পর হতে সরকারী কর্মচারীরা বাঁধ নির্মাণ সংক্রান্ত ব্যাপার আর তদন্ত করেন না, এবং তার ফলে লাটদাররা এই সমস্ত কাজে ফাঁকি দিয়ে থাকে। এই যে গত ৭।৮ বৎসর ধরে সুন্দরবন এলাকায় কোন বাঁধ মেরামত করা হল না, ফলে সর্বত্র বাঁধের অবস্থা অত্যন্ত শোচনীয় আকার ধারণ করেছে। গত বছর এর জন্য ৩৮ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল, কিন্তু তার কোথায় কি খরচ হয়েছে সেটা জানা নেই। গত বছর টেমপোরারী, অবশ্য কিছু বাঁধ মেরামত হয়েছে সরকারী কন্ট্রাকটরএর দ্বারা, কিন্তু বাঁধগুলির কাজ সম্পূর্ণ শেষ না হওয়ার জন্য প্রতিটি বাঁধ বাঁধা একেবারে অকেজো বৃথা হয়ে গিয়েছে। এক মাইল লম্বা বাঁধ মেরামত করতে গিয়ে যদি ১০ হাত বাকী থেকে যায়, তাহলে সেই জায়গা দিয়ে জোয়ারের জল বেড়ে ঢোকবার খুব সম্ভাবনা আছে; এবং তাতে নিকটবর্তী জমির ফসল নষ্ট হয়ে যাবারও যথেষ্ট সম্ভাবনা আছে।

আর একটা কথা হচ্ছে—উত্তর বঙ্গের বন্যা নিয়ন্ত্রণের জন্য ও বাউন্ডারী ঠিক করবার জন্য একটি এক্সপার্ট কমিটি সরকার গঠন করেছেন; কিন্তু সুন্দরবন এলাকায় বাঁধ মেরামত ও নির্মাণ করবার যে বিরাট সমস্যা, এবং যেটা মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন, তার জন্য অর্থাৎ সুন্দরবনের বাউন্ডারীর জন্য কোন এক্সপার্ট কমিটি আছে কিনা তা আমরা জানতে পারি নি। যদি পরামর্শ কমিটি তাঁরা গঠন করেন যেসমস্ত প্রজাদের বহুদিন ধরে বাঁধের কাজে অভিজ্ঞতা আছে তাদের পরামর্শ নিয়ে, তাহলে আমি আশা করি এই সমস্ত বাঁধের কাজ ভাল হবে। কয়েক শো মাইল জুড়ে বিভিন্ন লাটদারদের, লাটের ধারে ধারে যেসমস্ত বাঁধ আছে এবং এখন যখন সম্পূর্ণভাবে গভর্নমেন্টই লাটদার হচ্ছেন তখন তাঁর কর্তব্য হচ্ছে এগুলির ভালভাবে ব্যবস্থা করা। বাঁধের সংখ্যা কমিয়ে, অর্ধেক বা অর্ধেকের কিছু বেশী পরিমাণ কমান যেতে পারে; এবং এই পরামর্শ কমিটি ও প্ল্যানিং কমিটি গঠন করে এ সম্পর্কে ব্যবস্থা করলে তাতে গভর্নমেন্টের যথেষ্ট উপকার হবে।

আর একটা বিষয় বিশেষ করে এখানে উল্লেখ করা হয়নি—দীর্ঘকাল ধরে গঙ্গা ব্যারাজএর কথা বলে আসছেন, কিন্তু এখনও পর্যন্ত তা সম্পন্ন হল না। বলা হচ্ছে এই গঙ্গা ব্যারাজ করে ভাগীরথীর জল স্রোতকে বাড়িয়ে সুন্দরবনে যেসমস্ত চর জমি আছে সেগুলির উন্নতি হবে। কিন্তু এখন সেখানে যে অবস্থায় এসে দাঁড়িয়েছে, অর্থাৎ নদীতে বড় বড় চর এখন জমে গিয়েছে, যে তার ফলে অদূর ভবিষ্যতে কলকাতায় বড় বড় জাহাজ আসা হয়ত সম্ভব হবে না। অন্য দিক দিয়ে মেদিনীপুর জেলার রসুলপুর নদীর মোহনায় স্বাধীনতা লাভের পর যে সমস্ত চরের বন্দোবস্ত করে দেওয়া হল, অর্থাৎ উঁচু করে বেঁধে দেওয়া হয়েছে, যেটা ইংরাজ রাজত্বের আমলে তারা বাঁধ বাঁধতে দেয় নি। কিন্তু সম্প্রতি যা সংবাদ পাওয়া যাচ্ছে যে সব বড় বাঁধ বাঁধবার জন্য ঐ রসুলপুর নদীর মোহনায় চর জমে গিয়ে কাঁথির সঙ্গে সুন্দরবনের ও বুড়িগঙ্গা নদীতেও চর জন্মে গিয়ে সাগর থানার সঙ্গে ২৪-পরগণা জেলার অন্যান্য অংশের যোগাযোগ বিচ্ছিন্ন হতে চলেছে। সেখানে দক্ষিণে বাতাসের দিনে নৌকা চলাচলের বিশেষ অসুবিধা হচ্ছে, এবং সাগর থানায় যাতায়াতের খুব অসুবিধা সৃষ্টি করছে,—সপ্তমুখি নদী দিয়ে পশ্চিম ও পূর্ব বঙ্গের যোগাযোগ একেবারে বিচ্ছিন্ন হবার যো হয়েছে। রায়তারা নদী চরে ভরাট হয়ে যাওয়ায় সেখান দিয়ে স্টীমার চলাচল করতে পারছে না। বড়ই দুঃখের বিষয় এ সম্পর্কে সরকার বিশেষ কোন ব্যবস্থা অবলম্বন করেন নাই। আশা করি মন্ত্রী মহাশয় এ দিকে বিশেষ দৃষ্টি দেবেন।

[5-45—5-55 p.m.]

আমি সম্প্রতি সেসব অঞ্চল ঘুরে এসেছি। হয়ত আর এক বছর পরে সে নদী দিয়ে যাতায়াত বন্ধ হয়ে যাবে। এই নদীতে চর জমার ফলে আর একটা বিপদ হয়েছে, তাতে নদীর স্রোত ঘুরে গিয়ে পাশের জমিতে যে ধাক্কা দিচ্ছে তাতে ইরিগেশন হওয়ায় প্রতি বছর বহু জমি নষ্ট হচ্ছে। প্রতি বছর সাগর থানার ও কাকদ্বীপ থানার বহু অংশ ভেঙে সমুদ্রে চলে যাচ্ছে। তাতে বহু নষ্ট হচ্ছে, ঘর বাড়ী নষ্ট হচ্ছে। এর প্রতিকার কিছু করা যায় কিনা এ সম্বন্ধে

সরকারের পক্ষ থেকে যদি কোন প্রকার ব্যবস্থা হয়ে থাকে তা আমরা জানি না। প্রয়োজনমত নদীর স্রোত ঘুরিয়ে দিয়ে অবস্থার পরিবর্তন করা যায় কিনা মন্ত্রী মহাশয় আমাদের জানালে উপকৃত হব।

তারপরে কাঁসাই নদীর জন্য যেসব বন্দোবস্ত হচ্ছে তাতে শুনলাম দামোদর নদের বারাজ হবার পরে কোন কোন জায়গায়—যেসব জয়গায় আগে নদীর জল পেত সেসব জায়গায় জল দিচ্ছে না। কাঁসাই পরিকল্পনার কাজ অনেক দিন ধরে হয়ত চলবে—সেসব অঞ্চলের যেসব সেচ পরিকল্পনা ছিল বা আছে বা যে যে ছোট ছোট পরিকল্পনা হওয়া দরকার। তারপর সুন্দরবন এলাকার জোয়ার ভাঁটা খালসমূহ প্রায় বন্ধ হয়ে যাওয়ার মত হওয়ায় সেখানকার লোক কি দীর্ঘকাল ধরে দুঃখ কষ্ট ভোগ করতেই থাকবে না, মন্ত্রী মহাশয় তার কোন প্রতিকারের ব্যবস্থা করবেন এ সম্বন্ধে একটা উত্তর পাব আশা করি। আগে লাটদারদের দিয়ে গভর্নমেণ্ট বাঁধ করিয়ে নিতেন, তা না করার জন্য এক কোটি টাকা খরচ হয়েছে বলে মন্ত্রী মহাশয় বলেছেন ইংরেজ রাজত্বের সময় লাটদাররা চিরকাল রাজভক্ত ছিল। এখনো তারা রাজভক্তই আছে। কিন্তু ইংরেজ আমলে তারা তাদের দিয়ে কাজ করিয়ে নিত, এঁরা কাজ এখন করিয়ে নিতে পারেন না, সেইজন্য সরকারের এক কোটি টাকা খরচ হওয়াকে অপব্যয় হয়েছে বলা যেতে পারে। এবং রেভিনিউ ডিপার্টমেণ্টের যে টাকার কথা তিনি বলেছেন সেটা কিসের জন্য খরচ হয়েছে। তখন তারা যেসব ক্রস বাঁধ বাঁধত, বাঁধ ও রোড প্রটেকশন করত এবং ট্যাঙ্ক প্রভৃতি মেরামত করত যে জন্য তারা শতকরা ১৬ টাকা করে কমিশন পায় সরকারে, ঐ টাকা সেই সম্পর্কে খরচ হবে কিনা মন্ত্রী মহাশয় যদি এ সম্পর্কে জানান তাহলে ভাল হয়।

Sj. Dharani Dhar Sarkar:

মাননীয় স্পীকার মহাশয়, বাংলাদেশের নর্দান পোরশনএ আদিবাসীর সংখ্যা বেশী এবং সাধারণভাবে জাতি হিসাবে তাদের যেমন অস্পৃশ্য বলে থাকি সেই রকম মন্ত্রী মহাশয় আমাদের নর্থএর লোকদের জায়গাগুলোকে অস্পৃশ্য অঞ্চল হিসাবে গণ্য করে বোধ হয় পরিত্যাগ করেছেন ; কেন না নর্দার্ন বেঙ্গলএ ইরিগেশনএর দিক দিয়ে মোটেই কিছু কাজ করেন নি। সে সম্বন্ধে তাঁদের কোন দৃষ্টি বা পরিকল্পনা যে আছে তাও বাজেটের মধ্যে খুঁজে পাওয়া যাচ্ছে না। যে পরিকল্পনা আগের বাজেটে দেখেছিলাম সেই টাঙ্গন ভ্যালির প্রোজেক্টের কাজ কতদূর এগিয়েছে, সে পরিকল্পনা কবে কার্যকরী হবে তাও কিছু জানা যাচ্ছে না। স্যার, আপনি জানেন নর্দার্ন বেঙ্গলএ বেশীর ভাগ জমিতে প্রত্যেক বৎসর ফ্লাডএর জন্য ফসল নষ্ট হচ্ছে, এবং তার ফলে নর্থ বেঙ্গলএর প্রায় সমস্ত ডিষ্ট্রিক্টেই খাদ্যের অভাবে লোককে হাহাকার করতে হচ্ছে। নর্থ বেঙ্গলে শিল্প নাই, সে অঞ্চলে একমাত্র কৃষির উপরই নির্ভর। কিন্তু সেই সব অঞ্চলে ইরিগেশনের ব্যবস্থা না থাকায়, এবং ফ্লাড কন্ট্রোল করার ব্যবস্থা না নেওয়ার ফলে নর্থ বেঙ্গল আজ শোচনীয় অবস্থায় এসে পড়েছে। তার মধ্যে আমি বিশেষ কোরে মালদহ জেলার কথাই বলব। মালদহ জেলায় এ পর্যন্ত বিশেষ কাজ হয় নি। ছোট ছোট পরিকল্পনায় যে কাজ হতে পারে সেগুলি সম্বন্ধেও বিশেষ কিছুই তাঁরা করছেন না। আমাদের ওই বোকাড়, গাজোল, বামনগোলা অঞ্চলে যে সেচ ব্যবস্থা রয়েছে, সেখানকার পুকুরগুলো থেকে জমিতে জল দেবার যে ব্যবস্থা রয়েছে, সেই পুকুরগুলো মজে যাবার ফলে এবং সেগুলির সংস্কার না হওয়ার ফলে সেখানকার সেচ ব্যবস্থা নষ্ট হয়েছে। কাজেই আমাকে বলতে হচ্ছে যে দু-একটা কোরে পুকুরের সংস্কার কোরে হবে না, প্রভূত পরিমাণে সেই সকল পুকুরের সংস্কার প্রয়োজন। তা ছাড়া বাজেট পর্যালোচনার সময় বলেছি যে সদর থানার ইটাখোলা জায়গায় মহানন্দা নদীর মুখে যে বাঁধ আছে সেই বাঁধটি ভাল হওয়া দরকার এবং সেখানে স্লুইস গেট দেওয়া দরকার। এ বৎসর বাঁধ ভেঙ্গে জল ঢুকে ১০ হাজার বিঘা জমির পাকা ফসল যেটা ঘরে আনবার মত, সেটা জলে ডুবে গেল, ৫০০ লোক সেখানে রাতদিন খেটেও সে বাঁধকে রক্ষা করতে পারলে না। জেলা ম্যাজিষ্ট্রেটের কাছে এ সম্পর্কে আবেদন দিয়ে জানান হয়েছে এবং মাঠের ফসল মাঠেই রয়ে গিয়েছে। ফলে আজ সেখানে হাহাকার উঠেছে খাদ্যের অভাবে। তারপরে ঐ মৌজার জল নিকাশীর একটা দাঁড়া—বরনজানা দাঁড়ার মুখ বন্ধ হওয়ার ফলে মাঠের জল বেরুচ্ছে না, কাজেই সেই বরনজানা দাঁড়ার জল নিকাশের দিকে দৃষ্টি দেওয়া আশু প্রয়োজন। তারপরে কালিয়াচক থানার গম্ভীরা ইউনিয়নে একটা জল

নিকাশের দাঁড়া আছে; সেটাও বন্ধ হওয়ার ফলে সেখানে প্রায় ১০ হাজার বিঘার ফসল নষ্ট হয়ে যাচ্ছে প্রত্যেক বৎসরই। আমি এ বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি যাতে এর সংস্কারের ব্যবস্থা করেন। আরও বহু ছোট ছোট সেচ পরিকল্পনা নেওয়া যেতে পারে, যে-সমস্ত পরিকল্পনা দ্বারা সেখানকার কৃষি উৎপন্ন ফসলকে রক্ষা করা যেতে পারে এবং সেখানকার খাদ্য সমস্যার সমাধান হতে পারে। কাজেই মন্ত্রী মহাশয়ের দৃষ্টি কেবল বড় বড় পরিকল্পনায় নিবন্ধ রাখলে হবে না। আজকে বাংলাদেশের বিশেষ করে নর্থ বেঙ্গলের—খাদ্য সমস্যা মেটানর জন্য জমিতে যে ফসল হচ্ছে সেই ফসল রক্ষা করার জন্য ব্যবস্থা আগে নিন; এবং ছোট ছোট সেচ পরিকল্পনাগুলো যাতে আরও দ্রুতগতিতে এগিয়ে যায় তার দিকে নজর দিন।

[5-55—6-5 p.m.]

Sj. Ratanmoni Chattopadhyaya:

মাননীয় স্পীকারমহাশয়, সেচ পরিকল্পনার ব্যাপার নিয়ে আমাদের সেচ-মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের মঞ্জুরী চেয়েছেন আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করছি এবং এই প্রসঙ্গে সেচ সম্পর্কে দু-একটি কথা আপনার কাছে নিবেদন করছি। সেচের ব্যাপার প্রধানতঃ আমাদের এই গ্রাম-প্রধান বাংলাদেশেরই ব্যাপার। আজ এই ৫ বছরে দেখতে দেখতে অনেক জায়গায় সেচ ব্যবস্থা ক্রমশঃ ব্যাপক হয়ে উঠেছে এবং বুঝতে পারা যাচ্ছে যে আগামী ৫ বৎসরে এই সেচের প্রসার আরও বিভিন্ন জেলাতে সম্পন্ন হবে। আমাদের কোন কোন বন্ধু সেচের প্রসার এখনও তাঁদের গ্রামে বা মহকুমায় পেঁছায়নি বলে দুঃখ প্রকাশ করেছেন, কিন্তু সারা বাংলাদেশেতে সেচ ব্যবস্থা প্রসারিত করতে গেলে স্বাভাবিকভাবে যেটুকু সময় লাগবে সেটুকু সময় দিতেই হবে এবং সেই সময়টুকু পর্যন্ত ধৈর্য ধরে অপেক্ষা করতে হবে। আজকে দেখা যাচ্ছে ৫-৭ বছর আগে যেখানে গ্রামের লোকের মন নিরাশায় অবসন্ন হয়েছিল সেখানে আজকে সেচ পরিকল্পনার কথা শুনে তাদের মনে আশার উদয় হয়েছে এবং যেসব অঞ্চলে সেচ ব্যবস্থা হয়েছে সেখানে লোকের মনে কি একটা যেন নূতন আনন্দ দেখতে পাওয়া যাচ্ছে।

সেচ সম্বন্ধে আমি আপনার মারফত কয়েকটি কথা মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করছি। আমাদের এই বিধান সভায় বিভিন্ন দলের যে সদস্যগণ আছেন তাঁদের মধ্যে অধিকাংশের বাড়ী ঘর পল্লীগ্রামে এবং আমার এই কথাটা তাঁরা নিশ্চয় বুঝবেন যে তাদের নিজের গ্রামে বা অঞ্চলে কোথাও না কোথাও, কোন না কোন খাল বা নদী আছে এবং সেকথা তাঁরা ভালই জানেন। তাঁর বাড়ী মেদিনীপুর জেলার কোন মহকুমাতেই হোক—বিশেষ করে আমাদের সেচ-মন্ত্রীর বাড়ী মেদিনীপুরে—বা আমাদের এই গঙ্গার এপারে বহরমপুর বা নদীয়ার কোন অংশেই হোক, যেখানেই হোক, তিনি যে গ্রাম থেকেই এসে থাকুন সেখানে কোন না কোন নদী বা খালের কথা নিশ্চয় জানেন। কিন্তু এই খালগুলো কিসের নির্দেশ করে সে কথা বুঝবার জন্য এই সম্পর্কে আমি পুরাতন সেচ ব্যবস্থার কথা একটু বলছি। আমাদের দেশে যে সমস্ত খাল আছে সেই সমস্ত খাল দেখে ও তাদের গতিপথ ও কার্যাদি বুঝে বিশ্ববিখ্যাত ইঞ্জিনিয়ার স্যার উইলিয়াম উইলকক, ওভারফ্লো ইরিগেশনএর কথা বলে গিয়েছিলেন। আজকের দিনে যখন দামোদর পরিকল্পনা গৃহীত হয়েছে এবং দেশে বন্যা নিবারণ করবার জন্য যখন বোর্ড তৈরী হয়েছে তখন স্যার উইলিয়াম উইলককএর ওভারফ্লো ইরিগেশনএর কথা কেন আমি নূতন করে বলছি। আমার বলবার উদ্দেশ্য হচ্ছে এই যে সেচের ইতিহাস আলোচনা করে এবং নিজের চোখে বাংলার গ্রামাঞ্চলে নানাস্থানে সেচ ব্যবস্থা দেখে স্যার উইলিয়াম উইলকক বলেছিলেন যে তিন হাজার বছরের এই পুরাণো প্রথার দ্বারা বরাবর বাংলাদেশের মাটি জলসিক্ত হয়ে প্রচুর ধন-ধান্য উৎপাদন করেছে। অতএব আমি বলি সেচ সম্পর্কে সেই প্রথাও কিছু কিছু গ্রহণ করা উচিত। আজকে দামোদর পরিকল্পনা গৃহীত হয়েছে, অন্যান্য অনেক স্থলেও এই প্রথায় সেচ ব্যবস্থা হচ্ছে। এইসব আধুনিক প্রথার কল্যাণ হোক, কিন্তু এমন অনেক জায়গা পড়ে আছে যেখানে আমরা স্যার উইলিয়াম উইলককএর প্রথা গ্রহণ করতে পারি। পরীক্ষামূলকভাবে খানিকটা জায়গায় এই প্রথা যাতে গৃহীত হয় সেই কথাই আমি আপনার মারফতে সেচ-মন্ত্রীর কাছে নিবেদন করছি। সেচ-মন্ত্রী মহাশয় বলেছেন যে এই দেশে খুব বড় একটা বন্যা-নিয়ন্ত্রণ বোর্ড হয়েছে

এবং আশা করা যাচ্ছে যে এই বোর্ড বন্যা-নিয়ন্ত্রণের জন্য নানা গবেষণাও করবেন। কিন্তু ওভারফ্লো ইরিগেশনএর যে ব্যাপার তাতেও দেখা যায় সেই ব্যাপারের একটা প্রধান উদ্দেশ্য হচ্ছে বন্যা-নিয়ন্ত্রণ। দামোদর পরিকল্পনার ব্যাপারে বড় বড় যন্ত্রের সাহায্য নিতে হয়েছে, কিন্তু স্যার উইলিয়াম উইলককএর ছোট বইখানা যাঁরা পড়েছেন তাঁরা বুঝতে পারবেন ওভারফ্লো ইরিগেশনএ মানুষের দুটো হাতের শক্তিই সবচেয়ে বেশী কাজ করবে। সেই ছোট বইখানা যেন এক মুষ্টিমাত্র, কিন্তু মুষ্টি হলেও সেটা সুবর্ণের মুষ্টি। তাহা এতই তথ্যপূর্ণ ও শিক্ষাপ্রদ। ১৯২৮ সালে তিনি বাংলাদেশে প্রাচীন ইরিগেশন (সেচ) সম্বন্ধে কোলকাতা বিশ্ববিদ্যালয়ে যে বক্তৃতা করেছিলেন সেই কয়েকটা বক্তৃতা একটা ছোট পুস্তক আকারে প্রকাশিত হয়ে আছে। সেখানে দেখা যায় যে বন্যা-নিয়ন্ত্রণ এবং সেচ ব্যবস্থা এক সঙ্গে হতে পারে। নদী দিয়ে যখন জল প্রচুর পরিমাণে নামে তখন বহুসংখ্যক খালের ভিতর দিয়ে সেই জল দেশের সর্বত্র ছড়িয়ে দেওয়াই হচ্ছে প্রধানতঃ ওভারফ্লো ইরিগেশন। যে খালগুলি নদীর দুধারে থাকত সেই খাল-গুলির চেহারা কিরকম ছিল? সেগুলি ছিল খুব চওড়া, কিন্তু অগভীর। খালগুলি বরাবর অনেক দূর পর্যন্ত বিস্তৃত, এবং একটা খাল থেকে আর একটা খালের দূরত্বও প্রায় সমান। প্রায় সমান্তরালভাবে এই খালগুলি দেশের সর্বত্র ছড়িয়ে আছে। এই সমস্ত খালের কথা মনে করেই আমি প্রথমে বলেছিলাম যে, যে-জেলাতেই যাওয়া যায় সেইসব খাল দেখতে পাওয়া যায় এবং সেই খালগুলিই কালক্রমে ধীরে ধীরে অনেক স্থলে নদীতে পরিণত হয়েছে। বর্ধমানে কত নদী আছে। হুগলী জেলায়ও কত নদী রয়েছে। এইরূপ পশ্চিমবঙ্গের উত্তর, মধ্য ও দক্ষিণ সব অঞ্চলেই। এক এক করে আর নদীগুলির কত নাম বলব? এইজন্যই বাংলাদেশের ভূমি এইরকমভাবে বহু নদী ও খাল দ্বারা বেষ্টিত—যেন দেশময় খালের জাল পেতে রাখা হয়েছে। কিন্তু কেন এটা হয়েছে—এই নদী খালের জাল-পাতা? হঠাৎ কি এটা হয়েছিল? দেশকে শস্য-শ্যামলা করবার জন্য প্রাচীনকালে এই প্রথাই ছিল। প্রথমে যখন হুড় হুড় করে বন্যার জল পাহাড় থেকে নামে তখন সেই জল স্ফীত হয়ে নদীগর্ভে আর ধরে না নদীর পাড় ভেংগে মাঠ ভাসিয়ে জমিতে বালি তুলে দেয়। কিন্তু প্রাচীন সেচ ব্যবস্থায় সেই জল বহু চওড়া ও অগভীর খালের মধ্য দিয়ে নানা শাখা প্রশাখায় দেশের ভেতরে ঢুকে পড়ত এবং সেই সব থেকে আবার ছোট ছোট নালা দিয়ে জলরাশিকে দেশের সর্বত্র প্রসারিত করে দেওয়া হত। স্যার উইলিয়াম উইলকক বলেছেন যে এইভাবে প্রত্যেক লোকের প্রতি খণ্ড জমিতে সেচের জন্য জলের একেবারে সুনিশ্চিত ব্যবস্থা ছিল। আবার এই ব্যবস্থা করতে গিয়ে লোকেদের পরস্পরের সঙ্গে সহযোগিতাও করতে হত। অর্থাৎ এই জল আসার ফলে এর মাঠের থেকে ওর মাঠে জল যাবার এবং পরস্পর পরস্পরের সহযোগিতার দ্বারা এইরূপে মাঠে মাঠে জল নিয়ে গিয়ে ফসল ফলাবার চেষ্টা চলতো। আবার যেখানে ফসল ফলাবার জন্য মূলতঃ এইরূপ সহযোগিতা হত সেখানে জাতীয় চরিত্রেও সহযোগিতার ভাব পরিস্ফুট হয়ে উঠতো। অতএব যে সেচের কথা আমি বললাম আমাদের গভর্ণমেন্ট সেই প্রাচীন প্রথায় দু-একটা জায়গায় যদি এইরকম ওভারফ্লো ইরিগেশনএর দ্বারা বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা করেন তাহলে দেশের পক্ষে খুবই ভাল হবে। আজকের দিনে আমাদের দেশে কত পরীক্ষাগার গবেষণাগার হচ্ছে। স্যার উইলিয়াম উইলকক যে ওভারফ্লো সেচের কথা বলেছিলেন সেই সম্বন্ধে একটা পরীক্ষাও অন্ততঃ করা হোক। তাঞ্জোর জেলায় এই সেচ ব্যবস্থা এখনও বজায় আছে বলে সেই দেশ এখনও শস্যশ্যামলা আছে। কিন্তু বাংলাদেশের ওভারফ্লো ইরিগেশন বহু কারণে নষ্ট হয়ে গেছে। আমাদের এখানে মুর্শিদাবাদ, নদীয়া ও ২৪-পরগণার বারাসত ও বসিরহাট প্রভৃতি অঞ্চলের জমি খুব উর্বরা। কিন্তু জমি শুধু উর্বরা হলে হবে না। সেখানে জলের ভাল ব্যবস্থা নেই। যদি ভাগীরথীর জলকে এইসব অঞ্চলে ওভারফ্লো ইরিগেশন ব্যবস্থা দ্বারা প্রবেশ করিয়ে দেওয়া যায় তাহলে মনে হয় খুবই ভাল হবে।

Mr. Speaker: The next Grant is the Damodar Valley Grant. You can speak on it. You must know we are running against time.

Sj. Ratanmoni Chattopadhyaya:

আমার আর ৫ মিনিট বলবার আছে। একদিকে মাথাভাংগা, জলংগী এবং মধ্যে ইছামতী, মধুমতী প্রভৃতি বহু নদী এইসব অঞ্চলে আছে এবং যাঁরা বহরমপুর থেকে মুর্শিদাবাদের পথ

দিয়ে বাংলার ঐ সব বিভিন্ন অঞ্চলে গেছেন তাঁরা দেখেছেন যে আশে-পাশে কত খাল আছে। এই বড় খালগুলি মাঠের ধার দিয়ে গেছে এবং মনে হয় যেন ১০০ বছর আগে এইগুলো এক একটা নদীর শাখা ছিল। এই খালগুলো খুব লক্ষনীয় এবং সারা দেশেই এই রকম খাল বা নদী রয়েছে। মধ্য-বঙ্গের এই অঞ্চলে যদি পরীক্ষামূলকভাবে ওভারফ্লো ইরিগেশন নেওয়া হয় তাহলে বৃহৎ যন্ত্রের সাহায্য না নিয়ে সাধারণ লোকের সাধারণ ইঞ্জিনিয়ারিং বুদ্ধি দিয়েই এই অঞ্চল সবটুকু জলসিক্ত করতে পারা যায়। আবার ওভারফ্লো ইরিগেশনএর জলের সঙ্গে সাধারণ খালের জলের একটা মস্ত তফাৎ আছে এবং সেটা আমাদের স্মরণ রাখতে হবে। সাধারণ খালের যে জল সেই জল নদীর পলী বহন করে না, কিন্তু বন্যায় জল যখন নামে এবং নদীর উপরিভাগের সে জলে যে সমস্ত সূক্ষ্ম পলিকণা আছে সেই সব নিয়ে যদি আমরা সেই পলীময় জল মাঠে মাঠে খালের দ্বারা প্রবেশ করিয়ে দিতে পারি তাহলে সেই পলী জল বৃষ্টির জলকে স্যার উইলিয়াম উইলককএর ভাষায় ম্যানিওর দেয় অর্থাৎ নদীর জলকে খুব সমৃদ্ধ করে এবং সেই পলীময় জল মাঠে মাঠে গেলে ভূমি ক্ষয়জনিত ক্ষতি, যেমন পলীর দ্বারা নিবারণ করা হয়, তেমনি প্রতি বছর মাঠের উৎপাদিকা শক্তিও বাড়ে। সেজন্য আমি বলছি যে এত পরীক্ষা যখন আমাদের এই স্বাধীন দেশে দিকে দিকে হচ্ছে, তখন নূতন পরীক্ষা হিসাবে ওভারফ্লো ইরিগেশন যদি আজ এই নতুন যুগে এই অঞ্চলে করা হয় তাহলে আমার মনে হয় বহু কল্যাণ হবে এবং আরও বহু কল্যাণের পথও খুলে যাবে। এছাড়া গ্রামের লোকের কাজ করবার যে শক্তি আছে সেই শক্তির স্ফুরণ হবে এবং এর জন্যে বিদেশ থেকে প্রকাণ্ড প্রকাণ্ড যন্ত্রও আমদানী করতে হবে না। অর্থাৎ একদিকে যেমন দামোদর পরিকল্পনার মহাপরীক্ষা হচ্ছে তেমনি আর একদিকেও ওভারফ্লো ইরিগেশনএরও একটা পরীক্ষা করা হোক—এই কথা আমি আজ নিবেদন করতে চাই।

তারপর আমার দ্বিতীয় কথা হচ্ছে—দামোদর ভ্যালির ফলে দক্ষিণ দামোদর অঞ্চল শুষ্ক হল কেন? এর পূর্বে আমার কোন বন্ধু উল্লেখ করেছেন যে দক্ষিণ দামোদরের খানাকুল, আরামবাগ এবং আমতা প্রভৃতি অঞ্চলে যেখানে ভূমি সরস ছিল সেখানে আজ ধীরে ধীরে দামোদরের প্রবাহ বন্ধ হয়ে গেছে। চাপাডাঙ্গা ও আমতার যে সব ঘাটে আগে খেওয়া পার হওয়া যেত সেইসব অঞ্চলে আজ খেয়া বন্ধ হয়ে গেছে এবং নদী শুকিয়ে গিয়ে দামোদরের সঙ্গে বিচ্ছেদ ঘটে গেছে। উপরের আর নীচের দামোদর আলাদা হয়ে গিয়ে সেই সমস্ত অঞ্চলে একটা নূতন সমস্যার সৃষ্টি করল—সেই সমস্যা অত্যন্ত ভয়ানক। এই দামোদরের ধারে ধারে কত জেলের বাস ছিল—দামোদরের জল শুকলো, কিন্তু জেলের চোখের জলের প্রবাহ বইতে লাগল। তারা বহু পুরুষের বাস্তুভিটা ছেড়ে দিয়ে আজকে কোথায় চলে যাচ্ছে, কোন জলাশয়ের ধারে গেলে মাছ ধরে জীবিকা নির্বাহ করতে পারবে তারই সন্ধানে। এই যে মানুষগুলো আমাদের চোখের অন্তরালে কোথায় চলে যাচ্ছে তার খবর আমরা রাখি না, কিন্তু আমাদের যে সমস্ত বন্ধুর বাড়ী গ্রামে তাঁরা জানেন যে কি করে দুঃখের দ্বারেতে তাদের পৌঁছে দেওয়া হচ্ছে। এইসব জায়গায় ভূমির রস ধীরে ধীরে শুকিয়ে উঠছে, যারা নৌকা তৈরী করত নদী শুকিয়ে গিয়ে তারা বৃত্তিহীন হয়ে যাচ্ছে এবং যেসব বন্দর সেখানে ছিল তাতেও ধীরে ধীরে ব্যবসা বাণিজ্য কমে আসছে। অতএব দক্ষিণ দামোদর অঞ্চলে একটা কমিশন বা দক্ষ লোকের দ্বারা গঠিত একটা সমিতি বসিয়ে এই সম্বন্ধে একটা গবেষণা করা উচিত যে কি করলে এই দক্ষিণ দামোদর অঞ্চলকে রক্ষা করতে পারা যায়। দামোদরের জল মুণ্ডেশ্বরীর ভেতর দিয়ে গিয়ে রূপনারায়ণএর মধ্যে পড়বে, কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে রূপনারায়ণ শুকিয়ে উঠছে এবং সেখানে যে সমস্ত লঞ্চ চলত সেই সমস্ত আজকে আর সেখানে চলছে না।

এই সমস্ত দুঃখ ও অসুবিধা দূর করবার অন্যতম উপায় হিসাবে আমি এখন দীঘ উদ্ধারের কথা বলছি। আপনারা জানেন যে দামোদর পরিকল্পনায় তিলাইয়ায় যে বৃহৎ জলাশয় হয়েছে সেটার আয়তন হবে ২৮ বর্গ মাইল।

[6-5—6-15 p.m.]

আমি আমার দীঘি উদ্ধারের ব্যাপার নিয়েই আছি ও সেই কথায় আসছি।

Mr. Speaker:

শেষ করুন।

Sj. Ratanmoni Chattopadhyaya:

এই সব কথা বললে আলোচ্য বিষয় ঠিকমত বোঝা যাবে।

Mr. Speaker:

ভেরি ওয়েল, দামোদর ভ্যালিতে বলবেন। তখন এসব বলতে পারবেন।

Sj. Ratanmoni Chattopadhyaya:

এই যে তিলাইয়া বাঁধ যার ২৮ বর্গমাইল আয়তনে একটা কেন্দ্রেতে জল সঞ্চিত হচ্ছে এবং সেই সঞ্চিত জল খালের সাহায্যে বহু দূর দূর জায়গায় ছড়িয়ে দেওয়া হচ্ছে। কিন্তু আমাদের সারা দেশেতে দেখা যায় যে সারা দেশ জুড়ে পশ্চিমবাংলা বা মধ্য-বাংলা বা উত্তর বাংলার সর্বত্রই বড় বড় দীঘি আছে এবং এই দীঘিগুলিতে এক জায়গায় জল সঞ্চয়ের ব্যবস্থা নেই, বরং বহু জায়গায় বিকেন্দ্রীক অবস্থায় জল সঞ্চয়ের ব্যবস্থা দীঘিতে রয়েছে। বড় বড় ইঞ্জিনিয়াররা বলেছেন এইসব দীঘির থাকার দরুণ আমাদের দেশেতে ভূগর্ভের জলের উপরিতল—'আণ্ডারগ্রাউণ্ড সাব-সয়েল ওয়াটার লেভেল' উচুতে থাকে এবং যেখানে যেখানে দীঘি শুকিয়ে যাচ্ছে সেখানে সাব-সয়েল ওয়াটার লেভেলও নেমে যাচ্ছে। স্যার উইলিয়ামএর মতে দীঘি যখন ছিল সেই সময় দীঘির কল্যাণেতেই সাব-সয়েল ওয়াটার লেভেল উপরে ছিল এবং মনে হয় যে সারা বৎসরে যে বারিপাত সেখানে সঞ্চিত হত তারই ফলে ভূমির উপরের স্তর সরস থাকত এবং তাতে চাষের সুবিধা হত ও দেশের হাওয়াও ভাল থাকত, কিন্তু আমাদের কোন পুকুর সম্বন্ধে পরিকল্পনা নেই। দীঘির পরিকল্পনা মানে দীঘিকে নষ্ট করে দিলে হবে না, দীঘিকে সর্বতোভাবে সর্বত্র রক্ষা করতে হবে। দীঘি রক্ষা হলেই আমাদের চাষও রক্ষা হবে। অতএব একদিকে বড়, পরিকল্পনার সংগে যদি ছোট পরিকল্পনাও গৃহীত হয় তাহলে দীঘি সর্বত্র কল্যাণ নিয়ে আসবে। দীঘি যেখানে আছে সেইসব স্থল খুব আনন্দের জায়গা--দীঘি মানুষের বসবার, দাঁড়াবার, আনন্দের জায়গা। দীঘির পাড়ে বিদ্যালয়ও তৈরী হতে পারে এবং দীঘির পাড়ে আমাদের সরকার গ্রাম নিবাস স্থাপন করে জনসাধারণের সংগে সংযোগ স্থাপন করতে পারেন। এই কয়টি কথা বলে দীঘির কথা আমি আপনাদের বললাম।

পরিশেষে, আমাদের মন্ত্রী মহাশয় হাওড়ার কেঁদুয়া খাল উদ্ধারের কথা বলেছেন বলে বড় আনন্দ হল। তাছাড়া হাওড়া জেলায় এখনও বহু খাল উদ্ধার হয়নি বলে, অধ্যক্ষ মহাশয়, আপনার মারফতে আমি তাঁর গোচরে আনছি। শেষে, নিবেদন করছি যে যদি ওভারফ্লো ইরিগেশনএর পরীক্ষা আমাদের দেশেতে হয় তাহলে প্রভূত কল্যাণ হবে এবং দীঘি উদ্ধার হলে আমাদের ভূমির ক্ষয়ও বাঁচবে। এই কথা বলে আমি পুনরায় বাজেটকে সমর্থন করছি।

Sj. Madan Mohon Saha:

মাননীয় স্পীকারমহোদয়, দীর্ঘদিনের অভিজ্ঞতা যা তা থেকে একথা আমাদের কাছে সুস্পষ্ট হয়ে গিয়েছে যে সরকারের সেচ-পরিকল্পনা বা সেচনীতি অত্যন্ত ত্রুটিপূর্ণ। একথা বলতে গিয়ে আমি বলবো যে বাংলাদেশে গ্রাম থেকে গ্রামান্তরে বহু খাল রয়েছে, বহু নালা রয়েছে। সেই সমস্ত খাল, নালা সংস্কার না করে বড় বড় পরিকল্পনার কাজে হাত দিচ্ছেন। কিন্তু এই সমস্ত বড় বড় কাজ তারা উপযুক্তভাবে করতে পাচ্ছেন না। একটা পরিকল্পনায় হাত দিচ্ছেন সেই পরিকল্পনা কাজে লাগাতে অনেক সময় চলে যাচ্ছে। কিন্তু সেখানে যদি এই ছোট ছোট খালের সংস্কার করেন তাহলে বহু জমি সেখানে উদ্ধার হতে পারে, বহু অনাবাদী জমি সেখানে উদ্ধার হতে পারে। তাছাড়া যেসমস্ত জায়গায় অনাবাদী জমি পড়ে রয়েছে সেখানে যদি সেচের নলকূপ বসান হত তাহলে সেখানে বহু কাজ হত। কিন্তু তা সরকার করে না। আজকে আমরা বার বার এই সরকারের কাছে বহু ধরণের কথা বলেছি। আমরা বলেছি যে সরকারের যে সেচনীতি তা ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। সেদিক থেকে ২।৩ বছর আগে থেকে আমরা কাট মোশন দিয়ে আসছি, বিভিন্ন প্রশ্ন দিয়ে আসছি কিন্তু

সেগুলি কাজে লাগাচ্ছেন না। আমি আরামবাগের কথা বলব। আরামবাগকে পাণ্ডববর্জিত দেশ বলে কারণ সেখানে দারকেশ্বর ও শিলাবতী নদীর সংস্কার করে বাঁধ ও জলাধার স্থাপন করে দামোদর স্রোতকে অক্ষুণ্ণ রেখে এবং প্রয়োজনীয় ড্রেজিং দ্বারা রূপনারায়ণ নদের সুষ্ঠু পৌর্তিক ব্যবস্থা করতে সরকার অক্ষম হয়েছেন। আমরা দাবী করেছিলাম—দারকেশ্বরের সংস্কার করে রড়া খালের সঙ্গে যুক্ত করে দিতে। এক বছর আগে সেচমন্ত্রী মহাশয় একবার গো-ঘাট থানায় গেলে আমরা দামোদর নদের সংস্কার করে জল বৃদ্ধি করার কথাও বলেছিলাম। তিনি বল্লেন—এটা সার্ভে হচ্ছে—আমরা প্রজেক্টএর যা কিছু নিয়েছি। ফ্ল্যাণ্ড প্রজেক্ট গভর্ণমেণ্ট নিয়েছে কিন্তু সরকার অদ্যাবধি সে সম্বন্ধে কোন ব্যবস্থাই অবলম্বন করেন নি। দলমার অঞ্চলে নাকুন্দা ও শেওড়ায় এই দুটো গ্রামে বিবাদ লেগে গিয়েছে—একজনের জল সেচ আর একজনের জল নিষ্কাশনের ব্যাপার। এই ব্যাপারে সরকার হস্তক্ষেপ করে দলমার জলাকে যদি সংস্কার করতে পারেন তাহলে গ্রামের মধ্যে কোন বিবাদ হতনা। সেই পরিকল্পনায় পুরোপুরি কাজে হাত না দিয়ে শেওড়ার দক্ষিণ দিকে খাল কেটে তাড়াজুলি খালের সঙ্গে যদি যুক্ত করে দেওয়া যেত তাহলে এই রকম বিবাদ হতে পারত না। আজকে সরকার পরিকল্পনার নাম করে পরিকল্পনার নামে ভাঁওতা দিয়ে গ্রামের মধ্যে বিবাদ বিসম্বাদ ছড়িয়ে দিচ্ছেন। স্যার, আমি আপনার কাছে জানাতে চাই যে এই বছর আরামবাগ মহকুমার অনেক জায়গায় ধান হয় নি। আমরা হিসাব করে দেখেছি ৪৫,৭৫৫ বিঘা জমি সেখানে পতিত পড়ে রয়েছে। এটা স্টেটিস্টিকেল বুরর আনুমানিক হিসাব। এই সমগ্র মহকুমায় যে এত জমি পতিত রয়েছে এই পতিত জমি উদ্ধার করার কোন পরিকল্পনাই সেচমন্ত্রী মহাশয়ের নাই। একদিন আমরা এই এ্যাসেম্ব্লীতে কৃষিমন্ত্রী মহাশয়কে প্রশ্ন করেছিলাম এই অনাবাদী জমি উদ্ধারের জন্য কি ব্যবস্থা করছেন। এ্যাগ্রিকাল্চার মিনিষ্টার জবাব দিয়েছিলেন যে ট্র্যাক্টরএর বন্দোবস্ত রয়েছে এবং ট্র্যাক্টর নাকি ভাড়া পাওয়া যায়। কিন্তু সেচের ব্যবস্থা না করে যদি শুধু ট্র্যাক্টর দ্বারা চাষ করলেই ফসল ফলত তাহলে ইরিগেশনএর তো কোন প্রয়োজনই হত না। সেদিক থেকে আমি বলবো—এই যে ৪৫,৭৫০ বিঘা অনাবাদী জমি পড়ে রয়েছে এগুলি উদ্ধারের জন্য সরকার কি ব্যবস্থা করছেন? রাউতবাটি খাল সম্পর্কে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম কিন্তু সরকার বল্লেন যে রাউতবাটি খাল সম্পর্কে নাকি কোন পরিকল্পনাই এখন নাই। এতদিন ধরে এই রাউতবাটি খাল সম্পর্কে কোন পরিকল্পনাই করা হয় নি। অথচ এই রাউতবাটি খালের যদি সংস্কার করা হয় তাহলে কয়েক হাজার বিঘা জমি আবাদযোগ্য হতে পারে। তাছাড়া ডি,ভি,সি,র জল দেওয়া হবে বলে আরামবাগের মানুষকে ভাঁওতা দেওয়া হয়েছে। বলা হয়েছে ডি,ভিসি,র জল এসে গেলে পর আর গোলমাল থাকবে না। সমস্ত চাষী জল পাবে, সমস্ত জমি সেচনযোগ্য হবে। সেখানে দেখতে পাচ্ছি আরামবাগ মহকুমার ৪৪টি গ্রাম খালের জল পাবে।

কয়েকটা গ্রামে আংশিকভাবে জল দেওয়া হবে এটা ডি,ভি,সি পরিকল্পনায় দেখেছি। মন্ত্রী মহাশয় বাজেট সেসনএ প্রত্যেকবার নানারকম প্রজেক্টএর কথা বলে থাকেন। আমি খেসুর বাঁধের কথা বলেছিলাম—সেখানে হানটা যা পড়ে গিয়েছে সেটা যদি বন্ধ করে দেওয়া হয় তাহলে ৪ হাজার বিঘা জমিতে জল দেওয়া সম্ভব হয়। মন্ত্রী মহাশয় সেই অঞ্চলে গিয়েছিলেন কিন্তু নির্বাচনে পরাজয়ের পর তিনি আগের প্রতিশ্রুতি রাখেন নি। আমি তাই বলি নির্বাচনে জয়ের কোন আশা যদি তিনি রাখেন তাহলে সেই প্রতিশ্রুতি যেন তিনি পালন করেন।

[6-15—6-25 p.m.]

Sj. Amulya Ratan Ghosh:

মাননীয় স্পীকারমহাশয়, কংগ্রেস গভর্ণমেণ্ট ইরিগেশন খাতে ৫ কোটি ২৭ লক্ষ ২২ হাজার টাকা ১৯৫৬-৫৭ সালের বাজেটে ধরেছিলেন। সে টাকায় যদি সুষ্ঠুভাবে ইরিগেশন স্কীম পরিচালিত হত তবে দেশের অনেক কাজ হতে পারত। যখনই ইরিগেশন সম্বন্ধে বলা হয় মাননীয় মন্ত্রী মহোদয়গণ, ডি,ভি,সি, ও ময়ূরাক্ষী দেখাইয়া দেন। অবশ্য উক্ত পরিকল্পনায় পশ্চিমবঙ্গের কোন কোন অংশ উপকৃত হইয়াছে। ময়ূরাক্ষী পরিকল্পনায় বীরভূম জেলার কিছু অংশ উপকৃত হইতেছে কিন্তু ডি,ভি,সি, দ্বারা বাঁকুড়া জেলার বিশেষ কিছু উপকার হয়

The motion of Sj. Nagendra Dalui that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Nagendra Dalui that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Nagendra Dalui that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sasabindu Bera that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sasabindu Bera that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sudhir Chandra Bhandari that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sudhir Chandra Bhandari that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Dasarathi Tah that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Dasarathi Tah that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Tarapada Dey that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Tarapada Bandopadhyay that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Tarapada Bandopadhyay that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and lost

The motion of Sj. Nagendra Dalui that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Dhananjoy Kar that the demand of Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and a division taken with the following result:—

AYES—34.

Baguli, Sj. Haripada
Bandopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanailal
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Rakhahari
Chaudhury, Sj. Jnanendra Kumar
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Natendra Nath
Dey, Sj. Tarapada
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sj. Narendra Nath
Haldar, Sj. Nalini Kanta
Kar, Sj. Dhananjoy
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailal Das
Naskar, Sj. Gangadhar
Panda, Sj. Rameswar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Saha, Sj. Madan Mohon
Saha, Dr. Saurendra Nath
Sahu, Sj. Janardan
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Sjkta. Mani Kuntala
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

NOES—121.

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Atawal Ghani, Janab Abul Barkat
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Brahmamandal, Sj. Debendra
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chatterji, Sj. Dhirendra Nath
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Garga, Kumar Deba Prasad
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Golam Hamidur Rahman, Janab
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Benari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hansda, Sj. Jagatpati
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Parbati
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Bankim Chandra
Khatick, Sj. Pulin Behary
Lahiri, Sj. Jitendra Nath
Mahammad Ishaque, Janab
Maiti, Sjkta. Abha
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Massey, Mr. Reginald Arthur
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Dhajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sudhir
Mukerji, Sj. Dhirendra Narayan
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal

Mukherjee, Sj. Shambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Sjkta. Purabi
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Platel, Mr. R. E.
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Pramanik, Sj. Tarapada
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jajneswar
Ray, The Hon'ble Renuka
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Priya Ranjan
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Shaw, Sj. Kripa Sindhu
Singh, Sj. Ram Lagan
Singha Sarker, Sj. Jatindra Nath
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing
Zainal Abedin, Janab Kazi
Ziaul Haque, Janab M.

The Ayes being 34 and the Noes 121, the motion was lost.

[7-5—7-20 p.m.]

The motion of Sj. Jyoti Basu that the demand o Rs. 4,65,63,000 for expenditure under Grant No. 10, Major Head "XVII—Irrigation, etc." be reduced by Rs. 100, was then put and a division taken with the following result:—

AYES—34.

Baguli, Sj. Haripada
Bandopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanailal
Chatterjee, Sj. Rakhahari
Chaudhury, Sj. Jnanendra Kumar
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Natendra Nath
Dey, Sj. Tarapada
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sj. Narendra Nath
Haldar, Sj. Nalini Kanta
Kar, Sj. Dhananjoy
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailal Das
Naskar, Sj. Gangadhar
Panda, Sj. Rameswar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Saha, Sj. Madan Mohon
Saha, Dr. Saurendra Nath
Sahu, Sj. Janardan
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Sjkta. Mani Kuntala
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

NOES—120.

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Atawal Ghani, Janab Abul Barkat
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Brahmamandal, Sj. Debendra
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nat
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan

Digar, Sj. Kiran Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Garga, Kumar Deba Prasad
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Golam Hamidur Rahman, Janab
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hansda, Sj. Jagatpati
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Parbati
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Bankim Chandra
Khatick, Sj. Pulin Behary
Lahiri, Sj. Jitendra Nath
Mahammad Ishaque, Janab
Maiti, Sjkta. Abha
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Massey, Mr. Reginald Arthur
Mazıruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Dhajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sudhir
Mukerji, Sj. Dhirendra Narayan
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Shambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Sjkta. Purabi
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Patel, Mr. R. E.
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Pramanik, Sj. Tarapada
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, The Hon'ble Renuka
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Priya Ranjan
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Shaw, Sj. Kripa Sindhu
Singh, Sj. Ram Lagan
Singha Sarker, Sj. Jatindra Nath
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing
Zainal Abedin, Janab Kazi
Ziaul Haque, Janab M.

The Ayes being 34 and the Noes 120, the motion was lost.

The motion of the Hon'ble Ajoy Kumar Mukherji that a sum of Rs. 4,65,63,000 be granted for expenditure under Grant No. 10, Major Heads "XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenues—51B—Other Revenue expenditure connected with Multi-purpose River Schemes—68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works and 80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account" was then put and agreed to.

Major Head: 80A—Capital outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project.

The Hon'ble Ajoy Kumar Mukherji: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,66,71,000 be granted for expenditure under Grant No. 45, Major Head "80A—Capital Outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project."

১। দামোদর ভ্যালি কর্পোরেশনের প্রধান তিনটি কাজ হ'ল বন্যা নিয়ন্ত্রণ জলসেচ ও বিদ্যুৎশক্তি উৎপাদন।

২। বন্যা নিয়ন্ত্রণের পূর্ণ উপকার পাবে পশ্চিমবঙ্গ। এই বাবদে যা খরচ হবে তার অর্ধেক দেবেন কেন্দ্রীয় সরকার, কিন্তু তাঁরা মোট সাত কোটি টাকার বেশী দেবেন না। ১৯৫৫-৫৬ পর্যন্ত বন্যা নিয়ন্ত্রণে মূলধন খরচ, ক্যাপিট্যাল এক্সপেন্ডিচার, হচ্ছে ১৫,৮৮,৬৪,৩৯৭ টাকা। আগামী বছরের জন্য ব্যয় বরাদ্দ আছে ২,৬০,১৮,০০০ টাকা। তাহলে ১৯৫৬-৫৭ পর্যন্ত মোট ব্যয় দাঁড়াবে ১৮,৪৮,৮২,৩৯৭ টাকা। তার মধ্যে পশ্চিমবঙ্গের দেয় হবে ১১,৪৮,৮২,৬৯৮ টাকা।

৩। জল সেচের জন্য যা খরচ হয়—বিহার ও পশ্চিমবঙ্গ রাজ্য যে যতটা এলাকায় উপকার পায় সেই অনুপাতে তাকে খরচের অংশ দিতে হয়। সামান্য কিছু বাদে এই উপকার প্রায় সবটাই পশ্চিমবঙ্গ পাচ্ছে। ১৯৫৫-৫৬ পর্যন্ত এই বাবদে মূলধন খরচ হচ্ছে ২৫,৪৪,৩৪,৬৮২ টাকা এবং আগামী বছরে বরাদ্দে ধরা হয়েছে ৬,৭০,২৩,০০০ টাকা। তাহলে ১৯৫৬-৫৭ পর্যন্ত খরচ হবে ৩২,১৪,৫৭,৬৮২ টাকো। তার মধ্যে পশ্চিমবঙ্গের দেয় হবে ৩১,৮১,৭৯,৭৬৪ টাকা।

৪। বিদ্যুৎ শক্তি উৎপাদনের খরচ কেন্দ্র, বিহার ও পশ্চিমবঙ্গের সরকার সমান তিন অংশে বহন করেন। ১৯৫৫-৫৬ পর্যন্ত এই বাবদে মূলধন খরচ হচ্ছে ৪৭,৭৪,২২,১৬৭ টাকা এবং আগামী বছরের বরাদ্দে ধরা হয়েছে ৭,০৭,৭১,০০০ টাকা। তাহলে ১৯৫৬-৫৭ পর্যন্ত খরচ হবে ৫৪,৮১,৯৩,১৬৭ টাকা। তার মধ্যে পশ্চিমবঙ্গের দেয় হবে ১৮,২৭,৩১,০৫৬ টাকা।

৫। ১৯৫৫-৫৬ পর্যন্ত ডি,ভি,সির মোট মূলধন খরচ হচ্ছে ৮৯,০৭,২১,২৪৬ টাকা এবং আগামী বছরের জন্য মোট বরাদ্দ হয়েছে ১৬,৩৮,১২,০০০ টাকা। তাহলে ১৯৫৬-৫৭ পর্যন্ত মোট খরচ দাঁড়াবে ১,০৫,৪৫,৩৩,২৪৬ টাকা। তার মধ্যে কেন্দ্রীয় সরকার দেবেন ২৫,২৭,৩০,৭৫৫ টাকা, অর্থাৎ শতকরা ২৩·৯৭ ভাগ, বিহার সরকার দেবেন ১৮,৬০,০৮,৯৭৩ টাকা, অর্থাৎ শতকরা ১৭·৬৪ ভাগ এবং পশ্চিমবঙ্গ সরকার দেবেন ৬১,৫৭,৯৩,৫১৮ টাকা, অর্থাৎ শতকরা ৫৮·৩৯ ভাগ।

৬। (ক) ডি, ভি, সির দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা এখনও চূড়ান্তভাবে স্থিরীকৃত হয় নি, তবে আপাততঃ যে পরিকল্পনা আছে তাতে মোট ব্যয় হবে ৫৮ কোটি ৫৭ লক্ষ টাকা, তারমধ্যে কেন্দ্রীয় সরকারের অংশে ১৩ কোটি ৮৩ লক্ষ টাকা, অর্থাৎ শতকরা ২৪ ভাগ, বিহার সরকারের অংশে ১৫ কোটি ৩৬ লক্ষ টাকা, অর্থাৎ শতকরা ২৬ ভাগ এবং পশ্চিমবঙ্গ সরকারের অংশে ২৯ কোটি ৩৮ লক্ষ টাকা অর্থাৎ শতকরা ৫০ ভাগ। এই মোট পরিমাণের মধ্যে ২৪ কোটি ৬৯ লক্ষ টাকা খরচ হবে বর্তমানে চালু কাজের জন্য, বাকি ৩৩ কোটি ৮৮ লক্ষ টাকা ব্যয়িত হবে নূতন কাজের জন্য।

(খ) নূতন তাপ বিদ্যুৎ কেন্দ্র খুব সম্ভব দুর্গাপুরে হবে। ১৭ কোটি টাকা ব্যয় হবে। ১,৫০,০০০ কিলোওয়াট শক্তি উৎপন্ন হবে।

কোনার ড্যাম থেকে সাড়ে চার কোটি টাকা ব্যয়ে ৪০ হাজার কিলোওয়াট জল-বিদ্যুৎ হবে।

বোকারোর ৪র্থ সেটে সাড়ে চার কোটি টাকা ব্যয়ে আরও ৫০ হাজার কিলোওয়াট তাপ বিদ্যুৎ তৈরী হবে।

পানাগড়ে ৩৬ লক্ষ টাকা ব্যয়ে কৃষি গবেষণা ক্ষেত্র তৈরী হবে।

দামোদর উপত্যকায় ভূমি সংরক্ষণের জন্য ৭৫ লক্ষ টাকা ব্যয়ে বন সৃজন হবে। এই উদ্দেশ্যেই ২ কোটি টাকা ব্যয়ে অনেকগুলি মাঝারি ও ছোট বাঁধ হবে।

নিম্ন দামোদর এলাকায় আবশ্যক কাজের জন্য ১ কোটি টাকা ধরা আছে। এ ছাড়া অনেক ছোট ছোট কাজের উল্লেখ করলাম না।

৭। (ক) ডি, ভি, সির এই তিনটি প্রধান উদ্দেশ্য সিদ্ধির জন্য পরিকল্পনায় আছে—তিলৈয়া, কোনার, মাইথন ও পঞ্চেট নদীর বুকে ৪টি ড্যাম বা বাঁধ, দুর্গাপুরে দামোদর নদের

বুকে একটি বারাজ এবং বোকারোয় একটি তাপ বিদ্যুৎ কারখানা। ভারতের প্রধান মন্ত্রী পণ্ডিত নেহরু ২১শে ফেব্রুয়ারী, ১৯৫৩, তারিখে তিলাইয়া, ড্যামএর ও বোকারো থারমাল ষ্টেশনের এবং ১৫ই অক্টোবর, ১৯৫৫, তারিখে কোনার ড্যামের উদ্বোধন করেছেন। ৯ই আগস্ট, ১৯৫৫, তারিখে ভারতের ভাইস-প্রেসিডেন্ট ডাক্তার রাধাকৃষ্ণণ্ দুর্গাপুর বারাজের উদ্বোধন করেছেন। ১৯৫৬-৫৭ সালে মাইথন ড্যামের কাজ শেষ হবে এবং পরের বছরে পঞ্চেট ড্যাম সম্পূর্ণ হবে।

(খ) দামোদর নদ পার হবার জন্য বারাজের সঙ্গে গাড়ী চলার উপযোগী একটি সুন্দর চওড়া রাস্ড়া প্রায় ১৭ লক্ষ টাকা ব্যয়ে তৈরী হচ্ছে। আগামী এপ্রিল মাসে এই কাজ শেষ হবে। বারাজ থেকে নদীর বাম কুলে ৮৩ মাইল লম্বা যে প্রধান ক্যানেল হচ্ছে তাতে মালবাহী নৌকা ও ছোট স্টীমার চলবে, যার সাহায্যে দামোদর উপত্যকার শিল্পাঞ্চল থেকে কলিকাতার বন্দরে মাল বওয়া চলবে; ফারাক্কায় গঙ্গার বাঁধ শেষ হলে এই শিল্পাঞ্চল থেকে জলপথে উত্তর ভারতে মাল যাতায়াত করতে পারবে। দুর্গাপুর বারাজ সংলগ্ন প্রধান ক্যানেলগুলি ১৯৫৭ সালে শেষ হবে, পরের বছরে ছোটখাট শাখা-প্রশাখাতে তৈরী হয়ে যাবে। সর্বসমেত ১,৫৫০ মাইল খাল কাটা হবে।

(গ) এই সব ক্যানেলের কাজ শেষ হলে প্রতি বছর পশ্চিমবঙ্গের ১০ লক্ষ ২৫ হাজার একর জমিতে খারিফ সেচের জল দেওয়া যাবে, তার মধ্যে প্রায় ৩ লক্ষ একরে রবি চাষেরও জল দেওয়া যাবে। ১৯৫৬-৫৭ সালে পশ্চিমবঙ্গে প্রায় ২ লক্ষ ২০ হাজার একর জমিতে জল সেচ করতে পারা যাবে।

৮। (ক) ডি, ভি, সির সুরু হতে পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ পর্যন্ত এই ৭ বছর ২ কোটি ৩ লক্ষ ২৯ হাজার কিলোওয়াট আওয়ার জল-বিদ্যুৎ ও ৫৯ কোটি ২৮ লক্ষ ৫ হাজার কিলোওয়াট পাওয়ার তাপ-বিদ্যুৎ উৎপাদন করা হয়েছে। ১৯৫৬ সালের জানুয়ারী পর্যন্ত বিদ্যুৎ শক্তি বিক্রয় করে প্রায় ২ কোটি ৯৭ লক্ষ টাকা পাওয়া গেছে। এর মধ্যে ১৯৫৫-৫৬ সালেই ১ কোটি ৭ লক্ষ টাকা আয় হয়েছে। এশিয়া মহাদেশের তাপ-বিদ্যুৎ কারখানাগুলির মধ্যে ডি, ভি, সির বোকারো কারখানা হ'ল বৃহত্তম। অনেকের সন্দেহ, এমন কি উদ্বেগও প্রকাশ করেছিলেন যে এত বিদ্যুৎ শক্তি প্রয়োগ হবে কোথায়। বাস্তব ক্ষেত্রে দেখা যাচ্ছে দ্বিতীয় পঞ্চ-বার্ষিকীর এই বাড়তি উৎপাদনেও চাহিদা মেটান যাবে না, বরং তখনও চাহিদার তুলনায় উৎপাদন অনেক পিছনে পড়ে থাকবে। নানপ্রকার খনিজ সম্পদে সমৃদ্ধ দামোদর ভ্যালিতে বহুপ্রকার শিল্প সম্প্রসারণের বিরাট সম্ভাবনা আছে; সেই অনুপাতে বিদ্যুৎ শক্তির চাহিদাও প্রচুর পরিমাণে বাড়তে থাকবে। আশা করা যায় এই অঞ্চল একদিন ভারতের 'রুঢ়' হয়ে দাঁড়াবে। আবার পল্লী অঞ্চলেও বিদ্যুৎ শক্তি সরবরাহের সুব্যবস্থা করছেন এই রাজ্য সরকার, তাতে শুধু স্বাচ্ছন্দ্য দেবে না, কুটীর শিল্পেরও প্রচুর উন্নতি হবে।

(খ) আগামী মে মাসের মধ্যে বাড়ী ও গয়াতে, ১৯৫৭ সালের এপ্রিল মাসের মধ্যে রাণীগঞ্জ ও বর্দ্ধমান হয়ে কলকাতায়, ঐ মাসেই ডালমিয়ানগরে, এ বছরের অক্টোবর মাসের মধ্যে পাটনায় লাইন যাবে। আবার জামসেদপুর, ঘাটশীলা হয়ে খড়্গপুরে লাইন যাচ্ছে, এ পথেই কলকাতা পর্যন্ত দ্বিতীয় লাইন যাচ্ছে। ডি, ভি, সির কাছে বিদ্যুৎ শক্তি নিয়ে কয়েকটি লাইনে ১৯৫৭-৫৮ থেকে ইলেক্ট্রিক রেলগাড়ী চালান যাবে। ১৯৫৭ সালের মধ্যে ৮৪৩ মাইল ট্রান্সমিশন লাইন টানা হবে। এ পর্যন্ত ৫০০ মাইলেরও বেশী লাইন টানা হয়েছে। এগুলি প্রথম পঞ্চবার্ষিকীর মধ্যে ধরা ছিল। দ্বিতীয় পঞ্চবার্ষিকীতে আরও অনেক মাইল লাইন যাবে ও নূতন নূতন শহরে ও গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা যাবে।

৯। ড্যামগুলির পিছনে জলাধার তৈরী হচ্ছে। পঞ্চেটের জলাধার ৪০ বর্গমাইল হবে। এইসব নকল্ হ্রদে যে গ্রামবাসীদের জমি ও গ্রাম জলমগ্ন হয়ে যাবে, তাঁদের পুনর্বাসনের কাজ চলছে। ভূমিগ্রহ-আইন অনুসারে এইসব জমির, বাড়ীর ও অন্যান্য সম্পত্তির ক্ষতিপূরণ দিলে যত টাকা লাগতে পারত তার অনেক বেশী খরচ করা হচ্ছে, তিলাইয়াতে শতকরা ৫০ টাকা বেশী খরচ করা হয়েছে, কোনারে শতকরা ৪৪ টাকা ও বোকারোতে শতকরা ১৬ টাকা বেশী

খরচ করা হয়েছে। এই পুনর্বাসন ব্যাপারে, পৈতৃক গৃহ ও গ্রাম ত্যাগ করে যাঁদের নূতন সংস্থানে যেতে হচ্ছে তাঁদের সম্বন্ধে শুধু টাকার হিসাবে চিন্তা করা চলে না। নানপ্রকার সুখ সুবিধার ব্যবস্থা করে তাঁদের সন্তুষ্ট করা দরকার।

১০। বন্যা নিয়ন্ত্রণ, জল সেচ ও বিদ্যুৎ শক্তি উৎপাদন এই তিনটি প্রধান কাজ ছাড়াও ডি, ভি, সি, আরও কিছু কাজ করছেন, যেমন—

(১) কুটীর-শিল্প হিসাবে তালা-চাবি তৈরী, পচন নিবারণের জন্য ঠাণ্ডা গুদাম বা কোল্ড ষ্টোরেজ এবং হাতে ঢালাই করা ধাতুদ্রব্যের পালিশ ইত্যাদি করার জন্য সেন্ট্রাল ফিনিশিং ওয়ার্কশপ। এইরকম আরও কয়েকটি কাজ করার ইচ্ছা আছে।

(২) পতিত জমি উদ্ধার, ভূমিক্ষয় নিবারণ ও বন সৃজনের কাজ চলছে।

(৩) তিলাইয়া হ্রদে মাছের চাষ সুরু করা হয়েছে। পর পর অন্যান্য হ্রদগুলিতে এই চাষ করা হবে।

১১। ডি, ভি, সির একটি মডেল রিসার্চ ষ্টেশন আছে। নদী বাঁধা সম্পর্কিত বড় বড় কাজ ধরার আগে এখানে মডেলে পরীক্ষা করে নেওয়া হয়। আর একটি সেন্ট্রাল টেষ্টিং ল্যাবরেটরী আছে।

১২। সাধারণতঃ স্বাস্থোন্নতির জন্য বিশেষ করে নদী বাঁধার ফলে উৎপন্ন নকল হ্রদগুলির এলাকায় ম্যালেরিয়া রোধের উদ্দেশ্যে ডি, ভি, সির জন-স্বাস্থ্য বিভাগ প্রশংসনীয় কাজ করছে।

১৩। জল সেচের ফলে ভূগর্ভস্থ জলের স্তরের কিরূপ পরিবর্তন হবে ও তার ফলে কোথায় জল জমে ক্ষতি করতে পারে এবং কিভাবে শস্যোৎপাদনের পরিকল্পনা করা যেতে পারে সে বিষয়ে পরীক্ষা চলছে।

১৪। ডি, ভি, সির নদী বাঁধার ফলে নিম্ন দামোদর ও রূপনারায়ণের কি অবস্থা হতে পারে সে বিষয়ে অনুসন্ধানের জন্য বিশিষ্ট বিশেষজ্ঞদের নিয়ে লোয়ার দামোদর ইনভেষ্টিগেশন কমিটি গঠিত হয়েছে ও কাজ করছে।

১৫। ডি, ভি, সির কাজে পশ্চিমবঙ্গে ও বিহারে কত প্রকারের কি পরিমাণ উপকার হবে তার বিস্তৃত বিবরণ গত কয়েক বছরের ব্যয় বরাদ্দের আলোচনার সময় বলেছি, আজ আর তার পুনরাবৃত্তি করতে চাই না। ভারতের বৃহত্তম শিল্পাঞ্চল হিসাবে এই এলাকা কৃষি শিল্প ও বানিজ্যে সমৃদ্ধ হয়ে উঠবে।

১৬। আশা করি মাননীয় সদস্যরা এই বরাদ্দ মঞ্জুর করবেন।

[**Mr. Speaker:** *I take it that all the cut motions are moved.*]

Sj. Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that the demand of Rs. 11,66,71,000 for expenditure under Grant No. 45, Major Head "80A—Capital outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

ডি, ভি, সি, কর্তৃক দখলীকৃত জমির ক্ষতিপূরণ ও মূল্য যথা সত্বর পাওয়া সম্পর্কে।

Sj. Dasarathi Tah: Sir, I beg to move that the demand of Rs. 11,66,71,000 for expenditure under Grant No. 45, Major Head "80A—Capital outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সাধারণ নীতি, নাব্য খাল কাটিয়া অর্দ্ধের ও জমির অপচয়, ডি, ভি, সি, ক্যানেলের এক ধারের বাঁধকে অধিকতর প্রশস্ত করিয়া তাহাকে রাস্তায় পরিণত করিতে সরকারের অক্ষমতা, অত্যধিক হারে ক্যানেল কর নির্ধারণ এবং অস্বাভাবিক রেটে ডি, ভি, সি,র জলবিদ্যুৎ সরবরাহের পরিকল্পনা।

Sir, I also beg to move that the demand of Rs. 11,66,71,000 for expenditure under Grant No. 45, Major Head "80A—Capital outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about বর্ধমান জেলার সালানপুর থানার বাসুদেবপুর ইউনিয়নের বৃন্দাবনী প্রভৃতি গ্রামের কৃষকদের জমি মাইথন ড্যামের জন্য দখল করার পর কৃষকদিগকে ক্ষতিপূরণ দানে সরকারী অব্যবস্থা।

Sir, I also beg to move that the demand of Rs. 11,66,71,000 for expenditure under Grant No. 45, Major Head "80A—Capital outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about কলিকাতার ন্যায় দরে বর্ধমান প্রভৃতি অঞ্চলে ডি, ভি, সি, বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থায় সরকারের অসামঞ্জস্য নীতি।

Sir, I also beg to move that the demand of Rs. 11,66,71,000 for expenditure under Grant No. 45, Major Head "80A—Capital outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about ডি, ভি, সি, ক্যানেলের জন্য জনসাধারণ ও চাষীদের যাতায়াতের অসুবিধা দূরীকরণের জন্য উপযুক্ত স্থানে পর্যাপ্ত সেতু নির্মাণে কর্তৃপক্ষের ঔদাসীন্য।

Sir, I also beg to move that the demand of Rs. 11,66,71,000 for expenditure under Grant No. 45, Major Head "80A—Capital outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about ডি, ভি, সি,র ক্যানেল প্রভৃতির জন্য সরকারের জমি দখল নীতি এবং ক্ষতিপূরণ দিতে কৃষকদের হয়রানি।

Sir, I also beg to move that the demand of Rs. 11,66,71,000 for expenditure under Grant No. 45, Major Head "80A—Capital outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about ডি, ভি, সি, ক্যানেল কাটার বিষয়ে সরকারী গাফিলতি ও অপব্যয়।

Sj. Jyoti Basu: Sir, I beg to move that the demand of Rs. 11,66,71,000 for expenditure under Grant No. 45, Major Head "80A—Capital outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 11,66,71,000 for expenditure under Grant No. 45, Major Head "80A—Capital outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the affairs in the administration of Damodar Valley Corporation.

Sj. Madan Mohon Saha: Sir, I beg to move that the demand of Rs. 11,66,71,000 for expenditure under Grant No. 45, Major Head "80A—Capital outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

দামোদর পরিকল্পনার দ্বারা ক্যানেল মারফৎ সেচের জন্য আরামবাগ মহকুমায় ব্যাপক অঞ্চলে জল সরবরাহ করিতে না পারায় সরকারী পরিকল্পনার ব্যর্থতা।

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 11,66,71,000 for expenditure under Grant No. 45, Major Head "80A—Capital outlay on Multi-purpose River Schemes outside the Revenue Account—Damodar Valley Project" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the threatening retrenchment of the staff under Damodar Valley Corporation.

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় স্পীকারমহাশয়, ডি, ভি, সির কাজ প্রায় শেষ হয়ে আসছে, এবং যে সমস্যাগুলি সবচেয়ে প্রধান আলোচ্য বিষয় হিসাবে জনসাধারণের সামনে এসেছে, তার কয়েকটা বিষয় নিয়ে আমি প্রথমে আলোচনা করবো। ইলেকট্রিসিটি ডিস্ট্রিবিউশনএর কাজ সুরু হয়েছে, এবং সে দিক থেকে একটা বিষয় যেটা সবচেয়ে বেশী করে আলোচনা করবার প্রয়োজন রয়েছে সেটা হচ্ছে হাইড্রো-ইলেকট্রিসিটির রেট। কারণ, হাইড্রো-ইলেকট্রিসিটির উৎপাদনটা তখনই স্বার্থক হয়ে থাকে যখন সাধারণভাবে ইলেকট্রিসিটি উৎপাদন করে যে রেটএ বিদ্যুৎ দেওয়া যায় তার চেয়ে সস্তায় ও সুলভে দেওয়া যেতে পারে, এবং এর জন্যই এই হাইড্রো-ইলেকট্রিসিটির প্রয়োজন হয়। কিন্তু, এখানে দেখছি যে এ্যানুয়েল রিপোর্ট অব দি ডি, ভি, সি, ১৯৫৫ সালের বেরিয়েছে—তাতে তাঁরা দেখিয়েছেন যে যেখানে এ্যামেরিকার ইউনিট এ্যাভারেজ হচ্ছে 'পার কিলোওয়াট পার আওয়ার' ২ ৬৭ সেন্টস, আর সেখানে টেনেসি ভ্যালিতে হচ্ছে ১ ২২ সেন্টস; অর্থাৎ অর্দ্ধেকেরও কম। এ্যামেরিকার টাউনে সাধারণভাবে যে রেটএ ইলেকট্রিসিটি দেওয়া হয়, টেনেসি ভ্যালিতে ইলেকট্রিসিটির রেট তার অর্দ্ধেকের চেয়েও কম, এই জিনিষটা মনে রাখতে হবে। অথচ আমরা দেখতে পাচ্ছি বর্দ্ধমান প্রভৃতি জায়গায় ইলেকট্রিক রেট পার ইউনিট ।/১০ আনার কমে পাওয়া যায় না; অথচ কলকাতায়, থারমেল ইলেকট্রিসিটি যেখানে উৎপাদন হয়, সেখানে মাত্র ১০ পয়সায় ইউনিট পাওয়া যায়। অতএব এইরকম যদি হয় তাহলে এই হাইড্রো-ইলেকট্রিসিটির দ্বারা সাধারণ লোক কতখানি উপকৃত হবে, এবং আমাদের ওয়েলফেয়ার ষ্টেটই বা কতখানি উপকৃত হবে, সেটা চিন্তার বিষয়।

[7-20—7-30 p.m.]

দ্বিতীয়তঃ আর একটা জিনিস, সেটা আরও গুরুতর। সেটা চিন্তার বিষয়। আমি টেনেসি ভ্যালির রিপোর্ট দেখেছি, প্রধানতঃ তাঁরা খরচের ব্যাপার নিয়ে একটা প্রশ্ন তুলেছেন এবং আশা করি সেই প্রশ্নটার খুব ভাল কোরে জবাব দেবেন। সেটা দয়া করে শোনবার চেষ্টা করুন। সেটা হচ্ছে—টাকা কোথা থেকে আসে? তাই সেই রিপোর্টের শেষে যে রিপোর্টটা পড়লে জানতে পারবেন কোথা থেকে টাকা আসবে, কোথা থেকে ইন্‌কাম হবে—তা আছে। সেখানে দেখছি প্রধানতঃ ইলেকট্রিসিটি বিক্রী কোরে, পাওয়ার সেল কোরে সেইটাই মূল আয়। সেখানে তাঁরা পেয়েছেন ১৮৮ মিলিয়ন ডলার (এতে ফ্রাক্সনটা পড়ছি না)—সেটা হচ্ছে রেভেনিউ ফ্রম সেল অব ইলেকট্রিক পাওয়ার। আর সেখানে ইরিগেশন যেটুকু তাতে মাত্র ৬ লক্ষ ৪৪ হাজার ডলার হয়। সেখানে কত একর জমিতে জল সেচ, সে ফিগার দেওয়া নাই। আরও প্রধান প্রধান জিনিস আছে। আমি জাপানের খবর নিয়েছি, কানাডার খবর নিয়েছি—অল্প সময়ের ভিতর সমস্ত তথ্য দেওয়া সম্ভব না; তবে বহু জায়গার খবর নিয়ে জেনেছি যে জমির উপরে যে রেট সেটা অনেক সময় ফ্রি দিয়েছে—এ কথা মনে রাখতে হবে। তারপরে একটা জিনিস ঐতিহাসিকভাবে সত্য যে দামোদরের জল স্বাভাবিকভাবে দীর্ঘদিন ধরে এই অঞ্চলের চাষীরা নিজেরা পেত। কিন্তু রেলওয়ে হওয়ার জন্য—যে কথা স্যার উইলিয়াম উইলকক্স বলে গেছেন—যে সেই স্যাটানিক চেইন্‌স—সেইটার জন্য তারা বঞ্চিত হয়েছে। অথচ সেখানে এতদিন ধরে রেলওয়ে কোম্পানী প্রচুর লাভ কোরে এসেছে। এই সমস্ত দিক বিবেচনা কোরে সরকারের দায়িত্ব ছিল সেই দিকে প্রধানতঃ লক্ষ্য রাখবার। তা না হয়ে এখানে যা দেখছি তাতে বুঝতে পারছি যে এঁরা প্রধানতঃ লক্ষ্য কোরেছেন চাষীদের ঘাড় থেকে ডেভেলপমেন্ট লেভি এবং ওয়াটার রেট আদায় করা; আর এই দুটোর মাধ্যমে এঁরা টাকা তোলবার চেষ্টা করছেন। এজন্য অনেকে বলছেন ১০ টাকা পর্যন্ত এই ওয়াটার রেট হতে পারে। তা যদি হয় তাহলে

১১ লক্ষ একরে ১০ টাকা রেট হ'লে ১ কোটি ১০ লক্ষ টাকা বাৎসরিক আয় হতে পারে এবং ২৫০ টাকা একর প্রতি ডেভেলপমেন্ট লেভি হ'লে ১১×২৫০ গিয়ে দাঁড়ায়—২৭ কোটি ৫০ লক্ষের মতন ; এ বিষয়ে চীফ মিনিষ্টার পর্যন্ত বলেছেন যে তাঁদের মতলব ৫ বছর এইরকম তুলতে পারেন। আর এই ইরিগেশনএর খাতে দেখছি বেঙ্গলের ঘাড়েই বেশী বোঝা চাপান হয়েছে; এতে বিহারের ঘাড়ে ৩২ লাখ, আর বাকী ৩১ কোটি ৭০ লাখ—প্রায় ৩২ কোটি—সেটা প্রধানতঃ বাংলার ঘাড়েই পড়ছে। এখানে নেভিগেশনটাকে একেবারে ক্লিয়ারলি বাদ দিয়েছেন। অথচ এদিকে এই যে লম্বা নেভিগেশন খাল করা হয়েছে, এর জন্য যা খরচ হয়েছে তার একটা সেপারেট এ্যাকাউন্ট থাকা প্রয়োজন। টেনেসি ভ্যালির রিপোর্ট পড়ে দেখলে তা দেখা যায়। নেভিগেশন হ'লে পর সেদিক থেকে ফ্রেইট চার্জ হিসাবে বেশ ইন্‌কাম হয়। আর খরচের দিক দিয়ে ডিপ ওয়াইড নেভিগেশন চ্যানেল করতে মাইল পিছু যে খরচ হবে ছোট শেলো চ্যানেল হ'লে পর অনেক খরচ কম হয় ; সেইজন্য ঐ হিসাবটাকে একেবারে ক্লিয়ারলি বাদ দিয়ে সমস্তটা চাষীর ঘাড় থেকে তোলবার যে চেষ্টা করা হয়েছে তা অন্যায়। নেভিগেশনএর একটা অপারেশন কস্ট আছে এবং তার রেভিনিউ অল্প কোরে দেখান হয়েছে, অথচ সেটা ক্লিয়ারলি সেপারেট থাকা উচিত ছিল, তা নাই। এই রিপোর্টের শেষের দিকে দেখবেন যে ১৯৫৬-৫৭ সালের শেষ পর্যন্ত খরচ হবে ১০৫ কোটি, আর সেই ১০৫ কোটির ভিতর ৬১ কোটি ৫৭ লক্ষ খালি বাংলার ঘাড়ে; সেন্ট্রালের ঘাড়ে ২৫ কোটি ২৭ লক্ষ এবং বিহারের ঘাড়ে ১৮ কোটি ১৭ লক্ষ। এখানে এইটা দেখে মনে হচ্ছে যে ফ্লাড কন্ট্রোলএর সমস্ত খরচ ১১ কোটি—বাংলার ঘাড়েই দেওয়া হচ্ছে, অথচ সেটা সেন্ট্রালের ঘাড়েই দেওয়া উচিত ছিল। কেন না সেই ফ্লাড যে রেলওয়ের জন্যই হয়েছে এটা ত ঐতিহাসিক সত্য; রেলওয়ে করবার জন্য এই বন্যা হয়েছে। সেটার জন্য এতদিন ধরে যে ড্যামেজ হয়েছে, অন্য কোন গভর্ণমেন্ট হ'লে এই রেলওয়ে ব্যবস্থা করার জন্য তাদের কাছ থেকে ব্যাপক খরচ ধরে নিত। এ ছাড়া অন্য ডিটেলস যদি দেখা যায় তাহলে ইরিগেশনএর খাতে যেসমস্ত ধরা হয়েছে সেগুলি সম্পূর্ণ ইরিগেশনএ আসে কি না সেইটাই প্রশ্ন। কাজেই সমস্ত দিক থেকে যে চিন্তা করবার অনেক জিনিস আছে এ কথা কেউ অস্বীকার করতে পারেন না। জল পেলে চাষের উন্নতি হয়, চাষের জন্য জলের প্রয়োজন আছে, এ কথা সকল চাষীই বোঝে, এবং অনাবৃষ্টির দিন তাকে ৭৷৷০ বা ৭৸০ আনা এমন কি তার উপরে ৮।১০ টাকা পর্যন্ত হ'লেও অন্ততঃ মানুষের যেখানে প্রয়োজন সেখানে তার পক্ষে সম্ভব না হলেও সেই দর দিয়ে বাধ্য হয়ে নিতে হয়। ৪০ টাকা চাউলের দর হ'লেও মানুষ কিনে খায়; তাহলে সেটাকে কি সঙ্গত মূল্য বলা যায়? তাহলে ত সুরাবর্দীও সে সময় বলতে পারতেন—"এটা ন্যায়সঙ্গত মূল্য"। যেখানে চাষী চোখের সামনে দেখে যে সেচের অভাবে ধান শুকিয়ে যাচ্ছে সেখানে যে কোন দামে জল নেবার জন্য সে চেষ্টা করে তাই বোলে সেটাকে ন্যায়সঙ্গত দাম বলা যায় না। বাংলার চাষীর আর্থিক সঙ্গতি যেরকম তাতে তারা যতটা ডাইরেক্ট ও ইনডাইরেক্ট ট্যাক্স দিয়ে নিজেদের রিহ্যাবিলিটেট করতে যায় তাহলে সেখানে উচিত এইভাবে তাদের সম্বন্ধে আপনাদের সঙ্গত ব্যবস্থা কোরে দেওয়া। তা নাহলে পরে সেখানে অফিসারেরা গিয়ে বলবেন—'এত দিতে হবে'। তার পরে ডেভেলপমেন্ট লেভি এটাও সেখানে নেওয়া সম্ভব হবে কি না। সেটা সম্ভব হতে পারে যদি সেখানে ব্যবসা-বানিজ্য বাড়ে, যদি ইলেকট্রিসিটির কন্‌জাম্‌শনএর ভিতর দিয়ে যেমন টেনেসি ভ্যালির মেইন সোর্স অব ইনকাম হচ্ছে দি রেভেনিউ ফ্রম সেল অব ইলেকট্রিক পাওয়ার—তাহলেই সেটা হতে পারে। সত্যই যদি সেইভাবে শিল্পোন্নয়নের পরিকল্পনা থাকে তাহলেই সেটা সম্ভব। আপনারা এখন যা বলছেন সেটা দেখছি থারমাল প্ল্যান্ট, হাইড্রো-ইলেকট্রিক প্ল্যান্টটা মেইন নয়। ওসবের জন্য বাজেটে প্রভিসনও রেখেছেন—একটা ফোর্থ ইউনিট করবার জন্য। সেখানে প্রধান জিনিস যা করেছেন সেটা থারমাল প্ল্যান্ট। থারমাল প্ল্যান্ট ত যে কোন জায়গায় হতে পারে, কিন্তু এর সঙ্গে মিলিয়ে করছেন। প্রথমে যখন হয়েছিল তখন অনেক ইঞ্জিনিয়ার বলেছিলেন এটা একটা ষ্টেবাই জিনিস হচ্ছে, আসল জিনিস নয়। সেইজন্য আজকে অত্যন্ত সহজ সরল প্রশ্ন হচ্ছে যে এই যে ১০৫ কোটি টাকা যা নানারকম হিসাবের কারচুপি কোরে করা হয়েছে তার অধিকাংশই বাংলার ঘাড়ে চাপান হয়েছে এবং তার অধিকাংশই বাংলার চাষীদের ঘাড় থেকে তুলবেন, কিন্তু নানারকম শিল্প, যাদের দেবার সঙ্গতি আছে, যারা কোটি কোটি টাকা দিতে

পারে, তাদের কাছ থেকে না তুলে বাংলার নিরন্ন চাষীদের কাছ থেকে তুলবেন। কাজেই সে সম্বন্ধে আপনারা নীতি ঠিক করুন। টাকা আসবার সম্ভাবনা আছে, এবং আসবে। কাজেই ঐটাই প্রধান কথা।

দ্বিতীয়তঃ, সেচের দিক থেকে কতকগুলি জিনিস দরকার। যেভাবে খাল কেটেছেন—আপনারা জানেন—তাতে সেই সমস্ত জায়গায় সাধারণ স্বাভাবিক কমিউনিকেশন জিনিসটা সব ডিস্‌রাপ্‌টেড হয়েছে। এমন অনেক জায়গা আছে যেখানে খালের এ পারে গ্রাম, ও পারে জমি। সেখানে দেড় মাইল, দু-মাইল দূরে দূরে একটা সিডিউল অনুসারে যদি এক একটা প্রজেক্ট নেন এবং পাকা স্ট্রাক্‌চুরাল ব্রীজ করে যান তাহলে অত দেড়, দু-মাইল ঘুরে ঘুরে ধান আনতে যেতে হয় না, বা ছোট ছোট ছেলেদের এধার থেকে ওধারে পাঠশালায় যাওয়ায় অসম্ভব কষ্ট হয় না; তাই সেখানে সাধারণ কমিউনিকেশনএর যে সোর্স ছিল তা ঠিক রাখতে হবে। অনেক বলাবলির পর শেষদিকে খানিকটা হয়েছে—কম্‌পেনসেশনএর পেমেন্ট একটু দ্রুতগতিতে করছেন। তথাপি এ বিষয়ে বহু কম্‌প্লেন্ট রয়েছে এবং অনেক জায়গায় আরও দ্রুতগতিতে করা যায়: সে সম্বন্ধে একটু নজর দিতে বলি।

তারপরে সবচেয়ে যে গুরুতর সমস্যা তা বলছি। দীর্ঘদিন ধরে যে কাজ হ'ল ডি, ভি, সির জন্য—যাতে প্রত্যেকে আশা করেছিলেন যে টেনেসির মত কিছু দেখবেন—সেই সমস্ত কাজের জন্য যাদের সত্যিকার বলা যায় রিয়েল বিল্ডারস্‌ অব দি প্রজেক্ট, যারা সেটা এতদিন ধরে পরিশ্রম কোরে তৈরী করলে, তাদের সামনে আজ কি আসছে? সে কথা আজ কাগজে দেখলাম। বুলগানিনকে নিয়ে গিয়ে দেখান হল, তিনিও দেখে সদিচ্ছা প্রকাশ করলেন—এই সব ভাসা ভাসা কথা বললে হবে না। যে মানুষগুলো এতদিন কাজ কোরে এটা তৈরী করলে তারাই বা কি পুরস্কার পাচ্ছে? সেই দিকেই আন্তরিকতা প্রকাশ পাবে। সেখানে রেগুলার ষ্টাফ অল্প কয়েকজন আছে। তাদের এ্যাব্‌জবর্ড কোরে নেওয়া যেতে পারবে। আর এ'ডারসন হাউসের যে মাষ্টার রোল তাতে ১৯ হাজার টোটাল এম্‌প্লয়ির মধ্যে ৮ হাজার লেবার। তাতে টেকনিক্যাল স্টাফ না রাখলে হবে না, তাই তাদের রাখা হবে। বাকী সবকে কাজ দেবার কি হবে? আজ কাজের জন্য যাদের ডাকলেন, কাজ শেষ হয়ে গেলে তাদের আর চাকরীতে রাখার প্রয়োজন নেই। এটা শুনতে ভাল। তা ছাড়া অন্য কতকগুলি অভিযোগও আছে। সেই সব অভিযোগ সম্বন্ধে আমি নিজে ভাল কোরে দেখেছি তা বলছি না। এর ভিতর যদি কিছু কিছু সত্য থাকে আপনারা অনুসন্ধান করবেন।

[7-30—7-40 p.m.]

প্রথম নম্বর হচ্ছে—যিনি এই ডি, ভি, সি, এন্‌কোয়ারী সম্বন্ধে লিখেছিলেন সেই পি, এস, রাও মহাশয় আসার পর ভেবেছিলাম যে এই সব দুর্নীতির উপশম হবে কিন্তু দেখলাম যে সেই চেয়ারম্যানএরই টি,এ, হচ্ছে ৯৪ হাজার টাকা। এ বিষয়টা সত্য কি না এন্‌কোয়ারী করা দরকার। পেট্রোল, টেলিফোন কস্ট ১৯৫৩-৫৪র ভিতর ৩৭ হাজার টাকা। বিভিন্ন প্রজেক্টএ তারা কিভাবে পেট্রোল খরচ করছেন সে সম্বন্ধে একটা এন্‌কোয়ারী হওয়া দরকার।

এয়ার-কণ্ডিশনিং যা হয়েছে কলকাতাতে তাতে পি, এস, রাও আসার পর ৫৬ হাজার টাকা খরচ করা হয়েছে এবং বাৎসরিক প্রায় ২০ হাজার টাকা খরচ হচ্ছে। সেখানে যখন কন্‌ষ্ট্রাক্‌শন শেষ হতে চলেছে—৭ হাজার টাকা শুধু পে বিল আছে—এই সময় আর একজন কনস্ট্রাকসন ইঞ্জিনিয়ার কোন সার্থকতা আছে কি না সেটা বিবেচনা করা দরকার।

অন্য দিকে একটা বোট কেনা হয়েছে পাতিয়ালার মহারাজার কাছ থেকে ৬৭ হাজার টাকা দিয়ে। এই বোট আমি জানি—বর্তমানে যিনি চেয়ারম্যান তিনি এক কালে পাতিয়ালা মহারাজার এ্যাডভাইসর ছিলেন। সে দিক থেকে এখানে যেমন বর্দ্ধমানের মহরাজার সমস্ত জায়গাগুলি কিনে নিয়ে তাকে যেরকমভাবে প্রভিসন দেবার ব্যবস্থা করছেন—এটাও সেরকম কি না সে দিক থেকে এর একটা এন্‌কোয়ারী হওয়া উচিত।

তা ছাড়া একটা জিনিস আমার কাছে সব চেয়ে আশ্চর্য লেগেছে যে এখানে সার্ভিস রুল মানা হয় না—টপ এবং বিলো কোন জায়গায়ই মানা হয় না। আমার কাছে খবর আছে যে ১০।১১ জন টপমোস্ট অফিসার তারা আজকে কেন্দ্রীয় সরকারের কাছে মেমোরাণ্ডাম পাঠিয়েছেন এবং তারা অন দি পয়েন্ট অব রেজিগ্নেশন—এইরকম অবস্থায় এসে পৌঁচেছেন। কারণ সেখানে কোন সার্ভিস রুল না মেনে তাদের প্রোমোশন দেবার ব্যবস্থা হচ্ছে। এগুলি অন্ততঃ দেখা দরকার। যখন একেবারে বলা যেতে পারে যে একজন লোককে বিশেষ করে ডি. ভি. সির এইরকম জায়গায় যখন দুর্নীতি হয়েছে—তার পর সেইগুলি দেখবার জন্য যখন লোক নিয়ে আসা হয়, তখন মনে হবে এবার কিছু প্রতিকার হবে, কিন্তু তা সেখানে হয় নি। তারপর আর একটা কথা—বার বার এই সংযুক্তি সম্বন্ধে উনি সুবর্ণরেখার কথা আনেন। কিন্তু এদের এই রিপোর্ট একটু ভাল করে পড়ে দেখবেন—এই বিগেষ্ট দামোদর ভ্যালি—যেখানে সব চেয়ে বেশী বাংলা ও বিহারের প্রশ্ন ছিল—সেখানে এই নিয়ে এ কথা আসে নি। কারণ এটা করবার জন্য কেন্দ্রীয় সরকারের সত্য সত্যই একটা তাগিদ ছিল এবং সেই দিক থেকে, যদি কেন্দ্রীয় সরকারের তাগিদ থাকে, ইচ্ছা থাকে তাহলে পর এই জিনিস হয় আর নইলে পর কেন্দ্রীয় সরকারের এ্যাব্‌ডিকেট করা উচিত। কেন্দ্রীয় সরকার যেখানে ন্যায়সঙ্গত—আমি জানি কেন সংযুক্তির প্রশ্ন আসছে—এবং যে জিনিস অনেক টাকা খরচা করে—সেখানে এই এস. আর. সি. রিপোর্টএ যেটুকু দিয়েছিল তার চাইতেও কম করে ওয়ার্কিং কমিটি যেটা দিয়েছে—সেই রিকমেণ্ডেশনও বিহারকে মানাবার সাধ্য নেই বলে তারা এরূপ করতে বাধ্য। ওদিকে বিহারকে মানান যায় না—তারই ওয়ে-আউট হিসাবে তারা এটা করছেন। সেই জন্য আজ প্রশ্ন উঠেছে—কংগ্রেস ওয়ার্কিং কমিটির সেই সাধ্য আছে কি না—সেন্ট্রাল গভর্ণমেন্টএর সাধ্য আছে কি না—যা ন্যায়, যা সত্য—সে রাজেন্দ্রপ্রসাদ থাকলেও—ও শ্রীকৃষ্ণ সিংহের সমস্ত ভ্রূকুটি সত্ত্বেও—ন্যায় ও সত্যকে প্রতিষ্ঠা করবার জন্য—সে কথা তিনি ইম্‌প্লিমেন্ট করতে পারেন কি না। আর না হলে পর—আপনাদের কিছু ডেকে নিয়ে গিয়ে এবং বিহারের কিছু ডেকে নিয়ে গিয়ে তারপর সেসন করে তারা সিংএর সঙ্গে ফয়সালা হয়েছে তেমনি সেইরকম একটা ফয়সালা দিল্লীতে করে আসেন। তার বিরুদ্ধে যে কি ব্যবস্থা করতে হয় তা বাংলার লোক জানে ও বিহারের লোক জানে। অন্য সব জায়গায় মনে করবেন—একদিন রাজাজি যা বলেছিলেন—'নর্মদা ইজ টু ডিপ'। তেমনি মনে রাখবেন—'বেঙ্গল ইজ টু টার্বুলেন্ট এ প্রভিন্স'। বার বার সমস্ত কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে এখানে বিদ্রোহ, বার বার মাথা গর্জন করে উঠেছে—এই হচ্ছে বাংলাদেশ। তাকে এরকম সহজে ভুলান যাবে না। ছেবলামি করে ভুলান যাবে না।

Sj. Kanailal Bhattacharya:

মাননীয় স্পীকারমহাশয়, দামোদর ভ্যালি প্রজেক্টের জন্য যে অর্থ ব্যয় হয় তাতে মন্ত্রী মহাশয় জানালেন যে বাংলা থেকে এই খাতে শতকরা ৫৮ ভাগ দেওয়া হয়। ১৯৫৬-৫৭ সালের মধ্যে ১০৫ কোটি যে ব্যয় হবে তার মধ্যে বাংলাকে ৬১ কোটি ৯৭ লক্ষ টাকা দিতে হচ্ছে, অথবা হবে। এই বছরে দামোদর ভ্যালিতে খরচা হবে ১৬ কোটি ৩৮ লক্ষ টাকা এবং তার মধ্যে ১ কোটি ৬৬ লক্ষ টাকা বাংলাকে দিতে হবে। দামোদর ভ্যালি কর্পোরেশনএর ভেতরকার কাজ-কর্ম সম্বন্ধে আমি আজকে আপনার সামনে দু-চারটি কথা বলব।

মাননীয় স্পীকারমহাশয়, আপনি বোধ হয় জানেন যে গত পূজার সময় দামোদর ভ্যালির কর্মচারীরা—বিশেষতঃ বাঙ্গালী কর্মচারীরা—পূজা এ্যাডভান্সএর জন্য ৪০ টাকা করে চেয়েছিল। কিন্তু সেখানকার এ্যাড্‌মিনিষ্ট্রেটর যাঁরা তাঁরা সেটা দিতে স্বীকৃত হন নি বলে সেখানে এ্যাজিটেশন হয়েছিল এবং শেষ পর্যন্ত হাঙ্গার-স্ট্রাইকও হয়েছিল। সেখানে তাঁদের সামান্য যুক্তি এই ছিল আমাদের একজন মেম্বার এ্যাবসেন্ট আছেন। অথচ আমরা জানি যে ৩ জন মেম্বারের মধ্যে ২ জন মেম্বার প্রেজেন্ট থাকাতেই তাঁরা বহু ক্ষেত্রে বহু বড় বড় ডিশিসন দিয়েছেন। কিন্তু বাঙ্গালীদের বেলায় এই সামান্য পূজা এ্যাডভান্স দিতে তাঁরা গাফিলতি দেখিয়েছেন। তথাপি দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে বাংলা এখানে দেয় সমস্ত খরচার শতকরা ৫৮ ভাগ।

তারপর দামোদর ভ্যালিতে যে সমস্ত লোয়ার গ্রেডএর কর্মচারী আছেন তাদের মেডিক্যাল বেনিফিট সম্প্রতি দামোদর ভ্যালির চেয়ারম্যান মিঃ পি, এস, রাও বন্ধ করে দিয়েছেন। অথচ আপার ডিভিসন এবং বড় বড় অফিসার যাঁরা সেখানে কাজ করেন তাদের মেডিক্যাল ফ্যাসিলিটিস যা ছিল তাই আছে। এই ব্যাপার নিয়ে তারা সেখানে খুব আন্দোলনও করেছিলেন, কিন্তু কোন ফল হয় নি। কংগ্রেস গভর্ণমেন্ট যেখানে বলেন যে তাঁরা সমাজতান্ত্রিক সমাজ গঠন করবেন সেখানে এটা একটা তাঁদের মস্ত বড় নমুনা যে লোয়ার ডিভিসন কর্মচারীরা যে সমস্ত মেডিক্যাল বেনিফিট পেত সেগুলোকে বন্ধ করে দেওয়া হয়েছে এবং তার দ্বারা খরচ বাঁচানোর চেষ্টা চলছে। কিন্তু দুঃখের বিষয় বড় বড় অফিসার যাঁরা আছেন তাঁরা এখনও ঠিক মেডিক্যাল বেনিফিট পেয়ে চলেছেন। শুধু তাই নয়, মিঃ পি, এস, রাও দামোদর ভ্যালি কর্পোরেশনের চেয়ারম্যান হবার পর, এখানকার যে এমপ্লয়মেন্ট পলিসি তার অনেকখানি পরিবর্তন সাধিত হচ্ছে। মাননীয় স্পীকারমহাশয়, আপনি জানেন না যে এই কর্পোরেশনের মধ্যে এই ভদ্রলোক চেয়ারম্যান নিয়োজিত হবার পর এখানকার পার্সোন্যাল অফিসার শ্রীসোহনলালের সঙ্গে হাত মিলিয়ে যেভাবে এ্যান্টি-বেঙ্গলী কেমপেন চালিয়েছেন তার বিরুদ্ধে বাংলা সরকারের আজ একটা জবরদস্ত আওয়াজ তোলা উচিত। সেখানকার বড় বড় ইঞ্জিনিয়ারদের যেভাবে বরখাস্ত করা হচ্ছে, অথবা যেভাবে তাদের রিজাইন দিতে বাধ্য করা হচ্ছে আমি মনে করি সেটা অত্যন্ত অন্যায় এবং খারাপ কাজ হচ্ছে। এই সম্পর্কে আমি আপনার সামনে দু-একটা উদাহরণও দেব। মিঃ এম, এন, দাস মাইথনে প্রজেক্ট ম্যানেজার ছিলেন এবং ওখানকার একজন বেশ বড় ইঞ্জিনিয়ার। কিন্তু তাঁকে ডিসচার্জ করা হ'ল কারণ মাইথন ড্যাম যে টাইমের মধ্যে তৈরী করার কথা ছিল সেই টাইমটার মধ্যে নাকি তৈরী করা সম্ভব হয় নি। শুধু তাই নয় তাঁকে ডিসচার্জ করে তাঁর জায়গায় যাকে বসান হ'ল তার নাম হচ্ছে মিঃ কিন্নাপ্পা—একজন সাউথ ইণ্ডিয়ান, মাইশোরিয়ান। অতএব তিনি বাঙ্গালীও নন, বিহারীও নন। আই এ্যাম সরি মিঃ পার্থসারথী এবং মিঃ কিন্নাপ্পাকে বসান হয়েছে মিঃ ভট্টাচার্যির জায়গায়। মিঃ এম, এন, দাসকে তখনকার যিনি চীফ ইঞ্জিনিয়ার ছিলেন তিনি যে সার্টিফিকেট দিয়েছিলেন তার ভেতর দিয়ে তিনি বলেছিলেন—

Mr. Das is one of the best Indians

সেই মিঃ দাস এখন আমাদের কোলকাতা কর্পোরেশনের ডেপুটি চীফ ইঞ্জিনিয়ার এবং যে মাইনে তিনি দামোদর ভ্যালিতে পেতেন তার চেয়ে কম মাইনে তিনি এখানে পান না। অতএব দেখা যাচ্ছে যে তার মতন একজন ইঞ্জিনিয়ারকে কর্পোরেশন সঙ্গে সঙ্গে লুফে নিল। কাজেই এই যে পলিসি এই পলিসির অর্থ আর কিছুই না—এটা হচ্ছে যে সেখানে বাঙ্গালীদের বড় বড় চাকরীতে আর রাখতে দেওয়া হবে না। সেখানকার চীফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার শ্রীভট্টাচার্যকে নিয়ে এমন একটা অবস্থা সৃষ্টি করা হয়েছিল যার ফলে তিনি রেজিগ্‌নেশন দিতে বাধ্য হয়েছিলেন কারণ তিনি যে বাংলোতে থাকতেন সেই বাংলোটাকে ছেড়ে দিন বলে হঠাৎ মিঃ রাও তাঁকে টেলিফোনে অর্ডার দিলেন, কেন না, ইউ, পি, থেকে একজন অফিসার চলে এসেছেন। এই ভদ্রলোক যদিও র‍্যাংকএ মিঃ ভট্টাচার্যির চেয়ে নিচুতে তাহলেও তাঁর নাকি য়ুরোপীয়ান ষ্টাইলএ বাস করা অভ্যেস। সে জন্য যে বাংলোতে মিঃ ভট্টাচার্য আছেন সেই বাংলোটা তাঁর দরকার এবং এখনই মিঃ ভট্টাচার্যকে সেটা ছেড়ে দিতে হবে। মিঃ ভট্টাচার্য এইরকম ধরণের অপমান সহ্য করতে না পেরে সেখান থেকে তিনি রেজিগ্‌নেশন দিলেন এবং তিনি এখন বেশ একটা বড় ফার্মে ভাল চাকরী করছেন। অর্থাৎ এঁরই জায়গায় সাউথ ইণ্ডিয়ান মিঃ কিন্নাপ্পাকে বসান হয়েছে। মিঃ গোস্বামী বলে আর একজন ইঞ্জিনিয়ারকেও এইভাবে বিতাড়ন করা হয়েছে এবং তাঁর জায়গায় অন্য আর একজনকে নেবার প্রচেষ্টা চলছে। আর একজন অফিসারের কথা বলি নাম হচ্ছে মিঃ পালিত। ডেভেলপমেন্ট অফিসার, স্মল-স্কেল ইণ্ডাষ্ট্রীজ এবং তাঁর মাইনে প্রায় হাজার টাকার মতন। তাঁর নীচে আর একটা পোষ্টে মিঃ রাওএর একজন আত্মীয়কে নেওয়া হয়েছে এবং পালিতকে বলা হয়েছে তার আণ্ডারে কাজ করতে। যদিও মিঃ পি, এস, রাওয়ের আত্মীয় তবুও তার চেয়ে কোয়ালিফিকেশানের দিক দিয়ে কম হওয়া সত্ত্বেও তাঁকে বাধ্য করা হচ্ছে সেইভাবে কাজ করতে। অর্থাৎ যাতে নাকি তিনি

রিজাইন দিয়ে দিলে মিঃ রাওকে সেই পোষ্টে তুলে ধরা যায়। এরপর যিনি এ্যান্টি-বেঙ্গলী পার্সোন্যাল অফিসার আছেন, শ্রীসোহনলাল, তাঁর দু-একটি কীর্তির কথা বলছি। প্রথমতঃ তিনি যে সমস্ত এম্‌প্লয়িজ যাদের ২।৩ মাস পরে হয়ত কন্ট্রাক্ট শেষ হয়ে যাবে; কিম্বা কাজ শেষ হয়ে যাবে তাদের—বাঙ্গালী, বিশেষতঃ বলে—কোনরকম সার্টিফিকেট দেন না, অন্য জায়গায় কাজের কোন খবরাখবর এলে বলেন না, কিম্বা দরখাস্ত করতে চাইলে ফরোয়ার্ড করেন না। এইরকম বহু কেস হচ্ছে এবং যার ফলে হচ্ছে কি না বাঙ্গালী যাদের কাজ শেষ হয়ে যাচ্ছে তারা সেখান থেকে ডিসচার্জ হয়ে যাচ্ছে, অথচ কোন জায়গায় কাজ পাচ্ছে না। বাঙ্গালী বিতাড়ণে বা বাঙ্গালীদের উপর অত্যাচার করাতে তিনি একটা স্যাডিষ্টিক প্লেজার পান—এটা অত্যন্ত অন্যায় এবং এটার বিরুদ্ধে আমরা তীব্র প্রতিবাদ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আরও একটা কথা বলি সেটা হচ্ছে যে এই যে চেয়ারম্যান পি. এস. রাও তিনি দামোদর ভ্যালি কর্পোরেশান অফিসের ডি-সোটো বলে যে গাড়ী আছে সেই গাড়ীটি তিনি নিজের পার্সোন্যাল ইউজএর জন্য ব্যবহার করেন এবং তার জন্যে তিনি মাসে মাসে মাত্র ১৫০ টাকা করে কর্পোরেশানকে দেন—এটা অত্যন্ত অন্যায়। যিনি চেয়ারম্যান তিনি যদি ভাল দৃষ্টান্ত এই কর্পোরেশনের মধ্যে স্থাপন না করতে পারেন তাহলে নীচের যে সমস্ত অফিসাররা আছেন তাঁরা সৎ ও ভাল মনোভাব দেখাবেন কি করে সেটা আমি ভেবে পাই না। সুতরাং সে দিক দিয়ে বিচার করে দেখতে গেলে তাঁর এই ধরণের কাজ অত্যন্ত অন্যায় বলে মনে হয়। আমি মিঃ পি. এস. রাও সম্বন্ধে যেটুকুন জানতে পেরেছি সেটা হচ্ছে যে ইনি পেপসুতে চীফ সেক্রেটারী ছিলেন এবং তাঁর চীফ সেক্রেটারী থাকাকালীন সেখানে গত যে ইলেকসান হয়ে গেল সেই ইলেকসানে কংগ্রেস যাতে পারে সেই চেষ্টা করেছিলেন। এবং কংগ্রেস তাতে জিততে পারার জন্য প্রাইজ-পোষ্ট হিসাবে তাঁকে দামোদর ভ্যালি কর্পোরেশনের চেয়ারম্যান করে পাঠান হয়েছিল। প্রথমতঃ দামোদর ভ্যালি কর্পোরেশনে যে এনকোয়ারী কমিটি হয়েছিল সেই এনকোয়ারী কমিটির চেয়ারম্যান হিসাবে তাঁকে সেখানে পাঠান হয়েছিল এবং তিনি যে এনকোয়ারি করেছিলেন তাতে অনেক ফ্যাক্টসকে সাপ্‌প্রেস করে অনেক ফ্যাক্টসকে ডিষ্টর্ট করে তিনি রিপোর্ট দিয়েছিলেন। তারপরেই কর্পোরেশনের যখন নূতন বোর্ড হয় তখন তাঁকে প্রাইজ-পোষ্ট হিসাবে সেখানকার চেয়ারম্যান করা হয়। চেয়ারম্যান হয়ে আসার পর সোহনলালের সঙ্গে কন্সপিরেসি করে আজ বাঙ্গালীদের বিরুদ্ধে যেভাবে ষড়যন্ত্র করছেন, নিপীড়ন করছেন এবং দামোদর ভ্যালি কর্পোরেশান থেকে বাঙ্গালীদের বিতাড়িত করছেন সেদিকে আমাদের বাংলা সরকারের একটু বিশেষ দৃষ্টি দেওয়া উচিত। অর্থাৎ যতক্ষণ পর্যন্ত না তাঁরা তাঁদের এই নীতি বদলান ততক্ষণ পর্যন্ত আমি আমার হাউসের সমস্ত সদস্যদের অনুরোধ জানাব যে দামোদর ভ্যালি কর্পোরেশানে আমরা একটা পয়সা দেব না। এ ছাড়াও যতক্ষণ না পর্যন্ত এই দুজন এ্যান্টি-বেঙ্গলী অফিসার সেখানে থেকে রিমুভড হচ্ছেন ততক্ষণ পর্যন্ত আমরা একটা পয়সা সেখানে খরচা করব না।

[7-40—7-50 p.m.]

যাই হোক, আজকে ডাঃ রায় বাংলা বিহার যুক্ত করতে চলেছেন, কিন্তু আজকে দামোদর ভ্যালির মধ্যে বাঙ্গালীর যে স্বার্থ সেই স্বার্থই রক্ষা করতে এই মন্ত্রীসভা পাচ্ছেন না, সেখানে আমি বুঝতে পাচ্ছি না যে যদি বাংলা বিহার যুক্ত হয় তাহলে সেখানে বাংলার স্বার্থ তাঁরা রক্ষা কিভাবে করতে পারবেন। যদিও এই কর্পোরেশানের মধ্যে সবচেয়ে বেশী টাকা বাংলাব-ইণ্ডিয়া গভর্নমেন্ট এবং বিহার গভর্নমেন্ট মিলে যে টাকা দিচ্ছেন তার চেয়েও বেশী টাকা বাংলা সরকার দিচ্ছেন—তা সত্ত্বেও বাংলার স্বার্থ, বাঙ্গালীর স্বার্থ সেখানে ব্যাহত হতে চলেছে এবং এ মন্ত্রীসভাও সে স্বার্থ রক্ষা করতে পাচ্ছেন না। কাজেই বাংলা বিহার যুক্ত করণের প্রশ্ন তুলে বিহারের ম্যাজরিটীর মধ্যে বাংলার স্বার্থ রক্ষা করতে পারা যাবে বলাটা অত্যন্ত অন্যায়। সেজন্য আমি বলব যে যতক্ষণ পর্যন্ত না এই দুজন অফিসারের কার্য চেক করতে পারা যায় কিম্বা এই দুজন অফিসারদের রিমুভড করতে পারা যায় ততক্ষণ পর্যন্ত আর একটা পয়সাও এই গ্রান্টে স্যাংসান করা উচিত নয়।

Sj. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষমহোদয়, মন্ত্রী মহাশয় দামোদর ভ্যালির ভবিষ্যৎ সুখের কথা যে অঙ্কন করলেন তাতে দামোদর ভ্যালির বাহিরের লোকের পক্ষে সেটা খুব সুখকর এবং আনন্দদায়ক কিন্তু আমরা যারা দামোদর ভ্যালির খাস জায়গার লোক, বন্যাপীড়িত অঞ্চলের লোক এবং দামোদরের সহোদর অধিবাসী বললেও ক্ষতি হয় না, তাদের পক্ষে বেদনাদায়ক।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রায় ২ শতাব্দী ধরে বন্যাপ্রপীড়িত দামোদর অঞ্চলে আমার বাস। দামোদর ভ্যালি কর্পোরেশানের বহু ঘোষিত উদ্দেশ্য ৩ দফা—প্রথম বন্যা নিয়ন্ত্রণ, দ্বিতীয় জলকে ডিষ্ট্রিবিউট করে সেচ-ব্যবস্থা করা এবং তৃতীয় হচ্ছে বিদ্যুৎ সরবরাহ। আমি প্রথমটাই বলি যেটা বন্যা নিয়ন্ত্রণের ব্যাপার। সেটা বন্যা নিয়ন্ত্রণ স্থূল দৃষ্টিতে হতে পারে কিন্তু সে জায়গায় প্রত্যক্ষভাবে যদি দেখেন তাহলে দেখবেন যে যারা যুগের পর যুগ ধরে বন্যাপীড়িত ছিল সেই জায়গায় বন্যা নিয়ন্ত্রণ হয় নি—বন্যা বন্ধ হয়ে গেছে। অর্থাৎ যে জায়গায় দামোদরকে সংযত করবার কথা ছিল, তার উদ্বৃত্ত জলকে নিয়ে যে অঞ্চল দুর্ভিক্ষ অঞ্চলের মতন ছিল বা যেখানে বৃষ্টি হত না সেখানে পরিবেশন করবার কথা ছিল এবং সেখানকার জনসাধারণের দাবীও এই ছিল, কিন্তু দামোদরকে সেই জায়গায় সংযত না করে একেবারে সংহার করা হয়েছে। দুর্গাপুর ব্যারেজের নীচ থেকে যেখানে কয়েক শতাব্দী ধরে বন্যা-প্লাবিত ছিল, বন্যার প্রকোপে যারা মরত, কিন্তু আজকে সেখানে বন্ধ হয়ে গিয়ে তারা সেখানে দুর্ভিক্ষের প্রকোপে মরছে। অর্থাৎ মরছে ঠিকই, তফাৎ কেবল দুটো—একটা জলে ডুবে, আর একটা জলের জন্য হাহাকার করে। আমরা সেজন্য এই কথাই বলি যে সেখানকার লোক দামোদরকে বলত—ওরে নদ দামোদর, তোরে নিয়ে আতান্তর। সেজন্য ওখানকার লোক দামোদর ভ্যালি হবার পরে আশা করে বলেছিল—ওরে নদ দামোদর, তোরে নিয়ে বাঁধি ঘর। কিন্তু সে আশা নির্মূল হয়ে গেছে বলে আজ তারা বলছে—ওরে নদ দামোদর তোরে ছেড়ে তেপান্তর। আজ যারা যুগ যুগ ধরে আন্দোলন করেছিল তাদের সেই জায়গায় এতটুকুনও সুবিধে হয় নি এবং সেইদিকে আমি বিশেষ করে দৃষ্টি আকর্ষণ করছি।

এখানে নাব্য খালের কথা বলা হ'ল—সেই জায়গা দিয়ে নাকি কয়লা অঞ্চল থেকে কোলকাতা বন্দরে কয়লা আসবে এবং সেই জায়গায় স্টীমারও চলবে কিন্তু সে যে কি রকম স্টীমার ঐটুকুন খালের মধ্যে দিয়ে আসবে তা বুঝতে পারছি না। যে বিস্তৃত জি, টি, রোড কয়লা অঞ্চল থেকে কোলকাতার সঙ্গে সংশ্লিষ্ট, দুটো এইচ, বি, কর্ড এবং যেখানে মেন লাইন আছে ও ইলেকট্রিক ট্রেন হচ্ছে সেখানে এত রকমের যাবার আসবার সুবিধা থাকতেও কেন আবার আর একটা খাল কাটার ব্যবস্থা বর্দ্ধমানে হচ্ছে। পশ্চিমবাংলার জমি এত কম থাকা সত্ত্বেও সেই জায়গায় দুর্গাপুরের নীচু থেকে আসল নদীকে মেরে দেবার কি প্রয়োজন আছে। আমাদের ঐ পক্ষ থেকে শ্রদ্ধেয় রতনদা যে কথা বলেছেন—সেটা যদিও ইরিগেশনের সময় বলেছিলেন, গলদ হয়েছে- কিন্তু তিনি ঠিকই বলেছেন এবং এই বিষয়ে তাঁর সঙ্গে আমি সম্পূর্ণ একমত। আজকে দামোদরের যে সমস্ত অঞ্চলে বন্যার জন্য বছর বছর বাড়ী ভেঙ্গে যেত, সমস্ত জমি জলা হয়ে থাকত এবং অন্য জায়গা থেকে পরিশ্রম করে যুগ যুগ ধরে খাজনা যোগাতে হত, সেই জায়গায় আজকে বন্যা বন্ধ হয়েছে বটে কিন্তু বন্যা নিয়ন্ত্রণের কথা কখনও বলা ছিল না যে তোমরা বন্যা বন্ধ করে দাও এবং আমরা জল চাই না। এতদিন বন্যা হওয়ায় ঐ সমস্ত জায়গায় এইরকম অস্বাভাবিক অবস্থা হয়েছে যে সেই জায়গা সমতল নয়। সেজন্য আজকে প্রশ্ন উঠেছে এবং আমরা দাবীও করেছিলাম যে সেই জায়গায় দুর্গাপুরের ব্যারেজের ঠিক দক্ষিণ দুয়ার দিয়ে, দক্ষিণ কিনারা দিয়ে যদি একটা ক্যানেল কাটা যায় তাহলে সেখানকার সমস্যার সমাধান হতে পারে। ডিপার্টমেন্ট বলেন যে সেটাতে উঁচু-নীচু হতে পারে, কিন্তু যারা এতযুগ বন্যায় থাকল এবং সে জায়গায় বন্যায় শস্যহানির ফলে এই ক্ষতি হওয়া সত্ত্বেও বন্যা নিয়ন্ত্রণ এবং ডি, ভি, সি, হওয়ার ফলে তাদের মনে যে একটা উৎসাহ এসেছিল সেটা আজ চূর্ণ হয়ে গেছে। সেজন্য আমরা বার বার এই কথাই বলি যে আমরা এক্সপার্ট নই এবং একটা নির্দিষ্ট পরিকল্পনার কথা বললেই ওঁরা বলবেন যে তোমাদের বিদ্যা কতদূর—আরামবাগ অঞ্চলের সমস্ত বন্যা-প্লাবিত অঞ্চল, রায়না থানা, খণ্ডকোষ থানা, জামালপুর থানার আংশিক এবং

বাগডোরের কিছু অংশের জন্য আমরা দাবী করেছিলাম যে জামালপুরের কাছে দামোদরের বক্ষে যদি একটা ব্যারেজ করা হত তাহলে হয় ত সেখানে কিছুটা সমস্যার সমাধান হতে পারত। যদিও আমি সেচ-বিভাগের ২৩ নম্বর কাট মোশানে যে দাবী জানিয়েছি তার উত্তরে হয়ত মন্ত্রী মহাশয় এই কথা বলবেন, কিন্তু আমি এইটুকুন দাবী করি যে ডি, ভি, সির হাতে যখন এই ব্যবস্থা পড়েছে তখন ডি, ভি, সির উচিত যে সমস্ত বড় যন্ত্রদৈত্যের দ্বারা তিলাইয়া প্রভৃতি ড্যাম করা হয়েছে সেই সমস্ত যন্ত্রপাতি এনে যদি ঐ সমস্ত উঁচু নীচু জায়গাগুলোকে সমান করে দিয়ে যদি সেখানে চ্যানেলের ব্যবস্থা করতে পারা যায় তাহলে সেখানে ভাল ফল হতে পারে। এইগুলিই হ'ল আমার বন্যা নিয়ন্ত্রণের কথা।

এবার দ্বিতীয় দফায় ক্যানেলের কথায় আমি বলছি যে সেই অঞ্চলে ক্যানেল নেই। মন্ত্রী মহাশয় আমাদের খাল প্রভৃতি অনেক কিছুই সেই জায়গায় দেখিয়েছেন, কিন্তু আমরা ভাবছি যে যেরকম ধরণের খাল কেটে কুমীর আনবার ব্যবস্থা অর্থাৎ ট্যাক্সের চাপ এত বেশী হবে যাতে মানুষ সেখানে ত্রাহি ত্রাহি ডাক ছাড়বে। তিনি হয়ত বলতে পারেন যে তোমাদের জল দিচ্ছি এবং জল দেবার জন্য খরচ করেছি। ময়ূরাক্ষীর বেলায় যেমন বলা হয়েছে যে আমাদের খরচ খরচা চালাবার জন্য এই কর, তার মধ্যে যে ক্যাপিটাল দেওয়া হয়েছে, সেটা কেমন করে আদায় হবে বলেই দামোদরের বেলায় কথাই ওঠে।

[7-50—8 p.m.]

তারপর আর একটা কথা—কৃষকদের দুরবস্থা—আমাদের অঞ্চলে কাঁথি-এগরা থানার ১১নং ইউনিয়নএ বাস্তবিকপক্ষে যে-কোন লোক মফঃস্বলে গেলেই দেখেছেন যে, ৬১ সালে যে ধান হয়েছিল তা চাষীদের প্রয়োজনের উপযুক্ত হয় নি। ৬২ সালের শেষের দিকে জল হবার জন্য ধান নষ্ট হয়ে গেল। সেখানে চাষীদের এমন অবস্থা হয়েছে যে অনেকেই অনশনে, অর্ধাশনে দিন কাটাচ্ছে। সেই সময় গভর্নমেন্ট থেকে ৬২ সালে খাজনা আদায়ের জন্য নূতন উদ্যমে চেষ্টা করছেন। এর ফলে তাদের আরও দুরবস্থার সৃষ্টি হয়েছে। সরকার বাহাদুর জমিদারী উচ্ছেদ করে এইসব তহশীলদারদের মাসিক বেতনে নিযুক্ত করেছেন। অধিকন্তু আদায়ের পরিমাণের উপর একটা বোনাস দেবার ব্যবস্থা করেছেন। সেজন্য তারা যে-কোন প্রকারেই হোক না কেন তাদের আয়ের পরিমাণ বাড়াবার জন্য সর্বতোভাবে খাজনা আদায়ের চেষ্টা করছেন। সরকার বাহাদুর যেসমস্ত লোককে লোন দিয়েছিলেন সেসমস্ত লোন আদায় করবার জন্য বিশেষ ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। এই ক্ষেত্রে যদি খাজনা আদায় বন্ধ করা না হয় বা লোন আদায়ের চেষ্টা বন্ধ না রাখেন তাহলে চাষীদের পক্ষে জীবনযাত্রা নির্বাহ করা অত্যন্ত কষ্টকর হবে। এ পর্যন্ত তারা সভা-সমিতি করে, দরখাস্ত দিয়েছে স্টেট গভর্নমেন্টএর কাছে যে তাদের নিযুক্ত কর্মচারীদের হাত থেকে পরিত্রাণ পাবার জন্য যাতে তাদের মধ্যে টেস্ট রিলিফএর কাজ দিয়ে এই অবস্থার অবসান করতে পারেন এবং এই ব্যবস্থা যদি অবলম্বন না করা হয়, তাহলে তাদের জীবনযাত্রা নির্বাহ করা অত্যন্ত কঠিন হবে।

আমি আর একটা কথা মাননীয় মন্ত্রীর কাছে নিবেদন করতে চাই—এস্টেট এ্যাকুইজিশন এ্যাক্টএর পর মধ্যস্বত্বাধিকারীদের কাছ থেকে যে জমি নেওয়া হয়েছে, তা অবিলম্বে বিতরণ করার ব্যবস্থা করা হোক এবং এই বিতরণ করার নীতি কি হবে সেটা জানতে চাই। কত পরিমাণ জমি সরকারের হাতে এসেছে এবং তা কিভাবে বিতরিত হবে। তা ছাড়া খাজনা নিরূপণ ব্যাপারে দেখতে পাচ্ছি যেসমস্ত জমিতে সাঁজা প্রথায় রেন্ট ছিল, সেই সমস্ত জমিতে খাজনা বেশি ধরা হচ্ছে এবং এসমস্ত জায়গায় খাজনা নিরূপণ করার কোন নীতি নেই। ধান্যের মূল্যে হিসাব করতে গেলে বিভিন্ন জায়গায় বিভিন্ন মূল্য ধরতে হয়। গতবারে ধানের মূল্য ৭৷৷০ টাকা ছিল এবার ৬৷৷০ টাকা হয়েছে। বহু জায়গায় ধানের মূল্য বেশি করে ধরে খাজনা নিরূপণ করা হয়েছে। সাঁজা খাজনা যা ছিল সেই জায়গায় ধানের মূল্যে খাজনা ধরা হচ্ছে। এ সম্বন্ধে একটা সুস্পষ্ট ডিরেকশন মফঃস্বলে দেওয়া দরকার।

Sj. Gangapada Kuar: Mr. Speaker, Sir,

কৃষি প্রধান দেশে কোন পরিকল্পনা সার্থক করতে হ'লে এবং সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা প্রবর্তন করতে হ'লে সর্বাগ্রে যে জিনিস প্রয়োজন, সেটা হচ্ছে, পুরান ভূমি ব্যবস্থার মৌলিক পরিবর্তন ঘটিয়ে প্রকৃত চাষীর হাতে জমি দেওয়া। এই সর্বজনস্বীকৃত মত সামনে রেখে আমরা যদি পশ্চিমবঙ্গ সরকারের ভূমিনীতি সমালোচনা করি তাহলে অপ্রিয় সত্য হ'লেও বলতে বাধ্য হব এটা আপনাদের ব্যর্থ নীতি। এবং বেশি করে বলতে গেলে বলা যেতে পারে গোষ্ঠীতোষণ নীতি। সারা বাংলাদেশে ৩২ লক্ষ কৃষিজীবী পরিবার আছে, তার মধ্যে ৭ লক্ষ পরিবার ভাগ-চাষের উপর নির্ভর করে। এই ৭ লক্ষ পরিবার একেবারেই ভূমিহীন। সেখানে যেভাবে দুইটি আইন পাস করে পুরান ভূমি ব্যবস্থা সংস্কার করার চেষ্টা হচ্ছে তাতে আসলে ভূমি ব্যবস্থার কোন মৌলিক পরিবর্তন হবে না।

Maximum ceiling, reclaimable land, personal cultivation,

ইত্যাদি—এই সব রক্ষাকবচ মারফৎ তারা তাদের জমিদার, জোতদার, পুঁজিপতি, মিল মালিক বন্ধুদের যেভাবে দরাজ হাতে জমি পাইয়ে দেবার ব্যবস্থা করছেন, তার পরে ভূমিহীন চাষী, ভাগচাষী, যে ১৪ লক্ষ পরিবার আছে তাদের জন্য তারা হিসাব করে বলেছেন যে ৬ লক্ষ একর জমি তারা পাবেন। আমরা অনেক আগেই আশংকা প্রকাশ করেছিলাম এই ৬ লক্ষ একর ত দূরের কথা ২ লক্ষ একরও তারা পাবেন না। কেন পাবেন না সে কথা বলার জন্য এই প্রসঙ্গ উপস্থিত করছি। সত্যিকার ভূমি ব্যবস্থার আমূল পরিবর্তন করতে হ'লে, দেশে ভূমি বিপ্লব প্রতিষ্ঠা করে প্রকৃত চাষীকে যদি ভূমির মালিক করতে হয় তাহলে এই সমস্ত পার্সোনাল কাল্টিভেশন, ম্যাক্সিমাম সিলিং প্রভৃতি পুনঃপ্রতিষ্ঠা না করে নতুন করে চিন্তা করে পরিবর্তন করা দরকার। আমার কাছে সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএর ড্রাফট্ আউটলাইন আছে, সেখানে কমিশন পার্সোনাল কাল্টিভেশন সম্পর্কে যে কথা বলেছেন, আমি সেই কথার দিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—

"A person who does not bear the entire risk or parts with a share of the produce in favour of another cannot be described as cultivating the land personally"

আর এক জায়গায় বলেছেন—

"when the land is resumed for personal cultivation however it is necessary that each of the elements of personal cultivation including labour participation in the main agricultural operation should be insisted upon."

[3-40—3-50 p.m.]

সেজন্য আমি বলব যে এই সমস্ত যে দু'টি আইন পাস করা হয়েছে তাতে গরীব চাষীদের প্রকৃত জমির মালিক করার কথা চিন্তা করে সেগুলি আবার সংস্কার করুন। একটু আগে বলতে চাচ্ছিলাম ৬ লক্ষ একর জমি তারা পাবেন না, কেন পাবেন না একথা পূর্ববর্তী বক্তা রামেশ্বর বাবু বলেছেন যে, বেনামী হস্তান্তর মারফৎ ইতিপূর্বে বহু জমি পাচার হয়ে গিয়েছে। এবং শুধু যে এর দ্বারা চাষীরা জমি পাবে না তা নয়, এর ফলে নানা রকম জটিলতার সৃষ্টি হয়েছে। এই যে জমির জরীপ হচ্ছে এই জরীপের পূর্ব পর্যন্ত সেই সমস্ত খাস জমির অধিকাংশ ভাগ-চাষীরা যা চাষ করত, চাষ করার পর তারা ভাগের ধান জমির মালিককে মিলিয়ে এসেছে কিন্তু এর পরে যে বেনামদার জমিদার হয়েছে তারা রঙ্গমঞ্চে অবতীর্ণ হয়ে তাদের কাছ থেকে ৩ বছরের ধান দাবী করছে অথবা তাদের উচ্ছেদের নালিশ করছে। এভাবে এক দিক বেনামীতে জমি হস্তান্তরিত হচ্ছে অন্য দিকে চাষীদের যারা সেই সমস্ত জমি চাষ করছে তাদের নানা রকম সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। সেজন্য আমি বলব মন্ত্রীমহাশয়ের যদি চাষীদের প্রতি বিন্দুমাত্র দরদ থেকে থাকে তাহলে মন্ত্রীমহাশয় হাই পাওয়ার কমিটি করে এনকোয়ারির বন্দোবস্ত করুন যাতে যেসমস্ত জমি ১৯৫৩ সালের মে মাস পর্যন্ত অন্তত ১০ বছর পূর্ব পর্যন্ত জমিদার জোতদারদের যা কিছু জমি হস্তান্তরের কাগজপত্র আছে সেগুলি ভালভাবে এনকোয়ারি করুন। আমি আমার এলাকার কেশপুর থানার ১৩ নম্বর ইউনিয়নএ এক ভদ্রলোকের কথা জানি তার নাম হচ্ছে নলিনীকান্ত চট্টোপাধ্যায়, তার অধীনস্থ ৫-৬ শ' বিঘা জমি এভাবে বেনামদারী করে

দিয়েছে এবং সেই সমস্ত স্থানীয় সাঁওতাল ভাইরা যারা তা পায় নি তাদের সঙ্গে সংঘর্ষ লাগিয়েছে। স্থানীয় এস, ডি, ও, তদন্ত করতে গিয়েছিলেন এবং তদন্ত করবার সময় সেই সমস্ত বহু জমি বেনামী হয়ে গিয়েছে এ ধরনের যথেষ্ট প্রমাণ পেয়ে এসেছেন। এই সমস্ত বেনামী হস্তান্তরের বিরুদ্ধে বোর্ড অব রেভিনিউর সেক্রেটারির কাছে, স্থানীয় জেলাশাসকের কাছে অভিযোগ করা হয়েছে কিন্তু এ পর্যন্ত কোন এ্যাকশন নেওয়া হয়েছে বলে আমি জানি না।

তারপর গত বছর ল্যান্ড রেভিনিউ সম্বন্ধে আলোচনায় আমি একটা কথা বলেছিলাম যে, আজকে যে আন্দোলন আমাদের সামনে এসেছে সেই ভূদান আন্দোলনের প্রতি শুধু ভারতবর্ষেই নয় ভারতবর্ষের বাইরেও বহু চিন্তানায়কের দৃষ্টি এর দিকে পড়েছে এবং এই আন্দোলনের প্রতি তারা উৎসাহ জানিয়েছেন। এই আন্দোলনে যেসমস্ত জমি পাওয়া গিয়েছে সেই জমিকে লিগ্যাল স্যাংকশন দেওয়ার জন্য একটা আইন পাস করা দরকার। এই ধরনের আইন উত্তর প্রদেশ, বিহার, উড়িষ্যা, রাজস্থানে ও বিভিন্ন জায়গায় হয়েছে। এবং এই যে সেকেন্ড ফাইভ-ইয়ার কমিশনএর রিপোর্টএ যা দেখতে পাচ্ছি তাতে দেখছি যে, এই সম্পর্কে তারা সুপারিশ করেছেন এবং তারা মনে করেন যে ভূমি এই ভূদান আন্দোলনের দ্বারা পাওয়া গেছে সেই ভূমি সত্যিকার যারা ভূমিহীন চাষী তাদের যদি ভূমির মালিক করার ইচ্ছাই থাকে তাহলে এই আন্দোলনকে সমর্থন না জানানর কি কারণ থাকতে পারে তা বুঝে উঠতে পারা যায় না। গত বছর এই সম্পর্কে মন্ত্রীমহাশয় জবাব দিতে গিয়ে বলেছেন—

"There is not enough land to give land but if any person who is entitled to retain any land under section 6 is willing to make over any land for the purpose of bhoodan we may have no objection."

এখানে অবজেকশনএর প্রশ্ন আসছে না। আজকে যেসমস্ত জমি ভূদানে পাওয়া গিয়েছে সেই সমস্ত জমি ঠিকমত রেকর্ড করা হচ্ছে না। যেসমস্ত কর্মচারী জরীপের কাজে নিযুক্ত হয়েছে তারা বলেছে আমাদের কাছে এ ধরনের ইনস্ট্রাকশন নাই, এটা বেআইনী, আমরা করতে পারব না। যারা জমি দিয়েছে তাদের নামেই রেকর্ড করা হয়েছে, ফলে নানা রকম জটিলতার উদ্ভব হয়েছে, অতএব অন্যান্য রাজ্যে যেভাবে আইন করে লিগ্যাল স্যাংকশন করা হয়েছে সেখানে, এখানে কেন যে তারা তা করতে পাচ্ছেন না তা আমরা বুঝে উঠতে পাচ্ছি না। আশা করি মন্ত্রীমহাশয় ভালভাবে আমাদের পয়েন্টএর জবাব দেবেন। জরীপের প্রসঙ্গে আমি বলব যে, পূর্ববর্তী বক্তা যে কথা বলেছেন যে, বহু জায়গায় এরকম দুর্নীতি চলেছে আমি তার সঙ্গে এক মত। এটা ঠিক সেটেলমেন্ট ক্যাম্পএ প্রত্যেকটি কর্মচারী অসৎ এবং দুর্নীতি তারা সকলেই চালিয়েছে এ কথা আমরা মনে করি না। তবে অধিকাংশ ক্ষেত্রে দুর্নীতি চলছে। এবং এমন অনেক জায়গা রয়েছে যেখানকার আবহাওয়া এত দূষিত যে নূতন যারা চাকুরিতে ঢুকেছে তাদের অতিষ্ঠ হয়ে উঠতে হয়েছে এবং যেসমস্ত দুর্নীতিপরায়ণ কর্মচারী আছে তাদের সঙ্গে খাপ খাইয়ে নিতে না পারার জন্য চাকুরি ছেড়ে দিতে পর্যন্ত তারা ইচ্ছুক হয়েছে। এ ধরনের চিঠি আমার কাছে আছে। মন্ত্রীমহাশয় এক সময় বলেছিলেন যে, বিভিন্ন ক্যাম্প রয়েছে তাতে নাকি বেশ ভালভাবে তারা কাজ করছে। ভাল কাজ করছে, ভাল কথা, কিন্তু সবগুলি ক্যাম্পএ তো তার যাওয়া সম্ভব হয় নি, অন্তত কোন অভাব যাতে না ঘটে, যাতে সুষ্ঠুভাবে চলে সেটা দেখা দরকার। এভাবে যদি চলে তাহলে মন্ত্রীমহাশয়ের সুনাম বিপন্ন হওয়ারই কথা।

তারপর আমি সাঁজা চাষীদের সম্বন্ধে কিছু বলব। আমার একটা কাট মোশনও এ সম্পর্কে আছে। যেসমস্ত মৌখিক সাঁজা চাষী আছে তাদের শর্ত লিখিত হচ্ছে না এরকম বহু জায়গায় অভিযোগ উঠেছে। আমার এরিয়ার কেশপুর থানার ১৬ নম্বর ইউনিয়নএ ৩০-৪০ জন সাঁজা চাষী মৌখিকভাবে সাঁজা চাষ করে আসছে তাদের কি শর্ত ছিল তা লেখা হয় নি। সেই সমস্ত টেন্যান্টরা বরাবর দুমণ করে সাঁজা দিয়ে এসেছে কিন্তু রেন্ট রিসিট বেশি লিখে রাখা হয়েছে এবং সেই রেন্ট রিসিট অনুযায়ী রেকর্ডেড হচ্ছে। এরা যে সত্যই দুমণ করে সাঁজা দেয় সেটা রেকর্ড করা হয় নি। সেজন্য এই ক্যাম্পএ, অন্যান্য ক্যাম্পএ ভাগচাষী কোরফা-চাষীদের শর্তাদি ঠিকমত রেকর্ড করা হচ্ছে না। এদিকে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি দিতে বলব। শুধু তাই নয়, এই ল্যান্ড রেভিনিউ খাতে যেসমস্ত কাট মোশন আছে তাতে যেসমস্ত অভিযোগ করা হয়েছে সেগুলি যাতে খুব ভালভাবে তদন্ত করা হয় তার দিকেও মন্ত্রীমহাশয় দৃষ্টি দিন। বলাই বাবুর

যে ৮নং কাট মোশন আছে তাতে একটা গুরুতর অভিযোগের কথা বলা হয়েছে। কেশপুর থানা এলাকা সম্পর্কে আমার যে অভিযোগ, সে সম্পর্কে তিনি বলবার আগে যদি তদন্ত করে থাকেন ভাল, নতুবা তিনি যেন ভালভাবে তদন্ত করে দেখেন এই অনুরোধ করব। সাঁজা খাজনা সম্বন্ধে মন্ত্রীমহাশয় বলেছেন যে চাষী খাজনা দিয়ে দিয়েছে। এ সম্পর্কে আমার বক্তব্য, ইচ্ছা করে যে কোন দিন চাষীরা খাজনা বাকী রাখে এ সম্পর্কে আমার কোন ঘটনা জানা নাইন যদি থাকে তাহলে তাদের প্রতি সহানুভূতি বা দরদ থাকা উচিত নয়। কিন্তু আজকে যে অবস্থা চলেছে লেট মনসুনএর জন্য নবেম্বর মাসে বৃষ্টি হওয়ার দরুন বহু জায়গায় ফসল হানি হয়েছে। সেই সমস্ত জায়গায় চাষীরা খাজনা দিতে পাচ্ছে না। এমন অনেক মৌজা রয়েছে। সদর মেদিনীপুরের ৮নং মৌজা, ডেব্রা থানার ১ নম্বর এবং রামনগর থানায় যেখানে একেবারে ফসল হয় নি সেই সমস্ত মৌজায় তাদের খাজনা মুকুব করা দরকার এবং যেসমস্ত জায়গায় বেশি খাজনা বাকী রয়েছে এবং খাজনার দায়ে বহু কৃষক ভূমিশূন্য হয়ে যাচ্ছে সেখানে এ বিষয়ে চিন্তা করা দরকার। সরকার ওয়েলফেয়ার স্টেট করতে চাচ্ছেন—যাদের নিয়ে স্টেট সেই সমস্ত গরীব দুর্গত কৃষকদের তাদের দুঃখ লাঘব করার দরকার হয়ে থাকে, বিশেষত এই রকম একটা অস্বাভাবিক অবস্থায় তাহলে সেটা ওয়েলফেয়ার স্টেটকে প্রতিষ্ঠা করবার জন্যই দরকার বলে মনে করি।

তারপর যেসমস্ত টেন্যান্টেড সাঁজা তাদের বহু জায়গায় বছরে ৭।০ করে খাজনা দেওয়ার কথা বলা হয়েছে। এই সম্পর্কে তারা মন্ত্রীমহাশয়ের সঙ্গে দেখা করেছে বা ওখানে মাস পিটিশন দিয়েছে। কিন্তু সে সম্পর্কে তিনি কোন ব্যবস্থা করেছেন বলে মনে হয় না। তবে একটা জিনিস তিনি বা বোর্ড অব রেভিনিউ সেক্রেটারি করেছেন সেজন্য তাকে ধন্যবাদ দেব।

[3-50—4 p.m.]

কিন্তু আলোচনা প্রসঙ্গে আমরা জানতে পেরেছিলাম যে, এটা আরও কম হবে। এখন পর্যন্ত সেই সব এলাকার লোকের কাছ থেকে আমাদের কাছে বহু চিঠি এ সম্বন্ধে আসছে। এ সম্বন্ধে আমি বলছি একটা ফ্ল্যাট রেট ধরুন, যাতে ৪-৫ টাকা হয়। এটা বহু পূর্বে উঠিয়ে দেওয়া উচিত ছিল। এখন গরীব চাষীদের রিলিফ দেবার জন্য ফ্ল্যাট রেট করে আদায় করা হয় সেজন্য মন্ত্রী-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর যেসমস্ত হতভাগ্য ছোট ছোট জমিদার লোয়ার ইনকাম গ্রুপ, যাদের ৫০০ টাকা থেকে হাজার টাকা নেট য়্যানুয়াল ইনকাম ছিল তাদের ক্ষতিপূরণ দেবার ব্যাপারে বিশেষ কিছু ব্যবস্থা করছেন বলে আমি জানি না। মন্ত্রীমহাশয় বলেছেন তারা কোন দরখাস্ত করেন নি এবং তার কারণ উল্লেখ প্রসঙ্গে বলেছেন বোধ হয় তারা কম টাকা পাবে বলে। সত্যিই বার্ষিক ৪ আয় নিয়ে তাদের কোন কিছু হবে না। তাদের জন্য নিউ য়্যাভোকেশন করতে হবে। সেই যতদিন পর্যন্ত কাগজপত্র সেটেলমেন্ট অপারেশন না হচ্ছে ততদিন পর্যন্ত তারা যাতে মেজর পোর্শন পায় তারজন্য দৃষ্টি দিতে তাঁকে অনুরোধ করছি। কারণ বহু ফ্যামিলি আমি জানি, তারা ছেলেমেয়েদের পড়াশুনা, মেয়েদের বিয়ে পর্যন্ত দিতে পারছে না। তারা অত্যন্ত দুর্দশার মধ্যে দিন কাটাচ্ছে। আপনারা সব সময় উপর তলার দিকে দৃষ্টি দেন, আর এদিকে মুখে বলেন সমাজতান্ত্রিক রাষ্ট্র গঠন করব।

আরেকটা কথা আমি আমার কাট মোশনএ উল্লেখ করেছি যে, ডেবড়া থানায় গোলগ্রামে হালোয়ারা যে স্টেট আছে তারা সব চ্যারিটি বন্ধ করে দেবার হুমকি দিচ্ছেন। সেখানে আপনি নিজেও গিয়েছেন। এই চ্যারিটি যাতে বন্ধ না হয় সেজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এর পর আমি বলব সেটেলমেন্ট কর্মচারীদের ইতিমধ্যে ছাঁটাই করে দেবার হুকুম দেওয়া হচ্ছে। কুচবিহারের সেটেলমেন্ট ক্লার্কস এ্যাসোসিয়েশনএর সেক্রেটারি আমাদের টেলিগ্রাম করে জানিয়েছেন যে, ৪১ জনের উপর ছাঁটাইএর নোটিস দেওয়া হয়েছে। আমি তাঁকে অনুরোধ করব যাতে এই সমস্ত ছাঁটাই না হয় এবং ওখানকার কাজ শেষ হয়ে গেলে তাদের যেন অন্যত্র প্রোভাইড করা হয়। আপনারা অন-এমপ্লয়মেন্ট সৃষ্টি করতে যাচ্ছেন আর যারা অলরেডি এমপ্লয়েড তাদের ছাঁটাই করে দিচ্ছেন। এ আপনাদের কি নীতি? আশা করি এই সমস্ত হতভাগ্যদের যাতে সুব্যবস্থা হয় তার ব্যবস্থা মন্ত্রীমহাশয় করবেন। আমি শেষ করার আগে বলব আমরা যেসমস্ত অভাব

অভিযোগের এবং দুর্নীতির জন্য কাট মোশন দিয়েছি তার উত্তর এখনই যদি না দিতে পারেন তাহলে পরে তদন্ত করে এই সমস্ত অভাব অভিযোগ এবং দুর্নীতি যাতে দূর হয় তার ব্যবস্থা করবেন এবং জবাব দেবেন।

Sj. Narendra Nath Ghosh:

মাননীয় স্পীকার মহোদয়, ল্যান্ড এ্যান্ড ল্যান্ড রেভিনিউ সম্বন্ধে বলতে গিয়ে প্রথমে আমি সেটেলমেন্টএর কথা বলব। এর আগে আমি বলেছি ১৯৩২ সালে আরামবাগে একটা আন্দোলন হয়েছিল, তখন সেটেলমেন্টকে বর্জন করে সেখানে আন্দোলন ঘনীভূত হয়েছিল। এবং মাননীয় প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় এর নেতা ছিলেন তখন সাধারণ লোককে বলা হয়েছিল স্বাধীনতা আসার পর এই সমস্ত সেটেলমেন্টের গণ্ডগোল আমরা নিজেরা সংশোধন করে দেব। কিন্তু বড়ই দুঃখের বিষয় স্বাধীনতা আসার পর এই ব্যাপার নিয়ে বহু বার সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল কিন্তু সরকার একেবারে নির্বিকার। এবারে সেটেলমেন্টএর পূর্বে কংগ্রেসের কাছ থেকে এক ইস্তাহার বিলি করা হয়েছিল যে, সেটেলমেন্টের এই সমস্ত গোলমাল যা আছে তার ব্যবস্থা করা হবে। কিন্তু আইনগত ত্রুটি রয়ে গিয়েছে এবং যেসমস্ত গোলমাল ছিল তার কোন সংশোধন হচ্ছে না। এখন সেটেলমেন্ট অফিসাররা বলে দিচ্ছেন "গো টু সিভিল কোর্ট"। এ ক্ষেত্রে আমি অনুরোধ করব যেন আইনের প্রয়োজনীয় সংশোধন করা হয়। আমাদের বন্ধুরা সেটেলমেন্টে অনেক দুর্নীতির কথা বলেছেন সে সম্বন্ধে অনুসন্ধান করা উচিত।

তারপর এস্টেটস য়্যাকুইজিশন এ্যাক্টএর বিধান অনুসারে যেসমস্ত দলিল ১৯৫৩ সালের মে-র পরে হয়েছে, এই এটেস্টেশনএর সময় সেই দলিলগুলির দিকে বিশেষ নজর দেওয়া উচিত, তা যদি না হয় তাহলে ঐ আইনের নির্দেশমত ঐসমস্ত সম্পত্তি যথাযথ লিপিবদ্ধ হবে না, তার ফলে যেসমস্ত জমি সরকারের হাতে আসতে পারত সেগুলি আর আসবে না। তারপর যেসমস্ত গোচারণ ভূমি ছিল, জমিদাররা অর্থের লোভে বন্দোবস্ত দিয়ে দিয়েছেন জমিদারী সরকারের হাতে আসার পর কিছু উদ্বৃত্ত জমি থাকবে সেগুলির মধ্য হতে যেন গোচারণের জন্য সরকার কিছু জমি রাখার ব্যবস্থা করেন। কারণ কৃষির উন্নতি করতে গেলে গো-জাতির উন্নতির প্রয়োজন। এস্টেটস য়্যাকুইজিশন পাস হবার পর মাননীয় মন্ত্রীমহাশয় বলেছিলেন, যেসমস্ত ভূমিহীন কৃষক আছে তাদেরকে ভূমি বিতরণ করা হবে। আমি জানতে চাই এটা কি আপনার আমলে হবে? আমি আরেকটা কথা বলতে চাই যে, আরামবাগ এলাকায় এবার আদৌ ফসল হয় নি সেইজন্য দরিদ্র চাষীদের যাতে খাজনা মকুব করে দেওয়া হয় তারজন্য অনুরোধ করছি। কারণ চাষীদের ধারণা হচ্ছে যদি তাদের খাজনা বাকী থাকে তাহলে সেটেলমেন্টএ তাদের স্বত্ব রেকর্ড হবে না—এইজন্য তারা খোরাকী ধান, সমস্ত জিনিসপত্র বিক্রী করে দিয়ে খাজনা দিচ্ছে। এ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

তারপরে আরেকটি বিষয়ে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যেসমস্ত তহশীলদার আপনারা নিয়োগ করেছেন তাদের মাহিনা ২৭ টাকা দিচ্ছেন—যদিও তারা একটা কমিশন পায়, তাদের গ্রামে গ্রামে ঘুরে আদায় করতে হয় এবং সপ্তাহে একদিন করে আদায়ী টাকা মহকুমায় যেয়ে জমা দিতে হয়। মাননীয় স্পীকার, স্যার, আপনি জানেন খানাকুল থানার সবচেয়ে দক্ষিণ প্রান্ত থেকে আরামবাগ ৩০ মাইলের উপর, যদিও তারা ১ আনা করে মাইলেজ পায়, কিন্তু তাদের এতটা পথ বেয়ে টাকা দিয়ে আসতে হয়। তার বদলে তিনি যদি কতকগুলি জোন করে দেন যেখানে তারা টাকা জমা দিয়ে আসবে। কারণ গ্রামাঞ্চলে বর্ষার সময় কত কষ্ট করে তাদের টাকা নিয়ে যেতে হয়। হয় ত রাত্রিতে তাদের কাছ থেকে টাকা ছিনিয়ে নিতে পারে, তখন দায়ী হবে কে? এই সামান্য চাকরী ত যাবেই তার উপর জেল হবে। এদিকে মাননীয় মন্ত্রীমহাশয়ের বিশেষ দৃষ্টি দিতে বলছি।

[4—4-10 p.m.]

শুধু তাই নয়, অনেক সময় রাত্রিতে টাকা নিয়ে বাহির হ'তে হয়, সেই সময় যদি সেই টাকা কেউ পথ থেকে কেড়ে নিয়ে যায়, তখন দায়ী হবে কে? ২৭ টাকা মাইনের তো চাকরী। পাঁচ শো টাকা তার কাছ থেকে ছিনিয়ে নিয়ে গেলে যদি তাকে সেই টাকার জন্য দায়ী হতে হয়,

তাহলে তার সেই চাকরী যাওয়া তো দূরের কথা, নিজের যা কিছু আছে, সেসব বিক্রী করে সেই টাকা মেটাতে হবে। এ সম্বন্ধে আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি।

আর একটা কথা মন্ত্রীমহাশয়কে জানাতে চাই আপনার মারফতে। যারা বড় বড় জোতদার তারা এখন থেকে চেষ্টা করছে যে যাতে কিছু খাজনা বাকী রেখে সেই বাকী খাজনার দায়ে জমি নিলাম করিয়ে অন্য লোকের নামে কিনে নিতে পারবেন। এই সম্পর্কে বি, টি, এ্যাক্টএ কিছু সংশোধন করা যাবে কি না, সেসমস্ত খাজনা বাকীর জন্য সেই সমস্ত জমি সেল হবে, সেটা এস্টেটস য়্যাকুইজিশন এ্যাক্টএর আন্ডারএ আসতে পারে কি না, ইত্যাদি বিষয় সম্পর্কে বিবেচনা করতে মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাব।

Dr. Srikumar Banerjee: Mr. Speaker, Sir, the Minister in presenting his demand for grant under the head "Land Revenue" has given an account of the steps taken by him so far for implementing the provisions of the Etsates Acquisition Act and the Land Reforms Bill. He has pointed out the colossal and complicated nature of the task that confronts us all for the implementation of the legislation we passed. Government are to be congratulated that they have been able to set up a fairly adequate machinery for coming into contact with the people and for making arrangement for the realisation of revenue. No doubt, it is a makeshift arrangement, no doubt, the parts of the machine have got to be strengthened, but still the beginnings of an effort have been made and I am quite sure that with the passage of time this machinery for collecting rents and revenues will be brought into a greater and greater measure of perfection.

Sir, the most outstanding feature of the work during the last year has been the progress of the settlement operations. My friends of the Opposition had put forward various complaints about the corruption and inefficiency in these settlement operations. Many of them have also admitted that this corruption is not universal but it is to a cerain extent localised. Sir, these charges of corruption and inefficiency are natural and many of them are perhaps true. Therefore, Sir, Government ought to set up a machinery for quickly enquiring into these allegations of corruption and inefficiency and other injustice so that the people—the rural people—do not come to suffer because, after all, the reputation of the Government will depend to a large extent upon our handling of this colossal problem of land reforms. I am quite sure that the Minister would take note of the various charges which have been brought and he will set on foot speedy enquiry for these allegations and see that the proper rights of the people are safeguarded.

Sir, complaint has also been made by some of our friends about attempts to defraud the provisions of the Estates Acquisition Act by benami transactions. Sir, there is a provision under section 5A that Government would set on foot a comprehensive enquiry into all these cases of fraudulent transfer of property and there might be some delay in the beginning of these operations because, as the Minister has explained already, no action can be taken till the settlement operations are concluded and till the intermediaries exercise their right of option as to the retention of property. So, a machinery would be set on foot and I am quite sure that the arm of law will be long enough to tackle these cases of fraudulent transactions of transfer. My friends should not be so impatient and should not take it for granted that because action is not taken quickly and immediately, action would be delayed or action would not be taken at all. But even then the whole quetion can be reopened. There is no finality in these things. The whole question can be reopened and, if there is evidence, I am quite sure that the question can be reopened and reopened with success.

Then, Sir, there is the further question that during the coming year, we have got to bring into operation the provisions of the Estates Acquisition Act and the Land Reforms Bill, and, therefore, the quicker the settlement operations are disposed of and the quicker the decision is communicated as to the retention of land by the intermediaries and by the possessors of land who have surplus land, the earlier steps can be taken for implementing the provisions of the two Acts which have been passed by the legislature. Though, of course, it has been already given out by the Government that the surplus land will not be adequate to meet the demands of the landless labourers or of those who are in possession of uneconomic holdings, yet proper steps ought to be taken to distribute the land which has been found to be surplus and which has been taken possession of by the Government in the best possible manner and according to equitable principles to which all our friends of the Opposition would agree.

Sir, Government, in an amendment passed during the last session in the Estates Acquisition Act have admitted charitable and religious endowments and they have taken the responsibility of making available to the holders of these religious and charitable endowments the net income which is left to them after the costs of collection. I do not think Government have, as yet, taken any steps to redeem their responsibility in this respect. I sincerely hope that in view of the great distress in which these people find themselves and in view of the threat to the religious and charitable endowments because of the suspension of income, Government will take the earliest possible opportunity of making available to the owners of these endowments some sort of *ad interim* payment so that our religious and charitable functions might continue without any interruption. Sir, apprehension has been expressed that these will be put to fraudulent or converted use. Sir, every right is liable to be abused, but that does not mean that the right should be denied. It is up to the Government to find out whether the net proceeds of these religious and charitable endowments are being properly utilised, are being utilised for the purposes for which they were instituted. Sir, I am quite sure that if they can stop fraudulent transactions, if they can stop the money from being appropriated to other ends than the legitimate ends, then their action would be appreciated because, in spite of the opposition of some of my friends here, the people of the countryside attach great importance to religious ceremonies and they are very anxious to see that they are not interfered with on account of the change in the nature of the land laws.

[4-10—4-20 p.m.]

Sir, there has been much apprehension expressed about retrenchment and unemployment. Certain staff has been employed for the settlement operations, and as soon as these operations are concluded they will be found to be surplus. Sir, some steps should be taken to see that these people are employed in some other department. Now the Government is faced with the problem of making provision for surplus staff, because their sphere of work is quickly changing, and therefore they must have a ready machinery by which new demands will have to be assessed, and quick transfers could be effected from one kind of work to another without these people being put out of employment. Surely, the Government is thinking of some such device by which as soon as the work of these people is finished in the Settlement Department some other work will be found for them in some other department, because the law as we have passed envisages a great assumption of responsibility on the part of Government in the sphere of rural reconstruction.

Sir, with these words, I support the demand for the Grant which has been put forward by the Hon'ble Minister.

Sj. Subodh Chowdhury:

মাননীয় অধ্যক্ষ মহাশয়! বাংলাদেশে এস্টেট য়্যাকুইজিশন বিল এবং ল্যান্ড রিফর্ম বিল পাস হয়ে যাবার পর যখন এই হাউসে এই বিল নিয়ে আলোচনা হয়, তখন ভবিষ্যতে ভূমি সংস্কার যেভাবে হবে, চাষীর হাতে জমি আসবে, এবং অবস্থার উন্নতি হবে বলে যেসকল কথা শুনতে পেয়েছিলাম, আর এবারকার বাজেট বক্তৃতায় প্রধানমন্ত্রী আমাদের যেকথা শুনিয়েছেন এবং রাজ্যপাল মহাশয় আমাদের যেকথা শুনিয়েছেন তাতে আমরা আশ্বস্ত বোধ করতে পারি; কিন্তু গ্রামাঞ্চলের আমরা যে বাস্তব চেহারা দেখতে পাই, এবং এই বিল পাস হবার পর বিশেষভাবে যে অবস্থা দাঁড়িয়েছে সে সম্বন্ধে আপনার মাধ্যমে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্রথমেই এই বিল পাস হবার পর গ্রামে ব্যাপকভাবে এভিকশন শুরু হয়েছে, নূতন করে এভিকশন শুরু হয়েছে, যদিও এস্টেট একুইজিশন বিল পাস হবার পর যেভাবে এভিকশন হয়েছিল আর এবার যা হচ্ছে তার মধ্যে কিছু তারতম্য আছে। অবস্থা অন্য রকম আছে, কিন্তু এভিকশন বন্ধ হয় নি। তার কারণ বর্তমানে সেটেলমেন্টএর সময় এবং সেটেলমেন্টের যে এটেস্টেশন হচ্ছে তাতে বিভিন্ন কারণে নূতন করে এভিকশন হচ্ছে এবং যে কারণ ল্যান্ড রিফর্মস বিলের মধ্যেই নিহিত আছে। ইল্লিগ্যাল ট্রান্সফার সম্বন্ধে এবং ১৯৫৩ সালের ম্যালাফিডে ট্রান্সফার সম্বন্ধে একটা বিল আনা হবে বলেছিলেন, কিন্তু আজ পর্যন্ত তা হয় নি। যখন ল্যান্ড রিফর্মস বিল পাস হয় তখন দাবী করেছিলেন যে এই রকম কেস এই বিলের আওতায় আনুন, কিন্তু আজ পর্যন্ত তা করা হয় নি। ফলে ভেস্টেড ইন্টারেস্টকে সুযোগ দেওয়া হয়েছে, তাদের বিভিন্ন প্রকারে এবং বিভিন্নভাবে এভিকশন করাবার ব্যবস্থা করা হয়েছে। মন্ত্রীমহাশয় বলেন বাংলাদেশে ৬ লক্ষ একর জমি পাওয়া যাবে, কিন্তু প্রকৃতপক্ষে তাঁরা কতখানি জমি পেয়েছেন? একটা জায়গার উদাহরণ দিই। আমার যে সার্ডিভিশন—কাটোয়া সার্ডিভিশন—সেখান থেকে খোঁজ নিয়ে জেনেছি সেখানে সারপ্লাস কাল্টিভেবল ল্যান্ড ৭ একর আর নন-কাল্টিভেবল ল্যান্ড ৪৫ একর মাত্র। আমি মন্ত্রীমহাশয়কে বলছি আপনারা ত কম্পেন্সেশন দেবেন ব'লে ঠিক করে বাজেটে প্রভিশন রেখেছেন, সুতরাং আপনাদের কাছে কম্পেন্সেশন যখন পাবে তখন সারপ্লাস ল্যান্ড কত তার হিসাব তাঁরা পেতে পারবেন এবং মন্ত্রীমহাশয় আশা করি আমাদের কাছে সে কথা বলবেন। কারণ, এর উপর নির্ভর করেই ত আপনারা পরিকল্পনা করেছেন। এই সমস্ত উদ্বৃত্ত জমি ভূমিহীনদের মধ্যে বিতরণ করতে গেলে উদ্বৃত্ত জমি কত তা জানার প্রয়োজন আছে। ভূমি উদ্বৃত্ত না থাকলে বিতরণ করার প্রশ্ন আসে না। আর তাও কিভাবে বিতরণ করবেন তা আজ পর্যন্ত সেই নীতির কথাও জানান নি। সুতরাং আজ মন্ত্রী-মহাশয়ের কাছে দাবী করি যে উত্তর দেবার সময় সত্যিকার উদ্বৃত্ত জমি কত পেয়েছেন তা জানাবেন। আপনারা যে দেবোত্তর জমি রাখবার সুযোগ দিয়েছেন—এখানে জমিদার পক্ষের অনেক লোক আছেন—তাতে তাঁরা রাতারাতি জমিদারী এস্টেট দেবোত্তর এস্টেটে পরিণত করে যাতে সরকারের আইনকে ফাঁকি দেওয়া যায় তার ব্যবস্থা করেছেন। আর তাঁরা যে এইভাবে দেবোত্তর সম্পত্তিতে পরিণত করেছেন এরকম ঘটনাও আমাদের জানা আছে। এই সমস্ত ব্যাপার দেখে মনে হয় মন্ত্রীমহাশয় বিলের মধ্যে অনেক ভাল ভাল কথা লিখেছেন কিন্তু সেগুলি বাস্তবে পরিণত করার জন্য ব্যবস্থা করছেন না, বরং এই সমস্ত ভেস্টেড ইন্টারেস্টকে সুযোগ দেওয়া হচ্ছে আইনের আওতা থেকে বেরিয়ে যাবার। তা না হ'লে এ সম্বন্ধে তাঁরা কি ব্যবস্থা করবেন সে সম্বন্ধে আমাদের জানালে ভাল হয় এবং তাতে সুবিধা হয়। আজ গ্রামাঞ্চলে যখন এভিকশন চলেছে এবং ইল্লিগ্যাল ট্রান্সফার হচ্ছে তখন তাদের রক্ষা করতে গিয়ে বেশি করে এভিকশনএর ফলে ক্ষেতমজুরের সংখ্যা এবং বেকারের সংখ্যা দিনের পর দিন বেড়ে চলেছে। উপরন্তু অনাবৃষ্টির ফলে ফসল ভাল হয় নি, তাতেও বেকার দিনের পর দিন বাড়ছে; কিন্তু আজ পর্যন্ত মুনাফাখোরী ভাঙ্গবার জন্য কিছুই করা হয় নি। সেটেলমেন্টএর দুর্নীতি সম্বন্ধে এখানে যাঁরা পূর্বে বলে গিয়েছেন তাঁদের একটি কথা বলি—আইনতঃ বিধান আছে যে এক বিঘা জমির উপর যদি বাড়ি থাকে তাহলে সেগুলো নিষ্কর হবে; কিন্তু মন্ত্রীমহাশয় জানেন কি না জানি না এই বিধানের সুযোগ যাতে গরীবেরা না পায় তার ব্যবস্থা জমির মালিকেরা কিভাবে করছেন তা বলি। গরীবদের মধ্যে অধিকাংশই হয় ক্ষেতমজুর, নয় কোরফা প্রজা, বা তারা জমিদারের জায়গায় বাস করছে বহুকাল ধরে, এবং সেখানে মেহনত দিয়ে যাচ্ছে, তাদের কায়িক পরিশ্রমটাই খাজনা হিসাবে দিচ্ছে। তার কোন রেকর্ড থাকত না। তাঁরা যখন সেটেলমেন্ট করতে যান

আগে থেকে বরাবরই জানি ঐ জমিদারের বাড়ীতেই তাঁরা ক্যাম্প করেন এবং অধিকাংশ জায়গাতেই জমিদারের সঙ্গে পরামর্শ কোরে সেইসব খাস বোলে লিখে দিচ্ছেন। নিতান্ত কুঁড়ে ঘর হলে দেখান না, কারণ সে ঘরবাড়ী দেখাবার মত নয়। না হলে বেশীর ভাগ জায়গায় জবর দখল, আপোষ দখল লিখে দেওয়া হয়। এর ফলে আইনের সুযোগ তারা পাবে না। আপনারা ঐ জমি নিষ্কর হবে বলে ঘোষণা করেছেন, অথচ সে জায়গা তারা পাবে না। এ সম্বন্ধে বহু আবেদন মন্ত্রীমহাশয়ের কাছে করা হয়েছে, কিন্তু কোন ব্যবস্থা হয় নি। কেবলমাত্র যদি দখল থাকে তাহলেই সেটেলমেন্ট রেকর্ড হবে। অধিকাংশ ক্ষেত্রে দেখা গিয়েছে সেটেলমেন্ট অফিসারেরা করছেন না, যারা জমির মালিক তারাই ভূয়া কাগজে মৌখিক তাদের জমি একজনের নামে রেকর্ড করে দিচ্ছে। তার ফলে ওরা সেই সমস্ত জমি থেকে বঞ্চিত হচ্ছে।

আর একটি কথা আপনার মাধ্যমে উপস্থিত করতে চাই। এই সমস্ত সেটেলমেন্ট কর্মচারী তাদের কাজ যখন শেষ হয়ে যাবে তাদের সারপ্লাস করা হবে। সেটেলমেন্ট বহু বৎসর আগে হয়েছিল। এমন কর্মচারী আছেন যাঁরা ১৫-২০-৩০ বৎসর পর্যন্ত কাজ করছেন। অধুনা একটা সার্কুলার দেওয়া হয়েছে যে তারা যদি ডিপার্টমেন্টের কর্মচারী না হন তাহলে এক মাসের নোটিশ দিয়ে তাদের সবাইকে সারপ্লাস বলে ঘোষণা করা হবে। আজ হাজার লোক এমপ্লয়মেন্ট পাচ্ছে না, সেখানে যারা এত বৎসর কাজ করেছে এবং এখনও কাজে আছে তাদের বঞ্চিত করার কি কারণ হতে পারে? আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব যাতে অন্ততঃ এইসমস্ত লোককে কাজ দেওয়া হয়। যদি তাদের কাজ না থাকে তবে অন্য ডিপার্টমেন্টে কাজ দেবার ব্যবস্থা যেন করেন।

খাজনা আদায় করার জন্য আগে জমিদারদের যে ব্যবস্থা ছিল সে ব্যবস্থা বানচাল করা হয়েছে। আগে তহশীলদারদের রেমিউনারেশন কম হলেও পরিশ্রমও কম ছিল, লোকে জমিদারের কাছারীতে খাজনা দিয়ে যেত। এখন বাড়ী বাড়ী গিয়ে খাজনা আনতে হয়। তা ছাড়া যতদিন পর্যন্ত কালেকটরীতে গিয়ে জমা না দেওয়া হয়, ততদিন পর্যন্ত তাদের নিজেদের কাছে রেখে দেওয়াও বিপজ্জনক। এর ফলে খাজনা আদায় সুষ্ঠুভাবে হয় না। আগে জমিদারের পাইক, পেয়াদা ছিল, তারা প্রজাদের ডেকে আনত। তা থেকে এখন তারা বঞ্চিত হয়েছে। নূতন সিস্টেম ইনট্রডিউসড করার ফলে তাদের অসুবিধা হয়েছে, এ সম্বন্ধে মন্ত্রীমহাশয়কে ভাববার জন্য বলছি।

আর একটা কথা আপনার মাধ্যমে উল্লেখ করতে চাই—ভাগচাষ সম্বন্ধে। ভাগচাষ বোর্ড এই ৩০শে মার্চ তার মেয়াদ শেষ হবে ও এই আইন উঠে যাবে। এ সম্বন্ধে কি ব্যবস্থা হচ্ছে বা কি চিন্তা করছেন, সে সম্বন্ধে মন্ত্রীমহাশয় আশা করি জবাব দেবার চেষ্টা করবেন। তারপর ভাগচাষ বোর্ডের দুর্নীতি সম্বন্ধে উদাহরণ দিচ্ছি। তমলুকে ময়না থানায় এই ফসল ভাগ করে দেবার জন্য প্রায় দুই মাস আগে দরখাস্ত করা হয় কিন্তু আজ পর্যন্ত তার উত্তর পাওয়া যায় নি। উপরন্তু বোর্ড থেকে তাদের ভাগের সময় চাষীদের ফাঁকি দেবার চেষ্টা করা হয়—তাদের বলা হয়—তোমাদের ধান দেওয়া হবে না, যদি না তোমরা জমির মালিকের সঙ্গে আপোষ মীমাংসা কর। এই যদি নীতি হয়, তাহলে মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করব গরীবদের সুবিধার জন্য এই আইন নূতন করে করবেন কিনা।

[4-20—4-30 p.m.]

Sj. Jnanendra Kumar Chaudhury:

মিঃ স্পীকার, স্যার, এখানে ল্যান্ড রেভিনিউতে যে আয় আগে ছিল—এস্টেট য়্যাকুইজিসন য়্যাক্টএর পূর্বে সেই আয় ছিল দুই কোটি সাত লক্ষ সাঁইত্রিশ হাজার টাকা। তারপর এখন দেখছি যে পাঁচ কোটি আটাশ লক্ষ পঁচাত্তর হাজার টাকা আয় হবে এইটা মন্ত্রীমহাশয় আশা করেন। তার মধ্যে থেকে খরচ বেড়ে গেল—অবশ্য বেড়েছে—সেটেলমেন্ট অপারেসন হচ্ছে—কমপেনসেসন দিতে হচ্ছে—এটা স্বীকার করি। কিন্তু এখান কয়েক বিষয় আমি আপত্তি করি। সরকার তহশীলদারকে ২৭ টাকা বেতন দিচ্ছেন—১২ টাকা পিয়নদের বেতন দিচ্ছেন। তার মধ্যে তাদের উপর হুকুম হচ্ছে যে ১০-১২ দিনের মধ্যে অর্ধেক টাকা আদায় করে দিতে হবে। আপনি আপনার

লোকের উপর জুলুম করছেন—তারা আবার প্রজার উপর জুলুম করছে। গোড়া থেকেই আমরা ভয় করেছিলাম যে এই এস্টেট য়্যাকুইজিসন য়্যাক্ট চালু হলে—খাসমহল হয়ে গেলে অত্যাচার হবে—এর আভাস দেখতে পাচ্ছি। আমি বলব দাঁতন থানায় অনেক জায়গায় দুই বৎসর ধান হয় নি। সেখানে জুলুম চলছে যতশীঘ্র খাজনা আদায় হয়। তারপর আর একটা জিনিষ আপনার নজরে আনছি—মধ্যবিত্ত সম্প্রদায় যারা কেউ কাকে জমি বিলি করে নি বা জমি ২৫ একরএর চেয়ে কম তারা এস্টেট য়্যাকুইজিসন য়্যাক্টএ ২৫ একর জমি ৬ ধারা অনুসারে রাখছে তারা সেই মত রিটার্ন দিয়াছে। তাদের মধ্যে যারা আইনমত ভাগে বিলি করেছে—সরকার পক্ষের তহশীলদার তাদের কাছ থেকে ভাগধান আদায় করবার চেষ্টা করছে। ভাগধান সেটা সাঁজা নয়। সাঁজা হলে বুঝতাম সেটা রেন্ট। সেইজন্য এই ভাগধান তাদের কাছ থেকে আদায় করবার কোন কারণ নেই। কারণ তারা জমি ২৫ একরএর মধ্যে রাখছে এবং আইনতঃ তা রাখতে পারে। কেননা আপনি বলেছেন, আপনার খাজনা আইনে দেখিয়েছেন—২৮ সালের সংশোধিত খাজনা আইনে—তাতে বিধান আছে প্রজা হবে মাত্র দুই জায়গায়। এক হচ্ছে যে ক্ষেত্রে মালিকদের সঙ্গে রেজিষ্ট্রি করেছে দলিল সে প্রজা বলে স্বীকৃত হবে। আর একটা হচ্ছে কোন আদালতে প্রজা বলে প্রমাণ হলে তাকেও প্রজা বলে মেনে নেওয়া হবে। কিন্তু সেখানে যদি শুধু একটা সেটেলমেন্ট রেকর্ড থাকে, তাহলেই আপনি ধান আদায় করতে পারবেন না। আমি জানি অধিকাংশ লোকের ২৫ একর জমিও নাই—সেখানে মধ্যস্বত্বাধিকারীর ১০ একর জমি আছে তারা হয়ত তার মধ্যে ৫ একর ভাগে দিয়েছিল এবং সেইরকমভাবে রেকর্ড হয়ে গেল। সেই জমি রাখবার রিটার্ন দিলেন—তখন কেন সে সেই জমি পাবে না। এইরকম করলে মধ্যস্বত্বাধিকারীরা একেবারে উচ্ছেদ হয়ে যাবে। এর প্রতিকার করুন। এটা অত্যন্ত পরিষ্কার জিনিষ যে তারা ২৫ একর জমি রাখতে পারবে। গরীবদের উপর জুলুম করবেন না। বড়লোকদের উপর জুলুম করুন বাধা নেই। কিন্তু যারা গরীব—মাত্র ২৫ একরএর চেয়েও কম জমি—তাদের জমি কেড়ে নেবার চেষ্টা করবেন না।

তারপর রাজস্ব আদায়ের জন্য কর্মচারী যারা নিযুক্ত হয়েছে—তাদের জন্য বাড়ী ভাড়া নেওয়া হয়েছে। আমি জানি না মন্ত্রীমহাশয় প্রতি থানায় থানায় বাড়ী ভাড়া নিয়েছেন কিনা। দাঁতন থানায় ১২০ টাকা দিয়ে বাড়ী ভাড়া নেওয়া হয়েছে। অনেক ত আপনাদের সার্কল অফিসার আছেন—তাদের ঘাড়ে এটা চাপিয়ে দিন তবেই রেভিনিউ আদায় করতে পারবে। যখন খাসমহল ছিল—তখন প্রতি সাবডিভিসনএ একজন খাসমহল অফিসার এবং কোর্ট অব ওয়ার্ডসএর জন্য প্রতি সাবডিভিসনএ একটা অফিসার ছিল। এখন প্রতি থানায় থানায় অফিস বড়ানোর কি প্রয়োজন আছে। তাতে খরচ বেড়ে যাবে অনর্থক। প্রধান মন্ত্রীমহাশয় বলেছিলেন এস্টেট হাতে এলে আমাদের চার-পাঁচ কোটি টাকা আয় হবে এবং ২০ বৎসরের মধ্যে দেনা শোধ করতে হবে। এ সমস্তই আকাশকুসুম হয়ে যাবে। এজন্য এটা বন্ধ করুন।

তারপর যানবাহনের সুবিধা হয়েছে সুতরাং থানায় থানায় এরকম অফিস করতে হবে এর কোন মানে হয় না।

তারপর গ্রামপঞ্চায়েত আইন আসছে ; এটা চালু হলে—অন্য প্রদেশেও হচ্ছে—গ্রামপঞ্চায়েত রাজস্ব আদায় করতে পারবে। সুতরাং এইভাবে ঘর ভাড়া করে খরচ বাড়াবার কোন কারণ নেই।

আমার শেষ বক্তব্য হচ্ছে—প্রজাদের উপর যেভাবে জুলুম করে খাজনা আদায় করা হচ্ছে, সেটা বন্ধ করুন। এবং যাদের ২৫ একর জমি আছে—তার সম্বন্ধে একটা ব্যবস্থা করুন।

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহাশয়, ভূমিসংক্রান্ত যে দুইটি গুরুত্বপূর্ণ আইন পাশ হয়েছে সেই দুটি আইনকে কার্যকরী করার জন্য যে সেটেলমেন্ট অপারেসন আরম্ভ হয়েছে সেই প্রসঙ্গ উত্থাপন করে প্রারম্ভেই আমি আপনার বিরক্তি উৎপাদন করব বলে আপনি হয়ত ভাবছেন। কিন্তু আমি যতটা পারি পুনরুক্তি এড়িয়ে এ সম্বন্ধে দুই-একটি কথা বলতে চেষ্টা করছি। এই সেটেলমেন্ট অপারেসনএর ভিতর দুর্নীতির কথা বলা হয়েছে। আমার পূর্ববর্তী বক্তারা বলেছেন। আমি নতুন করে এই সম্বন্ধে ও সরকারের নীতি সম্বন্ধে দুই-একটি কথা বলছি। যেহেতু বর্তমান

ভূমি ব্যবস্থায় ভূমির সঙ্গে ভূমির মালিকের সম্পর্ক পাকাপাকিভাবে স্থির করে নেওয়া হবে এই সেটেলমেন্ট খাস, গভর্নমেন্টের তরফ থেকে এ বিষয়ে একটা নির্দিষ্ট নীতি নির্ধারণ করে দেওয়া উচিত ছিল। কিন্তু তা তারা দেন নি। সাঁজার ব্যাপারে, কর্মচারীদের দুর্নীতি বা ঘুষ নেওয়ার জন্য মালিকরা বেশী করে সাঁজা লিখিয়ে নেয়—এটা ত আছেই তার সঙ্গে এও আছে সরকার থেকে ধান নির্দিষ্ট হয়ে গেছে যে ধান এই পরিমাণ দিতে হবে কিন্তু সেই ধান নির্দিষ্ট করে দেওয়া হলেও সেই ধরনের মূল্য নির্দিষ্ট করে দেওয়া হয় নি। সেইজন্য দেখছি যে বিভিন্ন অঞ্চলে সাঁজার ধানের মূল্যের ব্যাপারে অনেক তারতম্য হচ্ছে। আমাদের হাওড়া জেলার শ্যামপুর থানার কয়েক বৎসরের ধানের মূল্যের গড় ধরে নেওয়া হয়েছে। তার ফলে, এবং এই অঞ্চলে সাঁজা ধানের পরিমাণ অনেক বেশী বলে, অনেক জমির উপর ৫০-৬০ টাকা খাজনা ধরা হয়েছে—সাঁজা ধানের মূল্য হিসাবে। ধানের মূল্য ক্রমশঃ কমে আসছে। সেইজন্য ঐ দরটা বর্তমান দরে বেঁধে দেওয়া উচিত ছিল। সেই দর বেঁধে দেওয়া হলে সেইসমস্ত ক্ষেত্রে সাঁজার ধানের মোট মূল্য কম হতো।

[4-30—4-40 p.m.]

এই অতিরিক্ত হারে সাঁজায় জমির ধানের মূল্য হিসাব করে খাজনা নির্ধারণ করার ফলে অনেকে সাঁজায় জমি ভয়ে ছেড়ে দিতে বাধ্য হচ্ছে। বর্গাদারদের সম্পর্কে যেভাবে মালিকপক্ষের প্রভাবে প্রভাবান্বিত হয়ে ঘুষ ইত্যাদি খেয়ে এবং অন্যভাবে দুর্নীতির বশবর্তী হয়ে সেটেলমেন্ট কর্মচারীরা বর্গাদারদের উচ্ছেদ করছে, সে সম্বন্ধে আমি বিশেষ করে আলোচনা করবো না। অন্য একটা আলোচনা আমি করতে চাই যে বহুদিনের যে ভূমি ব্যবস্থা চলে আসছিল, সেই ব্যবস্থার ফলে দেশের জনসাধারণের কয়েকটা ক্ষেত্রে যে বিশেষ ক্ষতি হয়েছে নূতন ভূমিব্যবস্থায় সেদিকে সরকারের দৃষ্টিপাত করা উচিত ছিল এবং সেদিকে দৃষ্টি দিয়ে নীতি নির্ধারণ করা উচিত ছিল। আমাদের দেশে বহুদিন পূর্ব থেকে বহু গোচরভূমি ছিল, শ্মশান, পতিত, খাল বিল ছিল সেগুলিকে জমিদার বা আশেপাশের জমির মালিকরা আত্মসাৎ করে নিয়ে জমিতে পরিণত করেছে। আমাদের দেশে যেসমস্ত জলনিকাশের খাল ছিল বা সেচের খাল ছিল, সেগুলির পাড়গুলি এখন আর সাধারণের ব্যবহার্য নয়, সেগুলিকে ব্যক্তিগত মালিকানার মধ্যে আনা হয়েছে। সরকারপক্ষ থেকে যাতে এই সমস্ত গোচরভূমি, শ্মশান, খাল বিল এবং খালের পাড়, এগুলি যাতে আবার সাধারণের ব্যবহার্য জমি হিসাবে ফিরে পাওয়া যায় সেদিকে দৃষ্টি দেওয়া উচিত ছিল এবং সেটেলমেন্ট মাপের কাজের সময় কর্মচারীদের সেইভাবে নির্দেশ দেওয়া উচিত ছিল। কিন্তু ঐসমস্ত কর্মচারীদের সেরকম কোন নির্দেশ দেওয়া হয় নি, এদিকে আর একটা বিশেষ অসুবিধা হয়েছে, এবং সেটেলমেন্টের ক্ষেত্রে যা কিছু দুর্নীতি, সেই দুর্নীতির মূল একটা কারণ এই যে, সেটেলমেন্ট ব্যাপারে যথোপযুক্ত সংখ্যক ক্যাম্প এবং কর্মচারী নিয়োগ করা হয় নি। আমরা জানি যে এই সেটেলমেন্ট অপারেসন খুব তাড়াতাড়ি করবার জন্য আমীনদের তাড়াতাড়ি কাজ সারবার নির্দেশ দেওয়া হয়েছে যার জন্য সমস্ত জিনিষটা খুঁটিনাটি-ভাবে দেখবার সুযোগ তারা পায় না এবং অনেক ক্ষেত্রে একই খুঁটি একই জায়গায় বিভিন্ন মালিকের অধীনে রয়েছে, তাদের পৃথক করে সেই জমিগুলিকে আলাদা করে রেকর্ড করাবার কোনরূপ ব্যবস্থা তাঁরা করেন নি এবং অনেক ক্ষেত্রে যেসমস্ত জমি আগে এক এক দাগে মাপ হয়েছে, সেগুলিকে বর্তমানে বিভিন্ন দাগে বিভিন্ন মালিকের নামে হয়ত মাপ করা উচিত ছিল, কিন্তু তা করা হয় নি। সেটেলমেন্ট ক্যাম্পগুলি অনেক দূরে দূরে অবস্থিত হওয়ার ফলে সেগুলি একটা ছোটখাট আদালতে পরিণত হয়েছে। সেই ক্যাম্পগুলি যদি কাছাকাছি জায়গায় হোত, ঘন ঘন জায়গায় যদি হত, তাহলে তার মধ্যে এত দুর্নীতি হতে পারত না এবং ভূমিস্বত্বের ঠিক পরিচয় পাওয়া যেত বলে আমি মনে করি। সেটেলমেন্ট ক্যাম্পগুলি ছোটখাট আদালতের মত হয়েছে এবং সেখানে টাউটরা প্রভাব বিস্তার করেছে এবং সাধারণ মানুষ, যারা বিশেষ কিছু বোঝে না, তারা এইসমস্ত টাউটদের হাতে পড়েছে এবং তাদের অন্যথা ঘুষ দিতে হচ্ছে ও অন্যভাবে অর্থ ব্যয় করতে হচ্ছে। তাদের স্বার্থও সবদিক দিয়ে উপেক্ষিত হচ্ছে এইসব ব্যাপারে, কাজেই আমার মনে হয় ডাঃ ব্যানার্জি যা বললেন সেটেলমেন্ট অপারেসন এটা কন্টিনিউড অপারেসন, এটা এখানেই হয়ত শেষ নয় ; আমার মনে হয় সরকারকে এইসমস্ত কথা বিবেচনা করে তাদের বর্তমান নীতি পরিবর্তন করে নূতন করে সেটেলমেন্টের ব্যবস্থা করতে হবে এবং তাহলে

ভূমি সম্বন্ধে একটা সঠিক চিত্র আমরা পেতে পারবো। জমিদারী দখল করে নেওয়ার ব্যাপারে যে খাজনা আদায়ের ব্যবস্থা হয়েছে সে সম্বন্ধে দুই-একটা কথা আমি বলতে চাই। আমি বলতে চাই যে এইসমস্ত ক্ষেত্রেও সেই আগেকার দুর্নীতি রয়েছে। বিভিন্ন লোকের নামে যেসমস্ত ক্ষেত্রে খাজনা আদায়ের ব্যবস্থা হয়েছে, নাম খারিজ হয়ত অনেকদিন আগে থাকতে রয়েছে, সেইসমস্ত জমিগুলি এইসমস্ত নূতন আদায়কারীরা আলাদা আলাদা করে দিচ্ছে না, সেগুলি জড়িয়ে রাখছে এবং টাকাকড়ির চাপ দিচ্ছে যাতে টাকাকড়ির চাপে পড়ে জনসাধারণ সেগুলিকে আলাদা করে নিতে পারে। এমনকরে জনসাধারণকে কিরকমভাবে চাপ দিচ্ছে, তার একটা উদাহরণ আমি দিচ্ছি। মাননীয় জনার্দন সাহু মহাশয়ের জায়গা পটাশপুর থানার কথা বলি।

[At this stage the blue light was lit.]

আর দুই-এক মিনিট সময় লাগবে স্যার। পটাশপুর থানায় বাগবাসপুর গ্রামাঞ্চলে যেসমস্ত বর্গাজমি সরকারের অধীনে এসেছে সেইসব বর্গার জমির ধান আদায় করবার জন্য সেই সমস্ত আদায়কারী কর্মচারীরা গিয়ে বলছে যে আমরা থেকে ধান কাটাবো, আমরা যতক্ষণ পর্যন্ত ধানের পরিমাণ নির্ধারণ করতে না পারি ততক্ষণ পর্যন্ত তোমরা ধান কাটতে পারবে না। তাদের নির্দেশে পড়ে এইভাবে চাষীরা জমির ধান কাটতে পাচ্ছে না, ধান তাদের ঘরে নিয়ে যেতে পাচ্ছে না, ফলে ধান মাঠে পড়ে সব নষ্ট হয়ে যাচ্ছে। এইসমস্ত দুর্নীতির দিকে সরকারের বিশেষভাবে দৃষ্টি দেওয়া প্রয়োজন এবং ভূমিব্যবস্থা পরিবর্তন করে জনসাধারণের অসুবিধা দূর করে যাতে তাদের কিছু সুবিধা হয় সেদিকে দৃষ্টি দেওয়া বিশেষভাবে দরকার। যদিও নূতন পরিবর্তিত ভূমি আইনের দ্বারা জনসাধারণ বিশেষ উপকৃত হয় নি, তবুও যে ব্যবস্থা হয়েছে সেই ব্যবস্থাকে যথোপযুক্তভাবে কার্যকরী করার জন্য বিশেষভাবে চেষ্টা করা উচিত।

সরকারের জনস্বার্থবিরোধী ভূমিনীতি সম্বন্ধে একটা উদাহরণ দিই। গড়িয়ার নিকটবর্তী বৈষ্ণবঘাটায় সেটেলমেন্ট কানুনগোজ কলোনী নামে পরিচিত একটি জায়গা আছে, সেখানে সরকারের একটা অন্যায় নীতির দিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এখানে সেটেলমেন্ট কানুনগো এবং সেটেলমেন্ট বিভাগের বিভিন্ন কর্মচারীরা একটা কো-অপারেটিভ সোসাইটির মত করে তাঁরা সেখানে একটা কলোনী প্রতিষ্ঠা করবার জন্য ল্যান্ড একুইজিসনের চেষ্টা করেন সরকারের মারফত এবং বিভিন্ন সময়ে তারা এক লক্ষ ৭২ হাজার টাকা সরকারকে জমা দিয়েছিলেন সেইসমস্ত জমি একোয়ার করার জন্য। এই একুইজিসনের বিরুদ্ধে জমির সাবেক মালিক যাঁরা তাঁরা মামলা মোকর্দমা দায়ের করেন আলিপুর সিভিল কোর্টে, ক্যালকাটা হাই কোর্ট, এবং সুপ্রীম কোর্ট পর্যন্ত তার বিচার হয়। এই বিচারের সময় ইনজাংসন দেওয়া ছিল এইসমস্ত সম্পত্তির উপর। এই মোকর্দমায় এঁরা জিতলেন, এবং সেটেলমেন্ট কানুনগোরা জমির মালিকানা পেলেন এবং ইনজাংসনও উঠলো কিন্তু দুঃখের বিষয় ইনজাংসন উঠবার সঙ্গে সঙ্গে দেখা গেল সরকার অনেকখানি জায়গা, এই কর্মচারীদের টাকা দিয়ে একোয়ার করা অনেকখানি জায়গা স্টেট ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টকে দিয়ে দিলেন এবং শুধু তাই নয়, শিক্ষাবিভাগের গড়িয়া কলেজ প্রতিষ্ঠার জন্য সেখানে আরো অনেকটা জায়গা দিয়ে দেবার মতলব তাঁরা করেছেন। সেটেলমেন্ট কানুনগোরা টাকা জমা দিয়ে রেখেছেন, তাঁদের টাকায় একুয়ার করা জায়গা, সেগুলি তাঁদের মতামত উপেক্ষা করে সরকার ইচ্ছামত ব্যবহার করলেন। সাধারণ মধ্যবিত্ত মানুষ, তাঁদের প্রতি এই যে অবিচার এটা অন্যায় এবং অসঙ্গত। সরকারের যে নীতি, ভূমি সংক্রান্ত যেনীতি সেটা বাস্তবিকপক্ষে সাধারণ দরিদ্র মধ্যবিত্তের স্বার্থের দিকে দৃষ্টি না রেখে নিজেদের এবং অপেক্ষাকৃত সম্পন্ন সম্প্রদায়ের স্বার্থের দিকে দৃষ্টি রেখেই যে করা হয়েছে, এটা তার একটা উদাহরণ। আমি আশা করি সরকার এর প্রতিকারের ব্যবস্থা করবেন।

Sj. Provash Chandra Roy:

মাননীয় সভাপাল মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গ কৃষিপ্রধান দেশ এবং পশ্চিমবঙ্গের ৩২ লক্ষ পরিবার অর্থাৎ এক কোটি ৬০ লক্ষের মত মানুষের ভাগ্য ভূমির সঙ্গে জড়িত। পশ্চিমবঙ্গের প্রকৃত উন্নতি করতে গেলে এইসমস্ত মানুষের জীবনকে কি করে আমরা সুখসমৃদ্ধিতে গড়ে তুলতে পারবো সেদিকে মূলতঃ নজর দিয়ে ভূমিব্যবস্থা করা দরকার। সেইজন্য আমরা মাননীয় মন্ত্রীমহাশয়কে ইতিপূর্বে জানিয়েছিলাম যে তা করতে হলে বিনা ক্ষতিপূরণে জমিদারী প্রথার

উচ্ছেদ করতে হবে কৃষকদের মধ্যে যত বেশী পরিমাণে জমি বিলি করা যায় সেই দৃষ্টিভঙ্গী নিয়ে কৃষি সমস্যার সমাধানের ব্যবস্থা করতে হবে, কৃষকদের ঘাড়ে যে কোটি কোটি টাকা ঋণের বোঝা চেপে আছে তা থেকে কৃষকদের মুক্ত করতে হবে, ট্যাকসের বোঝা দিনের পর দিন না বাড়িয়ে তাদের ঘাড় থেকে ট্যাকসের বোঝা কমাতে হবে, কৃষিজাত দ্রব্যের ন্যায়সঙ্গত মূল্যে বিক্রয়ের ব্যবস্থা করতে হবে। এবং শিল্পজাত ও কৃষিজাত মূল্যের সামঞ্জস্য বিধান করতে হবে। তা যদি করা যায় তবে কৃষকদের অবস্থা ফিরবে এবং তার মধ্য দিয়ে কৃষকদের ক্রয় ক্ষমতা বাড়বে এবং তার মধ্য দিয়ে আমাদের দেশে শিল্প ব্যবসার বিকাশ ঘটবে এবং মধ্যবিত্ত শ্রমিকরা তাদের কাজের সংস্থানের ব্যবস্থা করতে পারবে। এই দৃষ্টি নিয়ে মূলতঃ ভূমি ব্যবস্থার সংস্কার হওয়া উচিত কিন্তু আমাদের বর্তমান সরকার, তাঁরা আবাদী সমাজতন্ত্রের কথা বলেন কিন্তু আসলে তাঁদের মূল দৃষ্টি সমাজতন্ত্রবাদের দিকে নয়। সেইজন্য মুখে এই কথা বললেও বাস্তবে কাজের মধ্যে তার কোন পরিচয় আমরা পাই না। জমিদারী দখল আইনের মধ্যে আমরা দেখেছি যে তাঁরা জমিদারদের চাষের বাগান, কয়লার খনি, পোল্ট্রী, অর্চার্ড, প্রভৃতি মেছোঘেরির নাম করে লক্ষ লক্ষ বিঘা জমি তাদের হাতে রেখে দেবার ব্যবস্থা করেছেন। ভূমিসংস্কার আইন তাঁরা পাশ করেছেন, তার মধ্য দিয়ে আমরা দেখেছি পার্টিসন রোধ করবার নাম করে এতে যেসমস্ত আইন লিপিবদ্ধ করেছেন তার মধ্য দিয়ে ভায়ে ভায়ে যদি জমি বণ্টন করা যায় তাহলে হয়ত পাঁচ ভায়ের মধ্যে চার ভাইকেই পথে বসতে হবে, ভূমিহীন হতে হবে।

[4-40—4-50 p.m.]

তারা আইন করেছে যে, একজনের যদি বিভিন্ন দাগে জমি থাকে, সমস্ত দাগে একটা হোল্ডিং করা হবে এবং সেখানে একটা হোল্ডিংএর উপর সমগ্র খাজনা ধার্য করা হবে। এবং সেই হোল্ডিংএর খাজনা যদি কোয়ার্টারএ না দিতে পারে তা হ'লে সার্টিফিকেট জারী করবেন এবং সার্টিফিকেট জারী করে সেই জমিকে নীলাম করে দিয়ে অন্য লোক কিনে নেবে তার ব্যবস্থা করছেন। সুতরাং একদিকে জমিদারী ক্রয় আইনের মাধ্যমে ত্রুটি, অন্যদিকে সেই ত্রুটি ভূমি-সংস্কার আইনের মধ্যে রয়েছে এবং এই ত্রুটিগুলি ও দুর্বলতা সংশোধন করার জন্য মন্ত্রী-মহাশয়ের কাছে দাবী করছি। তারপর বর্তমানে আমরা দেখতে পাচ্ছি, গ্রাম্য এলাকায় অ্যাটেসটেশন চলছে। তার মধ্য দিয়ে সরকার আমাদের আশ্বাস দিয়েছিলেন যেসমস্ত বিনা হস্তান্তর পাট্টা প্রভৃতি চলছে সেগুলি তাঁরা ধরবেন বলেছিলেন এবং আমরা আশা করেছিলাম সেগুলি তাঁরা কৃষকদের মধ্যে বিলি বণ্টন করতে পারবেন। আমরা গ্রাম্যএলাকায় ঘুরে ঘুরে দেখতে পাচ্ছি এইসমস্ত ধরা ত দূরের কথা, যেসমস্ত অ্যাটেসটেশন অফিসার তাঁরা জমিদার, বড় বড় মালিকদের কাছ থেকে ঘুষ নিয়ে সেইসমস্ত হস্তান্তর করবার ব্যবস্থা করছেন না। আমি ব্যক্তিগতভাবে জানি। ৪ মাস পূর্বে আমি ডায়মন্ডহারবার হাকিমের কাছে কোন কার্য উপলক্ষে গিয়েছিলাম। তাঁকে আমি জিজ্ঞাসা করেছিলাম, ডায়মন্ড হারবারে আপনার হাতে কত জমি এসেছে। তাতে তিনি আমাকে বলেছেন, মাত্র ১৫ হাজার বিঘা জমি তাঁর হাতে আসতে পারে বলে তিনি আশা করছেন। ডায়মন্ড হারবারে আমি জানি রথি দিন্দা নামে একজন লাটদার আছে যার ১০ হাজার বিঘা খাস আছে এবং সন্দেশখালি থানায় শ্রীনাথ জমিদারদের ২২ হাজার বিঘা লাটদারী আছে, তার মধ্যে ১৬ হাজার বিঘা খাস জমি রয়েছে। আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি রথি দিন্দা এবং শ্রীনাথ জমিদারদের কত বিঘা জমি তাঁর হাতে এসেছে। শুধু তাই নয়, আমরা জানি আজকে ৬ লক্ষ একর জমি পাবার আশা এই সরকার করছেন—সেখানে ২ লক্ষ একর জমি তাঁরা পাবেন বলে আমি মনে করি না। সেদিক থেকে পশ্চিমবাংলায় যে ৭ লক্ষ বর্গাদার আছে, যেভাবে এ্যাটেশটেশনএর কাজ চলছে, যেভাবে ভাগচাষীদের উচ্ছেদের কাজ চলছে, তাতে ৫ লক্ষ পরিবার উচ্ছেদ হয়ে যাবে বলে আমরা দেখতে পাচ্ছি। এবং পশ্চিমবাংলায় যে দেড় লক্ষের মত ঠিকা, গুলো এবং সাঁজাচাষী রয়েছে যাদের আন্ডার রাইয়ত বলা হয়, তাদের যেভাবে ব্যবস্থা হচ্ছে তাতে আমার মনে হয় সোয়া লক্ষ পরিবারই উচ্ছেদ হয়ে যাবে। আমি ব্যক্তিগতভাবে জানি বিষ্ণুপুর, বেহালা, ক্যানিং প্রভৃতি থানায় ঠিকা এবং গুলো চাষী ব্যাপকভাবে রয়েছে এবং যারা ২০।২৫ বছর ধরে চাষ করছে তাদের নামে ঠিকমত রেকর্ড করা হয় নি। সুতরাং আজকে তারা জমি থেকে উৎখাত হয়ে যাচ্ছে। কোন কোন জায়গায় ঠিকা, গুলো চাষী তাদের কোন রসিদ নেই, সেক্ষেত্রে

এ্যাটেস্টেশন অফিসাররা তাদের ঠিকা এবং গুলো হিসাবে, আন্ডার রাইয়ত হিসাবে রেকর্ড করছেন না। এ সম্পর্কে আমরা বার বার মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি এবং তিনি এই হাউসে প্রতিশ্রুতিও দিয়েছিলেন যে, ঠিকা, গুলো চাষীদের যাতে রেকর্ড হয় সে বিষয়ে নজর দেবেন। কিন্তু তিনি তাঁর প্রতিশ্রুতি কার্যে পরিণত করতে পারেন নি। এর কারণ আমরা বুঝতে পারি, মূলতঃ কৃষকদের রক্ষা করা তাদের উদ্দেশ্য নয়, কত বেশি কৃষকদের জমি থেকে উচ্ছেদ করতে পারেন তার দিকে তাঁরা নজর দেন এবং সেই জমিগুলিকে কি করে জোতদারদের হাতে দিতে পারেন, এটা হচ্ছে তাঁদের নীতি। কয়েকদিন আগে আমি খবর পেয়েছি সরকারের হাতে যে জমি এসেছে—হাসনাবাদ থানার কথা বলছি—যদিও সরকার ভূমি-সংস্কার আইনে এই কথা বলেছেন যে, ৬০ ভাগ পাবে চাষী এবং ৪০ ভাগ পাবে জমির মালিক। যেসব ভাল জমি তাদের হাতে আসছে তাতে নির্দেশ দেওয়া হয়েছে অর্ধেক ধান-খড় সরকারকে দিতে হবে আর অর্ধেক পাবে ভাগচাষী। এইভাবে নিজেদের তৈরি করা আইনকে নিজেরাই পরিচালিত করছেন। এই খবর আমি হাসনাবাদ থানার ভাগচাষ বোর্ড থেকে জেনেছি। আশা করি এর সদুত্তর দেবেন। তারপর আমি বলব যেসব জমি নিয়ে ভাগচাষ বোর্ডে চাষীদের সঙ্গে মামলা হয়েছে এবং চাষীরা সেখানে তাদের পক্ষে রায় পেয়েছে সেই ভাগচাষ বোর্ডের রায় দেখানো সত্ত্বেও এই এ্যাটেস্টেশন অফিসাররা তাদের নামে রেকর্ড করছেন না। এইরকম ব্যাপকভাবে সোনারপুর থানায়, বজবজ থানায়, বিষ্ণুপুর থানায় এইরকম চলছে। সেইজন্য অবিলম্বে সেখানে ভাগচাষীর নাম রেকর্ড হয়েছে বা বোর্ডের কাছে কোন ডকুমেন্ট আছে যাতে তাদের নামে রেকর্ড হয়, তার ব্যবস্থা করবেন এবং আজকে সরকার যেভাবে তাড়াহুড়া করে এ্যাটেস্টেশনএর কাজ করছেন তাতে লক্ষ লক্ষ মানুষের ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে বলে আমি মনে করি। হুকুম দেওয়া আছে এইসমস্ত জরীপের কাজ ৩ বৎসরের মধ্যে শেষ করতে হবে যেখানে ৫ বৎসরেও সম্ভব নয়। আমি জানি প্রত্যেক এ্যাটেস্টেশন অফিসারকে প্রতিদিন ৫০ খতিয়ান করে রেকর্ড করতে হয়। এক-একটা ক্ষতিয়ানে ২৫।৩০টা করে প্লট রয়েছে। যেভাবে কাজ হচ্ছে তাতে অফিসারদের পক্ষে ন্যায়বিচার করা সম্ভব নয়, তারা কেবল চাকুরি বজায় রাখবার জন্য দ্রুত কাজ করে যাচ্ছে। এইভাবে লক্ষ লক্ষ ভাগচাষী, ঠিকা, গুলো, সাঁজাচাষীর জীবন নিয়ে ছেলেখেলা হচ্ছে। যাতে রেকর্ড অব রাইটস ন্যায়-সঙ্গতভাবে হয় তার জন্য ব্যবস্থা করতে মন্ত্রীমহাশয়কে আমি অনুরোধ জানাচ্ছি। বিশেষ করে ঠিকা, গুলো এবং সাঁজাচাষী যাতে তাদের নামে রেকর্ড হতে পারে, রসিদ থাক বা না থাক যদি প্রমাণিত হয়, তা হলে যেন তাদের নামে রেকর্ড করা হয়, যাতে গরীব চাষীরা রক্ষা পায় তার জন্য চেষ্টা করবেন।

[4-50—5 p.m.]

Sj. Surendra Nath Pramanik:

মাননীয় স্পীকার মহাশয়, সরকারের অন্যান্য পরিকল্পনা বিশেষ প্রশংসা লাভ না করলেও একটা পরিকল্পনা বিশেষ সুনাম ও প্রশংসা অর্জন করেছে। সেটা হ'ল দুর্নীতি উন্নয়ন পরিকল্পনা। সরকারের এমন কোন বিভাগ নেই যেখানে দুর্নীতি না আছে এবং পুলিশ বিভাগের সঙ্গে দুর্নীতির যে ঘনিষ্ঠ সম্পর্ক তা সর্বজনবিদিত। আর একটি হচ্ছে সেটেলমেন্ট বিভাগ। এই বিভাগে দুর্নীতির জন্য কত দরিদ্র কৃষকের যে সর্বনাশ হচ্ছে তার হিসাব নেই। এ্যাটেস্টেশন অফিসএ দরিদ্র চাষীর উচ্ছেদ হচ্ছে, অনেক জমি-জায়গা পর্যন্ত উধাও হয়ে যাচ্ছে। এরকম বহু দৃষ্টান্ত রয়েছে, তার মধ্যে দু-একটি আমি বলব। আমি কয়েকটি উদাহরণ দিচ্ছি। একটা এ্যাটেস্টেশন ক্যাম্পএর কথা বলব।

শাউড়ী ক্যাম্পের একটা ঘটনা বলব। এই ক্যাম্পটি দাঁতন থানার অন্তর্গত নারায়ণগড় থানার নিকটবর্তী কয়েকটি মৌজা এই ক্যাম্পের অধীন পড়েছে। তন্মধ্যে তরুখাঁ একটি মৌজা। ত্রৈলক্ষ্য মাইতি নামক এই গ্রামের একজন দরিদ্র কৃষকের উক্ত মৌজায় বাস্তুভিটা সহ ৭।৮ বিঘা জমি ছিল। জনৈক জমিদার এই কৃষকের সমূহ জমি বাকী খাজনায় নালিশ করে নীলামে ক্রয় করেন এবং কোর্ট থেকে এই জমির দখল না নিয়ে তাঁহারই তহশীলদার উক্ত গ্রামের শশীভূষণ অধিকারীকে আমলনামা পাট্টা দ্বারা বন্দোবস্ত দেন এবং খাজনা আদায়ের দাখিলাও দিতেছেন। শশী অধিকারী পাট্টা মূলে এইসকল জমি দখল করতে যায়।

তখন ত্রৈলক্ষ্য মাইতি সমস্ত অবগত হয়ে মোকদ্দমা চালাতে না পেরে তার যাবতীয় সম্পত্তি জনৈক রামকৃষ্ণ বরকে বিক্রি করে এবং অন্য গ্রামে পালিয়ে গিয়ে সেখানে কিছু জমিজায়গা ক্রয় করে বসবাস করে। রামকৃষ্ণ বর এইসমস্ত জমি প্রায় ৩।৪ বছর দখল করেন এবং তাঁর অন্তে তাঁর পুত্র ধরণীধর বর উক্ত তরুখাঁ গ্রামের ৩।৪ জন দরিদ্র কৃষককে কিছু জমি বিক্রয় করে। তারা এই জমিতে ফসল উৎপন্ন করে এবং ফসল কেটে বাড়িতে নিয়ে যায়। এইসকল কৃষকের দারিদ্র্যের সুযোগ নিয়ে শশীভূষণ অধিকারী জমিদারের পরামর্শে তাঁর দখলি জমি হতে জোর করে ধান কেটে নিয়ে গেছে—এই অভিযোগ করে উক্ত ৩।৪ জন কৃষককে আসামী করে একটি মিথ্যা মোকদ্দমা দায়ের করে এবং সেই মামলা মেদিনীপুরের ফার্স্ট ক্লাস ম্যাজিষ্ট্রেট মিঃ জে, সি, দাসের কোর্টে বিচার হয়। ম্যাজিষ্ট্রেট উভয়পক্ষের সাক্ষীর সাক্ষ্য নিয়ে আসামী-গণের এইসকল জমি—যাদের দখলে আছে এবং তারাই এই জমিতে প্রকৃত স্বত্ববান স্থির করেন। বাদী ৭নং সাক্ষী জমিদারের প্ররোচনায় যাতে আসামীগণ গত সেটেলমেন্টে তাদের নাম রেকর্ড করতে না পারে সেই উদ্দেশ্যে মিথ্যা মামলা উত্থাপন করেছেন। কিন্তু বিচারক মামলার সত্যাসত্য উপলব্ধি করে আসামীগণকে নির্দোষ সাব্যস্ত করে খালাস দেন। এইসমস্ত কৃষকদের সমূহ কাগজপত্র এবং ম্যাজিস্ট্রেটের রায় দেখান সত্ত্বেও শাউড়ী ক্যাম্পের এ্যাটেস্টেশন অফিসার শশীভূষণ অধিকারীর নিকট মোটা ঘুষ নিয়ে তাঁরই নামে এইসকল জমি রেকর্ড করে দিলেন। দরিদ্র চাষীরা মিথ্যা মোকদ্দমায় বহু অর্থ ব্যয় করেছে এবং এর দ্বারা ভবিষ্যতে আরও যে কত হয়রানি ভোগ করতে হবে তার সীমা নাই।

এইরকম আরও একটা ঘটনার কথা বলব। সেটা হচ্ছে নারায়ণগড় থানার বেলদা এ্যাটেস্টেশন অফিস। গোপাল মাইতি নামে জনৈক লোক জরীপের সময় উপস্থিত ছিল। কিন্তু তা সত্ত্বেও সেই গ্রামের নগেন্দ্রনাথ দে'র নামে তার কয়েকটা জমির দাগ রেকর্ড হয়ে যায়। তারপর এ্যাটেস্টেশন অফিসে গিয়ে নগেন্দ্রনাথ দে ও গোপাল মাইতি দু'জনে গিয়ে আপত্তি করল। নগেন্দ্রনাথ বলল, এইসকল জমি যা আমার নামে রেকর্ড হয়েছে, তা আমার নয়, গোপাল মাইতির। তবুও গোপাল মাইতির নামে রেকর্ড করা হল না। তারপর গোপাল মাইতিকে একজন ক্লার্ক ডেকে বলল, তুমি যদি ৪০ টাকা দিতে পার, তা হ'লে আমি এটা তোমার নামে রেকর্ড করে দিতে পারি।

এইরকম দুর্নীতির বহু খবর আমরা পেয়েছি। আমার সময় খুব কম, সেই সবগুলি বলব না।

আর একটা কথা আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব। যেসকল জমিদারদের অল্প জমিদারী ছিল, সেই জমিদারীর আয়ের উপর তাদের পরিবারের ভরণপোষণ নির্ভর করত। সেই জমিদাররা তাদের জমিদারীর কম্পেনসেসন না পাওয়ার জন্য অত্যন্ত বিপদে পড়েছে। আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় এইসকল জমিদার এবং মধ্যস্বত্বাধিকারিগণ যাতে শীঘ্র এই ক্ষতিপূরণের টাকা পেতে পারে, তার একটা সুব্যবস্থা করবেন।

তারপর আর একটা কথা বলব। ভাগচাষ বোর্ডে যেসমস্ত মামলা বিচারাধীন রয়েছে সেগুলো মার্চমাসের পর এই ভাগচাষ বোর্ডের যাঁরা মেম্বার আছেন, তাঁরা সেই মামলার বিচার করবেন, না, কাঁরা করবেন? সেই বিচার যাতে ত্বরান্বিত হয় তার জন্য মন্ত্রীমহাশয় সুব্যবস্থা করবেন। এদিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

Sj. Madan Mohon Khan: Sir, I beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about acquisition of open land belonging to the Midnapur Zemindary Company, civil court around Garbeta civil court buildings.

Sj. Madan Mohon Saha: Sir, I beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

আদালতে মামলাগুলিকে বিলম্বিত করার জন্য মামলার সংশ্লিষ্ট ব্যক্তিদের যে অসুবিধা হয় তাহা দূর করিতে পশ্চিমবঙ্গ-সরকারের অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

পশ্চিমবঙ্গের দুঃস্থ জনসাধারণের জন্য বিনা খরচে বিচার ব্যবস্থায় সরকারী ব্যর্থতা।

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

এই বিভাগে দুর্নীতি দূর করিতে সরকারের চরম ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

শ্রীরামপুরের ম্যাজিস্ট্রেট শ্রী বি, এন, পোদ্দারের বিরুদ্ধে ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট যে নিম্নশ্রেণীর মত বিচার করিতে পারে তাহা দেখিয়া হুগলির দায়রা জজ এক কঠিন মন্তব্য করিয়াছেন, ইহা সত্ত্বেও তাহাকে ৩য় শ্রেণীর ম্যাজিস্ট্রেটরূপে নামাইয়া দিতে সরকারের অক্ষমতা।

Sj. Mrigendra Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

দেওয়ানী মামলা বিচারের জন্য ভ্রাম্যমাণ আদালতের ব্যবস্থা প্রবর্তন করা দরকার। স্থানীয়ভাবে বিচার হইলে বিচারকের ন্যায় বিচার করিতে সুবিধা হয়, সাথে সাথে পক্ষভুক্তদের অর্থব্যয়, হয়রানি হইতে রক্ষা করা যায়। এ সম্পর্কে বিস্তৃত আলোচনা ও প্রস্তাব উঠাইতে চাই।

Sir, I also beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

বিচার বিভাগ ও শাসন বিভাগ পৃথক করিতে সরকারের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

আদালতের কর্মচারিদের ঘুষ ও দুর্নীতি বন্ধ করিতে সরকারের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

কম আয়বিশিষ্ট ব্যক্তিদের মামলা বিনা খরচে বা অল্প খরচে বিচার ব্যবস্থা করিতে ব্যর্থতা।

Sj. Nagendra Dolui: Sir, I beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

পশ্চিমবাংলায় অস্পৃশ্যতা দূর করিতে সরকারের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about পশ্চিমবাংলার আদালতে মামলাগুলিকে বিলম্বিত করার জন্য মামলায় সংশ্লিষ্ট ব্যক্তিদের যে অসুবিধা হয়, তাহা দূর করিতে সরকারের উদাসীনতা ও অক্ষমতা।

Sj. Nalini Kanta Haldar: Sir, I beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about unusual delay in disposal of criminal cases.

Sj. Natendra Nath Das: Sir, I beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about non-inspection of lower courts by District Judges.

Sir, I also beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about not empowering Munsif courts for hearing cases under the Hindu Marriage Act, 1955.

Sir, I also beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about not empowering senior Sub-Registrars at Subdivisional Headquarters for hearing Registration appeals

Sj. Probodh Dutt: Sir, I beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the appointment of the lawyers of ten years' standing for the prosecution of State cases.

Sir, I also beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about its policy and number of urinals and privies fit for the use of any gentleman and no arrangement for washing or making the existing privies of miserable condition fit for using.

Sj. Rameswar Panda: Sir, I beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about posting of Subordinate Judge at Contai.

Sir, I also beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about empowering the Subdivisional Munsif of Contai to deal with cases under the Hindu Marriage Act and the Special Marriage Act.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy and practice of the Department.

Sir, I also beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about lack of arrangement for shelter for parties to cases and suits in Uluberia Civil and Criminal Courts in the district of Howrah.

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

প্রত্যেক সিভিল কোর্টএর জুরিসডিকশনএর সি, এস, রেকর্ড সেই কোর্ট দপ্তরে রাখা হয়, কিন্তু গড়বেতা মুনসেফী আদালতে তার জুরিসডিকশনএর কোন সি, এস, রেকর্ড রাখার ব্যবস্থা নাই। ইহা সরকারের শাসন বিভাগের উদাসীনতা।

Sir, I also beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a diesussion about

গড়বেতা মুনসেফী আদালতে কোন প্রকার উইটনেস সেড (সাক্ষিদের বসিবার স্থান) না থাকায় সাক্ষিদের বহু অসুবিধা হয়। ইহা না করিয়া সরকার তাহার কাজের অক্ষমতা দেখাইয়াছেন।

Sj. Sudhir Ch. Bhandari: Sir, I beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মহেশতলা অঞ্চলের বাড়ুয়োর হাটস্থিত ও পশ্চিমবঙ্গের অন্যান্য স্থানের দেবতামন্দিরের দেবতাদের নিকট আগত অব্রাহ্মণ যাত্রীরা স্বহস্তে পূজা করিবার অধিকার পাইতেছে না এই অধিকার পূরণ করিতে পশ্চিমবঙ্গ-সরকারের ব্যর্থতা।

Sj. Madan Mohan Khan: Sir, I beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy and suffering of the litigant public in the Civil Courts of Katwa for posting only one Munsif to conduct the works of both the Courts.

Sj. Subodh Chowdhury: Sir, I beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to redress the grievances of the typist-copyist in West Bengal Criminal Court.

Sj. Bibhuti Bhushon Ghose: Sir, I beg to move that the demand of Rs. 83,21,000 for expenditure under Grant No. 14, Major Head: "27—Administration of Justice", be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about general policy of the department.

[5-55—6-5 p.m.]

Sj. Natendra Nath Das:

মাননীয় স্পীকার মহাশয়, আমরা এই অ্যাডমিনিস্ট্রেশন অব জাস্টিসএ বাজেট ডিসকাসনএর সময় প্রতি বছর যাতে সংবিধানের আর্টিকেল ৫০ অনুযায়ী 'জুডিসিয়ারি'কে 'এক্সিকিউটিভ' থেকে যাতে 'সেপারেট' করা হয় তার জন্যে প্রত্যেক বৎসরই আমরা দাবী করে এসেছি এবং প্রত্যেক বৎসরেই তিনি কি মামুলি উত্তর দিয়েছেন সেটা আপনার সামনে তুলে ধরতে চাই। ১৯৫৩ সালে উনি বলেছিলেন যে, এটা উত্তরপ্রদেশ, বোম্বাই, বিহারে হয়েছে, কিন্তু আমাদের এখানে সাফিসিয়েন্ট নাম্বার অব অফিসিয়ালস নেই, তা হলেও

we have taken up the matter in hand

এটা ৭ই মার্চ, ১৯৫৩ সালের তাঁর 'স্টেটমেন্ট' থেকেই পড়ছি

and I am confident that within a few months we will be able to separate Judiciary from the Executive

অর্থাৎ উইদিন এ ফিউ মান্থস্ এটাকে করবেন বলে একজন

responsible Minister of the Government statement

করছেন। ৭ই মার্চ ১৯৫৩ সালে তিনি নিজে তাঁর বাজেট বক্তৃতায় উইদিন এ ফিউ মান্থস্ করবেন বলেছিলেন। কিন্তু তার কিছুই হল না বলে ১৯৫৪ সালে আবার আমাদের কাট মোশান এল। তখন তিনি বললেন যে, আমাদের অফিসারের খুবই অভাব ছিল বলে

Government have already sanctioned the recruitment of 15 additional Judicial officers

অতএব আপনাদের কোন চিন্তা নেই, আমি শীঘ্র করব—এটা হচ্ছে সিক্সথ মার্চ ১৯৫৪এর কথা। এবার সবটা পড়ে আমি শোনাব না, আমি মাত্র 'রেফার' করছি। তারপরেও কিছু করলেন না দেখে ১৯৫৫ সালে আমরা যে কাট মোশান দিয়েছিলাম, তাতে তিনি বলেছিলেন যে, আগে যে কটি অফিসার নিয়েছিলাম তাতে হয় নি বলে আবার আমি ৩৯ জন মুন্সেফ, ১২ জন সাব-জজ আরও বেশি নিলাম। অতএব চিন্তা নেই এবং

steps have been taken as time is proceeding excepting that we do not make much noise about it.

তিনি আরও বললেন যে, আমরা সোরগোল না করে কাজ করেই যাই, কিন্তু কিরকম কাজ দেখছেন যে, আবার আমরা ১৯৫৬ সালে এর জন্যে কাট মোশান দিচ্ছি এবং জানি না আজকে আবার তিনি কি কৈফিয়ৎ দেবেন। সেজন্য আমি তাঁকে জিজ্ঞাসা করি যে, ১৯৫৩ সালে উইদিন এ ফিউ মান্থস করবেন বলেছিলেন, কিন্তু ১৯৫৩-৫৪-৫৫ সালে পর্যন্ত কিছু হল না কেন? বোম্বাই যে 'এ্যাক্ট' পাশ করল, উত্তরপ্রদেশ, মাদ্রাজ এমন কি, যেখানে বিহারে পর্যন্ত এর এক্সপেরিমেন্ট করছে, সেখানে তিনি কি বলবেন যে, আইন পাশ করা আমাদের দরকার হবে না কারণ 'এক্সিকিউটিভ'কে ইন্সট্রাকশন দ্বারাই আমরা এটাকে করব। কিন্তু তাও তাঁরা এতদিন পর্যন্ত করেন নি কেন সেটাই আমরা জানতে চাই। আমরা কি ধরে নেব যে, এই স্টেট চায় না যে 'জুডিসিয়ারী'টা পুলিশের ইনফ্লুয়েন্স থেকে মুক্ত হয়, মফঃস্বলের ম্যাজিস্ট্রেট পুলিশের হাতের কব্জার মধ্য থেকে মুক্ত হন এবং এঁরা এইসব চান না বলেই এটাকে 'সেপারেট' করতে দিতে চান না? আমি বরাবর বাজেট আলোচনার সময় বলেছি যে, এটা পুলিশী স্টেট এবং এখনও এঁরা কল্যাণরাষ্ট্রের দিকে যান নি। কিন্তু যদি এটা বাস্তবিক ওয়েলফেয়ার স্টেট হত তা হ'লে আর্টিকেল ৫০এর ডাইরেক্টিভকে নিশ্চয় এঁরা কার্যে পরিণত এতদিনে করতেন। সেদিন আমার বন্ধু বলাইবাবু পুলিশের জন্য ব্যয়বরাদ্দ বিতর্ককালে তিনি তাঁর রামনগর থানার শেরপুরের এক দৃষ্টান্ত তাঁর সামনে ধরেছিলেন এবং তিনি নিশ্চয় সেইসব শুনেছেন।

এবং দরকার হলে তিনি প্রসিডিংসও পড়ে দেখবেন। তিনি সমস্ত কেস সম্বন্ধে বলেছেন বলে আমি আর সেগুলো বলে সময় নষ্ট করব না। তাতে তিনি দেখবেন যে, জুডিসিয়ারি যদি এক্সিকিউটিভ থেকে ফ্রি থাকত তা হ'লে নিশ্চয় সেখানে আমরা দেখতে পেতাম যে, যারা সেশনস কোর্টএ গিয়ে খালাস হল তারা কিছুতেই সেশনস সোপর্দ হত না, উল্টে বলাইবাবু নিজে দাবী করে সেইসব পুলিশ অফিসারের বিরুদ্ধে জুডিসিয়াল এনকোয়ারী করালেন। তা সত্ত্বেও সেইসব পুলিশ অফিসাররা নির্বিবাদে বেপরোয়া খালাস হয়ে চলে গেল, কিন্তু তারা সাজা পেত যদি জুডিসিয়ারি ইন্ডিপেন্ডেন্ট হত। কারণ ওঁরা চান না যে, মফঃস্বলের ম্যাজিস্ট্রেট পুলিশের প্রভাব মুক্ত হন এবং চান যে পুলিশের দ্বারাই এ্যাডমিনিস্ট্রেশন রাখতে হবে। আজ এই যে 'মার্জার, 'এ্যান্টি-মার্জার' এইসবগুলোকেও তাঁদের পুলিশের দ্বারা ঠেকিয়ে রাখতে হচ্ছে। আজ এইরকমভাবে সব জিনিসকেই ওঁরা পুলিশের দ্বারা ঠেকিয়ে রাখতে চান বলে ওঁরা কিছুতেই জুডিসিয়ারিকে এক্সিকিউটিভ থেকে সেপারেট করবেন না।

তারপর, মাননীয় স্পীকার মহাশয়, এ'দের যে কোন একটি পলিসি নেই সেটাই আমি আপনার সামনে দেখাতে চাই। আমরা বিচার বিভাগ থেকে একটা জিনিস আশা করেছিলাম যে, লোকে সস্তায় বিচার পাবে। কিন্তু যেখানে বিনা পয়সায় বিচার পাওয়া উচিত, সেটা ত দূরের কথা গেল, বরং এই দেশে বিচার কিনতে হয় এবং সেটা কত বেশি মূল্যে যে কিনতে হয় তার ২।১টা নমুনাও আমি আপনার সামনে দিচ্ছি। সেজন্য প্রথমে আমি ওরিজিন্যাল সাইড অব দি হাইকোর্ট সম্বন্ধে কিছু বলতে চাই। হাইকোর্টএর অরিজিন্যাল সাইডএ যে ডুয়াল সিস্টেমটা চলেছে সেই সিস্টেমটা ইনট্রোডিউসড হয়েছিল যখন ইংরেজ এই দেশে রাজত্ব কায়েম করে হাইকোর্ট বসাল তখন তাদের বৃটিশ ব্যারিস্টারদের স্বার্থে এটা ইনট্রোডিউসড হয়েছিল। তারা এ্যাটর্নিও করেছিল—এ্যাটর্নিরাও শিক্ষিত আইনজ্ঞ লোক, কিন্তু তাদের ক্লার্কএর পোজিসন দিয়ে রাখল। এর জন্যে তাকে বিরাট সেরেস্তা মেনটেন করতে হয়, কিন্তু কাউন্সেল, ব্যারিস্টারদের সেইসবের কিছুই দরকার হয় না। এমন কি তাদের ফি পর্যন্তও এরা আদায় করে দেন। একজন ব্যারিস্টার যিনি কোনরকম করে কিছু কাজ করতে পারেন—৫০০ টাকা তাঁর ফি এবং দু হাজার টাকা পর্যন্ত 'ফি' অনেকেরই আছে।

The Hon'ble Satyendra Kumar Basu:

ওটা এ্যাবসার্ড। অত এক্সাগারেশন করবেন না। একটা লিমিট থাকা উচিত।

Sj. Natendra Nath Das: No, I do not think so.

এইসব এ্যাটর্নিরাই করিয়ে দেন।

The bill goes, it may not go into the pocket of the Barrister himself, so far as Attorney's bill is concerned.

কাউন্সেলএর ব্যাপারটা হচ্ছে যে, অরিজিন্যাল সাইডএ যে কেস হয় তাতে আপনি দেখবেন যে, তাদের দায়ের করতে হয় না। অর্থাৎ ৪॥ টাকা এবং ১৮ টাকায় মিলে ২২॥ টাকার স্ট্যাম্প প্রপার্টিতেই অরিজিন্যাল জুরিসডিকশনএ যে কেস হয় তাতে ১০ লক্ষ কোটি টাকার কেস চলে যাবে। অথচ মফঃস্বলে ১০ টাকার কেস করতে হলে ১২॥ টাকা উসুল দিতে হবে, সেখানে হাজার টাকায় ১২॥ টাকা উসুল দিতে হবে। কিন্তু এখানে হাজার টাকা থেকে কোটি টাকা হলেও এক পয়সাও উসুল লাগবে না—ঐ ২২॥ টাকার স্ট্যাম্পএ সব কাজ হয়ে যাবে। অতএব এটা কোন দেশী সোস্যালিস্টিক প্যাটার্ন এবং ওঁরা যে সমাজতান্ত্রিক ধাঁচে সমস্ত জিনিসকে নিয়ে যাচ্ছেন এটা তার একটা নমুনা। অরিজিন্যাল সাইডএ যে কেস চলে এবং তার যে বিচারক ও বিচার বিভাগের অন্যান্য কর্মচারীরা যে মেনটেন্ড হয়, কিন্তু তাদের সেখানে কে টাকা দিয়ে রক্ষা করে—মফঃস্বলের রেট-পেয়ারএর টাকা নিয়েই তাদের বেতন দেওয়া হচ্ছে, সেখানে কেন সেইরকম দেবার ব্যবস্থা করলেন না। শহরের কোটি কোটি টাকায় ভদ্র ধনী, লক্ষপতি, কোটিপতি ব্যবসায়ীরা অরিজিন্যাল সাইডএ কেস করে কিন্তু তাদের কাছ থেকে টাকা না নেওয়ার ফল হচ্ছে যে, স্টেট গভর্নমেন্ট একটা হেভি এ্যামাউন্ট অব রেভিনিউ থেকে

ডিপ্রাইভ হচ্ছে এবং অনেক স্পেকুলেটিভ কেস এনকারেজ হচ্ছে। হাইকোর্টে গিয়ে আপনারা দেখুন যে সেখানে ১৯৪৬-৪৭এর

undisposed about 9 to 10 thousand cases

জমা হয়ে পড়ে আছে এবং এর ফলেই সেখানে

speculative cases encourage

হচ্ছে। সেজন্য আমাদের কি অধিকার আছে যে অরিজিন্যাল সাইডএর বিচারক থেকে আরম্ভ করে কেরানি পেয়াদার পর্যন্ত বেতন আমরা মফঃস্বলের রেট-পেয়ারএর টাকা থেকে দেব। অথচ তাদের সেখানে সামান্য বিচার করতে গেলেই উসুল দিয়ে কেস করতে হবে, আর এখানে বিনা উসুলে কেস তাঁরা করতে পারবেন। সেজন্য আমি আশা করি যে, এই যুক্তিটার উত্তর তিনি দেবেন এবং এই জিনিসটা কেন যে মন্ত্রীমহাশয়ের দৃষ্টিতে আসে না, তা জানি না। অথচ অন্যান্য অনেক বিষয়ে পঞ্চ-সালা, দশ-সালা পরিকল্পনা হল, কিন্তু এর কি কোন পরিকল্পনা নেই? অর্থাৎ জুডিসিয়াল ডিপার্টমেন্টটাকে, জুডিসিয়াল এ্যাডমিনিস্ট্রেশনটাকে একটা নূতন ধাঁচে নিয়ে যাবার জন্যে, সমাজতান্ত্রিক শাসনপদ্ধতির সঙ্গে গতি রেখে চালাবার জন্যে কি কোন চেষ্টাই এঁদের নেই? না, নিজে ব্যারিস্টার বলে, নিজের স্বার্থে লাগবে বলে, তিনি আর এইসব দেখেন না—সেটাই আমি জানতে চাই।

তারপর, মাননীয় স্পীকার মহাশয়, ব্যারিস্টার, কাউন্সেলদের বিল আদায় করে দেবেন এ্যাটর্নি, কিন্তু এ্যাডভোকেট বা অন্যান্য উকিলের এইরকমভাবে তাদের আদায় করতে হয় না—সেখানে বিল ডিগ্রির মত কাজ করে। যেটা এ্যাটর্নির বিল সেটা ডিগ্রির মতন চলে গেল, তার টেলিফোন এ্যাটেন্ডেন্স, চিঠি লেখা প্রভৃতি সবটাই বিল হয়ে চলেছে। সুতরাং এর জন্যে কাউন্সেলকে কিছু ভাবতে হয় না, কাউন্সেল শুধু 'ফিলড' করে আর 'ব্রিফ' তৈরি করেন এ্যাটর্নি। এইরকমভাবে একটা ডুয়াল সিস্টেম চলছে। সম্প্রতি এ্যাডভোকেটদের ক্ষমতা দেওয়া যাচ্ছে যে, তারা অরিজিন্যাল সাইডএ কাজ করতে পারবে, কিন্তু এ্যাটর্নি এবং কাউন্সেলের মধ্যে যে ক্লিক তাতে কোন এ্যাডভোকেট সেখানে পাত্তা পায় না। আমার বন্ধুরা হাসছেন, কারণ ওঁরা জানেন যে, কেন সেখানে এ্যাডভোকেটরা পাত্তা পায় না। ইংরাজ আমলে ইংরাজের স্বার্থে না হয় এই জিনিসটার দরকার ছিল, কিন্তু এখন আর এর কি প্রয়োজন আছে? বাংলাদেশের হাইকোর্টে ডকুমেন্টগুলো যা ফাইল হয় তা আবার বাংলায় দাখিল করবার উপায় নেই, কারণ বাঙ্গালী জজের বুঝবার জন্যে সেগুলোকে আবার ইংরাজীতে ট্র্যানস্লেট করতে হয়। এই যে একটা অদ্ভুত প্রথা, এটাকে কি ওঁরা বন্ধ করতে পারেন না? অতএব দেখছেন যে, সমস্তদিক দিয়ে একটা অদ্ভুত জিনিস চলছে। আর এই ডুয়াল সিস্টেমটাকেও এখুনি তুলে দেওয়া উচিত। আজকে মফঃস্বলের সমস্ত 'বার' যদিও এ্যান্টি-মার্জার রেজলিউশন পাশ করল, কিন্তু দেখছি যে, আমাদের হাইকোর্টের বড় বড় ব্যারিস্টার এবং তাঁদের সঙ্গে এ্যাটর্নিরাও মার্জারএর ফেভারএ কথা বললেন। কারণ ভেস্টেড ইন্টারেস্ট আছে বলেই তাঁরা মার্জারএর পক্ষে রেজলিউশন পাশ করেছেন, যদিও মফঃস্বলের সমস্ত 'বার' বিপক্ষে মত দিল।

এরপর মাননীয় স্পীকার মহাশয়, যে সিটি সিভিল কোর্টএর কথা উনি এইমাত্র বললেন সেদিকেই আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এটার সম্বন্ধে আমরা ১৯৫৩ সালে আইন পাশ করেছিলাম কিন্তু ১৯৫৬ সালে উনি বলছেন যে, উনি সবে এই বাড়ীর ভিত দিয়েছেন। কিছুদিন আগে সংবাদপত্রে পড়লাম যে, সিটি সিভিল কোর্ট করার জন্য এঁদের এত দরদ যে সব টাকাটাই মঞ্জুর করালেন, কিন্তু কি যে হবে জানি না।

তারপর ১৯৪৬-৪৭ সাল থেকে যেসমস্ত কেস জমে পড়ে আছে তাতে কি হচ্ছে জানি না। তাতে হচ্ছে যে

Justice delay is justice denied.

১৯৪৬-৪৭ সালে যারা কেস করেছে তাদের মধ্যে অনেকে মারা গেছে, কিন্তু বললুম যে, তাদের ছেলেপিলেরা আর কতদিন ওরা সেইসব কেসের জের টানতে পারে। অতএব সেগুলোকে কি ওঁরা এক্সপিডাইট করাতে পারেন না এবং সেগুলোর বিচার যাতে শীঘ্র শীঘ্র হয় সেজন্য বেশি কোর্ট ফি ওঁরা করে দিতে পারেন না?

[6-5—6-15 p.m.]

তারপর এই যে কেস সব প'ড়ে আছে, ডিসপোজ অফ হচ্ছে না, মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন ১৯৪৬-৪৭ সাল থেকে জের টেনে চলেছে, আরও কতদিন ধ'রে এইভাবে চলবে তা জানি না। ও'রা কি বেশি কোর্ট সাময়িকভাবেও ক'রে দিতে পারেন না, যাতে সঙ্গে সঙ্গেই বিচার হয়? আমাদের বলবার উপায় নাই যে, মেদিনীপুর কোর্টে কত কেস জ'মে আছে। অ্যাসেম্বলির মেম্বারের পক্ষেও আপনার প্রশ্ন দিয়ে খবর না নিলে জানবার উপায় নাই, কত কেস সেখানে জ'মে আছে। আমার মনে হয়, মন্ত্রিমহাশয়ের উচিত খবর নিয়ে যাতে কেসগুলি শীঘ্র ডিসপোজ অফ হয় তার ব্যবস্থা করা।

তারপরে আমার একটা কাট মোশনএর দিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—কাট মোশন ৫১ অ্যান্ড ৫২। তার মধ্যে ৫১-এ একটা জিনিস দেখাচ্ছি—হিন্দু ম্যারেজ অ্যাক্ট ১৯৫৫-এ পাস হয়েছে।

(The Hon'ble SATYENDRA KUMAR BASU

এ বয়সে আবার বিবাহ নিয়ে কি করতে চান?)

শুনুন, স্যার, '৫৫ সালে হিন্দু ম্যারেজ অ্যাক্ট পাস হয়েছে। হিন্দু বিবাহ আইনে—

alimony, divorce, judicial separation, restoration of conjugal rights

সবই এখন হিন্দু ম্যারেজ অ্যাক্টএর দ্বারা গাইডেড হবে। সেখানে

section 19 of Hindu Marriage Act

অনুসারে সেসব কেস ফাইল হবে কোথায়?—না, ডিস্ট্রিক্ট কোর্টে। এর আগে মফঃস্বলে মুন্সেফরাই করতেন। আপনি জানেন মেন্টেনান্স কেস যাঁরা করেন, স্বামীসুখ হ'তে যারা বঞ্চিত তাঁরা পপার হয়ে গেছেন। এখন আইন করার ফলে কি হ'ল? না, তারা আর কাঁথি বা তমলুকে কেস করতে পারবেন না, তাঁদের কেস করতে হবে সদরে। সেটা সম্বন্ধে সেকশন ৩তে আছে—স্টেট গভর্নমেন্ট যদি নোটিফাই করেন তা হ'লে অধিকাংশ ক্ষেত্রে ডিস্ট্রিক্ট কোর্ট যদি মফঃস্বল কোর্টকে এমপাওয়ার করেন, তা হ'লে সেখানেই কেস হ'তে পারে। হিন্দু আইনে আগে ডাইভোর্স ছিল না। জুডিসিয়াল সেপারেশন ও ডাইভোর্স—এই দু'টো কেস আগে হ'ত না। আমার নিজের অভিজ্ঞতা থেকে জানি মফঃস্বল কোর্টে হবার দরুন বহু কেস বন্ধ হয়ে গেছে। কারণ যারা ঐ কেস করে তারা স্থানীয় লোকের কাছে এসব ঘটনা প্রকাশে লজ্জা পেত। এখন কেসগুলি জেলায় যাওয়ায় তাদের পক্ষে লজ্জাবোধের অতটা কারণ আর থাকছে না। কিন্তু যারা গরিব, যাদের ঐসব কেস করতে হ'লে 'পপার কেস' করতে হবে, তাদের পক্ষে কি সম্ভব মফঃস্বল থেকে জেলায় গিয়ে কেস করার? আমরা কণ্টাই বার অ্যাসোসিয়েশন থেকে সরকারের কাছে রিপ্রেজেন্টেশন দিয়ে বলেছিলাম—আপনারা নোটিফাই করুন। জবাবে ও'রা লিখলেন—

State does not think it necessary.

আমি জিজ্ঞাসা করি, মন্ত্রিমহাশয় আইনের বিধানগুলি পড়েন না পড়েন না? নাকি ও'র সেক্রেটারি যা বলেন তাতেই সই করেন। তা হ'লে সেকশন ৩-তে যেখানে বলছে—অথরাইজ করা যাতে কেসগুলি মফঃস্বলেই ইনস্টিটিউট হয়। আমাদের ছোট কালীবাবু বলেছেন,—তাকে আর দেখছি না।

socialistic pattern of society

করেছেন, মেয়েদের অধিকার বাড়িয়ে দিয়েছেন, ডাইভোর্সএর অধিকার দিয়েছেন, জুডিসিয়াল সেপারেশনএর অধিকার দিয়েছেন, কিন্তু এখনও পর্যন্ত হিন্দু আইনমতে দেখি, আপনারা বলছেন, অধিকার দিয়েছেন, কিন্তু আমি বলি কেড়ে নিয়েছেন। তা যদি না হয়, তা হ'লে নোটিফাই করুন। আপনি বলেছেন, মেয়েদের অধিকার বাড়িয়ে দিয়েছেন, কিন্তু বাড়িয়ে ব'লে দিলেই অধিকার পায় না, অধিকার যাতে পায় তার ব্যবস্থা করুন। সেকশন ৩, সাব-সেকশন (বি)তে ডিস্ট্রিক্ট কোর্টের যে অধিকার সেটা স্টেট গভর্নমেন্টএর অধীনস্থ নোটিফিকেশন করতে পারেন, সেকশন ১৯ তা হ'লে কার্যকরী করা হবে। এবং সাধারণ লোক তার ফলভোগ করতে পারবে।

আমি আর সময় নেব না। আর একটা কথা বাকি আছে। মন্ত্রিমহাশয় যখন কাঁথি গিয়েছিলেন, তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন। সে প্রতিশ্রুতি মতন কাজ না হওয়ায় আমাকে আবার কাট মোশন দিতে হয়েছে। কথাটা হচ্ছে, রেজিস্ট্রেশন আপীল সম্বন্ধে। সাইক্লোন অব ১৯৪২-এর পূর্বে পর্যন্ত কাঁথিতে

Judgment appeal—Registration appeal

করেছেন সিনিয়ন সাব-রেজিস্ট্রার। কাঁথিতে দু'জন সাব-রেজিস্ট্রার আছেন। কাজেই রেজিস্ট্রেশন আপিল তাঁদের দ্বারাই করিয়ে নেওয়া যায়। এবং শুধু কাঁথিতেই নয়, সমস্ত মফঃস্বলের সাব-ডিভিশনাল হেডকোয়ার্টার এই কাজের জন্য সিনিয়র সাব-রেজিস্ট্রারদের অথরাইজ করা যায়। লোকদের আপনারা জাস্টিস পেতে দিন, কম খরচায় সুবিচার পাওয়ার ব্যাপারটাকে যদি ব্যয়বহুল ক'রে তোলা হয় তা হ'লে এই গরিব দেশের লোকের পক্ষে সেটা হবে জাস্টিস ডিনায়েড। আশা করি, মন্ত্রিমহাশয় দরদীর দৃষ্টি দিয়ে এই জিনিসগুলির প্রতিকার করবেন।

Sj. Bankim Mukherji:

মাননীয় স্পীকার মহাশয়, গত বছর বাজেটের সময় হাইকোর্টের কর্মচারিদের বেতন সম্বন্ধে যখন কথা তুলেছিলাম তখন মাননীয় মন্ত্রিমহাশয় বোধ হয় জানতেন না, কিম্বা আপনাকে ও আমাদের মিসলিড করেছিলেন এই ব'লে যে, চীফ জাস্টিসএর যথেষ্ট ক্ষমতা আছে হাইকোর্টের স্টাফের মাইনে প্রভৃতির ব্যবস্থা করার। পরে দেখা গেছে যে, কনস্টিটিউশনএর আর্টিকল ২২৯, ক্লজ ২-এর যে প্রভাইসো, পেজ ১০৫ দেখুন, তাতে পরিষ্কার বলা আছে ফাইন্যানসিয়াল ম্যাটারসএ চীফ জাস্টিসএর কোন ক্ষমতা নাই এবং যেহেতু কর্মচারী সংখ্যা বাড়ানো বা মাইনে বাড়ানো সবই হচ্ছে ফাইন্যানসিয়াল ম্যাটার, তাই যখন চীফ জাস্টিস পি, বি, চক্রবর্তীর কাছে উপস্থিত করা হ'ল ক্লার্কস অ্যাসোসিয়েশনএর পক্ষ থেকে হাইকোর্টের কর্মচারিদের মাইনে বাড়াবার দাবি, তখন তিনি এই কথা বললেন, তাদের ক্লেম সমর্থন ক'রে বললেন, আমি যথাসাধ্য গভর্নমেন্টএর কাছে আমার প্রভাব বিস্তার করতে চেষ্টা করব। চীফ জাস্টিসএরও মনে হয়েছে, এটা সম্পূর্ণই স্টেট গভর্নমেন্টএর হাতে। অথচ গত বছর জাস্টিসএর মন্ত্রিমহাশয় আমাকে এবং হাউসএর সমস্ত সদস্যকে মিসলীড করেছিলেন এই ব'লে যে, এটা সম্পূর্ণ হাইকোর্টের ব্যাপার। ক্লজ ২তে স্পষ্টই দেখা যাচ্ছে, হাইকোর্টের কোন ক্ষমতা নাই এ বিষয়ে।

এখানে দেখতে হবে, আপার ডিভিশনএ সেক্রেটারিয়েটএ যারা কাজ করেন, তাদের স্কেল হচ্ছে ১৫০—১০—৩৭০। আর হাইকোর্টের যারা আপার ডিভিশন, তাদের স্কেল হচ্ছে ১৫০—৬—২১০। স্টার্টিংটা দেখা যাচ্ছে দু' জায়গারই এক। সেক্রেটারিয়েটেই যারা তাদের বার্ষিক ১০ ক'রে বাড়বে এবং ৩৭০ টাকা পর্যন্ত যাবে; আর এদের বেলায় ৬ টাকা ক'রে বাড়বে এবং ২১০ টাকা পর্যন্ত যাবে। অথচ লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্টদের স্কেল অফ পে সেক্রেটারিয়েটে ও হাইকোর্টে একই আছে। হাইকোর্টের চীফ জাস্টিসএর ধারণা হাইকোর্টে যাঁরা আপার ডিভিশনে কাজ করেন কেউ বলতে পারবে না যে, তাঁরা সুপিরিয়র নন। খুব কোয়ালিফায়েড না হ'লে হাইকোর্টের আপার গ্রেডএ কাউকে নেওয়া হয় না এবং High Court upper grade is in no way inferior to the Secretariat upper grade.

দ্বিতীয়ত হচ্ছে, তাদের সংখ্যা এত কম যে, লোয়ার গ্রেড থেকে আপার গ্রেডএ কোন চান্স প্রায়ই হয় না পৌঁছানোর। বেঙ্গল সেক্রেটারিয়েটএর

ratio between upper division and lower division

হচ্ছে ১ : ২, আর হাইকোর্টের সেই রেসিও হচ্ছে ১ : ৫। অথচ হাইকোর্টে বর্তমানে কাজ অনেক জ'মে গিয়েছে, তার জন্য সেখানে লোকের খুব বেশি রকম দরকার হয়েছে। অরিজিন্যাল সাইডে কোর্টের সংখ্যা বেড়েছে, সঙ্গে সঙ্গে কাজও বেড়ে গিয়েছে, কিন্তু স্টাফ বাড়ে নি। কাজেই আজ সেখানে আপার ডিভিশন গ্রেডেড স্টাফ বাড়ানো উচিত এবং তাদের মাইনেও বাড়ানো উচিত। এ সম্বন্ধে বার বার কয়েকজন চীফ জাস্টিস এবং অ্যাক্টিং চীফ জাস্টিস সৈয়দ নাসিমালি বলেছেন—আমাদের ধারণা এদের চেয়ে অনেস্ট কম আছে। এবং তাদের হাইয়ার

রেট অব পে না দেওয়াটা কি ক'রে সম্ভব হয় বুঝতে পারি নে। তারপরে জাস্টিস হ্যারিসও এইরকম বলেছেন। লাস্টএ চীফ জাস্টিস পি, বি, চক্রবর্তী বলেছেন—

"I find it utterly impossible to understand how the State can in justice offer one scale of pay to you and at the same time maintain another staff of officers with substantially higher pay. This department earns a revenue which leaves a large surplus and that surplus is not applied to make you on a par with the Government but it is diverted to other purposes. I entirely agree with you that this arrangement is not justified. I assure you that I shall impress upon the Government the necessity for increasing the number of U. D. posts. I do realise that these L.D. assistants have nothing to look up and naturally they have only to resent the routine work and have no incentive for any meritorious work."

[6-15—6-25 p.m.]

এটা হ'ল একটা দিক, কিন্তু আর একটা দিকে ওয়ার্ক অত্যন্ত বেড়ে গেছে, কারণ কোর্টের সংখ্যা বেড়েছে। সেই হিসেবে এদের স্টাফ বাড়ানো উচিত এবং স্টাফএর 'পে' সম্বন্ধে গভর্নমেন্টের কোন অজুহাত নেই যে, কেন এটা তাঁরা বাড়াবেন না। তা ছাড়া কোলকাতাতে সেন্ট্রাল গভর্নমেন্টএর পোস্টে যেসমস্ত লোক আছেন তাঁদের 'পে' প্রভৃতির সঙ্গে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টএর সেক্রেটারিয়েটএর পোস্টে লোকদের 'পে', ডিয়ারনেস প্রভৃতির অত্যন্ত পার্থক্য আছে। অবশ্য আমি স্বীকার করি যে, এটা জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনএর সঙ্গে সংশ্লিষ্ট, কিন্তু তা হ'লে হাইকোর্টে যাঁরা কাজ করেন তাঁরাও এর ভেতরে প'ড়ে যাচ্ছেন। সেজন্য আমি হাইকোর্টের ব্যাপারটার ভেতর দিয়েই সবাইএর সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করছি এবং এই বিষয়ে সেক্রেটারিয়েটএর আপার গ্রেড এবং লোয়ার গ্রেড—সবাইএরই ক্লেম খুব বেশি রকমের আসছে। সেখানে যা ডিয়ারনেস অ্যালাউন্স ৩৫এর নিচে ৪০, যারা ১০০ মাইনে পায় তারা ৫০, ইত্যাদি ক্যাটিগোরির বাংলাদেশে ২৫, ৩৫ ইত্যাদি, অর্থাৎ ১৫-১৬ টাকা কম। সিটি অ্যালাউন্স এরা একটা পায়, হাউস রেন্ট অ্যালাউন্সএ সেন্ট্রাল গভর্নমেন্টএর ৩৫ নিচে যারা তারা ১০ টাকা পায়, কিন্তু বাংলাদেশে ২ টাকা এবং ৩৫এর নিচে যারা তাদের টোট্যাল হ'ল ৮৯ টাকা, আর এখানে ৭০ টাকা প্রায় ২০ টাকার ডিফারেন্স। এবং সেটা বাড়তে বাড়তে ২২-২৩-২৪-২৫ ইত্যাদি অনেক বেশি ডিফারেন্স হয়ে যায়। কিন্তু এটার কোন যুক্তিযুক্ত কারণ নেই যে, একই রকমের কাজে, একই শ্রেণীর লোকের মধ্যে মাইনেটা কেন কমিয়ে দেওয়া হবে। সেজন্য আমি আশা করি যে, গভর্নমেন্ট এ বিষয়ে যথেষ্ট সচেতন হবেন এবং এই কমপ্লেন রাখবার কোন কারণ রাখবেন না।

এ ছাড়া আমার কয়েকটি কাট মোশন দেওয়া ছিল এবং এগুলি সম্বন্ধে আমি পুলিস বাজেটের সময় দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে, যেসমস্ত স্ট্রিকচার কোর্টরা অ্যাবাউট পুলিস দেয়, সেটা আমার ধারণা যে দু'টি বিভাগের মন্ত্রীর খবর রাখা উচিত—পুলিস বিভাগের এবং জাস্টিস বিভাগের। এই পুলিস বিভাগ ও জাস্টিস বিভাগের কি তিনি খবর রাখেন? বিভিন্ন কোর্টে পুলিস নিয়োগ করা হয়। এদের কাজে নানারকম গাফিলতি আছে, কাগজপত্রে বহু ভুল থাকে। চুরি-জোচ্চুরি করে। কোন সময় কাগজপত্র হারিয়ে ফেলে এবং লোককে হয়রানি করে। এই সম্বন্ধে কোর্টের স্ট্রিকচার আছে। এইগুলি সম্বন্ধে আশা করি মিনিস্টার অফ জাস্টিস নজর দেবেন।

"Police has got to take action and the Minister of Justice has got to see that the Judge's prestige is enhanced." তারপর বলেছেন "Some steps are to be taken regularly otherwise the strictures are meaningless."

এ'রা মনে করেন

let the dog bark, let there be strictures, what we care—

এইরকম তাঁদের মনোভাব। সেইজন্যই আজকে দরকার হচ্ছে ইন্ডিপেন্ডেন্ট জুডিসিয়ারি। শ্রীনটেন দাশ মহাশয় যে কথা বলেছেন তা অত্যন্ত সত্য। বাংলাদেশে উপযুক্ত অফিসার নেই

একথা বলা অত্যন্ত হাস্যকর। কারণ বাংলাদেশে উপযুক্ত শিক্ষিত উকিল প্রভৃতি এত বেশি আছেন যে, তাতে শুধু বেঙ্গলএর অ্যাডমিনিস্ট্রেশন অফ জাস্টিস নয়, দরকার হ'লে ভারতবর্ষের ৪-৫টি প্রদেশের এবং এমনকি অন্যান্য দেশে যদি ডাকে তা হ'লে সেই সুদান প্রভৃতি দেশেতে আমাদের দেশ থেকে লোক নিয়ে গিয়ে অ্যাডমিনিস্ট্রেশন অফ জাস্টিসএর কাজ চালিয়ে নিতে পারে। অতএব এই কথা বললে চলবে না যে, আমাদের দেশে উপযুক্ত শিক্ষিত লোকের অভাব আছে। আসল অভাব হচ্ছে আপনাদের নীতির অভাব, পলিসির অভাব। আপনারা এখনও পর্যন্ত ঠিক করতে পারেন নি যে, জুডিসিয়ারিকে ইন্ডিপেন্ডেন্ট করব কি করব না। যে গভর্নমেন্ট আতঙ্কিত হয়, সুপ্রীম কোর্ট থেকে কোন একটা আইনকে নাকচ ক'রে দিলে সুপ্রীম কোর্টএর পারপাসটাকে ব্যর্থ ক'রে কেমন ক'রে একটা নূতন কিছু নিয়ে আসতে হবে সেই চেষ্টাই এই গভর্নমেন্টএর হয়। সেই গভর্নমেন্ট কি সহজে চায় যে, আইনবিভাগটা সম্পূর্ণভাবে তাদের কর্তৃত্ব থেকে বেরিয়ে যাক। আজকে সত্যিকারের দরকার হচ্ছে গণতন্ত্রের, আমি সোশ্যালিজম চাই না, সোশ্যালিজমএর কিছু দরকার হয় না। কিন্তু আজ এই ডেমোক্রেটিক সেট-আপএতে এই সমস্ত কোর্টগুলোকে ইন্ডিপেডেন্ট করার প্রয়োজন হয়ে পড়েছে এবং তাতে বাস্তবিক স্টেটের প্রতি, অ্যাডমিনিস্ট্রেশন এবং কনস্টিটিউশনএর প্রতি জনসাধারণের শ্রদ্ধাও একটু বেড়ে যায়। যদি এই রকম ধরনের ইন্ডিপেন্ডেন্ট কোর্ট হয় এবং যে কোর্ট হাইকোর্ট থেকে বরাবর নিচে পর্যন্ত চ'লে আসে তা হ'লে দেশের ভাল হয় এবং সেটা করা যে কোন গভর্নমেন্টএর পক্ষে অত্যন্ত প্রয়োজনীয়। কিন্তু সেটা না করবার কোন হেতু দেখা যায় না বরং অন্য দিক থেকে হেতু আছে। আজকে এত জায়গায় ডেভেলপমেন্ট ওয়ার্ক প্রভৃতি অন্যান্য কাজে যারা এক্সিকিউটিভ অথরিটি তাঁরা যেসমস্ত কাজে পারদর্শী হয় এবং তাঁদের বহু কাজও সেদিকে আছে, তা না ম্যাজিস্ট্রেট, এস.ডি.ও, প্রভৃতিকে ব'সে ব'সে আদালতগিরি করতে লাগবেন। সেজন্য নেশনএর ডেভেলপমেন্টএর জন্য যেসমস্ত চিন্তা এবং তার জন্যে যেসমস্ত এক্সিকিউটিভ ওয়ার্ক প্রভৃতি আছে সেগুলো কারা করবে এবং বিভিন্ন বিভাগ যে আছে সেইসবের কো-অর্ডিনেট কোন্ অফিসার করবে? এর জন্যে আপনাদের জেনারেল অ্যাডমিনিস্ট্রেটর যিনি হবেন সেই ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট প্রভৃতির হচ্ছে এই কাজ এবং এই কারণেই আমি মনে করি এটা তাড়াতাড়ি ক'রে ফেলা।

তা ছাড়া হাটকোর্টের ডুয়াল সিস্টেম সম্বন্ধে যে কথাটা উঠেছে সেটা সম্বন্ধে আমি মনে করি যে, হাইকোর্টের এই ডুয়াল সিস্টেমটাকে অন্যান্য অনেক জায়গা থেকে যেমন তুলে দেওয়া হয়েছে তেমনি আমাদের এখান থেকেও এটাকে তুলে দেওয়া উচিত। আর এই যে ইনফিরিয়রিটি অর্থাৎ কিনা কোলকাতা ইউনিভার্সিটি থেকে পাস-করা ল-ইয়ার লন্ডন বার থেকে ইনফিরিয়র স্টেটাসএর মনে করবার কি কারণ আছে এবং যদি তাই থাকে তা হ'লে কোলকাতা ইউনিভার্সিটির বর্তমান বারের উন্নতি করা হ'ক। কিন্তু এর কোন কারণ নেই যে, স্বাধীন ভারতের ইউনিভার্সিটি থেকে পাস-করা কোন একজন আইনজ্ঞ বিলেতের বার থেকে পাস করার চেয়ে তিনি কম হবেন। বরং আজকে হাইকোর্টে ডুয়াল নামে যে তিনটি সিস্টেম আছে, ব্যারিস্টার, অ্যাডভোকেট ও সলিসিটর—তাতে প্রত্যেককেই সমান অধিকার দেওয়া হ'ক। অর্থাৎ কিনা ইকুয়ালিজম যে তাঁরা প্রত্যেকেই কেস করবেন, ইভন সলিসিটর, কারণ

solicitor would be just like a Barrister

এবং তাঁরাও গিয়ে কেস প্লিড করবেন। এমনকি বার লাইব্রেরি পর্যন্তও জাস্ট লাইক ইউ,এস,এ, নিজেদের মতন ভাগ এবং অ্যাডভোকেটদের যে লাইব্রেরি আছে তা থেকে তাঁরা আলাদা একটা লাইব্রেরিতে যেতে পারেন না। এই যে একটা টার্চেবিলিটি কোয়েশ্চেন ইংরেজদের ছিল সেটা আজ অবধি থাকার কোন কারণ নেই। হয়ত ওঁরা বলবেন যে, সিটি সিভিল কোর্ট প্রভৃতি হ'লে অনেক ক'মে যাবে, কিন্তু কবে যে সেই সিটি সিভিল কোর্ট হবে তার নমুনা আজও দেখতে পাচ্ছি না। আজকে এইমাত্র একখানা তার ছবি পেলাম—চমৎকার ছবিখানা—কিন্তু দেখি যে, গত বৎসরের বাজেটে ১২ লক্ষ টাকা ছিল এবং সেটা যে কিসে খরচ হ'ল তাও জানি না—প্ল্যান করতে বোধ হয়।

[6-25—6-35 p.m.]

এদিক থেকে কনজেসশন কিছুটা ক'মে যাবে এবং তখন হাইকোর্টে যারা থাকবে তাতে সত্যসত্যই ডুয়াল সিস্টেম রাখা দরকার নাই। অন্তত চিরকাল বাংলাই অগ্রসর ছিল। অত্যন্ত দুঃখের

বিষয় যে, বোম্বাই, মাদ্রাজ এদের চেয়ে আগে করা উচিত ছিল। এতে আমরা পশ্চাৎপদ হয়ে রয়েছি। ১২-১৩টি প্রভিন্স করার পর আমরা যদি করি তা হ'লে বাংলার সুনাম থাকবে না। এটা আমাদেরই আগে করা উচিত।

Sj. Jnanendra Kumar Chaudhury: Mr. Speaker, Sir, since the beginning of this House we are demanding separation of the Judiciary from the Executive.

Mr. Speaker: This is a repetition of an old thing. Please speak something new.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, this ought to be brought home to the Hon'ble Minister. It is a very vital point. I will read the reply of the Judicial Minister on the 6th March, 1954: "Unnecessary emphasis is being laid in this matter. The fact is that the State Government has been taking steps to achieve this object. We have to proceed in a progressive way. Preliminary steps have already been taken. The other States are progressing step by step. There is only a partial separation in some of the States". Sir, this is not correct. I may say that Bombay passed the Separation of Judiciary and Executive Act and the Bombay Criminal Procedure (Amendment) Act that was given effect to from 1st July, 1953,—long before his Budget Speech on 6th March, 1954. It was given effect to from 1st July, 1953. There is complete *de jure* separation from that date.

Then, Sir, I shall refer to his speech on the 15th March, 1955: "With regard to the separation it is the directive principle and we are bound to carry it out and respect that principle. In his State steps are being taken as time is proceeding". We require at least two things, increased number of officers and more accommodation. Sir, why is increased number of officers necessary? You place those officers under the High Court and under the Sessions Judge. He has said in that speech that all appeals lie to the District and Sessions Judge. But that will not do. The trying magistrate should be under the District and Sessions Judge and not under the executive of the Government. That is what we want. Then he has said that even without passing that Act he may try his experiment in many districts as other States are doing. In Bihar they have separated Judiciary from the Executive in eight districts, Patna, Shahabad, Monghyr, Darbhanga, Hazaribagh, etc. There they have appointed a Special Officer of the rank of the District and Sessions Judge to prepare detailed plans for extension of the scheme to the remaining districts. In Madras and U. P. also in many districts it has been done. So it will not only be popular but it will give entire satisfaction to all concerned. It has been welcomed by the litigant public where it has been done as well as the lawyers and has led to the clearance of the arrears of criminal cases. Then, Sir, in another year the Hon'ble Minister has said that the Government shall have to incur additional cost. I say the Government shall not have to incur additional cost. The main difficulty lies in delay in the disposal of Criminal cases. The trying magistrates having executive functions are sometimes absent and sometimes they go away; even in the midst of trial they leave the court. It is causing harassment to the people and excessive cost to the parties. It is interference by the executive with the action of the trying magistrate.

My second point will be about corruption in Court. Hon'ble Minister admits that there is corruption in courts. This corruption is very longstanding. In Bihar they have proposed that the Special Officer who should be appointed should investigate the reasons and extent of corruption in Courts and offices and suggest means for checking it. A representative of the Bharat Sebak Sangha is being co-opted in the District Committees to help the Anti-Corruption drive. Here the Hon'ble Minister may take a member from

the Ramkrishna Sebak Sangha and somebody in the Anti-Corruption Department to try and check corruption. Sir, the notice that was hung in the civil courts asking the litigants to report all cases of corrupion to Anti-Corruption Department, Hungerford Street, has been taken away. I do not know why. If members of the secret service or of the Anti-Corruption Department *in cognito* visit courts as litigants they can easily get hold of the culprits. The corruption is rampant everywhere in the civil courts.

Now, the Munsif is considered as District Judge's representative to try certificate and probate cases and power should also be given to him to try suits for conjugal rights and for maintenance.

The Hon'ble Minister should consider all this. He should separate the Judiciary from the Executive and remove a long-felt grievance of the State.

[6-35—6-45 p.m.]

Sj. Sasabindu Bera:

মাননীয় স্পীকার মহাশয়, এই সম্পর্কে বহু আলোচনা হয়ে গিয়েছে, আমি সেগুলির পুনরাবৃত্তি করব না। এই বিচার বিভাগের দুর্নীতির একটা বিশেষ দিকে সরকারের দৃষ্টি দিতে বলব, যেখানে সরকারের বহু অর্থের অপচয় হয়। আমরা দেখছি, সরকারপক্ষ থেকে যা হচ্ছে তাতে এই সম্পর্কে সরকারের কোন নীতিই নাই, টি,এ, বিল সম্পর্কে সরকারের কোন নীতি নাই। কোর্টে সরকারপক্ষের সাক্ষী হিসাবে যারা উপস্থিত হন তাদের টি,এ-র কথা বলছি।

আমার মনে হয়, বহুক্ষেত্রে যেমন ব্যবস্থা আছে সেই অঞ্চলের দূরত্ব হিসেবে, যানবাহনের সুব্যবস্থা বা অব্যবস্থা হিসেবে একটা নির্দিষ্ট টি,এ, দেওয়া হয় তা হ'লে দুর্নীতি বা ঘুষ বা সরকারী অর্থের অপচয় বন্ধ হ'তে পারে। এতে সরকারী বহু অর্থ বেঁচে যেতে পারে।

তারপর স্বাধীনতা লাভের পর এখন আমাদের কোর্টে যেসমস্ত লোক মামলা-মোকদ্দমার জন্য বিচারপ্রার্থী হয়ে আসে তাদের দিকে একটু নজর দেবার সময় এসেছে। তাদের একটু সুযোগ-সুবিধা, স্বাচ্ছন্দ্য প্রভৃতির দিকে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সাধারণত তাদের একটু বসবার জায়গা নেই, গাছতলায় দাঁড়িয়ে থাকতে হয়, জল খাওয়ার কোন বন্দোবস্ত নেই। এইসব দিকে নজর দেওয়া উচিত।

তারপর আমি আমাদের দেশে জুরি-প্রসঙ্গে বলতে চাই। সাধারণ যারা বিচারপ্রার্থী হয়ে আসে কোর্টের সামনে তাদের অবস্থা যা, জুরির অবস্থাও তাই। যারা জুরর হয়ে আসেন তাদের একটু বসবার জায়গা নেই, জল খাওয়ার ব্যবস্থা নেই, অথচ তারা আসেন গুরুত্বপূর্ণ মামলা-মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি করতে বিভিন্ন জায়গা থেকে আসেন এবং তাঁরা পদস্থ ব্যক্তি। তাঁদের একটু সুযোগসুবিধা এবং স্বাচ্ছন্দ্যের দিকে নজর দিতে আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। জুরি নির্বাচনের ব্যাপারে একটুও সুবিচার করা হয় না। আমি নিজে জুরির দ্বারা বিচার সমর্থন করি, কিন্তু উপযুক্ত লোককে অনেক সময় জুরর করা হয় না। তারপর কোনক্রমে যদি জুরর একবার উপস্থিত হ'তে না পারেন, তা হ'লে তাঁর উপর ভয়ানক জুলুম করা হয়। এবং অনেক সময় মোটা টাকা ফাইন পর্যন্ত করা হয়। সেইজন্য আমি বলছি এমন একটা নির্দিষ্ট ব্যবস্থা থাকা উচিত যে, একটা জেলার মধ্যে বিভিন্ন অঞ্চলে যেসমস্ত জুরর রয়েছেন তাদের যদি সময়ের ভাগাভাগি ক'রে দেওয়া হয় তা হ'লে তাঁরা বুঝতে পারেন বছরের কোন্ সময়টা তাঁদের জুরর হ'তে হবে, সেই হিসেবে তাঁরা কোর্টে উপস্থিত হ'তে পারেন। এইরকম না থাকায় অতর্কিতভাবে যখন তখন তাঁদের ডাক পড়ায় বিশেষ অসুবিধার সৃষ্টি হয়। আমার ব্যক্তিগত অভিজ্ঞতার কথা বলছি। আমার বিদ্যালয়ে ১২ জন শিক্ষক আছেন। এই ১২ জনের মধ্যে ৬ জন জুরর। আমি যতদূর জানি, একবার জুরর হ'লে এর থেকে পরিত্রাণ পাওয়া খুব মুশকিল। আমি নিজে চেষ্টা করেছি এই ৬ জন শিক্ষক কি ক'রে জুরির হাত থেকে পরিত্রাণ পেতে পারেন। এর জন্যে বিদ্যালয়ের সাধারণ কাজ পর্যন্ত ব্যাহত হচ্ছে, কিন্তু তা করা সম্ভব হয় নি। সেইজন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যাতে জুরর নির্বাচন, জুররদের সুযোগসুবিধা ও কর্মব্যবস্থার একটা নির্দিষ্ট নিয়ম থাকে, এ বিষয়ে দৃষ্টি দেবেন।

Sj. Haripada Chatterjee:

সভাপাল মহাশয়, আমি একটা দৃষ্টান্ত দেব। তাতে বুঝা যাবে এই অ্যাডমিনিস্ট্রেশন অব জাস্টিসএর উপরে এক্সিকিউটিভ কিভাবে হস্তক্ষেপ করছেন। এই একটি দৃষ্টান্ত দিয়ে আমার কথা আমি প্রতিপন্ন করব যে, অনতিবিলম্বে জুডিসিয়ারি এবং এক্সিকিউটিভ আলাদা ক'রে দেওয়া উচিত। সভাপাল মহাশয়, এদেশে গরিব বিচার পায় না আপনি জানেন। সুবোধ সরকার শ্রমিক ইউনিয়নের সেক্রেটারি। তাকে গুলি ক'রে হত্যা করা হ'ল টেক্সম্যাকোতে। ঐ উপলক্ষে রাজঘোরিয়ায় যিনি ছিলেন টেক্সম্যাকোর ম্যানেজার, তাঁকে গ্রেপ্তার করা হ'ল অন মার্ডার চার্জ এগেনস্ট হিম। অমনি দেখা গেল আমাদের বিচার বিভাগের কিরকম নমুনা! প্রথম বিড়লাপুরে প্রাইজ ডিস্ট্রিবিউশনএ (এখানে শ্রমমন্ত্রী থাকলে ভাল হ'ত)। তিনি সেখানে উপস্থিত হলেন। আলিপুরে যে এস,ডি,ও,র কাছে বিচার তিনি সেখানে উপস্থিত ছিলেন। আমাদের শ্রমমন্ত্রী তাঁকে বললেন, "দেখুন, আপনাদের কাছে আমাদের একটা কেস আছে, একটু দেখবেন-শুনবেন। তবে জুডিসিয়াল ম্যাটার্সএ কিছু বলছি না, তবু আপনি একটু দেখবেন"।

[Disturbances from the Congress benches.]

দায়িত্ব নিয়েই একথা বলছি। তারপরে ডি,এম, এস,ডি,ও,কে টেলিফোন করছেন--দেখুন, বেল দিয়ে দিন। তিনি বেল দেন নি। টেলিফোনে তিনি তাঁর উত্তর দিলেন—তা হ'লে আমার কাগজপত্র ফাইল নম্বর নিয়ে নিন। এস,ডি,ও, ভদ্রলোক একটু শক্ত লোক। এক ঘণ্টা পরে এস,পি, আবার ফোন করছেন—কেসটায় বেল দিলে হ'ত না? তিনি বললেন—যদিও আমি বিচারক, আপনারা দেখছি সকলেই আমার চেয়ে ভাল বুঝেন। কেসটা অন্য জায়গায় ট্রান্সফার ক'রে নিলেই ভাল হয়। ফল যা অবশ্যম্ভাবী তাই হ'ল। সেই জুডিসিয়াল অফিসার যখন বিচার করতে বসেছেন সে সময় পাবলিক প্রসিকিউটর নিয়োগ হবে কিনা এই কথা উঠল। উনি বললেন—না, কোর্ট ইন্সপেক্টর কেস করবে। তখন জুডিসিয়াল সেক্রেটারি এ,ডি,এম,কে চিঠি দিলেন

special public prosecutor appointed

হ'ক। সভাপাল মহাশয়, তখন এ,ডি,এম, সেটা জানালেন তাঁকে। তিনি দেখলেন কিছুদিন আগে অর্ডার দিয়েছেন কোর্ট ইন্সপেক্টর করবে। এখন অর্ডার বদলান কি ক'রে? তিনি ডি,ও, লেটারখানি রেফার ক'রে অর্ডার দিলেন

special public prosecutor appointed

হ'ক। এটা হাইকোর্টে রেফার্ড হ'ল এবং চীফ জাস্টিস এটাকে কনটেম্পট অফ কোর্টে জুডিসিয়াল সেক্রেটারিকে চেপে ধরলেন। এটা কাগজে বেরিয়েছিল এবং ২০০ টাকা ম্যাক্সিমাম পানিশমেন্টএ জরিমানা হ'ল এই জুডিসিয়াল সেক্রেটারির। অবশ্য তিনি এখন জুডিসিয়াল সেক্রেটারি নন, এখন প্রোমোশন পেয়ে হাটকোর্টের জজ হয়ে গিয়েছেন। কিন্তু এই এস,ডি,ও,র কি ঘটল?

[6-45—6-55 p.m.]

এরপর তাঁকে আলিপুর থেকে ট্রান্সফার করা হল, তার কারণ এস, ডি, ও শক্ত লোক কারও কথা শোনেন না, বিচার করতে বসে যা ভাল বোঝেন তাই করেন। আজকের শ্রমমন্ত্রী সেদিন ছিলেন পুলিস মন্ত্রী তিনি যে বিরলাপুরের পুরস্কার বিতরণের সভায় এস, ডি, ওকে ইনফ্লুয়েন্স করতে গিয়োছিলেন, সে কথা সম্পূর্ণ সত্য। তিনি যতই অস্বীকার করুন, আর যাই বলুন না কেন, আমি যা বললাম সে কথা সম্পূর্ণ সত্য। তাঁর ছেলেদের বিরলাদের ওখানে চাকরী করে দিয়েছেন সে কথাও ত একদিন অস্বীকার করেছিলেন। পরে দেখা গেল আমি যা বলেছিলাম সে কথা সম্পূর্ণ সত্য। এস, ডি, ও বিচারাসনে বসে ন্যায়সঙ্গতভাবে কাজ করতে গেলেন বলে তাঁকে তখনই ট্রান্সফার করা হল কৃষ্ণনগরে, আমার নদীয়া জেলায়। সব লোককে জিজ্ঞাসা করুন। তারা সকলেই এক বাক্যে বলবে এই রকম এস, ডি, ও কদাচিৎ নদীয়ায় এসেছে। কিন্তু তা হলে কি হবে। একজিকিউটিভ তাঁকে সমুচিত শিক্ষা দিতে উদ্যত হলেন। কিছু দিন পরে তাকে একেবারে নামিয়ে সাব ডেপুটি করে আলিপুর পাঠিয়ে দেওয়া হল। সেই ভদ্রলোক বিভিন্ন জায়গায় সাত বছর ধরে এস, ডি, ওর কাজ করেছেন, যেমন—কাটোয়া, ঝাড়গ্রাম, আলিপুর,

হাওড়া; তারপর আমার জেলা, নদীয়ায় তাকে ট্রান্সফার করে দেওয়া হল সাব ডেপুটি করে। কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্টএর নিয়ম হচ্ছে যারা তিন বছর ধরে একটা কোন কাজে অফিসিয়েট করে, তাকে আর রিভার্ট করা যায় না। এটা সেন্ট্রাল গভর্নমেন্টএরই নিয়ম, অথচ এখানে দেখা যাচ্ছে, যে ভদ্রলোক সাত বছর ধরে এস, ডি, ওগিরি করছিলেন, তাঁকে এক কথায় রিভার্ট করে অন্যত্র ট্রান্সফার করে দিলেন? বৃটিশ আমলে তাঁরা যাই করে থাকুক না কেন, য়্যাডমিনিস্ট্রেশন অব জাষ্টিস বজায় রাখবার জন্য তাঁরা খানিকটা চেষ্টা করতেন। তখন দুই জন, যাঁরা সাব ডেপুটি থেকে একেবারে এস, ডি, ও, হয়েছিলেন, তার মধ্যে ইনি একজন ছিলেন। তখনকার দিনে যিনি এই সমস্ত সাব ডেপুটিদের এস, ডি, ও করেছিলেন, তিনি একজন সাহেব সেক্রেটারী, তাঁর নাম ছিল ষ্টিভেন্স। তিনি এ'কে এ'র গুণ দেখে এস, ডি, ও করে গিয়েছিলেন। এই ভদ্রলোক সাত বছর ধরে এস, ডি, ওর পদে কাজ করবার পর, তাকে সাব ডেপুটি কলেকটার করা হয়েছে। আর মাত্র এক বছর পরে ঐ ভদ্রলোকের রিটায়ার করবার কথা। তাঁর মেমোরিয়ালটা পর্যন্ত গভর্নরএর কাছে পাঠান হয় নি। সাপ্রেস করে রাখা হয়েছে। আগে যেখানে তিনি আলিপুরের এস, ডি, ও ছিলেন, সেখানে তাঁকে বর্তমানে সাব ডেপুটি করে রাখা হয়েছে। তাছাড়া মজা দেখুন এই রাজগিরের কেস যিনি পরে বিচার করেন, তিনি পুলিস ম্যাজিস্ট্রেট, তাঁর বিরুদ্ধে একটা ঘুস নেবার চার্জ ছিল, তা থেকে অবশ্য তিনি বেকসুর খালাস হন, কিন্তু সেখানে একটা রিমার্ক করা হয়েছিল যে তিনি কখনই এস, ডি, ও হতে পারবেন না। কিন্তু এখন তাঁর বরাত ফিরে গেল একজিকিউটিভ কর্তাদের কথামত বিচার করায় তিনি সেই এস, ডি, ওর পদে উন্নীত হলেন। কি চমৎকার বিচার আমাদের দেশে দেখুন। জুডিসিয়াল সেক্রেটারী ছিলেন একজন আই, সি, এস, তিনি কনটেম্পট অব কোট কেসএ সাজা পেয়ে প্রমোশান পেয়ে হাই কোর্ট জাজ হলেন। আই, সি, এস, জুডিসিয়াল সেক্রেটারীর ডি, ও লেটার এস, ডি, ও তাঁর অর্ডারএ উল্লেখ করেছিলেন কাজেই চিফ সেক্রেটারী এস এন রায় খুব চোটে গেলেন। এখন স্বরাজ হয়েছে, সমস্ত ক্ষমতা কিন্তু এই আই, সি, এসদেরই হাতে।

মিঃ তালুকদার, কমিশনার স্ট্রংলি রেকমেন্ড করলেন এ'কে পারমানেন্ট এস, ডি, ও করবার জন্য। কিন্তু চিফ সেক্রেটারী পি, এস, সির দোহাই দিয়ে আপত্তি জানালেন। বললেন পি, এস, সি একে এস, ডি, ও করায় আপত্তি করছেন। পি, এস, সি এই কর্তাদের কিরূপ বশংবদ তা বহুবার বহু দৃষ্টান্ত দিয়ে দেখিয়েছি। ডাঃ রায় সেক্রেটারীকে সাব ডেপুটি থেকে পাকা-পাকি ডেপুটি করতে হবে অতএব রুল পর্যন্ত বদলান হল। পি, এস, সির চেয়ারম্যান ডাঃ রায়কে টেলিফোন করে বললেন "স্যার, আপনার সেই কেসটি করে দিয়েছি"। আর ডাঃ রায় চিৎকার করে বললেন "ওহে আশু এইমাত্র টেলিফোন করে বলছিল তোমার ওটা হয়ে গিয়েছে।" এইত পাবলিক সার্ভিস কমিশন। যে কেস তাঁদের দ্বারা একবার রিজেকটেড হয়েছে, তাও ডাঃ রায় পুনরায় পাঠিয়ে চাপ দিয়ে আবার তাকে ঐ পদে বহাল করছেন।

যখন মিঃ তালুকদার ঐ কেস নিয়ে এলেন চিফ সেক্রেটারীর কাছে তখন পাবলিক সার্ভিস কমিশনএর দোহাই দিয়ে কমিশনারএর সেই রেকমেন্ডেশন উইথড্র করান হল। এভরিথিং ইজ ফেয়ার ইন লাভ অ্যান্ড ওয়ার। নন ম্যাট্রিক লালবিহারী মজুমদারের কেস পি, এস, সি, রিজেক্ট করেছিলেন, কিন্তু পি, এস, সিকে চাপ দিয়ে সেটা করান হল আর এই এস, ডি, ওর বেলায় পি, এস, সির দোহাই দিয়ে অন্য রকম করা হল। পি, এস, সিকে দিয়েই এটা তলায় তলায় ঐরূপ করান হয়েছে। নদীয়ার ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, বি, জি, রাও খুব শক্ত লোক ছিলেন, তিনি চীফ মিনিষ্টারএর সঙ্গে দেখা করে এস, ডি, ওর প্রতি ইনজাষ্টিস বন্ধ করার চেষ্টা করলেন এবং বললেন এ'কে পাকাপাকি এস, ডি, ও, করা উচিত। ডাঃ রায়ের অনিচ্ছা ছিল না, এতবড় একটা ইনজাষ্টিস দেখে তিনি একটু মাথা চুলকালেন, কিন্তু উনি যখন দেখলেন চীফ সেক্রেটারী কিছুতেই করতে চাচ্ছেন না, তখন তিনি আর কিছু করলেন না। মিঃ বি, জি, রাও নদীয়ার জেলা ম্যাজিস্ট্রেট ছিলেন সব জেনে শুনেই এবং এই ভদ্রলোকের উপযুক্ততা দেখেই তিনি এই কথা বলেছিলেন যে, এই কেসএ কত বড় ইনজাষ্টিস করা হয়েছে। এই ভদ্রলোক যেখানে একবার সাব-ডিভিসনাল অফিসার ছিলেন, সেখানেই আবার তাকে সাব ডেপুটি করে রাখবেন, এ কখনও ধর্মে সইতে পারে না।

তারপর আমাদের সিনিয়ার ষ্টান্ডিং কাউনসেল তিনি চার মাস বিহারে ছিলেন ষ্টুডেন্ট ফায়ারিং এনকোয়ারীতে বিহার সরকারের তরফে কেস করতে। সেই চার মাসের টাকা তিনি কেন নেন, এখান থেকে? তিনি ওখান থেকেও টাকা নিলেন, আবার এদিক থেকে টাকা নিলেন। সিনিয়ার ষ্ট্যান্ডিং কাউনসেল আগে ছিলেন স্যার এন, এন, সরকার, এ, কে, রায়, এঁরা রিটেনিং ফির বেশী নেন নি। আর উনি রিটেনিং ফি ছাড়াও বেশী নেন। আমি জিজ্ঞাসা করি গভর্নমেন্টের পক্ষে কয়টি কেসে তিনি উপস্থিত হয়েছেন? এবং তাঁর কয়টি কেসে গভর্নমেন্ট সাকসেসফুল হয়েছেন? আমার ইনফরমেশন ফাইভ পার সেন্ট কেসেস সাকসেসফুল হয় নাই। তিনি কয়েকটি সিভিল ম্যাটারএ ওপিনিয়ান দিয়েছেন এবং তিনি কয়টি কেসে পারমিসান নিয়ে গভর্নমেন্টের বিপক্ষে গিয়েছেন? এ সম্বন্ধে আমাদের মিনিষ্টার মহাশয়ের অনুসন্ধান করা উচিত। আমাদের গরীব দেশের টাকা। তাঁরা যদি রিটেনিং ফি রাখেন, তাহলে পর আবার টাকা দিতে হবে কেন? তাঁর বাড়ীতে পুলিস পাহারা আছে। শুনি তাঁকে নাকি কমুনিষ্টরা মেরে ফেলবে। সেইজন্য তিনি পুলিস পাহারা রেখেছেন।

আমার কাট মোসনএ যা বক্তব্য ছিল বলেছি। আর আমি সময় নেব না। যাতে ফরেষ্ট হেড গিলোটীন না হয়, তার জন্য ইনটারেষ্টেড আমি। আপনাকে বলবো জুডিসিয়ারী এবং একজিকিউটিভকে অনতিবিলম্বে পৃথক করুন, না করলে কনষ্টিটিউশান ভায়লেট করা হচ্ছে।

Janab A. M. A. Jaman:

হরিপদবাবু যে প্রাইজ ডিষ্ট্রিবিউশানএর কথা বললেন, আমি সেখানে উপস্থিত ছিলাম।

Mr. Speaker: On what are you speaking?

Janab A. M. A. Jaman:

উনি যে বিরলাপুরের কথা বললেন, ওখানে আমি পারসোনালি ছিলাম।

Mr. Speaker: He has not referred to your name So, you cannot offer any personal explanation here. He has not named any person.

SJ. Subodh Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা ইনজাষ্টিস সম্বন্ধে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি। একথা ১৯৫৪ সালে মাননীয় সুধীর রায় চৌধুরী মহাশয় তুলেছিলেন ক্রিমিনাল কোর্টের প্রাইভেট কমপ্লেন্ট সম্বন্ধে। তখন মন্ত্রী মহাশয় বলেছিলেন, তাদের সম্বন্ধে সুবিচার করা হচ্ছে। কিন্তু আজ এতদিন হয়ে গেল সুবিচার তো কিছুই হয় না, উপরন্তু কতকগুলি আইন দ্বারা আরো যাতে কম তাদের রোজগার হয়, আরো তাদের উপর বোঝা চাপে তার ব্যবস্থা করা হয়েছে। আমি এই হাউসকে স্মরণ করিয়ে দিতে চাই, তাদের কনডিসানস সম্বন্ধে দু-একটি কথা বলতে চাই। প্রথম কথা হচ্ছে রেকমেন্ডেশান বেসিসএ তারা কাজ করে। গভর্নমেন্টের অন্যান্য সার্ভিসে যেসব টাইপিষ্ট কাজ করে, তাদের গভর্নমেন্ট থেকে রিবন ইত্যাদি দেওয়া হয়, মেশিন সাপ্লাই করা হয়। কিন্তু এদের বেলায় তার কিছুই দেওয়া হয় না। অর্ডিনারি যে সমস্ত নথীপত্র টাইপ করে দিতে হয়, পার্টী যে ফলিও দেয় তার হাফ তারা পায়। কিন্তু একস্ট্রা যা তারা পায়, সেটা তাদের ভাগ্যে জোটে না, গভর্নমেন্ট থেকে ছিনিয়ে নেওয়া হয়। অধুনা ব্যবস্থা হয়েছে যে সমস্ত পুলিস কেসের ডায়রী, এফ, আই, আর, ইত্যাদি যা দেওয়া হবে, তার জন্য তারা একটা র‍্যালাউয়েন্স পাবে, সেটাও অত্যন্ত কম। নোটিশ দেওয়া হয়েছে আগামী এপ্রিল মাস থেকে দেশের যে সমস্ত কেস সেসান্স কোর্টে যাবে, তার নথীপত্র পার্টিকে গভর্নমেন্ট থেকে বিনা পয়সায় দিতে হবে। স্পেশ্যালি যে সমস্ত কেসের ব্রীফ হয় সেখানে ব্রীফের একটা রেট দেওয়া হয়, ষোলশো ইংরেজী শব্দের জন্য এক টাকা, আঠারশো বাংলা শব্দের জন্য এক টাকা। কিন্তু শুধু এই রিবন ও

মেশিন সারাতে মাসে তাদের ২০ টাকা খরচ লেগে যায়। তারপর তাদের কি থাকে? এইজন্য বার বার দাবী করেছিলাম এদের সম্বন্ধে সুবিবেচনা করতে। মন্ত্রী মহাশয়ও বলেছিলেন, বিবেচনা করবেন। তাদের রিবন, মেশিন ইত্যাদি সাপ্লাই করা হোক, তাদের পে ফিক্সড পে করে দেওয়া হোক। সরকারের অন্যান্য বিভাগে যে সমস্ত কর্মচারী তাদের মত মাইনের স্কেল হোক, ডি, এ, হোক, গ্রাচুইটী হোক, রিটায়ার করার পর পেনসনের ব্যবস্থা করা হোক।
আর একটা কথা আছে, তাদের গভর্নমেন্টকে সিকিউরিটি দিতে হবে। যেমন গভর্নমেন্টের অন্যান্য কতকগুলি ডিপার্টমেন্ট আছে যেখানে তাদের সিকিউরিটি দিতে হয় তেমনি এদেরও সিকিউরিটি দিতে হবে। অন্যান্য বিভাগে সিকিউরিটি দিলে—ডিপোজিট মানির উপর তারা ইন্টারেস্ট পায়, কিন্তু এরা তার উপর কোন ইন্টারেস্ট পায় না।

মন্ত্রীমহাশয়কে বলতে চাই, অনেক দেরী হয়ে গেলেও এই যে নূতন করে বোঝাগুলি তাদের ঘাড়ে চাপিয়েছেন, তারজন্য বোধ হয় তাদের কাজ ছেড়ে চলে যেতে হবে। অতএব আমি তাঁকে অনুরোধ করব—যাতে তাদের কাজের সুবিধা করা যায়, অন্যান্য বিভাগের টাইপিষ্টদের বেতন ও ডিয়ারনেস এলাউয়েন্স যে হারে দেওয়া হয় সেই হারে এদেরও বেতন এবং ডিয়ারনেস এলাউয়েন্স প্রভৃতির ব্যবস্থা করা হোক।

[6-55—7-5 p.m.]

Sj. Rameswar Panda: Sir, I have three cut motions on this grant one of which refers to the separation of judiciary from the executive. Much has been said on this point and I have nothing more to add except a few words that this is one of the directives laid down in the Constitution like other directives such as the establishment of free primary education or the establishment of Hindi as the Rastra Bhasa. So far as our schemes are concerned, the State Government is taking steps with regard to other directives. But why his neglgence with regard to this one I fail to understand. My friends have all said about the practical instances which occurred in mafassal courts on account of non-separation of judiciary from the executive, and I think the Hon'ble Minister will learn what procedure is going on in the mafassal courts and will not lose a moment in introducing this separate system of judiciary.

My other point refers to empowering the Subdivisional Munsif of Contai to deal with the cases under the Hindu Marriage Act and the cases of restitution This point has been dealt with by my friend Shri Natendra Nath Das.

Mr. Speaker: What specific information do you want to get from the Government? You are stating many things which are purely your conclusion or inference. Do not make inference. I have given you permission to speak to enable you to get some information. Sj. Jyoti Basu raised specific questions to ascertain categorically three points.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

আসছি আমি, আসছি স্যার, এইসব ফ্যাক্ট থেকে যা আসছে—

Mr. Speaker: They are debatable, they are inferences.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

এইসব ফ্যাক্টস থেকে যা আসছে তার উপর জবাব চাই। তার উপরই আমার প্রশ্ন হবে।

Mr. Speaker: Put your specific question on which you want to get information.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

আমার প্রথম প্রশ্ন হচ্ছে এই, এই যে বিলটা পার্লামেন্টে আসছে, এই বিল ডাঃ রায়ের জানা আছে কিনা এবং তার সর্ত সম্বন্ধে পূর্বে তাঁর সঙ্গে পরামর্শ করে এই জিনিষ করা হয়েছে কিনা?

২য় প্রশ্ন হচ্ছে, আমাদের ভাষাভিত্তিক দাবীতে বাংলার যে যে অংশ আমরা চেয়েছি সেটা একেবারে চেপে দেওয়া হয়েছে কিনা? এবং সে সম্বন্ধে আমাদের এখানে কোন আইন আসবে কিনা?

৩য় প্রশ্ন হচ্ছে, ইউনিয়ন প্ল্যানের কথা প্রসঙ্গে উনি হাজারো জিনিষ বলে বেড়াচ্ছেন, কিন্তু আমাদের প্রশ্ন হচ্ছে এই বিলের সঙ্গে সে বিল এল না কেন? এবং সেটা আলাদা করে রাখা হ'ল কেন, এবং কবে, কোন তারিখে সেই জিনিষটা আমাদের সামনে আসবে, বা এ্যাট অল আসবে কিনা?

৪ নম্বরে, আরেকটা জিনিষ জানতে চাই, ইউনিয়ন প্ল্যানে যে-সমস্ত সর্ত দেশের সামনে ডাঃ রায় দিয়েছেন সেই বিলে সে সব সর্তগুলি থাকবে কিনা?

[Sj. Subodh Banerjee rose to speak.]

Mr. Speaker: I want to know what additional points you want to know other than those which were raised by Sj. Jyoti Basu and Sj. Sudhir Ray Chaudhuri.

Sj. Subodh Banerjee:

আমার এ-বিষয়ে কিছু জিজ্ঞাস্য আছে।

Mr. Speaker: There cannot be any debate on this. Let me know your specific points other than those raised by Sj. Jyoti Basu and Sj. Sudhir Ray Chaudhuri.

Sj. Subodh Banerjee:

আজ যা সংবাদপত্রে আমরা দেখছি, তাতে আমার প্রথম জিজ্ঞাস্য বিষয়, আগে যে সংবাদ আমাদের জানা আছে, তাতে এই কথা ছিল যে—

States Reorganisation Commission's recommendations

এই বিলের মধ্যে ইনক্লুডেড হবে

as modified by the High Power Committee

এবং তারপর যদি মার্জার হয়, ইউনিফিকেশন হয়, তাহলে তার জন্য বেহার এবং পশ্চিমবঙ্গের লেজিসলেচার মত দিলে আলাদা একটা এ্যামেন্ডেড বিল আসবে। এই সংবাদ দিল্লী থেকে বেরিয়েছিল, এবং কলকাতারও নাম করা সংবাদপত্রগুলিতে প্রকাশিত হয়েছিল। আজ যা দেখছি, তা নয়।

States Reorganisation Commission

এমন কি হাই পাওয়ার কমিটির রেকমেন্ডেসনস পর্য্যন্ত ইনক্লুডেড হয় নাই। আমার প্রথম জিজ্ঞাস্য এই যে জিনিষটা বাদ গিয়েছে এটা ডাঃ রায় জানেন কিনা, তাঁকে জিজ্ঞাসা করা হয়েছিল কিনা?

Mr. Speaker: That is not a new point.

Sj. Subodh Banerjee:

২য় নম্বর পয়েন্ট হচ্ছে, আমরা এই সংবাদ পেয়েছি যে অধিকাংশ পার্লামেন্ট সদস্যরা নেহেরুর কাছে এ সম্বন্ধে একটা প্রস্তাবনা ডাঃ রায়ের প্রুতে পাঠিয়েছেন, ডাঃ রায় এ্যাজ দি চীফ মিনিষ্টার, তাঁরা ডাঃ রায়কে একটা চিঠি লেখেন এবং ডাঃ রায় সেই চিঠিটা সেখানে

ফরওয়ার্ড করেছেন। আমার জিজ্ঞাস্য হচ্ছে সেই চিঠিতে তাঁরা এমন কিছু লিখেছেন কিনা যাতে

States Reorganisation Commission

এবং হাই পাওয়ার কমিটির রেকমেণ্ডেশন বাদ চলে গেছে? এটা আমার কংগ্রেসের ঘরোয়া কথা হিসেবে জিজ্ঞাস্য নয়; যেহেতু তিনি চীফ মিনিষ্টার হিসাবে সেটা প্রাইম মিনিষ্টারএর কাছে ফরওয়ার্ড করেছেন, সেইহেতু তিনি জানেন সে চিঠিতে কি ছিল। এবং সেই চিঠিতে কি ছিল তা আমরা জানতে চাই।

৪র্থ নম্বরে জিজ্ঞাস্য, যেভাবে এই বিলটা ড্রাফটেড হয়েছে, তাতে ডাঃ রায় মনে করেন কিনা যে বাংলার স্বার্থকে চিরকালের জন্য চেপে দেবার ষড়যন্ত্র হয়েছে? এবং তা যদি তিনি মনে করেন তাহলে তিনি এই হাউসে ওপেনলি বলবেন কিনা ক্যাটিগরিক্যালি তিনি এই জিনিষ চান কিনা? আর তিনি রাজী আছেন কিনা এই ধরণের কথা বলতে, যে ভাষা-ভিত্তির যা আমরা ডিম্যাণ্ড করেছিলাম তাতে এস, আর, সি, কিমশন ও হাই পাওয়ার কমিটি যে জিনিষ দিয়েছেন সে জিনিষ যদি ওতে ইনক্লুডেড হয়ে না আসে তাহলেও তিনি ওটা এ্যাকসেপ্ট করতে যাচ্ছেন কিনা?

Mr. Speaker: That is also not a new point.

Sj. Subodh Banerjee:

আমি এই প্রশ্ন তুলেছি, কারণ এই প্রশ্নের জবাবের উপর আমাদের এ্যাটিটিউড ফ্রেমিং নির্ভর করে, সেইজন্য আমরা চাই তিনি ক্যাটিগোরিক্যালি এই জিনিষগুলি বলুন। অন্যথায় আমাদের দাবী নিয়ে আমরা ফাইট করতে থাকব।

Mr. Speaker: That has been asked for already.

Sj. Jnanendra Kumar Chaudhury:

মিঃ স্পীকার, স্যার, আমি জানতে চাই আমাদের ওয়েষ্ট বেঙ্গলএর যে অংশ বেহারে, সে অংশগুলির উপর দাবী কি আমাদের বর্ত্তমান গভর্ণমেন্ট ছেড়ে দিয়েছেন?

আমার আর একটা প্রশ্ন হচ্ছে, ডাঃ রায় ইউনিয়ন হ'লে যে দু-একটা সেফ-গার্ডসএর কথা বলেছেন, তিনি সেই সেফ-গার্ডস সম্বন্ধে কি সেন্ট্রাল গভর্ণমেন্টের সঙ্গে এবং বেহার গভর্ণমেন্টের সঙ্গে আলোচনা করেছেন?

Mr. Speaker:

আগেই সে প্রশ্ন এসে গেছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, it is neither a ধাপ্পা nor a প্রহেলিকা।

I am afraid, my friends, in their anxiety to show that the anti-merger policy is the policy adopted by the people of this province, have lost all trace of logic. I may say at once that up till now I have received no Bill from the Government of India nor any communication from the Government of India.

Sir, let us take the facts as they are. On the 16th January the Prime Minister made a broadcast in which he gave the opinion of the Government of India with regard to the recommendations of the States Reorganisation Commission in respect of the boundaries of Bihar and Bengal. On the 24th January, the proposal was made by us—myself and Shri Babu, Chief Minister of Bihar—for the merger of the two provinces. Therefore, there are two proposals before the Government and it is obvious to any man even of the meanest intelligence to appreciate that if there are two proposals, both cannot be there—either it is the one or the other.

[9-20—9-30 a.m.]

I have not got the Bill. Perhaps I have seen the press report in which it is stated that the question of Bihar and Bengal is not being included, because they are waiting for finding out the views of the people of this Province for or against the merger proposal. Therefore, they are waiting to get the views of the people. There are many ways of getting that. (Sj. JYOTI BASU: How?). One of the ways in which my friends are trying to do that is to try and prevent the people from getting out of their houses. Is that a democratic way? You want to force a man, coerce a fellow. Is that the way? One of the members of the Assembly yesterday was not allowed to come out. In your exuberance, in your enthusiasm you are preventing a man from doing his ordinary work. I say that is not the way of democracy. That is not the way by which you can get the people's opinion on a very important question which affects every member of this State. (Sj. JYOTI BASU: It is a lie). It is a coercive method and no coercion will be allowed by any right-thinking man anywhere. [Noise from the Opposition Benches.] (Sj. SUBODH BANERJEE: It is not a fact.) Sir, my friends have expressed their opinions and I am entitled to express my opinion on this issue. My friend Shri Subodh Banerjee might shout but that does not make any difference. The fact is that the people of this Province have to give their opinion. (Sj. SUBODH BANERJEE: How?) In whatever manner it is possible for them. It may be by meetings; it may be by election; it may be by various other methods. Until that is decided, no question of a Bill is before the House and can come before the House. I can assure my friend Shri Jyoti Basu that no surprise will be sprung upon them. The Bill if it comes and when it comes a previous warning will be given to them that the Bill is coming, so that he need not be very excited over this matter. (Sj. JYOTI BASU: কোন বছরে?) I do not know কোন বছরে? I cannot tell you that. You will remember that we are working under the Constitution and the Constitution says that if the Bill which is to be prepared by the Parliament is placed before the Parliament for altering or amalgamating the States and so on, it shall be placed before the Legislature at a particular moment. I do not know whether the Central Government has prepared a Bill about the merger. I have received no information. I have got no communication either. My friends say there is a mystery. They say it is প্রহেলিকা। Some say it is ধাপ্পাবাজী। Everybody uses an adjective according to his own mode of thinking. It has nothing to do with that. I say the matter is before the public. Let the people decide. Until that decision is taken—(Sj. JYOTI BASU: How?) Not by creating hartals. No; I do not agree that the hartal has expressed the opinion of the people. That hartal took place at a time when people did not have all the facts before them. I think the people are getting more conscious, and the restlessness of my friends opposite shows that every day the people are getting more conscious about the problem of merger, and this is a good thing. That is why they are getting more fidgety. I am not bothering about that. The question then arises—[Cries of "resign" from the Opposition Benches.] Don't be in such a hurry. Even if I resign Sj. Jyoti Basu will not get the chair of the Chief Minister of Bengal, I can assure you that. Supposing the merger question by some means or other is not acceptable either to the Central Government or either of the two States. what will happen to the provision that has been made by the States Reorganisation Commission about the boundaries of Bengal and as modified by the Government of India? I personally feel that if this merger question is out of the way, naturally the question of Reorganisation Commission's recommendations will come and when the matter comes, for instance, if the Bill comes without any change in the boundary, it is for us to fight and we shall fight and

we shall get it. (Sj. Jyoti Basu: How?). My friend Shri Jyoti Basu has mentioned somewhere that even if the States Reorganisation Commission's report as modified by the Government is accepted, they will not accept unless 14,000 square miles or something like that are given to them. I am not worried about all these things. I have put the matter before the people. Let the people decide it in any manner they like, and if the Government of India feel that the time has come when they can act upon the opinion of the people of this State, then only they can do that. I do not think, therefore, that the Bill has any chance of coming during this session. It is impossible. As I have said before, there will be plenty of time given for the members to know when the Bill is coming, so that they can prepare the country for *hartals* and any other *tals* that they like.

With regard to the conditions or I should say with regard to the suggestions I have made, a question has been asked: will they be included in the Bill? As I have said before, and I repeat again, these are important suggestions and if the Bill does not provide for them, it is open to us to reject the Bill if it is put to us. But remember, even if you reject the Bill, in the Constitution there is nothing to prevent the Parliament from introducing—[Uproar and cries of "bah, bah, bah".] It is not bah, bah, bah; it is the Constitution. Bah, bah, bah, do not help you. Therefore, my suggestion is that do not get restive and do not use these coercive methods. It will go against you. You cannot force the people of this Province to give consent to a particular mode of thinking simply by preventing people from getting out of their houses, or as was done yesterday night by throwing stones and making damages into the houses of people, because they are considering this question in their own way. I say "Please eschew these methods".

Sj. Jyoti Basu: Will the Hon'ble Chief Minister have general election immediately in order to ascertain the views of the people on this issue?

উনি ষ্ট্রাইক চাচ্ছেন না, ডিমনষ্ট্রেশন চাচ্ছেন না, হরতাল চাচ্ছেন না, কিছুই চাচ্ছেন না। তবে জেনারেল ইলেকসন করুন। জেনারেল ইলেকসন করে লোকের মতামত নিন।

The Hon'ble Dr. Bidhan Chtndra Roy: Please don't be pontifical.

Sj. Jyoti Basu:

জেনারেল ইলেকসন করবেন কিনা জানতে চাই। জেনারেল ইলেকসন ত আপনাদের কনষ্টিটিউসনে আছে।

Mr. Speaker: The answer has been given.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

উনি বলে গেলেন লোককে রাস্তায় বেরুতে দেওয়া হচ্ছে না, ঢিল ছোঁড়া হচ্ছে, এই সমস্ত কথা বললেন। দেশের লোক জানে যে, যে দুটো হরতাল হয়ে গেল তাতে কোন গোলমাল হয় নি, এই রকম হরতাল কখনও বাংলাদেশের ইতিহাসে হয় নি। তারপরে দিনের পর দিন যেভাবে আন্দোলন চলছে, সত্যাগ্রহ আন্দোলন তাতে কোথাও কোন গোলমাল হয় নি বরং উনিই মতলব করেছেন মারপিট বাধাবার জন্য।

Sj. Jyoti Basu:

জেনারেল ইলেকসন করুন।

Sj Subodh Banerjee:

এ ছাড়া আর একটা প্রশ্ন ছিল—কাগজে দেখেছি। প্রশ্নটা হ'ল এই যে পশ্চিমবঙ্গের কংগ্রেস এম, পিরা ওঁর কাছে একটা চিঠি দিয়েছিলেন এ্যাজ চীফ মিনিষ্টার, সেটার জবাব উনি দেন নি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not propose to discuss that matter.

Sj Subodh Banerjee:

ওটা কি হ'ল স্যার?

Mr. Speaker: That question has been answered.

Sj. Jyoti Basu: What about general election? Will he hold general election immediately to ascertain the views of the people? [Cries of "no, no" from Congress Benches.]

Mr. Speaker: You asked him to raise the question, regarding the statement of merger.

[Noise,]

Sj. Jyoti Basu: I ask the Chief Minister to answer my point. Let him answer. Let the master answer. What about the General election on this issue. [Interruptions] Sir, does he not hear?

উনি কাণে শুনবেন না, বধির হয়ে গেছেন।

[At this stage the Chief Minister left the Chamber] [Noise and interruptions] Well, Sir, this is democracy.....

Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

উনি চলে গেলেন, আমাদের জন্য একটু ধরে রাখতে পারলেন না, স্যার—উনি পালিয়ে গেলেন। [কংগ্রেস বেঞ্চ হইতে হাস্য] কালা মুখে হে'সে লাভ নেই, লজ্জা হওয়া উচিত—মীরজাফরের দল।

Mr. Speaker: We shall now resume the discussion on the Demands for Grants.

DEMANDS FOR GRANTS.

Grant No. 46—Major Head "81—Civil Works".

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Mr. Speaker, Sir, not only the affairs of this Department are as bad as those of the other departments of the Government, it surpasses the other departments in its competition for inefficiency and corruption. The time allotted to me being very short I will try to justify my remarks by two or three instances. One is the money spent over repairs of buildings and roads. We find that almost every year from 1 crore 70 lakhs to 2 crores are spent over repairs of roads and buildings. We have tried to find out specific instances of such repairs and we have found in 1952-53 Rs. 93,518 was spent over repairs of the Presidency Jail; in 1953-54 Rs. 1,21,045 for the same place—the Presidency Jail—and in 1954-55 Rs. 81,097 for the same Presidency Jail. When we repair a house we do it in such a way as to see that there may not be any necessity at least of any further repairs in the course of 5 or 6 years. That is what an ordinary prudent man does. But what we find in respect of Government properties is that they are repaired year after year. The system is, before a repair is undertaken, to find out from the authorities concerned the exact details of those repairs. On those basis estimates are prepared and tenders are invited on the estimated amount. This is calculated on the basis of the scheduled rates and a certain percentage is taken as security money. When the exact nature of the repairs is known to the department we fail to follow how after the repairs are executed in a particular year it has to be continued year after year spending such huge sums of money. Now these expenses have been shown

and are incurred to provide the people of the camp of my friends opposite. A number of contractors have been introduced. New tactics have been introduced and they are given unfair opportunities, if I may be permitted to say so, so as to make provisions for them, being recklessly careless as to the interest of the work itself. A very curious thing is happening in the matter of acceptance of tenders. As I have said tenders based on scheduled rates are accepted even when much lower percentage is quoted. For road works tenders quoting rates 16 per cent. less than the current scheduled rates of the Works and Buildings Department, in one place, have been accepted and tenders of the same contractor for road works 33 per cent. less than the current scheduled rates have been accepted in another place. I may tell you, I have in my possession the names of the contractors. In buildings tenders have been accepted with a rate 27½ per cent. less than the scheduled rates and also 60 per cent. less than the scheduled rates. Naturally, the question arises that either your rates—scheduled rates are not correct or the works that are being carried out under these reduced rates are not being properly carried out. It is inconceivable that a work worth Rs. 100 according to the estimate of your own experts could be carried out at a cost of Rs. 40 only, that is, 60 per cent. less. There must be some dishonesty somewhere. Now, Sir, if the rates are not correct, if the rates are not proper, I mean the scheduled rates—why do you maintain them at all? If you feel that a man can execute a work at 60 per cent. lower rate than the rate that has been maintained by you why don't you correct these rates?

[9-40—9-50 a.m.]

These rates have been maintained to otherwise benefit the contractors because when extra works are done they are paid on the basis of your own scheduled rates. In a way you are indulging in corruption. You are favouring a contractor when he quotes a lower rate knowing full well that the work cannot be done at that rate. You are paying him for the extra works through the back door on the basis of your scheduled rate. This must be stopped.

Now, Sir, when the quotation is so much lower than the scheduled rates you must be making some savings. What are you doing with those savings? It is high time that the Minister should speak about it.

I would also mention about the collections from roadside lands, stalls and hawkers' stalls in the Chowringhee area. A large sum has accumulated as arrears of rent. The rent is very low; it should be increased. It is a direct loss to the revenue of the State. The arrears should be properly collected. With a view to realise the arrears you appointed an Estate Officer recently—you newly created a post to absorb the Deputy Director of Procurement Department. You have also appointed three or four collecting Sarkars but the arrear rents are not being collected; on the contrary the arrears are mounting up. I need not say that among these appointees there are some related to the Minister himself.

A large number of items of old inspection reports and audit objections are still outstanding. The Chief Minister, the Chairman of the Public Accounts Committee took a serious view of the audit comments. B. K. Singha, Joint Secretary, reminded the Chief Engineers concerned to cope with these arrears. Circulars were sent to the Superintending Engineers and Executive Engineers but to no effect. I know the power is entrusted in a weak hand but still I would ask the Minister to see that things are properly attended to.

Sj. Tarapada Dey:

মাননীয় স্পীকারমহাশয়, বাজেটে অনেক রাস্তার কথা বলা হয়েছে, কিন্তু তুলনামূলকভাবে বিচার করলে আমরা কোন জায়গায় আছি সেটা বোঝা যাবে।

আমেরিকায় প্রতি হাজার জনের রাস্তা হচ্ছে ২২·৭ মাইল। ইংলন্ডে হচ্ছে ৩·৯ মাইল, ফ্রান্সে হচ্ছে ৯·৪ মাইল আর ভারতবর্ষে হচ্ছে ০·৭৫ মাইল।

এইসবের তুলনায় বাংলাদেশে আরও কম।

মাদ্রাজে প্রতি হাজার জনের রাস্তা হচ্ছে ০·৭৭ মাইল

বোম্বাইতে প্রতি হাজার জনের রাস্তা হচ্ছে ০·৯৫ মাইল

বিহারে প্রতি হাজার জনের রাস্তা হচ্ছে ০·৮৭ মাইল

উড়িষ্যায় প্রতি হাজার জনের রাস্তা হচ্ছে ০·৭৭ মাইল

পশ্চিম বাংলায় প্রতি হাজার জনের রাস্তা হচ্ছে ০·৫৬ মাইল

পশ্চিম বাংলায় মোটামুটি প্রায় ২০,০০০ মাইল রাস্তা আছে। উনি প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার যে হিসাব দিয়েছেন, তাতে প্রতি বৎসরে ৩০০ মাইল করে ধরা হয়েছে, তাহলে পাঁচ বছরে মোট ১,৫০০ মাইল। আর দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার হিসাবে দেখিয়েছেন মোট ২,২০০ মাইল রাস্তা হয়েছে। অর্থাৎ ১০ বছরে মাত্র ৩,৭০০ মাইল রাস্তা করেছেন। এই হিসাবে যদি কাজ হয়, তাহলে ২০,০০০ মাইল রাস্তা নির্ম্মাণ করতে প্রায় ৫৪ বৎসর লাগবে। আমাদের হাওড়া জেলার অবস্থা আরও খারাপ। হাওড়া জেলায় রাস্তা আছে ১,০৭০·২ মাইল। ইউনিয়ন বোর্ডের রাস্তার কথা আপনাদের হিসাবে নাই। ইউনিয়ন বোর্ডের রাস্তার হিসাব কোথায় রেখেছেন কি? যা কিছু সার্ভে করেছেন তাতে কেবল গ্রাম্য রাস্তার কথা বলেছেন, কিন্তু ইউনিয়ন বোর্ডের রাস্তার কথা উল্লেখ করেন নি। মোটামুটি বড় বড় যে সকল রাস্তা ডিষ্ট্রিক্ট বোর্ডের আছে, সেইগুলির কথা বললেন, কিন্তু গ্রামের মধ্যে ইউনিয়ন বোর্ডের যে অসংখ্য রাস্তা আছে, সেগুলির কোন তথ্য আমরা পাইনি।

হাওড়া জেলায়, যা জানি তাতে জেলা বোর্ডের রাস্তা আর ওয়ার্কস এ্যান্ড বিল্ডিংসএর রাস্তা, উভয়ে মিলিয়ে প্রায় ২,০০০ মাইলের উপর হবে। এখানে আপনি আপনার পরিকল্পনায় লিখেছেন যে, বৎসরে ১১৫ মাইলের মত রাস্তা মেরামত হয়। তাহলে হাওড়া জেলায় সমস্ত রাস্তাগুলি সারাতে প্রায় ৯০ বছর লেগে যাবে। এখন আমি আমার কনষ্টিটিউয়েন্সির কথা বলছি। হাওড়া জেলার ডোমজুড় থানা এলাকায়, ছোট ছোট ইউনিয়ন বোর্ডের রাস্তাগুলি বাদ দিয়ে কমসেকম প্রায় ১০০ মাইল রাস্তা আছে। ডোমজুড়-কোড়ী, এই একটিমাত্র ৪ মাইল রাস্তা, সরকার তাঁদের পরিকল্পনার মধ্যে নিয়েছেন। কিন্তু এই ডোমজুড়-কোড়ী রাস্তা ছাড়া, আরও অনেকগুলি রাস্তা সেখানে আছে, তার কি ব্যবস্থা সরকার করছেন? যে হিসাব তিনি এখানে দেখিয়েছেন, তার মধ্যে এগুলির কোন ব্যবস্থা নাই।

এই ডোমজুড়-বেগড়ী রোড অত্যন্ত জরুরী দরকারী। বেগড়ীতে একটা হাট হয়, এবং সেখানে শত শত কারবারী আসে, তাদের জিনিষপত্র বিক্রয় করতে। কিন্তু সেখানকার রাস্তা এত খারাপ যে গরুর গাড়ী পড়ে লোক মারা যায় এবং মোটর গাড়ী একদম চলতে পারে না। সেই রাস্তা সম্বন্ধে কোন পরিকল্পনাই সরকার নেন্ নি। তা ছাড়া মাকড়দহ-বিশ্রামপাড়া বিখ্যাত রোডটি হুগলী থেকে মাকড়দহ-মহীয়াড়ী যে রাস্তা তার সঙ্গে মিশেছে। সেই রাস্তার অবস্থা অত্যন্ত শোচনীয়। বর্ষাকালে সেই রাস্তা দিয়ে মানুষের চলাফেরা একেবারে অসম্ভব হয়ে পড়ে। এ ছাড়া এখানে আরও অনেক রোড আছে, যেমন, শলপ-একসরৎ রোড, কোড়ী-কোলাড়া রোড, কুলাডিসি রোড, মাকড়দহ-ঝালুয়াড় রোড, রাজাপুর-খস্‌সরা রোড, মহীষগোট-ভগবতীপুর রোড, ডোমজুড়-পয়রাটুলি রোড, কাটালিয়া-জোতগিরি রোড, প্রভৃতি অসংখ্য রাস্তা আছে, যা আপনাদের পরিকল্পনার মধ্যে গ্রহণ করেন নি। ডোমজুড়ের এই ১০০ মাইল রাস্তার মধ্যে যদি ¼ ভাগ, অর্থাৎ ২৫ ভাগ রাস্তাও সরকারী পরিকল্পনার মধ্যে

গ্রহণ করতেন, তাহলে বোঝা যেত যে আগামী ২০ বৎসরের মধ্যে গ্রামবাসীদের কিছুটা উপকার হবে; কিন্তু সেখানে মাত্র ৪ মাইল রাস্তা ছাড়া আর কোন ব্যবস্থাই করেন নি, এবং এ থেকে সরকারী মনোভাব বেশ স্পষ্ট ফুটে উঠেছে। তারপর জগৎবল্লভপুর থানার অন্তর্গত সেখানে জেলা বোর্ডের যে ১৫০ মাইল রাস্তা আছে, তা তাঁদের পরিকল্পনার মধ্যে গ্রহণ করেন নি। মোটামুটি এই রাস্তাগুলি হ'ল—সন্তোষপুর-কানাইডাঙ্গা রোড, বড়গাছিয়া-চাঁপাডাঙ্গা রোড, বড়গাছিয়া-হাটাল কুলডাঙ্গা রোড, মানসিংহপুর-হাটাল সাদতপুর রোড, বড়গাছিয়া-পাতিডাঙ্গা ফটিকগাছি রোড, মাজু-গোবিন্দপুর ফটিকগাছি, শেক্‌রাহাটী-ঘোড়াদহ, শেক্‌রাহাটী-পেঁড়ো বসন্তপুর, কেশরাহাটী-রাঘবপুর প্রভৃতি এইরকম বহু রাস্তা আছে, কবে করবেন, কিভাবে হবে, তা আমরা কিছুই জানতে পারলাম না। তারপর, আপনারা কতকগুলি ডেভালপমেন্ট প্রজেক্টের কথা বলেছেন; যেখানে খরচের ৪ ভাগ দেশের লোক দেয়, আর বাকী ৪ ভাগ আপনারা দিয়ে রাস্তা করেছেন। এইসব রাস্তাগুলির কাজ সুষ্ঠুভাবে করবার পরিপন্থী। একেবারে ১০ হাজার টাকার প্ল্যান নেওয়া হয়; কিন্তু সেখানে আগে ৭½ হাজার টাকা জমা রাখলে, তবে আপনারা কাজ আরম্ভ করবেন।

রোজ রোজ মজুরী দিয়ে কাজ করাবার ব্যবস্থা করলে, অনেক সুবিধা ও ভাল হয়। কিন্তু আমাদের ফাইন্যান্স ডিপার্টমেন্ট কোথায় কি গণ্ডগোল করেন, যার জন্য এই নিয়মে কাজ করান হয় না। কেন যে এটা করা সম্ভব নয়, তা আমরা বুঝতে পারি না। যারা রোজ রোজ মজুরী চায়, তাদের তাই দেবার ব্যবস্থা করুন, তাহলে তাতে গ্রামের কৃষকরা সাহায্য পেতে পারে, এবং রাস্তার কাজও অনেক দূর এগিয়ে যেতে পারে। এই কথা আমি বহুবার বলেছি, কিন্তু আপনারা তা শোনেন না।

[9-50—10 a.m.]

তা ছাড়া যে-সমস্ত কাজ আপনারা নেন সে কাজ করবার পথেও অনেক কিছু ত্রুটি-বিচ্যুতি আপনারা করেন। হাওড়া-আমতা রাস্তা নিয়েছেন—ভালই করেছেন। কিন্তু তারপরে ঝাপড়দহ বাজার, স্পীকারমহাশয়! আপনি সেই রাস্তায় গিয়েছেন—সেই রাস্তায় হাজার হাজার লোক বাজার করতে আসে; সেই ঝাপড়দহ বাজারের ড্রেনেজ বন্ধ হয়ে গেছে। তার পাশে জেলেপাড়া, তারও ড্রেনেজ বন্ধ হয়ে গেছে। তার পাশাপাশি একটা গর্ত্ত হয়েছিল; সেখানে গরু পড়েছে, মানুষ পড়েছে, একটা মুটেও পড়েছে এবং তাকে হাসপাতালে পাঠান হয়। সাধারণ লোকে সেটা বুজিয়ে দিয়েছে। অথচ লেখালেখি কোরে কিছুই হয় না। আপনারা রাস্তা করেছেন, ভালই করেছেন, কিন্তু এই যে সব অসুবিধা করেছেন তার জন্য প্রতীকার হয় নি। এদিকে লক্ষ্য করা উচিত। তা ছাড়া উলুবেড়ে-মৌড়ীগ্রাম যে রাস্তা আসছে তার জন্য চাষীদের হাজার হাজার বিঘা জমির ড্রেনেজ বন্ধ হ'ল; বিলকুলাই গ্রামের লোকদের ড্রেনেজ বন্ধ। এগুলো একটু কাটাবার ব্যবস্থা করুন। আর সেটা এই রকমভাবে করুন যে, সাধারণ মানুষের ক্ষতি না হয়।

আর একটা কথা বলছি। রাস্তা যে করেন, কি উদ্দেশ্যে করেন? সেই রাস্তা যাতে সত্য সত্যই কাজে লাগে তার ব্যবস্থা করা উচিত। পিচ্ দিয়ে রাস্তা করবার সময় বলেছিলেন সে রাস্তায় বাস যাবে; হাওড়া-ডোমজুড়-আমতা পর্য্যন্ত পিচ্‌ঢালা রাস্তা করবার সময় বলেছিলেন এই সমস্ত রাস্তায় বাস চলবে; সেজন্য কংগ্রেস এম, এল, এরা পর্য্যন্ত সাধারণের সঙ্গে মিলে লিখেছিলেন। কিন্তু আপনারা সেজন্য তদন্ত করতে পাঠালেন এ, ডি, খানকে। তিনি মার্টিনের স্পেশ্যাল ট্রেনে ক'রে গেলেন এবং মার্টিন কোম্পানীর ম্যানেজারের সঙ্গে উপরে বসলেন, চা-টা খেলেন, আর হাজার হাজার লোক বসে; তারপরে আমাদের মত দুই-একজনের সঙ্গে কথা বললেন। মার্টিন কোম্পানীর সাহেব কি বললেন জানি না, কিন্তু উনি বললেন "বাস চলবে না" এই ঠিক করেছেন। যেখানে বাস চলাচল করার কথা সেখানে তার ব্যবস্থা হওয়া উচিত।

Sj. Khagendra Nath Bandhopadhyaya:

মাননীয় স্পীকারমহাশয়, আমাদের এই খাতে মন্ত্রীমহোদয় যে দাবী উপস্থাপিত করেছেন তাতে আমি পরিপূর্ণ সমর্থন জানাচ্ছি। রাস্তা সম্বন্ধে বিরোধী পক্ষের দু'জন বন্ধুর

বক্তৃতা শুনলাম। আমার সময় অল্প, কাজেই বেশী না বোলে তারাপদবাবু যে-সমস্ত কথা বললেন সেগুলির কিছু জবাব দেবার চেষ্টা ক'রব। তারপর বীরভূম জেলার কথা কিছু বলতে চাইব।

আমি যে-সমস্ত কাট-মোশন দেখেছি তার বেশীর ভাগ ক্ষেত্রেই বিরোধী পক্ষের বন্ধুরা বলেছেন যে ভিলেজ রোডএর দিকে নজর দেওয়া হয় নি। তাঁদের অনুরোধ ক'রব আমাদের যে রেড বুক দেওয়া হয়েছে তার ২৫৮-৬৩ পাতা দেখলে দেখবেন যে এমন অনেক রাস্তা নেওয়া হয়েছে যেগুলি ভিলেজ রোড এবং বেশীর ভাগ রাস্তা ভিলেজের মধ্য দিয়ে গিয়েছে। কাজে কাজেই এ-কথা বলা ঠিক নয়। কালকে মন্ত্রীমহোদয় যখন আমাদের সামনে আমরা দেখেছি যে ভিলেজ রোড সম্বন্ধে দু'রকম কন্ট্রিবিউটরি স্কীমে কাজ করা হচ্ছে—সেন্ট্রাল গভর্ণমেন্টের স্কীম, এবং কিছু ষ্টেট স্কীম। ৪ অংশ জনসাধারণ দেয় কায়িক পরিশ্রমে বা নগদে; তাহেল সেই রাস্তা করার বন্দোবস্ত হয়ে থাকে। এ বছর ৯ লক্ষ টাকার ষ্টেট বাজেট থেকে ১৭২ মাইল রাস্তার পরিকল্পনা নেওয়া হয়েছে। আর সেন্ট্রাল গভর্ণমেন্ট থেকে ৪৪টা রাস্তার জন্য ৯ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। বন্ধুবর তারাপদবাবুকে বিচার করতে বলি যে দু'শ বছর ব্রিটিশ রাজত্বে যেখানে সমগ্র পশ্চিম বাংলায় মাত্র ১,১৮৫ মাইল রাস্তা ছিল সেখানে পশ্চিমবঙ্গ সরকার প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ২০ কোটি টাকা খরচ কোরে এবং ষ্টেট থেকে আজ পর্য্যন্ত ২৮ কোটি টাকা খরচ কোরেছেন এবং তা থেকে অনেক বেশী কাজ করেছেন—৫,০০০ মাইল রাস্তা পশ্চিম বাংলায় করতে পেরেছেন। যেদিন দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হবে সেদিন দেখব পশ্চিম বাংলায় সরকারী রাস্তা ৭,৫০০ মাইল রাস্তা হয়ে যাবে। তিনি যে বললেন এইভাবে ৯০ বছর লাগবে তা ঠিক নয়। এইরকম দু-ই-একটা প্ল্যান পশ্চিম বাংলার রাস্তার ক্ষেত্রে যদি প্রয়োগ করতে পারা যায় তাহলে পশ্চিম বাংলার রাস্তার দুর্দ্দশা নিশ্চয়ই আর থাকবে না।

তারপরে বীরভূম জেলার একটি চিত্র উপস্থাপিত করতে চাই। স্বাধীনতা পাবার আগে বীরভূম জেলার পি, ডব্লিউ, ডির রাস্তা ছিল ১২ মাইল, এখন ফার্ষ্ট ফাইভ ইয়ার প্ল্যানএ সেখানে দেখতে পেলাম ১৮১॥ মাইল রাস্তা করার ব্যবস্থা হয়েছিল এবং এর মধ্যে ৬০ মাইল সম্পূর্ণ সুষ্ঠুভাবে হয়েছে, বাকী ১২১ মাইলের একটু একটু খুঁটিনাটি কাজ যা আছে সেগুলি সুন্দরভাবে হয়ে যাবে। আর সেকেণ্ড ফাইভ ইয়ার প্ল্যানএ দেখতে পাচ্ছি ১৩১ মাইল রাস্তা ১ কোটি ৫৬ লক্ষ টাকায় করবার বন্দোবস্ত করা হয়েছে। কাজে কাজেই বীরভূম জেলায় রাস্তার যে দুর্দ্দশা ছিল তা কিছুদিন পরে আর থাকবে না। সেই রকম একটা অবহেলিত জেলায় এই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় কয়েকদিন সমস্ত জেলার নিভৃততম পল্লীতে পর্য্যন্ত নিজে কষ্ট স্বীকার কোরে ঘুরে-ফিরে, কোন মতবাদের উপর নির্ভর না কোরে, কংগ্রেসী, অকংগ্রেসী বিচার না কোরে, যেভাবে সার্ভে কোরে এসেছিলেন এবং যেভাবে স্কীম রচনা করেছেন, তাঁকে এজন্য এই হাউসের সামনে আমাদের অভিনন্দন জানাচ্ছি, আমাদের বীরভূম জেলাবাসীর তরফ থেকে। আজ সময় কম, তাই মাত্র ২।৩টি জিনিষ ওখানকার সম্বন্ধে এখানে উপস্থাপিত করতে চাই।

গত বছর বীরভূম জেলায় অজন্মা হওয়ার ফলে টেষ্ট রিলিফে অনেক রাস্তা করা হয়েছে, যে রাস্তাগুলো করার ফলে দূর নিভৃততম পল্লীর সঙ্গে যোগাযোগ স্থাপিত হয়েছে, এখন সেই রাস্তাগুলোর স্থায়িত্বসাধন কোরে এবং সেখানে কালভার্ট ও ছোট ছোট ব্রিজ যদি কোরে দেন তাহলে গরীব গ্রামবাসীর বিশেষ উপকার হবে।

আর একটি কথা, ইলামবাজার ঘাটের যে সেতু নির্ম্মিত হ'তে যাচ্ছে তার ভিত্তি প্রতিষ্ঠা হয়েছে। সেই সেতু পরিকল্পনায় দিয়েছেন। সেইজন্য অনুরোধ হ'ল পাণ্ডবেশ্বর ঘাটে অজয় নদের উপর টেম্পোরারি ব্রিজ করা যদি সম্ভবপর হয় তাহলে সেটা যেন করেন, কেন না সেটা হ'লে পর আসানসোল এবং ধানবাদ এলাকার সঙ্গে বীরভূম জেলার সংযোগের সুবিধা হবে।

শেষে আর একটি কথা বলতে চাই যে ময়ূরাক্ষী পরিকল্পনার ফলে সিউড়ি-দুবরাজপুর-পান্ডবেশ্বরের যেটা প্রধান সড়ক সেটা ঘুরিয়ে দেওয়া হয়েছে; তার ফলে মোল্লারপুর একটা গন্ডগ্রাম এবং সেই গ্রামের সমস্ত হাট-বাজার, জিনিষপত্র নিয়ে জেলার সদর সিউড়ীতে আসার খুব অসুবিধা হয়েছে। এক মাইল দেড় মাইল রাস্তা ঘুরে আসতে হয়। বহুদিন ধরে এজন্য আবেদন-নিবেদন করা হয়েছে। সেটা যেন একটু চিন্তা করেন। আর বীরভূম জেলার বক্রেশ্বর একটা বড় তীর্থস্থান। দূর-দূর থেকে সেখানে লোক যায়। সেইজন্য বক্রেশ্বর থেকে চন্দ্রপুর অবধি বা হরিপুর পর্য্যন্ত ৪ মাইল রাস্তা এগিয়ে দিলে বিহারের সঙ্গে সংযোগ স্থাপিত হবে। এ কথাও মন্ত্রীমহাশয়ের কাছে নিবেদন করছি।

আজ যেভাবে রাস্তার ক্ষেত্রে মন্ত্রীমহাশয় দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন তাতে তিনি যে দাবী উপস্থাপিত করেছেন সেটার সমর্থন জানিয়ে আমার বক্তৃতা শেষ করছি।

[10—10-10 a.m.]

Sj. Madan Mohan Khan:

আজকে কংগ্রেস সরকার যেভাবে রাস্তার পরিকল্পনা করেছেন এই পরিকল্পনা এর অনেক আগে ১৯২৭ সালে জয়াকর কমিটি যখন বসেছিলেন তখন তাঁরা ঠিক করেছিলেন। গোটা ভারতবর্ষে কিভাবে রাস্তা তৈরী হবে এবং সেই পরিকল্পনা অনুযায়ী পেট্রোলের উপর ।৶· আনা, ।৶· আনা এবং ॥· ডিউটি চাপিয়েছিলেন, সেই ডিউটিতে রাস্তা-ঘাট হবে। তারপর বাংলাদেশের জন্য "কীনস্ কমিটি" বসে; তখন বাংলাদেশে ৫০ হাজার মোটর ছিল। সেই ডিউটির উপর মোটর ভিহিকিল্স্ ট্যাক্সও পাওয়া যেত। তাতে যে টাকা পাওয়া যেত সেই পরিমাণ রাস্তা করা হ'ত।

আমাদের উদ্দেশ্য হচ্ছে সরকারের যে সমস্ত মোটর রাস্তা দিয়ে যায় বা যাচ্ছে, সে রাস্তাগুলি ভাল করে পিচের রাস্তা করা দরকার। কারণ সরকার বলেছেন, আমাদের যে কর্ম্মচারী মোটরে ও রেলে কাজ করে, তার মধ্যে ১০ পারসেন্ট মোটরে কাজ করে জীবিকা নির্ব্বাহ করে এবং রেলে ৩ পারসেন্ট কাজ করে। আমাদের দেশে যে বেকার-সমস্যা বেড়ে যাচ্ছে তাতে এই রাস্তার উন্নতি করলে আরও লোক এতে কাজে নিযুক্ত হতে পারবে এবং আমাদের বেকার-সমস্যাও কিছুটা সমাধান হবে। দ্বিতীয় কথা সিডিউলড্ রেট সম্পর্কে আমার পূর্ব্ববর্ত্তী বক্তারা বলে গিয়েছেন। সিডিউলড্ রেটএ মন্ত্রীমহাশয়কে বলতে পারি, তিনি যে রেট ঠিক করে দেন কিন্তু দেখা যায় যে এই ফিক্সড রেটএর অনেক নীচে, অনেক জায়গায় কাজ করা হয়। এই রেট কি স্থানীয় মার্কেট রেট হিসাবে কাজ করা হয়? এখানে দেখা যায় যে বহু লোক টেন্ডার দেয়। মার্কেট রেটএর চেয়ে লেস রেটএ- ৫০ পারসেন্ট।৬০ পারসেন্ট।৭০ পারসেন্ট লেস রেটএ কাজ করায়। এখানে সরকার বলেছেন যে তাঁদের কাজ না দিলে আমাদের অডিট ধরবে। কিন্তু আমাদের স্টেটএর টাকা আমরা খরচ করব এবং এই টাকা খরচ করে যাতে ভাল কাজ করা যায় তার চেষ্টা করব। এখানে কন্ট্রাক্টররা ৫০ পারসেন্ট, ৬০ পারসেন্ট লেস দিয়ে কিভাবে কাজ করবে বুঝতে পারি না। লেসএ কাজ করলে যে কাজ ভাল হ'তে পারে না। সেইজন্য সিডিউলড্ রেট যা আছে সেই রেটএ কাজ করান উচিত। তারপর কন্ট্রাক্টরদের রেজিষ্টার্ড করার ব্যাপারে প্রচুর গোলমাল আছে। মেদিনীপুর জেলায় স্কুল ও হাসপাতাল করার ভার দিয়েছেন ফোর্থ ক্লাস কন্ট্রাক্টরদের এবং সেখানে বলা হয় যে, ফোর্থ ক্লাস কন্ট্রাক্টর ৫০ জন নিউ এনলিষ্টেড হবে। বহু লোক দরখাস্ত করেছিল। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, সে সমস্ত কান্ট্রাক্টররা আই, ডব্লিউ, ডিতে রেজিষ্টারড কন্ট্রাক্টর, যারা অজয়বাবুর ইরিগেশন ডিপার্টমেন্টএ কাজ করেছে তাদের পর্য্যন্ত নেওয়া হয় নি। নেওয় হ'ল কাদের, যারা জীবনে কোনদিন কাজ করে নি—ডিষ্ট্রিক্ট বোর্ডএ বা মিউনিসিপ্যালিটিতে। আমি ২।১টা নাম দিচ্ছি, যিনি আগে গভর্ণমেণ্ট সার্ভিস করতেন পরে কন্ট্রাক্টরএর কাজ করছেন, অক্ষয় মিত্র, যিনি একজন রেজিষ্টারড কন্ট্রাক্টর, মাননীয় অজয়বাবুর ডিপার্টমেন্টএর চিফ ইঞ্জিনিয়ার যাকে রেকমেণ্ড করেছিল, তাকে বাদ দিয়ে দেওয়া হ'ল। এর একমাত্র কারণ, যাদের সুপারিশ করার কেহ নেই বা হাতে কিছু দিতে পারে না, তাদের নাম নেওয়া হয় না। এটা অনুসন্ধান করে দেখবেন, কোন গোপন হাতের

খেলা। তারপর দেখছি আমাদের মেদিনীপুর ঝাড়গ্রামের ভায়া ধেড়ুয়া একটী রাস্তা বহুদিন চলে আসছে। এই রাস্তাটি গত ১০।১২ বৎসর আগে যে বন্যা হয়েছিল, সেই বন্যায় এই রাস্তার অধিকাংশ জায়গা ভেঙ্গে নষ্ট হয়ে যায়। কিন্তু আজ পর্যন্ত সে রাস্তাটি মেরামত করা হয় নি। তারজন্য রাস্তা বন্ধ হয়ে পড়েছে। মেদিনীপুর টু ঝাড়গ্রাম ভায়া ঢেলুয়া এই রাস্তার মেরামতের জন্য অনেকবার দরখাস্ত করা হয়েছে। ডিষ্ট্রিক্ট বোর্ডএর কাছে পিটিশন করা হয়েছে, ডিষ্ট্রিক্ট বোর্ড তা করছে না। সেই রাস্তাটা আপনারা মেরামত করুন। বন্যায় সেই রাস্তা নষ্ট হয়ে গেছে, বন্যায় নষ্ট হয়েছে এমন বহু রাস্তাই তো মেরামত করেছেন? আপনি বলবেন সে কাজ আপনার ডিপার্টমেন্টএর নয়, কিন্তু বন্যায় ভেঙ্গে যাওয়া, নষ্ট হয়ে যাওয়া বহু রাস্তাই তো মেরামত করেছেন, তবে এটাই বা করবেন না কেন? গরুর গাড়ী যাওয়া বন্ধ হয়ে গেছে, বাস যাওয়া বন্ধ হয়ে গেছে, ঝাড়গ্রাম থেকে মেদিনীপুর সমস্ত সংযোগ বন্ধ হয়ে গেছে। এ রাস্তা মেরামত করতেই হবে। ডিষ্ট্রিক্ট বোর্ডএ পাঠালে বলে আমাদের টাকা নাই। সেজন্য আমরা বলি মেদিনীপুর থেকে ঝাড়গ্রাম ভায়া ধেলুয়া এটা মেরামত করা হোক অবিলম্বে। শালবনীর পাশ হয়ে যে রাস্তা সেই রাস্তা অকর্ম্মণ্য হয়ে পড়ে আছে। মানুষ যেতে-আসতে পারছে না, এ্যাক্সিডেন্ট হচ্ছে, সেটা মেরামত করতে অনুরোধ করছি। আমার কথা হচ্ছে বাজার দর মত সিডিউলড রেট প্রস্তুত করুন। উপযুক্ত লোককে শ্রেণীভুক্ত ঠিকাদার করুন। মেদিনীপুর-ঝাড়গ্রাম ভায়া ধেড়ুয়া রাস্তা ও মেদিনীপুর সহরের রাস্তা মেরামত করে মানুষ ও যানবাহন যাতায়াতের সুবিধা করুন। অত্যাধিক লেস রেটএ কার্য্য বিলি বন্ধ করুন।

[10-10—10-20 a.m.]

Sj. Sasabindu Bera:

মাননীয় ডেপুটি স্পীকারমহাশয়, হাওড়া জেলার কয়েকটি রাস্তার দিকে আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। হাওড়া জেলা কোলকাতার নিকটে, কিন্তু অন্যান্য স্থানের তুলনায় হাওড়া জেলায় রাস্তা-ঘাটের অত্যাধিক অসুবিধা রয়েছে, বিশেষ করে হাওড়া জেলার দক্ষিণাংশে শ্যামপুর থানা এলাকায় এবং উলুবেড়িয়ার দক্ষিণ অঞ্চলে রাস্তা-ঘাটের অত্যন্ত অসুবিধে রয়েছে। এইসব অংশের কোন স্থানই কোলকাতা থেকে ৩৫ মাইলের বেশী দূর নয়, কিন্তু রাস্তা-ঘাটের এমন অসুবিধা যে এইসব অঞ্চল থেকে লোকজনের যাতায়াত অত্যন্ত কষ্টকর হয়ে ওঠে এবং রাস্তা-ঘাটের এই প্রকার অসুবিধা থাকার জন্যেই এই অঞ্চলগুলি কোলকাতা এবং হাওড়া সহর থেকে এক রকম বিচ্ছিন্ন হয়ে রয়েছে। সেজন্যেই আমি হাওড়া জেলার উলুবেড়িয়া মহকুমার উলুবেড়ে এবং শ্যামপুর থানার মধ্য দিয়ে উলুবেড়ে থেকে খাড়ুবেড়ে এবং শ্যামপুরের মধ্য দিয়ে শিবপুর পর্য্যন্ত যে রাস্তা আছে সেই রাস্তাটির কথা একটু বলতে চাই। এর উত্তরাংশটা ডিউক রোড নামে পরিচিত—এই রাস্তাটিকে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে অন্তর্ভুক্ত করবার জন্য আমরা বিশেষ চেষ্টা করেছিলাম এবং যাতে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতেও অন্তর্ভুক্ত হয় তার জন্যেও অনুরোধ জানিয়েছিলাম, কিন্তু দুঃখের বিষয় যে এটা এখনও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাতেও গৃহীত হয় নি। এই বিষয়ে মন্ত্রীমহাশয়ের কাছ থেকে একটা যুক্তি শুনেছিলাম যে শ্যামপুর থেকে বাগনান পর্য্যন্ত যে রাস্তা হয়ে যাচ্ছে তাতেই এই অঞ্চলের রাস্তা-ঘাটের সমস্যা মিটে যাবে বলে এই অঞ্চলের রাস্তার এত তাড়াতাড়ি কোন প্রয়োজন নেই। কিন্তু যদি শ্যামপুর থেকে বাগনান পর্য্যন্ত রাস্তাটির দিকে লক্ষ্য করেন তাহলে দেখবেন যে সেই রাস্তাটি হাওড়া জেলার দক্ষিণ অংশের পশ্চিম পাশ ঘেঁসে গেছে। হাওড়া জেলার এই দক্ষিণ অংশটির পশ্চিমে রূপনারায়ণ, পূর্ব্বে হুগলী এবং মাঝখানে দামোদর নদ রয়েছে—এই নদী ছাড়া বিচ্ছিন্ন অংশে যাতায়াতের অন্য কোন পথ নেই। কাছেই এই যে নূতন রাস্তাটি হচ্ছে সেটা এই অঞ্চলের একেবারে পশ্চিমধার ঘেঁসে হবার ফলে পূর্ব্বের এবং দক্ষিণ অংশের বহু অঞ্চলের লোকের যাতায়াতের অত্যাধিক অসুবিধা হয়। সেইজন্য এই রাস্তাটির দিকে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই রাস্তাটি ২০ মাইল দীর্ঘ এবং বিশেষ করে আমাদের ওখানকার মহকুমা হেডকোয়ার্টার

উলুবেড়িয়ার সঙ্গে সংযুক্ত বলে এই রাস্তাটির অত্যন্ত জরুরী প্রয়োজন। শ্যামপুর থানায় বর্ত্তমানে শ্যামপুর থেকে কমলপুর, কমলপুর থেকে শ্যামপুর এবং শ্যামপুর থেকে শিবগঞ্জ পর্য্যন্ত যে রাস্তাগুলি হচ্ছে তার দ্বারা এই অঞ্চলের যাতায়াতের সমস্যা খানিকটা মিটতে পারে বলে আমি মনে করি। তাহ'লেও শ্যামপুর থেকে বাগনান পর্য্যন্ত যে রাস্তাটি হচ্ছে সে সম্বন্ধে ২।১টি কথা আমি বলতে চাই। শ্যামপুর থেকে শিবগঞ্জ পর্য্যন্ত যে নূতন রাস্তাটি নেওয়া হচ্ছে সেটাকে আদার ডিষ্ট্রিক্ট রোড স্কীমএ নেওয়া হয়েছে। আমি আগে জেনেছিলাম যে শ্যামপুর থেকে বাগনান পর্য্যন্ত এবং কমলপুরের মধ্য দিয়ে রাস্তাটিকেও আদার ডিষ্ট্রিক্ট রোডএর মধ্যে নেওয়া হবে। যদিও এটা প্রথমে ভিলেজ রোডএর স্কীমএর মধ্যে ছিল, তবু মাঝখানে আমরা শুনলাম যে এটা আদার ডিষ্ট্রিক্ট রোডএর মধ্যে যাবে, কিন্তু হঠাৎ আবার শুনলাম যে মতলবটা পরিবর্ত্তন হয়েছে এবং এটাকে ইম্প্রুভড টাইপ অফ ভিলেজ রোডএর মধ্যে রাখা হবে। সেজন্য আমি অনুরোধ করি যে, শিবগঞ্জ থেকে শ্যামপুর রাস্তাটিকে যেমন করে আদার ডিষ্ট্রিক্ট রোডএর স্কীমের মধ্যে নেওয়া হয়েছে তেমনি অন্ততঃ আপাততঃ শ্যামপুর থেকে বাগনান পর্য্যন্ত রাস্তাটিকেও ঐরকমের মধ্যে ফেলে উন্নত আকারের রাস্তায় পরিণত করা উচিত। আমি মনে করি যে এটাকে একটা মেজর ডিষ্ট্রিক্ট রোড হিসাবে নেওয়া উচিত, কারণ এটা শ্যামপুর এলাকার যোগাযোগের একমাত্র রাস্তা।

এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলতে চাই যে এই সমস্ত রাস্তা-ঘাট নির্ম্মাণের ব্যাপারে আশেপাশের জমিগুলিকে যখন গ্রহণ করা হচ্ছে তখন সাধারণতঃ দরিদ্র কৃষকদের জমিগুলিই যাচ্ছে, সামান্য সম্বল জমিগুলিই তাদের যাচ্ছে, অবশ্য জনসাধারণের প্রয়োজনে তা নেওয়া উচিত। কিন্তু তাদের কম্পেনসেসনএর টাকাটা যাতে খুব তাড়াতাড়ি ব্যবস্থা করা হয় এবং সেই কম্পেনসেসনএর টাকাটা যাতে বাজার মূল্য হয় তার ব্যবস্থা করা উচিত, অর্থাৎ এই অর্থের দ্বারা যাতে তারা যে পরিমাণ জমি হারাচ্ছে সেই পরিমাণ জমি পেতে পারে তার ব্যবস্থা যেন হয়।

এর পর আমি হাওড়া জেলার আরও ২।১টি রাস্তার সম্বন্ধে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। হাওড়া জেলার সাঁকরেল ষ্টেশন থেকে উত্তর-পশ্চিমে যুঝেরসা পর্য্যন্ত প্রায় ৮ মাইল দীর্ঘ যে রাস্তাটি রয়েছে সেই রাস্তাটিতে ২০টি প্যাসেঞ্জার মোটর গাড়ী যাতায়াত করে এবং তাহ সাঁকরেল ষ্টেশনে প্রায় এক হাজার প্যাসেঞ্জার বয়ে নিয়ে আসে। দূরবর্ত্তী পল্লী অঞ্চলের বহু লোকের যাতায়াতের অত্যন্ত প্রয়োজনীয় এই রাস্তাটিকে এখনও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রহণ করা হয় নি। সুতরাং এটাকে যাতে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রহণ করা হয় তার জন্যে আমি মন্ত্রীমহাশয়কে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। এই রাস্তাটির অবস্থা অত্যধিক খারাপ, মোটর চলাচল করে অত্যন্ত প্রয়োজনের খাতিরে, কিন্তু অনেক সময় দুর্ঘটনা ঘটে এবং খুব বিপদের মধ্যে মোটর চালনা করতে হয়। ঐ অঞ্চলের সাঁতরাগাছি থেকে মহিয়ারী রাস্তাটির দিকে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। রামরাজাতলা ষ্টেশন থেকে বেরিয়ে এটা জগোছা থানার জীগাছা, জগাছা, গড়পা এবং অনশানীর মধ্য দিয়ে আন্দুল রোডএ গিয়ে এই রাস্তাটি মিশেছে। যাই হোক ৪ মাইল দীর্ঘ এই রাস্তাটিকে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রহণ করা হবে বলে একটা খবর আমরা পেয়েছিলাম, কিন্তু বাজেট বইতে এর কোন নাম উল্লেখ দেখলাম না বলে আমি অনুরোধ করব যে আগামী বৎসরের বাজেটে যেন এটা গ্রহণ করা হয়।

সর্ব্বশেষে আরামবাগ মহকুমার ২।১টি রাস্তার দিকে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আরামবাগ বন্দর রোডটা আরামবাগ মহকুমার অত্যন্ত প্রয়োজনীয় রাস্তা—৬টি ইউনিয়নের মধ্যে একমাত্র যাতায়াতের পথ এবং এটার একদিকে আরামবাগ মহকুমা হেড কোয়ার্টার ও অপর প্রান্তে রূপনারায়ণের উপর বন্দর, একটা ব্যবসার কেন্দ্রস্থল। এই রাস্তাটিতে বহু লোক যাতায়াত করে এবং এটা ১৪ মাইলের মতন দীর্ঘ পথ। এটা ফেরার ওয়েদারএ ৮ মাইল মাত্র পথে আরামবাগ থেকে গৌরহাটি পর্য্যন্ত ৪।৫ মাইল পথ, মোটর চলে, তার বেশী চলতে পারে না বলে এই ১৪ মাইল রাস্তাটিকে একটা স্থায়ী অল ওয়েদার

রোডএ পরিণত করবার জন্যে আমি বিশেষ অনুরোধ জানাচ্ছি। এটার জন্যে বহু আবেদন-নিবেদনও করা হয়েছে, এমন কি আরামবাগের এস, ডি, ও, মহাশয়ের তরফ থেকে অনেক চেষ্টা করা হয়েছিল, কিন্তু এটাকেও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এ পর্যন্ত গ্রহণ করা হয় নি। আরামবাগ মহকুমার আরও কয়েকটি রাস্তা, যেমন আরাণ্ডি থেকে বাসুদেবপুর রোড, আরামবাগ থেকে ডিহিরাতপুর এবং বর্দ্ধমান-পুরী রাস্তার যে অংশটি আরামবাগের মধ্যে রয়েছে, অর্থাৎ হাজীপুর পর্যন্ত রাস্তাটি একটা ইন্টার প্রভিন্সিয়্যাল রোড এবং একটা ইম্পর্টেন্ট রাস্তা। সেজন্য এই রাস্তাটিকে একটা ইন্টার স্টেট রোড বা মেজর ডিস্ট্রিক্ট রোড হিসাবে এটার সংস্কারের জন্য আমি অনুরোধ করি। আরামবাগ মহকুমায় রাজা রামমোহন রায় রোড নামে খ্যাত যে রাস্তাটি আছে, সেই রাস্তাটিরও যাতে আশু সংস্কার হয় তার জন্যেও আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

[10-20—10-30 a.m.]

Sj. Amulya Charan Dal:

মাননীয় ডেপুটী স্পীকারমহাশয়, এই বিভাগ সম্পর্কে বলতে গেলে প্রথমে বলতে হয় এই বিভাগে যে সমস্ত রাস্তা-ঘাট তৈরী করার প্ল্যান এ্যাণ্ড প্রোগ্রাম করেন সেটা স্থানীয় জনসাধারণের সঙ্গে পরামর্শ করে এবং জনসাধারণের স্বার্থের দিকে না তাকিয়ে করা হয়। তাই আজকে দেখা যায় বোম্বে রোড যা তৈরী হচ্ছে, পাঁচকুড়ার ৮ নম্বর ইউনিয়নের কতকগুলি গ্রামের মধ্যে দিয়ে এই রাস্তা করা হচ্ছে, ফলে ঐ অঞ্চলে কতকগুলি চাষের জমি, ফলের বাগান নষ্ট হচ্ছে। এই প্ল্যানএর প্রতিবাদে আমরা আরেকটী আলাদা প্ল্যান দিয়েছিলাম কিন্তু এঁরা তা গ্রহণ করেন নি। এই নিয়ে এই অঞ্চলের সাধারণ মানুষ যখন সত্যাগ্রহ আন্দোলন করলেন তখন সরকার পুলিস দিয়ে তাদের গ্রেপ্তার করলেন। তা ছাড়া এই বিভাগে যে দুর্নীতি আছে এবং কন্ট্রাক্টর, ওভারসিয়ার, ইঞ্জিনিয়ার প্রভৃতি খুব সংগঠিতভাবে লাভের টাকা ভাগাভাগি হয় সে সম্বন্ধে সকলেই জানেন। ডিস্ট্রিক্ট বোর্ড এবং লোক্যাল বোর্ডএর অধীনে যে সমস্ত রাস্তা ছিল তার কতকগুলি রাস্তা এই সরকার গ্রহণ করেছেন। এবং এখন বহু রাস্তা পড়ে আছে যা সংস্কারের অভাবে পড়ে আছে, এবং জনসাধারণের যাতায়াতের পক্ষে খুব অসুবিধা হচ্ছে। আশা করি এই রাস্তাগুলি সম্পর্কে যত তাড়তাড়ি হয় সংস্কার করবেন। ঘাটাল মহকুমায় আর কয়েকটা রাস্তা সম্বন্ধে বলব। বরদা হ'তে ইওপালা ভায়া খড়ার। এটা পাকা রাস্তা। ক্ষিরপাই হ'তে রামজীবনপুর এটাও পাকা রাস্তা। এই রাস্তা দুটি এমন অবস্থা হয়ে আছে এবং জনসাধারণের কষ্টের সীমা নাই। বিশেষতঃ বর্ষার সময় বাস চলে না, লোকে ঘাটাল যায়, ৩২ মাইল পথ, জনসাধারণের দুর্ভোগের সীমা নেই। এ ছাড়া আরও কাঁচা রাস্তা, কালকেপুর হ'তে কোওরগেড়া পর্যন্ত, এটা কাঁচা রাস্তা, বামরা হ'তে হাজিপুর রাস্তা এটাও কাঁচা রাস্তা, এগুলির অবস্থা শোচনীয়। আরেকটী কথা বলব, সরকার ইচ্ছায় হউক, অনিচ্ছায় হউক, টেস্ট রিলিফএর সময় কতকগুলি রাস্তা করেছিলেন, এই সমস্ত রাস্তায় জল-নিকাশের জন্য কতকগুলি পুলের প্রয়োজন। আমি সরকারকে বলছি এ সম্বন্ধে কোন পরিকল্পনা নিয়েছেন কিনা? যদি না নেওয়া হয়ে থাকে তাহলে পুল দেওয়ার ব্যবস্থা করেন সেজন্য দৃষ্টি আকর্ষণ করছি।

Sj. Nalini Kanta Halder:

মাননীয় স্পীকারমহাশয়, আমাদের রাস্তা-ঘাটের যেরকম প্রয়োজন সেই অনুপাতে রাস্তা-ঘাটের খুব অসুবিধা এবং অপ্রচুর। আমি বিশেষ করে ডায়মণ্ড-হারবার সাবডিভিসনের কথাই এখানে বলব। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ডায়মণ্ড হারবার-কাকদ্বীপ রোডটা নেওয়া হয়েছে এবং সেটা এক্সটেণ্ড করে নামখানা পর্যন্ত নেওয়া হয়েছে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আবার দেখছি যে সেটাকে আরও এক্সটেণ্ড করে নেওয়া হয়েছে। ফলে এর দ্বারা পশ্চিমদিকের সমস্যার সমাধান হয়েছে, কিন্তু পূর্ব্বাঞ্চলে বা মধ্যভাগের অসুবিধা রয়েই গেছে। এই অঞ্চলের উত্তরদিক দিয়ে ফটুগঞ্জ, ও কুল্পী থেকে বিষ্ণুপুর, রায়দিঘি রোড হ'লেও এই মেজর ডিস্ট্রিক্ট রোডকে আর এক্সটেণ্ড করে সুন্দরবনের দিক দিয়ে নিয়ে যাবার উপায় নেই। এইজন্য আমি প্রস্তাব করি যে রায়দিঘি থেকে ৬ মাইল উত্তরে

াশীনগর থেকে চাপলার ভেতর দিয়ে রায়পুর ফেরীঘাট হয়ে যে রাস্তাটা পাথরপ্রতিমা র্যন্ত গেছে সেটাকে এই মেজর ডিষ্ট্রিক্ট রোডএর পর্য্যায় ভুক্ত করলেই ভাল হয়। আর থুরাপুর ষ্টেশন রোড যেটা থানা পর্য্যন্ত গেছে সেটাকে আরও ৩।৪ মাইল এক্সটেন্ড করে ায়পুর ফেরীঘাট পর্য্যন্ত যোগ করে দিলে মথুরাপুর থানার সঙ্গে, সুন্দরবনের ভেতরে থুরাপুরের যে বিস্তৃত অঞ্চল পড়ে তাতে একটা যোগাযোগ ভালই হবে।

আমার দ্বিতীয় কথা হচ্ছে যে, পূর্ব্ব বিষ্ণুপুর-কুল্পী রোডের লক্ষ্মীকান্তপুর থেকে ালা পর্য্যন্ত ৭ মাইল যে মেজর ডিষ্ট্রিক্ট রোড করা হচ্ছে তাতে মাত্র এই ৭ মাইল করে কোন াভ হবে না। সেজন্য এটাকে দক্ষিণদিকে এক্সটেন্ড করে জুমাই নস্করের হাট ও দুর্ব্বাচটি র্যন্ত নিয়ে যাবার প্রস্তাব আমি করছি। আর জুমাই নস্করের হাট পর্য্যন্ত যে রাস্তা াছে সেটাকে একটু ডেভেলপ করলেই হবে এবং সেটা করলে সেখান থেকে আরও ৫।৬ াইল দক্ষিণে দুর্ব্বাচটি পর্য্যন্ত যাওয়া চলে। এবং উত্তরদিকে লক্ষ্মীকান্তপুর থেকে াটকপুর বা মন্দির বাজার পর্য্যন্ত পূর্ব্ব বিষ্ণুপুর রোডের উপড়ে আরও ৩ মাইল যোগ রে দিলে

direct communication with Calcutta

তে পারে এবং ডায়মণ্ড হারবার, সাবডিভিসনাল হেডকোয়ার্টারএ আসারও সুবিধা হতে পারে। তারপরে মথুরাপুর থানার অন্তর্গত ১৬ নম্বর লাটে পূর্ণচন্দ্রপুর থেকে জুমাই স্কর হাটের মধ্য দিয়ে কেওড়াতলার ভেতর দিয়ে ডায়মণ্ড হারবার-কাকদ্বীপ রোডের নশ্চন্দ্রপুর পর্য্যন্ত একটা বড় এমব্যাঙ্কমেন্ট যে আছে সেটাকে একটু সামান্য খরচা করলে একটা বড় রাস্তা হতে পারে এবং সেটা করলে কাকদ্বীপ এবং ডায়মণ্ড হারবারের সঙ্গে ঐ অঞ্চলের একটা যোগাযোগ স্থাপন হতে পারে।

তারপরে আর কয়েকটি রাস্তাকে আমি আদার ডিষ্ট্রিক্ট রোডএ নিতে বলি। যেমন লক্ষ্মীকান্তপুর-চুণফুলি রোড। লক্ষ্মীকান্তপুর থেকে চুণফুলি ৭ মাইল, কিন্তু সেটা ডিষ্ট্রিক্ট বোর্ড রোডএর অবহেলার জন্য নষ্ট হয়ে যাচ্ছে। সেজন্য আমি বলি যে, এটা টেক-আপ করা দরকার এবং এই লক্ষ্মীকান্তপুর ষ্টেশনের দক্ষিণ অঞ্চলের সমস্ত প্যাসেঞ্জার এই রাস্তা দিয়ে আসে বলে এটা ভাল হওয়া প্রয়োজন। আর একটা রাস্তা পূর্ব্ব-বিষ্ণুপুর-কুল্পী রোডের দয়ারামপুর থেকে গাববেড়ে হয়ে বাঁশবেড়িয়া পর্য্যন্ত গেছে—গাববেড়েতে একটা হাই স্কুল, বড়বাজার ও চালের কেন্দ্র আছে এবং বাঁশবেড়িয়াতেও একটা হাই স্কুল ও বড় চালের কেন্দ্র আছে, কিন্তু মাত্র এই ৩ মাইল রাস্তাকে আদার ডিষ্ট্রিক্টএর ভেতরে না ফেললে ঐ অঞ্চলের খুব অসুবিধা হয়। আর একটা কথা বলেছিলাম যে পূর্ব্ব-বিষ্ণুপুর-কুল্পী রোডের বীরেশ্বরপুর থেকে চুণফুলি রোডের দুর্গাপুর পর্য্যন্ত ঘাটেশ্বরের ভেতর দিয়ে যে এক মাইল রাস্তা আছে সেটাও ডেভেলপ করে ঐ রাস্তা দু'টো যোগ করে দিলে ভাল হয়। কারণ, ঘাটেশ্বর একটা ইম্পরটেন্ট জায়গা, সেখানে একটা সাব-রেজিষ্ট্রি অফিস, একটা সাব-পোষ্ট অফিস, একটা হাই স্কুল, ডিসপেন্সারী, খাসমহল অফিস এবং গভর্ণমেন্টের একটা বড় বাজার আছে। মন্দির বাজার থেকে পূর্ব্ব-বিষ্ণুপুর পর্য্যন্ত এই ৫ মাইল রাস্তার দক্ষিণ দিক দিয়ে যে খাল চলে গেছে, সেখানে ৭।৮টা ভিলেজ রোড এসে এই রাস্তার সঙ্গে মিশেছে, কিন্তু সেখানে একটাও ব্রীজ নেই। আমরা দেখেছি যে জগদীশপুর হাই স্কুলের পাশেই একটা বাঁশের সাঁকো মাত্র আছে, ছেলেদের যাতায়াতের খুব অসুবিধা হয় এবং গত শীত কালে একটা মেয়েছেলে তার শিশুসন্তান কোলে করে নিয়ে বাঁশের উপর দিয়ে যেতে যেতে পা শ্লিপ করে পড়ে যাবার ফলে একটা এ্যাক্সিডেন্ট হয়ে গেছে, এইগুলির দিকে আমি মন্ত্রী-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা রাস্তার কথা আমি বলব, সেটা হচ্ছে ঐ হটুগঞ্জ-পূর্ব্ব-বিষ্ণুপুর রোডে মতিলাল থেকে মগরা হাট পর্য্যন্ত বিস্তীর্ণ জলামাঠ থাকাতে তাদের কোন কালেই যাতায়াতের কোন সুবিধা নেই। এবং বর্ষাকালে এক সালতি করে যেতে পারে, তা নাহলে যাবার কোন উপায় নেই। অতএব এই ক'টা রাস্তার জন্য আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[10-30—10-40 a.m.]

Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় ডেপুটি স্পীকারমহোদয়, দেশের রাস্তা-ঘাট সম্পর্কে আমরা আগে থেকে বলে এসেছি যে গ্রামাঞ্চলের রাস্তা-ঘাটের অভাব আছে এবং তার জন্য কি দুর্দ্দশা লোকের হচ্ছে তাও বলে এসেছি; কিন্তু মন্ত্রীমহাশয় তাঁর জবাবে সব সময় বলেছেন যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার ভিতরে হয় ত গ্রামের রাস্তা-ঘাটের ব্যবস্থা করা যেতে পারে। আমরা দেখছি যে এবার কমিউনিকেসন খাতে ২ কোটি ৫৪ লক্ষ ৪½ হাজার টাকা গ্রামাঞ্চলের রাস্তা-ঘাটের জন্য খরচ করা হচ্ছে, কিন্তু আমি দেখছি আমার কনষ্টিটিউয়েন্সির একটি জায়গাতেও একটি রাস্তা নেওয়া হয় নি। এর পূর্ব্বে আমরা বলেছি যে ব্রিটিশ গভর্ণমেন্টএর যে সমস্ত রাস্তা ডিষ্ট্রিক্ট বোর্ড বা লোকাল বোর্ড থেকে তৈরী হয়েছিল সেগুলি মেরামতের দিকে দৃষ্টি দেওয়া হয় নি। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে খঙ্গপুর থানার খঙ্গপুর থেকে ডাকপুর, খাটরঙ, বলরামপুর, হৈতামিল সংঘ হয়ে কাম্পী রোড এবং মালাত-গোকুলপুর ষ্টেশন হয়ে মেদিনীপুর; কলাইকুণ্ডা ষ্টেশন ঝাড়গ্রাম রাস্তা হয়ে ধারেন্দা; ডাকপুর থেকে শোভানীপুরের ভিতর দিয়ে কংসাবতী নদীর তীরের মেদিনীপুরের রাস্তা; লছমপুর থেকে জনার্দ্দনপুর হয়ে মুনিবলদ হয়ে আঁকড়া, বেলপুর থেকে সাঁকো, পুরী রাস্তা থেকে ধাতপুর হয়ে চাঙ্গুয়াল ইত্যাদি রাস্তাগুলির দিকে নজর দেওয়ার অবিলম্বে প্রয়োজন। তারপর নারায়ণগড় থানার কথা বলব।

তারপর নারায়ণগড় থানায় মকরামপুর হ'তে কোতাইগড় রাস্তা, চাতুরীভাড়া হতে বেনাডিহাবাঁকী বাজার, ব্যয়রাবাদ হতে ফুলবথান ও মাকুড়দা হতে কুলবথান, এই যে রাস্তাগুলি আছে এগুলি উপযুক্ত মেরামতের অভাবে সম্পূর্ণ প্রায় লুপ্ত হতে বসেছে। এদিকে বারবার সরকারের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও তাঁরা নজর দিচ্ছেন না। এবারের বাজেটেও এর কোন রাস্তা ধরা হয় নাই।

তারপর মেদিনীপুর জেলায় যে সমস্ত রাস্তা নেওয়া হয়েছে, তার মধ্যে যদিও বেলদা থেকে কোশিয়াড়ী, বেলদা থেকে নয়াবাসন পর্য্যন্ত রাস্তা এবারের বাজেটের অন্তর্গত করা হয়েছে, তা সত্ত্বেও আমি এ সম্বন্ধে কিছু আলোচনা করতে চাই। ঐ রাস্তা ৬ বছরের উপর মানুষের পর্য্যন্ত যাতায়াতের অনুপযুক্ত হয়ে পড়েছিল। সেখানকার মেদিনীপুর ডিষ্ট্রিক্ট বোর্ড, মেদিনীপুর ডিষ্ট্রিক্ট বোর্ডের মেম্বার ও কেশিয়াড়ী থানার মেম্বাররা ঝগড়াঝাটি করে কার কন্ট্রাক্টর সে কাজ করবে, এই করে ৬ বছর কেটে গেল কোন কাজ হ'ল না। অথচ ৬ বছর ধরে সেখানকার সাধারণ লোকজনকে ঘোরান হলো, আর সরকার চুপচাপ বসে রইলেন। এটা বড়ই দুঃখের কথা। যাহোক এটা যে এবারের বাজেটে নেওয়া হয়েছে তাতে এখানকার লোকজন স্বস্তি বোধ করবেন।

তারপর আর একটা, খঙ্গপুর থেকে পুরী রাস্তার জন্য গত বছর ৪ লক্ষ ৪৩ হাজার টাকা ধরা হয়েছিল। তার মধ্যে মাত্র ৫০ হাজার টাকা খরচ হয়েছে। সেখানে আমরা উন্নতির মধ্যে দেখছি রাস্তার মাঝেমাঝে যে পুকুরের মত গর্তগুলি ছিল, সেগুলি ধুলা ও বালি চাপা এবং মাটী চাপা দিয়ে মেরামত করা হয়েছে। কেউ যদি এখন সেখানে যান সেটা দেখতে পাবেন। সেখান দিয়ে এখন কোন মোটর গাড়ী গেলে পরে ধুলার মেঘ সৃষ্টি হয় এবং বর্ষাকালে কাদা ছিটিয়ে পথচারীর এবং আশেপাশের ঘরবাড়ীগুলি কাদায় হোলী খেলা সুরু হয়ে যায়। যদিও এই খঙ্গপুর থেকে বেলদা রাস্তার জন্য ৪ লক্ষ ৪৩ হাজার টাকা ধরা হয়েছিল, তাতে এটুকু কাজ হয়েছে।

তারপর ভিলেজ রোড সম্বন্ধে এবারকার বাজেটের মধ্যে আমরা দেখলাম, ৩৩ লক্ষ ৩৪ হাজার টাকা খরচের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু আমি আগেকার যেসব রাস্তার কথা বলে গেলাম, এর মধ্যের একটা পয়সাও সেখানে খরচ করবার ব্যবস্থা হয় নাই।

তারপর ধারেন্দা যাবার রাস্তা, যেটা সরকার অধিকার করে নিয়েছেন, সেই রাস্তা কলাইকুণ্ডা ষ্টেশন ও ঝাড়গ্রাম থেকে ধারেন্দা পর্য্যন্ত সরকার তৈরী করে দিতে বাধ্য।

কিন্তু কলাইকুণ্ডা থেকে বা ঝাড়গ্রাম থেকে বারবার সে সম্পর্কে বলা সত্ত্বেও সরকার কেন সেটা করছেন না, তা আমরা কিছুতেই উপলব্ধি করতে পারছি না।

তারপর ও, টি রোড সম্পর্কে বলা হয়েছে, একটা ডাইভার্সানএর জন্য। এই রাস্তা খড়্গপুর পুরাতন বাজারের ভেতর দিয়ে যে অংশ চলে গেছে, তার মধ্যে মেদিনীপুর থেকে ৪ মাইল ৭ ফার্লং থেকে ৫ মাইল ১½ ফার্লং অর্থাৎ মাত্র আড়াই ফার্লং ডাইভার্সান রোড তৈরী হবে বলে ইংরেজদের আমল থেকে শুনছি। কিন্তু এই ডাইভার্সান এমন জায়গার মধ্য দিয়ে চালান হচ্ছে যে সেই অংশে অধিকাংশ গরীব হরিজনদের বাড়ী পড়ছে। এর ফলে তারা উচ্ছেদ হয়ে যাবে। আর যে-সব পুকুর, ডোবা আছে, সেগুলিও ভরাট করতে হবে এবং ৫টী বাঁধ বাঁধতে হবে। কাজেই এতে অনেক অসুবিধা হবে ও অযথা টাকা অপব্যয় হবে। সুতরাং এই ব্যবস্থা পরিত্যক্ত হওয়া আবশ্যক। কেন না রাস্তা তো সোজা, সরল হবে না। রেল পুলের জন্য ইউ-সেপ্‌ড্‌ সার্প বেণ্ড তো থাকবেই। পুরাতন বাজার এনক্রোচমেণ্ট এড়াবার জন্য ব্যবস্থা করতে হ'লে মেদিনীপুর থেকে ৪ মাইল ৬ ফার্লং থেকে কোশিয়াড়ী রাস্তার সংযোগস্থলে ৫ মাইল ৫ ফার্লং, এই ৬½ ফার্লং পর্যন্ত বাদ দিয়ে রাস্তা ডাইভার্ট করতে হয়। কারণ পুরাতন বাজারের সমস্ত অংশটাই কোশিয়াড়ীর রাস্তার সংযোগস্থল ছাড়াও পুরাতন বাজার ফাঁড়ি পর্যন্ত সব জায়গাটাই ২৫ ফিটের বেশী কোথাও নাই। দু'ধারে দু-তিন ফুট করে এনক্রোচ্‌ড হয়ে গেছে। এর স্থানীয় তদন্ত হওয়া দরকার। সেখানকার লোকে এই রাস্তার বিষয়ে মন্ত্রীমহাশয়ের কাছে যে নক্সা পাঠিয়েছে, তার নকল আমার কাছেও আছে। রাস্তা সোজা করতে হ'লে রেল রাস্তার উপর দিয়ে একটা ওভারহেড ব্রিজ করা দরকার এবং এনক্রোচমেন্ট বাদ দিতে হ'লে পুরাতন বাজারের পশ্চিমে রেল বাউণ্ডারীর ফাঁকা জায়গা যেটা পড়ে আছে, তার উপর দিয়ে রাস্তা তৈরী করতে হয়। আর না হয় এনক্রোচ্‌ড অংশটা পুরাতন বাজারে এ্যাকোয়ার করে নিতে হয়। তা না হ'লে বাদ দিতে হ'লে সমস্তটা বাদ দিতে হয়। এটা হ'লে খরচ অনেক কম হবে। তাঁরা যেভাবে ডাইভার্সান করতে যাচ্ছেন, তাতে প্রচুর খরচ হবে।

তারপর পাড়াগাঁয়ের রাস্তাগুলির এমন অবস্থা হয়েছে, সেখানে যদি মন্ত্রীমহাশয়রা নিজেরা কেউ যান, তা হ'লে দু-তিন মাইল পথ যাতায়াত করলেই বুঝতে পারবেন যে, সেখানে যাতায়াত কি কষ্টকর ব্যাপার। অবশ্য আপনারা যদি পাড়াগাঁয়ের লোকদের দুরবস্থার মধ্যে রাখতে চান, তাহ'লে এই রাজ্য তো আর কল্যাণময় রাষ্ট্র হবে না, বরং উল্টে দেশের লোকের মধ্যে একটা সরকার বিরোধী মনোভাব গ'ড়ে উঠবে।

তারপর খাটরাঙ্গা হতে মাওয়া হয়ে আঁতরলী পর্যন্ত কোন রাস্তা নাই। সেটা করা খুব দরকার।

কোতাইগড় হতে নাড়সা হয়ে মদনমোহন চক পর্যন্ত রাস্তা বাড়ান দরকার।

নূতন রাস্তা নারায়ণগড় হতে খেজরা রাস্তাটা হওয়া অত্যন্ত দরকার।

৪নং ইউনিয়নে মালঞ্চ রোড খড়্গপুর হয়ে রসুলপুর পর্যন্ত কোন রাস্তা নাই। এটা হওয়া দরকার।

আর দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মেদিনীপুর জেলা বোর্ড যে-সমস্ত রাস্তার কথা রেকমেণ্ড করে পাঠিয়েছে, সেগুলি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে গ্রহণ করা হ'ল কিনা তা বাজেটের মধ্যে দেখছি না বা মন্ত্রীমহাশয়ের বক্তৃতা থেকেও বুঝতে পারলাম না। তার কি হ'ল জানা দরকার।

আর একটা কথা জিজ্ঞাসা করবার আছে। কমিউনিকেসন খাতে ডেভেলপমেণ্ট ওয়ার্কএ যে-সব রাস্তা করা হচ্ছে, সেখানে দেখছি তেলা মাথায় বেশী করে আরো তেল দেবার ব্যবস্থা হচ্ছে।

আর একটা জানতে চাই। গ্র্যান্ট-ইন-এইড দিয়ে ডেভেলপমেন্ট কো-অপারেটিভ স্কীমএ যে-সব ব্যবস্থা করা হয়েছে এ খাতে, যে-কোন গ্রাম্য রাস্তার বিষয়ে সেখানকার গ্রামের লোক না, মন্ত্রীমহাশয়ের কাছে? এটা পরিষ্কার করে জানা দরকার।
দরখাস্ত করলেই পাবে? কোথায় তার দরখাস্ত করতে হবে? ডিস্ট্রিক্ট অথরিটির কাছে,

অর্ডিনারী গ্র্যান্টগুলি সব দেখছি কর্পোরেশন, মিউনিসিপ্যালিটি বিভাগের ভেতর দেওয়া হয়েছে।

এ ছাড়া আর একটা জিজ্ঞাসা করবার আছে। শালুইতে ৩ লক্ষ ২২ হাজার টাকার মধ্যে টিউব-ওয়েলএর জন্য ৭৯ হাজার টাকা খরচ করা হয়েছে। এটা কি ষ্টেট গভর্ণমেন্টএর খরচ, না, সেন্ট্রাল গভর্ণমেন্টএর কাছ থেকে পাওয়া যাবে? সেটা জানা দরকার।

[10-40—10-50 a.m.]

Sj. Gangadhar Naskar:

মাননীয় ডেপুটী স্পীকারমহাশয়, গত ১০।১২ বছর যাবৎ সোনারপুর ও বারুইপুর জলের জন্য ভেসে যাবার অবস্থা হয়েছে। এই ১০।১২ বছরের মধ্যে উক্ত অঞ্চলে সমস্ত রাস্তা-ঘাট ধ্বংস হতে চলেছে। সেজন্য মন্ত্রীমহাশয়ের কাছে আমরা বারবার অনুরোধ করেছি যে, সোনারপুর থানা ও বারুইপুর থানার ভাসা এলাকার যেখানে রাস্তা ধ্বংস হয়ে গেছে, সেখানে রাস্তা-ঘাটের একটা ব্যবস্থা হওয়া নিতান্ত প্রয়োজন। কিন্তু ৪।৫ বছরের মধ্যে সেখানে রাস্তা তৈরী করবার কোন পরিকল্পনা দেখতে পাওয়া যাচ্ছে না। সেজন্য মন্ত্রীমহাশয়কে পুনরায় অনুরোধ করছি ও তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যে, এই সোনারপুর-কামারগাছি, এই ফিডার রোড, পাকা রাস্তা, এটা ১০।১২ বছর যাতায়াতের অযোগ্য হয়ে পড়ে আছে। মন্ত্রীমহাশয়ের কাছে বলেছি এই রাস্তা না হ'লে ১০।১২টী গ্রামের ছেলেদের হাই স্কুলে পড়তে আসতে বিশেষ অসুবিধা হয়।

কিন্তু মন্ত্রীমহাশয় এখনো পর্য্যন্ত তার কোন উত্তর দিলেন না। তারপরে কমলগাছি-ফিডার রোড, অর্থাৎ কমলগাছি থেকে রেইলওয়ে ষ্টেশন পর্য্যন্ত যে রাস্তা সেই রাস্তা দিয়ে বহু আফিসের বাবুরা রেল ষ্টেশনে যান-আসেন, সেই রাস্তাটা মেরামত হ'লে পর তাঁদের যাতায়াতে সুবিধা হয়, তা ছাড়া কমলগাছি হাই স্কুলে ছেলেরাও সুবিধামত আসতে পারে। এই রাস্তাটা শীঘ্র মেরামত করতে মন্ত্রীমহাশয় মনোযোগী হবেন আশা করি।

তারপর ভাঙ্গোর হইতে চম্পাহাটি পর্য্যন্ত একটা পাকা রাস্তা করা একান্ত প্রয়োজন। তা না করায় ঐ অঞ্চলের লোক চলাচল ও যান-বাহন যাতায়াতের অত্যন্ত অসুবিধা ঘটছে।

তারপর সোনারপুর বাজার পর্য্যন্ত যে রাস্তাটা আজ ১০।১২ বৎসর যাবৎ ভেঙ্গে পড়ে আছে, সেই রাস্তাটা মেরামত করবার জন্য মন্ত্রীমহাশয়কে বারবার বলে আসছি। সে রাস্তায় স্থানে স্থানে এমন গর্ত্ত হয়েছে যে হঠাৎ তাতে কোন মানুষ পড়ে গিয়ে মারা যাওয়ার আশঙ্কা আছে। তা ছাড়া প্রতিদিন পার্শ্ববর্ত্তী গ্রাম থেকে বহু লোক সোনারপুর বাজারে আসে এবং সেখান থেকে রাজপুর পর্য্যন্ত গাড়ী যাতায়াতের কোন রাস্তা নাই।

তারপর সোনারপুর হতে নারায়ণপুর, এটাও খুব পুরাতন রাস্তা, সে রাস্তাটাও নষ্ট হয়ে পড়ে আছে। চম্পাহাটী হতে ভোজের হাট রাস্তাটাও হওয়া একান্ত প্রয়োজন। ভোজের হাট অঞ্চলে কোন গাড়ী নাই। এবং গাড়ী যাতায়াতেরও কোন সুবিধা নাই। আর বর্ষাকালে ৩০।৪০টা গ্রামের লোকের চম্পাহাটি রেল ষ্টেশনে আসতে হ'লে কষ্টের সীমা থাকে না।

তারপর মাননীয় মন্ত্রীমহাশয়কে জানাচ্ছি, গড়িয়া হতে সামসাপোতা রোড যাতে পাকা হয় সে বিষয়ে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ঐ রাস্তা একেবারে ধ্বংস প্রায়। সামসাপোতার পথে যে পুল, সেই পুল জানুয়ারী মাসে সম্পূর্ণ হয়েছে, ইতিমধ্যেই আবার ভেঙ্গে গেছে। একটা কাঠ ভেঙ্গে গেছে, আরো কাঠ ভাঙ্গবার উপক্রম হয়েছে। তার কারণ, ঐ সমস্ত পুল যে-সব কন্ট্রাক্টরদের মারফৎ করান হয় তারা কেবল টাকাই মেরে নেয়। কাজ ঠিকমত করে না। অতি খারাপ কাঠ দিয়ে কাজ কোনরকমে সেরে দেয় এবং করার সঙ্গে সঙ্গেই তা ভেঙ্গে যায়।

তারপর সুভাষ গ্রাম হতে চম্পাহাটি পর্যন্ত যে মেটাল রোড, সেটাও ভেঙ্গে গেছে, তা মেরামতের বন্দোবস্ত হয় নাই। সে সব গ্রাম্য রাস্তা বর্ষাকালের আগেই ভাল হওয়া উচিত। নেলে বর্ষাকালে গ্রাম্য লোকদের যাতায়াতের কষ্টের একশেষ হয়। সোনারপুর থানায় ও বারুইপুর থানায় ১০।১২ বৎসর যে-সব জায়গা ভাঙ্গা অবস্থায় ছিল সেখানে চাষ-আবাদের কিছু কিছু সুবিধা হচ্ছে বটে, কিন্তু রাস্তা-ঘাটের একান্ত অভাবে জনসাধারণের কষ্টের পরিসীমা নাই, সেইজন্য আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করি ঐ এলেকার রাস্তাগুলি যেন শীঘ্র শীঘ্র সংস্কারের ব্যবস্থা করা হয়।

Sj. Gangapada Kuar:

মাননীয় ডেপুটি স্পীকারমহাশয়, বাংলাদেশের পল্লীর রাস্তা-ঘাটের অভাব সর্বজনবিদিত। আর আমরা সকলে জানি কি সহরের কি গ্রামের সর্বপ্রকার উন্নতির মূল রয়েছে সুবিন্যস্ত এবং পর্যাপ্ত রাস্তা-ঘাট। অথচ আমরা যদি বাজেট বরাদ্দের দিকে তাকিয়ে দেখি তাহ'লে বলতে বাধ্য হব যে পল্লীবাসীর উন্নতির প্রতি ও পল্লীর উন্নতি সাধনের প্রতি সরকার অবহেলা করছেন।

Civil works—81—Capital Account of Civil Works outside the Revenue Account

আর এইটে এই দু'টোয় মিলিয়ে প্রায় ৯ কোটি টাকার মতন খরচ ধরা হয়েছে। এখানে আমাদের এই বাংলাদেশে, মোট যেখানে ৩৫ হাজার গ্রাম আছে, তারজন্য আমরা দেখেছি প্রায় ১০ লক্ষ টাকার মতন খরচের বরাদ্দ ধরা হয়েছে, গ্রামের রাস্তার জন্য, এখন যদি হার কষে দেখা যায় তাহলে দেখা যাবে এক-একটা গ্রাম পিছু ২৮ টাকা বারো আনার মত পড়ে, চাহিদার দিক দিয়ে বিবেচনা করলে এক-একটা গ্রামের জন্য যদি ৩০০ টাকা করে খরচ ধরা হ'ত তাহলে এক কোটি টাকার দরকার, সে জায়গায় আমরা দেখতে পাচ্ছি যে মাত্র ১০ লক্ষ টাকা খরচ ধরা হয়েছে।

এই প্রসঙ্গে আমি দেখাব যে গত বছর টেষ্ট রিলিফের দ্বারা যে রাস্তা-ঘাট হয়েছিল তার জন্য মাত্র এক লক্ষ টাকা ধরা হয়েছিল, গত বছরের অর্থাৎ ১৯৫৫-৫৬ সালের বাজেটে। অনেক জায়গায় যে রহাস্তাগুলি হয়েছে, এ বছরে সেসব রাস্তার পাইপিং, রিপেয়ারিং এবং মেটালিংএর জন্য কিছু কিছু টাকা ব্যয় করা দরকার ছিল। এবং তা করলে পল্লী অঞ্চলের ডাইরেক্টলি উপকার হ'ত। কিন্তু আমরা দুঃখের সহিত লক্ষ্য করছি—

"Grants to local bodies towards construction of bridges or culverts or roads repaired or constructed under the test relief scheme."

কোন কিছু টাকাই এ্যালোকেট করা হয় নাই। মাননীয় মন্ত্রীমহাশয়কে এই প্রসঙ্গে আমি অনুরোধ করব, তিনি এখন ঐ বাবদ টাকা বাজেটে না ধরলেও পরে যাতে ঐসব রাস্তা-ঘাট ভালভাবে মেরামত হয় সেই বন্দোবস্ত করার দিকে যেন দৃষ্টি দেন।

[At this stage the blue light was lit.]

স্যার, আমার কতটা সময় আছে?

Mr. Deputy Speaker:

পাঁচ মিনিট।

Sj. Gangapada Kuar:

আমার বক্তব্য হচ্ছে টেষ্ট রিলিফে যে টাকা ব্যয় করে গ্রাম্য রাস্তাগুলি করা হয়েছে, সেটা যাতে অপব্যয়ে পরিণত না হয় সেইজন্য সেই রাস্তাগুলিকে যাতে সার্ভিসেয়েবল্ করা যায় সেদিকে মন্ত্রীমহাশয়কে নজর দিতে বলব। তাছাড়া, আর যে সমস্ত কাট মোসন দিয়েছি, সে সম্বন্ধে আমার বলার কথা এই যে মাননীয় বলাইবাবু যে কাট মোসন দিয়েছেন, সেটা এগ্রা-বালুসাই সম্বন্ধে সে রাস্তাটা বাদ দিয়ে রামনগরের রাস্তা নেওয়া হয়েছে, অথচ সেজন্য

অনেক ভাল ভাল জমির উপর দিয়ে রাস্তা যাওয়ায় বহু উর্বর জমি নষ্ট হতে যাচ্ছে, এবং তার ফলে জনসাধারণ খুব ক্ষতিগ্রস্ত হবে। অতএব এগ্রা-বালুসাই রাস্তাটা যে স্কীমে ছিল, সেই রাস্তাটাই যেন নেওয়া হয়।

আমি আর একটা রাস্তার কথা বলব, সেটা দেব্রা-দুবরাজপুর ডি, বি, রোড সম্বন্ধে। সে রাস্তার এ বছরে খানিকটা অংশ ফাইভ-ইয়ার প্ল্যানএ নেওয়া হয়েছে। আমরা আশা করেছিলাম ফাইভ-ইয়ার প্ল্যানএর প্রথম দিকেই সে রাস্তাটা নেওয়া হবে। কিন্তু এত দেরীতেও নেওয়া হয় নাই। আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাব, এটা দীর্ঘ দিনের দাবী এবং জনসাধারণের দৈনন্দিন প্রয়োজন ও জীবন ধারণের নিত্যকার কাজে যাতায়াত করার এই রাস্তাটার কাজ যাতে শীঘ্র শীঘ্র অগ্রসর হয়ে সমাপ্ত হয় এবং অদূর ভবিষ্যতে যাতে জনসাধারণের পথকষ্ট নিবারণের ব্যবস্থা হয়, মন্ত্রীমহাশয় সেদিকে দৃষ্টি দেবেন।

সাঁকরাইল থানায় রোহিনীপুর গ্রামের মাথায় যদি রাস্তাটি নির্ম্মাণ করে দেওয়া হয়, তাহলে সাঁকরাইল থানা ও নয়াগ্রামের বহু লোকের ঝাড়গ্রামে আসার সুবিধা হবে এবং গোপীবল্লভপুর থানার সহিত এই অঞ্চলের যোগাযোগ স্থাপিত হতে পারে। মাননীয় ধনঞ্জয়বাবু বলেছেন যে এই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী গোপীবল্লভপুরে জন-সভায় বলেছিলেন যে এই রাস্তাটি করে দেবেন। ডেবরা-মারতলা-কাঁসাইঘাট রোড, ডেবরা-দুবরাজপুর ডিষ্ট্রিক্ট বোর্ড রোড, এই রাস্তার জন্য স্থেখানকার জনসাধারণ দাবী জানিয়েছে—এটা গুরুত্বপূর্ণ রাস্তা এবং এটা অবিলম্বে নেওয়া হোক। আর একটা রাস্তা নেওয়ার জন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব, কুয়াই-সিরসা-ক্ষুধিরাম রোড, ক্ষুদিরামের স্মৃতির সঙ্গে এই রাস্তাটি জড়িত আছে। এই রাস্তাটি স্বেচ্ছাশ্রমিক দিয়ে, টেষ্ট রিলিফ ওয়ার্ক দিয়ে করা হয়। এই রাস্তাটি অন্ততঃ ক্ষুদিরামকে সম্মান দেখাবার জন্য অবিলম্বে নিয়ে যাতে মেটাল্‌ড্‌ রোড করা হয়, সেইজন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি। তাছাড়া বহু রাস্তা করার প্রয়োজন আছে। বিশেষ করে পল্লীগ্রামে, এক জায়গা থেকে অন্য জায়গায় যাওয়া যায় না। সেই সমস্ত জায়গায় নতুন রাস্তা তৈরী করার প্রয়োজন আছে। আমরা মন্ত্রীমহাশয়কে বলব, বিভিন্ন রকম কাট মোসনএ যে সমস্ত নূতন রাস্তা নির্ম্মাণের প্রস্তাব দেওয়া হয়েছে, সেইগুলি মন্ত্রীমহাশয় বিবেচনা করবেন। আমি আর একটি প্রস্তাব করব। এই ডেবরা থানা থেকে দাসপুর থানা পর্য্যন্ত ৫০।৬০ মাইল রাস্তা যাতে করা হয় সেদিকে মন্ত্রীমহাশয় দৃষ্টি দেবেন।

Sjkta. Abha Maiti:

মাননীয় সভাপাল মহাশয়, বিধান সভায় অধিকাংশ গ্রামাঞ্চলের সদস্য রয়েছেন এবং গ্রামাঞ্চলে পথ-ঘাটের কি অসুবিধা সে সম্বন্ধে তাঁরা জানেন। এবং বিধান সভা থেকে যে মন্ত্রীমণ্ডলী গঠিত হয়, আমি মনে করি, সেই মন্ত্রীমণ্ডলী গ্রামাঞ্চলে রাস্তা-ঘাটের কি প্রয়োজন আছে, ব্রিজএর প্রয়োজন আছে, রাস্তার মাঝখানে যে কালভার্টএর দরকার আছে, তা তাঁরা জানেন। এ-কথা সকলেই জানেন যে শুধু ভারতবর্ষেই নয় ,আমাদের বাংলাদেশে যে রাস্তা-ঘাট রয়েছে, শুধু পল্লীর রাস্তাই নয়, জেলার মধ্যে যে সমস্ত বড় বড় ডিষ্ট্রিক্ট বোর্ডএর রাস্তা রয়েছে, তার অধিকাংশরই অত্যন্ত খারাপ অবস্থা হয়েছে। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হয়েছে, এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা আরম্ভ হতে চলেছে। আজকের দিনে যদি আমরা হিসাব নিই, তাহলে দেখতে পাব, যদিও রাস্তা-ঘাটের অভাব ছিল এবং এখনও রয়েছে, তবুও এই কয়েক বৎসরে কাজের মধ্য দিয়ে যে কয়েক শত মাইল রাস্তা এই বিভাগ থেকে করা হয়েছে, সেটা খুব কম নয়। আমি যদি আমার নিজের জেলার কথা বলি, মেদিনীপুর জেলায় আগে একটি কি দুইটি পাকা রাস্তা ছিল, এ-কথা এখানে যেসব মেদিনীপুর জেলার সদস্য রয়েছেন, তাঁরা জানেন, কিন্তু আজকে ১৯৫৬ সালে যদি মেদিনীপুরের কথা ভাবেন, তাহলে দেখতে পাবেন সমস্ত বিভিন্ন মহকুমায় আজকে বড় বড় রাস্তা হয়েছে এবং জেলায় যে সমস্ত রাস্তা ছিল, সেই ডিষ্ট্রিক্ট বোর্ডএর রাস্তাগুলিও নেওয়া হয়েছে। আমাদের জেলার মধ্যে ঝাড়গ্রাম মহকুমায় এবং কাঁথি মহকুমায় রাস্তা কম। ঘাটালেও রাস্তা কম ছিল। সেই সমস্ত জায়গায় আস্তে আস্তে জেলা বোর্ডের নেতৃত্বে রাস্তার কাজ সরকার গ্রহণ করেছেন।

[10-50—11 a.m.]

একটা কাট মোসনে বলা হয়েছে যে ঝাড়গ্রাম-গোপীবল্লভপুর-ফেঁকোকুঠীঘাট পর্য্যন্ত রাস্তা—আমাদের মন্ত্রীমহাশয় সেটা এক জনসভায় প্রতিশ্রুতি দিয়ে এসেছিলেন এবং সেখানকার যিনি সদস্য এখানে রয়েছেন তিনি ভাল করেই জানেন যে সে রাস্তার মঞ্জুর অনেকদিন আগেই হয়েছে এবং সম্প্রতি গভর্ণমেন্ট অফ ইণ্ডিয়া থেকে এ্যাপ্রুভ হয়ে গেছে। নূতন করে তার জন্য কাট মোসন দেওয়ার দরকার আছে বলে আমি মনে করি না। তারপর আর একটা কথা বলেছেন, রোহিনী পর্য্যন্ত রাস্তা সম্বন্ধে। আমি সেই জনসভায় ছিলাম। আমার মনে পড়ে না যে রোহিনী পর্য্যন্ত রাস্তা করে দেবেন এ-কথা তিনি বলেছিলেন। কোন মন্ত্রী প্রতিশ্রুতি দিন আর নাই দিন, গ্রামের শ্রীবৃদ্ধি সাধন করতে গেলে, সারা বাংলাদেশের উন্নতি সাধন করতে গেলে রাস্তার দরকার আছে, পল্লীর রাস্তার দরকার আছে, জেলায় বড় বড় রাস্তার দরকার আছে, ষ্টেটের ভেতর এক জেলা থেকে আর এক জেলায় যাওয়ার জন্য যোগাযোগ ব্যবস্থার সুবিধার দরকার আছে, সারা ভারতবর্ষের সঙ্গে যোগাযোগ ব্যবস্থার নিশ্চয়ই দরকার আছে। কিন্তু আমরা কতখানি রাস্তা পেয়েছি সেটা আমাদের বিবেচনা করা দরকার। আমার জেলার দিকে যদি তাকাই তাহলে দেখতে পাবো যে দীঘায়, যার উন্নয়নের উপর অনেক কিছু নির্ভর করে বলে আমরা মনে করি, সে দীঘার উন্নয়নের জন্য আজ নানাদিক থেকে রাস্তা নিয়ে যাবার চেষ্টা করা হচ্ছে। বালিচক থেকে নিয়ে যাওয়া হচ্ছে, খড়্গপুর থেকে নিয়ে যাওয়া হচ্ছে, কাঁথি থেকে নিয়ে যাওয়া হচ্ছে প্রভৃতি এই সমস্ত জায়গা থেকে নিয়ে যাওয়া হচ্ছে। কালীনগরে টুরিষ্ট ফান্ড থেকে ব্রীজ তৈরী হচ্ছে, অর্থাৎ কয়েক ঘন্টার মধ্যে কলকাতা থেকে, বাংলাদেশের বিভিন্ন জায়গা থেকে দীঘায় যাওয়া যাবে, ঐ অঞ্চলে যাওয়া যাবে। এক সময়ে এইসব অঞ্চলে যাওয়া অগম্য ছিল। এ-কথা আমি বলতে চাই যে আজকে যদি সবদিক থেকে আমরা দেখি তাহলে দেখতে পাবো যে আমরা নিশ্চয়ই রাস্তার উন্নতি করছি কিন্তু এ-কথাও আমি বলবো যে আরো অনেক কিছু করার আছে। যেমন, গ্রামে রাস্তার দরকার আছে, তেমনি জেলায়ও রাস্তার দরকার আছে। আমাদের রাস্তা সম্বন্ধে যে নীতি নির্দ্ধারিত হয়েছিল, তার প্রথম কথা ছিল যে জেলা থেকে মহকুমার সঙ্গে যোগাযোগ স্থাপন করা, মহকুমা থেকে বিভিন্ন থানায় যোগাযোগ স্থাপন করা। আমরা যতটুকু হিসাব জানি তাতে আমার মনে হয় যে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে অধিকাংশ থানার সঙ্গে মহকুমার যোগাযোগ স্থাপিত হয়েছে; যে-সমস্ত মহকুমার সঙ্গে থানার যোগাযোগ স্থাপিত হয় নি সেই সমস্ত জায়গার থানার সঙ্গে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যোগাযোগের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু এটা সত্য কথা যে গ্রামের এখনও অনেক রাস্তা আছে যার উপর আমাদের মনযোগ দেওয়া নিশ্চয় দরকার আছে। আমরা মনে করি আগামী বছর যে বাজেট রচিত হবে সেই বাজেটে আমরা দেখতে পাবো পল্লীগ্রামে যে-সমস্ত রাস্তা ইউনিয়ন বোর্ডের অধীনে রয়েছে, সেই সমস্ত রাস্তা বিভিন্ন সময়ে টেষ্ট রিলিফের মাধ্যমে রাস্তাবিভাগ নিতে সক্ষম হবেন। এই সঙ্গে আমি আরো ২।১টা কথা বলতে চাই। আমার কনষ্টিটিউয়েন্সীতে ২।১টা রাস্তা অনেকদিন পরে নেওয়া হয়েছে, সেজন্য আমি আনন্দিত। আমি মন্ত্রীমহাশয়কে বলবো যে লোয়ার দুঙ্কা রোডের যে অংশ ঘুরিয়া পর্য্যন্ত নেওয়া হয়েছে, সেই অংশ যদি খানিকটা বাড়িয়ে মুখবেড়িয়া পর্য্যন্ত করা হয় তাহলে ভাল হয়। এই স্থানের একটা বিস্তীর্ণ দিক পড়ে রয়েছে, যার সঙ্গে কাঁথি মহকুমার যোগাযোগ থাকে না বর্ষাকালে। সেখানে ছেলেদের হাই স্কুল রয়েছে, সেখানে সুন্দর একটা মেয়েদের হাই স্কুল কয়েক বৎসর চলছে। কাজেই এই সমস্ত দিকে যদি রাস্তা না যায়, তাহলে তাদের লেখাপড়া ব্যাহত হবে এবং সেইসব জায়গায় যে-সমস্ত রিসোর্সেস রয়েছে সেগুলি ঠিকমত প্রসারিত হতে পারে নি এবং সেখানে অর্থনৈতিক উন্নতিও সাধিত হয় নি। সেজন্য আমি মাননীয় মন্ত্রী-মহাশয়কে বলবো যে যখন সুবিধা হবে এবং যদি সম্ভব হয় তাহলে আর ৫।৬ মাইল বাড়িয়ে মুখবেড়িয়া পর্য্যন্ত রাস্তা করুন এবং সেই সঙ্গে আমি আর একটা কথা বলবো, দীঘার সঙ্গে সংযোগ স্থাপন করে পাঁচকুড়া, তমলুক এবং নন্দীগ্রাম পর্য্যন্ত যে রাস্তা করেছেন সেই রাস্তা বাড়িয়ে কালীনগর পর্য্যন্ত করুন, যেখানে টুরিষ্ট ফান্ডে ব্রীজ হচ্ছে।

তা যদি করতে পারেন, তাহলে নন্দীগ্রাম থানার বহু লোক সেখানে যাতায়াত করতে পারে এবং ঐসব অঞ্চলের পার্শ্ববর্ত্তী জেলা থেকে বিভিন্ন লোক দীঘায় যেতে পারবে। আমি আর বিশেষ কিছু বলতে চাই না। আমি কেবল এ-কথা বলছি যে এই বিভাগ থেকে যে কাজ করা হয়েছে তা হতাশাব্যঞ্জক নয়, তা আশাব্যঞ্জক এবং আমি ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে দেখেছি যে, যে-সমস্ত অফিসার রাস্তায় কাজ করছেন তাঁরা খুব পরিশ্রম করেন, তাঁরা খুব চেষ্টা করেন যাতে সিডিউল টাইমের মধ্যে রাস্তা শেষ করা যায় এবং যে-সমস্ত সরকারী কর্ম্মচারী এই উন্নয়নমূলক কাজে রয়েছেন, তাঁরা ভাল করে জানেন যে রাস্তার উপর আমাদের দেশের বাণিজ্য এবং সম্পদ বৃদ্ধি হওয়ার সম্ভাবনা রয়েছে। কাজেই সে কাজে তাঁরা গাফিলতি করেন না বলে আমি মনে করি। এই বলে আমি মাননীয় মন্ত্রীমহাশয় এবং তাঁর বিভাগকে ধন্যবাদ দিয়ে এই খাতে যে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করা হয়েছে, তা আমি সম্পূর্ণরূপে সমর্থন করছি।

Sj. Raipada Das: Mr. Deputy Speaker, Sir, inter-district communications and communications in the urban areas have, to a certain extent, been improved as a result of construction of national highways and high roads. But the communications in the rural areas continue as bad as ever. The country roads, including the District Board roads, present a woeful spectacle to anyone who happens to pass along them. They remain under water at some places and are mud-and-water-logged at others for nearly a quarter of the year. All ways are blocked for any kind of conveyance. During the drier months, the only means of conveyance is the bullock cart. But at places the roads are so much broken and damaged by rain and flood that even bullock carts cannot pass, as a result whereof all business remains suspended for a good length of time. People, however, maintain a thin communication between different parts of the countryside by trudging along the almost impassable roads. Very often the roads become infested with venomous snakes which claim quite a good number of victims every year. The life in the countryside on account of road difficulties becomes all the more insecure if there is an outbreak of epidemics. Cut off from medical help and similar other essentials of life, the hapless people die by hundreds and thousands. This is the over-all picture of rural life, specially in the interior parts.

I now turn to the special road problem of my own district—Malda. Building of a national highway and construction of a couple of high roads, as also a handful of link roads, have no doubt conferred some benefits upon some sections of the people—specially those of the urban areas and those living on either side of national highways and high roads. But vast areas still lie unconnected and unapproachable. A network of small roads, linking different parts of the countryside and connecting them with the district town, is a crying need of the people of Malda. I specially draw the immediate attention of the Government to the necessity of building a pucca link road from Gazole-Bamangola main road to Ranipur. There is now a kutcha road leading up to Ranipur, but with a marsh lying between. During the rainy season the marsh fills and overflows with water, completely isolating the areas lying on either side of it. At such a time of the year, Ranipur stands wholly isolated not only from the national highway, its only means of contact with the district town, but also with the neighbouring villages on the other side of the water-filled marsh. There is a health centre at Ranipur, but the people on the other side derive no benefit from it during the rains for reasons indicated above. The inhabitants of the entire area are Scheduled Caste and Scheduled Tribe people, depending solely on agriculture. A very large quantity of paddy, both of the fine and coarse varieties, is produced here. It is often called a granary of Malda. But the people cannot market their produce at different "hats"

and "ganjas" for lack of means of communication and thus fail to get proper prices for their goods. Cut off from the civilized world, they live in a dark and detached enclave without any hope of ever bettering their condition. The construction of the Malda-Ranipur road is therefore an urgent necessity which should be looked into and met by the Government at no distant date, if amelioration of the condition of the sub-merged masses is the real objective of our popular Government.

[11—11-10 a.m.]

Sj. Modan Mohan Saha:

মাননীয় সভাপাল মহাশয়, আপনার মাধ্যমে আমি সরকারের রাস্তা সম্পর্কে নীতির প্রতিবাদ জানাচ্ছি। সরকারের রাস্তা সম্বন্ধে যে নীতি তা অত্যন্ত বিপজ্জনক। ছোট ছোট রাস্তার দিকে নজর নেই, বড় বড় রাস্তার দিকে কেবল নজর আছে। বড় রাস্তা করতে অনেক সময় লাগে, যার জন্য সেই প্রজেক্ট সাফল্য লাভ করতে অনেক দেরী হয়ে যায়। সেজন্য বলি সরকার যদি ছোট রাস্তার দিকে মনোযোগ দেন তাহলে বহু গ্রামের সঙ্গে আমাদের সংযোগ সাধিত হতে পারে, মহকুমার সঙ্গে গ্রামের যোগাযোগ হতে পারে। আমরা একটা জিনিষ দেখেছি যে, যে জায়গায় রাস্তা করলে সেই অঞ্চলের বেশীর ভাগ লোকের উপকার হবে সেই জায়গায় এমন রাস্তা নেওয়া হয় যেটা জনসাধারণের বিশেষ উপকারে লাগে না। গোঘাট থানার সাতবেড়ী, নলডুবী রাস্তাটা গ্রহণ করা হ'ল অথচ সেই থানাতে এমন রাস্তা ছিল যা গ্রহণ করলে সমগ্র থানার মানুষের উপকার করতে পারতো। নলডুবি রাস্তা ১৯৫৫ সালে সরকার থেকে মঞ্জুরী লাভ করলো কিন্তু কার্য্যকরী করা হ'ল না। তার জন্য সেই অঞ্চলের মানুষকে উদ্বাস্তু করে দেওয়া হ'ল, কিন্তু রাস্তা হ'ল না। এটা কি ধরনের নীতি জানতে চাই। চার বছর হয়ে গেল কিন্তু কাজ শেষ হলো না এবং যে-সমস্ত কৃষককে উচ্ছেদ করে দেওয়া হয়েছে তাদের কম্পেনসেসন পর্য্যন্ত দেওয়া হয় নি। এই ধরনের নীতির পরিবর্ত্তন করা দরকার বলে আমি মনে করি। আপনারা জানেন সমস্ত আরামবাগ মহকুমা একদিন যথেষ্ট সমৃদ্ধ ছিল। যোগাযোগের অভাবে গত ৩০ বছরের মধ্যে ১৪ খানা গ্রাম নিশ্চিহ্ন হয়ে গিয়েছে। যে আরামবাগ মহকুমা আজকে পাণ্ডব-বর্জ্জিত দেশ বলে খ্যাতি লাভ করেছে, তার রাস্তা এবং যোগাযোগের দিকে যে সরকারের একেবারে দৃষ্টি নেই সেটা পরিষ্কার বলা যায়। বন্দর থেকে আরামবাগ রাস্তাটি পাকা হওয়া প্রয়োজন কারণ বর্ষাকালে এখানে গরুর গাড়ী পর্য্যন্ত চলতে পারে না। আরামবাগ থেকে রায়না-বর্দ্ধমানের যোগাযোগ হওয়া দরকার; তারকেশ্বর ভায়া আরামবাগে বহুদিন আগে টেষ্ট রিলিফএর কাজে রাস্তা তৈরী হয়েছিল কিন্তু এমন অবস্থায় পড়ে আছে যে বর্ষাকালে কেন, শুকনা কালেও মানুষ সেখানে স্বচ্ছন্দে চলতে পারে না। নলডুবী-কাঁঠাল রাস্তা আরামবাগ হইতে তারকেশ্বর পর্য্যন্ত রাস্তা যদি হয় তাহলে যে-সমস্ত রাস্তা আছে তাতে কলকাতার সঙ্গে সংযুক্ত হতে সুবিধা হবে। আমার সময় কম, তাই এখানেই শেষ করলাম।

Sj. Jatindra Nath Singha Sarkar:

মাননীয় ডেপুটী স্পীকার, স্যার, পূর্ত্তবিভাগে যে ব্যয়-বরাদ্দের দাবী করা হয়েছে সর্ব্ব-প্রথমে আমি তা সমর্থন করছি। আমাদের দেশের উন্নতির জন্য রাস্তা-ঘাট সংস্কারের বিশেষ দরকার। রাস্তা-ঘাট অভাবে যানবাহন অনেক স্থানে, এবং যোগাযোগ ব্যবস্থা অচল অবস্থায় রয়েছে। এই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যদিও রাস্তা-ঘাট উন্নতির জন্য যথেষ্ট সচেতন তবুও আমি কুচবিহারের রাস্তা-ঘাটের গুরুত্ব সম্বন্ধে তাঁকে কিছু নিবেদন করতে চাই। কারণ কুচবিহার আমাদের সীমান্তবর্ত্তী জেলা। এবং পাকিস্তান বর্ডারএর অতি সন্নিকটে। ইতিপূর্ব্বে আমি কুচবিহার জেলার একটা রাস্তা সম্পর্কে তাঁর দৃষ্টি আকর্ষণ করেছি।

কুচবিহার জেলার নিরাপত্তার জন্য এই রাস্তাটি ও পুলটি মেরামত হওয়া আশু প্রয়োজন। এতৎসম্পর্কে আমি আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী ও পূর্ত্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়কে

মৌখিক ও লিখিতভাবে জানাইয়াছিলাম। অবিলম্বে এই রাস্তাগুলিকে পূর্ত বিভাগের অন্তর্ভুক্ত করিয়া লইয়া জনসাধারণের যাতায়াতের পথ সুগম করিয়া দেওয়ার জন্য অনুরোধ জানাইতেছি।

বন্যার পর টেষ্ট রিলিফের মাধ্যমে অনেক সুন্দর সুন্দর রাস্তা নির্ম্মিত হইয়াছে কিন্তু রাস্তাগুলিতে পুলের কোন ব্যবস্থা না থাকায় জনসাধারণের কোন কাজে আসিতেছে না। এই রাস্তাগুলিকেও পূর্ত-বিভাগের অন্তর্ভুক্ত করিয়া লইয়া আবশ্যকীয় পুল ও রাস্তাগুলি মেরামতের ব্যবস্থা হওয়া উচিত। তারপর, তুফানগঞ্জ মহকুমা টাউনের সহিত জলপাইগুড়ি জেলার আলিপুর দুয়ার টাউনের যোগাযোগ ব্যবস্থার উন্নতির নিমিত্ত তথাকার জনসাধারণ তুফানগঞ্জ হইতে ধলপল, মজিদ থানা হইয়া আলিপুর দুয়ার টাউন পর্য্যন্ত একটি পাকা রাস্তার আবেদন বহুদিন হইতে জানাইয়া আসিতেছে। কিন্তু দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রয়োজনীয় রাস্তাটী গৃহীত হয় নাই। আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যাহাতে এই প্রস্তাবটি গৃহীত হয়, সেজন্য পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি। বক্সীহাট মোটর ষ্ট্যান্ড হইতে হোড়াই রোড পর্য্যন্ত একটি রাস্তা নির্ম্মাণের প্রস্তাব দেওয়া হইয়াছে, এবং এই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় উহা নিজেই দেখিয়া আসিয়াছেন। এই প্রস্তাবটি অবিলম্বে যাহাতে কার্য্যে পরিণত হয়, তজ্জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে বিশেষভাবে অনুরোধ জানাইতেছি।

8j. Haripada Baguli:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহু প্রাচীনকাল থেকে একটা কথা প্রচলিত আছে "সব তীর্থ বার বার, গঙ্গা তীর্থ একবার", তার কারণ আগেকার দিনে যাঁরা গঙ্গাসাগরে যেতেন তাঁরা প্রায়ই ফিরে আসতেন না। দীর্ঘদিন ধরে আন্দোলনের ফলে এবং এ-বছর আমাদের প্রধান মন্ত্রীমহাশয় এবং অন্যান্য অনেক মন্ত্রীমহাশয়ের পরিদর্শনের ফলে গঙ্গাসাগর যাবার রাস্তাটা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তালিকাভুক্ত করা হয়েছে। আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো, যত শীঘ্র এই রাস্তাটা তৈরী হয়, তার জন্য তিনি যেন চেষ্টা করেন। কারণ সমুদ্র পথে যাতায়াতের যে দুঃখ-কষ্ট আজ পর্য্যন্ত তীর্থযাত্রীরা ভোগ করে আসছে, সেটা যেমন দূর হবে, তেমনি বহু ধার্ম্মিক লোক, যারা ধর্ম্ম এবং স্বাস্থ্যের লোভে সেখানে বসবাস করতে পারবে। আর একটা কথা আমি বলবো, এই রাস্তাটায় যে পথ দিয়ে কাঁচা রাস্তা আছে, সেটার বিশেষ পরিবর্ত্তন না করাই ভাল। কারণ তার পাশে অনেক টিউব-ওয়েল, স্কুল, পোষ্ট অফিস ইত্যাদি আছে। এ-ছাড়া আর একটা তীর্থ স্থান আছে, আমি তার প্রতি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে ঋষি বঙ্কিম চন্দ্রের কপালকুণ্ডলার পরিকল্পনার ক্ষেত্র 'দরীয়াপুর', কাঁথি থানার অন্তর্গত। কাঁথি থেকে রশুলপুর পর্য্যন্ত একটা রাস্তা হয়ে গিয়েছে। সুতরাং রশুলপুর থেকে দরীয়া মাত্র ৪ মাইলের পথ। এই রাস্তাটি যদি পাকা করে দেওয়া হয় তাহলে খুব ভাল হয়। প্রতি বৎসর চৈত্র মাসের ২৬শে তারিখে বঙ্কিম চন্দ্রের যে স্মৃতি সভা, উৎসব ইত্যাদি হয়ে থাকে এবং সেখানে গিয়ে আমাদের এই হাউসের মেম্বরগণ—ডাঃ শ্রীকুমার ব্যানার্জ্জী, শ্রীযুত শ্যামাপদ ভট্টাচার্জ্জী ও দেশের অন্যান্য সাহিত্যিকরা তিক্ত অভিজ্ঞতা লাভ করে এসেছেন, সেখানকার যাতায়াতের কি কষ্ট। সেটা যাতে লাঘব হয় তার জন্য আমি আশা করি মন্ত্রীমহাশয় সেখানে এই রাস্তাটা তাড়াতাড়ি করবার জন্য ব্যবস্থা করবেন। মাত্র চার মাইল, মাটি কাটার ব্যবস্থা করতে হবে না; কেবল সেখানে ইট পেতে দিলেই চলবে।

[11-10—11-20 a.m.]

তারপর অন্যান্য বিষয় আমার কাট মোসনএর ভিতর বলেছি, আশা করি মন্ত্রীমহাশয় সেদিকে নজর দেবেন। এখানে কাকদ্বীপ ও কচুবেড়িয়া ফেরীঘাটে একটা জেটি নির্ম্মাণের অত্যন্ত প্রয়োজনীয়তা আছে। আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় তাঁর ব্যবস্থা করবেন। তা ছাড়া চতুর্দিকে যে সমস্ত রাস্তা হচ্ছে, সেই সমস্ত রাস্তার সঙ্গে গ্রামের কোন যোগাযোগ না থাকার জন্য গ্রামের লোক চিরকাল যে দুর্ভোগ করে আসছিল, আজও তাই ভোগ করছে। সুন্দরবন অঞ্চলে যে-সমস্ত প্রোটেকটিভ ট্যাঙ্কএর এ্যাপ্রোচ রোডসমূহ সেগুলি

এতদিন লাটদাররা মেরামত করতেন। এখন যাতে সেই সমস্ত রাস্তাগুলি ভিলেজ রোডসএর অন্তর্ভুক্ত করে, রোড সেস্‌এর টাকা থেকে মেরামত করা সম্ভব হয়, এবং গ্রামের ভিতর যে-সমস্ত স্থানে কাঁচা রাস্তা আছে, সেগুলিও যদি মেরামত করা হয় তাহলে খুব ভাল হয়। সুন্দরবন অঞ্চলে যে-সমস্ত রাস্তাগুলি মেরামতের অভাবে নষ্ট হয়ে যাচ্ছে, সেই রাস্তাগুলি যেদিক থেকেই হোক, অন্ততঃ ডেভেলপমেন্ট স্কীমএর আওতায় এনে মেরামতের ব্যবস্থা করা উচিত; তাহলে সেখানকার লোকরা যথেষ্ট উপকৃত হবে। তারপর মন্ত্রীমহাশয় নিশ্চয়ই জানেন যে, সুন্দরবন অঞ্চলে জলযান যাবার রাস্তাসমূহ অত্যন্ত শোচনীয় অবস্থায় রয়েছে; এবং যার ফলে মেদিনীপুরের সঙ্গে ২৪-পরগণার যোগাযোগও প্রায় নষ্ট হতে চলেছে। নদীতে চর জমে নৌকা ও অন্যান্য জলযান যাতায়াতে অত্যন্ত অসুবিধা হচ্ছে, সেটা মন্ত্রীমহাশয়ের ডিপার্টমেন্ট থেকেই হোক বা অন্য ডিপার্টমেন্টের সাহায্যেই হোক, এই রাস্তাগুলির জলপথকে পরিষ্কার করলে; যান্ত্রিক জলযান ও যে-সমস্ত সরকারী নিয়ন্ত্রণে ফেরী সার্ভিসএর তত্ত্বাবধানে না হওয়াতে সেই সব নৌকায় সাজসরঞ্জাম থাকে না, তাতে দুঃখ দূর হবার সম্ভাবনা আছে। আমি আমার কাট মোসনএ কাকদ্বীপ ও কচুবেড়িয়ায় যে ফেরীঘাট আছে, সেখানে জেটি নির্ম্মাণের জন্য বলেছি, আশা করি মন্ত্রীমহাশয় সেদিকে দৃষ্টি দেবেন। কারণ, মেদিনীপুর ও সুন্দরবনের সঙ্গে জলপথের যোগাযোগ বেশী আছে। তাই সেই জলপথ যাতে নিরাপদ হয়, এবং ঐ জলপথে যাতে উপযুক্ত সংখ্যক নৌকা ও জলযান, তাদের প্রয়োজনীয় সাজসরঞ্জাম-সহ যাতায়াত করতে পারে, তার জন্য মন্ত্রীমহাশয়কে বিশেষ দৃষ্টি দিতে অনুরোধ করছি। আর যে-সমস্ত ফেরী ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট বা ডিষ্ট্রিক্ট বোর্ডের অধীনে আছে, সেগুলি যদি সংশ্লিষ্ট ইউনিয়ন বোর্ডের হাতে হস্তান্তর করা হয়, তাহলে ইউনিয়ন বোর্ডের তহবিলে টাকা বাড়বে, এবং তাই দিয়ে তারা রাস্তা-ঘাট মেরামত প্রভৃতি সমস্ত কিছু ঠিকভাবে করতে সক্ষম হবেন। কারণ অনেক সময় দেখা যায় যে ফেরীঘাট ইউনিয়ন বোর্ড করে দেয়, তাদের টাকায়, অথচ তার কর্তৃত্ব অন্যে নিয়ে থাকেন। সুতরাং সেগুলি যদি ইউনিয়ন বোর্ডের হাতে হস্তান্তরিত করা হয়, তাহলে সেই সমস্ত রাস্তাগুলি, সে, তার নিজের দায়িত্বের মধ্যে রেখে মেরামত করতে পারবেন। অতএব ইউনিয় বোর্ডের তহবিলে যাতে কিছু টাকা পাওয়া যেতে পারে তার বন্দোবস্ত সরকার নিশ্চয় করবেন। এবং সুন্দরবন এলাকায় সরকার পরিচালিত সমস্ত ফেরীঘাটের কর্তৃত্ব সংশ্লিষ্ট ইউনিয়ন বোর্ডসমূহের নিকট হস্তান্তরের একান্ত প্রয়োজন আছে বলে আমি মনে করি। আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় এদিকে বিশেষ দৃষ্টি দেবেন।

Sj. Dharani Dhar Sarkar:

মাননীয় স্পীকারমহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, আমার জেলার কতকগুলি রাস্তা সম্পর্কে।

মাননীয় মন্ত্রীমহাশয় ন্যাশন্যাল হাইওয়ের বর্ত্তমানে খুব প্রয়োজনীয়তা আছে বলেছেন। সেই ন্যাশন্যাল হাইওয়ে বেহুলা ব্রিজের দুই পাশে যে রাস্তা আছে, সেই রাস্তা ব্রিজ হতে অন্ততঃ দু' হাত পরিমাণ নিচু, ফলে প্রতি বছর সেখানে জল জমে যাচ্ছে, এবং রাস্তার উপর প্রায় দু'-হাত, আড়াই হাত জল দাঁড়িয়ে যায়। এইদিকে আমি বিশেষভাবে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে এই জায়গাটি আরও উঁচু করা যায় তার জন্য তিনি যেন ব্যবস্থা অবলম্বন করেন। সরকার বড় বড় রাস্তা করবার পরিকল্পনা নিয়েছেন ও করছেন; এই সব রাস্তার যে প্রয়োজনীয়তা আছে তাও আমরা স্বীকার করি। কিন্তু গ্রামের সঙ্গে এই রাস্তাগুলির যদি যোগাযোগ স্থাপন না থাকে, তাহলে গ্রামের সাধারণ লোকের বিভিন্ন দিকে চলাফেরা করার কোন সুবিধাই হবে না। সুতরাং ন্যাশন্যাল হাই-ওয়েগুলি যদি গ্রামের রাস্তার সঙ্গে যোগাযোগ না করে থাকেন তাহলে এই রাস্তা রাখার কোন আবশ্যকতাই গ্রামবাসীদের কাছে থাকবে না। সুতরাং গ্রাম থেকে যাতে এই সকল বড় রাস্তার সঙ্গে যোগাযোগ থাকে তার জন্য ডিষ্ট্রিক্ট বোর্ডের রোড স্কীমে এবং ভিলেজ কন্‌ষ্ট্রাকসন স্কীমে গ্রামের যে-সব রাস্তা ইউনিয়ন ও ডিষ্ট্রিক্ট বোর্ডের অধীনে বা সাধারণভাবে যে-সব রাস্তা আছে, সেদিকে বিশেষভাবে সরকারের নজর দেওয়া উচিত। এই সব রাস্তা

না হওয়া পর্য্যন্ত যতই বড় বড় রাস্তা হোক না কেন, গ্রামের জনসাধারণের তাতে বাস্তবে কোন উপকারই হবে না; তারা যে তিমিরে আছে, সেই তিমিরেই তাদের থাকতে হবে। তারপর, আমি আমার কনষ্টিটিউয়েন্সির কয়েকটি রাস্তার কথা বলবো। এই কয়টা রাস্তা হওয়া অত্যন্ত প্রয়োজন। প্রথম, ন্যাশানাল হাইওয়ের ১০½ মাইল আদিনা হতে রাণীগঞ্জ পর্য্যন্ত হওয়া দরকার, কারণ ঐ অঞ্চলে আর কোন রাস্তা নেই। এই রাস্তাটা হ'লে ঐ অঞ্চলের প্রায় ৪০।৫০ হাজার লোকের যাতায়াতের খুব সুবিধা হয়। তারপর বলবো, মালপাড়া হয়ে ৮ মাইল একটা রাস্তা হ'লে, হরিপুর, বামনগোলা, ওল্ড মালদা, গাজল থানার সঙ্গে যুক্ত হ'লে সেখানকার প্রায় ৪০।৫০ হাজার লোকের যাতায়াতের অসুবিধা দূর হবে। তা ছাড়া বামনগোলা থানার পাকুয়া হতে 'লালা' পর্য্যন্ত ডিষ্ট্রিক্ট বোর্ড রোডটি পাকা করা দরকার। এবং পাকুয়া হতে শ্রীপুর রাস্তাটি ও পাকুয়া হতে আসরবপুর এই দু'টি রাস্তাও পাকা হওয়া দরকার। কারণ সেখানকার বাসিন্দের এই রাস্তা ছাড়া আর কোন পথ নাই।

এই তিনটি রাস্তায় সাময়িকভাবে বাস চলাচল করে। কারণ কাঁচা রাস্তার জন্য সব সময় এখানে বাস চলা সম্ভব হচ্ছে না, এবং ঐসব অঞ্চলের হাজার হাজার লোক অত্যন্ত দুর্ভোগ ভোগ করে থাকেন।

হরিপুর থানার হরিপুর-কাকুয়া রোডের কেন্দপুকুর হতে দাঁড়লা পর্য্যন্ত রাস্তাটী পাকা হওয়া দরকার। এই রাস্তাটা ঐ অঞ্চলের ৩০।৪০ হাজার লোকের একমাত্র পথ। ওল্ড মালদা থানার এন,এইচ, ৩৪এর ৭ মাইল হতে গাজোল থানার রাণীগঞ্জ হাট পর্য্যন্ত রঞ্জুবিল হয়ে একটী রাস্তার অত্যন্ত প্রয়োজন, ঐ অঞ্চলের ৪০।৫০ হাজার লোকের একমাত্র পথ, এই পথেই জেলার সর্ব্ব বৃহৎ হাট, নবাবগঞ্জ হাটে অধিবাসীদের সপ্তাহে দু'দিন আসতে হয়, তা ছাড়া এই পথই জেলা সদরের সঙ্গে যোগাযোগের একমাত্র পথ।

আর ওল্ড মালদা থানার নবাবগঞ্জ হাট হতে গাজোল থানার আমলিডাঙ্গা হাট পর্য্যন্ত দেখারিয়া-সইদপুর হয়ে নবাবগঞ্জ-আমলিডাঙ্গা ডি, বি, রোডটী পাকা হওয়া অত্যন্ত দরকার। এবং এই রাস্তাটাকে একটা বাসরুটে পরিণত করা দরকার। এই রাস্তাটাই জেলার সর্ব্ব বৃহৎ হাট, নবাবগঞ্জ হাট, ওল্ড মালদা টাউন ও আমলিডাঙ্গা হাটকে যুক্ত করছে, এবং গাজোল ও ওল্ড মালদা থানার ৫০।৬০ হাজার লোকের একমাত্র জরুরী পথ।

আর একটা হচ্ছে, গাজোল থানার দেওতলা থেকে সানবাঁধা-বাবুপুর পর্য্যন্ত রাস্তাটাও পাকা হওয়া আবশ্যক। ন্যাশনাল হাইওয়ে থেকে বড়ডাঙ্গা হাট পর্য্যন্ত বামনপুকুর হয়ে যে রাস্তাটা আছে সেই রাস্তাটাকে পাকা রাস্তায় পরিণত করে বাস চলাচলের সুযোগ দিয়ে জনসাধারণের অসুবিধা দূর করার জন্য মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

আর একটা বিষয়ে মন্ত্রীমহাশয়ের মনোযোগ আকর্ষণ করে আমি আসন গ্রহণ করব। বেহুলা ব্রীজের দুইদিকে ন্যাশনাল হাইওয়ে রাস্তাটা ব্রীজ থেকে দু'হাত পরিমাণ নীচু, ফলে প্রত্যেক বছর ফ্লাডের সময় ঐ রাস্তা ডুবে যাচ্ছে। এর প্রতিকারের ব্যবস্থা সরকারের করা উচিত।

[11-20—11-30 a.m.]

Sj. Provash Chandra Roy:

মাননীয় সভাপাল মহাশয়, ৫০—সিভিল ওয়ার্কস বাজেটের দিকে তাকালে আমরা দেখতে পাব গত ১৯৫৫-৫৬ সালে সে বাজেটে ৬ কোটি ৪৪ লক্ষ টাকা নির্দ্ধারিত হয়েছিল, রিভাইজড্ বাজেটএ এখানে করা হয়েছে ৫ কোটি ৭৭ লক্ষ টাকা। অর্থাৎ ৬৭ লক্ষ টাকা কমিয়ে দেওয়া হয়েছে। আমার মনে হয় এই ৬৭ লক্ষ টাকা না কমিয়ে যদি রাস্তার জন্য খরচ করা হ'ত তাহলে আর কটা রাস্তা হবার সুযোগ পেত। ১৯৫৬-৫৭ সালের বাজেটের দিকে তাকালে আমরা দেখতে পাই এখানে সরকার ৪ কোটি ৪ লক্ষ টাকা মঞ্জুর করেছেন, অর্থাৎ ১৯৫৫-৫৬ সালে যা মঞ্জুর করা হয়েছিল তা থেকে ২ কোটি ৪০ লক্ষ টাকা কম বরাদ্দ করেছেন। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় জনসাধারণের মনে আশার সঞ্চার হয়েছিল যে আরো বেশী রাস্তা-ঘাট হবে। কিন্তু ৫০—সিভিল ওয়ার্কসএর দিকে তাকালে দেখা যায়

১৯৫৫-৫৬ সালে যা খরচ ধরা হয়েছিল তা থেকে ২ কোটি টাকা কম খরচ করা হচ্ছে। এতে জনসাধারণের মধ্যে হতাশার সৃষ্টি হবে। এবং সরকারের বিঘোষিত যে নীতি সেটা কার্য্যে পরিণত করা হবে না, এই ধারণা লোকের মধ্যে এসে যাবে। সেইজন্য পূর্ত-বিভাগের মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন করছি, তিনি এই খাতে আরো বেশী টাকা বরাদ্দ করতে চেষ্টা করুন। হয় ত তিনি বলবেন "কেন্দ্রীয় সরকারের যে টাকা দেবার কথা ছিল সে টাকা তাঁরা কমিয়ে দিয়েছেন" কিন্তু সেজন্য চুপ করে বসে থাকলে চলবে না, কেন্দ্রীয় সরকারের কাছে আরো টাকা বরাদ্দ করবার জন্য দাবী করতে হবে। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ২৪-পরগণায় যাতে আরো বেশী রাস্তার উন্নয়ন ও নির্ম্মাণ হয় সেজন্য আমরা মন্ত্রীমহাশয়ের কাছে বারবার দাবী করছি। এবং বাজেটে দেখছি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তিনি কতকগুলি রাস্তা গ্রহণ করেছেন ঠিক, কিন্তু আরো বেশী গ্রহণ করা উচিত ছিল বলে আমরা মনে করি।

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বির্লাপুর-সবারহাট রোড রাস্তাটা গ্রহণ করেছেন, তার ফলে ৫।৬ হাজার মজুর যে প্রত্যহ বির্লাপুরে কাজ করতে আসে, তাদের সুযোগ-সুবিধা হবে এটা ঠিক। কিন্তু সমস্ত দিকে লক্ষ্য করে বলছি, বর্ত্তমান সরকারের রাস্তা-ঘাটের চেয়ে শাসন ব্যবস্থার দিকেই বেশী নজর। সেইজন্য বলছি, গ্রামদেশের জনসাধরণ যাতে সুযোগ-সুবিধা পেতে পারে সেই উদ্দেশ্যে গ্রাম এলেকার সঙ্গে শহর, শিল্পাঞ্চল এবং গঞ্জের সঙ্গে সংযোগের ব্যবস্থা করা উচিত, যাতে গ্রামবাসী কৃষক, মজুর ও মধ্যবিত্ত সম্প্রদায় মার্কেটিংএর সুযোগ পায়। বিষ্ণুপুর থানার মধ্যে কুপারামপুর ও গোতাল্লা হাটের মধ্য দিয়ে যে রাস্তাটা তার জন্য গত তিন বছর ধরে বাজেটে টাকা বরাদ্দ হয়ে আসছে, কিন্তু আজো পর্য্যন্ত সে রাস্তাটা সমাপ্ত করা হয় নাই। আমি আশা করি আগামী কয়েক মাসের মধ্যে সে রাস্তাটা সমাপ্ত করে জনসাধারণের উপকার করবেন।

তারপর ডায়মণ্ড হারবার রোড এত বেশী কন্‌জেস্টেড যে তার এক পাশ দিয়ে ট্রেন চলে এবং সঙ্গে সঙ্গে বাস, লরী ইত্যাদিও বেশী পরিমাণেই যাতায়াত করে; এবং তার ফলে প্রায়ই এ্যাক্সিডেন্ট ঘটে থাকে, তা আমরাও জানি এবং সরকারও অবগত আছেন। সেই রাস্তাটা চওড়া করবার জন্য আপনাদের কাছে অনুরোধ করছি, তা ছাড়া ২৪-পরগণা জেলার বিষ্ণুপুর ও মহেশতলা থানার বাঁকরা হতে মহেশতলার রাস্তাটাকে পাকা শীঘ্রই করা উচিত, সেদিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তা ছাড়া এই রাস্তাগুলির জন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি, পৈতা থেকে বোয়ানিয়া ভায়া রানিয়া, লোদাখালি, এবং সাতগাছিয়া। বজবজ থানা এলেকার এই রাস্তাটা একান্ত আবশ্যক। তারপর বেহালা ও টালিগঞ্জ থানার অধীন ঠাকুরপুকুর থেকে কাওরাপুকুর পর্য্যন্ত একটা পাকা রাস্তা; বিষ্ণুপুর, বজবজ এবং ফলতা থানার এলেকাভুক্ত, বাক্‌রা হাট থেকে দীঘিরপার পর্য্যন্ত, ভায়া জয়চণ্ডীপুর, চাউলখোলা, এবং মোহনপুর হাট, একটা পাকা রাস্তা; বাক্‌রা হাট থেকে মহেশতলা পর্য্যন্ত আর একটা পাকা রাস্তা; ২৪-পরগণা জেলার বিষ্ণুপুর থানার অন্তর্ভুক্ত ভাষা থেকে সামালি পর্য্যন্ত একটা পাকা রাস্তা; আরো কতকগুলি রাস্তার নাম আমি আমার কাট মোসনে দিয়েছি, সময়াভাবে বিস্তারিত অলোচনা করা সম্ভব হ'ল না। আমি আশা করি যে রাস্তাগুলির কথা বল্লাম সেগুলির প্রতি মন্ত্রীমহাশয় দৃষ্টি দিতে ভুলবেন না। এই সম্পর্কে আর একটা বিষয় উল্লেখ করছি, বাদুরিয়া থেকে স্বরূপনগর পর্য্যন্ত যে রাস্তাটা তাঁরা গ্রহণ করেছেন, এবং তার জন্য জনসাধারণের যে-সব জমি দখল করেছেন, আশা করি, সেই সব জমির টাকা শীঘ্র দেবার ব্যবস্থা করবেন। আর মেদিনীপুর জেলার বেলদা-দাঁতন পর্য্যন্ত রাস্তাটা পীচ্ দিয়ে করা উচিত, আশা করি সরকার সে বিষয়ে দৃষ্টি দিবেন।

এখানে আমি একটা বিষয় মন্ত্রীমহাশয়কে বলতে চাই। বির্লাপুর-সরার হাট পর্য্যত রাস্তাটা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার ভিতর গ্রহণ করতে পারলে আমরা সুখী হতাম। সেটা কি কারণে বাতিল হয়ে গেল জানি না। এটা যাতে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রথম দিকে গৃহীত হয়ে কার্য্যে পরিণত হয়, আশা করি মন্ত্রীমহাশয় সেদিকে অবহিত হবেন।

সর্ব্বশেষে আমি পি, এসস, বজবজ, বিষ্ণুপুর, মহেশতলা, ফলতা প্রভৃতি ২৪-পরগণা জেলার বিভিন্ন থানার এলেকাস্থিত এই রাস্তাগুলি, নির্ম্মাণ, পুনর্নির্ম্মাণ ও সংস্কারের জন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি—

(১) পৈতা-বাওয়ালী ভায়া বানিয়া নোদাখালি;

(২) মহেশতলা-দীঘিরপাড় ভায়া বাখরা হাঁট, মোহনপুর;

(৩) কাওরাপুকুর-জুলপিয়া;

(৪) মৌদী-ঝিনুকির হাট;

(৫) পৈলান হাট-নেপালগঞ্জ হাট;

(৬) রামকৃষ্ণপুর-গোতলা হাট;

(৭) কাতরাপুকুর-ঠাকুরপুকুর;

(৮) বির্লাপুর-বুরুল হাট;

(৯) হন্টন-ঝিনুকির হাট;

(১০) বাওয়ালী-মহিষগোট হাট;

(১১) বলাখালী হাট-হোটর রেল ষ্টেশন;

(১২) মৌখালী-বাগীর হাট;

(১৩) বাকরা হাট-গোতলা হাট ভায়া পাথর রোড।

কাশিমুদ্দিন রোড, আবড়া রোড, সন্তোষপুর রোড, মেরামত হওয়ার বিশেষ প্রয়োজন।

লোকের অসুবিধা দূর করার জন্য ঠাকুরপুকুর-রায়পুর পর্য্যন্ত অবিলম্বে বাস চালাবার ব্যবস্থা করতে হবে।

[11-30—11-40 a.m.]

Sj. Nikunja Behari Gupta:

মাননীয় স্পীকারমহাশয়, মাননীয় পূর্ত্তমন্ত্রী মহাশয়, তাঁর কাজের জন্য যে ব্যয়-বরাদ্দের মঞ্জুরী চেয়েছেন, আমি সেটা সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে শুধু একটি কথাই বলবো যে তার কাজ সুষ্ঠুভাবেই এগিয়ে চলেছে। আমরা দেখতে পাই গত ২ শত বৎসরে মাত্র ১২ শত মাইল পথ ছিল তারপর এই সাত বৎসর প্রায় ১৫ শত মাইল রাস্তা হয়েছে এবং আরো দুই হাজার মাইল পথ আস্‌ছে বৎসর হবে এই রকম আশা আমরা করছি। সত্য কথা বলতে গেলে স্পীকার মহাশয়, আমার জেলা মালদা পার্টিশনএর পূর্ব্বে এক মাইলও গভর্ণমেন্টের পাকা রাস্তা ছিল না। তারপর স্বাধীনতা লাভের পর আমরা সেখানে ন্যাশনেল হাইওয়ে এবং ষ্টেট হাইওয়েতে এবং আরো অন্যান্যভাবে প্রায় ১০০ মাইল পথ পেয়েছি। এইবার বাজেট এস্টিমেটএ আমরা যা দেখতে পাচ্ছি তাতে আরো ১০০ মাইল পথ আমরা পাবো এই রকম আশা করছি সুতরাং আমার বলতে দ্বিধা নেই যে, আমাদের কাজ সুষ্ঠুভাবেই এগিয়ে যাচ্ছে। আর একটা কথা উঠেছে যে ওয়ার্কস এর এস্টিমেট, রেট সিডিউল নেই। এর আগে ডাক্তার বসু বলেছেন যে এটা একটা কন্ট্রাক্টার্স প্যারাডাইস হয়েছে। কাজ হচ্ছে না, যদি কারো উপকার হয়ে থাকে তা হচ্ছে এই সব কন্ট্রাক্টারদের—এখানে কন্ট্রাক্টার্স প্যারাডাইস করা হয়েছে। আমি তাঁদের বলতে চাই, কাজ করতে গেলে, ভাল লোকের কাছ থেকে ভাল কাজ পেতে হ'লে ভাল রেট দিতে হবে। আমি দেখেছি যে এর ফলে আমাদের দেশে বহু শিক্ষিত যুবক কন্ট্রাক্টরএর কাজ বেশ ভালভাবে করছে। এবং আমাদের দেশে যে শুধু হাজার হাজার মাইল পথ হচ্ছে তাই নয়, তার সঙ্গে সঙ্গে এর মধ্যে দিয়ে বহু লোকের উপজীবিকার সংস্থান হচ্ছে এবং বেকার সমস্যার কিছুটা সমাধান হচ্ছে। আমি শুধু একটি কথা বলতে চাই—বাংলাদেশের পথঘাটের প্রয়োজন প্রচুর রয়েছে। আমাদের দেশে যে দুইশত বৎসর ইংরেজ শাসনে পথ তৈরী হয়েছিল, সেই পথ করা হয়েছিল রাজকার্য পরিচালনার প্রয়োজনে

কিন্তু দেশবাসীর সুযোগ সুবিধার দিকে লক্ষ্য রেখে করা হয় নি; সেইজন্য পল্লীগ্রামের পথের কোন উন্নতি হয় নি। ধীরে ধীরে আমাদের এই কাজে এগিয়ে যেতে হবে। আমার বন্ধুরা যে-সব পথের দাবী করেছেন সে-সব দাবী ন্যায্য কিন্তু ধীর পদক্ষেপে আমাদের সেই দাবীগুলি পূরণ করতে হবে। বাংলাদেশের ৩২ হাজার পল্লীর সে চিত্র আমরা দেখতে পাচ্ছি, সেই চিত্র বদলাতে হ'লে এই পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে দিয়ে হবে ব'লে আমি মনে করি না, এটা ধীরে ধীরে করতে হবে। এখানে আমি বলবো উত্তর বাংলার সমস্যার কথা। আপনারা জানেন যে উত্তর বাংলা এই রাজ্য থেকে বিচ্ছিন্ন হয়ে গিয়েছে। এখানে আরও পথের প্রয়োজন আছে যোগাযোগ স্থাপন করার জন্য। এই উত্তর বাংলাকে তিনদিক থেকে পাকিস্তান বেষ্টিত করে আছে। তাই এখানে সেফটি এ্যাডমিনিস্ট্রেসন করার জন্য বর্ডার গ্রামগুলি, শহরগুলির সঙ্গে রাস্তার দ্বারা সংযোগ স্থাপন করতে হবে। এই হাউসএ মাঝে মাঝে মালদার অনেক কথাই উঠে। আপনারা সকলেই জানেন যে মালদায় প্রচুর পরিমাণে আম হয় এবং কোন পথ না থাকায় এই আমগুলি তারা এখানে আনতে পারে না। এর উপায় কি? ফরাক্কা ব্রীজ এই পঞ্চবার্ষিকী পরিকল্পনায় হবে তার আশা কম। রেল পথ হবার কথা ছিল কিন্তু সে আশাও কম। রেলমন্ত্রী শ্রীযুত লালবাহাদুর শাস্ত্রী উত্তর বাংলাকে একাধিকবার আশ্বাস দিয়েছিলেন যে উত্তর বাংলায় কয়েকটি রেল লাইন করে দেবেন কিন্তু পঞ্চবার্ষিকী পরিকল্পানার মধ্যে আমরা যা দেখতে পাই তাতে কিছু হবে বলে মনে হয় না। ফলে এই উত্তর বাংলা সমস্ত বাংলা থেকে বিচ্ছিন্ন হয়ে থাকবে। তাই উত্তর বাংলাকে যদি বাংলার সঙ্গে যোগাযোগ স্থাপন করতে হয় এবং তা করতে গেলে মাননীয় প্রধানমন্ত্রী মহাশয় একটা আশার কথা বলেছিলেন যে লং রুট মোটর বাসএর ব্যবস্থা করবেন তা করলেও কিছু এই সমস্যার সমাধান হবে। সাধারণ ট্রান্সপোর্ট গুডসএর জন্য মাল বহনের সুবিধা হবে। আর একটা কথা, কলিকাতা থেকে জলপাইগুড়ি, মালদা প্রভৃতি জায়গা থেকে কমলা লেবু, আম প্রভৃতি নিয়ে আসা যায়। কিন্তু এর একটা অসুবিধা হচ্ছে। আমাদের যে-সমস্ত হাইওয়েজ নদী ক্রস করেছে সেই সমস্ত নদীর উপর অল্প খরচায় ব্রীজ করে দেওয়া প্রয়োজন। তাই আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জানাচ্ছি যে মালদায় যেখানে ইংলিশ বাজার থেকে ন্যাশনাল হাইওয়ে আছে সেখানে মহানন্দা নদীর উপর ব্রীজ না থাকায় কমিউনিকেশন ব্রেক-ডাউন করছে, এইখানে যদি একটা ব্রীজ না হয় এবং উত্তর বাংলায় আর যে-সমস্ত ন্যাশানাল হাইওয়ে নদী ক্রস করেছে তার উপর যদি ব্রীজ না হয় তাহলে কমিউনিকেসন ব্রেক-ডাউন করবে। মালদার কথা অনেকেই বলেছেন আমি আর বেশী কিছু বলবো না। আমি শুধু একটি ছোট রাস্তার নাম করছি। ইংলিশ বাজার মিউনিসিপ্যালিটির মধ্যে দুইদিকে হাইওয়ের মধ্যে যে রাস্তাটি থানা রোড আছে, যার লেংথ লেস দ্যান এ মাইল, সেই রাস্তাটির অবস্থা অত্যন্ত খারাপ। এইটা মিউনিসিপ্যালিটির যখন এ্যাডমিনিস্ট্রেটর ছিলেন, তিনি যদিও চেষ্টা করেছিলেন যাতে গভর্ণমেন্টের কাছ থেকে টাকা ধার নিয়ে ভাল করে দেওয়া যায়। কিন্তু তারপর এ্যাডমিনিস্ট্রেটর চলে গেলেন। এখন মিউনিসিপ্যাল কমিশনারদের এমন ক্ষমতা নেই যে এই রাস্তাটি ভাল করে। সেই জন্য এই রাস্তাটি যদি হাইওয়ের মধ্যে ইনক্লুড করে নেন, রাস্তাটি ছোট লেস দ্যান এ মাইল, তাহলে মালদাবাসী এর দ্বারা বিশেষ উপকৃত হবে।

Dr. Radhakrishna Pal:

মাননীয় স্পীকার, স্যার, ১৯৫৩-৫৪ সালে আমি বলেছিলাম যে কলিকাতা ও দিল্লী ৯ শত মাইল যাতায়াত করতে সময় লাগত ৩৬ ঘন্টা। আর আরামবাগ থেকে কলিকাতা আসতে সময় লাগত ৫২ ঘন্টা—মাত্র ৪৫ মাইল রাস্তা। তাই মনে হচ্ছে—

"শনৈঃ শনৈঃ পন্থা,
শনৈঃ পর্ব্বত লঙ্ঘনং"।

আর ভারতচন্দ্রের অন্নদা-মঙ্গলের কথা মনে পড়ে—

"বর্ধমান-কাঞ্চিপুরে ৬ মাসের পথ,
ছয় দিনে উত্তরিল অশ্ব মনোরথ"।

সেদিন হঠাৎ জরুরী একটা কাজে তারকেশ্বর ভায়া আরামবাগ চ'লে গেলাম, ৩ থেকে ৪ ঘন্টার মধ্যে। আমার ঠিক মনে হ'ল যেন বর্দ্ধমান-কাঞ্চিপুরের সেই ৬ মাসের পথ ৬ দিনে উত্তীর্ণ হ'লাম। চিফ ইঞ্জিনিয়ার, মিঃ আর, সি, রায়, তারপর একজিকিউটিভ ইঞ্জিনিয়ার শ্রীযুত গিরীজা সেন ও এ্যাসিষ্ট্যান্ট ইঞ্জিনিয়ার শ্রীঅমিয় মুখার্জিকে ধন্যবাদ মনে মনে দিলাম; তাঁদের ছবি সিনেমার মত আমার চোখের সামনে ভেসে উঠলো।

[11-40—11-50 a.m.]

কিন্তু এই সঙ্গে আমি একটু জানাচ্ছি, স্পীকারমহাশয়, আপনি কয়েকদিন বাদেই এই ছুটিতে সেখানে যাবেন। আরামবাগ হইয়া জয়রামবাটী যাইবার পথে আমোদর নদীতে যে ব্রীজ আছে সেটা ভাল করে করুন। সেখানে পৃথিবীর সমস্ত তীর্থযাত্রীরা যান, অনেক যুবক যান, বৃদ্ধও যান, তাঁদের অনেক কষ্ট করতে হয় যেতে; অনেক এ্যাক্সিডেন্টও হয়। সেজন্য বলি ওখানে তীর্থযাত্রীদের পথপ্রদর্শকরূপে ওটা করে দিন। তারকেশ্বর ভায়া মলয়পুর-আরামবাগ রোড, যাহা পাকা হওয়ার কথা, এখনও পর্য্যন্ত তাহা আণ্ডার কনষ্ট্রাকশন; তা যদি হতো, তাহলে আমাদের রেলওয়ে লাইন যেটা ভায়া রাধানগর-কামারপুকুর সেটারই প্রয়োজন হ'ত, এটার প্রয়োজন হ'ত না। বার্ডওয়ান-পুরী রোড একটা হিস্টোরিক্যাল ইম্পরট্যান্ট রোড। মাঝখানে যে জায়গাটুকু রয়েছে সেটুকু যদি সংযোগ করে দেন তাহলে খুব সুবিধা হয়; কলকাতার তীর্থযাত্রীরা বরাবর রাস্তা ধরে চলে যেতে পারেন। এখন ভায়া কামারপুকুর হয়ে যেতে হয়, ওধারে, আপনারা জানেন, যে সবচেয়ে বাংলার অন্যতম বীরত্বের খনি বীরেন্দ্র সিংহ রয়েছেন। সেখানের বড় মসজিদ-টসজিদ দেখবার সময় ব্রীজ ভেঙ্গে গিয়েছে, মানুষ পড়ে গিয়েছে, গরু পড়ে গিয়েছে এটাও মন্ত্রীমহাশয়কে বলি। ওগুলি সামান্য রাস্তা। ওখানে ধর্মের তীর্থক্ষেত্রের সেই ছোট ছোট নদীগুলির (আমাদের দ্বারকেশ্বর) যদি ব্রীজ করে দেন তাহলে খুব ভাল হয়। আমরা যখন গিয়েছি, সাঁতরে সাঁতরে গিয়েছি। সেখানে বাঁশের পুল হয়েছে। এখন সেখানে ব্রীজ করে দিলে ভাল হয়। আমাদের আর একটা কথা মাননীয় মন্ত্রীমহাশয়কে জানাই, যখন ন্যাশনাল হাইওয়েজ হ'ল না, তখন নলডুবি থেকে কামারপুকুরে রাস্তার জন্য এই যে প্রায় ৫ লক্ষ টাকা বায় হচ্ছে এটা যেন মনে হয় শুধু শুধু খরচ হ'ল। জানি না, কোন কমিউনিকেশন করবেন কিনা। আরামবাগ-বাদ্‌শা রোডের সঙ্গে লাগান হ'লে খুব ভাল হয়। জয়রামবাটীতে পুলের সবচেয়ে প্রয়োজন। কয়দিন বাদে যখন রাজনীতির কাজ থাকবে না, দলাদলি থাকবে না, তখন আপনিও, স্যার, এর মধ্যে না থেকে সেখানে আরামবাগে যেয়ে বিশ্রাম করবেন, পুণ্যার্জ্জন করবেন এবং ঐ জয়রামবাটীতে পুল হ'লে যাতে তার উপর দিয়ে পেরিয়ে যেতে পারেন সেজন্য মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি। আমি যা দেখতে পাচ্ছি তাতে বলতে পারি—

"খগেন্দ্র নাথ দাশগুপ্ত
নইলে পূর্ত্ত হইত লুপ্ত
স্বরাট বিরাট সাধনে",

একথা বলে আমি বাজেট সমর্থন করছি।

Sj. Biren Banerjee:

মাননীয় স্পীকারমহাশয়, পূর্ত্ত খাতে আলোচনার শেষদিকে আমি পূর্ত্তমন্ত্রী মহাশয়কে দুই-একটি বিষয়ে বলতে চাই। প্রথম কথা হচ্ছে গত বছর তাঁর উদ্বোধনী বক্তৃতায় এবং এই বছরের উদ্বোধনী বক্তৃতায় বিশেষ পার্থক্য লক্ষ্য করা গিয়েছে, গত বছর আমরা আমাদের এদিক থেকে বলেছিলাম যে কথা, এবার তিনি তাঁর উদ্বোধনী বক্তৃতায় কিছুটা আভাস দিয়েছেন। অর্থাৎ বড় রাস্তা হওয়া প্রয়োজন, ষ্টেট হাইওয়েজ হওয়া প্রয়োজন, বর্ডার রোড হওয়ার প্রয়োজন আছে, এ-কথা কেউ অস্বীকার করে না। কিন্তু তার সঙ্গে সঙ্গে গ্রামের ফিডার রোডগুলি যদি সংযুক্ত না হয়, গ্রামের ফিডার রোডগুলির দিকে যদি নজর না পড়ে তাহলে শুধু গ্রামের সামনে দিয়ে একটা বড় রাস্তা চলে গেলে এতে

সাধারণ লোকে কোন উৎসাহ পাবে না। কারণ তাদের বর্ষাকালে কোমর বেঁধে উঠতে হবে এবং অন্য সময় রাস্তার ধুলো খেয়ে তবে রাস্তায় আসতে হবে। এই যেখানে অবস্থা সেখানে রাস্তার প্ল্যানিং এবং পরিকল্পনা সম্পূর্ণ অন্য ধাঁচে হওয়া উচিত। এ-বিষয়ে আমরা বারবারই বলে আসছি, এবার পূর্ত্তমন্ত্রী মহাশয়ও বলেছেন ফিডার রোডের দিকে তিনি নজর দিয়েছেন। কিন্তু আমাদের সামনে যে কাগজপত্র দিয়েছেন তা থেকে দেখতে পাচ্ছি যে ফিডার রোডএর দিকে তাদের তেমন নজর নাই, যত টাকা তার বেশীর ভাগই দিচ্ছেন বড় বড় রাস্তার দিকে। কিন্তু সেই অনুপাতে ফিডার রোডএর দিকে দেওয়া উচিত বলে মনে করি। তিনি কিছুটা নজর দিয়েছেন সেজন্য তাঁকে ধন্যবাদ জানাই, কিন্তু আর একটু বেশী নজর দিন এ-কথাই বলি। এই সূত্রে ছোট্ট একটি রাস্তার কথা বলি, এবং তা বলবার আগে আর একটা কথা বলি, সেদিকে মাননীয় মন্ত্রীমহাশয়ের নজর দেওয়া উচিত বলে মনে করি। সেটা হচ্ছে অল্প পয়সা খরচ করে যেখানে বেশী ফল পাওয়া যায়, সেদিকে সরকারের দৃষ্টি নাই বলে আমি মনে করছি। ধরুন, এমন অনেক জায়গা আছে, উদাহরণ দেব, অল্প খরচ করলে বহু লোকের উপকার হয়। অল্প পয়সায় রাস্তা চওড়া হতে পারে। কিংবা গ্রামের একটা রাস্তা পাকা হতে পারে, এরকম যে-সব রাস্তা আছে তার দিকে কোন নজর পড়ে না। তাঁকে অন্য কোন খবর নিতে হবে না—মাননীয় অধ্যক্ষমহোদয়, জি, টি, রোড দিয়ে আমরা অনেক দূর যেয়ে থাকি, কিন্তু এই জি, টি, রোডএ এত যে কনজেশন সেদিকে কি মন্ত্রীমহাশয়ের নজর পড়ে না যে কি রকম ভীড়ের মধ্য দিয়ে সকালে ও বিকালে পথচারীদের যেতে হয়? সেখানে অল্প খরচ করলেই এই অসুবিধা দূর হয় এবং অনায়াসে কয়েক ফার্লং রাস্তা যদি চওড়া করে দেওয়া যায় তাহলে যথেষ্ট উপকার হয়। স্পেশ্যালি এ্যান্ড পার্টিকুলারলি এটা নোট করতে বলি। চৌরাস্তা এত কনজেষ্টেড, প্রত্যেক ক্ষেত্রে ৫।৬টি এ্যাক্সিডেন্টএ লোক মারা যায়, ছেলে-মেয়েরা স্কুলএ যাবার সময় চাপা পড়ে যায়। পারিজাত সিনেমা পর্য্যন্ত যদি রাস্তা চওড়া করা যায়, সেখানে হাওড়া মিউনিসিপ্যালিটির যে জায়গা আছে সেটা নিয়েও চওড়া করা যায় তাহলে খুব ভাল হয়। এই যে কেতাব ছাপিয়েছেন [পয়েন্টিং টু এ প্রিন্টেড বুক] এর কোন মূল্য নাই। এত বেশী খরচ না করে যদি বাংলাদেশের একটা ম্যাপ দিতেন এবং বুঝিয়ে দিতেন রোডস কোথায়, কি অবস্থায় আছে, তাহলে বোধ হয় বেশী উপকার হ'ত। চোখে চমকদার বই এরূপ ছাপলেই আমাদের কোন উপকার হবে না এটাই সবিনয়ে নিবেদন করছি। হাওড়া মুন্সীহাটার ওখানে যে রাস্তা, তার অবস্থাটা কি? আপনি জানেন, স্যার, ওটা মাত্র ৬ মাইল কিন্তু ভেঙ্গে পড়ে আছে। ঐ ছয় মাইল রাস্তা যদি মেরামত করেন তাহলে দু'লক্ষের মত লোকের উপকার হবে। এত বেশী খরচ না করে যদি ধনাবাদভাজন হ'তে চান তাহলে সেই রাস্তাটা মেরামত করবেন।

আমি বলব এত দেরী হয় কেন? আমতা-হাওড়ার রাস্তা ২৫ মাইল ১৯৪৮ সালে হয়ে আছে। সেখানে জমি দখল নিয়ে কিছু গোলমাল ছিল তাও তো দু'বছর আগে মিটে গেছে। কিন্তু তাহলেও হচ্ছে না কেন? চণ্ডীতলা-শালবনী বাস রোড টেক-আপ করেছেন, কিন্তু এত মন্থর গতিতে হচ্ছে যে কবে শেষ হবে জানি না। এরকমভাবে যদি কাজ করেন যাতে যে টাকাটা খরচ হচ্ছে তা থেকে ম্যাক্সিমাম বেনিফিট আসে, তাহলে টাকা কম হ'লেও বেশী রাস্তা তৈরী হবে। এই নীতি অবলম্বন করলে বাংলাদেশ উপকৃত হবে এবং দেশের রাস্তা-ঘাটের উন্নতি হবে। শেষকালে বলব জি, টি, রোডএ, হাওড়া-শিবপুর বাজারের কাছে যেখানে অত্যন্ত কনজেস্যান সেখানে রাস্তাটা একটু চওড়া করলে অনায়াসে গাড়ী চলতে পারে এবং পথচারীদের চলাচলের সুবিধা হ'তে পারে।

[11-50—12 noon]

The Hon'ble Khagendra Nath Das Gupta:

মাননীয় স্পীকারমহোদয়, পূর্ত্ত-বিভাগের ব্যয়-বরাদ্দের যে দাবী আমি উপস্থাপিত করেছি তাতে কাট মোসনএর মাধ্যমে মাননীয় সদস্যরা যে-সমস্ত সমালোচনার অবতারণা করেছেন, আমি অভিনিবেশসহকারে সেগুলি শুনেছি। মাননীয় সদস্যবর্গ, সমালোচনাকালে অনেক রাস্তার নাম এখানে উল্লেখ করেছেন এবং অনুযোগ করেছেন, কেন আমি এগুলি

গ্রহণ করে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় উন্নয়ন করি নি বা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কেন স্থান দেই নি। আমি গতকাল আমার প্রারম্ভিক বক্তৃতায় পশ্চিমবঙ্গ সরকার রাস্তা-ঘাট উন্নয়ন সম্পর্কে যে নীতি ও পদ্ধতি অবলম্বন করেছেন তা বিশদভাবে বলেছি। আমাদের দেশে, এই পশ্চিমবঙ্গে রাস্তা-ঘাট উন্নয়নের কাজ আরম্ভ হবার আগে ১৯৪৮ সালের কথা বলছি, ডিস্ট্রিক্ট বোর্ডএর অধীনে প্রায় ১৫,৮৯০ মাইল কাঁচা রাস্তা ও ২,০৮৯ মাইল পাকা রাস্তা ছিল। তা ছাড়া ইউনিয়ন বোর্ডগুলির অধীনেও বহু গ্রাম্য কাঁচা রাস্তা ছিল। সবগুলি রাস্তা আমরা এত অল্প সময়ের মধ্যে উন্নয়ন করতে পারি নি। করা যে সম্ভব নয় এ-কথা নিশ্চয়ই মাননীয় সদস্যবর্গ স্বীকার করবেন। আমাদের আর্থিক সংগতির সীমার মধ্য থেকে এত হাজার মাইল রাস্তা কয়েক বছরের মধ্যে উন্নয়ন করা সম্ভব নয়। এবারকার আলোচনার ধারায় আমি আনন্দিত হয়েছি, কারণ অন্যান্য বছর যে সকল পুরাতন পরিচিত রাস্তার নাম উল্লেখ হ'ত, এ-বছর সেই সকল রাস্তার নাম কেউ করেন নি। এতে এই বুঝা যায় যে তাঁদের পুরাতন দাবী পূরণ হয়েছে, নোতুন দাবী তাঁরা যেগুলি উত্থাপন করেছেন সেগুলিও পূরণ হবে, ভবিষ্যতে পূরণ হবে এবং সে ভবিষ্যৎ খুব দূরে নয় এ আশা তাঁরা করতে পারেন। আমাদের পশ্চিমবঙ্গে শত শত বছরের অবহেলা এবং নিষ্ক্রিয়তার জন্য যে সমস্যার উদ্ভব হয়েছে সামান্য কয়েক বছরের মধ্যে সে সমস্যা সমাধান করা সম্ভব নয়; কিন্তু আমরা এগিয়ে গিয়েছি অনেক দূর। আমার প্রারম্ভিক বক্তৃতা যাঁরা শুনেছেন তাঁরা লক্ষ্য করেছেন যে ক'বছরে আমরা কত রাস্তা করেছি এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কত রাস্তা আমরা নিয়েছি। মাননীয় সদস্যবর্গের মধ্যে কেউ কেউ প্রশ্ন তুলেছেন যে, টেষ্ট রিলিফ ওয়ার্কএর সমস্ত রাস্তা কেন মেইনটানেন্সএর জন্য নেওয়া হয় নি। টেষ্ট রিলিফ ওয়ার্কএ রাস্তাগুলি করা হয়েছে সেই অঞ্চলের দুর্গত অধিবাসীদের কার্য্য দেবার জন্যে এবং সেই রাস্তাগুলি এত বেশী উল্লেখযোগ্য নয় যে অন্যান্য উল্লেখযোগ্য রাস্তাগুলি ছেড়ে দিয়ে সেগুলিকে আমরা পরিকল্পনার মধ্যে গ্রহণ করতে পারি। তা সত্ত্বেও টেষ্ট রিলিফএর রাস্তাগুলি যাতে যাতায়াতের উপযুক্ত থাকে এজন্যে বর্ত্তমান বছর আমরা দুই লক্ষ টাকা বরাদ্দ করেছি, সেই সব রাস্তায় ছোট ছোট পুল বা কালভার্ট করার জন্য। আমাদের সদস্য তিন-চারজন হাওড়া জেলার কথা তুলেছেন। আমরা এই পরিকল্পনা গ্রহণ করবার পূর্ব্বে হাওড়ার সরকারী রাস্তার পরিমাণ ছিল ২৯ মাইল। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৮৮½ মাইল রাস্তা এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৮৬½ মাইল রাস্তা অর্থাৎ মোটের উপর ১৭৫ মাইল রাস্তা এই ক'বছরের মধ্যে হ'তে যাচ্ছে। এই হাওড়া জেলার আয়তন যেখানে ৫৬০ বর্গ মাইল মাত্র, সেখানে যা হয়েছে তা নৈরাশ্যজনক নয়। হাওড়া জেলার জনৈক সদস্য বলেছেন যে আমি সীতাপুর-বালুসাই রাস্তা কেন নিই নি। তিনি বোধ হয় জানেন না যে ডোমজুড়-বালুহাটি, জগৎবল্লভপুর-বড়গাছিয়া, মুন্সির হাট-রাজাপুর, ইত্যাদি সব রাস্তাগুলি নেওয়া হয়েছে। মাননীয় বীরেন ব্যানার্জ্জী মহাশয় মুন্সীহাট থেকে কেওড়াফুলি রাস্তার কথা উল্লেখ করেছেন। এটা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হয়েছে। শ্রীযুত কৃষ্ণচন্দ্র সংপতি মহাশয় মেদিনীপুর-ঝাড়গ্রাম রাস্তার কথা বলেছেন। মেদিনীপুর থেকে ঝাড়গ্রাম যাবার জন্যে আমাদের একটি সরকারী রাস্তা আছে এবং সেটা যে রাস্তার উল্লেখ তিনি করেছেন সেই রাস্তার সাথে তুলনা করলে বেশী দূর হবে না। মেদিনীপুরে আমাদের একটি রাস্তা আছে বলে এই রাস্তাটি আমাদের দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নেওয়া সম্ভব হয় নি। তিনি কন্ট্রাক্টারস এ্যাপয়েন্টমেন্ট সম্পর্কে কিছু সমালোচনা করেছেন। কন্ট্রাক্টারস এ্যাপয়েন্টমেন্ট সম্পর্কে আমরা ইচ্ছামত যখন খুসী নিতে পারি না। প্রায় বছরে একবার আমরা আমাদের কন্ট্রাক্টারস লিষ্টএর মধ্যে যদি কোন কিছু ভ্যাকেন্সি থাকে সেটা পূরণের ব্যবস্থা করি এবং তার জন্য পত্রিকায় এ্যাডভারটাইজমেন্ট দেওয়া হয় এবং এ্যাপ্লিকেশনস ইনভাইট করা হয়। সেই সকল এ্যাপ্লিকেশনস চিফ ইঞ্জিনিয়ার দেখে তিনি যে সুপারিশ করেন সেই অনুসারে কন্ট্রাক্টারস এ্যাপয়েন্টেড হয়। আমি জানি না উনি কোন কন্ট্রাক্টরএর কথা বলেছেন। যদি এমন কোন কন্ট্রাক্টার থাকেন যে তিনি উপযুক্তভাবে কাজ করেছেন, আমার কাছে তিনি অনায়াসে উপস্থিত হতে পারতেন এবং আমি তাঁর কাগজপত্র দেখতাম। আমি তাই অনুরোধ করব যদি এমন কোন ঘটনা হয়ে থাকে মাননীয় সদস্যমহাশয় আমাকে জানাবেন আমি নিশ্চয়ই তা দেখব।

[12—12-10 p.m.]

শ্রীশশবিন্দু বেরা মহাশয় শ্যামপুর-শিবপুর রাস্তার কথা বলেছেন। এই শ্যামপুর-শিবপুর রাস্তা ভিলেজ রোড হিসেবে থাকবে না, ও, ডি, রোড হিসাবে ইম্প্রুভ্ড্ হবে। সাঁতরাগাছি-মহিয়ারী রাস্তার কথা যা তিনি তুলেছেন, সেটা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত হয়েছে।

টেষ্ট-রিলিফের সময় তৈরী রাস্তা সংরক্ষণ ও মেরামত সম্বন্ধে।

Sj. Narendra Nath Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the micappropriation of money in Test Relief Works in Arambagh subdivision.

Sj. Natendra Nath Das: Sir, I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the famine condition prevailing in different parts of the Contai subdivision.

Sj. Nripendra Gopal Mitra: Sir, I beg to move that the demand Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about general policy particularly about an incident at police-station Binpur.

Sj. Probodh Dutt: Sir, I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about its policy and the relief to the distressed people of Bankura district suffering from the failure of crops due to the drought.

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to grant more money for agricultural loan, cattle-purchase loan, gratuitous relief and test relief work.

Sir, I also beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to grant more money under this head.

Sir, I also beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to give work or unemployment allowance to the agricultural workers and poor peasants during the period of their unemployment.

Sj. Raipada Das: Sir, I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the test relief work and the way in which it is being done.

Sj. Madan Mohan Khan: Sir, I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about suspension of realisation of agricultural loans and other Government loans due to distress in Bankura Sadar subdivision.

Sir, I also beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about famine condition now prevailing in the Sadar subdivision (Bankura), specially Kenjamura, Anchuri, Kalpathar, Jagdalla and Kalpathar unions of Bankura police-station.

Sj. Subodh Choudhury: Sir, I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to take adequate measures for providing relief to the distressed people of Burdwan district, particularly of police-station Raina, parts of Katwa subdivision of police-stations Raniganj and Faridpur, affected by drought and other natural calamities.

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গত বৎসর গড়বেতা থানায় বৃষ্টির গোলমালের জন্য ফসল ঘাটতি হইয়াছে অর্থাৎ ধান আগ্‌ড়ায় পরিণত হইয়াছে। এমত অবস্থায় বহু অঞ্চলের লোকের মধ্যে ইতিমধ্যেই অন্নাভাব দেখা দিয়াছে। গড়বেতা থানায় ক্ষেতমজুরের সংখ্যা অত্যন্ত বেশী, বর্ত্তমানে তাহারা কোন প্রকার কাজও পাইতেছে না। এইরূপ অবস্থায় অবিলম্বে বিভিন্ন অঞ্চলে টেষ্ট-রিলিফের কাজ শুরু করা দরকার। এবং দুঃস্থ-দুঃস্থাদের জন্য খয়রাতী সাহায্যের অত্যন্ত জরুরী প্রয়োজন।

Sir, I also beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গত বৎসর গড়বেতা থানায় যেসব কৃষকদের পূর্ব্ব বৎসরের লওয়া এগ্রিকালচারাল লোন-এর কোন সামান্য অংশও দিতে বাকী আছে তাহাদের বহু প্রয়োজন থাকা সত্ত্বেও কৃষি-লোন দেওয়া হয় নাই। ফলে দুঃস্থ কৃষকদের চাষ করায় ক্ষতি হইয়াছে, এবং তাহাদের লোনের বাকী টাকাও দেওয়া সম্ভব হইতেছে না; তাহাদের উপর এই বৎসর সার্টিফিকেট জারী করা হইতেছে।

Sir, I also beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গড়বেতা শহরের ও গ্রামাঞ্চলের মুচী, ডোম, কামার প্রভৃতি অতি দরিদ্র গ্রাম্য-শিল্পীদের প্রয়োজনমত অবিলম্বে রিলিফ দিতে হইবে। ইতিমধ্যেই অনেকে উপবাস দিতে আরম্ভ করিয়াছে।

Sir, I also beg to move that the demand of Rs. 1 25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

বর্ত্তমান বৎসরে ইতিমধ্যেই গড়বেতা থানার কেশপুর ও শালবনী থানার বহু ইউনিয়নে কাজের অভাবে ক্ষেতমজুরেরা চরম অভাবে পড়িয়াছে। বর্ত্তমানে গ্রামাঞ্চলে কোন প্রকার কাজও তাহারা পাইতেছে না। অবিলম্বে টেষ্ট-রিলিফ-এর কাজ শুরু করিতে হইবে। যেসব টি, আর, ওয়ার্ক অসমাপ্ত রহিয়াছে সেইগুলির কাজও অবিলম্বে শুরু করার প্রয়োজন হইয়াছে। টি, আর, ওয়ার্ক-এর মাধ্যমে গড়বেতা থানায় রাস্তা করার কাজ অপেক্ষা চাষের জলসেচনের জন্য বাঁধ ও আল কাটার কাজ অনেক বেশী কাজে লাগিবে। সরকারের সেইদিকে যথাযোগ্য লক্ষ্য দিতে হইবে।

Sir, I also beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গড়বেতা থানার মধ্যবিত্ত শ্রেণী গত বৎসর "মধ্যবিত্ত" লোন পাইবার জন্য যেসব আবেদন পাঠায় সেই আবেদনে সরকার পক্ষের যথাযোগ্য সাড়া না দেওয়া এবং বেশীর ভাগ ক্ষেত্রেই মধ্যবিত্তদের লোন না দেওয়ার ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গড়বেতায় ক্রমশঃ চাউলের দর বৃদ্ধি পাইতেছে, বর্ত্তমানে ১৭৷৷ টাকা মণ দরে বিক্রয় হইতেছে, ভবিষ্যতে আরও বাড়িবার সম্ভাবনা আছে, এই অবস্থায় এই অঞ্চলে গরীব লোকেরা ইতিমধ্যেই দুঃস্থাবস্থায় পড়িয়াছে। অবিলম্বে টেষ্ট-রিলিফের কাজ শুরু করিতে হইবে। এবং যাহাতে অল্পমূল্যে সরকারী ব্যবস্থায় চাউলের দোকান খোলা হয় তার ব্যবস্থা করিতে হইবে।

Sir, I also beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গড়বেতা থানায় গ্রামাঞ্চলের দুঃস্থা মহিলাদের জন্য গত বৎসর ধান ভানার জন্য সরকারী ব্যবস্থা করানোর জন্য বহু আবেদন করা সত্ত্বেও ধান ভানার ব্যবস্থা না করায় সরকারী কাজের ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গড়বেতা শহরের মধ্যে টেষ্ট-রিলিফের কাজের মাধ্যমে একটী পুষ্করিণী কাটা শুরু হইয়াছিল। ওই পুষ্করিণীর জন্য স্থানীয় লোকেরা সরকারকে পরিমাণমত জমিও রেজিষ্ট্রী লেখা-পড়া করিয়া দিয়াছেন, অথচ পুষ্করিণীটি সম্পূর্ণ শেষ না করিয়াই কাজ বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। ইহা সরকারী কাজের একটী দুঃখজনক ব্যর্থতা। ওই অঞ্চলে বহুকাল যাবৎ জলাভাব চলিতেছে। গ্রীষ্মকালে প্রায় ১৷৷ মাইল দূরে নদীতে পুরুষ, নারী সকলকেই স্নানের জন্য যাইতে হয়। গরু, বাছুরকে জল খাওয়াইবার জন্যও নদীতে যাইতে হয়। ওই অঞ্চলে গ্রীষ্মকালে জলাভাবে আরও বহুপ্রকার কষ্ট, দুঃখ দেখা দেয়। অবিলম্বে ওই পুকুরটিকে সম্পূর্ণ করার জন্য টেষ্ট-রিলিফ-এর মাধ্যমে কাজ শুরু করাইতে হইবে।

Sir, I also beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গত বৎসর গড়বেতা থানার বিভিন্ন অঞ্চলে টেষ্ট-রিলিফ ও ডোল রিলিফ দেওয়ার কাজে প্রচুর দুর্নীতি ও অন্যায় হইয়াছে। ইহা সরকারের নীতির ব্যর্থতা প্রমাণ করে। ভবিষ্যতে ওইরূপ কাজে যে ইউনিয়নে রিলিফ কাজ চালান হইবে সেই ইউনিয়নবাসীর দ্বারা নির্বাচিত কমিটীর সহযোগিতায় ওই রিলিফ কাজ চালানর ব্যবস্থা সরকারকে গ্রহণ করিতে হইবে। রিলিফ কাজ চালানোর জন্য যেসব কর্ম্মচারী নিয়োগ করা হইবে তাহদের ওই কমিটীর মতামত লইয়া নিয়োগ করিতে হইবে।

Sj. Dasarathi Tah: Sir, I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

(১) রিলিফ ও টেষ্ট-রিলিফে দুর্নীতি ও চলতি বৎসরে টেষ্ট-রিলিফ কার্য্য আরম্ভে দীর্ঘসূত্রতা, (২) রিলিফ ও লোন বিতরণ সম্পর্কে অব্যবস্থা, (৩) দরিদ্র জনসাধারণের জন্য সরকারী ধান্যগুদাম খুলিয়া সস্তা দামে ধান্য সরবরাহের ব্যবস্থা না করা।

Sj. Surendra Nath Pramanik: Sir, I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: "54—Famine" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the need of immediately adopting relief measures in the police-stations of Keshiary, Narayangarh, Dantan in the district of Midnapore due to failure of crops arising out of scarcity of rainfall.

Sj. Tarapada Dey: Sir, I beg to move that the demand of Rs. 1,25,68,000 for expenditure under Grant No. 34, Major Head: '54—Famine'' be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to administer any relief to the unemployed people of West Bengal and to make provisions for sufficient amount of test relief work for the unemployed day labourers in rural areas.

Sj. Kanai Lal Bhowmick:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার বড় দুর্ভাগ্য যে আমরা এমন একজন খাদ্যমন্ত্রী পেয়েছি, যিনি প্রথম থেকেই বক্তৃতা করতে উঠে এমন আত্মতুষ্টির মনোভাব দেখান, এমন ভুল তথ্য পরিবেশন করেন, যাতে বাংলাদেশের সত্যিকারের অর্থনৈতিক অবস্থাকে ঢাকা দেওয়ার নানা চেষ্টা চলে। ঠিক গত বছর বাজেট সেসানের সময় যখন আমরা আর্থিক দুরবস্থার কথা উল্লেখ করেছিলাম, তখন তিনি টন টন করে খাদ্যের হিসাব দিয়েছিলেন এবং কাগজে-কলমে সারপ্লাস দেখিয়েছিলেন। তখন ঠিক এই রকম রিলিফ গ্র্যান্টের টাকা বাড়াবার কথা বলার সঙ্গে সঙ্গে তিনি বলেছিলেন ভাববার কিছু নেই, আমি সব ঠিক করে দেবো। আজ এক বছর পরে আবার তিনি দাঁড়িয়ে বলছেন যে টেষ্ট রিলিফ দরকার নেই, দেশের অবস্থা ততখানি খারাপ নয় এবং ভাববার কিছু নেই। অথচ গত বছরের অভিজ্ঞতায় আমরা জানি যে তাঁরা যে গ্র্যান্ট মঞ্জুর করেছিলেন তার প্রায় তিনগুণ টাকা তাঁদের খরচ করতে হয়েছে। আমার বক্তব্য হ'ল এই যে লুকোচুরির ব্যাপার, এটা বন্ধ হওয়া দরকার। এবারে তিনি বলেছেন যে যদিও আমরা একটা গ্র্যান্ট মঞ্জুর করিয়ে নিচ্ছি, দরকার হ'লে আরো দেবো। এইভাবে যে তাঁরা দেশের অবস্থাকে নানাভাবে বিকৃত করে দেখাবার চেষ্টা করেন, লোকের দুঃখ-দুর্দ্দশাকে লঘু করে দেখাবার চেষ্টা করেন, লোকের অভাব-অভিযোগের প্রতি ভ্রূকুটি করেন, এ জিনিষ বাংলাদেশের পক্ষে খুবই খারাপ। এই ধরনের খাদ্যমন্ত্রীর হস্তে বাংলাদেশের জনসাধারণ যতদিন থাকবে ততদিন তাদের জীবন যে অতিষ্ঠ হয়ে উঠবে, সে বিষয়ে কোন সন্দেহ নেই। তিনি বলেছেন, গত বছরের তুলনায় এ বছর ফসল ভাল হয়েছে। কোন কোন অঞ্চলে কিছুটা ভাল হয়েছে কিন্তু তিনি যা হিসাব দিয়েছেন তা সম্পূর্ণ সত্য নয়। আমি শুধু তাঁদের দেওয়া যে হিসাব তা থেকে বলবো—একটা জেলার উদাহরণ দিই, মেদিনীপুর জেলা। মেদিনীপুরে উনি বলেছেন যে ১৯৫৪-৫৫ সালে একর প্রতি ৭·৭৭ মণ ফসল হয়েছে, আর এ বছর ১০·৯২ মান্ডস অর্থাৎ গত বছরের তুলনায় এ বছর কি বেড়েছে, তা যদি হিসাব করি তাহলে দেখবো গত বছর ওঁরা স্বীকার করেছিলেন যে সাধারণভাবে মেদিনীপুর জেলায় শতকরা ৪০ ভাগ ফসল হয়েছে, ওঁরা যে বইখানা সার্কুলেট করেছেন, তাতে লিখেছেন যে গত বছর মেদিনীপুর জেলায় নরম্যাল প্রোডাকসন মাত্র শতকরা ৩০ ভাগ ফসল হয়েছে। এ বছর যদি ওঁদের দেওয়া হিসাবকে ঠিক বলে ধরি, তাহলে দেখবো এই বছর ফসল হয়েছে শতকরা ৫২ ভাগের বেশী নয়, অথচ খাদ্যমন্ত্রীমহাশয় বলছেন যে এ বছর খাদ্যাবস্থা খুব ভাল, রিলিফের ততখানি প্রয়োজন নেই এবং আমরা চালিয়ে দোবো। আমরা গত বছর দেখেছি যে নরম্যাল প্রোডাকসন মাত্র ৪০ পার্সেন্ট হওয়ার জন্য তাঁদের রিলিফ এবং টেষ্ট রিলিফের কাজ আরম্ভ করতে হয়েছিল। তিনি যতই বলুন না কেন যে রিলিফ এবং টেষ্ট রিলিফ আমরা এমনি আরম্ভ করেছিলাম কিন্তু প্রকৃতপক্ষে তা নয়, দেশের লোক কাজ পায় নি বলে। এই বছর তাই অবস্থা হয়েছে, লক্ষ লক্ষ লোক বেকার হয়ে গেছে। হাওড়া, ডোমজুড়, সেখানে মজুরীর হাট বসে, মজুরী বিক্রীর জন্য হাট বসে। মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কিনা জানি না যে গ্যাঞ্জেস বেল্টে বেশীর ভাগ জমিতে অনাবৃষ্টির দরুন ফসল নষ্ট হয়েছে। মেদিনীপুর জেলার পটাশপুর এবং ময়না থানা, ঝাড়গ্রাম এবং সদর মহকুমার বিভিন্ন অঞ্চলে ফসলহানি হয়েছে এবং ২৪-পরগণার সুন্দরবন অঞ্চলে ফসলহানি হয়েছে, বর্দ্ধমান জেলায় কতকগুলি, যেমন, কাটোয়া মহকুমার মধ্যে মঙ্গলকোট, কাটোয়া, কেতুগ্রাম, দুর্গাপুর, এইরূপ বিভিন্ন জায়গায় ফসলহানি হয়েছে।

[12-40—12-50 p.m.]

তা ছাড়া অনেকে জানেন, অনেক মাননীয় কংগ্রেস সদস্য জানেন যে এ বছর ঠিক ফসল কাটবার আগে যে বৃষ্টি হয়ে গেছে, তার ফলে আমাদের দেশের অনেক ফসল নষ্ট হয়েছে

এবং যার ফলে বিভিন্ন অঞ্চলে ইতিমধ্যে খাদ্যাভাব সুরু হয়ে গেছে, তারা কাজ পাচ্ছে না, অনাহারে দিন কাটাচ্ছে। এই অবস্থা যখন বাংলাদেশে দেখা দিয়েছে, তখন খাদ্যমন্ত্রী মহাশয় দেশের যে চিত্র দেখালেন তা বাস্তব অবস্থার সঙ্গে মেলে না। আর একটা কথা বলছি রিলিফ এবং টেষ্ট রিলিফএর ব্যাপারে আমি মেদিনীপুর জেলার হয়ে উদাহরণ দিয়ে বলছি যে কিরকম দুর্নীতি চলছে এই টেষ্ট রিলিফএর ব্যাপারে। যা ব্যয় হচ্ছে তার ৫০ ভাগ আসলে চুরি-চামারি। চাল পর্য্যন্ত উধাও হয়ে যাচ্ছে। যে সমস্ত অঞ্চলে টেষ্ট রিলিফ হয়েছিল সেখানে গিয়ে যে-কোন মজুরকে জিজ্ঞাসা করুন, তারা বলবে এই টেষ্ট রিলিফএর কাজের মধ্যে তাদের ন্যায্য পাওনা, তারা ঠিক পায় নি। মেদিনীপুর জেলার এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট এই রকম ৭০।৭১টা কেস পেয়েছিল। কাজেই টেষ্ট রিলিফএর কাজে যে লক্ষ লক্ষ টাকা চুরি হচ্ছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। যে-সমস্ত পে-মাষ্টারকে এরা বিশেষ করে এ্যাপয়েন্ট করেছিলেন, এই টেষ্ট রিলিফএর টাকা চুরি করছেন। যে ক্যাস টাকা দিতেন তাও পর্য্যন্ত চুরি হয়েছে। এই রকম বহু ঘটনা এনফোর্সমেন্ট ডিপার্টমেন্টএর কাছে আছে। তারপর লোন সম্পর্কে বলতে গেলে বলতে হয়, গত বছর মিড্‌ল্‌ ক্লাস লোন যা দিয়েছিলেন, ১০০ টাকা লোন দেবার জন্য যে কন্ডিসন করেছিলেন, কাগজপত্র দেখাতে হবে, রেজিষ্ট্রি করতে হবে। ফলে সেই মধ্যবিত্তের মধ্যে মাত্র এক-একটা ইউনিয়নএ ১২।১৪ জনকে মাত্র ১০০ টাকা করে লোন দেওয়া হয়েছে, আর ১॥।২ মণ ধানের দামও নয়, এই রকম লোন দেওয়া হয়েছে, কৃষি লোন যখন সত্যিকারের প্রয়োজন, তখন এই সব লোন দেওয়া হয় নি এবং দেওয়ার সময় নানাভাবে হয়রান করা হয়েছে, ২।৩ দিন ধরে তবে লোন দেওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকারের তরফ থেকে রুর‍্যাল ক্রেডিট সার্ভে রিপোর্ট বেরিয়েছে, তাতে বলা হয়েছে যে শতকরা ৯০ পারসেন্ট লোন এখনও পর্য্যন্ত দেওয়া হয় নি অর্থাৎ গভর্ণমেন্ট শতকরা এখনও ১০ পার্সেন্ট দেবার ব্যবস্থা করতে পারেন নি। এর মধ্যে খাদ্যমন্ত্রী যে বাজেট বক্তৃতা করলেন এবং এ বছরের খাদ্যাবস্থার যে চিত্র দিলেন, আমি মনে করি এই আত্মসন্তোষের মনোভাব যদি ত্যাগ না করেন তাহলে বাংলার গরীব লোকেরা না খেয়ে মারা পড়বে।

Sj. Madan Mohan Khan:

মাননীয় স্পীকারমহাশয়, আমার পূর্ব্ববর্ত্তী বক্তা আপনার সামনে বলেছেন, মেদিনীপুর জেলায় কিভাবে দুর্ভিক্ষ এবং আমাদের কংগ্রেসএর মনোনীত পে-মাষ্টার কিভাবে টাকা চুরি করেছে। আমি আপনার সামনে একটী উদাহরণ দেবো। মেদিনীপুর ডিষ্ট্রিক্ট বোর্ডএর চেয়ারম্যান, মাননীয় মহেন্দ্রনাথ মাহাতো, কংগ্রেস এম,এল,এ, তাঁর ভাইপো পরেশ মাহাতোকে পে-মাষ্টার করেছিলেন। জামবনী-শাবলমারা রাস্তা ১০।১৫ হাজার টাকার এষ্টিমেট ছিল। ৫।৭ হাজার টাকা খরচ করবার পর যারা কাজ করেছিলেন তারা ঝাড়গ্রাম এস, ডি, ওর কাছে টাকা পাই নাই বলিয়া পিটিশন করেছিলেন, সেই পিটিশন অনুসন্ধান করিয়া অভিযোগ সত্য প্রমাণ হবার পর এস, ডি, ও ডিষ্ট্রিক্ট বোর্ডএর কাছ থেকে কাগজপত্র চায়। আপনি শুনলে অবাক্‌ হবেন যে গভর্ণমেন্টকে ডিষ্ট্রিক্ট বোর্ড কাগজপত্র দিতে অস্বীকার করে এবং পরে এস, পি, এনফোর্সমেন্ট, যখন জোর করে ডিষ্ট্রিক্ট বোর্ডএর কাছ থেকে কাগজপত্র সীজ করে নিলেন, সেই সময়, সেই সেই ডিষ্ট্রিক্ট বোর্ডএর কাছ থেকে পে-মাষ্টারএর পাওনা ৭ হাজার টাকা বাকী ছিল। মাননীয় কংগ্রেস এম,এল,এ, মহেন্দ্রবাবু তারপর ডেকে পরেশবাবুকে ৭ হাজার টাকা পেমেন্ট করে দিলেন। অথচ যখন পেণ্ডিং পড়েছিল কিভাবে টাকাটা তিনি দিতে পারলেন তা বুঝতে পারি না। টেষ্ট রিলিফ ওয়ার্কাররাও বহু টাকা এখনও পায় নি। শুধু মহেন্দ্রবাবু আছে বলে তার টাকাটা পুলিশ সীজ করে নিয়েও দিয়ে দেওয়া হ'ল। আমাদের সরকার স্বীকার করেছেন যে মেদিনীপুর জেলাতে সবচেয়ে দুর্ভিক্ষ বেশী, তার জন্য যে বরাদ্দ দিয়েছেন তাতে যেটা খরচ হয়েছে তা হল ½ অংশ অথচ যে বছর দুর্ভিক্ষ হ'ল সে বছর জলকর দিতে পারে নি, ধান হয় নি বলে কিন্তু সেখানে এখন ট্যাক্স না দিতে পারার জন্য তাদের জিনিষপত্র ক্রোক করা হচ্ছে, ট্যাক্স ইম্প্রুভমেন্ট ডিপার্টমেন্ট থেকে গরু-বাছুর পর্য্যন্ত ক্রোক হয়েছে। সেখানে সরকার নিজে স্বীকার করেছেন দুর্ভিক্ষাবস্থা আছে, প্রতিদিন ১৪ হাজার লোককে আমরা বাঁচিয়েছি, তাহলে কি করে যেখানে চাষবাস

হয় নি সেখানে জলের ট্যাক্স অনাদায়ের জন্য জিনিসপত্র ক্রোক করা হয় তা বুঝি না। ট্যাক্স ইম্প্রুভমেন্ট ডিপার্টমেন্ট জমিতে চাষের জন্য জল সরবরাহ করতে পারেন না বলে ধান হয় নাই, কিন্তু ট্যাক্স না দিতে পারার জন্য জিনিষপত্র ক্রোক করা হচ্ছে। জল না দিতে পারার জন্য ধান হয় নাই, ট্যাক্সও বন্ধ করতে হবে। উনি বলেছেন একটা ঢেঁকি প্যাডি হাস্কিংএর ব্যবস্থা করেছেন। এখানে যারা কাজ করত, মালটি-পারপাস কো-অপারেটিভ বেসিসএ তারা প্রথম লোকসান খেয়েছে। যখন তারা আস্তে আস্তে দাঁড়ানোর চেষ্টা করলো তখন সরকার তাদের ধান দেওয়া বন্ধ করে দিলেন। আমরা দেখেছি সরকার যদি ঢেঁকী প্যাডি হাস্কিং স্কীম যা ছিল, সেটা দেখেন তাহলে দেখবেন ওখানে বেশ কিছু লোক, প্রায় ৭২০ জন লোক কাজ করে খাচ্ছিল। আজ তারা কাজ পায় না, বেশীর ভাগই বুড়ো লোক। আমরা মনে করি তাদের কুটীর শিল্পের মাধ্যমে বাঁচানোর চেষ্টা করা উচিত। আপনি জানেন পটাশপুর এবং দাঁতন থানায় কয়েক বছর যাবৎ লোকের খুব দুর্গতি চলছে। তাদের নাকি টেষ্ট রিলিফ দেবার ব্যবস্থা করেছেন কিন্তু সেটা এখনই দেওয়া দরকার, কারণ লোক খেতে পাচ্ছে না। আমাদের মাননীয় সদস্য শ্রীজনার্দ্দন সাহু ওখানে হাঙ্গার-ষ্ট্রাইক করতে গিয়েছিলেন। ডি এম, এস ডি ও, ও জনসাধারণের অনুরোধে তিনি হাঙ্গার-ষ্ট্রাইক বন্ধ করেছেন, ভালই হয়েছে। কিন্তু পটাশপুর ও দাঁতন থানার লোকগুলোকে বাঁচাবার ব্যবস্থা এখনও করা হয় নাই।

[12-50—12-58 p.m.]

Sj. Gangapada Kuar:

মাননীয় স্পীকারমহাশয়, আমাদের ত্রাণমন্ত্রীর উদ্বোধনী বক্তৃতায় বাংলাদেশের যে চিত্র আমাদের সামনে রেখেছেন, তাতে মনে হ'ল, হয় তাঁর বর্ত্তমান পরিস্থিতি সম্বন্ধে ধারণার অভাব, অথবা তিনি আসল অবস্থাকে বিকৃতভাবে চিত্রিত করেছেন।

তিনি বলেছেন বাংলাদেশে তেমন কোন খাদ্যাভাব নাই; কেবল বেকারদের কর্ম্ম-সংস্থানের জন্য বিভিন্ন ধরণের রিলিফের কাজ করিয়েছি। আবার তার সঙ্গে বলেছেন যে, গত বছর যেখানে ১ কোটী ২৬ লক্ষ টাকা বরাদ্দ হয়েছিল, তার স্থলে ৪ কোটীর উপর ব্যয় করা হয়েছে। কিন্তু গত বছর যেভাবে সারা বাংলাদেশে অনাবৃষ্টি ও বন্যার দরুন শষ্যহানি হয়েছিল, এ বছর ঠিক সেইমত শষ্য হানি না হ'লেও, আমরা এ কথা বারবার বলেছি যে গত নভেম্বর মাসে পর্য্যাপ্ত বৃষ্টি হওয়ার দরুন, অর্থাৎ অসময়ে বৃষ্টি হওয়ার দরুন, আমরা যে পরিমাণ ফসল পাবো বলে আশা করেছিলাম তারচেয়ে অনেক কম ফসল ফলেছে। শুধু তাই নয়, আমি এমন কতকগুলি জায়গার খবর জানি যেখানে ফসল একেবারেই হয় নি। মেদিনীপুর সদর থানায় ৮নং ইউনিয়নের অনেকগুলি মৌজায় ও দেবরা থানার ৮।৯টি মৌজায় একেবারে ফসল হয় নি। এ ছাড়া সাধারণভাবে মেদিনীপুরের বহু জায়গায়, যেমন রামনগর, কেশপুর, গোপিবল্লভপুর, নয়াগ্রাম প্রভৃতি বিভিন্ন থানা এলাকায় বৃষ্টি না হওয়ার দরুন যথেষ্ট পরিমাণে ফসল নষ্ট হয়েছে। শুধু তাই নয়, গত বছর এবং তার আগে থেকে বছর বছর ধরে ফসলহানি হয়েছে, তার উপর এ বছর যে যৎসামান্য ফসল উৎপন্ন হয়েছে তা ইতিপূর্ব্বেই বহু কৃষক একেবারে নিঃশেষ করে ফেলেছে, এমন কি খোরাকীর ধানও বিক্রয় করে ফেলতে হয়েছে, লোন আদায়কারী সরকারী কর্ম্মচারীদের জুলুমের জন্য। বহু জায়গায় সার্টিফিকেট জারী প্রসেস্এর দ্বারা খুব জবরদস্তিতে লোন আদায় করা হয়েছে। গত বছর যেখানে লোন সাস্পেণ্ড করা হয়েছিল, সেই সমস্ত জায়গায়ও লোন সাস্পেণ্ড হওয়া সত্ত্বেও কিস্তি খালাস হয়েছে। এই অজুহাতে যে তাদের উপর সার্টিফিকেট জারী করে তাদের জমিজমা নীলামে বিক্রয় করা হচ্ছে। বিশেষ করে দেবরা ও কেশপুর থানায় অত্যধিক পরিমাণে ও অসময়ে বৃষ্টি হওয়ার ফলে চাষের অত্যন্ত ক্ষতি হয়েছে। এবং প্রতি বছরই সেচের অসুবিধার জন্য অথবা বন্যার জন্য শস্যহানি হয়। সেখানে এটা ইউনিয়নে জবর-দস্তিমূলক পন্থায় ঋণ আদায় করা হচ্ছে। তিনি বলেছেন, গত বছর আমরা ক্যারি-ওভার করতে পেরেছি প্রায় ৮ লক্ষ টন এবং এ বছর খাদ্য ফলন হবে প্রায় ৪১ লক্ষ টন; এই দু'টা যোগ করলে যা পাব, তাতে আমাদের যা অভাব আছে তা মিট করা যাবে। খাদ্যশষ্য সরকারের অঙ্কের ভিতর থাকতে পারে, বা বড় বড় জোতদার বা জমিদারের গোলার মধ্যে থাকতে পারে, কিন্তু সাধারণ

মানুষ তার দ্বারা কতটুকু উপকৃত হবে তা বুঝতে পারছি না। যে ৭ লক্ষ ভাগচাষী ও ভূমিহীন চাষী আছে, তাদের যে প্রতি বছর কত অবর্ণনীয় বেকারীর মধ্যে পড়তে হয়, তা যাঁরা পল্লী বাংলা থেকে এসেছেন, তাঁরা সবাই জানেন। সেদিক থেকে সহর অঞ্চলে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জএর মাধ্যমে বেকারীর একটা মাপকাঠি মোটামুটি জানতে পারি। সেই রকমভাবে যদি পল্লী অঞ্চলেও বেকারীর হিসাব-নিকাশ নেওয়া হয়, তাহলে দেখা যাবে যে অঙ্ক পাবো তাতে অবাক হয়ে যেতে হবে। তজ্জন্য আমি মনে করি, এ বছর বিভিন্ন জায়গায়, যেখানে ফসলের হানি হয়েছে, সেখানে অবিলম্বে টেষ্ট রিলিফের কাজ চালু করা দরকার। এমন বহু কৃষক পরিবার আছে, যাদের অন্নাভাব গত পৌষ মাস থেকেই দেখা দিয়েছে এবং অনেক কৃষক পরিবার রয়েছে যারা ধার করে বা অন্যের কাছে সাহায্য নিয়ে জীবন যাপন করতে বাধ্য হচ্ছে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে বলবো টেষ্ট রিলিফের কাজ অবিলম্বে সুরু করুন, এবং গতবারের অভিজ্ঞতা থেকে এই টেষ্ট রিলিফের কাজ যাতে ভালভাবে ব্যবস্থা করতে পারেন ও চুরির হাত থেকে রক্ষা করে, ভালভাবে অর্গ্যানাইজড্ ওয়েতে চালু করা যায় সেদিকে দৃষ্টি দিন। ব্যাপকভাবে যে-সমস্ত দুর্গত কৃষক, তাদের ঋণের বোঝায় ভারাক্রান্ত হয়ে পড়েছে, সেই সমস্ত কৃষকরা যাতে তাদের ঋণ মকুব পায় সেদিকে বিশেষ দৃষ্টি দেওয়া উচিত। তারপর আর্ম ফোর্স নিয়ে যেখানে টাকা-পয়সা আদায় করবার ব্যবস্থা হয়েছে, সেটাও বন্ধ করা দরকার। আর খয়রাতি সাহায্যের কথা উঠেছে। আমি মনে করি কর্ম্মক্ষম মানুষকে কাজ দিয়ে তাদের দুর্গতি মোচন করা হোক। এই কথা আমরা বরাবর বলে আসছি এবং আজও বলছি বেশীর ভাগ লোকের মধ্যে কাজ দেবার যে নীতি, সেই নীতি অনুসরণ করুন। মন্ত্রীমহাশয় বলেছেন গত বছর প্যাডি হাস্কিং মেসিন বহু কৃষক পরিবারকে দেওয়া হয়েছে। কিন্তু আমরা পাড়াগাঁয়ে ঘুরে দেখেছি, সেখানে মাত্র দু-একটা জায়গায় এই প্যাডি হাস্কিং স্কীম চালু করা হয়েছে; এইভাবে, কাজ আরও আগে থেকে সুরু করলে যতটা ভাল হ'ত, তা হয় নি। পূর্ব্বে দেখা গিয়েছে যে মন্ত্রীমহাশয়ের ঢেঁকী ও কুটীরশিল্পের দিকে বেশী ঝোঁক ছিল, কিন্তু আজকাল আর তাঁর এই সমস্ত দিকে দৃষ্টি নেই। এবং যার জন্য প্রমাণ আমরা পাবো—তিনি বিভিন্ন জায়গায় হাস্কিং মেসিনএর ব্যবস্থা করে ঢেঁকী শিল্পের ধ্বংস সাধন করছেন; এই থেকেই আমরা বুঝতে পারছি তাঁর কোথায় দরদ বেশী।

তিনি আর কি কি করেছেন তার ফিরিস্তি দেখুন—এই যে লাল রংএর মোটা মোটা বইগুলি বাঁধাই করে কত হাজার হাজার টাকা যে করেছেন, তা জানি না; এইভাবে, দুঃস্থদের জন্য এই টাকা খরচ করলে বেশী উপকার হ'ত। আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় গ্রামের কৃষক পরিবারদের প্রতি বিশেষ দৃষ্টি রেখে, তাদের খাদ্যাভাব দূর করবেন।

Mr. Speaker: The House stands adjourned till 2-30 p.m. on Monday. There will be no question.

Adjournment.

The House was then adjourned at 12-58 p.m., till 2-30 p.m. on Monday, the 19th March, 1956, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 19th March, 1956, at 2-30 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair 15 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 183 Members.

[2-30—2-40 p.m.]

Mr. Speaker: Mr. Banerjee, do we follow the list of speakers as was fiexd on Saturday or is there a change?

Sj. Biren Banerjee: There will be no change.

Fixation of time for guillotine.

Mr. Speaker: Today is the last day for the voting of Demands for Grants. There are as many as 22 heads of Demands under which no fewor than 477 cut motions are still there for disposal. In conformity with the previous practice I fix that the House will sit today up till 8 p.m. and I also fix that the guillotine will fall at 7 p.m. Thereafter I shall put all outstanding demands without any debate. I hope the members of both sides will try to be brief in their speeches so that the business may be finished before the time the guillotine arrives.

Now we shall proceed with the Demand for Grant No. 34.

DEMANDS FOR GRANTS

Major Head 54—Famine

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের খাদ্যমন্ত্রী ওরফে দুর্ভিক্ষমন্ত্রী গত শনিবার দুর্ভিক্ষ খাতে টাকা বরাদ্দের ক্ষেত্রে যে বক্তব্য রেখেছিলেন এবং তা রাখতে গিয়ে যে ক'টি কথা উনি বলেছিলেন তার মধ্যে প্রথম এবং প্রধান কথা হচ্ছে এই যে, গত বছরের তুলনায় এ বছরের অবস্থা অনেকটা ভাল। সেই ভালর কথা বলতে গিয়ে খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে যে তথ্য পরিবেশন করেছেন তাতে দেখিয়েছেন যে, ৪১ লক্ষ টন উৎপাদন হয়েছে এবং জনসাধারণের কাছে গত বছর যে উৎপাদন হয়েছিল সেই উৎপাদন এবং খরচপত্র বাদ দিয়ে আর আট লক্ষ টন মজুত আছে। সেই নিয়ে উনি ৪৯ লক্ষ টন খাদ্যের হিসাব দেখিয়েছেন। এই হিসাব দেখিয়ে তার পরে বলেছেন যে, জনসাধারণের চাহিদা মিটিয়ে, বীজ ধান দিয়ে দু' লক্ষ টন উদ্বৃত্ত হবে। অতএব ভাবনার কিছু নেই। আর অন্য দিকে উনি বলেছেন যে, লোক কাজ পাচ্ছে না, বেকার হচ্ছে; সেজন্য এই সরকার—খুব গণতান্ত্রিক সরকার—যেখানে যখনই এমন খবর পাচ্ছেন যে, লোক কাজ পাচ্ছে না, অমনি মেশিনারি ঠিক আছে, তাদের ব'লে দিচ্ছেন এবং কাজ দিচ্ছেন: কাজেই ভাবনা নেই। এইসব মিলিয়ে এই হিসাব অনুযায়ী লোকের অবস্থা খুব ভাল হয়ে গেছে, আর ভাবনা-চিন্তার কিছু নেই। কিন্তু আসলে ঠিক তার উলটো। আমি কয়েকটা তথ্য আপনার কাছে রাখব। উনি গড় শস্য উৎপাদনের তথ্য যেভাবে রেখেছেন, সেটা কোথা থেকে পেলেন জানি না। ওঁদের খাদ্য বিভাগের এবং এগ্রিকালচার বিভাগের যে সার্ভে, সেই সার্ভে হচ্ছে যে, সুন্দরবন অঞ্চলে খুব ভাল ফসল হয়েছে; অর্থাৎ এগ্রিকালচার ডিপার্টমেন্টের সন্দেশখালি থানায় যে সার্ভে তা হচ্ছে বিঘাপ্রতি ৪ মণের বেশি ফলন এবার হয় নি। এই হ'ল তাঁদের গোটা সন্দেশখালি থানার হিসাব। তার মধ্যে এমনও রয়ে গেছে যে, কোন কোন এলাকায়

তিন বিঘা জমিতে ত্রিশ সেরের বেশি ধান হয় নি। যেহেতু তিনি সেদিন ঐ তথ্য পরিবেশন করেছিলেন, সেইজন্য আমি ব্যক্তিগতভাবে কালকে সেই এলাকায় গিয়ে ঘুরেছি এবং তথ্য সংগ্রহ করবার চেষ্টা করেছি যে আসল ঘটনা কি। হাড়োয়া থানার ১৪নং ইউনিয়নের রাইচরণ দাসের বার-তের বিঘা জমি; তাতে যে ফসল হয়েছে, তা গড়ে দু' মণের বেশি বিঘাপ্রতি পায় নি। সেটা ও'দের এগ্রিকালচার ডিপার্টমেন্টএর তথ্য; ও'র বিশেষ ডিপার্টমেন্ট আলাদা আছে কিনা জানি না, যেখান থেকে অন্য রকম তথ্য সংগ্রহ করেছেন। অন্য দিকে আমরা দেখেছি, আড়াতলা ইউনিয়নে এবং চৈতাল ইউনিয়নে বাঁধ বন্দী করার জন্য ফসল ভাল হয়েছে—এই রিপোর্ট কোট করেছেন। কিন্তু প্রত্যেক জায়গায়, মেদিনীপুর, বাঁকুড়া, বর্ধমান, হাওড়া, হুগলি, জলপাইগুড়ি, দিনাজপুর—সব জায়গায় যে রিপোর্ট, তাতে বলা হয়েছে যে, সব জায়গায়ই লোকের অভাব রয়েছে। সেই অভাব অনুযায়ী কিছু কিছু পূরণ করার চেষ্টা হয়েছে। তা থেকে এমন কোন তথ্য পাই না, যা থেকে বলা যেতে পারে যে, গতবারের তুলনায় লোকের অবস্থা ভাল হয়েছে। আমি কয়েকটা তথ্য দিচ্ছি যে, অবস্থা কি দাঁড়িয়েছে। গতবারে আমি নিজে জানি যে, সাধারণ মানুষ ফাল্গুন-চৈত্র মাস পর্যন্ত কোনরকমে খেয়ে বেঁচে ছিল। এবার মাঘ মাস থেকেই সাধারণ মানুষের খাদ্যসংকট শুরু হয়েছে।

তারপরে উনি বলেছেন, কাজ দিয়েছেন। আমি জানি—গোটা সুন্দরবন অঞ্চল ঘুরে দেখেছি—সরকারী দপ্তর থেকে যে তথ্য সংগৃহীত হউক না—যে সুন্দরবনের কোথাও টেস্ট রিলিফের কাজ, কোথাও বাঁধের কাজ, এবার নাই। একমাত্র ঐ বাগজলা-ঘুনি-যাত্রাগাছি—সেখানে স্কীমের কাজ হচ্ছে; কন্ট্যাক্টর এস, পি, নন্দী, তিনি কাজ করছেন। দলে দলে গ্রামের লোক কাজে আসছে। কন্ট্যাক্টর ব'লে দিয়েছেন যে, পাঁচ পোয়া ক'রে চা'ল নিয়ে কাজ করতে থাক; এক সপ্তাহ, দেড় সপ্তাহ পরে, সরকারের কাছে বিল করব, সেই বিলের পেমেন্ট পেলে পর তোমাদের মজুরি দেব। এইরকম শুধু খোরাকীর উপর নির্ভর ক'রে লোক তার পরিবার-পরিজনকে বাঁচাবার ব্যবস্থা করতে পারছে না। তারা রিক্ত হাতে—উইদাউট এনি পেমেন্ট—নিজেদের গ্রামে ফিরে গেছে। এই তো বাস্তব চেহারা। কোন জায়গায় এখনও পর্যন্ত কাজের কোন ব্যবস্থা নাই।

দ্বিতীয়তঃ, গতবারে ধানচা'লের যা দাম ছিল তার তুলনায় আমি কালকের বাজার দরের কথা বলছি। গতবারে এসময় যে পরিমাণ ছিল, এবার ধানচা'লের দাম তার চেয়ে অনেক বেশি। গতবার ১৪ টাকা মণ ছিল, এবার সেখানে ১৭-১৮ টাকা মণপ্রতি দর দাঁড়িয়েছে। তা সত্ত্বেও ধান যখন উঠল, তখন এ'দের কিরকম ব্যবস্থা, তা দেখুন। ও'রা জানেন, দেশের অবস্থা খারাপ, এবার ভাল ফসল হয় নি, কিন্তু কৃষক যেই উৎপাদন করল অমনি খাজনা, দেনা, ট্যাক্স আদায় করবার জন্য সার্টিফিকেট জারী করতে লাগলেন। এমন ঘটনাও হয়েছে যে, সারাদিন ধ'রে এনে কাছি দিয়ে রেখে বলা হয়েছে, "তুই দিতে পারবি কিনা; যেখান থেকে পারিস এনে দে, তোকে দিতেই হবে"। আমি কয়েকটা ঘটনা জানি সন্দেশখালি, হাড়োয়া অঞ্চলে যে, ধ'রে এনে বেঁধে রেখে বলা হয়েছে—"খাজনা, ট্যাক্স, ঋণ শোধ ক'রে দিয়ে তবে উঠে যেতে হবে"। কি করবে? গরুবাছুর বিক্রি ক'রে, ধান যা ছিল ১০ টাকা মণে বিক্রি ক'রে, দেনা খাজনা চুকিয়ে দিয়ে আজ সে রিক্তহস্তে এসে চা'ল কিনছে ১৭ টাকা ১৮ টাকায়। এই সেখানকার অবস্থা, এই সেখানকার চিত্র, তাদের ব্যবস্থা নাই।

[2-40—2-50 p.m.]

তিনি যে চিত্র এঁকেছেন—আমাদের দেশের সাধারণ মানুষের খাদ্যের অবস্থা ভাল, অভাবগ্রস্ত লোক কাজ পাচ্ছে ইত্যাদি। সেখানে আমি শুধু এই কথাই বলব, আপনাদের যে একমাত্র ডিপার্টমেন্ট আছে, যে জায়গায় কাজ দেবার বন্দোবস্ত আছে, সেখানে ১৫-২০ দিন লোকে কাজ ক'রে পাঁচ সিকা দিয়ে ব্যয় চালিয়েছে, আবার কোথাও পেমেন্ট না পেয়ে কাজ ছেড়ে চ'লে যাচ্ছে। এই অবস্থাকে যদি কাজ দেওয়া হয়েছে বলা হয়, তা হ'লে নিশ্চয়ই বলব, কাজ দেওয়া হচ্ছে এবং দেশের লোকের সুবিধা হচ্ছে। তারা কাজ পাচ্ছে বলা যায়।

তৃতীয়তঃ, ও'রা বলেছেন সাধারণত গ্রামাঞ্চলে ধান ভানার ব্যবস্থা করেছেন, মাদুর বোনার ব্যবস্থা করেছেন, কিন্তু আমি নিজে জানি, হাড়োয়ায় ধান ভানার যে ব্যবস্থা হয়েছে তাতে ২৫-৩০ জন লোকের বেশি কাজ পায় না। বাংলাদেশে পর্যাপ্ত পরিমাণ ধান ভানার ব্যবস্থা

করলে দেশের গ্রামাঞ্চলে যেসব বিধবা আছে, যারা ধান ভানার উপর নির্ভরশীল, তারা কাজ পেতে পারে। কিন্তু সুন্দরবন অঞ্চলে সন্দেশখালি থানায় ৬-৭টা ধান ভানার কল বা মেশিন বসানো হয়েছে। এর ফলে এই হয়েছে—এক-একটা অঞ্চলে মেশিন বসানোর ফলে সেই অঞ্চলের দু'-চারটি ইউনিয়নের সাধারণ বিধবাদের সমস্ত কাজ বন্ধ হয়ে গিয়েছে। তাদের ধান ভানার কাজ কেড়ে নিয়েছেন, তাদের আজকে বাঁচবার ব্যবস্থা নেই। এটা আমি নিজে প্রত্যক্ষভাবে দেখে এসেছি। এমন কোথাও নেই যে, ক্ষেতমজুর, ভাগচাষী, বিধবার বাড়িতে অনশন শুরু না হয়েছে। আপনারা যে কাজের কথা বলেছেন, সেটা অবাস্তব কথা। আমি চ্যালেঞ্জ ক'রে বলতে পারি যে, সাধারণ মানুষের কাজের ব্যবস্থা নেই। এইরকম একটা অবাস্তব, অসত্য তথ্য পরিবেশন ক'রে যদি আপনারা দেশের লোককে এর প্রতিকারের ব্যবস্থা করেছেন বুঝাতে চান, তা হ'লে তা পারবেন না।

আর একটা কথা আমি এখানে বলতে চাই যে, সুন্দরবন অঞ্চলে যে প্রোডাকশনএর কথা তিনি বলেছেন, তাতে আমি জানি, হিলনগঞ্জ ও হাসনাবাদের বর্ডারএ এবং সমস্ত বর্ডার লাইনএ —এর এপারে ১৮ টাকা মণ, অন্য পারে ৩০ টাকা মণ। ওপারে দাম বেশি ব'লে সমস্ত পাচার হয়ে পাকিস্তানে চ'লে যাচ্ছে। এইসমস্ত জায়গায় চোরাকারবারী মজুতদারদের বিশেষ ক'রে একটা মেশিনারি আছে। এদের সঙ্গে ওদের সহযোগিতা আছে, এইজন্য ব্যাপকভাবে এখান থেকে সব ধানচা'ল পাচার হয়ে যাচ্ছে। দেশে সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা নেই। যার ফলে এত দাম দিয়ে কিনে খেতে পারছে না এবং তারা যে কাজ পাচ্ছে, তাতেও তাদের চলছে না। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে, যে টেস্ট রিলিফএর কথা এখানে বলা হয়েছে এবং সুন্দরবন অঞ্চলে সেই টেস্ট রিলিফএর যে কিরকম ব্যবস্থা করা হয়েছে, তা নিয়ে কথা কাটাকাটি ক'রে লাভ নেই—সরকারী টাকা নিয়ে কিভাবে ছিনিমিনি খেলা হচ্ছে, সে তথ্য আজকের দিনে উড়িয়ে দিয়ে লাভ নেই। আবাদী অঞ্চলে বাধ বন্দী হয় বা মেরামত হয়। আমি নিজে যেয়ে দেখেছি, সকালবেলায় মাটি কাটা হচ্ছে এবং মাটি কাটা হচ্ছে কোথা থেকে? নদীর যে কিনারা সেখান থেকে মাটি কাটা হচ্ছে। ফলে হচ্ছে, যখন জোয়ারের সময় জল আসে, তখন সেটা ভরাট হয়ে যায় এবং তার মাপ ঠিকমত নেওয়া যায় না। তারা যে মাপ বলে সেইভাবে তাদের পেমেন্ট করা হয়। উঁচু জায়গা থেকে মাটি কাটলে মাটির মাপ ধরা যাবে, সেইজন্য সেখান থেকে কাটা হয় না। এই কাজ দেবার নামে কতকগুলি বিশেষ বিশেষ লোক এ অঞ্চলের, যারা মাসে ৩০ টাকা অর্জন করে, তাদের পাকাবাড়ি হয়ে গিয়েছে। আমি চ্যালেঞ্জ করছি, আপনি যদি তদন্ত করেন তা হ'লে দেখতে পাবেন। আমাব কাছে লিস্ট আছে। আমি একটা একটা ক'রে এই লিস্ট পরিবেশন ক'রে দেখাতে পারি যে, কিভাবে টাকা অপচয় হচ্ছে। তারপর ক্যানিং থানায় চোরাকারবারের ১০০ মণ ধান ধরা হ'ল এবং থানায় জমা দেওয়া হ'ল। এই থানা হচ্ছে সীতারামের কাছারীঘর। তার ধানকল আছে। এই রিলিফএর ধান রাতারাতি পার হয়ে গেল সেই ধানকলে। আপনারা সত্যিই যদি জনসাধারণের সহযোগিতা নেন তা হ'লে ভাল কাজ হ'তে পারে। আমি সুন্দরবন অঞ্চলের এবং ২৪-পরগনার হিসাব দিয়ে দেখাতে পারি যে, কত লোককে টেস্ট রিলিফএর কাজ দেওয়া হয়েছে। আমি চ্যালেঞ্জ ক'রে বলতে পারি যে, যদি বেসরকারী তদন্ত কমিটি ক'রে তদন্ত করা যায়, তা হ'লে দেখবেন যে, সুন্দরবন অঞ্চলে শতকরা ৮০ ভাগ মজুর উপবাস করতে আরম্ভ করেছে। কাজেই দুর্ভিক্ষ আছে এই আসল ঘটনা স্বীকার ক'রে নিয়ে তার ব্যবস্থা করতে হবে। বিধবাদের কাজ দেবার ব্যবস্থা করতে হবে যাতে তারা বাঁচতে পারে। সেখানে মজুর ও সাধারণ চাষী কাজ পাচ্ছে না, তাদের কাজের ব্যবস্থা করতে হবে। আপনাদের স্কীমএ ১০-১৫ মাইল দূর থেকে হেঁটে হেঁটে এসে কাজ করছে, কিন্তু ১০-১৫ দিন পরে তারা শুধু পাঁচ সিকা পায়, তার ফলে কাজ ছেড়ে দিয়ে চ'লে যেতে বাধ্য হয়। এবং কন্ট্রাক্টররা সেই পয়সা মারছে। এইসমস্ত দুর্নীতি বন্ধ করতে হবে। গ্রাম অঞ্চলে জমি থেকে চাষী উচ্ছেদ হয়ে যাচ্ছে। কৃষক যে জমি চাষ করছে তার উৎপাদন অনেক ক'মে গিয়েছে। আমি বলছি না যে, তাদের রিলিফ দিয়ে বাঁচাতে হবে, তাদের কাজ দিয়ে বাঁচাতে হবে। একথা অস্বীকার ক'রে লাভ নেই যে, দেশের অবস্থা খারাপ হয়েছে। দেশে দুর্ভিক্ষ হয়েছে। তাই এদের বাঁচাতে হ'লে সরকারকে সাধারণ মানুষকে খাদ্য দিতে হবে, রিলিফএর ব্যবস্থা করতে হবে এবং কৃষিঋণ দেবার ব্যবস্থা করতে হবে। তা যদি না করেন, তা হ'লে দেশের মানুষের কাছে নিশ্চয়ই তার জবাব দিতে হবে।

[2-50—3 p.m.]

Sj. Narendra Nath Ghosh:

মিঃ স্পীকার, স্যার, আরামবাগ অঞ্চলের অবস্থা কি তা আমাদের মন্ত্রিমহাশয় "রিলিফ অব ডিসট্রেস ইন ওয়েস্ট বেঙ্গল" ব'লে যে পুস্তক বিতরণ করেছেন তাতেই দেখতে পাচ্ছি। এতে আমরা দেখতে পাচ্ছি যে, সমগ্র আরামবাগ মহকুমায় ৪১২ স্কোয়ার মাইল এবং ৩ লক্ষ ৩৩ হাজার লোক এতে অ্যাফেক্টেড হয়েছে। ও'র রিপোর্টএ উনি বলেছেন—

"A unionwise survey of crop position in the subdivision recently made by local officers revealed that about 40 per cent. of aman areas in the subdivision could not be cultivated and that the worst-affected areas in the subdivision were the western portion of Goghat police-station, the entire Pursurah police-station and eastern portion of Khanakul police-station and some portions of Arambagh police-station both in the north and south. As the drought considerably delayed agricultural operations in the district there was evidence of distress and Government had to undertake various relief measures."

অবশ্য ও'র রিপোর্টএ বলেছেন যে, ৪০ পার্সেন্ট আবাদ করতে পারা যায় নি, কিন্তু আমাদের বাস্তব অভিজ্ঞতায় আমরা দেখতে পাচ্ছি যে, শতকরা ৫০ ভাগ জমি প'ড়ে আছে এবং যে ৫০ ভাগ জমি আবাদ করা হয়েছে সেই ৫০ ভাগের শতকরা ৬০ ভাগের বেশি জমিতে অ্যাভারেজে ফসল হয় নি। কাজেই সেখানে অবস্থা কি দুঃসহ, কি দুর্বিসহ হয়েছে, তা মিঃ স্পীকার, স্যার, আপনি বুঝতে পাচ্ছেন। অবশ্য মন্ত্রিমহাশয় আমাদের আশ্বাস দিয়েছেন—

"Test relief will have to be continued in Arambagh subdivision."

ভাল কথা, উনি এখানে স্বীকার করছেন যে, আরামবাগে দুরবস্থা আছে, টেস্ট রিলিফএর কাজ করতে হবে—এর জন্য সত্যই আমি ও'কে ধন্যবাদ দিচ্ছি। তবে তার সঙ্গে সঙ্গে একথা বলব যে, টেস্ট রিলিফএর কাজ করবার সঙ্গে কতকগুলি নীতি ও'কে ঠিক ক'রে নিতে হবে যে, কিভাবে টেস্ট রিলিফএর কাজ করলে পর সত্যিকারের সেখানকার দুর্দশাগ্রস্ত জনসাধারণের সুবিধা হবে। আমার পূর্বে অনেক বক্তাই ব'লে গেছেন যে, টেস্ট রিলিফএ দুর্নীতি অনেক আছে। অবশ্য উনিও সেটা অস্বীকার করেন নি, উনি স্বীকার করেছেন যে, হয়ত কিছু কিছু লোকের মধ্যে দুর্নীতি আছে, কিন্তু আমি মন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে জানাতে চাই যে, কিছু কিছু ক্ষেত্রে নয়, আমরা দেখতে পাচ্ছি, বেশির ভাগ ক্ষেত্রেই দুর্নীতি আছে—সেগুলি সম্বন্ধে উনি যেন একটু সজাগ হন, সেইসমস্ত দুর্নীতি ধরার জন্য উনি যেন একটু সচেষ্ট হন। আরামবাগ মহকুমায় এমন কয়েকটা কেস আছে আমি জানি যে, ওভারসিয়ার রিপোর্ট করলে যে এখানে কাজ কিছুই হয় নি, এস.ডি.ও, মহাশয় ইনকোয়ারি করলেন, ক'রে সংশ্লিষ্ট পে-মাস্টারকে—নাম করতে চাই না—এক হাজার টাকা কেন ফেরত দেওয়া হবে না, তার জন্য 'শো কজ' করলেন। কিন্তু কয়েকদিন পরে তাঁকে এ দ্বোরে ও দ্বোরে ; আনাচে কানাচে ঘুরতে দেখা গেল। তারপর "দ্রব্যং মূলেন শুধ্যতি" এই নীতি কার্যকরী হ'ল। মিঃ স্পীকার, স্যার, এইরকম আরও অনেক ঘটনা আছে। শুধু তাই নয়, শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে, এমন একটা ঘটনা আছে যে রাস্তার নামে টাকা খরচ হয়েছে অথচ সেই রাস্তার অস্তিত্ব নেই। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে কিছু কিছু তথ্য দেব। তিনি যদি সেগুলি অনুসন্ধান করেন, তা হ'লে সত্যই আমরা বাধিত হব। তবে কথা হচ্ছে, তিনি যদি তাঁর বিভাগকে দিয়ে অনুসন্ধান করান, তা হ'লে ফল কিছুই হবে না, "বিড়ালকে মাছ বাচতে" দেওয়ার মত অবস্থা হবে। যদি তাঁর সত্যই দুর্নীতি দূর করার ইচ্ছা থাকে, তা হ'লে যেসমস্ত তথ্য তাঁর কাছে দেব এবং যেসমস্ত তথ্য তাঁর কাছে আছে, সেগুলি এনফোর্সমেন্ট ব্রাঞ্চকে দিয়ে যদি অনুসন্ধান করান, তা হ'লে বুঝতে পারবেন যে, সত্যই সেখানে কিরকম দুর্নীতি চলছে, কিসে কিসে দুর্নীতি হচ্ছে। প্রথমত, দেখা যায় যে, মাটির অনেক কমবেশি হিসাব দেখানো হয়, তাতে অনেক টাকা মারা যায়। তারপর ধান বা চাল দিয়ে কাজ করানো হয় না, যে কোন কারণেই হ'ক টাকা দিয়ে কাজ করাবার চেষ্টা করা হয়। কিন্তু কাগজেকলমে দেখানো হয় যে, ধান চাল দিয়ে কাজ করানো হচ্ছে। আরও আছে। স্থানীয় লোকেরা দুর্দশাগ্রস্ত হ'লেও তাদের বাদ দিয়ে

বেশির ভাগ বাঁকুড়া, মেদিনীপুরে যেসমস্ত সাঁওতাল আছে, তাদের নিয়ে কাজ করানো হয়। কারণ, অনেকেরই ধারণা এই যে, তারা বিশেষ কিছু বোঝে না, তারা প্রতিবাদ করতে পারবে না। সেইজন্য স্থানীয় লোক থাকলেও অনেক সময় বাইরের লোক দিয়ে কাজ করানো হয়। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি, তিনি যদি আগে থেকে টুর প্রোগ্রাম না পাঠিয়ে হঠাৎ সেখানে যান এবং দু'-একটা ওয়ার্কিং সেন্টার দেখেন, বিশেষ ক'রে দুপুরের দিকে যখন পেমেন্ট হয়, তা হ'লে তিনি বুঝতে পারবেন যে, লোকে সেখানে কিরকম কাজ করছে, কিভাবে সেখানে পেমেন্ট হচ্ছে এবং সেখানের কি অবস্থা। মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি অনুরোধ করব যে, তিনি প্রত্যেকটি ইউনিয়নে একটা ক'রে কমিটি করুন—সেখানে কংগ্রেসের মেজরিটি থাক, কিন্তু যদি অপোজিশনের অন্তত একজনকেও সেখানে রেখে সেখানকার কাজকর্ম তদারক করার কিছু ভার দেন, তা হ'লে আমার মনে হয় হয়ত কিছুটা কাজ হ'তে পারে।

আর একটা কথা আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে নিবেদন করতে চাই যে, টেস্ট রিলিফএর নিয়মকানুনগুলি বাংলায় প্রকাশ ক'রে ভালভাবে বিতরণের ব্যবস্থা করুন। আমাদের ওখানে টেস্ট রিলিফ চলবে, টেস্ট রিলিফ চলার সময় কি ধরনের সেখানে কাজ হবে, সেটা আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই। অবশ্য এর পূর্বে তাঁকে আমি চিঠি লিখে জানিয়েছিলাম, তাঁর সঙ্গে যখন কিছুদিন আগে এক সভায় উপস্থিত হওয়ার সুযোগ পেয়েছিলাম, তখন সেখানে তাঁকে এটা জানিয়েছিলাম। এখানে তাঁর কাছে আপনার মারফত আমি আবেদন বলুন, নিবেদন বলুন আর দাবিই বলুন, করব যে টেস্ট রিলিফএর মারফত যেসমস্ত রাস্তা হয়েছে সেগুলি সংস্কার করার চেষ্টা করুন, ক'রে টেস্ট রিলিফএর যে কাজ হবে, তাতে অন্তত আর নতুন রাস্তা না ক'রে মাঠে যেসমস্ত মজা পুকুর আছে সেগুলোকে সংস্কার করবার ব্যবস্থা করুন। অবশ্য তাঁর রিপোর্টএ দেখেছি যে, সমগ্র পশ্চিম বাংলায় ১৭৭টা পুকুর কাটা হয়েছে বা হচ্ছে। আরামবাগ সাবডিভিশনএ ৪টা পুকুর কাটা হচ্ছে, তার মধ্যে তিনটা প্রায় হয়ে গেছে, আর একটার কাজ আরম্ভ হয়েছে। আমি বলি, ৩-৪টা পুকুর কাটলেই হবে না, মাঠের মাঝে যেসমস্ত ছোটখাট পুকুর আছে, হাজামজা পুকুর আছে, সেগুলিকে তিনি যদি সংস্কার করেন, তা হ'লে বৃষ্টির অভাবে যে অনেক সময় চাষ হ'তে পাচ্ছে না, যার জন্য দেশে দুরবস্থা হচ্ছে এবং যার জন্য আপনারা টেস্ট রিলিফএর কাজ দিতে বাধ্য হচ্ছেন, সেটার সুবিধা হবে। ছোট ছোট পুকুরগুলি কাটলে পর তাতে সেচের ব্যবস্থা হবে এবং মাছেরও ব্যবস্থা হবে। অবশ্য কয়েকটা বড় বড় পুকুর কাটানো হচ্ছে আমরা দেখতে পাচ্ছি, কিন্তু বড় বড় পুকুর কাটানো সম্বন্ধে আমাদের একদিক দিয়ে আপত্তি আছে। তার কারণ অনেক সময় অনেকে জল্পনাকল্পনা করেন—সেখানে বহু মতাবলম্বী লোক আছে ব'লে মনে হয়—যে যারা সরকারের বা বিশেষ দলের অনুগ্রহভাজন ব্যক্তি তাদের বড় বড় পুকুরগুলো কাটানো হচ্ছে। সেজন্য বলি, তা না ক'রে মাঠের মধ্যে যেসমস্ত পুকুর আছে, যেগুলিতে এক হাজার, দেড় হাজার, দু হাজারের বেশি টাকা খরচ হবে না, সেইরকম পুকুর যদি অধিক সংখ্যক কাটানো হয়, তা হ'লে একদিক দিয়ে চাষের কাজের সুবিধা হবে, অন্য দিক দিয়ে স্থানীয় লোকেরা কাজ পাবে। আর একটা কথা আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে, আমাদের অঞ্চলে দেখতে পাচ্ছি কয়েকটি অনুগ্রহভাজন প্রেসিডেন্ট আছেন। সেখানে তাঁরা কি কাজ করেন এবং তাঁদের কর্মক্ষমতা কি তা অবশ্য আমি জানি না, কিন্তু একজনকে ৩-৪টা ইউনিয়নের কাজ দেওয়া হচ্ছে। অন্য ইউনিয়নে কি যোগ্য বা কর্মক্ষম লোক নেই, নাকি এর পেছনে আরও কিছু আছে যার জন্য কয়েকজন বিশেষ অনুগ্রহভাজন ব্যক্তি আছেন যাঁদের দিয়ে এইসমস্ত কাজ করার চেষ্টা করা হয়? সেদিক দিয়ে মাননীয় মন্ত্রিমহাশয় যেন একটু খোঁজখবর নেন—এই অনুরোধ আপনার মারফত তাঁকে জানাই।

আর একটা কথা। আরামবাগ মহকুমায় যখন অভাব চরম তখন লোকদের ক্রয়ক্ষমতা নেই—সেইজন্যই সেখানে টেস্ট রিলিফএর কাজ হচ্ছে। সুতরাং সেখানে টেস্ট রিলিফএর কাজ দেখবার জন্য অন্তত একজন স্পেশাল অফিসার দেওয়ার ব্যবস্থা করুন। সরকার বিভিন্ন দিকে লক্ষ লক্ষ টাকা খরচ করছেন। এখানে ঐ বিশেষ কাজের জন্য যদি একজন স্পেশাল অফিসার দেন তা হ'লে ভাল হয়। কারণ আরামবাগের এস,ডি,ও, বুড়ো মানুষ, তাঁর রিটায়ার করার সময় হয়ে এসেছে। আরামবাগের মাননীয় রাধাকৃষ্ণ পাল মহাশয় যতই বলুন না কেন রাস্তাঘাট স্বচ্ছল, কিছু কিছু রাস্তার কাঠামো হয়েছে—একথা ঠিক। কিন্তু এখনও অনেক জায়গা আছে

যেখানে অনেক কিছু করার বাকি আছে। কাজেই এই অবস্থায় ঐ বুড়ো মানুষকে দিয়ে এত কাজ করানো সম্ভব নয়। তিনি সব জিনিসও দেখে উঠতে পারেন না। সুতরাং সেখানে যদি স্পেশাল অফিসার দেন এবং তিনি যদি ওখানকার কাজকর্ম দেখেন ও যেসমস্ত দুর্নীতি চলছে তার বিরুদ্ধে অভিযান শুরু করেন, তা হ'লে আমার মনে হয়, সত্যিকারের কিছু কাজ হ'তে পারে। তা না হ'লে যতই টাকার অংক বাড়ান না কেন সত্যিকারের অভাব মোচনের দিক দিয়ে কিছুই হবে না—এটা আমার ধারণা। আমি পুনরায় আপনার মাধ্যমে যে কয়েকটা সাজেসশন দিলাম সেগুলো সম্বন্ধে তাঁকে বিশেষ ভাবে বিবেচনা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

[3—3-10 p.m.]

Sj. Raipada Das: Mr. Speaker, Sir, Test Relief Department is corruption's paradise. The Ministry, the District Congress organisation, the District Board, through which relief operations are carried on, the supervisors, the pay-masters—are all of a piece and seem to have been working on a co-operative basis to loot the people's money. The whole show is so carefully manipulated that the areas which are Congress-ridden are mostly selected for relief work to the exclusion of those whose need is much greater and which, therefore, call for more and prior attention. The men who are employed in the relief operations are all men of the Congress brand with a catalogue of proved misdeeds to their credit. The result is that regular looting goes on under the very nose of the authorities that be who are themselves often involved in it. The story of the mysterious disappearance of Rs. 50,000 from the well-guarded iron-chest of the Malda District Board and of its mysterious re-appearance a couple of days after by the Vice-Chairman of the Board, led by a mysterious dream, dreamt overnight, must have been read by the honourable members of the House. And the fact remains that the self-same spot was searched and thoroughly both by the police and the D.B. staff during the three previous days. The whole matter was shamelessly hushed up, and no attempt, whatever, was made to bring the offender to book who stood well-nigh self-convicted. All this is about the distributing agents. Then about the supervisors and pay-masters. The less said about them, the better. Most of these men are unscrupulously dishonest and their dishonesty has been exposed and proved not once or twice but on many occasions. Still, whenever relief work is undertaken, these men invariably appear on the scene and get engaged in a regular campaign of corruption and misappropriation. Their activities go absolutely unchecked. For, their employers are as corrupt as themselves and are very often in collusion with them. A major part of relief money thus goes to fill the pockets of men, masquerading as Congressmen, and the minor portion that is actually spent on relief work is, as a rule, confined to areas dominated by Congress.

It is not my point that no relief work is at all done. What I mean to say is that a very large amount of the relief money is misappropriated with the deliberate connivance of the relief officers and that an invidious discrimination is made in selection of areas for relief. Wide-spread corruption is the bane of the present administration, and this one vice alone, if not checked and stopped with an iron hand, will bring about the down-fall of the Congress Government. It passes our understanding why Government is not serious enough to fight and eradicate this vice of corruption which is demoralising not only the whole administrative set-up but the people also. Is it too much to expect that sanity will yet return to our rulers, professedly committed to the establishment of a welfare State? Or, will this looting, taxing and policing continue till the people are driven to the desperate step—the only step left to them—of a bloody revolution to be directed not against an alien ruler but against a government run by a section of their own men?

Sj. Janardan Sahu:

মাননীয় স্পীকার মহাশয়, অন্নচিন্তা চমৎকারা! যেমন এই চিন্তা আসে সেই সময় আমাদের মাননীয় খাদ্যমন্ত্রীমহাশয় যদিও পুরুষ মানুষ, তখন তাঁকে বলতে হয়—অন্নহীনে অন্ন দে মা, অন্নদা, অন্নদায়িনী। তাঁর নিজের রিপোর্টএ আছে, গত বছর মধ্যবিত্ত ক্লাসকে তাদেরও অনভ্যস্ত নানাভাবে কাজ, যেমন মাটিকাটা কাজ ইত্যাদি করতে হয়েছে। এটা তিনি নিজেই স্বীকার করেছেন। ১৯৫৫ সালে ফসল না হওয়ার জন্য যে ক্ষতি হয়েছে তা সকলেই জানেন। বর্ষা-কালে অবস্থা ভয়াবহ। আমি নিজে গিয়ে খবর নিয়ে দেখলাম, পটাশপুর থানায় ছ'টি ইউনিয়নএ গত বছর ফসল হয় নি, এ বছরও হয় নি। প্রথমে দাঁতন থানার পাশে কতকগুলি ইউনিয়ন দেখেছি, সেখানেও হয় নি। এগরা থানাতেও হয় নি, কিন্তু সেখানকার অবস্থা অত্যন্ত শোচনীয়। প্রথম দিকে বৃষ্টি হ'ল না, শেষের দিকে ধানগাছ কিছু হ'ল, কিন্তু বন্যা হয়ে সমস্ত গেল। এমন কি টেস্ট রিলিফএর মাধ্যমে যে রাস্তা হয়েছিল তাও নষ্ট হ'ল। গত বছর টেস্ট রিলিফ হয়েছে, গভর্নমেন্ট অনেক লোককে রক্ষা করেছেন। এবছর চাইছি, যে টাকা ব্যয় করবেন যেন সেটা ভালভাবে দেওয়া হয়। তরুণকান্তিবাবুকেও বলেছি, কারণ পটাশপুরে একটা এন,ই,এস, ব্লকও আছে। তিনি যদি প্রফুল্লবাবুর সঙ্গে কাজ করেন তা হ'লে দুইজনের চেষ্টায় কাজ ভাল হবে। আমি তাই অনুরোধ করছি এই টেস্ট রিলিফএর কাজের মধ্যে কোন দুর্নীতি যেন না থাকে। ঋণ দেওয়া ব্যাপারে দেখেছি আইনে বলে একটা ঋণ থাকতে আবার আর একটা ঋণ? দু'-তিন বছর আগে ঋণ দেওয়া হয়েছে এখনও শোধ করতে পারে নি। ঋণ যদি না দেন তা হ'লে তারা ছেলেমেয়ে নিয়ে যাবে কোথায়? রিলিফ দিয়ে সেখানকার সকলকে অলস করুন, তা বলি না। কিন্তু তাদের বাঁচাতে বলি। আপনি এটা চিন্তা করুন। আমি নিজে গিয়ে দেখে এসেছি, আমাকে বিপন্ন কৃষকেরা জিজ্ঞাসা করেন—কি ক'রে আমরা বাঁচবো? তখন কি আমি বলতে পারি? দু' বছর যেখানে ধান হয় নি, জমিতে আগাছা জন্মেছে, সেই আগাছা নষ্ট করতে অনেক লোকের দরকার। আপনি দয়া করে একবার চলুন, দেখাব মাঠের অবস্থা কি। গত বছর ডি, এম, রিলিফএর ভাল ব্যবস্থা করেছিলেন, তা সত্ত্বেও অনেক জায়গায় বলব সময়মত দেওয়া হয় নি। বারবার ঝগড়া করতে হয়েছে যে, এরকম করবেন না। যদি রিলিফ দেন তা হ'লে যা দেবেন সেটা তাড়াতাড়ি দিন। এবছর যেন আবার ঐরকম না হয়। পুনঃপুনঃ ঝগড়া করব, আর আপনারা বলবেন বিবেচনা করব, এটা বাঞ্ছনীয় নয়।

[3-10—3-20 p.m.]

গত বছর আর একটা অসুবিধা হয়েছিল। যে টেস্ট রিলিফএর জন্য চা'ল ডাল প্রভৃতি বিতরণ করা হয়েছিল তার বহন খরচ মণপ্রতি আট আনা, দশ আনা যা দেবার কথা ছিল তা অনেক ক্ষেত্রে দেওয়া হয় নি। আমি আশা করি, মাননীয় মন্ত্রিমহাশয় এদিকে একটু নজর দেবেন। কারণ তারা অত্যন্ত গরিব লোক এবং এ বছর ফসলের বিশেষ ক্ষতি হওয়াতে তারা কোথাও কাজ পাবে কিনা, তাতে সন্দেহ আছে।

তারপর আর একটা ব্যাপার হয়েছে। এইসমস্ত গরিব লোকদের তাদের মজুত ধান চাল বিক্রয় ক'রে তাদের অন্যান্য বিশেষ প্রয়োজনীয় জিনিস, যেমন—তেল, নুন, চিনি, কাপড়চোপড় প্রভৃতি কিনতে হয়েছে। কিন্তু এইসমস্ত প্রয়োজনীয় জিনিসের দাম অতিরিক্ত বেড়ে যাওয়াতে তাদের খরচও বেশি বেড়েছে এবং ফলে তাদের প্রায় সমস্ত মজুত ধান বিক্রয় ক'রে দিতে হয়েছে। তাদের বর্তমান অবস্থা অত্যন্ত খারাপ, তারা তাদের প্রয়োজনীয় জিনিসপত্র খরিদ করতে পারছে না। সুতরাং এগুলির দিকে আমাদের জাতীয় সরকারের দেখা উচিত। অবশ্য এজন্য আমি ধানের দর বাড়াতে বা কমাতে বলছি না; আপনারা খালি তাদের দিকে দেখুন, তারা গরিব লোক তারা কি ক'রে বাঁচবে তার একটা ব্যবস্থা করুন। আমি একথাও বলি না যে, তারা রিলিফএর সুবিধা নিয়ে ব'সে ব'সে খাক। আমি চাই যে, রিলিফএর কাজটা ভালভাবে এমনভাবে করা হ'ক যেন তার মধ্যে কোন প্রকার দুর্নীতি না থাকে এবং তারা কাজ ক'রে খেয়েপ'রে বেঁচে থাকতে পারে। আমি বিশেষ ক'রে খাদ্যমন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি, তিনি যেন এদিকে দৃষ্টি দেন। দুর্নীতি হয়েছে, কিন্তু আর যাতে বেশি না হয় সেদিকে লক্ষ্য দিন, দেশকে আর দুর্নীতির ভিতর ডুবিয়ে দেবেন না।

গত বছর মেদিনীপুরের ম্যাজিস্ট্রেট আমায় বলেছিলেন, "দেখুন, টেস্ট রিলিফএর ব্যাপারে দেখলাম যে, ভাল লোকও সেখানে সুবিধা পেলে ছাড়ে না"। কাজেই এইরকম দুর্নীতি আর আমরা চাই না। আপনারা এই এনফোর্সমেন্ট ব্রাঞ্চএর দ্বারা কতগুলি লোককে অভিযুক্ত করেছেন? আমি শুনেছি যে, যেসমস্ত এনকোয়ারি অফিসার এনকোয়ারির জন্য সেখানে গিয়েছিলেন, তাঁরা জানিয়েছেন যে, যারা প্রকৃত দোষী তারা ধরা পড়ে না, তারা ফাঁক পেয়ে যায়।

তারপর আর একটা বিষয়। যাদের জন্য একবার ঋণের ব্যবস্থা করলেন অর্থাৎ যাদের ঋণ দিয়েছেন তাদের সেই ঋণ থাকতে আর যখন নূতন ঋণ দেবেন না তখন তাদের বাঁচবার একটা ব্যবস্থা করুন। বাঁকুড়া জেলার অবস্থা অত্যন্ত খারাপ শুনেছি। তা ছাড়া আমার এলাকায়—নারায়ণগড়, পটাশপুর—সেখানে আমি প্রত্যক্ষ দেখেছি সেখানকার লোকের অবস্থা অত্যন্ত খারাপ। তাদের বাঁচান—এই আমার শেষ অনুরোধ।

SJ. Dintaran Moni:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় ফেমিন খাতে যে ১ কোটি ২৫ লক্ষ ৬৮ হাজার টাকা ব্যয়বরাদ্দ করেছেন তার আমি সমর্থন করছি। উক্ত খাতে আরও বেশি টাকা বরাদ্দ করা দরকার ছিল ব'লে আমি মনে করি। তবে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় তাঁর প্রাথমিক ভাষণে গত বৎসরের ন্যায় আবশ্যক হ'লে আরও বেশি টাকা ব্যয় করবেন বলেছেন। তজ্জন্য আমি তাঁকে আমার আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

স্পীকার মহাশয়, এই ব্যয়টা দুর্ভিক্ষ খাতে না ব'লে সাহায্য বা ওয়েলফেয়ার খাতের ব্যয় বললে সঙ্গত হ'ত, কারণ দেশে আর দুর্ভিক্ষ নাই এবং যারা অন্ধ, খোঁড়া, অকর্মণ্য, বেকার প্রভৃতি, তাদের জন্যে এই ফান্ড ব্যয়িত হয়, প্রকৃত কোন দুর্ভিক্ষের জন্য নয়। সুতরাং দুর্ভিক্ষের যে সংজ্ঞা তা ধরলে দেশে আর প্রকৃত দুর্ভিক্ষ নাই বলতে হবে। এই দুর্ভিক্ষের নামে প্রকৃত যে টাকা ব্যয় করা হয়, তার অনেকাংশ দেশের গ্রাম্য রাস্তা, বাঁধ ইত্যাদিতে ব্যয়িত হয়ে দুঃস্থদের অন্নসংস্থান হয় এবং দেশেরও কাজ হয়। একেবারে দান করলে মানুষের প্রবৃত্তি নিম্নগামী হয়। সুতরাং তার পক্ষপাতী আমি নই। এইরূপভাবে কাজ দিলে বেকারত্ব দূর হয়, গৃহহারা গৃহ পায় এবং দেশেরও কাজ করা হয়। পূর্তমন্ত্রী মহাশয় আবশ্যকীয় অনেক বড় বড় রাস্তা দিচ্ছেন, কিন্তু তার সংযোগ এবং সর্বাঙ্গসুন্দর করছেন খাদ্যমন্ত্রী মহাশয় টেস্ট রিলিফএর মারফত রাস্তাগুলি দিয়ে। সেদিন শ্রদ্ধেয় বীরেন ব্যানার্জি মহাশয় বলেছেন—যদি ছোটখাট গ্রাম্য রাস্তাগুলির দিকে পূর্তমন্ত্রী মহাশয় দৃষ্টি না দেন তা হ'লে বড় বড় রাস্তার যোগাযোগ থাকে না। আমি বলি, এই টেস্ট রিলিফএর মারফত বহু গ্রাম্য রাস্তা প্রস্তুত হয়েছে, সুতরাং শ্রদ্ধেয় বীরেনবাবুর কথার সফলতা সাধন হয়েছে এবং হচ্ছে। বন্যাবিধ্বস্ত অঞ্চলে শুধু নয়, সরকার সর্বত্র ধান, চা'ল, কাপড়, প্যান্ট, কম্বল ইত্যাদি দিয়ে ঐ খাতে ২ কোটি ৯৯ লক্ষ ২৭ হাজার ৩ শত ৪৪ টাকা অর্থাৎ প্রায় ৩ কোটি টাকা ব্যয় করেছেন। আমার এলাকা জয়নগর থানায় আমি স্বয়ং দেখেছি বহু ছোট বড় রাস্তা রিলিফ ফান্ডএর টাকা থেকে প্রস্তুত হয়ে বহু উপকার সাধিত হয়েছে। এমন কি যাদের ডোঙ্গা ছাড়া বাড়ির বাহির হবার উপায় ছিল না আবহমান কাল ধ'রে, আজ তাদের বাড়ির কাছ থেকে রাস্তা গিয়েছে, তাদের নূতন জীবন লাভ হয়েছে। উদাহরণস্বরূপ বলছি—জয়নগর থানায় বেলে দুর্গানগর ইউনিয়নে ময়না-তারানগর রোডের গা দিয়ে গোডাবর গরাণকাঠীর সীমানার রাস্তায় যে নূতন রাস্তা টেস্ট রিলিফএ প্রস্তুত হয়ে সংযোগ সাধন করেছে তাতে মেয়ের চক, গরাণকাঠী, তারানগর প্রভৃতি গ্রামের অধিবাসিগণ নূতন জীবন লাভ করেছে। এইরকম বহু রাস্তা আছে। ঐ ময়না-তারানগর রোডটিতে সন ১৩৪২ সালে দুর্ভিক্ষের সময় প্রস্তুত হয়েছিল। উক্ত রাস্তাটি ঐ থানার পূর্ব হতে পশ্চিম প্রান্ত পর্যন্ত বিস্তৃত সুদীর্ঘ রাস্তা, সরকারী প্রকিওরমেন্টএর একটি প্রধানতম রাস্তা। এই রাস্তা দিয়ে প্রতিদিন হাজার হাজার লোক যাতায়াত ক'রে থাকে এবং এখানে পাঁচ-ছয়টি হাটবাজার আছে ও উহার আশেপাশে বহুতু, জয়নগর, দক্ষিণ বারাসত ইত্যাদি বিখ্যাত জায়গা আছে। তা ছাড়া ঐ রাস্তা দিয়ে প্রত্যহ বহু হাইস্কুলের ছাত্ররা যাতায়াত করে, গরুমহিষের গাড়ি, লরি, রিকশা চলে এবং ৮-১০টি পোস্ট অফিসের রানার-পিয়ন দৈনিক

Sir, in this item the major portions of the contributions are towards the Corporation of Calcutta and to other local bodies. The contributions to the Calcutta Corporation is Rs. 72,38,000. The grants to local bodies for dearness allowance and concession to their employees is Rs. 28 lakhs, an augmentation grant to the District Boards is Rs. 3 lakhs 70 thousand and there are minor grants made mainly to the local bodies which are covered under this head. The question has been raised by several of my friends opposite with regard to the postponement of the election to the Calcutta Corporation and I think it will be better if I acquaint the House with reasons for the postponement of the election. Sir, the position is that the Corporation of Calcutta came into being in 1952 as a result of the new Act which was passed by the House in 1951. The Calcutta Corporation did not begin to function properly until the end of 1953. As a matter of fact, the Municipal Service Commission, the Borough Committees and other Committees were not formed until the end of 1953. Tollygunge was included in the Calcutta Corporation. The elections to the Tollygunge Municipality took place in September, 1954. Moreover, we have got a committee to decide the question of adult franchise also which is functioning at present. But I should say that the main reason for postponing the election was the prevailing atmosphere in which it was not possible to have a free and unfettered election. The position was that after the States Reorganisation Commission the situation in the country became exceedingly excited as was evident from what happened in Bombay, what happened in Orissa. We

had several hartals and satyagraha. (Sj. BIBHUTI BHUSHON GHOSE: What happened in Bengal?) What happened in West Bengal was evident from what happened in this very House. (Dr. KANAILAL BHATTACHARYA: I think there is every chance of the Congress being defeated.) That is an interpretation which my friends are entitled to put.

[4-10—4-20 p.m.]

The main position is that so far as the Government is concerned it has to look to all sides of the picture before having election on such a wide basis as in the city of Calcutta and it was this reason that impelled the Government to decide to postpone the election. Of course, I know my friends can never be satisfied. They have got their own theories and very pet theories and they maintain them. So far as we are concerned we have explained what were the circumstances under which the Government after much deliberation came to the decision that the elections should not be held at present. It should be held next year. The delay in pronouncement was due to the fact that at first the Government did not desire that the election should be postponed for one year. It was of opinion that it may be postponed for six months only but then there were certain legal difficulties. We had to take legal opinion as to whether the election can be postponed for a shorter period, say about six or seven months. We were advised that, under the law as it stands, the election cannot be postponed for six or seven months; it has to be postponed for a year. Under those circumstances we did postpone it. There is nothing very much about it. As a matter of fact, the situation was such that it was necessary.

I do not think that there is any other matter to which I should refer at this stage. If my friends say something on other subjects I will deal with them.

[*Mr. Speaker: I take it that I have the leave of the House to take all the cut motions as moved.*]

Sj. Bankim Mukherji: Sir, I beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about not granting of any aid to the Hindu Satkar Samity.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the arbitrary delimitations of wards in Netyanandapur union in the district of Bankura.

Sir, I beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the administration of Howrah Municipality.

Dr. Krishna Chandra Satpathi: Sir, I beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

ডিস্ট্রিক্ট বোর্ড উঠাইয়া না দেওয়ায় জনসাধারণের অর্থের অপব্যয় হইতে দেওয়া অবাঞ্ছনীয়।

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

স্থানীয় স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানগুলিকে প্রয়োজনীয় অর্থ সাহায্য করিতে সরকার ব্যর্থ হইয়াছেন।

Sir, I beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about ইউনিয়ন বোর্ডের চৌকিদার, দফাদার ও কেরানীদের বেতন দিতে সরকার রাজী না হওয়ার জন্য অযোগ্যতার দোষে দোষী।

Sj. Provash Chandra Roy: Sir, I beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to give sufficient contribution to the District Board of 24-Parganas.

Sj. Madan Mohan Khan: Sir, I beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about necessity to give grant to Hindu Satkar Samity, Calcutta.

Sj. Madan Mohan Khan: Sir, I beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy.

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মালদহ জেলার গাজোল থানা, বামনগোলা থানা, হরিপুর থানা ও ওল্ড মালদহ থানায় এখন পর্যন্ত বৃটিশ আমলের পঞ্চায়েৎ প্রথা চালু রাখা হইয়াছে। ইহা বন্ধ করিয়া প্রাপ্তবয়স্ক ভোট দ্বারা নির্বাচিত প্রতিনিধি লইয়া ইউনিয়ন বোর্ড চালু করিতে সরকারের গাফিলতি।

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the need of immediately abolishing the District Boards as an unnecessary evil in the context of their present position or of reconstituting them on the basis of direct election and revitalising them with proper finance.

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure of Government to execute development plans, such as, sewerage scheme, quarters of officers and municipal workers, protection of river bank and embankment thereon at Chandannagore.

Sj. Jyoti Basu: Sir, I beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the postponement of the Calcutta Corporation election for a year.

Sir, I beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to ensure adult franchise in Local Self-Government institutions.

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সরকার সম্পূর্ণ অগণতান্ত্রিক ও স্বৈরাচারী কায়দায় ইউনিয়ন বোর্ড, মিউনিসিপ্যালিটি প্রভৃতি স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানগুলির কাজে হস্তক্ষেপ করিতেছেন। ইতিমধ্যেই পশ্চিম বাংলার অনেকগুলি মিউনিসিপ্যালিটি বাতিল করিয়া অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করিয়াছেন, ইউনিয়ন বোর্ড, মিউনিসিপ্যালিটি, জেলা বোর্ড প্রভৃতি স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলির মাধ্যমে নূতন নূতন ট্যাক্স ধার্য করিবার চেষ্টা পাইতেছেন। এইভাবে জনসাধারণের হাতে যে সামান্য গণতান্ত্রিক অধিকার আছে তাহার উপরও সরকার হস্তক্ষেপ করিতেছেন।

Sir, I also beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

মেদিনীপুর জেলা বোর্ড, কলিকাতা কর্পোরেশন প্রভৃতি স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলি নির্বাচন সম্পূর্ণ অন্যায়ভাবে পিছাইয়া দেওয়া হইতেছে। এবং স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠান-গুলির নির্বাচনে এখনও প্রাপ্তবয়স্কের ভোটাধিকারের ভিত্তিতে গোপন ব্যালট প্রথার প্রচলন করা হয় নাই। এ বিষয়ে সরকারী অক্ষমতা বিশেষ লক্ষ্যণীয়।

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

জেলা বোর্ড ও ইউনিয়ন বোর্ডের নির্বাচনে প্রাপ্ত বয়স্কের ভোটাধিকার এবং ব্যালট ভোট প্রবর্ত্তনে সরকারের লজ্জাজনক ব্যর্থতা।

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to introduce adult franchise in election of local bodies and corporations and municipalities.

Sj. Probodh Dutt: Sir, I beg to move that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head

"57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about introduction of adult franchise for the election in the municipality, union board, school board and district board.

Sj. Jyoti Basu:

স্পীকার মহাশয়, আমি এটা দুঃখের সঙ্গে দেখলাম যে মুখ্যমন্ত্রী যিনি কলিকাতার পৌরসভার নির্বাচন স্থগিত রেখেছেন, তিনি শ্রী জালানের উপর উত্তর দেবার ভারটা ছেড়ে দিয়ে এখান থেকে চলে গেছেন। তাঁর কাছ থেকেই আমি একটা উত্তর আশা করেছিলাম। যখন নাকি জেনারেল এ্যাডমিনিস্ট্রেসনএর আলোচনা হয় তখন তিনি দেন নি; পরে আপনি বললেন যে এটা শ্রীজালানের ডিপার্টমেন্ট, তিনিই পরে উত্তর দেবেন। তাই আজকে আমরা এটার আলোচনা করছি। অবশ্য আলোচনার খুব বেশী কিছু নেই, তবে আমি কৌতূহলী হয়েছিলাম, এটা শুনবার জন্য যে গভর্নমেন্টের তরফ থেকে এঁরা কি বলেন, কি কারণে এই নির্বাচন স্থগিত রাখা হল—তার কি কারণ। আমার মনে আছে, চীফ মিনিস্টার যখন দিল্লী থেকে ফিরে আসেন তখন তাঁকে জিজ্ঞাসা করা হয়েছিল, সাংবাদিকদের তরফ থেকে যে কলিকাতা পৌরসভার নির্বাচন স্থগিত হবে কিনা। তিনি তখন গর্বিতভাবে বলেছিলেন—আমি কখন নির্বাচন স্থগিত রাখব না, এবং উই স্যাল মিট এ চ্যালেঞ্জ'। শুধু তাই নয়, সেখানে একটা কমিটি পর্যন্ত হয়েছিল কংগ্রেসের তরফ থেকে—তাতে ডাঃ বিধানচন্দ্র রায়ও ছিলেন—এরা সমস্ত দিকে দিকে গিয়ে ক্যানডিডেট ঠিক করবেন কলিকাতা পৌরসভার নির্বাচনের জন্য। এসব আমরা দেখেছিলাম। উনি এখানে নাই, থাকলে অনায়াসে বলে দিতেন—'এ সর্বৈব মিথ্যা'। কাগজে যা লেখে এসব সত্য কথা নয়। আমরা দেখেছিলাম যে তাঁরা তৈয়ার হচ্ছিলেন। আমরা এও জানি যে কলিকাতার পৌরসভার এই নির্বাচন করবার জন্য যা যা ব্যবস্থা করা হয়—লোকজন নেওয়া হয়—এ সবও নাকি কিছু কিছু হয়েছিল। পরে সেই সব আবার ডিসব্যান্ড করে দিতে হয় সরকার যখন ঠিক করেন যে তাঁরা করবেন না। তাঁরা আগের দিনও স্থির করেছিলেন—এটাও আমরা জানি। উনি কতকগুলো বাজে কথা বলবার পরে—আমি তার মধ্যে যাচ্ছি না—যে ১৯৫৩ সালে প্রপারলি ফাংশন করেছে, তার আগে কি আনপ্রপারলি ফাংশন করেছে? আগে কি হয়েছে তা জানি না। তবে তারপরে বলেছেন টালিগঞ্জ এসেছে। তারপরে এ্যাডাল্ট ফ্রাঞ্চাইজ কমিটির কথা বলেছেন। তার সঙ্গে যে এর কি সম্পর্ক হল বুঝলাম না। আপনি কি গ্রহণ করেছেন সে সুপারিশ যে পরের বছর যখন নির্বাচন হবে তখন কলিকাতা কর্পোরেশনে এ্যাডাল্ট ফ্রাঞ্চাইজ হবে? সেটা পরিষ্কার বললে বুঝতাম। আমাদের বিরোধীদলের পক্ষ থেকে একটা নন-অফিসিয়াল প্রস্তাবে আমরা এ কথা বলেছিলাম যে এ্যাডাল্ট ফ্রাঞ্চাইজ বা প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকার থাক। তখন সরকার পক্ষ থেকে তার বিরোধীতা কোরে সেটা হারিয়ে দেন—একথাও আমাদের মনে আছে। তাই জানি না মন্ত্রী-মহাশয় কেন যে অসত্য কথা বললেন—তা তিনিই জানেন। আমরা জানি, সমস্ত দেশবাসী জানে, সমস্ত কলিকাতাবাসী জানে যে মেয়র ইত্যাদি সকলে মিলে কংগ্রেসের লোকেরা মন্ত্রী-মহাশয়কে ধরেছেন, ডাঃ বিধানচন্দ্র রায়কে ধরেছেন এবং বলেছেন যে এখন করলে কংগ্রেস হেরে যাবে। কাজেই এই অবস্থার মধ্যে করবেন না। তবে একটা ভাল কথা তিনি বলেছেন যে য়্যাটমোসফিয়ারটা এই এস, আর, সি,এর ব্যাপারে খারাপ হয়েছিল, সেই জন্য নির্বাচন স্থগিত রাখতে হয়। এটা একটা সাংঘাতিক কথা তিনি বলেছেন। য়্যাটমোসফিয়ার কি এতই খারাপ যে কলিকাতায় মানুষ যাতায়াত করছে না, থিয়েটার হচ্ছে না, সিনেমা হচ্ছে না, আমোদপ্রমোদ হচ্ছে না? আমরা ত কোন গোলমাল দেখছি না। আমরা দেখছি বাহিরে এত জেলায় যেখানে যেখানে পৌরসভার নির্বাচনের ব্যাপার ছিল বা নির্বাচন হচ্ছে সেখানে কোন জায়গায় কংগ্রেস প্রার্থী দাঁড় করাচ্ছে না, বা সাহস করছে না নিজেদের নামে ক্যান্ডিডেট দাঁড় করাতে। আপনি জানেন হাওড়া এলাকায় বালিতে কংগ্রেসের নিজের নামে যাঁদের দাঁড় করিয়েছিল তাঁরা পরাজিত হয়েছেন। চন্দননগর থেকে শুরু হয়েছে এই জিনিসটা এবং বারে বারে বিভিন্ন জায়গায় তাঁরা পরাজিত হচ্ছেন। আমরা জানি সেখানে গোলমাল হয় নি, এস, আর, সি,র ব্যাপার নিয়ে। কেবল সংযুক্তিকরণের বিরুদ্ধে মিটিং হচ্ছে—হাজার হাজার মানুষ তা করছে। আদালতে সত্যাগ্রহ শুরু হয়েছে। তার জন্য নির্বাচন কোথাও পোষ্টপন্ড হয়েছে তা জানি না। তাহলে বিশেষ করে কলিকাতায় যে কেন নির্বাচন হতে পারবে না তা বুঝতে পারি না। আমরা যারা

সংযুক্তিকরণের বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলেছি, যার জন্য সত্যাগ্রহ হচ্ছে, দেড় হাজার লোক জেলে গিয়েছে আমাদের ডাকে,—আমরা চেয়েছি যে নির্বাচন হউক। সেখানে নির্বাচন হলে উভয় পক্ষেরই সুবিধা হত। আমরা তাহলে কেন চেয়েছি যে সময়মত যে রকম আইন আছে, সেই রকম হয়ে যাক? কোন কারণ ছিল না এটা স্থগিত রাখার। কাজেই এটা সাংঘাতিক কথা যে কংগ্রেস পক্ষের অসুবিধা হলেই তাঁরা নির্বাচন স্থগিত রাখবেন। সেই জন্য আমার মনে হয় যদি বাংলাদেশের সরকারের হাতে নির্বাচনের ক্ষমতা থাকত তাহলে খেজুরীতে কি উপনির্বাচন হত, পার্লামেন্টারী উপনির্বাচন হত? তা যদি হতে পারে তাহলে কলিকাতায় সেটা স্থগিত রাখা হয় কেন? এই যে পার্লামেন্টারী উপনির্বাচন হচ্ছে এই উত্তর কলিকাতায় শ্রীজালান জানেন যে সেখানে ৭টা এসেমব্লির কনষ্টিটিউয়েন্সিতে প্রায় ৩।৪ লক্ষ ভোটার সেখানে হবে। অথচ কর্পোরেশনে কত ভোটার হবে যে সেখানে লোক গিয়ে ভোট দিতে পারবে না? কাজেই এখানে এটা পরিষ্কার হচ্ছে যে এটার কোন কারণ নেই। এটা শ্রী জালান নিশ্চয়ই নিজেও বুঝেছেন। ওঁর ত এখন বয়স হয়েছে, বার্ধক্য এসেছে, ভদ্রলোকের চুল পেকে গেছে, তাই মনে হয় এ বয়সে এভাবের অসত্য কথা বলা ঠিক নয়। তাঁর যদি সাহস থাকত, তিনি যদি উঠে বলতেন যে, কংগ্রেস হেরে যাবে বলে আজ কংগ্রেস নির্বাচন করছে না—এই সত্য কথা যদি বলতেন তাহলে বলতাম যে তাঁর সাহস আছে এবং একটা ভাল কথা বলেছেন। আমাদের কাছে অসহ্য বোধ হয় যে বাহিরে গিয়ে, অমৃতসরে গিয়ে ভগবান বুদ্ধের সম্বন্ধে প্রস্তাব রাখবেন, তারপর গান্ধীজীর ট্রুথ এ্যান্ড নন-ভাওলেন্সএর কথা শোনাবেন, ছেলেদের শেখাবেন গৌরাঙ্গের নৃত্য করতে হাত তুলে, আর এখানে এসে এই রকম অসত্য কথা সব বলবেন। সাহস নাই যে এখানে স্বীকার করেন যে নির্বাচনে হেরে যাব—এত চরম কাপুরুষতার লক্ষণ যে তার জন্য কর্পোরেশনের নির্বাচন স্থগিত করে দিলেন, ডেমোক্রাসি জাহান্নমে যাক কিন্তু এই তাঁরা স্থির করেছেন। তার উপর আবার সেখানে মড়ার উপর খাঁড়ার ঘা দিচ্ছেন, —একেবারে অসত্য কথা এখানে বলছেন। এমন যদি হত, এমন একটা রাওটাস সিচুয়েশন হত বা কমিউন্যাল রায়ট বা রেভলিউশনারী সিচুয়েশন হত যে কোন কাজ করা যাচ্ছে না, নির্বাচন কেন্দ্রে লোক যেতে পারবে না, তাহলে সে জিনিসটা বুঝতাম। কিন্তু কংগ্রেস হেরে যাবে বলে, রুলিং পার্টি হেরে যাবে বলে নির্বাচন স্থগিত রাখবেন এ জিনিস গণতন্ত্র কখন সহ্য করতে পারে না।

আমি আর একটা কথা এখানে বলব, এ ব্যাপারটার উত্তর আমি চাই না, উত্তর এর কিছু নেই। আর এখানে ওঁর মত একজন বৃদ্ধ লোকের কাছে অসত্য কথা শুনতে চাই না—আমার বড় খারাপ লাগে। আমি আর একটা কথা খুলে বলে দিই। সেটা হচ্ছে এই—একটা কেস আমার কাছে আসে—শ্রীহরিপদ মৈত্র, সুপারিন্টেন্ডেন্ট, ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাইবুন্যাল। তিনি নাকি অনেকগুলো এই রকম ট্রাইবিউন্যালে যে সমস্ত টাকা প্রাপ্য হয়েছে—বিভিন্ন গরীব লোকের, তা থেকে তারা সুদ পায়, সেই সুদগুলো দিচ্ছেন না। অনেক নাম আছে এবং এ বিষয়ে কড়া মন্তব্যও আছে। তবে আমি এটা নিজে দেখতে পারি নি; সেই জন্য বলব আপনাকে আমি কাগজপত্র দিয়ে দেব, আপনি নোট কোরে রাখবেন, পরে জবাব দিতে পারেন, এখন হয়ত পারবেন না। এর মধ্যে অনেক বিধবা গরীব লোক ৩ বছর, ৪ বছর, ৬ বছর ধরে টাকা পাচ্ছে না। সেই জন্য আমি বলছি যে আমি উত্তর কিছু চাই না; কারণ উত্তর যা হবে তা দিবালোকের মত পরিষ্কার, সমস্ত কলিকাতাবাসীর কাছে পরিষ্কার। এঁরা গণতন্ত্রের বিন্দু-মাত্র তোয়াক্কা রাখেন না। যখন খুসী গণতন্ত্রের কথা বলেন, আর যখন অসুবিধা হয় তখন কলিকাতা কর্পোরেশনের নির্বাচনের মত জিনিসকে স্থগিত করে দেন এবং অসত্য কথা বোলে স্থগিত করে দেন। এর চেয়ে বড় কন্ডেমনেসন গভর্নমেন্টের আর কিছুই হতে পারে না।

[4-20—4-30 p.m.]

Dr. Kanailal Bhattacharjya:

মাননীয় স্পীকার মহাশয়, জ্যোতিবাবু আপনার সামনে ক্যালকাটা কর্পোরেশন সম্বন্ধে বলেছেন। আমি হাওড়া মিউনিসিপ্যালিটি এবং আরও ২।৪টি মিউনিসিপ্যালিটি সম্বন্ধে ২।৪টি কথা বলছি। প্রথম কথা হচ্ছে—প্রায় দুই বৎসর হতে চলল সরকার হাওড়া মিউনিসি-প্যালিটিকে সুপারসিড করেছেন এবং সুপারসেসন করার সময় বলেছিলেন যে দুই বৎসরের

জন্য করা হচ্ছে। দুই বৎসর পূর্ণ হতে চলল আগামী ২০শে এপ্রিলে কিন্তু নির্বাচনের কোন বন্দোবস্ত করা হয় নি। শুনছি নাকি আসছে বছরও কোন ইলেকশন হবে না—এটাকে পিছিয়ে দেওয়া হবে। আমি মন্ত্রীমহাশয়কে এ সম্বন্ধে ২।৪টি কথা বলছি। হাওড়া মিউনিসিপ্যালিটিকে সুপারসিড করার পরে সরকারের যে দায়িত্ব ছিল সেই দায়িত্ব হাওড়াবাসীর প্রতি তারা পুরোপুরি পালন করতে পারেন নি। প্রথম কথা হচ্ছে—তারা যেভাবে ৩।৪।৫ মাস অন্তর হাওড়া মিউনিসিপ্যালিটির এ্যাডমিনিষ্ট্রেটর—যিনি নাকি ৩০ জন কমিশনারকে রিপ্রেজেন্ট করেন—তাকে যেভাবে পরিবর্তন করা হচ্ছে, তাতে মনে হয়, সরকার যে দায়িত্ব নিয়ে, গুরুত্বপূর্ণ মনোভাব নিয়ে হাওড়া মিউনিসিপ্যালিটিকে সুপারসিড করেছিলেন, তার পরিচালন ব্যবস্থা ভাল করবেন বলে—সে দিকে দৃষ্টি দেন নি। এর ফলে হাওড়াবাসীর নানা অসুবিধার সৃষ্টি হয়েছে। বার বার এ্যাডমিনিষ্ট্রেটরকে বদলী করার জন্য হাওড়া মিউনিসিপ্যালিটি পরিচালন ব্যাপারটা অত্যন্ত অব্যবস্থার মধ্যে পড়েছে। প্রথমে ত্রিবেদী ছিলেন। সত্যই তখন হাওড়া মিউনিসিপ্যালিটি য়্যাডমিনিষ্ট্রেশনএর বা শাসন ব্যবস্থার কিছুটা উন্নতি হয়েছিল। হাওড়াবাসী সত্যই তাকে স্মরণ করবে কিন্তু তারপর হঠাৎ তাকে বদলী করে দেওয়া হল—অবশ্য তিনি মারা গিয়েছেন। তারপর শ্রদ্ধেয় এ, বি, চ্যাটার্জী আসেন—কয়েক মাস করার পর তিনি চলে গেলেন; অশোক মিত্র এলেন—তিনি কিছুদিন ভালভাবে কাজ চালালেন—তিনি যখন কাজটা কিছু বুঝে নিলেন, তখন তাকে বদলী করে দেওয়া হল। আবার এসেছেন এইচ, এন, রায়। এতে কাজের অসুবিধা হচ্ছে এবং অফিসারদের রাজত্ব হচ্ছে। এছাড়া বহু রকম অসুবিধা হাওড়াবাসীর পেতে হচ্ছে। আমি বিশেষ করে ২।৪টা অসুবিধার কথা বলব। এখানে মেইনলী কনজারভেন্সী এ্যান্ড ক্লিনিং সার্ভিসেসএর কথা বলছি—যার জন্য হাওড়ার হেল্‌থ এ্যান্ড কনজারভেন্সী সার্ভিসেস যথেষ্ট ডেটেরিওয়েট করেছে। এখানে যদি হাওড়ার প্রতি দৃষ্টি দেন তাহলে দেখবেন—কর্মশনাররা যেভাবে শাসন-ব্যবস্থা পরিচালনা করেছিল এখন তার চেয়ে যথেষ্ট অবনতি হয়েছে। ওপেন ড্রেনস যেসমস্ত আছে, সেই সমস্ত ওপেন ড্রেনস ক্লিন হয় না—যার ফলে এ বৎসর হাওড়ায় যেরকম মশা হয়েছে, সেই রকম গত ২০ বৎসরে দেখা যায় নি।

[Laughter.]

জালান সাহেব হাসতে পারেন। আমি বলতে পারি—তিনি যদি কোন দিন সন্ধ্যার পর ১৫ মিনিট বসে থাকতে পারেন তাহলে বুঝা যেত—আমরা মিথ্যা কথা বলি বা আপনার সহ্য শক্তি আছে। এটা কেন হয়েছে তাহলে জালান সাহেব বুঝতে পারবেন। তার কারণ, মিউনিসিপ্যাল কমিশনাররা যখন ছিল, তারা তাদের ওয়ার্ডএ কিছু দিন পর পর ব্লিচিং পাউডার, এ্যান্টি-সেপটিক অয়েল ছড়িয়ে দিতেন। এখন এই সমস্ত ওয়ার্ডএ কনজারভেন্সী অফিসার যারা এসেছেন তারা সেদিকে কর্ণপাত করেন না। যে সমস্ত ব্লিচিং পাউডার পায় সে সমস্ত বাজারে বিক্রয় করা হয়। একজন এ্যাডমিনিষ্ট্রেটরএর পক্ষে সব দেখা সম্ভবপর নয়। তাছাড়া একজন এ্যাডমিনিষ্ট্রেটরএর কাজ বুঝতে বুঝতেই ছয় মাস কেটে যায়। তাই আমি জালান সাহেবকে অনুরোধ করব যত শীঘ্র সম্ভব ইলেকশন করবার ব্যবস্থা করুন। কমিশনাররা অনেক ভাল কাজ করবেন।

আর দ্বিতীয় প্রশ্ন হচ্ছে আরও গুরুতর। জালান সাহেবকে এ দিকেও দৃষ্টি দিতে অনুরোধ করছি। মাননীয় স্পীকার মহাশয় জানেন—এই কাউন্সিলএ ও বিধান পরিষদে দ্বিতীয় বার্ষিক নির্বাচন মে মাসে হবে। লোক্যাল বডিস একটা কনষ্টিটিউয়েন্সী আছে—হাওড়া মহকুমার কনষ্টিটিউয়েন্সী সেপারেট। সেখানে যিনি সিটিং এম, এল, সি, আছেন—শ্রীযুক্ত প্রফুল্ল সেন—তিনি এবার রিটায়ার করছেন। তার নির্বাচনী আসছে। কিন্তু দুঃখের বিষয় হুগলী ও হাওড়ার এই কটা নির্বাচন হয়ে গেল—যাতে বামপন্থী দল বিপুলভাবে জিতেছে—কিন্তু আজ পর্যন্ত সেগুলি গেজেট হয় নি, যার ফলে এরা ভোটার হতে পাচ্ছে না এবং পুরান কংগ্রেসী যারা আছে তারাই ভোটার থাকেন—যাতে মন্ত্রীমহাশয় বিনা বাধায় পার হয়ে যেতে পারেন, সেই বন্দোবস্ত হচ্ছে বলে আমরা সন্দেহ করি। সেজন্য জালান সাহেবকে অনুরোধ করব—ইমিডিয়েটলী গেজেট করুন। ৩১শে মার্চ ভোটার হবার লাষ্ট ডেট

—আজ ২০শে মার্চ। বালি মিউনিসিপ্যালিটির নির্বাচন হয়েছে ২৬শে ফেব্রুয়ারী; হুগলী-চুঁচুড়া মিউনিসিপ্যালিটির নির্বাচন হয়েছে, বৈদ্যবাটীর নির্বাচন হয়েছে ২৬শে মার্চ। এই সমস্ত নির্বাচিত কমিশনাররা যাতে ভোটার হতে পারে তার ব্যবস্থা যদি না করেন তাহলে বলব যে গণতন্ত্রের উপর অত্যন্ত জুলুম করা হচ্ছে। তাই আমি জালান সাহেবকে বলব—যেসমস্ত জায়গায় নির্বাচন হয়ে গেছে সেসমস্তগুলি ইমিডিয়েটলী গেজেট করে দিন—যার ফলে যারা নূতন ভোটার হবে তারা তাদের ফ্রানচাইজ এক্সারসাইজ করবার সুযোগ পাবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Jnanendra Kumar Chaudhury:

মিঃ স্পীকার, স্যার, আমাদের পশ্চিমবঙ্গে ১৪টি জেলা বোর্ড এবং ৮২টি মিউনিসিপ্যালিটি আছে, তাদের সকলেরই রাস্তার অবস্থা অত্যন্ত শোচনীয়। সুতরাং সরকার থেকে যদি উপযুক্ত টাকা না দেওয়া হয় তাহলে এই মিউনিসিপ্যালিটিও জেলা বোর্ডের রাস্তা সরকার নিজে নিয়ে নিন—এইটাই আমি প্রথমে সরকারকে বলছি। তারপর তাদের এলাকার মধ্যে যে সেলস ট্যাক্স, এ্যামিউজমেন্ট ট্যাক্স, মটর ভেইকলস ট্যাক্স, ইলেকট্রিসিটী ট্যাক্স আদায় হয় সেটা তাদেরই পাওয়া উচিত। এই সম্বন্ধে সরকারের বিহিত ব্যবস্থা করা উচিত। জেলা বোর্ডের শিক্ষা বিভাগ, স্বাস্থ্য বিভাগ, সবই উঠে গেল, কাজেই এই জেলা বোর্ড রাখবার আর প্রয়োজন নেই। তারপর যখন পঞ্চায়েত বিল পাশ হবে তখন পঞ্চায়েত হয়ে যাবে। অনর্থক এই হোয়াইট এলিফেন্ট রাখবার দরকার হবে না। আমাদের দেশের প্রাপ্ত-বয়স্ক লোকের জেলা বোর্ডের নির্বাচনে ভোটের অধিকার থাকে এবং ব্যালটএ সদস্য নির্বাচন হয়, তার ব্যবস্থা করা উচিত। মেদিনীপুর জেলার নির্বাচন আজ তিন বৎসর ওভার ডিউ হয়েছে, আজ মন্ত্রী মহাশয় বলবেন যে, এই জেলা বোর্ডের নির্বাচন কেন হয় নি। আমরা দেখেছি যে, বাঁকুড়া জেলা বোর্ডের নির্বাচন হয়ে গেল। সুতরাং মেদিনীপুর জেলা বোর্ডের নির্বাচন তিন বৎসর ওভারডিউ হবার কোন কারণ নেই।

[4-30—4-40 p.m.]

তারপর আর একটা কথা বলবো—মেদিনীপুর মিউনিসিপ্যালিটি ১৯২৩ সালে পানীয় জল সরবরাহের জন্য ওয়াটার ওয়ার্কসের জন্য ১ লক্ষ ৬০ হাজার টাকা ধার করেছিল সরকারের কাছ থেকে। এখন সরকার তাদের কাছে দাবী করছেন ৬০ হাজার টাকা। এই মেদিনীপুর শহরে পানীয় জলের অত্যন্ত অভাব—যে একটা ওয়াটার ওয়ার্কস আছে তা থেকে লোকে প্রয়োজনমত জল পায় না। সেখানে এখন দুর্দান্ত গরম। মেদিনীপুর জেলা ডেভেলপমেন্ট বোর্ড থেকে আর একটা ওয়াটার ওয়ার্কস হওয়ার জন্য সরকারের কাছে সুপারিশ গিয়েছিল, কিন্তু শুনছি সরকার বলেছেন যে যত দিন পর্যন্ত সেই ৬০ হাজার টাকা শোধ না কর ততদিন পর্যন্ত আমরা টাকা দেবো না। এ সম্বন্ধে আশা করি মন্ত্রী মহাশয় দয়া করে কিছু বলবেন। মেদিনীপুর জেলায় যাঁরা গিয়েছেন—এখানে মেদিনীপুরের মন্ত্রী আছেন, উপমন্ত্রী আছেন তাঁরা জানেন যে সেখানে গ্রীষ্মকালে জলের কি রকম কষ্ট—লাইন দিয়ে লোকে জল নেয়। তারপরে মেদিনীপুর শহর এক্সটেন্ডেড হয়ে গেছে, আগে যেমন ছোট ছিল এখন আর তেমন নেই। এখন স্টেশনের এধারে ওধারে অনেকদূর পর্যন্ত এগিয়ে গেছে। কাজেই একটা ওয়াটার ওয়ার্কস থেকে জল সাফিসিয়েন্টলি পাওয়া যায় না। ২টা ওয়াটার ওয়ার্কস শীঘ্রই দরকার এবং তা যাতে শীঘ্রই হয় তার ব্যবস্থা মন্ত্রীমহাশয়কে করতে বলি।

Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমার বক্তব্য হচ্ছে এই যে, চন্দননগরে একটা ফেরী সার্ভিস হওয়ার কথা ছিল। সেটা কোনও গুপ্ত কারণে বা প্রকাশ্য কারণে বন্ধ আছে তা আমি জানি না। মোটর লাঞ্চ ফেরী সার্ভিস, রানীঘাট চন্দননগর থেকে জগদ্দল ঘাট পর্যন্ত, এটি ১৮ই ফেব্রুয়ারী ১৯৫৬ সালে গভর্নমেন্ট নোটিফিকেশন দেয় ইজারা দেবার জন্য তার মর্ম এই:

It is hereby notified that the *ejara* of the Ranighat Ferry Service by motor launch will be leased out for a period of six years.

এই বলে নোটিফিকেশন দেওয়া হয়। তারপর সেখানে এই ফেরীর কনট্রাকটরের টার্মস ঠিক হয়। তার কপিও আমার কাছে রয়েছে। এই কনট্রাকটের ডেট হচ্ছে ১১ই ফেব্রুয়ারী ১৯৫৬ এবং এই ইজারা একজন লোক পেলেন—তার নাম আমি পরে বলছি। যিনি পেলেন তিনি একজন কংগ্রেসের মস্ত বড় পেটোয়া। তাঁর একটা বাড়ি আছে তার নাম "লাখরাজ ভবন"। সেটাই হচ্ছে কংগ্রেসের ইলেকশন ব্যারাক। সেখানে এখানকার অর্থাৎ এই এসেমব্লির অনেক কংগ্রেসী বন্ধুরা গিয়ে লুচি আলুরদম খেয়ে এসেছেন। সেই বাড়ির মালিকের নাম হচ্ছে উদয় সিং। তিনিই কনট্রাকট পেলেন এবং সেই কনট্রাকটে লেখা ছিল যে, তাঁকে এই ফেরী সার্ভিস আরম্ভ করতে হবে ৩০শে এপ্রিল ১৯৫৬। যদি দেরী হয় তাহলে পেনাল্টি ক্লজ অনুসারে প্রত্যেক দিনের জন্য তাঁকে ১০০ টাকা করে জরিমানা দিতে হবে। তারপর যখন সেখানকার এ্যাডমিনিস্ট্রেটরের সঙ্গে জনসাধারণের তরফ থেকে চিঠিপত্র লেখা হয়, তিনি তখন বললেন—জেটি তৈরী করতে হবে, তার জন্য কাজের দেরী হচ্ছে। কেন না অনুমোদন পাওয়া চাই। সেজন্য ৩১শে ডিসেম্বর ১৯৫৬ পর্যন্ত ডেট এক্সটেন্ড করে দেওয়া হয়েছিল। কিন্তু তারপরেও কি কারণে যে এই সার্ভিস আজ পর্যন্ত চালু হলো না, তা আমরা জান না। আমরা হিসাব করে দেখলাম সেই ইজারার যা দেয় টাকা সেটা বাদ দিয়েও দেখলাম তাঁর পেনাল্টি হিসাবে দাঁড়ায় ৮০ হাজার ৯ শত টাকা। কেন না তিনি ৮৯০ দিন ডিফল্ট করেছেন —প্রত্যেক দিন এক শো টাকা করে পেনালটি হলে মোট ৮০ হাজার ৯ শত টাকায় দাঁড়ায়। তাছাড়া ২ বছর তিনি ফেরী সার্ভিস করেন নি, তার জন্য ৪৩ হাজার টাকা করে লোকসান হয়েছে। অতএব কংগ্রেসের পেট্রন হতে পারলে, তাঁদের আশ্রিত বা স্নেহচ্ছায়ায় থাকলে কত সুবিধা হয় সেটা, স্পীকার মহাশয়, আপনার মারফতে জানিয়ে দিচ্ছি। 'লাখরাজ ভবনে' তাঁরা লুচি আলুরদম খেয়ে এলেন—তাঁদের অবশ্য সুবিধা হয়েছে সন্দেহ নাই। কিন্তু জনসাধারণের অসুবিধার দিকে লক্ষ্য নেই। গভর্নমেন্টের এত টাকা লোকসান হল তার প্রতি লক্ষ্য নেই। কিন্তু চন্দননগরে সেই ডিফল্টার উদয় সিং মহারাজ, তিনি বসে রইলেন, তাঁর গায়ে হাত পড়লো না কেন, সেই সদুত্তর আশা করি জালান সাহেব দেবেন। এখন ক্যালকাটা কর্পোরেশনএর ইলেকশন পোষ্টপোনমেন্টএর কথা বলা যাক। এঁদের তিন রকমের নির্বাচন হয়ঃ—(১) নামদার নির্বাচন, (২) বেনামদার নির্বাচন, আর (৩) অনামদার নির্বাচন। "নামদার" হয়ে কংগ্রেস যেখানেই দাঁড়িয়েছে, সেখানেই তাঁদের মাথার সিঁদুর মুছে গেছে, হাতের নোয়াও খোয়া গেছে। এখন "বেনামদারে" দাঁড়িয়েছে এবং সেসব জায়গাতেও সুবিধা হোল না—তাই ক্যালকাটা কর্পোরেশন নির্বাচনে একদম "অনামদার"—নির্বাচনের নামই করবো না—ইলেকশন করবো না। মন্ত্রী মহাশয় আনকনজেনিয়াল এ্যাটমোসফিয়ারএর অজুহাত দেখিয়েছেন। যদি এ্যাটমোসফিয়ারের কথা বলেন, মিঃ স্পীকার স্যার, তাহলে আমি বলবো কলকাতার এ্যাটমোসফিয়ারের এবং পশ্চিমবঙ্গের এ্যাটমোসফিয়ারের মধ্যে কোনও পার্থক্য দেখি না। মফঃস্বলে ইলেকশন হচ্ছে, সেখানে এ্যাটমোসফিয়ারএর কথা উঠে না কিন্তু ক্যালকাটা কর্পোরেশন যেখানে লোকের "সিভিক সেন্স" আরও বেশী, পলিটিক্যালি মোর কনসাস, যেখানে প্রত্যহ অব্যাহতভাবে সিনেমা চলছে, নাচগান চলছে, যাকিছু সাংস্কৃতিক কালচার চলছে সবই চলছে—মন্ত্রীরা ঘুরে ফিরে বেড়াচ্ছেন, কোন গণ্ডগোলই নেই, সেখানে এই ত্রাসের আশঙ্কা কেন হল, সেটা তাঁকে জিজ্ঞাসা করি। মন্ত্রীমহাশয় যদি বলেন "যে এ্যাটমোসফিয়ার ক্রিয়েটেড হয়েছে এতে ইলেকশন চলতে পারে না", তাহলে আমি ধন্যবাদ দিচ্ছি, মিঃ জালানকে কারণ মুখ্যমন্ত্রীর সেদিনকার মন্তব্যের উত্তর তিনিই দিয়েছেন। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন জ্যোতিবাবুর প্রশ্নের উত্তরে যে দুটো হরতালে জনসাধারণের মতামত জানা যায় নি, সত্যাগ্রহ করে শত শত লোক জেলে গেল তাতেও জনসাধারণের মতামত জানা যায় না, দেশময় সাধারণ সভাসমিতিতে জনসাধারণের মতামত জানা যায় না। কলকাতার বাহিরে যতগুলো মিউনিসিপ্যাল নির্বাচন হোল, সেগুলির সবকটিতে কংগ্রেস কপোকাত হোল তাতেও জনমত জানা যায় নি। অবশ্যি দক্ষিণ ও উত্তর কলিকাতায় মাত্র দুটো ঘরোয়া বৈঠকে জনসাধারণের মতামত কিছু কিছু মাত্র মুখ্যমন্ত্রী মহাশয় জানতে পেরেছেন। এরূপ অবস্থায় জালান সাহেব আনকনজেনিয়াল এ্যাটমোসফিয়ার বুঝতে পেরেছেন এবং বুঝে নিয়েছেন জনমত কি বেরিয়েছে এবং সেই জনমতে আতঙ্কিত হয়ে [illegible] ইলেকশন যখন বন্ধ করেছেন,

আশা করি মিঃ জালান এখন গিয়ে মুখ্যমন্ত্রীকে জানাবেন যে, কলকাতার রিয়েল এ্যাটমোসফিয়ার কি এবং জনসাধারণ কি এ্যাটমোসফিয়ার তৈরী করেছে। অনুগ্রহ করে যদি তিনি সেই কর্তব্যটাও পালন করেন, তাহলে একটা মহৎ কাজ করা হবে। মুখ্যমন্ত্রীকে জ্ঞানের আলো দিয়ে কৃতজ্ঞতাভাজন হবেন।

Sj. Bibhuti Bhushon Chose:

মাননীয় স্পীকার মহাশয়, জালান সাহেব টাকা চেয়েছেন তার সঙ্গে প্রসঙ্গক্রমে ক্যালকাটা কর্পোরেশনের ইলেকশনের কথা বলেছেন। আমরা তাঁর এই যুক্তিতে সত্যই মর্মাহত হয়েছি। তার মত সৎ লোকের পক্ষে এই রকম যুক্তি দেওয়া অত্যন্ত অসমীচীন হয়েছে এবং আমরা আশা করি যে, তিনি অন্ততঃ উত্তর দেবার সময় তাঁর এই বক্তব্যটা প্রত্যাহার করে নেবেন যে অস্বাভাবিক অবস্থার দরুন কলকাতা কর্পোরেশনের নির্বাচন হয় নি। এই বিষয়ে আমি আর কিছু বলতে চাই না। আমি হাওড়া জেলা বোর্ডের কার্যকলাপ সম্বন্ধে ২।৩টা কথা বলবো। হাওড়া জেলা বোর্ডের যেসমস্ত রাস্তাগুলি রয়েছে এবং সেই রাস্তার মধ্যে যেসমস্ত পুলগুলি রয়েছে, আমি জালান সাহেবকে আমন্ত্রণ জানাচ্ছি যে, তিনি সেখানে গিয়ে স্বচক্ষে দেখে আসুন যে, ডিষ্ট্রিক্ট বোর্ড কিভাবে সেই সমস্ত রাস্তাগুলি মেনটেন করছে। আমি কয়েকবার এই ডিষ্ট্রিক্ট বোর্ডে যাঁরা আজকে ক্ষমতায় আসীন আছেন তাঁদের দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করেছিলাম যে, ডিষ্ট্রিক্ট বোর্ডের অধিকাংশ রাস্তা বড় বড় লোকগুলি এনক্রোচ করেছে, পাকা বাড়ী তৈরী করেছে, বাগান বাগিচা তৈরী করেছে। এত লেখার পরও, এত বলার পরও কেন যে ডিষ্ট্রিক্ট বোর্ডের কর্তৃপক্ষ সেই সমস্ত সাধারণের ব্যবহার্য্য জায়গাগুলি যাঁরা এনক্রোচ করেছেন তাঁদের বিরুদ্ধে কোন রকম এ্যাকশন নিচ্ছেন না, তা আমরা জানি না। এটা আমাদের কাছে অত্যন্ত দৃষ্টিকটু বলে মনে হয়। হয়ত তাঁদের কোন স্বার্থ আছে, আর না হয় অন্য কিছু আছে, আমি তা বলতে পাচ্ছি না, কিন্তু আমি ইমিডিয়েটলি জালান সাহেবকে এদিকে দৃষ্টি দেবার জন্য বলছি।

আর একটা কথা—আমাদের উজালী এবং উলুবেড়িয়ায় একটা ফেরী ঘাট দরকার এবং এটা আগে ছিল। আমি অনেকবার এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছিলাম কিন্তু তাঁরা বলেছিলেন যে এতে কিছু লোকসান হবে। এত লোকসান তাঁরা চারিদিকে করছেন, এখানে হাজার হাজার মানুষ, বিশেষ করে নদীর এপাড়ে ওপাড়ে যে সমস্ত শ্রমিক অঞ্চল আছে, সেই সমস্ত জায়গা শ্রমিকরা দিনে তিনবার চারবার করে পার হয়। উনি যদি গিয়ে একবার কষ্ট করে দেখে আসেন, কিম্বা উনি যদি না যান, ওঁর দায়িত্বশীল একজন কর্মচারীকে পাঠিয়ে দিয়ে দেখুন যে, কি অবস্থায় তারা পার হয়, তাহলে বাস্তবিকই উনি লজ্জিত হবেন যে কি করে তিনি ঐ গভর্নমেন্টের একজন মন্ত্রী হয়েছেন। ওখানে যে মালিকরা আছেন তাঁদের কাছ থেকে লোকসানের সেই টাকাগুলি আদায় করবার ব্যবস্থা করুন না। আমি অবশ্য জানি না যে, তাঁরা তাঁদের স্বজাতী এবং স্বগোষ্ঠীর গায়ে হাত দিতে রাজী আছেন কি না। আমার কংক্রিট সাজেসান এই যে গভর্নমেন্টের যদি তাতে টাকা লোকসান হয় তাহলে সেই টাকা মালিকদের কাছ থেকে আদায় করা হোক। ইমিডিয়েটলি একটা ষ্টীম লাঞ্চ ফেরী ঘাট ওজালী এবং উলুবেড়িয়ায় করা দরকার। এই সঙ্গে সঙ্গে ২৪-পরগণা জেলা বোর্ডের চেয়ারম্যান বিভূতি চক্রবর্তী সম্পর্কে একজন সদস্য যে মোকর্দমা করেছিলেন, আমরা মনে করি যে গভর্নমেন্ট এবং তার উপরতলার যোগসাজসে সেটা.....

Mr. Speaker: Don't refer to a matter which is *sub judice*.

Sj. Bibhuti Bhushon Chose:

সেটা কি হল জিজ্ঞাসা করবো না। আমরা জানি যে যাতে কিছু না হয়, তার জন্য তদ্বির হচ্ছে। অতএব সে সম্বন্ধে আপনাকে যদি না জানিয়ে রাখি তাহলে আমাদের কর্তব্যের ত্রুটি হবে বলে আমরা মনে করি।

Mr. Speaker: That is to be decided by the court.

Sj. Bibhuti Bhushon Ghose:

আচ্ছা, ডিটেলসে গেলাম না।

Mr. Speaker: You can refer to that but don't comment on the merits of the litigation.

[4-40—4-50 p.m.]

The Hon'ble Iswar Das Jalan: Sir, I am dealing with the specific complaints made by the honourable members opposite.

With regard to the Calcutta Improvement Tribunal I will look into the matter and will try to expedite the payment of interest to those to whom it is due.

With regard to the Howrah municipality it is true that there have been changes in the Administrator. We shall try to avoid such changes so far as it is possible. The difficulty is that in order to save the Howrah municipality from the salary of the Administrator, and at the same time to provide the Howrah municipality with an efficient Administrator, we decided that one of the Secretaries of the Government in the Anti-Corruption Department should also take charge of the administration of the Howrah municipality. It has been rather unfortunate that there have been changes in the Administrator, and due to those changes there has been a certain amount of inconvenience. We shall try however, to remove those grievances which have been brought to light by my friend Shri Bhattacharya. I am not aware of the conservancy service becoming so bad. As a matter of fact, I have not seen any complaint on this score up till now. With regard to other matters that the election results are not being published with an ulterior motive, well this is the first time I am hearing about this ulterior motive. This thing did not enter into our mind so far.

So far as the Bally municipality election is concerned, as far as I remember, orders have already been issued for the publication of the Bally election results before the 31st of March, because on the 31st March the Administrator will cease to control the Bally municipality and on the 1st of April the new body will come into being. Therefore, my friends need not be afraid of non-publication.

With regard to other municipalities I shall make enquiries as to how the matter stands. I can assure my friends that there is no desire on the part of the Government to withold the publication. There is a procedure under which the results do come to the Government and if my friends in the Opposition remember, very often the results were announced a little later and it took a few months even, but so far as we are concerned, we have tried to announce the results as quickly as possible. Therefore, there should not be any apprehension on that score.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

কেন দেরী হয়?

The Hon'ble Iswar Das Jalan: It is difficult to say. The procedure is something like this: the Returning Officer sends the results to the District Magistrate, then the District Magistrate writes to the Commissioner, then the Commissioner writes to us—all these formalities do take time, but we are trying to expedite the publication as far as possible. I am not in a position just to say about other results. So far as Bally is concerned, I remember it is being published immediately

So far as the municipal roads are concerned, it is quite true that the municipal roads are in a bad condition. They were neglected during the war, and also in the first Five-Year Plan the principle adopted was that the Planning Commission should not allot funds in respect of municipal bodies. They paid more attention to the rural areas than to the urban areas. But so far as the next Five-Year Plan is concerned, we have decided to give a subsidy of Rs. 1 crore 13 lakhs for the repair of these roads. One-third will be paid by the municipality and two-thirds subsidy will be given by the Government in order to repair these roads. Though the money will come from the Central Government, I believe, that will be in the shape of loan, but still considering the municipal position, Government has decided to give subsidy to the extent of two-thirds to have thorough repairs of the roads.

With regard to District Boards, I quite admit that the position of District Boards is serious. After zemindary was abolished, practically there was no income available to the District Board, because cess was not being realised, and it is only about 2 or 3 months before that cess has started to be realised. But in the meantime we have advanced Rs. 11 lakhs to these District Boards by means of loans, so that they may be able to carry on their administration. We have also come to the decision to advance Rs. 10 lakhs more before the 31st March in order to meet their liabilities. So far as the future District Boards are concerned, after the passing of the Panchayat Act we shall come to a decision as to what should be done to the District Boards. The Government had a conference with all the Chairmen in January, and we tried to understand the entire problem facing the District Boards. It is true that many of the functions of the District Boards have been taken over by the Government. Education has been taken over by the District School Board. Similarly, so far as Medical and Public Health is concerned, Public Health is being taken over by the Government. Roads are also being taken over by the Government—those which are the principal roads. Therefore we shall have to find out as to what should be done with regard to the District Boards. That is a question which is not being considered by this Government alone but practically by all Governments in the country as to what should be the future set-up of our local bodies and especially the rural local bodies—whether there should be a board on the subdivisional level or not or whether the Panchayat should be the only unit between the Government and the urban units. That is one of the problems which we shall have to consider, and I can assure the members of the House that we shall be able to arrive at a decision as quickly as possible. Papers are being collected; all materials have been practically collected, and within the next few months some decision will have to be arrived at, because this state of affairs cannot last.

With regard to District Board roads, it is quite true that a huge amount is required for the repair of all District Board roads. It is impossible for the District Boards with their present finance to repair the same.

With regard to the suggestion about sales tax, amusements tax and other taxes—whether they should be given to local bodies or not, that is a question with which the Taxation Enquiry Commission was concerned, and the Local Finance Enquiry Committee was concerned. Sales tax is a tax over which the entire fabric of the State finance rests. The Taxation Enquiry Commission has not recommended the giving of the sales tax to the local bodies.

With regard to the amusements tax and electricity duty, the Local Finance Enquiry Committee did recommend but the Taxation Enquiry

Commission did not recommend, but in any event the total income from these would be about Rs. 2 crores, and the Government is giving a subsidy to the local bodies to the extent of about Rs. 1,25,00,000.

[4-50—5 p.m.]

Therefore either the subsidy is to be given or the share is to be given. The subsidy which is being given at present you can take it as a share of that tax.

With regard to the point as to why in Midnapore the District Board elections have not taken place, I may say that in some of the District Boards elections have already taken place partially or fully. Thereafter we thought of the enormous expenses in having an election to the District Board and we doubted the usefulness under the present financial stringent condition and specially when the entire future of the District Boards is a matter for consideration—whether it will be advisable to spend 7 or 8 lakhs rupees to have an election. So far as the District Board elections are concerned it should be considered whether it would be an indirect election or a direct election. If the Panchayats are elected that is also a question as to whether instead of having direct election to these District Boards it will not be proper to have an election through the members of these Panchayats by way of indirect election. So far as the District Boards are concerned, firstly we did not know whether they will exist or not. Secondly if they exist we do not know whether it will be direct election or indirect election.

Next is the finances of the District Boards, when they cannot pay the salaries of their employees, whether it is possible for them to spend so much money over elections. That is the reason why we have stopped fresh elections. We are having partial elections only completed. The District Board now are practically doing nothing. They are simply existing, and so it is not wise to spend good money over their elections.

With regard to Chandernagore, I am not aware of the exact position. (Dr. HIRENDRA KUMAR CHATTERJEE: But I sent the cut motions in good time). I will look into the matter. (Dr. HIRENDRA KUMAR CHATTERJEE: Perhaps the cut motions were uncomfortable). They may be uncomfortable to you but to me they are comfortable. With regard to the Calcutta Corporation elections, I have given you the reasons and I need not repeat them again. (Sj. SUDHIR CHANDRA RAY CHAUDHURI: What about the adult franchise in the Calcutta Corporation?) So far as the adult franchise is concerned, we have introduced adult franchise in the Panchayats. So far as the District Boards are concerned, that question is to be decided. [Interruptions and Noise] So far as the entire problem of adult franchise is concerned, it is being examined by a Committee appointed by the Government. We are collecting all the materials and when they are collected from all the States we shall decide the issue. We have to consider whether in municipalities there will be single-member constituency or double or multi-members constituency. Multi-members constituency is a difficult thing. Therefore all the constituencies will have to be changed into, I believe, a single-member constituency. We hope we shall be able to decide the issue at not a very distant date.

With regard to the ferry service, Sj. Bibhuti Bhushon Ghose came to me, I assure him that I shall look into the matter.

So far as 24-Parganas Chairman is concerned, it is *sub-judice* and therefore I cannot deal with it. (Sj. BIREN BANERJEE: What about the mosquitos in Howrah?) When you will come here that will be settled.

Dr. Hirendra Kumar Chatterjee: Can I take it that the Minister will kindly communicate to me as the representative of Chandernagore the decision regarding the ferryghat service? I think he has not received the cut motion concerning that.

Mr. Speaker: There are 4,000 cut motions and it is very difficult to go through each of them.

Sj. Bankim Mukherji: Sir, we are following a very wrong procedure in putting all cut motions other than those on which we call divisions. The cut motions on which divisions are called should be put first as if a motion is defeated on division then all identical motions are also defeated. So I would request to put first the cut motions on which divisions are challenged.

Mr. Speaker: I understand from Secretary that all the cut motions are carefully checked and examined and so on that score you need not worry. I put all the cut motions under this Grant except No. 4.

The motion of Sj. Bankim Mukherji that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Krishna Chandra Satpathi that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Provash Chandra Roy that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Madan Mohan Khan that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Madan Mohan Khan that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Gangapada Kuar that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Hirendra Kumar Chatterjee that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jyoti Basu that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Jyoti Basu that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharya that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharya that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Narayan Chandra Ray that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Probodh Dutt that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100, was then put and lost.

[5—5-30 p.m.]

The motion of Sj. Jyoti Basu that the demand of Rs. 1,08,85,000 for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" be reduced by Rs. 100 was then put and a division taken with the following results:

AYES—38.

Baguli, Sj. Haripada
Banerjee, Sj. Biren
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Jyoti
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanailal
Bose, Dr. Atindra Nath
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Chaudhury, Sj. Jnanendra Kumar
Dal, Sj. Amulya Charan
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dey, Sj. Tarapada
Ghosal Sj. Hemanta Kumar
Ghose, Sj. Bibhuti Bhushon
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Narendra Nath
Gurung, Sj. Narbahadur
Haldar, Sj. Nalini Kanta
Mahapatra, Sj. Balailal Das
Mitra, Sj. Nripendra Gopal
Mukherji, Sj. Bankim
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Naskar, Sj. Gangadhar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Saroj
Saha, Dr. Saurendra Nath
Sahu, Sj. Janardan
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Sjkta. Mani Kuntala
Sinha, Sj. Lalit Kumar

NOES—130.

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Atawal Ghani, Janab Abul Barkat
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das, Sj. Radhanath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Dutt, Dr. Beni Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Fazlur Rahman, Janab S. M.
Gahatraj, Sj. Dalbahadur Singh
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Giasuddin, Janab Md.
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Halder, Sj. Jagadish Chandra
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamala Kanta
Jalan, The Hon'ble Iswar Das
Kar, Sj. Bankim Chandra
Kar, Sj. Sasadhar
Kazim Ali Meerza, Janab
Lahiri, Sj. Jitendra Nath
Mahammad Ishaque, Janab
Maiti, Sj. Pulin Behari
Majumdar, Sj. Byomkes
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Massey, Mr. Reginald Arthur
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammad Hossain, Dr.
Mohammad Mumtaz, Maulana
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Dhajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Moni, Sj. Dintaran
Mukerji, Sj. Dhirendra Narayan
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal

Mukherjee, Sj. Kali
Mukherjee, Sj. Shambhu Charan
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Rai, Sj. Shiva Kumar
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Ray, The Hon'ble Renuka
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Nepal Chandra
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Roy, Sj. Ramhari
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sarkar, Sj. Bejoy Krishna
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Shaw, Sj. Kripa Sindhu
Shaw, Sj. Mahitosh
Shukla, Sj. Krishna Kumar
Sikder, Sj. Rabindra Nath
Singh, Sj. Ram Lagan
Singha Sarker, Sj. Jatindra Nath
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi

The Ayes being 38 and the Noes 130 the motion was lost.

The motion of the Hon'ble Iswar Das Jalan that a sum of Rs. 1,08,85,00 be granted for expenditure under Grant No. 39, Major Head "57—Miscellaneous—Contributions" was then put and agreed to.

Sj. Bibhuti Bhushon Ghose: Sir, on a point of information.

আমি সেদিন আপনার মাধ্যমে এখানে বলেছিলাম যে বঙ্গ-বিহার সংযুক্তির বিরোধীতা———

Mr. Speaker: This is not the proper time to raise it. You can rais it after the adjournment.

Major Head: 10—Forest

The Hon'ble Hem Chandra Naskar: Sir, on the recommendation of th Governor I beg to move that a sum of Rs. 89,83,000 be granted for expend ture under Grant No. 5, Major Head "10—Forest".

মোট দাবীর ভিতর ৫৯,৬১,০০০ টাকা বন দপ্তরের সাধারণ নিয়মিত খরচা বাবদ। চলি বৎসরে মধ্যস্বত্ব লোপের ফলে যে বিরাট এলাকার বনভূমি সরকারের হাতে আসিয়াছে, তাহ রক্ষণাবেক্ষণ ও তত্বাবধানের খরচা সেই টাকাতেই চালানো যাইবে। বক্রী ৩০,২২,০০০ টা নূতন বন সৃজনের জন্য তথা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন উন্নয়ন খা খরচা হইবে। এই ৩০,২২,০০০ টাকাকে গতানুগতিক খরচা না বলিয়া ভবিষ্যতে বন সম্প সৃষ্টি বাবদ মূলধন বিনিয়োগ বলিয়া ধরাই যুক্তিযুক্ত। এই জাতীয় মূলধন বিনিয়োগ দ্বার একদিন অদূর ভবিষ্যতে আমাদের বনভূমির অপ্রাচুর্য্য ঘুচিয়া যাইবে। বন বিভাগের আয়ে পরিমাণও অনেকগুণ বাড়িয়া যাইবে।

বনভূমির উপকারিতা ও বন সম্পদের প্রয়োজনীয়তা সম্বন্ধে গত কয়েক বৎসর ধরিয়াই ব বরাদ্দের দাবী প্রসঙ্গে বিশেষভাবে আলোচনা করিয়াছি। সে সম্বন্ধে নূতন করিয়া আলোচ করিয়া আপনাদের সময় নষ্ট করিতে চাই না।

বিভাগীয় ব্যয় বরাদ্দের দাবী উপস্থিত করার প্রসঙ্গে আমার কয়েকটি কথা বলিবার ছি কিন্তু আমাদের হাতে সময় এত অল্প যে আমি বিস্তারিত কিছু বলিতে গেলে অন্যা মাননীয় সভ্যদের বলিবার আর বেশী সময় থাকিবে না। তাই আমি আমার বিভাগে যে কা হইয়াছে এবং আগামী কয়েক বৎসরে যে কাজ করিবার কথা আছে সে সম্বন্ধে সিভিল বাজে

এষ্টিমেট এবং উন্নয়ন পরিকল্পনার পুস্তকখানির যথাক্রমে ১৪২-১৬২ এবং ১১ ও ৬৭ পৃষ্ঠায় যাহা বলা হইয়াছে সে বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করিতে চাহি। ছাঁটাই প্রস্তাব আলোচনার পর যদি প্রয়োজন হয় তবে বিশেষ বিশেষ বিষয়গুলি সম্বন্ধে আরো আলোচনা করিব।

আপনার মাধ্যমে আমি "১০নং বন" খাতে ৮৯,৮৩,০০০ টাকা ব্যয় বরাদ্দের দাবী ব্যবস্থা পরিষদের নিকট পেশ করিতেছি।

[At this stage the House was adjourned for 20 minutes]

[After adjournment.]

[5-30—5-40 p.m.]

Sj. Bibhuti Bhushon Chose:

স্যার, বঙ্গ-বিহার সংযুক্তির বিরুদ্ধে যে সত্যাগ্রহ আন্দোলন হচ্ছে সেই সত্যাগ্রহ আন্দোলনে প্রায় দেড় হাজার মানুষ কারাবরন করেছে, তারা প্রত্যেকে সি, পি, এম,-এর কোর্টে গুরুতর অভিযোগ করেছে, প্রেসিডেন্সী জেল ও আলিপুর জেল প্রত্যেক জেলের বিরুদ্ধে। তাদের অভিযোগের বিবরণীতে প্রকাশ যে তারা সেখানকার কর্তৃপক্ষের কাছে অত্যন্ত দুর্ব্যবহার পাচ্ছে, পুষ্টিকর খাদ্য তাদের দেওয়া হচ্ছে না, পরিশ্রুত পানীয় জল দেওয়া হচ্ছে না, এবং তাদের রাখবার জনাও অত্যন্ত অপরিচ্ছন্ন স্থানের ব্যবস্থা করা হয়েছে। ফলে ইতিমধ্যেই সেখানে বসন্ত দেখা দিয়েছে, তাদের মধ্যে ৬।৭ জন কর্মী সেই বসন্ত রোগে আক্রান্ত হয়েছে। এবং শুনতে পাচ্ছি—আলিপুর সেন্ট্রাল জেলএ যে সমস্ত সত্যাগ্রহী আছেন যদি ২।১ দিনের মধ্যে প্রতিকার না হয় তাহলে তারা নাকি অনশন শুরু করবেন। সেই জন্য আমি আপনার সামনে এই প্রস্তাব রেখে ছিলাম। ডাঃ রায় কারা-মন্ত্রী না থাকার জন্য জবাব দিতে পারেন নাই, এখন কারা-মন্ত্রী এখানে আছেন। তার কাছে সুস্পষ্ট জবাব চাই যে আলিপুর ও প্রেসিডেন্সি জেলের কর্তৃপক্ষ এই যে অন্যায় ব্যবহার করছেন, সে বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করছেন—সেটা জানতে চাই।

Mr. Speaker: You should do it by putting a proper short notice question so that the Jail Minister can be ready with proper and accurate information. Such a big question cannot be answered offhand. This is a case of under-trial prisoners. Court has taken over the matter, the matter is referred to the Magistrate and the Magistrate will pass necessary orders. Today the Jails Minister has not come prepared with the answer. On this point you put a specific short notice question. I will admit it and pass it on to him so that you will get a proper answer.

Now we will resume discussion on "Forest".

I take it that all the cut motions are moved.

Sj. Amulya Ratan Ghosh: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy and difficulty in securing fuels for the people of Bankura district.

Sj. Benoy Krishna Chowdhury: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

বন হইতে জ্বালানী কাঠ সংগ্রহের দীর্ঘ দিনের অধিকার হরণের বিষয়ে।

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

বন সংরক্ষণ ও নূতন বন রোপণ ব্যাপারে সরকারী নীতির ব্যর্থতা সম্বন্ধে।

Sj. Bibhuti Bhushon Ghose: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy in general.

Sj. Dasarathi Tah: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সাধারণ নীতি।

Sj. Dhananjoy Kar: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

বন বিভাগ হইতে দুর্নীতি দূরীকরণে এবং দুর্নীতিপরায়ণ কর্ম্মচারীদের শাস্তিদানে সরকারী অক্ষমতা।

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

বনের উপর জনসাধারণের যেখানে যেরূপ অধিকার ছিল এবং আজ পর্য্যন্ত যে সমস্ত সুবিধা তাঁহারা বন হইতে পাইয়া আসিতেছিলেন, তাহা হইতে বঞ্চিত করার সরকারী নীতি।

Sj. Gangapada Kuar: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the widespread non-availability of fuel woods as a result of undertaking forests under Government management and serious effects thereof.

Sj. Haripada Baguli: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

ভূমিক্ষয় নিবারণ ও সমুদ্র তীরের বালি বাতাসে উড়িয়া পার্শ্ববর্তী অধিবাসিগণের জমির যে ক্ষতি করিতেছে তাহা বন্ধ করার জন্য ২৪-পরগণা ও মেদিনীপুর জেলার সমুদ্রতীরবর্তী সমস্ত এলাকায় ঝাউ, কাজুবাদাম প্রভৃতি রোপণের প্রয়োজনীয়তা।

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সুন্দরবনের সংরক্ষিত এলাকায় বনসৃজন ও রক্ষণের উপযুক্ত ব্যবস্থার প্রয়োজনীয়তা।

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সুন্দরবনের ভূমিক্ষয় নিবারণের জন্য সমস্ত নূতন বন্দোবস্ত এলাকা খাসদখল লইয়া বনসৃজনের প্রয়োজনীয়তা।

Sj. Haripada Chatterjee: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about condition of subordinate forest employees—their pay-scale in comparision to similar employees of other departments, etc.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the condition of forest subordinate staff in the Sundarban areas.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the harmful effect of frequent transfers of officers.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the importance of choosing the proper species and the caution in going in for exotics.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about providing a herbarium in each Forest Division.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about handing over the cinchona plantation to the Forest Department and plantation of other medicinal herbs.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about establishing jute seed multiplication farms, and mlik co-operatives in suitable forest areas.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about corruption and waste in the department.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about providing free accommodation to forest subordinate staffs in the new Divisions.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the construction of new forest roads and their importance.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about forest villagers.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about Tangya system of plantations.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about non-development of village plantations and forests to ease the fuel supply position in rural areas.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about raising timber for plywood industry.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the importance of early burnnig in sal plantations of the Northern Circle.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the attack of lorenthus in sal plantations, champ bug in champ plantations and dihamus in teak plantations.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about rehabilitation of the plantations that have failed.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the mixed plantations in the Buxa Division.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the development of the forests of the inaccessible and undeveloped regions of the Himalayas.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the plantations in the laterite zone of West Bengal.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the riverine forest.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the plantations in the tea coast area of West Bengal.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the proper preservation of private forests and their possibilities.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the urgent need of afforestation for soil conservation and prevention of flood.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about giving due attention to silviculture and working plans.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the role of forest industry in opening new avenues of work and employment.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the Second Five-Year Plan.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the negligence of established plantations for want of timely or adequate tending operations.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the absence of any provision for compensatory plantations to make good the losses in forests due to frequent cyclone and flood damages in the districts of Jalpaiguri and Cooch Behar in particular.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the urgency of working the forests of North Bengal by renovating or resuscitating the over-exploited areas, felled over during the last war, as had been contemplated in the First Five-Year Plan.

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the working of the First Five-Year Plan.

Sj. Janardan Sahu: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about pay-scale and leave of foresters and the menials.

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সরকারী নীতির ফলে জঙ্গলের আশেপাশের জনসাধারণ জ্বালানী কাঠ পর্যন্ত সংগ্রহ করিতে পারিতেছে না। এমন কি শহরগুলিতে পর্যন্ত জ্বালানী কাঠের অভাব দেখা দিয়েছে। জ্বালানী কাঠের দাম বৃদ্ধি পাওয়ার জন্য মেদিনীপুর ও অন্যান্য শহরের জনসাধারণের বিশেষ কষ্ট হইতেছে। এ বিষয়ে সরকার নীরব রহিয়াছেন।

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সরকারী নীতির ব্যর্থতা।

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

জঙ্গলরক্ষার নামে সরকার যে নীতি গ্রহণ করিয়াছেন তাহাতে স্থানীয় জনসাধারণের দীর্ঘদিনের বিবিধ স্বত্বের, অধিকার ক্ষুণ্ণ করা হইতেছে এবং জীবিকার পথ বন্ধ হইয়া গিয়াছে। অপরদিকে নূতন নূতন কর ধার্যের ফলে স্থানীয় জনসাধারণ অতিষ্ঠ হইয়া পড়িয়াছেন। ফরেষ্ট গার্ডদের জুলুম ও দুর্নীতি দিন দিন বৃদ্ধি পাইতেছে। এ বিষয়ে সরকার তাঁর নীতি পরিবর্তন করিতে সম্পূর্ণ ব্যর্থ হইয়াছেন।

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

জঙ্গলের পাতা, ফুল, ফল কুড়ান, কাঁটা ব্যবহার করা, ঝাঁটীকাঠ কাটা ও কৃষিকার্যের জন্য লাঙ্গলের ঈষ, মুড়া প্রভৃতির জন্য কাঠ সংগ্রহ করা, গরু-মহিষ-ছাগল ইত্যাদি চরান প্রভৃতি অধিকার হইতে স্থানীয় জনসাধারণকে বঞ্চিত করা হইতেছে। অধিকন্তু এই সমস্ত বিষয়ে নূতন কর ধার্য করা হইতেছে। ফলে অধিকাংশ জনসাধারণের জীবিকার পথ রুদ্ধ হইয়া গিয়াছে। সরকারের এই নীতির অবিলম্বে পরিবর্তন প্রয়োজন।

Dr. Krishna Chandra Satpathi: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

বনসৃজনে সরকারী নীতির অপব্যবহার ও বনরক্ষকদের দুর্নীতির জন্য পার্শ্ববর্তী লোকজনদের হয়রানি ও দুর্ভোগ।

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

জঙ্গলের পাতা, দাঁতনকাঠী, ঝাঁটী সংগ্রহ বন্ধ হওয়ায় হরিজন সম্প্রদায়ের দুর্দশা।

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

লাঙ্গলের জন্য বন হইতে কাঠ (ঈষ) সংগ্রহ বন্ধ হওয়ায় কৃষক সমাজের দুঃখকষ্ট ও দুর্নীতির প্রসার নিবারণে সরকার উদাসীন এবং অসমর্থ।

Sj. Lalit Kumar Sinha: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সেচকার্যের জন্য আংশিক সাফল্যের জন্য পতিত ও অকোজো জমিগুলিতে বনসৃষ্টি কার্যে সরকারের অমনোযোগিতা।

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

নদীর ভাঙ্গন নিবারণে নদীর দুই পাশে বনসৃষ্টির প্রয়োজন।

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সুন্দরবনে সুন্দরীগাছ জন্মান ব্যাপারে সরকারের ঔদাসীন্য।

Sj. Madan Mohon Khan: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about duty on sal leaves of Midnapore district and inability to supply fire-wood to the Midnapore town people for domestic purposes and burning ghat of Midnapore town.

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

নূতন বনসৃষ্টি করিতে সরকারের অবহেলা।

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সুন্দরবনে ক্রমশই জংগল কাটার জন্য খাসিয়ার প্রতিহত মেঘ পশ্চিমবঙ্গে দাঁড়াইতে পারে না এবং সেজন্য পশ্চিমবঙ্গে অনাবৃষ্টি একটি স্থায়ী ব্যাপার হইয়া দাঁড়াইয়াছে—অথচ সুন্দরবনের বনসংরক্ষণে সরকার উদাসীন।

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

বন সংরক্ষণে সরকারের অক্ষমতা।

Sj. Mrigendra Bhattacharjya: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

বনসংরক্ষণ নীতি।

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

বনসংরক্ষণে সরকারের উদাসীনতা।

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

বিবিধ স্বত্বের যে অধিকার স্থানীয় অধিবাসীদের ছিল তাহা রক্ষা করিতে সরকারের অস্বীকৃতি।

Sj. Probodh Dutt: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about its policy and about unbounded sufferings of Bankura people for want of fuels.

Sj. Madan Mohan Khan: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about hardship of the people of Bankura district due to acute shortage of fuel.

Sj. Saroj Roy: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

যেসমস্ত এ্যাফরেস্টেশন করা হইতেছে, তাহার সবচেয়ে বড় দুর্বলতা হইল যে সয়েল টেস্ট না করিয়াই সেইসব স্থানে গাছ লাগানো হয়, এই অবস্থায় বহু গাছ নষ্ট হয়, ও সরকারের টাকার অপব্যয় হয়। এই অবস্থায় সরকারকে প্রত্যেক স্থানের সয়েল টেস্ট করিয়া কোন্ প্রকারের গাছ কোন্ মাটিতে জন্মানোর উপযোগী তাহার ব্যবস্থা করিতে হইবে। তাহা না হইলে লাভের চেয়ে ক্ষতি বেশী হইতেছে। ইহা সরকারী এ্যাফরেস্টেশন নীতির ব্যর্থতাই প্রকাশ করে।

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

সরকারের জঙ্গল সম্পর্কিত নূতন ব্যবস্থায় দেখা যায়, যে, গড়বেতা থানা ও জেলার জঙ্গল অঞ্চলের এলাকাগুলিতে কোন ব্যক্তি তাহার নিজের বাগান হইতে বাঁশ কাটিয়া অন্যত্র লইয়া যাইবার জন্যও তাহাকে সরকারী হুকুমনামা লইতে হবে। এমনকি যে কেহ সদর রাস্তার উপর দিয়া বাঁশ লইয়া যাইলে তাহাকেও সরকারী হুকুমনামা লইতে হইবে। এই সমস্ত বাঁশ অবশ্যই সরকারী জঙ্গলের নহে; ইহা গ্রামের লোকের ব্যক্তিগত মালিকানা সম্পদ। সরকারের এই প্রকার কাজ তাহার নীতির ব্যর্থতাই প্রমাণ করে। এই ব্যবস্থা অবিলম্বে তুলিয়া দেওয়া উচিত।

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

বহুকাল পূর্ব হইতেই গড়বেতা থানা, শালবনী থানা, কেশপুর থানা, ঝাড়গ্রাম মহকুমার সাধারণ মানুষেরা জঙ্গল হইতে তাহাদের দৈনন্দিন ব্যবহারের জন্য বিনামূল্যে শালপাতা, আকাঠ কাঠ, কাঁটা, ফলমূল বনজ, ভেষজ, শবদাহের কাঠ, লাঙ্গলের ঈষ, জোয়াল, হাঁড়ি পোড়াইবার ডালপালা প্রভৃতি সংগ্রহ করিতে পারিত এবং এক বৎসরের কাটা জঙ্গলে গোচারণের অধিকার ছিল, বহু স্থানের লোকেরা ওই সমস্ত অধিকার বিবিধ স্বত্বের অধিকার হিসাবেও পাইয়াছিল। বর্তমানে সরকার ঐ সমস্ত প্রয়োজনীয় জিনিস সংগ্রহ করার উপর ট্যাক্স ধার্য করিয়াছে; ইহা সরকারী নীতির ব্যর্থতা। ইহার ফলে শত সহস্র গরীব লোকদের জীবনে অভাব ও সংকট দেখা দিয়াছে। ইহা দূর করিবার জন্য অবিলম্বে সরকারকে (১) আকাঠ, পাতা, ফলমূল, কাঁটা ইত্যাদি বিক্রয়ের দ্বারা যাহারা জীবিকা নির্বাহ করে তাহাদিগকে বিনা করে দিতে হইবে। (২) সংসারের প্রয়োজনীয় জ্বালানি কাঠের পারমিট বিনামূল্যে দিতে হইবে। (৩) কর্মকার ও কুম্ভকার বৃত্তির পক্ষে প্রয়োজনীয় কাঠের ও বনজ ভেষজের জন্য ডালপালা সহ পারমিট বিনামূল্যে দিতে হইবে। (৪) এক বছরের কাটা জঙ্গল ছাড়া অন্যসব জঙ্গলে পশুচারণের জন্য বিনা করে পারমিট দিতে হইবে। (৫) কুমোরের বণক মাটির জন্য কর ব্যবস্থা তুলিয়া দিতে হইবে। (৬) জঙ্গলের অন্তর্ভুক্ত পাথর যাহা সাধারণ মানুষ এযাবৎকাল কুয়া, ইন্দারা প্রভৃতি জনকল্যাণকর কাজে ব্যবহার করিতে পারিত তাহার উপর কর বসানো চলিবে না। (৭) প্রত্যেকটি কৃষক পরিবারের জন্য প্রতি বৎসরে কমপক্ষে ২টি ঈষ ও লাঙ্গল মুড়ার জন্য কাঠ বিনামূল্যে দিতে হইবে।

সরকার ইহা না করিলে এক বিরাট সংখ্যক লোকের জীবিকাসংকট দীর্ঘস্থায়ী করিবে।

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about

গড়বেতা প্রভৃতি মেদিনীপুর জেলার বহু জঙ্গলপ্রধান এলাকায় যেসমস্ত সরকারী বনবিভাগের কর্মচারী রহিয়াছেন, তাহাদের অনেকে জনসাধারণের প্রতি যে ব্যবহার করে, তাহা অত্যন্ত দোষণীয়। এই জনস্বার্থবিরোধী ব্যবহার সরকারী নীতির ব্যর্থতা প্রমাণ করে।

Sir, I also beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about private forest

গুলি সরকার গ্রহণ করার পূর্বে যেসব জ্বালানি কাঠের ব্যবসায়ীরা ব্যক্তিগত মালিকদের নিকট হইতে তাহাদের জঙ্গলগুলি লীজ লইয়াছিল, তাহারা বর্তমানে তাহাদের লীজ লওয়া অনুযায়ী জঙ্গলের কাঠও পাইতেছে না এবং তাহাদের যে টাকা ও লীজের স্বত্বে দেওয়া আছে তাহাও পাইতেছে না, ফলে তাহাদের ব্যবসা সম্পূর্ণ বিপদাপন্ন হইয়াছে। সরকারকে বহুবার ইহা জানান সত্ত্বেও সরকার কোন প্রতিকার করিতেছে না। ইহা সরকারের নীতির ব্যর্থতা। ওই লা[illegible] স্বার্থ সংরক্ষণের জন্য সরকারকে যথাযথ ব্যবস্থা অবলম্বন করিতে হইবে।

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about afforestation policy and corruption prevalent in the department.

Sj. Sasabindu Bera: Sir, I beg to move that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about policy and practice of the department.

Sj. Haripada Chatterjee:

সভাপাল মহাশয়, আমাদের বনমন্ত্রী অজাত শত্রু, আজ এখানে যে আমি সমালোচনা করছি ব্যক্তিগতভাবে তার উপরে আমার কিছু বলার নেই। কিন্তু গভর্নমেন্টএর ফরেষ্ট পলিসি সে বিষয় আমি সদস্য হিসাবে যা দেখেছি তা পরিষ্কারভাবে বলা দরকার। এর জন্য মন্ত্রী-মহাশয়কে দোষ দিই না। কারণ আমি জানি তাঁর উদ্দেশ্য সাধু। শুধু বিভাগীয়, আমলা-তান্ত্রিক বা বুরোক্রাটিক ব্যক্তিবিশেষদের ভাওতায়, ও তাহাদের প্রতি বিশ্বাস করার ফলেই তিনি মাঝে মাঝে যে আদর্শচ্যুত হন বন্ধু হিসাবে দেখিয়ে দিচ্ছি। গত কয়েক বৎসর ধরেই এই বিধানসভার বাজেট অধিবেশনে বিস্তারিত বিশ্লেষণ ও তথ্য পরিবেশ করে আমি দেখিয়ে এসেছি যে বন সংরক্ষণ ও বিজ্ঞানসম্মত উপায়ে তার ক্রমবর্ধন এবং সর্বাঙ্গীণ উন্নতির সঙ্গে জাতীয় জীবনমরণের অতি ঘনিষ্ঠ সম্বন্ধ রয়েছে। এ কথার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন। আজ আমার বক্তব্যের মূল উদ্দেশ্য—প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার কৃতকার্যের পর্যালোচনা, বর্তমান পরিস্থিতি, ও এই উভয়ের পরিপ্রেক্ষিতে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য বরাদ্দ করা অর্থের যাতে সদ্ব্যবহার হয় সে সম্বন্ধে কিঞ্চিৎ সাবধানবাণীর পরিবেশন। আজ প্রায় ৮ বৎসর ধরে আমি বন বিভাগের এ্যাডভাইসরী বডী বা পরামর্শ সভার এক সভ্য। কিন্তু সেখানে এ্যাডমিনিস্ট্রেশন সম্বন্ধে কিছু বলা যায় না। তাই এখানে কিছু বলতে হচ্ছে। কেবলমাত্র ডেষ্ট্রাকটিভ ক্রিটিসিজম বা দোষ ধরে বেড়ানই আমার পেশা বা বিলাস নয়, সুষ্ঠু পরিকল্পনার জন্য পরামর্শ গঠনমূলক উদ্দেশ্য নিয়েই আমি এই আলোচনা করছি। অন্যান্য বিভাগের তুলনায় বন বিভাগের কাজকর্ম বেশীর ভাগ লোকচক্ষুর আড়ালেই হয়ে থাকে। তাই জনসাধারণের এই বিভাগের কার্যপদ্ধতি সম্বন্ধে অজ্ঞতায় আশ্চর্য হবার কিছুই নেই। তাই বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি নিয়ে আমি সর্বসাধারণের মঙ্গল উদ্দেশ্যেই এই আলোচনা করবো। অবশ্য আমার ৩১টি কাট মোশন আছে। সবগুলি বলার সময় হবে না। আমি বেছে বেছে কয়েকটি বলছি।

প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা। জাতীয় প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার ২১ অধ্যায়ে ভারতের বন সংরক্ষণ ও সম্প্রসারণ সম্বন্ধে কয়েকটি মূল নীতির নির্দেশ দেওয়া হয়েছিল। এর সূচনায় এ কথা বিশেষ করে বলা হয়েছে যে দেশের আর্থিক উন্নতিতে বন সম্পদের অবদান অপরিহার্য। ঘর, বাড়ী, রাস্তাঘাট, যানবাহন ইত্যাদির নির্মাণে এবং যুদ্ধ সরঞ্জামের জন্য যাবতীয় উৎকৃষ্ট কাঠ ছাড়া জ্বালানী কাঠের চাহিদাও সর্বদেশে সর্বকালে যথেষ্ট পরিমাণেই আছে। তার উপর আমাদের পল্লীকেন্দ্রিক অর্থনীতির দেশে গৃহপালিত পশুর জন্য ঘাস, গুল্ম, লতাপাতা, চাষ আবাদের জন্য লাঙ্গলের ও গাড়ীর কাঠ, সস্তায় ঘর বানাতে নিম্নশ্রেণীর কাঠ, বাঁশ, খড় ইত্যাদি, কৃষি ও বৃহত্তর শিল্পের জন্য তুলা, বেত, মোম, রেশম, প্লাই ও বক্স উড, দিয়াশালাই ও কাগজ তৈরীর যাবতীয় কাঁচা মাল ও নানাবিধ ঔষধের জন্য ফুল, ফল, লতাপাতা, মধু ইত্যাদির চাহিদা ক্রমশ বেড়েই চলেছে। কৃষি ক্ষেত্রের উর্বরতা সংরক্ষণে ও জলপ্লাবন রোধ করতে বনভূমি রক্ষার একান্ত প্রয়োজনীয়তা আজ সকলেই স্বীকার করবেন। এই আদর্শে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার ২৯৪ পৃষ্ঠায় যে প্রোগ্রাম বা কর্মসূচীর নির্দেশ দেওয়া হয়েছিল তা মোটামুটি উদ্ধৃত করছি—

(১) সরকারের দখলি প্রাইভেট বা জমিদারী বনসমূহের শাসন পদ্ধতি সুদৃঢ় করণ।

(২) যুদ্ধের সময় যেসব বনভূমিতে সাধারণ নির্দেশের বা নর্ম্যাল টাইমএর অতিরিক্ত গাছপালা কেটে নেওয়া হয়েছে তার পুনর্গঠন ও পরিপূরণ।

(৩) যেসব অঞ্চলে মাটির উপরের স্তর বিশেষ করে ক্ষয়ে গিয়েছে, যার ফলে জমি অনুর্বর বা ঊষর হয়েছে, সেখানে নূতন করে বনাবাদ করা ও জমির উর্বরতা বাড়ান।

(৪) বনাঞ্চলে রাস্তাঘাটের উন্নয়ন।

(৫) গ্রামদেশে পল্লী বনাবাদের সম্প্রসারণ।

(৬) উৎকৃষ্ট কাঠ যা অল্প পারমাণে পাওয়া যায়, তদতিরিক্ত চাহিদা মিটাবার জন্য নানারকম নিম্নজাতীয় গাছের কাঠকে আধুনিক বৈজ্ঞানিক প্রথায় কেমিক্যাল অ্যান্ড সিজনিং কিলনএর সাহায্যে ব্যবহার উপযোগী করে তোলা।

National Forest Policy.

উপরোক্ত ছয় দফা কাজের জন্যই প্রতি স্টেট বা প্রদেশে লক্ষ লক্ষ টাকা কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকার গত পাঁচ বৎসরের জন্য বরাদ্দও করে দিয়েছিলেন। পশ্চিম বাংলায় এ বরাদ্দের পরিমাণ ছিল প্রায় ৮০ লক্ষ টাকা বা এক কোটির কাছাকাছি। এতৎ প্রসঙ্গে ১৯৫২ সনের ১১ই মে তারিখের নির্দিষ্ট ভারতীয় ন্যাশনাল ফরেষ্ট পলিসির মূলনীতির উল্লেখও অপ্রাসঙ্গিক হবে না।

ন্যাশনাল ফরেষ্ট পলিসি অব ইন্ডিয়ার বিধানে বিশেষ করে বলা হয়েছে যে নিম্ন সমতল-ভূমি সংরক্ষণের জন্য এক পাহাড় পর্বতেই দেশের ভূভাগে শতকরা ৬০ ভাগে বন জঙ্গল রাখা আবশ্যক; আর সমতল ভূমিতে থাকবে শতকরা অন্ততঃ ২০ বা এক-পঞ্চমাংশ অংশ বা গড়-পড়তায় বা এ্যাভারেজএ এদেশের ⅓ অংশ জমিতে থাকবে বন।

এখন দেখা যাক এই নির্দিষ্ট নীতি, যা আজ পাঁচ বৎসর আগে, এমন কি স্বাধীনতা লাভের পর থেকেই, সরকার নানা বিজ্ঞপ্তি দিয়ে বেশ ফলাও করে সবাইকে জানিয়ে দিয়েছেন, তার কতটা পশ্চিম বাংলায় এ যাবৎ করা হয়েছে?

কাজের নমুনা

এখানে পার্বত্যভূমি সর্ব উত্তর খণ্ডে—দার্জিলিং জেলায় ও ভূটানের সানুদেশে, জলপাইগুড়ির ডুয়ার্স অঞ্চলে—মোট পরিমাণ প্রায় ১,২৫০ বর্গ মাইল। এক হিমালয় অঞ্চলেই ন্যাশনাল ফরেষ্ট পলিসির নির্দেশমত শতকরা ৬০ হিসাবে ৭৫০ বর্গমাইলের উপর বন থাকা দরকার। সেখানে আছে ৪৭০ বর্গমাইল, অর্থাৎ শতকরা ৩৮। পার্বত্য অঞ্চলের বহু স্থানে প্রায় ৪৫০ বর্গমাইলের উপর গাছপালা নির্মূল করা হয়েছে। ফলে নদ নদী সাধারণত শীর্ণকায়া, বর্ষায় ভীষণা ও দুকুল প্লাবিনী। শিলিগুড়ি, জলপাইগুড়ি ও কুচবিহারের অন্তর্ভুক্ত বহু চাষের জমি, রাস্তাঘাট, রেল লাইন ইত্যাদি প্রতি বছরেই জলপ্লাবনে কি দুর্দশাগ্রস্ত হয় তাও জেলার সদস্যরা ভাল করেই জানেন। এ সত্ত্বেও যে পার্বত্য অঞ্চলে আরো ২৮০ বর্গমাইলের উপর বন সম্প্রসারণের প্রয়োজন তার এক কণাও গত পাঁচ বৎসরের মধ্যে করা হয় নি। একমাত্র সব অনাবাদী পতিত জমিতে "বনচাষ" (প্ল্যানটেশন বা এফরেস্টেশন) ও চা-বাগানে অবস্থিত বনজঙ্গলগুলির সংরক্ষণ ও উন্নয়নেই এই ঘাটতি মিটান যায়। ব্রিটিশ আমলে প্রায় প্রত্যেক বিদেশী কোম্পানীর চা-বাগানকে নিজ নিজ জ্বালানী কাঠের চাহিদা মিটাবার জন্যই অনেক বনজঙ্গল লিজ দেওয়া হয়েছিল। দার্জিলিং জেলায় চা-বাগানের নীচে ২৬০ বর্গমাইল জমি মজুত। তার অর্ধেক জমিতেই শুধু চা গাছ, বাকী অর্ধেক বন। তা সত্ত্বেও আজ ঐ জেলার তিনটি ফরেষ্ট ডিভিসন থেকে বহু জ্বালানী কাঠ শুধু চা-বাগানকেই দেওয়া হয়, অথচ স্থানীয় অধিবাসীরা বৎসরের পর বৎসর কাঠ কয়লার অভাবে হাহাকার করে। সময় সময় বন বিভাগের কর্মচারীদের তাদের হাতে লাঞ্ছিত ও নিগৃহীত হতে হয়—একথা বোধ হয় মন্ত্রী-মহাশয় বা দার্জিলিং জেলার সদস্যরা অস্বীকার করবেন না। স্থানীয় অধিবাসীদের জ্বালানী কাঠের বা কয়লার দাবী সর্বপ্রথম মিটান দরকার, এর জন্য চাই আরো বনের বিস্তার। এবং চা-বাগানের চাহিদা বিশেষ সংকোচন। বাগানের মালিককে বাধ্য করান উচিত নিজ নিজ বনভূমি সংরক্ষণে, বনাবাদে ও উন্নয়নে। তবেই জাতীয় পরিকল্পনা ও ফরেষ্ট পলিসির মূল

নীতি কতকটা পালিত হবে। বছর তিনেক আগে ভারতীয় বন বিভাগের এক বিশিষ্ট অথরিটী, প্রঃ চ্যামপিয়ন দার্জিলিংএর ফরেষ্ট পরিদর্শন করে এক বেতার ভাষণে বলেছিলেন—

"I was very shocked to learn that despite the clearest evidence staring in the face on the denuded hillsides of the most urgent need of reclothing them with protective growth nothing is being done to stabilise in this way the unstable slopes particularly above and on the landslides that wrought such havoc in 1950".

পার্বত্য অঞ্চলের প্রায় ১,৩০০ বর্গমাইল বাদ দিলে সুন্দরবন নিয়ে পশ্চিম বাংলার নিম্ন সমতলভূমির আয়তন দাঁড়ায় ২৯,৭০০ বর্গমাইল। সেখানে রক্ষিত, অরক্ষিত ও প্রাইভেট ফরেষ্টএর মোট পরিমাণ মাত্র ৩,৭০০ বর্গমাইল। অর্থাৎ শতকরা ১২·৫, সেখানে ন্যাশনাল ফরেষ্ট পলিসির মতে হওয়া উচিত অন্ততঃ ২০। গড়ে পশ্চিম বাংলায় বন রয়েছে শতকরা নির্দিষ্ট ৩৩ ভাগের জায়গায় মাত্র ১৩·৭ ভাগ। এতেই বনের অভাবটা ভাল করে বুঝে নেবেন। বহু অর্থ ব্যয়ে বা অপচয়ে এফরেষ্টেশন অফ ওয়েষ্ট ল্যান্ডসএর নামে বনাবাদ করা হয়েছে গত ৫।৭ বৎসরে প্রায় ৩৫ বর্গমাইল। এতে খরচ হয়েছে প্রায় ৫০ লক্ষ টাকার উপর; অর্থাৎ প্রতি বর্গমাইলে এক লক্ষ টাকার অনেক উপর।

[5-40—5-50 p.m.]

যে বিশাল শাল ও মিশ্র বন উত্তর বঙ্গের হিমালয়ের পাদদেশে পশ্চিমে নেপাল সংলগ্ন মেচী নদী থেকে পূর্বে আসাম প্রান্তে সম্ভোগ নদী পর্যন্ত আবহমান কাল থেকে বিস্তৃত রয়েছে, যার সুনাম শুধু বাংলাদেশে কেন ভারতবর্ষও গৌরবান্বিত, সেই বিস্তীর্ণ বন কিভাবে সংরক্ষিত হচ্ছে সেটা আপনাদের জানিয়ে দিই। এ বিস্তৃত শাল জঙ্গলে আজকাল বেড় বা গোলা হয়ে ৫।৬ ফুটের উপর শালগাছ বড় একটা দেখা যায় না। আমার বিশেষ অভিযোগ আজ এই সভায় এই যে, অপব্যবহার ও অবৈজ্ঞানিক নীতিতে পরিচালনার ফলে এই বন ক্রমশ ধ্বংসের দিকে এগিয়ে যাচ্ছে। যুদ্ধকালীন কাঠের প্রয়োজনে শিলিগুড়ির সরকারী করাত-কলকে ধারিয়ে রাখতে ও যুদ্ধোত্তর পরিকল্পনার চাপে ভাল ভাল শালগাছগুলি মনার্ক অব ফরেষ্টস কেটে শেষ করা হয়েছে। এছাড়া প্রাকৃতিক দুর্যোগে সাইক্লোন ও ফ্লাডএ বহু বন-ভূমি নিশ্চিহ্ন হয়েছে; অবশিষ্ট যেটুকু আছে সেটি সংরক্ষণ না করে বিজ্ঞানগর্হিত ওয়ার্কিং প্ল্যানএর অদ্ভুত অনুশাসনে বেশীর ভাগ রেভিনিউ হার্ভেস্টিংএর উদ্দেশ্যে ও কতকটা উর্ধতন কর্মচারী বিশেষদের বাহাদুরি নেবার অভিপ্রায়ে ক্রমশঃ শেষ হয়ে আসছে। বন বিজ্ঞান এখানে হতবাক, কেন না আজ ক বছর ধরে তার গলাটিপে রাখা হয়েছে।

খনিজ পদার্থের ন্যায় বন সম্পত্তি ক্ষয়হীন নহে। স্থিতবন চিরস্থায়ী আয়ের মূলধন, বছরে বছরে যে ইনক্রিমেন্টএর উপরে গড়ে উঠে, সেটাই এর বার্ষিক উদ্বৃত্ত আয় বা ইন্টারেষ্ট, আর সেই ঘন বর্গফুট (কিউবিক ফুট) পরিমাণ গাছ কেটে যাওয়াই বিজ্ঞানসম্মত ব্যবস্থা। ১৯৪০ সন অর্থাৎ যুদ্ধকাল পর্যন্ত সমস্ত ওয়ার্কিং প্ল্যানই সেই মূলধনের হিসাব করে ইনক্রিমেন্ট বা উদ্বৃত্ত আয়ের পরিমাণটুকু কেটে নেবার ব্যবস্থা প্রতি বছরে ছিল। কিন্তু ১৯৪০ থেকে ১৯৫২ পর্যন্ত যেসব ওয়ার্কিং প্ল্যান উত্তর বাংলায় তৈরী ও ছাপা হয়েছে, তাতে সব চাইতে দরকারী জিনিস ভলিউম কন্ট্রোল বা গাছ কাটার পরিমাণের কোনও নির্দিষ্ট সীমা বেঁধে দেওয়া হয় নি। এরিয়া বেসিসএ বন কাটা হচ্ছে—ফাঁকা জায়গা এড়িয়ে, পাতলা জঙ্গল এড়িয়ে, যেখানে যেখানে ভাল ফরেষ্ট আছে, ভাল গাছ ঘন হয়ে আছে, সেখানে কাটা হচ্ছে। অথচ ফাঁকা জায়গায় গাছ লাগানর চেষ্টা নাই। এযুগে এ ধরণের ওয়ার্কিং প্ল্যান ভারতের কোনও উন্নত প্রদেশে আছে বলে জানা যায় নি। ভলিউম কন্ট্রোল না থাকায় সাসটেন্ড এ্যানুয়াল ইল্ডএর কোনও বালাই নেই। আজ ৫।৭ বছর ধরে জলপাইগুড়ি জেলায় অবস্থিত ৩টি বন বিভাগে (ডিভিসনএ) পর পর সাইক্লোন বা ফ্লাডএর দরুন হাজার হাজার শালগাছ নির্মূল হয়ে গেছে। গত যুদ্ধকালীন ও যুদ্ধোত্তরকালে যেসব খারাপ বনাবাদ বা ফাঁকা জায়গায় মেরামত বা প্ল্যানটেশন করবার নির্দেশ প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় দিয়েছিল, তা করা হয় নি। বহু জায়গায় প্রাক্তন ক্লিয়ার ফিল্ড বনভূমি আগাছা বা কুকাঠে ভরে রয়েছে। এসব ভাল করে না মেরেই, আবার বছরের পর বছর বহুস্থানে ক্লিয়ার ফিলিং করে সেখানে বনাবাদের ব্যর্থ চেষ্টা করা হয়েছে। গত ১০।১২ বছরের প্ল্যান্টেশনগুলিতে যেসব স্পেসিজ লাগান

হয়েছে, তাও প্রশ্নমূলক। কোথায় গর্বের শাল জঙ্গল, না তা কেটে লাগান হয়েছে নানা জাতীয় বাজে গাছ, যার না আছে চাহিদা বর্তমানে না অদূর ভবিষ্যতে। বক্সা ডিভিসনের রাইমাট ও সাঙ্গুটিয়া অঞ্চলের শালকে ১৯১৫-১৬ সনে তদানিন্তন ইন্সপেক্টর-জেনারেল অব ফরেষ্টস স্যার জি, ই, হার্ট ও তাঁহার সহকারী আর, এস, ট্রুপ (যাঁরা ভারতীয় বন সম্বন্ধে অথরিটী ছিলেন) ভারতবর্ষের সর্বোৎকৃষ্ট শাল জঙ্গল বলে গেছেন। এসব কথা রেকর্ডএ আছে। এখানে বছর বছর আগুন লেগে জমির উপরস্থ ঘাস পাতা পুড়ে যায়, কিন্তু শালগাছে কোনও ক্ষতি বড় একটা হয় না। এ শাল কেটে কোথাও জারুল বা অন্যান্য বাজে গাছ, কোথাও সেগুন লাগান হচ্ছে। সেগুন দামী কাট হলেও ইকোলজিক্যালী বা ক্লাইমেটিক্যালী এটা সেগুনের জায়গা নয়। তাই শতকরা ৮০।৯০টি ডিহামনাস রোগে আক্রান্ত হচ্ছে। এসব কাটা ফরেষ্টএর ইহকাল ত গেছেই, পরকাল বলেও কিছু নেই। সাইক্লোন ও ফ্লাডএ যা ধুয়ে মুছে গেছে তার জায়গায় কমপেনসেটরী প্ল্যানটেশন বা পরিশোধক বনাবাদ করার কোনও প্রচেষ্টাই হয় নি এ কয় বছরে। রাস্তাঘাটের উন্নতি হওয়া ত দূরের কথা, আগের অনেক ভাল ভাল রাস্তাও নষ্ট হয়ে গেছে। তাছাড়া সব চাইতে বড় কথা যে সব টেন্ডিং বা কালচুরাল অপারেশনস অব প্ল্যানটেশন এই ৫।৬ বৎসর পর পর করা উচিত, এমন কি পুরান হাই ফরেষ্টএও, যথা—

climber cutting, control burning; thinning, improvement fellings

ইত্যাদি তা অনেকটা বন্ধই আছে। ফলে ১৯১৮ থেকে ১৯৫৩ সনের হাজার হাজার একর প্ল্যানটেশনস দুর্দশাগ্রস্ত। এর উপর আরও মজা এই যে সম্প্রতি তিস্তার ফ্লাড কন্ট্রোলএ যে হাজার হাজার শালবল্লীর প্রয়োজন হয়েছিল, তা মেটান হয়েছে প্ল্যানটেশন ও হাই ফরেষ্ট থেকে বাছাই বাছাই ভাল গাছ কেটে, খারাপ গাছগুলি রেখে দিয়ে। অথচ কালচুরাল অপারেশনস, থিংস ইত্যাদিতে নিয়ম হল খারাপ গাছ সরিয়ে ভাল গাছ রেখে প্রাধান্য দেওয়া। বেশী অর্থাগমের লোভে হয়েছে কিন্তু উল্টোটি। ইউটিলাইজেশন সুপারসিডেড সিলভিকালচার। এযে বন বিজ্ঞানের ভিত্তিমূলক ব্যবস্থাগুলোকে গলাটিপে মারা হচ্ছে, এ সম্বন্ধে ইন্সপেক্টর-জেনারেল অব ফরেষ্ট বা প্রঃ চ্যামপিয়নএর মতের খোঁজ মন্ত্রী মহাশয় দয়া করে নেবেন কি? তাঁরাও যে লজ্জা পাবেন, এ বলাই বাহুল্য।

বিজ্ঞানসম্মত উপায়ে বন বিভাগকে চালাতে হলে সিলভিকালচার ও ওয়ার্কিং প্ল্যানকে প্রাধান্য দিতে হয়, কারণ এ দুটোই বন বিজ্ঞানের ভিত্তিস্তম্ভ। ওয়ার্কিং প্ল্যান অফিসার সমস্ত বন ঘুরে, স্টক ম্যাপ করে ও নানা ষ্ট্যাটিসটিক সংগ্রহ করে ১০।১৫ বছরের জন্য কার্যকরী প্ল্যান করে দেন। এ গভীর দায়িত্বপূর্ণ কাজে নিয়োগ করা হয়, এমন সব ঝানু অফিসারদের, যাঁরা শিক্ষা দীক্ষা, কর্মক্ষমতা ও বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গিতে ডিপার্টমেন্টএ সুপ্রতিষ্ঠিত। অনেক প্রদেশে নিয়ম আছে যে অন্ততঃ একটি ওয়ার্কিং প্ল্যান না করলে কেউ কনজারভেটর হতে পারেন না। অথচ এই প্রদেশে আই, এফ, এস, ও ওয়েষ্ট বেঙ্গল সিনিয়র ফরেষ্ট সার্ভিস মিলে জনা ২৭ অফিসার থাকা সত্ত্বেও, আজ ৮ বৎসর ধরে এ দায়িত্বপূর্ণ কাজে এদের কাউকে দেওয়া হয় নি। আর সাসটেন্ড অ্যানুয়াল ইল্ডএর কথা ত চুলোয় গেছে, রেভিনিউ, রেভিনিউ, রেভিনিউ স্লোগানএ হেসেখেলে গাছ কেটে নাও, দুদিন বইত নয়। ১৯৪৭ সনের সিডিউল অব প্রাইস ৩।৪ গুণ বাড়িয়ে দেওয়া হয়েছে, স্বাধীনতা লাভের পর। এ অস্বাভাবিক প্রাইস ইনফ্লেশনএর দরুন রেভিনিউ ত বাড়বেই। তা ছাড়া অবিভক্ত বাংলায় আগে কি ছিল দেখুনঃ—

অবিভক্ত বাংলা

১৮৬৯-৭০ থেকে ১৮৭৩-৭৪ গড়ে বৎসরে রেভিনিউ—১,৬৪,৩৬৮।

১৮৯৯-১৯০০—১১,৩৮,৯১৩

১৯৩৬-৩৭—১৮,৩৫,৭৫৭

১৯৩৭-৩৮—১২,৩৭,৫৩০

পশ্চিম বাংলা

১৯৪৬-৪৭—৩৪,৫৯,৮২৯
১৯৪৭-৪৮—৪৫,৯৯,৮২৫
১৯৫১-৫২—৫৭,০৭,৪৬৫
১৯৫৪-৫৫—৭৩,৪৪,৭৯০
১৯৫৫-৫৬—৭৮,০০,০০০
১৯৫৬-৫৭—৮৩,০৭,০০০

রিভাইজড এষ্টিমেটএ হয়েছে এক কোটি ৩১ হাজার টাকা। অর্থাৎ এ বছর আমরা রেভিনিউ পাচ্ছি ১ কোটি ৩১ হাজার টাকা। কাজেই আমাদের জাতীয় সম্পত্তি ফরেষ্ট যদি নষ্ট হয়ে যায় তাহলে সর্বনাশ হবে।

[5-50—6 p.m.]

দক্ষিণ বাংলা প্রাইভেট ও জমিদারী ফরেষ্ট সরকারের হাতে এসে গেছে, সুতরাং এও রেভিনিউএর একটা নূতন সোর্স। এ থেকেই তো লাখ পঞ্চাশেক টাকা বছরে আমদানী হবে। যে রেভিনিউ স্বাভাবিকভাবে বেড়ে যাচ্ছে তার জন্য ব্যক্তিবিশেষে বাহাদুরি নেবার কি আছে? তবও এক শ্রেণীর কর্মচারীরা স্ফীত রেভিনিউ ফিগার দেখিয়ে আপন আপন পিট চাপড়ায় ও বোকাদের কাছে কৃতিত্ব ফলায়। ফরেষ্টারী এগ্রিকালচারএর সমশ্রেণীতে পড়ে না। কৃষি বিজ্ঞানে দোষ ত্রুটি ধরা বা সোধরান যায় ২।১ বছরের মধ্যেই, অথচ ফরেষ্টারীতে এক যুগের ভুল ধরা পড়ে পরবর্তী যুগে বা অর্ধশতাব্দী পরে। ততদিনে অবিমৃশ্যকারীর দল পগার পার, নাগালের বা জবাবদিহীর বাইরে, হয়ত বা অন্য জগতে। তাই ফরেষ্ট চালাতে চাই অতিরিক্ত সাবধানতা। আজ বেশী গাছ কেটে যেখানে বাড়তি রেভিনিউ হচ্ছে, কাল সেখানে গাছের অভাবে রেভিনিউ অর্ধেকেরও কম হবে, ইন্ড সাসটেন্ড থাকবে না। এখন দেখা যাক সুন্দরবন অঞ্চলের ১,৬০০ বর্গমাইলের বনে কি কান্ড হচ্ছে। ওয়ার্কিং প্ল্যানএ নির্দিষ্ট বাঁধাবুলি থাকা সত্ত্বেও বাওয়ালীরা আপন ইচ্ছা ও প্রয়োজনমত এখানে গাছ কেটে নিয়ে যায়। যে সব মরা, ভাংগা, বাঁকা ও পোকা বা রোগগ্রস্ত গাছ সরান দরকার ভাল গাছগুলি বাঁচাতে ও বাড়াতে সেগুলি রেখে ভালগুলিই বাওয়ালীরা কেটে নেয়, আর না নিয়েও তাদের উপায় নাই চাহিদা মেটাতে। এখনে বনচাষ বা প্ল্যানটেশন করা হয় না বা চলে না, প্রকৃতির দয়ার উপরই নির্ভর করতে হয়। এরূপ বিসদৃশ অবস্থা থাকা সত্ত্বেও প্রতি বছরই পরবর্তী এক থেকে দু বছরের রূপে অ্যাডভান্স ফেলিং হয়ে যাচ্ছে। অদূর ভবিষ্যতে সুন্দরবন অঞ্চলের বন জংগল যে একেবারে সাফ হয়ে যাবে—অবশ্য কয়েকটা চারা ছাড়া—তাতে সন্দেহ নেই, কারণ এখানেও চলছে রেভিনিউ হান্টিং।

দক্ষিণ বাংলায় বিশেষতঃ বর্ধমান, মেদিনীপুর, বীরভূম ও বাঁকুড়া জেলার জমিদারী ও প্রাইভেট ফরেষ্টস (আয়তন প্রায় ১,২০০ বর্গমাইল) এতদিন পর সরকারের হাতে এসেছে। আইনের প্যাঁচে এসব সংরক্ষণের বাধা এখনও যথেষ্টই আছে। এ সম্বন্ধে অন্যান্য ডিপার্টমেন্টের পূর্ণ সহযোগিতা অতি শীঘ্র না পেলে এ বিস্তীর্ণ বনভূমিকে রক্ষা করা এক প্রকার অসম্ভব হবে। এই গেল বন সংরক্ষনের কনসারভেসন অব ফরেষ্টস এর কথা।

এইবার ধরা যাক বন সম্প্রসারণ, বন সৃষ্টির বা বনাবাদের কথা। এ্যাফরেসটেশন অব ওয়েষ্ট ল্যান্ডস (সরকারী ও বেসরকারী) এর নামে দক্ষিণ কেন্দ্রে বিগত ৬।৭ বছরে মোট প্রায় ৩৫ বর্গমাইল বা ২২½ হাজার একর বনাবাদ করা হয়েছে প্রতি জেলায় খন্ড খন্ড জায়গায়, এতে খরচও হয়েছে প্রায় ৪৫ থেকে ৫০ লক্ষ টাকা, অর্থাৎ একর প্রতি প্ল্যানটেশনএর খরচ হয়েছে ২০০ টাকা করে। কোন কোন জায়গার প্ল্যানটেশনএর হিসাব নিলে (যথা মেদিনীপুরের আড়াবাড়ি ও বেলপাহাড়ী এবং নদীয়ার বেথুয়াডহরী বা রাণাঘাট) দেখা যাবে যে প্রতি একরে গড়ে ২০০ টাকার জায়গায় খরচা পড়েছে ৪।৫ লক্ষ টাকা। এছাড়া জমির দাম বা ক্ষতিপূরণ,

বন কর্মচারীর বেতন, ট্রাভেলিং এলাউন্স, সরকারী গাড়ীর ও ঘরবাড়ীর যাবতীয় অন্যান্য খরচা ত আছেই। সরকারী বিজ্ঞপ্তিতে দেখা যাচ্ছে প্রথম পঞ্চবার্ষিকী প্ল্যানে বর্তমান বছরের এষ্টিমেট ধরে মোট খরচ প্রাইভেট ফরেষ্ট সংরক্ষণ ও এ্যাফরেসটেশন অব ওয়েষ্ট ল্যান্ডস্ বাবদ ৭৬.৭৪ লক্ষ টাকা। আর দ্বিতীয় পঞ্চবার্ষিকীর জন্য টাকা ধার্য হয়েছে ১ কোটি ৯৭ লক্ষ অর্থাৎ প্রায় দু কোটি টাকা। প্রথম পঞ্চবার্ষিক প্ল্যানএ আমরা যে ভুল করেছি সে সম্বন্ধে কিঞ্চিত আলোচনা করা দরকার। নইলে দ্বিতীয় পঞ্চবার্ষিক প্ল্যানও আবার সেই ভুল করে বসতে পারি। একথা না বলে পারছিনে যে প্রথম পঞ্চবার্ষিক প্ল্যানএ ল্যাটেরাইট জোনএ যে প্ল্যানটেশন করা হয়েছে তার টেকনিক প্রশ্নমূলক, যেহেতু তা বিজ্ঞানসম্মত উপায়ে, আগে ভাগে এক্সপেরিমেন্ট করে ফলাফল দেখে করা হয় নি, ফলে বহু অর্থের অপচয় হয়েছে। সব চেয়ে আপশোষের কথা এই যে যেসব স্পেসিস বা জাতীয় গাছ এখানে এই পাঁচ বৎসরে লাগান হয়েছে তার অধিকাংশই বাজে এক্সোটিক, কোনও কালে তার চাহিদা ছিল না বা অদূর ভবিষ্যতে হবে না। যেখানে চারদিকে আবাহমান কাল অবস্থিত শাল, পিয়াশাল ও মহুয়ার জঙ্গল (অথবা ভাগীরথির পূর্বাংশের বাবলাগাছ) আর যেসব শালগাছের জ্বালানী কাঠ শহরে ও গ্রামদেশে চালান হয় বা রেল স্টেশনের পাশে চালান হবার জন্য স্তূপীকৃত হয়ে বছরের পর বছর পড়ে আছে দেখা যায়, সেই সব জায়গায় বিশেষতঃ ল্যাটেরাইট জোনএ শাল বা অন্য ইন্ডিজেনাস স্পেসিস না লাগিয়া মিঞ্জুরী (ক্যাসিয়া সিয়ামিয়া) আকালমনি (এ্যাকিয়া ম্যানলিফর্মস), অর্জুন (টারমিনালিয়াজুর্ন) গোকুল (এ্যালিনথাস এক্সেলটা) প্রভৃতি বাইরের এক্সোটিক স্পেসিস লাগাবার ব্যর্থ প্রয়াস বনভিজ্ঞ ব্যক্তি মাত্রেরই নিন্দার্হ। এই যত্নতত্র এক্সোটিকস লাগাবার বিরুদ্ধেই গত ওয়ার্লড ফরেষ্টারী কংগ্রেসএর দেরাদুন অধিবেশন নির্দেশ দিয়েছিল গত বছরের বাজেট বিতর্কে আমি তাও উদ্ধৃত করেছিলাম যে, মাদ্রাজ মিঞ্জুরীর জন্মভূমি, যে মাদ্রাজ প্রদেশও জ্বালানী কাঠ হিসাবে একে আর আমল দেয় না। আকাশমনিকে এক ওয়াটল স্পেসিস বলে পশ্চিম বাংলার বন বিভাগ কুলীন করবার ব্যর্থ চেষ্টা করেছিলেন, কিন্তু ওয়াটল বলে কেউ একে মানে নি বা ওয়াটল জাতীয় গাছের কোনও কেতাবে এর হদিস পাওয়া যায় না: নদীয়া, মুর্শিদাবাদ ও পশ্চিম দিনাজপুর জেলায় স্বল্প ব্যয়ে টেইনগ্যা প্ল্যানটেশন বা এগ্রি-কাম ফরেষ্টারীর সাহায্যে বনচাষ না করে লাখ লাখ টাকা অহেতুক খরচ করা হয়েছে। অথচ এই সব জায়গায় বনাবাদের চতুষ্পার্শেই রয়েছে আবাদী ধান বা পাটের ক্ষেত। কৃষিজাত দ্রব্য লাগালে আগাছা বা ঘাস জঙ্গলে বন ক্ষেত ভরে যেত না। এখানকার নিজস্ব (ইন্ডিজেনাস) নানা ব্যবহারোপযোগী গাছ হচ্ছে, 'বাবলা'। কিন্তু তা লাগান হচ্ছে হালে, তাও কম করে। অত্যন্ত পরিতাপের বিষয় এই যে প্রায় ৩৫ বর্গমাইল বনাবাদের দুই-তৃতীয়াংশই মিঞ্জুরী, আকাশমনি, অর্জুন প্রভৃতি বাজে গাছ দিয়ে ভরে দেওয়া হয়েছে, যার অনেক আবার মরেও গেছে। একর-পিছু দুশো আড়াইশো টাকা করে খরচ করে গাছ লাগিয়ে এ থেকে ১৫।২০ টাকাও উঠবে না। বস্তীর বা শহরের লোকে বিনামূল্যেও এসব গাছ থেকে জ্বালানী কাঠ সংগ্রহ করবে না। অথচ নিকটবর্তী প্রাইভেট শাল ফরেষ্টের আয় একর প্রতি ১৫০ থেকে ২০০ টাকা। প্রায় ৪৫ লক্ষ টাকার যে ক্যাপিটাল ইনভেষ্টমেন্ট এসব প্ল্যানটেশনএ করা হয়েছে তার অন্ততঃ অর্ধেকটাই জলে গেছে। বাকীটার কম্পাউন্ড ইন্টারেস্ট কখনই এসব বনাবাদ থেকে উদ্বৃত্ত হবে না। ফল্টি স্পেসিস ও টেকনিকএর দোষে বছরের পর বছর হাজার হাজার চারাগাছ মরে গেছে। যার জন্য অনেক প্ল্যানটেশনএ নূতন করে চারা গাছ, বার বার করে লাগাতে হয়েছে, খরচও সেই অনুপাতে বেশী পড়েছে। শুধু গত বছরই, জন কয়েক কর্মচারী নিজেদের দায়িত্বে শাল, পিয়াশাল ইত্যাদি লাগিয়ে সুবুদ্ধির পরিচয় দিয়েছেন ও আশাতিরিক্ত ফল পেয়েছেন। এ প্রসঙ্গে দক্ষিণ কেন্দ্রের দুটী বাহারের এ্যাফরেস্টেশন স্কীম যা ১৯৫০ থেকে ১৯৫৫ পর্যন্ত বলবৎ ছিল রসিকের ভাষায় গীতা চন্ডী নামে তার ফাঁকি ও গলদ এতদিনে সবারই চোখে পড়েছে। এখন প্রশ্ন এই যে, কাদের ব্যক্তিগত স্বেচ্ছাচারিতায় বা অকর্মণ্যতায় এরূপ অবৈজ্ঞানিক প্রচেষ্টা ও তদ্ধেতু অর্থের অপচয়, আজ ৭।৮ বছর ধরে চলে এসেছে। মন্ত্রীমহাশয়কে আমি দেখিয়ে দিয়েছি যে একমাত্র পদাধিকারের জোরেই ব্যক্তিবিশেষের কতকটা গোয়ার্তুমির ফল এই প্রশ্নমূলক হাস্যকর "বনাবাদ"। সৌভাগ্যক্রমে পশ্চিম বাংলার বন বিভাগে বৈজ্ঞানিক দৃষ্টি-ভঙ্গি নিয়ে কাজ করবার মতন অন্ততঃ ১০।১২ জন ইউনিভার্সিটির ফার্ষ্ট ক্লাশ ডিগ্রিধারী অফিসার আছেন, এর মধ্যে অন্ততঃ চার জন বি, এস, সি, এম, এস, সি,তে ফার্ষ্ট ক্লাশ ফার্ষ্ট

ও স্নজন ৭।৮ বোটানী বা উদ্ভিদ বিজ্ঞানে এম, এস, সি, পর্যন্ত পড়া। এঁদের কেউ কেউ দেরাদুন ফরেষ্ট কলেজের সর্বোৎকৃষ্ট ট্রেনিংএ প্রথম ও দ্বিতীয় স্থান লাভ করেছিলেন। অক্সফোর্ড রিফ্রেশার কোর্সও নিয়েছেন। চাকরিতেও ৫।৭ বছরের বেশী অভিজ্ঞতা রাখেন। এঁদের মতামত না নিয়ে বা ফরেষ্ট রিসার্চ ইনষ্টিটিউটএর অভিজ্ঞ লোকদের সঙ্গে এখানকার ওয়েষ্ট ল্যান্ডগুলির একোলজিক্যাল (ক্ষেত্রবিজ্ঞান সম্বন্ধীয়) এ্যাসপেক্ট ভাল করে না স্টাডি করেই, এসব অকাজ বা কুকাজ করা হয়েছে। আর এই পরিপ্রেক্ষিতেই দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় আবার যাতে নির্দিষ্ট টাকা নিয়ে ছিনিমিনি খেলা না হয়, তার জন্যই আমি সাবধান-বাণী উচ্চারণ করছি।

প্রথম পঞ্চবার্ষিকীর নির্দিষ্ট প্রোগ্রামের পূর্ববর্ণিত ছয়টির মধ্যে প্রথম তিনটির আলোচনা করা হল। চতুর্থ দফায়, বনাঞ্চলে রাস্তা ঘাটের উন্নয়ন, এটার যে বিশেষ কিছুই করা হয় নি সে সম্বন্ধে আশা করি ডুয়ার্সের কংগ্রেস সদস্য শ্রীপীযুষকান্তি মুখোপাধ্যায় সে কথা গত-বারেও বলেছেন এবারেও স্বীকার করবেন। পঞ্চম দফায়, গ্রামদেশে পল্লী বনাবাদের বা ফার্ম ফরেষ্টারীর একক বা যৌথভাবে কোনও চেষ্টাই এ যাবৎ হয় নি। এ্যাফরেস্টেশন অব ওয়েষ্ট ল্যান্ড এ পর্যায়ে পড়ে না, বড় জোর ডিমনষ্ট্রেশন ফার্মএর বাগানের মত রাস্তার পাশে পাশে সে থেকে কিছু জ্ঞানলাভ হতে পারে। আভ্যন্তরীণ গ্রামদেশের সঙ্গে তার সংযোগ নেই। আর এগুলি থেকে গ্রামবাসীদের সাধারণ চাহিদা কোনও দিনই মিটবে না। এসব পরিদর্শকের কাছে কাজের বা অকাজের বিজ্ঞপ্তিমান।

শেষ ষষ্ঠ দফায়, কেমিক্যালস ও সিজনিং কিলনএর সাহায্যে অপেক্ষাকৃত নিম্নশ্রেণীর কাঠকে কাজে লাগাবার চেষ্টাও বিশেষ কিছুই হয় নি। বহু অর্থ ব্যয়ে শিলিগুড়ি করাত কলের সঙ্গে একটা সিজনিং কিলন করা হয়েছে আজ ৪।৫ বছর হল, কিন্তু মন্ত্রীমহাশয় অনুসন্ধান করবেন কি এ পর্যন্ত কত ঘনফুট কাঠ এ কিলনএ সিজন্ড হয়েছে, আর স্থাপন করার পর ক দিনই বা এটা চালু রয়েছে।

দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা

প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় খরচ হয়েছে ৭৬ লক্ষ ৭৪ হাজার টাকা, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বরাদ্দ হয়েছে ১ কোটি ৯৭ লক্ষ টাকা অর্থাৎ প্রায় ২ কোটি টাকা। নূতন পরিকল্পনা বা নিউ স্কীমএর ৬৭ পাতায় দেখছি প্রথম দফায় কাগজের কলগুলির জন্য ওয়েষ্ট ল্যান্ডএর উপর বিপুল অয়তনে বাঁশ ও সাবাই ঘাস এবং দিয়াশলাইএর কাঠ লাগাবার জন্য বহু টাকার বরাদ্দ হয়েছে। এই বাবদ মোট বরাদ্দ ৫২ লক্ষ ৭৫ হাজার টাকা। কাগজের কলে সাবাই ঘাসের চাহিদা ক্রমশঃ কমে যাচ্ছে, বাঁশের চাহিদা অবশ্য বরাবরই আছে। উড়িষ্যায় বিরলাদের মিল আছে ও জে, কে, ইন্ডাষ্ট্রীজ শীঘ্রই হয়ত একটা মিল বসাবেন। এ দুটো চালু রাখতে পশ্চিম বাংলায় উড়িষ্যা থেকে বাঁশ আনা বন্ধ হয়ে যাচ্ছে।

[6—6-10 p.m.]

অথচ এখানেই কাগজের মিল অনেক বেশী ও প্রাচীনতর। এই তথাকথিত সংযুক্ত ভারতে পরস্পরবিরোধী প্রাদেশিক নীতি। যাক, এঁরা শুনছি একোলজিক্যাল স্টাডি না করে, এক্সপেরিমেন্ট না করে, ল্যাটেরাইট জোনএ বিস্তৃত জমিতে বাঁশ লাগাবেন। আমি বলি—একসোটিক লাগিয়ে এর আগে যে ভুল হয়েছিল, আবার এই বাঁশ লাগিয়ে সেই ভুল হবে। এতে বহু টাকার অপব্যয়ের আশঙ্কা রাখি। ল্যাটেরাইট জোনএর কাঁকরময় জমিতে বাঁশ লাগালে তার শতকরা কতটি ঝাড় বাঁচবে, তার খরচই বা কি পড়বে, ভবিষ্যতে জমির উপর কি প্রতিক্রিয়া হবে—এ সব না জেনেশুনে, না বুঝে লার্জ স্কেলএ এ কাজে অগ্রসর হওয়া আদৌ সমীচীন হবে না। ইতিমধ্যেই মাননীয় মন্ত্রীমহাশয় খবর নিলেই জানবেন যে, যে বাঁশ লাগান হয়েছে, তার মৃত্যুহার খুব বেশী হয়েছে। বাঁশের জন্য চাই মাটীর স্তর, আর কিছু ছায়া। লোকের গৃহ প্রাঙ্গণের আনাচে কানাচে তাই ল্যাটেরাইট জোনএর গ্রামবাসীরা বাঁশ লাগায়। মরুভূমিতে বা শুকনো হাড়ে বাঁশ গজায় না। উত্তরবঙ্গে ও দক্ষিণ বঙ্গের পলি জমিতে বিস্তৃতভাবে বাঁশ লাগান যেতে পারে।

দ্বিতীয় দফায় হচ্ছে—কোষ্টাল সেলটার বেল্টএর পর্যায়ে হলদী ও হুগলী নদীর সঙ্গমস্থল থেকে উড়িষ্যার সীমানা পর্যন্ত অন্ততঃ মাইল তিনেক চওড়া একটা ট্রি-বেল্ট বা বৃক্ষবলয় গড়ে তোলা খুবই দরকার। তা না হলে চলমান বালিয়াড়ি (রোলিং স্যান্ড ডিউনস) বা অতিকায় সমুদ্র তরঙ্গ (টাইড্যাল ওয়েভস), পশ্চিম বাংলাকে আঘাত করবে। এর জন্য চাই সুষ্ঠু পরিকল্পনা। যে ৭লক্ষ ৫০ হাজার টাকা বরাদ্দ হয়েছে, এর জন্য, তাতে কিছুই হবে না। এই বৃক্ষবলয়ের জন্য মূলধন নিয়োগ খুবই লাভের। আমি দেখেছি এক একর মাত্র জমিতে এক বছরে আটশো পেয়েছে। অন্য কোন ইনভেষ্টমেন্টএ এত লাভ হতে পারে না। এদিক থেকে বিবেচনা করে আরো অধিক টাকা এ খাতে বরাদ্দ করা উচিত ছিল। টেস্ট রিলিফটা বন সৃজনের কাজের মাধ্যমে দেওয়া যেতে পারতো।

তারপর তৃতীয় দফায়—সেগুনের জন্য দশ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। জলপাইগুড়ি ও দার্জিলিং জেলার ফুট হিলসএ বিশেষ বিবেচনা করে স্থান নির্বাচন করতে হবে। সেখানে যত্রতত্র ভাল শালগাছ কেটে, সেগুন লাগান ঠিক হবে না। এর পূর্বে অনেক স্থানে ঐরূপ করার কুফল ফলেছে। এতে কীট ও কাঙ্করগ্রস্ত সেগুন এত বেশী হয়েছে যে তার ভবিষ্যত বিশেষ কিছুই নেই। একদিকে বৃষ্টিপাতের পরিমাণ এখানে বেশী, আবার অন্য দিকে বছর বছর এসব জঙ্গলে আগুন লাগে। এ দুটোর কোনটিই সেগুনের পক্ষে ভাল নয়। এ অঞ্চলে বিশেষ বিশেষ স্থানে খণ্ডভাবে সেগুন লাগান যেতে পারে, আর পারে দক্ষিণ বাংলার বহু স্থানে।

চতুর্থ দফায় হচ্ছে—রোপওয়ে। ১৯৪৯ সালে সিঙ্গালিলা ও টাঙ্গসুয়নের অঞ্চলে পরিভ্রমণ করে যে সহস্র সহস্র টন কাঠ আগুন লেগে বন পুড়ে গিয়ে এখানে নষ্ট হচ্ছিল দেখেছিলাম—সেগুলি রোপওয়েএর সাহায্যে নামাবার জন্য বিশেষ সুপারিশ করেছিলাম; এতদিন পরে সেই রোপওয়ে হতে চলেছে। কিন্তু এখন জানা দরকার ঐ গাছের কি পরিমাণ কাঠ এখনো বর্তমান আছে। ক্যাচমেন্ট এরিয়া সেখানে, লক্ষ লক্ষ টন গাছ এতদিনে হয়ত পচে গলে শেষ হয়ে গেছে। ক্যাচমেন্ট এরিয়া বা ওয়াটার সেডসগুলিতে ক্লিয়ার ফিলিং করা মোটেই উচিত হবে না।

তারপর আমি কিছু ফরেষ্ট ওয়েষ্টএর কথা বলবো। এ সম্বন্ধে আমি দুঃখের সঙ্গে দু-একটি কথা বলতে চাই। তা না হলে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা কৃতকার্য্য হবে না। আমরা স্বাধীন জীবন্ত জাতি। তাই স্বাধীন জীবন্ত জাতি যদি হই, তাহলে আমাদের বিশেষ বিবেচনা করে কাজ করতে হবে। কারণ আজকে যারা বন তৈরী করছে, তাদের প্রতি আমরা মোটেই নজর দিতে পারছি না। সুন্দরবনে যারা বন তৈরী করছে, তারা বহু দূরের পুকুর থেকে বৃষ্টির জল ভাড়ে করে নিয়ে যায় পান করবার জন্য। তাদের জন্য পানীয় জলের কোন ব্যবস্থা নাই। একটা টিউবওয়েল আজ পর্যন্ত সেখানে হল না।

তারপর ওয়েষ্ট যে কত হচ্ছে, তার ঠিকানা নাই। আজ পর্যন্ত এসব বলি নাই। কিন্তু না বললে দায়িত্ব-পালনে অবহেলা করা হবে। অর্থ অপচয় বা অপব্যবহারের বড় বড় কয়েকটা দৃষ্টান্ত দেই শুনুন। আমাদের গাড়ী আছে গোটা পঞ্চাশের কম নয়। এর ভেতর আছে উইপন ক্যারিয়ার, পিক-আপ ভ্যান, ল্যান্ড রোভার, জীপ ও নানা টনের ট্রাক। এখানে মিঃ কফি ছিলেন চীফ কনজারভেটর। তিনি কখনো অফিস যাতায়াতে সরকারী গাড়ী ব্যবহার করতেন না। আমরা ইংরেজ আমলের গুণগুলি পাই নি, দোষগুলি পেয়েছি। ইংরেজ চলে যাবার পর আমরা বেশী বুরোক্রেটিক হয়েছি। কফি সাহেব চলে গেলে পর সব ব্যতিক্রম হয়েছে। এখন সরকারী গাড়ী ব্যবহারটা যেন রেগুলার হয়ে গেছে। অবশ্য অন্য ডিপার্টমেন্টএ এ-সম্বন্ধে সার্কুলার দেওয়া হয়েছে। তারপর যিনি চীফ কনজারভেটরএর স্থানে সি, জি, এফ, হয়ে এসেছেন, তিনি রেগুলার প্রত্যেকদিন বন বিভাগের সরকারী গাড়ীতে অফিস যাওয়া-আসা করেছেন। রিজেন্ট পার্কএ তিনি থাকতেন। এমনকি তাঁর ছেলেকেও সরকারী গাড়ীতে করে নিয়মিত স্কুলে পৌঁছে দেওয়া ও নিয়ে আসা হয়েছে। এটা হবে কেন? এইসব খরচ বাঁচালে কি বনের মধ্যে নিম্ন-কর্ম্মচারীদের জন্য টিউব-ওয়েল করতে পারেন না?

তারপর ওয়ার্লড ফরেষ্ট কংগ্রেস হলো দেরাদুনে। সেখানে পূর্ব-পাঞ্জাব, উত্তর প্রদেশ, মধ্য-প্রদেশ, বিহার—কোথাও থেকে কেউ কোন গাড়ী পাঠালেন না। আর আমাদের এখান থেকে গাড়ী চলে গেল ডি-লুক্স ষ্টেশন ওয়াগন। এ বিষয়ে ফাইন্যান্সএর মতও হয়ত নেওয়া হয় নাই। মাত্র ৩।৪ মণ মাল গিয়েছিল—সব লিটারেচার। এটা অক্লেশে রেলে পাঠান যেতে পারতো। এর জন্য স্পেশাল কন্সেসন দেওয়া হয়েছিল। কিন্তু তা গেল না। এই ওয়াগনে ডানলোপিলো সীট ছিল। অন্ততঃ ৪।৫ জন অফিসার আরাম করে সে গাড়ীতে যেতে পারতেন। তা কেউ গেলেন না। না গিয়ে তাঁরা ডি,এ, টি,এ, সব করলেন। অন্যান্য জায়গায় অফিসাররা গাড়ীতে গিয়েছে—তা লগ বুকএ দেখান হয় নাই। এ-সবগুলো আমার বুকে লাগছে। তাই বলছি—দেশের ভেতর একটা প্রেরণা নিয়ে আসতে হবে। কিন্তু এইসব কাজে তা ব্যাহত হচ্ছে।

তারপর ইণ্ডিয়ান ওয়াইল্ড লাইফ বোর্ডএর মিটিং হলো কলিকাতায়, গত ১৯৫৫ সালের ফেব্রুয়ারী মাসে, কেন্দ্রীয় সরকারের ব্যয়ে, কেন্দ্রীয় সরকারের টাকায়। দক্ষিণ বাংলার সব ফরেষ্ট ডিভিসন থেকে সরকারী গাড়ীগুলি আনান হয়েছিল, সেখানে জমা করা হ'ল। কাঁরা কোথায় শপিংএ যাবেন, কোথাও এক্সকার্সনএ যাবেন, দক্ষিণেশ্বরে যাবেন, তার জন্য সেই গাড়ীগুলি তাঁদের ডিস্পোজালএ রাখা হ'ল। পশ্চিম বাংলার এ দায়িত্ব কেন? কেন এই পয়সাগুলো বাঁচিয়ে তো ফরেষ্টএর মধ্যে টিউব-ওয়েল করতে পারতেন? মাননীয় মন্ত্রীমহাশয়, এ বিষয়গুলি দেখবেন। তিনি সাধু মানুষ, তিনি লোককে বিশ্বাস করেন এবং বিশ্বাস করেন বলেই ঠকে যান।

তারপর ওরি প্রাদেশিক কমিটীর অধিবেশন হ'ল নীলপাড়া ফরেষ্টে। সেখানে হলো কি—স্পীকার মহাশয়, আপনি শুনে আশ্চর্য হবেন। সেখানে ডাইনামো বসান হ'ল আলোর জন্য। কেন না, বন্য পশু রক্ষা করা হবে! পূর্বে দেখেছি সেখানে যখন লাটসাহেব শিকার করতে যেতেন, তখন হ্যাসাগ্ বাতী জ্বালাতেন। শিকারের সময়ে যতদিন সেখানে থাকতেন, তার খরচের প্রত্যেকটি পয়সা গুণে দিয়ে আসতেন আসবার সময়। কাজেই ইংরেজের যা গুণ ছিল তা আমরা নিতে পারি নাই। আজ যদি আমরা দেশের সামনে ভাল আদর্শ দিতে না পারি, তাহলে বিবেকের কাছে দায়ী হবো।

তারপর আর একটা কথা বলি। এক অজ্ঞাত যুবক—নাম করে দরকার নাই—আমি এর মধ্যে গরুমারা ফরেষ্টে ঘুরতে গিয়ে দেখেছি—বাংলোর ভিজিটর বুকএ তার নাম আছে। বিশিষ্ট লোকের তিনি আত্মীয়। এই অজ্ঞাত যুবক বিবাহের পর সস্ত্রীক মধুচন্দ্র যাপনের জন্য সেখানে গিয়ে ২০ দিন থাকেন। বন বিভাগের সরকারী গাড়ী, হাতী সর্বদা তাঁর জন্য মজুত থাকতো। শিলিগুড়ি থেকে সরকারী গাড়ীতেই তিনি সেখানে গিয়াছেন। একজন ফরেষ্ট রেঞ্জার সেখানে সব সময় হাজির রয়েছেন, তাঁদের সুখ-সুবিধা তদারক করবার জন্য। স্বাধীন দেশের মন্ত্রীমহাশয় তিনি, তাঁকে এগুলো বলছি। তাঁর অপরাধ হলো, আমার অপরাধ। তাই তাঁকে চেপে ধরতে হবে।

(এ ভয়েসঃ তাঁর নাম বলুন, কে সেই অজ্ঞাত যুবক?)

তাঁর নাম করতে নাই। উনি বারণ করেছেন। হয় ত তাঁর অসুবিধা হতে পারে। নাম—শংকরলাল সেন। [হাস্য।]

[6-10—6-20 p.m.]

কেন তাঁকে দেওয়া হ'ল? আমি যদি যেতাম—আমি অবশ্য ফরেষ্ট এ্যাডভাইসরি বোর্ডএর মেম্বার, আমাকে হয় ত দিতে পারে, কিন্তু অতীনবাবু যদি বিবাহ করেন [হাস্য] এবং যদি মধুচন্দ্র যাপন করতে যান, তাঁকে কি এইসব সুখ-সুবিধা দেবেন? নিশ্চয়ই দেবেন না।

যাক, এখন মোটর লঞ্চের ব্যাপারে আসছি। সুন্দরবন অঞ্চলের বন বিভাগে মোটর লঞ্চের দরকার, এ-কথা কেউ অস্বীকার করবেন না। সেখানকার ফরেষ্ট ডিপার্টমেন্টের লঞ্চ ছাড়া কাজ চলতে পারে না। কিন্তু যে লঞ্চগুলি কেনা হয়েছে, তার প্রায় সবগুলি সেকেণ্ড হ্যাণ্ড।

অবশ্য দেশ বিভাগের সময় গত্যন্তর ছিল না, কারণ পাকিস্তান বড় ও ভাল লঞ্চ সবই তখন পূর্ব-পাকিস্তানে নিয়ে গেছে, আমরা ত সব সাত্বিক মানুষ—অত্যধিক সাত্বিক তা ঠেকাতে পারি নি। তাই প্রথমটা সেকেণ্ড হ্যাণ্ড লঞ্চ ছাড়া উপায় ছিল না। কিন্তু ১৯৫২-৫৩ সনে একটা নূতন লঞ্চ কেনার ব্যাপারটা শুনুন। নূতন লঞ্চ কেনার বাবদ ৬০ হাজার টাকার উপর সরকার স্যাংশন দেন—"নূতন" কথাটা লক্ষ্য রাখবার। বডিটা নূতন করে তাতে মেসিন পার্টস, ইঞ্জিন ইত্যাদি পুরানো সেকেণ্ড হ্যাণ্ড বসিয়ে দিয়ে গভর্ণমেণ্টকে মস্ত ফাঁকি দেওয়া হ'ল; যার ফলে গত তিন বছর ধরে বার-বার এই "বনলক্ষ্মী" লঞ্চটিকে ডকে মেরামতের জন্য পাঠিয়ে হাজার হাজার টাকা যে ইতিমধ্যে খরচ হয়ে গেল তার জবাব দেবে কে? বনলক্ষ্মী এখন অলক্ষ্মী হয়ে গেছে। [হাস্য।]

এর পর গভর্ণমেণ্ট আবার স্যাংশন দিলেন আর একটা বড় নূতন লঞ্চ কেনবার জন্য, টাকার পরিমাণ ১ লক্ষ ১০ হাজার। যখন পর্যন্ত হুগলির ডকিং কোম্পানীর ফাইন্যাল ড্রইংই ভাল করে শেষ হয় নি তখন এই কোম্পানীকে এগ্রিমেণ্ট ছাড়াই ১৯৫৪ সনের ৩১শে মার্চ ঐ লঞ্চের জন্য ৬০ হাজার টাকা অগ্রিম দেওয়া হ'ল নিয়মের ব্যতিক্রম করে; একাউণ্টেণ্ট-জেনারেলের অডিট ত বটেই, এমন কি সরকারের আইন-সচিব যে প্রশ্ন তুলেছেন ও আপত্তি করেছেন, এখনো বোধ করি তার নিষ্পত্তি হয় নি। উক্ত কোম্পানী উপরোক্ত এ্যাডভান্স দেবার বছর দেড়েক পরে লঞ্চ তৈরী করে বন বিভাগকে দিয়েছে। এগ্রিমেণ্ট বোধ করি এখনো সই হয় নি, বাকি টাকাও স্যাংশনড, যে ১ লক্ষ ১০ হাজার তার অনেক উপরে চলে গেছে, এখনো দেওয়া হয় নি। প্রায় ছ' মাস হ'ল এই নূতন লঞ্চ—নাম দেওয়া হয়েছে "বনশ্রী"—চালু হয়েছে, এই অল্প সময়ের মধ্যেই বনশ্রী এতই বিশ্রী হয়ে উঠেছে যে অন্ততঃ ৪।৫ বার একে এর সূতিকাগৃহ হুগলী ডকিংএ মেরামতের জন্য পাঠাতে হয়েছে। আরো যে ৩টি পুরানো লঞ্চ আছে তার বাৎসরিক মেরামতের খরচায় নূতন লঞ্চ কেনা চলে। এই যে লঞ্চ ও মোটর ডিঙ্গি প্রভৃতির মেরামতের জন্য বছরে লাখ লাখ টাকা ব্যয় হচ্ছে তার যথোচিত সদ্ব্যবহার হচ্ছে কি? অথচ বনের ভিতর যাঁরা বরাবর বাস করছেন, পানীয় জলের অভাবে তাঁদের কণ্ঠের পরিসীমা নাই, তাঁদের সে কষ্ট দূর করবার কোনই চেষ্টা নেই। বৃষ্টির জল ধরে, অথবা দূর থেকে টিনের ভাঁড়ে করে, পুকুরের জল ডিঙ্গি করে এনে তাঁরা ব্যবহার করেন। হাজার দু'হাজার টাকার মধ্যেই একটা করে নলকূপ করা যায়, আজ স্বাধীনতার পর ৮ বছরের মধ্যেও একটা নলকূপ বন বিভাগ করেছেন বলে জানা যায় নি। এদিকে বন বিভাগের কাজ পরিদর্শন ছাড়াই ভি.আই.পি.দের বস্তি অঞ্চলে মিটিং করা বা গপ্পাসাগরে ডুব দেওয়ার জন্য প্রতি বছর অকাজে যে আনাগোণা হয় তার খরচেই বছরে ৪।৫টা করে নলকূপ বসানো যেতে পারে।

[At this stage the blue light was lit.]

সংবাদ আমার এখনো বাকি আছে স্যার! আমি ফরেষ্টএর অনেক জায়গায় গিয়েছি। দেখেছি ফরেষ্টএ স্কুল বাড়ী তৈরী হয়েছে। ফরেষ্ট ডিপার্টমেণ্ট যেরকম সুন্দর বাড়ী তৈরী করতে পারে এরকম কোন ডিপার্টমেণ্টই পারে না। তাদের নিজেদের কাঠ, নিজেদের লেবার দিয়ে তৈরী করার জন্য বাড়ীগুলি অত ভাল হয়। দেখলাম যে স্কুলগুলি স্টার্টেড হয়েছে, তার মাষ্টার নাই, লাইব্রেরী আছে, ফার্নিচার আছে, বেল রয়েছে, বাজাতেই ছেলেরা এল, কিন্তু কোন স্কুলেই শিক্ষক নেই। সরকারের এডুকেশন ডিপার্টমেণ্টের কাছে জানানো হয়েছে। তারা বলে পাঠিয়েছে, না, মাষ্টার এখন হবে না। অথচ ফলাও করে বলা হয়—অনুন্নত অঞ্চলে অনুন্নত সম্প্রদায়ের শিক্ষা বিস্তারের জন্য সরকার কর্তৃক কি চেষ্টাই না হচ্ছে! অথচ যে প্রাইমারী স্কুলগুলি সেখানে হয়েছে, সেখানে ছেলেরা লেখাপড়া শিখতে এসে দেখে মাষ্টারই নেই। বন বিভাগকে মাষ্টার নিয়োগের দায়িত্ব দিলে তারা বহু পূর্বে মাষ্টার নিয়োগ করতে পারত কিন্তু এডুকেশন ডিপার্টমেণ্ট নিজেরাও করবেন না তাদেরও করতে দেবেন না, ফলে সবকিছু হয়ে মাষ্টার অভাবে এক বৎসর ছেলেদের পড়া হ'ল না।

তারপর, ফরেষ্ট ভিলেজ করবেন বলে হাজার হাজার টাকা খরচ করে কতকগুলি ঘর তৈরী করেছেন। সে ঘরগুলি খালি খালি পড়ে আছে, তাতে লোক নেই। যখন আসলে করবেন না কিছুই তখন মিছি মিছি লোক দেখানো কাজ করে অপব্যয় কেন?

আমি মন্ত্রীমহাশয়কে বলবো—আপনি চান বন্ধুভাবে সমালোচনা, আমিও তাই করছি। যদিও আমার সমালোচনা অনেক সময় একটু কঠিন হয়ে ওঠে; আপনাকে একটা কথা জানাবো, ফরেষ্ট এ্যাডভাইসরি বোর্ড যা রয়েছে তার কোন ক্ষমতা নাই, কাজের কোন ডিমার্কেশন হয় নাই। অনেক সময় এ্যাডভাইসরি বোর্ডের মিটিং হয় না। এদিকে সরকারকে দৃষ্টি দিতে বলি। এখানে বিরোধী পক্ষ নাই বা নিজের পক্ষ নাই। কেন না এই ফরেষ্টই হ'ল মাদার অফ এগ্রিকালচার। একে সকলের উপরে রাখতে হবে। সকল গঠনমূলক কাজের উপরের কাজ এই ফরেষ্ট। এ-কথা এখানে আমি বহুবার বলেছি। এ নাহ'লে এগ্রিকালচার হবে না, কিছুই হবে না। সুতরাং আসুন সকলে মিলে এই ফরেষ্টকে ভাল করে তুলি। তা যদি হয় তাহ'লে মন্ত্রীমহাশয়কে শক্তিশালী করবার জন্য ফরেষ্ট এ্যাডভাইসরি বোর্ডকে আরো ক্ষমতা দিন।

সর্বশেষে আমি মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। তিনি সত্যই সাধু লোক, ভাল লোক। কিন্তু ভাল লোক হ'লে যেমন হয়, তার হাতে লোকে গাঁজা ড'লে খায়, তাঁর অবস্থাও কতকটা সেইরকম হয়েছে। [হাস্য]

Sj. Saroj Roy:

স্পীকার মহাশয়, বর্তমানে যা আলোচনা করতে যাচ্ছি তা বিশেষভাবে এ্যাফরেণ্টেশন করতে গিয়ে কিভাবে যে বহু টাকা নষ্ট করছেন বা গত ৫ বছরে যেভাবে টাকা খরচ করা হয়েছে তার তুলনায় বন বিভাগের যে উন্নতি হয় নি—তারই আলোচনা করা আমার উদ্দেশ্য। হরিপদবাবু সে সম্বন্ধে অনেক বলে গেছেন। বর্তমানে রেভিনিউ বাড়ানোর উদ্দেশ্যে কয়েকটি ক্ষেত্রে যে ব্যবস্থা নেওয়া হয়েছে, তা সম্পূর্ণ অযৌক্তিক। রেভিনিউ বাড়ানর প্রয়োজনীয়তা আছে তা জানি। কিন্তু রেভিনিউএর প্রয়োজনে যেসমস্ত প্রাইভেট ফরেষ্ট সরকারের হাতে এসেছে, সেই প্রাইভেট ফরেষ্টএর মাধ্যমে কিভাবে রেভিনিউ বাড়তে পারে তার চেষ্টা করতে গিয়ে এক ধরণের পারমিট ফির ব্যবস্থা করেছেন। এর ফলে গরীব লোকদের জীবন ধারণের পথে বাধা সৃষ্টি করা হয়েছে। এতদিন পর্যন্ত মেদিনীপুর, বর্দ্ধমান, বাঁকুড়া জেলায় দেখেছি যে গরীব মানুষেরা প্রাইভেট ফরেষ্ট থেকে ঝাঁটি, পাতা, আকাঠ, কাঁটা, ফল, মূল প্রভৃতি আহরণ ক'রে বিক্রী করত এবং তার দ্বারা জীবিকা নির্বাহ করত। কিন্তু আজ সেই জীবিকার্জনের উপরে ট্যাক্স করতে সুরু করেছেন। এ-সম্পর্কে মন্ত্রীমহাশয়কে বহুবার জানান হয়েছিল, এবং শুধু জঙ্গলমন্ত্রী নয়, প্রধানমন্ত্রী যখন ঝাড়গ্রামে গিয়েছিলেন তখন ঝাড়গ্রামের বহু মানুষ তাঁকে জানিয়েছিল যে এই নূতনভাবে যে পারমিট আরম্ভ করেছেন তাতে দুঃখী গরীব মানুষেরা যে শালপাতা তুলে, ঝাঁটি ও কাঠ কেটে বিক্রী ক'রে সংসার চালায় তাদের চরম দুরবস্থায় পড়তে হবে। বিশেষ কোরে জঙ্গল অঞ্চলে সাঁওতাল, মাহাতো, ক্ষেতমজুর—তাদের উপরে সরকার রেভিনিউ বাড়ানর নামে যে অত্যাচার সুরু করেছেন সে সম্পর্কে পূর্ব্বে জানান হয়েছে। আজকে কয়েকটা উদাহরণ আপনার মাধ্যমে জানাতে চাইছি।

আমার এলাকা গড়বেতা থানায় যেসমস্ত গরীব মেয়েরা পাতা ভাঙ্গতে যায় তাদের পাতা তুলতে গেলে জিজ্ঞাসা করে তোমাদের পারমিট আছে কিনা। তারা পারমিট সম্পর্কে কিছুই জানে না, জানানও হয় নি। তারা যখন পাতা বা ঝাঁটি আনতে জঙ্গলে যায়, তখন সেখানকার ফরেষ্ট গার্ড তাদের ধরে এবং দা-কুড়ুল আটকে রেখে দেয়, অন্যান্য জুলুমও করে। এ-সম্বন্ধে যে দুই-একটা নৃশংস ঘটনা ঘটেছে, সেই কথা বলছি। জঙ্গলের মাঝখানে অনেক মা তাদের কোলের ছেলেকে শুইয়ে রেখে জঙ্গলের ঝাঁটি, পাতা তুলতে যায়, ফরেষ্ট গার্ডরা জোর কোরে ধরে নিয়ে যায়, তাদের শিশু সন্তানকে সঙ্গে নিয়ে যেতেও দেয় না; এবং নিয়ে যাওয়ার ২।৩ ঘন্টা পরে তাদের ছেড়ে দেয়, কারও কাছ থেকে পয়সা আদায় করে নেয় এবং কারও উপর নানারকম অত্যাচার করা হয়। তাদিগকে ছেড়ে দেবার পরে তারা যখন শিশু সন্তানদের খোঁজে ফিরে গেল তখন দুই-একটা এমন ঘটনাও হয়েছে যে, জল না পেয়ে সেই কোলের শিশুর ফিট হয়ে অর্দ্ধমৃত অবস্থায় পড়ে আছে। এই রকম নৃশংসতার কথা বহুবার বহু সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। এই সমস্ত খবর অফিসারদের জানান সত্ত্বেও

সমানভাবে সেই পারমিটএর নামে সেই ঝাঁটি বা পাতা তোলার সময় তাদের উপর অত্যাচার চলেছে। আমরা এর পূর্ব্বে যখন মন্ত্রী মহাশয়ের কাছে ডেপুটেশনে যাই তখন তিনি বলেছিলেন যে ফরেষ্ট ডিপার্টমেন্টের এ সম্পর্কে করার কিছুই নাই। কেন না, এ জিনিসটা ফাইন্যান্স ডিপার্টমেন্টের হাতে; এ থেকে কিছু রেভিনিউ বাড়াতে হবে। তাই আপনার মাধ্যমে জানাতে চাই যে, এই যে জঙ্গলসমূহের উপর গরীব লোকেরা যেসমস্ত অধিকার পেয়েছিল তা এমনি এমনি পায় নি, তার জন্য ব্রিটিশ আমলে তাদের অনেক লড়াই করতে হয়েছিল। অনেক ঝামেলার পর কতকগুলো লিগ্যাল রাইটস পেয়েছিল—যে রাইটস নিয়ে তারা এতদিন চলছিল; এবং ইহাও সত্য যে, যেসব জিনিস জঙ্গল হ'তে এরা আহরণ করে তাতে জঙ্গলের কোন ক্ষতি হয় না।

[6-20—6-30 p.m.]

আজকে আমাদের কংগ্রেসী সরকার এই সমস্ত জঙ্গল অঞ্চলের গরীব মানুষদের অবস্থা কোন প্রকার ভালর দিকে পরিবর্ত্তন করেন নি বরং তাদের অবস্থা ক্রমশঃ আরও খারাপ হয়ে যাচ্ছে। সেই সমস্ত লোক জঙ্গলের আকাঠ, পাতা ইত্যাদি আহরণ করে বাজারে বিক্রয় করে সংসার চালাত, তাদের উপরও হস্তক্ষেপ করছেন। ফরেষ্ট ডিপার্টমেন্ট জানেন যে এইসব জিনিস আহরণ করায় জঙ্গলের কোন ক্ষতি হয় না এবং আমরাও বৈজ্ঞানিক মতামত নিয়ে দেখেছি যে এতে জঙ্গলের কোন ক্ষতি হয় না। এ কথা আপনাদের জানা আছে। এখানে আপনাদের মত হলো যে জঙ্গলের ক্ষতি হোক না হোক, রেভিনিউ বাড়াতে হবে। এই রেভিনিউ বাড়াবার জন্য কোন যুক্তিসঙ্গত বিচার নেই। এইসব গরীব মানুষদের উপর আজ হস্তক্ষেপ করে বাংলাদেশের রেভিনিউ বাড়ানো হচ্ছে। এবং সেই রেভিনিউএর প্রায় সিকি অংশই সরকারী, বে-সরকারীভাবে চুরি হয়। এই চুরির টাকা জোগাড়ের জন্য সাধারণের উপর অকথ্য অত্যাচার চালানো হচ্ছে। অন্যদিক থেকে এইসব জঙ্গল অঞ্চলে ঘুসের রাজত্বও চলছে। বনাঞ্চলে যেসমস্ত ফরেষ্ট গার্ড আছে, তাদের বেতন অত্যন্ত অল্প, সংসার চলে না, তারা একটা সুবিধা পেয়েছে এই পারমিট ফির মধ্য দিয়ে, যারা পারমিট ফি দিতে পারে না, তাদের কাছ থেকে প্রচুর ঘুষ নেওয়ার সুযোগ করে নেয়। এ-কথা বহুবার মন্ত্রী মহাশয়কে বলা হয়েছে। আমি জানি বাঁকুড়া ও মেদিনীপুর জেলার জঙ্গল অঞ্চলের মানুষ এই দাবী নিয়ে সরকারের কাছে হাজার হাজার দরখাস্ত করেছেন। মেদিনীপুর জেলার ৫০।৬০ হাজার লোকের সই সংগৃহীত হয়েছে। এখানেই আমার কাছে ৪।। হাজার সই পাঠিয়ে দিয়েছে, আমি আপনার কাছে এখানেই দেব। কয়েকদিন আগে মেদিনীপুর জেলার ডিভিশনাল ফরেষ্ট অফিসারের কাছে এই দাবী নিয়ে ২।৩ হাজার কৃষক ৪০ মাইল দূর ঝাড়গ্রাম থেকে ৩০।৩২ মাইল দূরত্ব থেকে বহু সাঁওতাল ও অন্যান্য ক্ষেত-মজুর, ছেলে-মেয়ে দাবী জানাতে গিয়েছিল। কিন্তু তাদের সমস্ত দাবীগুলি স্বীকার করা হয় নি, সেখানেও ওই রেভিনিউএর প্রশ্ন তোলা হয়েছে। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যে, বৃটিশ আমলে যেসমস্ত কৃষক নিজেদের সংগ্রামের ভিতর দিয়ে তাদের এ দাবী আদায় করেছিল—যেটা ছিল তাদের ন্যায্য দাবী—আজ সরকার যদি রেভিনিউএর নাম করে তাদের পেট কাটেন তাহলে এটা অত্যন্ত অন্যায় করা হবে। যদি তাদের পয়সা দিয়ে পারমিট নিতেই হয়, তাহলে এই সমস্ত গরীবদের অবস্থার পরিবর্ত্তন আগে করতে হবে। তাদের আর্থিক জীবনের উন্নতি করতে হবে। সরকার যদি তাদের আর্থিক জীবনের উন্নতি করে দিতে পারেন তখন অবশ্য পরিষ্কারভাবে বলা যাবে যে জঙ্গল থেকে জিনিস নিতে হ'লে পারমিট ফি দিতে হবে। তা ছাড়া যেসমস্ত অঞ্চলে প্রাইভেট ফরেষ্ট এ্যাক্ট অনুযায়ী কাজ হচ্ছে আমরা দেখছি গ্রামাঞ্চলে যেখানে সাধারণ লোক তাদের ব্যক্তিগত জায়গায় বাঁশের চাষ করেছে, সেই সমস্ত বাঁশ কেটে যদি এক গ্রাম থেকে অন্য গ্রামে নিয়ে যেতে হয়, তাহলেও তার জন্য ফরেষ্ট ডিপার্টমেন্টএর কাছ হতে পারমিট নিতে হবে। এদের ফরেষ্ট ডিপার্টমেন্টএর সঙ্গে কোন সম্পর্ক নেই এবং এইসব বাঁশবাগানের সঙ্গেও ফরেষ্টএর সঙ্গে সম্পর্ক নেই। তবুও গ্রামাঞ্চলে যাদের বাঁশ আছে তাদের উপর একটা সিষ্টেম করেছেন যে বাঁশ কাটতে গেলে ফরেষ্ট অফিসারএর পারমিট নিতে হবে। যারা পল্লীগ্রামে ঘর সারায় বা বেড়া দেয়, তাদের এই পারমিট সঙ্গে সঙ্গে পেতে হ'লে ঘুষও দিতে হয়। এই জুলুম চলছে দেশের জঙ্গলের

উন্নতির নাম করে। এই সম্পর্কে মন্ত্রী মহাশয়কে বহুবার বলা সত্ত্বেও তার কোন ব্যবস্থা করা হয় নি। তারপর প্রশ্ন হচ্ছে এ্যাফোরেষ্টসন সম্পর্ক। এ সম্বন্ধে আমার পূর্ব্ববর্ত্তী বক্তা অনেক কথা বলে গিয়েছেন। এই ডিপার্টমেন্টএর একটা ব্যাপার জানাতে চাই যে আরাবাড়ীর রেঞ্জ অফিসার ঠিক করলেন যে এই সমস্ত অঞ্চলে—বাঁকুড়া, মেদিনীপুর ইত্যাদিতে—যদি ভালভাবে এ্যাফোরেষ্টেসন করতে হয় তাহলে অন্যান্য গাছ না লাগিয়ে শাল গাছ লাগান উচিত এবং শালবীজ এনে এবং অনেক খরচপত্র করে অত্যন্ত অবৈজ্ঞানিকভাবে শালবীজ একটা গর্ত্ত খুঁড়ে রেখে দিলেন—প্রিজার্ভ করার জন্য। কিছুদিন পরে দেখা গেল যে সেই বীজ পচে শেষ হয়ে গেল। আজকে যদি বন সম্পদের উন্নতিই করতে হয় তাহলে প্রতিটি ক্ষেত্রে সয়েল টেষ্ট এর ব্যবস্থা, গাছের বীজকে কিভাবে সংরক্ষণ করতে হবে তার বৈজ্ঞানিক গবেষণা করার ব্যবস্থা করা উচিত। কিন্তু সেইদিকে এদের দৃষ্টি নেই। এইভাবে নানাদিক থেকে শুধু অব্যবস্থাই চলছে, বৃথা খরচ হচ্ছে। তা ছাড়া আর একটা কথা মন্ত্রী মহাশয়কে বলা হয়েছিল—এ্যাফোরেষ্টেসন এ্যাক্টএর পূর্ব্বে যেসমস্ত প্রাইভেট ফরেষ্ট ছিল। সেখানে বহু ছোট ছোট ব্যবসাদাররা এই প্রাইভেট ফরেষ্ট লিজ নিয়েছিল—তারা লিজ নেবার পর এইসব জঙ্গল সরকারের হাতে চলে গেল। তারা এই জঙ্গল পেল না এবং এই জঙ্গলের লিজ যাদের কাছ থেকে নিয়েছিল—টাকা জমা দিয়ে, তারা সেই টাকাও ফেরৎ পাচ্ছে না। মন্ত্রী মহাশয় আমার একটা প্রশ্নের জবাবে বলেছিলেন—তিনি এসব বিষয় দেখবেন। এ বিষয়ে খবর দেওয়া সত্ত্বেও দেখলাম—ফরেষ্ট লিজ নিয়েছিল, যারা টাকা দিয়েছিল তাদের কোন ব্যবস্থাই হ'ল না। এই সমস্ত কেস হাইকোর্টএ গিয়েছে। মন্ত্রী মহাশয় জবাব দেবার সময় পরিষ্কারভাবে জানাবেন—এই সমস্ত ছোট ছোট ব্যবসাদারদের টাকার কি হবে। তারা এই সমস্ত জঙ্গল ৮ বছর ১০ বছর পূর্ব্বে লিজ নিয়েছিল। এই জঙ্গলের কাঠের কোন অধিকার তারা পাবে কিনা? পূর্ব্বে যখন তাঁর কাছে ডেপুটেশন নিয়ে এসেছিলাম তখন তিনি বলেছিলেন যে, যেসমস্ত পারমিট ফি বসান হয়েছে এ সম্পর্কে তিনি পরে দেখবেন কিছু সুবিধা করা যায় কিনা। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে তিনি এই ডিপার্টমেন্টএর রেভিনিউ বাড়ানর জন্য এই সমস্ত গরীব লোকদের যেন না মেরে ফেলেন। ইতিমধ্যেই মেদিনীপুর জেলার ৫০ হাজার লোক সই সংগ্রহ করে মন্ত্রী মহাশয়কে তাদের দাবী জানিয়েছেন। তাদের সম্পর্কে যদি কোন সুব্যবস্থা না হয় তাহলে মন্ত্রী মহাশয়কে আমরা বলতে বাধ্য হব যে জঙ্গল অঞ্চলে ব্যাপক আন্দোলন হবেই এবং এই আন্দোলন তীব্রতর রূপ নেবে। সেই আন্দোলনের জন্য মন্ত্রী মহাশয়ই দায়ী হবেন। আশা করি তিনি তখন বিরোধী পক্ষের উপর কোন দোষ চাপাবেন না।

[6-30—6-40 p.m.]

The Hon'ble Hem Chandra Naskar:

মাননীয় স্পীকার মহাশয়, যে কথাগুলি আমি শুনলাম তাতে খুবই আশ্চর্য্য হয়ে গেলাম। প্রথমেই সরোজবাবুর কথাগুলোর উত্তর দেব। যেখানে তারা হয় ত শালপাতা তুলে নিয়ে দু'টাকা রোজগার করে কিন্তু সেই জায়গায় তাদের মাসে দিতে হয় ৪ আনা। কিন্তু সেই ক্ষেত্রে যে-সমস্ত জিনিস বনে থাকে তাতে তারা ঝুড়ি-ঝাঁটি ইত্যাদি কুড়িয়ে নিয়ে যায় এবং তা থেকে তাঁরা রান্না করে, কেউ বা কুমোরের বা কামারের দোকানে বিক্রয় করে। কিন্তু তাঁরা যদি অন্য জায়গা থেকে কাঠ দাম দিয়ে কিনতে পারেন আর এই বন থেকে সামান্য মূল্যে নেন বলে তার জন্যে যে সামান্য দাম দিতে হয় তাতেই তাদের যত মাথাব্যথা পড়েছে। [হাস্য] সরোজবাবু আরও বলেছেন—কারও ছেলে জঙ্গলে হঠাৎ ফিট হয়ে পড়েছিল, কোন জলের ব্যবস্থা নেই বলে। আমাদের ফরেষ্টাররা কি সেখানে জল নিয়ে বসে থাকবে? জল তাদেরই নিয়ে যাওয়া উচিত ছিল। আমার বন্ধু হেমন্তবাবু এটা ভাল করে জানেন যে আমাদের দেশে চাষীরা ক্ষেতে যখন চাষ করতে যায় তখন তারা খাবার এবং পানীয় জল নিয়ে যায়। সেই রকম এই ক্ষেত্রেও তাদের জল সঙ্গে নেওয়া উচিত ছিল। ঝুড়ি-ঝাঁটি প্রভৃতি বিনা মূল্যে সংগ্রহের অধিকার যাদের আগে থেকে লেখাপড়া আছে বা যারা দলিল আগে থেকে দেখায় তাদের কাছ থেকে আমরা কোন ফি নিই না। কিন্তু তাঁরা যদি মনে করেন যে এই রকম বিনা পয়সায় সমস্ত গাছ আমরা কেটে নেব তাহলে আর এই প্রকার খরচা করে

বন সংরক্ষণের দরকার কি, এবং যারা চৌকী দেবে তাদের মাইনে তাহলে সরকারের ঘর থেকে দেওয়া হবে। আমাদের যে আয় বেড়েছে তা আমি স্বীকার করি, এর কারণ আগে প্রাইভেট ফরেষ্টগুলো আমাদের দখলে আসে নি কিন্তু এখন সেই প্রাইভেট ফরেষ্টগুলো আমাদের হাতে এসেছে বলেই আয় বেড়েছে। এ ছাড়া তখন হয়ত জমিদারদের কর্মচারীদের সঙ্গেই একটা গোপন বন্দোবস্ত ছিল, কিন্তু এখন সরকারী ব্যবস্থা থেকে কেউ ওসব ফাঁকি দিতে পারছে না। আগে যে উপায়ে সেই জায়গায় কাঠ ব্যবহার করতেন এখন আর সেটা ব্যবহার হচ্ছে না বলেই তাঁরা এইসব কথা বলছেন। এখন সকলের বেলায় এক নিয়ম হয়েছে বলেই তাঁরা বলছেন যে এই ব্যবস্থা তোমরা উঠিয়ে দাও। এনকোয়ারি করে যতদূর সম্ভব সকলের সুবিধের জন্য সমস্ত ব্যবস্থা করা হয়। অথচ এই যেসমস্ত অপবাদ এইগুলি কেন তিনি দিলেন বুঝলাম না। বাঁশ নিয়ে যাবার কথা তিনি বলেছেন, কিন্তু বাঁশ নিয়ে যাবার জন্য ট্রান্সিজিট পাস দেওয়া হচ্ছে, তা না হ'লে তিনি বাঁশ নিয়ে যাবেন কি, শাল কাঠ বা আম কাঠ বা আর কি নিয়ে যাবেন তার কোন স্থিরতাই নেই। কাজেই একটা ট্রান্সিজিট রুল করা হয়েছে এবং তার জন্যে কোন ফির ব্যাপার নেই। অর্থাৎ তাঁরা দেখবে যে কোথা থেকে জিনিষটা নিয়ে এলেন—তাঁরা বনের ভিতর থেকে নিয়ে এলেন কি তাঁদের বাড়ী থেকে নিয়ে এলেন। এরজন্য কোন ফি দিতে হয় না, তবে একটা ট্রান্সিজিট পাস নিয়ে গেলেই আর কোন হাঙ্গামা থাকে না। অতএব রাস্তার মধ্যে ধরে অত্যাচার করা হচ্ছে বলাটা ঠিক নয়—সেটা কাদের ধরে এই রকম অত্যাচার করা হয়েছে বলে দিলেই পারতেন। কিন্তু সেই ট্রান্সিজিট রুল সকলের বেলায় একই—আমি যাই বা কোন মেম্বারই যান সেটা সকলের বেলায় লাগবে। আমি জানি এবং আপনারাও জানেন যে মেদিনীপুর জেলাতে সমুদ্র উপকূলে বহু বৃক্ষ রোপণ করার ফলে বালি উড়ে আসা বন্ধ হয়ে গেছে এবং সেই বালি উড়ে আসা বন্ধ হয়ে যাওয়াতে সেখানে চাষবাসও ভাল হচ্ছে—আগে যে পরিমাণ চাষ সেখানে হ'ত তার চেয়ে বেশী চাষ হচ্ছে। আমি জানি রামনগর থানাতে, যেখানে ৪ মণ ধান হয়ত হ'ত, সেখানে আজকাল ৬ মণ করে ধান হচ্ছে।

আমাদের সরোজবাবু আর একটি কথা বললেন যে এটা তাঁর পৈত্রিক জিনিষ, কারণ তাঁর পিতা বন বিভাগে কাজ করতেন এবং তিনি বনেই মানুষ। অতএব তিনি ভালই জানেন যে বনের মধ্যে একরাশ কত শালগাছ থাকে এবং গাছগুলি যখন বেড়ে উঠে তখন বাড়তি গাছগুলি কেটে দিতে হয়। আমাদের বন বিভাগ থেকে নানারকম এক্সপেরিমেন্ট করা হচ্ছে। মানুষের বেলায় যেমন সকলের সব ছেলেমেয়ে বেঁচে থাকে না বা কোন জন্তুজানোয়ারের সব বাচ্চা বেঁচে থাকে না [হাস্য] তেমনি গাছের মধ্যেও সেই রকম সবগুলি বাঁচা সম্ভব নয়। মৃত গাছের জায়গায় আমরা পুনরায় নূতন গাছ সৃষ্টি করি। তিনি বলে গেলেন যে জিনিষ নষ্ট হচ্ছে, সেটা ঠিক কথা নয়।

আর একটি কথা হরিপদবাবু বলে গেলেন যে, আমাদের বাংলোগুলিকে নিয়ে যা-তাভাবে ব্যবহার করা হয়। বাংলোগুলি সম্বন্ধে আমার ডিপার্টমেন্টকে বলা আছে যে, যেকোন এম,এল,এ, বা কোন লোকই যদি বনের সম্বন্ধে কোন কিছু খবরাখবর জানতে বনে যান তাহলে তাঁরা সেখানে যাবেন এবং দেখবেন, তাঁরা সেই সব দেখে এসে আমাদের ভালমন্দ বললে আমরা তার ব্যবস্থা করব। এইজন্য বলে দেওয়া আছে যে প্রত্যেক এম,এল,এ, তিনি আমাদের কংগ্রেসের দলেরই হোন বা অপোজিসনএর হোন। আমি এই হাউসের সামনে বলছি, যদি কারো কোন অসুবিধা হয়ে থাকে তবে তাঁরা সেইসব আমাদের জানাতে পারেন।

আমাদের হরিপদবাবু অনেক কথাই বললেন। আজকে একটা মোটরগাড়ী কিনেই সেটা যদি ধাক্কাতে (এ্যাক্সিডেন্ট) ভেঙ্গে যায় তাহলে সেটাকে কি আর মেরামত করা হবে না, না সেটাকে কি ফেলে রাখা হবে? সেই রকম হয়ত বিভাগীয় লঞ্চ "বনশ্রীর" ক্ষতি হয়েছিল বলেই তাকে মেরামত করতে হয়েছে। হরিপদবাবু যখন সুন্দরবনে গিয়েছিলেন তখন কি তিনি সাঁতরে গিয়েছিলেন, না হেঁটে গিয়েছিলেন, না আমাদের বন বিভাগের লঞ্চ নিয়ে বেড়াতে গিয়েছিলেন। তিনি যখন নর্থ-বেঙ্গলএ বেড়াতে গিয়েছিলেন তখন তিনি গাড়ী নিয়ে বেড়াতে যান নি—তিনি কি হেঁটে হেঁটে এ বাংলো থেকে ও বাংলো গিয়েছিলেন? [হাস্য]

আমি এই কথা বলতে পারি যে আমাদের সাংবাদিক বন্ধুরা যখন নর্থ-বেঙ্গলএ বেড়াতে গিয়েছিলেন তখন তাঁদের যত্নসহকারে সমস্ত বিষয় দেখিয়েছিলাম এবং তাঁরা সন্তুষ্ট হয়েছিলেন। আরও অনেক কথা হরিপদবাবু টেনে আনলেন, যেগুলি ১৯০০ সালের কথা—কিন্তু ১৯০০ সালে ত আর আমরা ছিলাম না এবং তখন কি হয়েছে না হয়েছে সেটা আমরা কি করে বলব? [হাস্য] ১৯৪৭ সাল থেকে আমরা কি অন্যায় করেছি, অপচয় করেছি সেইসব সম্বন্ধে আমাদের বলুন। তার আগে কি হয়েছে না হয়েছে তা আমরা জানি না। যুদ্ধের সময় অনেক বন কাটা হয়েছিল, অযথা ফেলিং হয়েছিল বলে সেগুলি পূরণ করবার চেষ্টা আমরা করছি এবং সেইসব জায়গায় নূতন গাছ আবার যাতে হয় তার চেষ্টাও করছি। হরিপদবাবু এবার দার্জিলিংএ গিয়েছিলেন এবং দার্জিলিং যেতে রাস্তায় যেমন বামনপুকরিতে আমরা নূতন জায়গায় যেখানে নূতন নূতন সেগুন গাছ তৈরী করেছি সেইসব তিনি নিজের চোখে দেখে এসেছেন। অতএব আমরা যা উন্নতি করেছি সেগুলি যদি স্বীকার না করেন তাহলে আর কি বলব।

তারপর, স্পীকার মহাশয়, আপনি জানেন যে গাছ বসাতে গেলে—যেমন সুপারী গাছ বা নারকেল গাছ—খানিকটা দূর দূর করে বসাতে হয় কারণ ঘন ঘন বসালে সেই গাছগুলি ভাল হয় না এবং সবল ও সরল হয় না। কাজেই আমরা যখন গাছগুলি বসাই তখন ঐসব গাছের মাঝে মাঝে কতকগুলি বাজে গাছ দেওয়া হয় এবং ঐ বাজে গাছের আওতা থেকে ঐ গাছগুলি সরস হয়ে বড় হয়ে ওঠে এবং পরে ঐ বাজে গাছগুলিকে কেটে আমরা ফুয়েল হিসাবে ব্যবহার করি। কিন্তু হরিপদবাবুর মাথায় কে ঢুকিয়েছে বলতে পারি না, উনি কেবল বলেন আকাশমনি আর মিঞ্জিরি। [হাস্য] কিন্তু এই আকাশমনি আর মিঞ্জিরি দেওয়া হয় কতকগুলি গাছের মাঝখানে। এটা দেবার কারণ হচ্ছে যে এই গাছগুলি দিলে তবে ওরা সরল হয়ে উঠবে এবং পরে তাঁর ঐ আকাশমনি আর মিঞ্জিরিগুলোকে কেটে ফুয়েল হিসাবে ব্যবহার করা হবে। আপনি আমাদের শিক্ষকই হন আর এ্যাডভাইজরই হন কিন্তু ঐরকমের এ্যাডভাইজ যদি করেন তাহলে সেই এ্যাডভাইজ দিয়ে যে কি করে আমি আমার ডিপার্টমেন্টের উন্নতি করব তা আমি বুঝতে পারছি না। [হাস্য] তিনি যখন এ্যাডভাইজ দেবেন তখন পরের কথা না শুনে নিজে স্যাটিসফাইড হয়ে সেইভাবে উপদেশ দেবেন, আমি সেগুলি মেনে নেব এবং সেইসব দিয়ে আমি আমার ডিপার্টমেন্টের উন্নতি করবার চেষ্টা করব।

সুন্দরবনে যেসব গাছ আছে তাতে সেখানে কোন সুন্দরী গাছ হয় না—সুন্দরী গাছের জন্য মিঠে জল চাই, লোনা জলে হবে না। অতএব যখন গঙ্গা ব্যারেজ হবে তখন ওখান থেকে মিঠে জল এলেই সুন্দরী গাছ হবে। এগুলি আপনি জন্মায় এবং এর থেকে যেগুলি মোটা মোটা হয় সেগুলি মার্কিং করে দেওয়া হয়—এরকমই চলে আসছে। ওখানে নূতন কোন প্ল্যানটেশন হয় না। আমরা যেখানে প্ল্যানটেশন দরকার সেখানে করছি। কোন লোকের উপর আমরা অত্যাচার করছি না, কারণ আমরাও দেশের লোক, তারাও দেশের লোক। আজকে আমি মিনিস্টার হয়ে বসেছি, কালকে তিনি হয়ে বসবেন, তিনি কি তখন মিনিস্টার হয়েছেন বলে লোকের সম্পত্তি লুটে নেবেন? আমিও তেমন মিনিস্টার হয়েছি বলে সাধারণের সম্পত্তি লুটিয়ে দিতে পারি না। আপনারা বলছেন আয় বেড়েছে কেন? কম হ'লে খারাপ, আবার বেশী হ'লেও বলবেন আমি দোষী। এত মুস্কিলের ব্যাপার। তারপর রাইটার্স বিল্ডিংসএ গাড়ী রাখার কথা বলেছেন কিন্তু গাড়ী রাখতে হয় কাজের জন্য। অফিসার হয় ত কোথাও যাচ্ছেন সরকারী জিনিষ বিক্রীর জন্য, হয় ত বেলেঘাটার অফিসে বা অন্য কোথাও যেতে হ'লে, অফিসে যাওয়ার পথে যদি কোন অফিসারকে তুলে নিয়ে যায়, তাতে দোষ কি থাকতে পারে? আপনিও যদি চান, আপনিও ঐভাবে চড়তে পারেন। কিন্তু কথা হচ্ছে, অফিসারকে চড়ে বেড়ানোর জন্য গাড়ী দেওয়া হয় না, জিনিষপত্র (কাঠ) বিক্রী করার জন্য, সরকারী কাজের জন্য গাড়ী রাখতে হয়। সেটা কি বড় দোষের কথা হ'ল? তারপরে তিনি বল্লেন বাংলো রিজার্ভএর কথা। ডি, এফ, ওর কাছে গিয়ে বাংলো রিজার্ভ করা যায়। নানা প্রকারের লোক কাজের জন্য জঙ্গলে যান। সব জায়গায় অর্ডার দেওয়া আছে যে এই রকম কোন লোক যদি যায়, তাকে বাংলো দেওয়া যেতে পারে, সেটা কি দোষের কথা হ'ল? আপনি হয় ত জানেন যেখানে বাংলো খালি আছে, সেখানে আপনি যদি না

পান তখনই আপনি কম্প্লেন করবেন যে খালি থাকা সত্ত্বেও আমাকে বাংলো দেওয়া হয় নি। এইভাবে অযথা কথা না বলে একটা কাজের কথা বললে সেটা আমি বিবেচনা করে দেখতাম। সরোজবাবু ভাড়া বাড়ীর কথা বল্লেন, সেখানে গিয়ে দেখুন—চ্যালেঞ্জ করতে পারি—সেখানে শালগাছ ও অন্য গাছ আছে কিনা। খালি শালগাছ হবে কেন অন্যান্য গাছও হবে। সুধীরবাবুর একটা কোয়েশ্চেন আছে সেখানে পলাশ 'গাছ্ লাগানো হয়েছিল কি না? সেখানে অর্জ্জুন, গামার, শিশু, শাল প্রভৃতি টিম্বার ট্রী লাগানো হয়েছে। তার মাঝখানে অন্য গাছ দেওয়া হয়েছে। উনি জিজ্ঞাসা করেছিলেন পলাশ গাছ আছে কিনা—যেখানে কিছু হয় না সেখানে পলাশ গাছ দিয়ে থাকে, পুনরায় উর্ব্বরাশক্তি যাতে ফিরে আসে সেজন্য চেষ্টা করা হয়। আমি প্রত্যেক মাননীয় সদস্যকে বলেছি, আপনাদের যা বলার আছে তা সব সময় বলবেন এবং আমার ডিপার্টমেন্ট আপনাদেরই ডিপার্টমেন্ট এটা মনে রাখবেন। কোন ব্যক্তিবিশেষকে সুখ-সুবিধা দেওয়ার জন্য এই ডিপার্টমেন্ট নয়। সরকারের জিনিষ আপনাদেরই জিনিষ। আমি এই কথা বলে আসন গ্রহণ করছি। জয়হিন্দ।

[6-40—6-50 p.m.]

[*Mr. Speaker*: *I put all the cut motions* en bloc *except motion* No. 68.]

The motion of Sj. Amulya Ratan Ghosh that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Benoy Krishna Chowdhury that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Benoy Krishna Chowdhury that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Bibhuti Bhushon Ghosh that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Dhananjoy Kar that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Dhananjoy Kar that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Gangapada Kuar that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Baguli that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Baguli that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Baguli that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Janardan Sahu that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Krishna Chandra Satpathi that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Krishna Chandra Satpathi that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Krishna Chandra Satpathi that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Lalit Kumar Sinha that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Lalit Kumar Sinha that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost

The motion of Sj. Lalit Kumar Sinha that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Madan Mohon Khan that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Mrigendra Bhattacharjya that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Mrigendra Bhattacharjya that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Mrigendra Bhattacharjya that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Probodh Dutt that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Madan Mohan Khan that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Saroj Roy that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Saroj Roy that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Saroj Roy that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Saroj Roy that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Sasabindu Bera that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Saroj Roy that the demand of Rs. 89,83,000 for expenditure under Grant No. 5, Major Head "10—Forest" be reduced by Rs. 100, was then put and a division taken with the following result:

AYES—32.

Baguli, Sj. Haripada
Banerjee, Sj. Biren
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Jyoti
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanailal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dey, Sj. Tarapada
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Jatish
Ghosh, Sj. Narendra Nath
Mahapatra, Sj. Balailal Das
Mondal, Sj. Bijoy Bhuson
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Saroj
Saha, Dr. Saurendra Nath
Satpathi, Dr. Krishna Chandra
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

NOES—120.

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das, Sj. Radhanath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Dutt, Dr. Beni Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Fazlur Rahman, Janab S. M.
Gahatraj, Sj. Dalbahadur Singh
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Giasuddin, Janab Md.
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Halder, Sj. Jagadish Chandra
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamala Kanta
Jalan, The Hon'ble Iswar Das
Kar, Sj. Bankim Chandra
Kar, Sj. Sasadhar
Kazim Ali Meerza, Janab
Khatick, Sj. Pulin Behary
Lahiri, Sj. Jitendra Nath
Mahammad Ishaque, Janab
Maiti, Sj. Pulin Behari
Majhi, Sj. Nishapati
Majumdar, Sj. Byomkes
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Mohammad Hossain, Dr.
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Dhaladhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Moni, Sj. Dintaran
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Shambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Rai, Sj. Shiva Kumar
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Ray, The Hon'ble Renuka
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Nepal Chandra
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Roy, Sj. Ramhari
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sarkar, Sj. Bejoy Krishna
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Kripa Sindhu
Singha Sarker, Sj. Jatindra Nath
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi

The Ayes being 32 and the Noes 120, the motion was lost.

The motion of the Hon'ble Hem Chandra Naskar that a sum of Rs. 89,83,000 be granted for expenditure under Grant No. 5, Major Head "10—Forest", was then put and agreed to.

Major Head: Loans and Advances bearing interest

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 3,93,48,000 be granted for expenditure under Grant No. 51, Major Head "Loans and Advances bearing interest."

This is an item in which we find all types of people who get loan which bears an interest. You will find that there are loans to the Calcutta Corporation, loans to the district boards, loans to artisans, advances to cultivators, advances under special loans, miscellaneous advances of various types to students, to co-operative societies, to cottage and small-scale industries, to educational institutions, loans for Cooch Behar, etc. I do not know whether I need go into the details and merits of these cases. I find a cut motion regarding Digha for which an amount of Rs. 10 lakhs has been put in this Budget. The development of Digha as a sea-side health resort is not a new plan. As far back as 1944 the then Government took it up and published a notification in the Gazette under section 4 of the Land Acquisition Act to acquire land for this purpose. In the meanwhile the Government of India, in order to develop the tourist industry, asked the West Bengal Government to locate several places for the purpose. As a matter of fact almost all the countries of the world are today earning a good revenue from this tourist industry. It is calculated that in India in 1953, 28,000 tourists spent about 1 crore of rupees. In response to the Government of India's suggestion the Government of West Bengal selected Digha as one of the places worth visiting by the tourists coming from foreign countries. Besides, this place had a reputation since the 18th century as a good sea-side health resort as will be evident from the fact that a large number of Britishers have complimented it as the finest sea beach in the world with delicious sea breeze in summer. Of the total area notified in 1944 and then in 1947 the Government of West Bengal have, at the present moment, started acquisition of 250 acres of land for immediate development, a part of which is being afforested both for resisting erosion by the sea or sand storm. Another part of this area is being utilised for construction of a foreshore road about 1½ mile long. The major portion of this land is arid and waste and covered with sand dunes and marshy lands. Recently, representatives of an air line company have visited the place and they have selected an area for using it as an air-strip which will make it easy for any person to go from here to Digha in the morning and come back in the afternoon. The State Electricity Board has installed electricity and Government are contemplating to construct a market place including shopping centres and several tenements for temporary and occasional visitors to stay there. The general public also can take part in the development work for which a portion of the execution and administration of the scheme has been entrusted to a co-operative society, namely, the West Bengal Co-operative Health Resort Society Limited. The society has opened a cafeteria in the two-storied building for providing cheap and nutritious food and short period accommodation. Three rooms in the upper floor have been kept reserved for its own use and for planning engineers and others in connection with the development work. These rooms have been reserved for the members. It is not a fact that these rooms, as has been suggested in the question, reserved for the Ministers at all or the staff of the Government. It is believed that the benefit of the development will not only be derived in the form of employment to the local people but they will also have a market for sale of indigenous products, particularly fish. Besides, the development of a health resort it would not only fetch economic benefit to the local people but would help people due to contact with the visitors from outside. Government has given a loan of Rs. 10 lakhs to the co-operative society for this scheme to be

re-payable in 10 years at 4½ per cent. interest per annum. For the construction of the tenements referred to above and the market place and shopping centres, Government have provided Rs. 1.5 lakhs. The Co-operative Society has provided that there would be two classes of members those who take the plots for construction work and those who will not take plots for construction but would help in the development in other days. The Society has not completed the planning of the area in detail but they believe that there will be about 100 plots of one bigha each available for any person who wants to become a member of the Society. Those who could not be allotted plots at the first stage will get priority against outsiders when in the next phase further lands are developed and acquired. The Society is liable to pay to the Government the cost of lands acquired or to be acquired for the scheme. A site has already been selected for the air-strip and it is expected that the operation will commence soon. There is already a tarred road connecting the nearest railway station from Contai Road and the portion of the road between Contai Road station and Kharagpur is expected to be tarred in the very near future. The society has also suggested a shorter road from Egra to Digha cutting the distance by about 20 miles and Government is examining the proposition. One bridge over the Orissa coast canal was already under existence at Sathmail and the other over Pichaboni Khal to Pichaboni is nearing completion. Pending completion of this bridge a temporary strong bridge has been constructed which would be opened to both the public and the private vehicles from the 1st April, 1956. The development of this area is spread over 6 villages with a population of 2,000. These 6 villages are within the union of Ramnagar thana and the population of the union is about 9,000. Assuming that there will be an average population of 150 tourists throughout the year, it is estimated that the per capita income of the local people will increase by Rs. 18 as plenty of sea fish is available there and about 80 per cent. of the local people live on fishery and partly by agriculture. A fishery co-operative society has already been organised to exploit the sea fishing. Thus Digha after development will not only be a centre of attraction to the foreign tourists but it will be a health resort for the people of Bengal.

[It being 7 o'clock the guillotine fell.]

[7—7-10 p.m.]

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that a sum of Rs. 3,93,48,000 be granted for expenditure under Grant No. 51, Major Head "Loans and Advances bearing interest", was then put and agreed to.

Major Head: 43—Industries—Cottage Industries, etc.

The Hon'ble Jadabendra Nath Panja: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 81,92,000 be granted for expenditure under Grant No. 27, Major Heads "43—Industries—Cottage Industries—72—Capital Outlay on Industrial Development outside the Revenue Account—Cottage Industries".

The motion was then put and agreed to.

Major Head: 40—Agriculture—Fisheries

The Hon'ble Hem Chandra Naskar: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 34,84,000 be granted for expenditure under Grant No. 23, Major Head "40—Agriculture—Fisheries".

The motion was then put and agreed to.

Major Head: 28—Jails and Convict Settlements

The Hon'ble Dr. Jiban Ratan Dhar: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 89,90,000 be granted for expenditure under Grant No. 15, Major Head "28—Jails and Convict Settlements".

The motion was then put and agreed to.

Major Head: 85A—Capital Outlay on State Schemes of Government Trading

The Hon'ble Prafulla Chandra Sen: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Re. 1 be granted for expenditure under Grant No. 48, Major Head "85A—Capital Outlay on State Schemes of Government Trading".

The motion was then put and agreed to.

Major Head: 4—Taxes on Income other than Corporation Tax and Estate Duty

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 5,25,000 be granted for expenditure under Grant No. 1, Major Head "4—Taxes on Income other than Corporation Tax and Estate Duty".

The motion was then put and agreed to.

Major Head: 8—State Excise Duties

The Hon'ble Syama Prasad Barman: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 40,39,000 be granted for expenditure under Grant No. 3, Major Head "8—State Excise Duties".

The motion was then put and agreed to.

Major Head: 11—Registration

The Hon'ble Satyendra Kumar Basu: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 19,68,000 be granted for expenditure under Grant No. 6, Major Head "11—Registration".

The motion was then put and agreed to.

Major Head: 22—Interest on Debt and other obligations

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,000 be granted for expenditure under Grant No. 11, Major Head "22—Interest on Debt and other obligations".

The motion was then put and agreed to.

Major Head: 30—Ports and Pilotage

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 7,85,000 be granted for expenditure under Grant No. 17, Major Head "30—Ports and Pilotage".

The motion was then put and agreed to.

Major Head: 36—Scientific Departments

Sjkta. Purabi Mukhopadhyay: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 71,000 be granted for expenditure under Grant No. 18, Major Head "36—Scientific Departments".

The motion was then put and agreed to.

Major Head: 43—Industries—Cinchona

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 34,67,000 be granted for expenditure under Grant No. 29, Major Head "43—Industries—Cinchona".

The motion was then put and agreed to.

Major Head: 47—Miscellaneous Departments—Fire Services

The Hon'ble Iswar Das Jalan: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 39,30,000 be granted for expenditure under Grant No. 31, Major Head "47—Miscellaneous Departments—Fire Services".

The motion was then put and agreed to.

Major Head: 54B—Privy Purses and Allowances of Indian Rulers

The Hon'ble Dr. Bidhna Chandra Roy: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,72,000 be granted for expenditure under Grant No. 35, Major Head "54B—Privy Purses and Allowances of Indian Rulers".

The motion was then put and agreed to.

Major Heads: 55—Superannuation allowances and pensions, etc.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,36,96,000 be granted for expenditure under Grant No. 36, Major Heads "55—Superannuation allowances and pensions and 83—Payments of commuted value of pensions"

The motion was then put and agreed to.

Major Head: 56—Stationery and Printing

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 63,71,000 be granted for expenditure under Grant No. 37, Major Head "56—Stationery and Printing".

The motion was then put and agreed to.

Major Heads: 57—Miscellaneous—Other Miscellaneous Expenditure, etc.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 4,92,32,000 be granted for expenditure under Grant No. 40, Major Heads "57—Miscellaneous—Other Miscellaneous Expenditure—82—Capital Account of other State Works outside the Revenue Account".

The motion was then put and agreed to.

Major Head: 64C—Pre-partition Payments

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 32,00,000 be granted for expenditure under Grant No. 44, Major Head "64C—Pre-partition Payments".

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7-10 p.m. till 3 p.m. on Tuesday, the 20th March, 1956, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 20th March, 1956, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 10 Deputy Ministers and 181 Members.

[3—3-10 p.m.]

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Closing down of Rishi Bankim Chandra College, Naihati

***98. Dr. Atindra Nath Bose:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government gives any grant-in-aid to the Rishi Bankim Chandra College, Kantalpara, Naihati;

(b) whether the Government is aware that the said College has been closed *sine die* since 19th September, 1955;

(c) if so, what are the reasons for the closing;

(d) whether the Government has continued giving grant-in-aid, if any, after the closing;

(e) whether there is any nominee of the Government in the Governing Body of the College; and

(f) if so, who are they?

Sjkta. Purabi Mukhopadhyay (on behalf of the Minister-in-charge of Education, the Hon'ble Pannalal Bose): (a) Yes.

(b) Yes; but the College was subsequently reopened on the 17th November, 1955.

(c) In connection with the expulsion of two students by the Governing Body of the College with the consent of the Calcutta University, there was agitation among the students. During a meeting of the Governing Body of the College on 18th September, 1955, at 8 a.m., a demonstration was staged by some 100 students and the members of the Governing Body were confined within the College till 3 p.m. In view of the tense situation, the Governing Body of the College decided that the College should be closed *sine die*.

(d) No.

(e) and (f) Yes. The District Inspector of Schools, 24-Parganas.

Sj. Sudhir Chandra Das:

আপনি কোয়েশ্চেন (সি)-তে বলেছেন,

"in connection with the expulsion of two students"

আমার প্রশ্ন হচ্ছে, এই দুইটি ছেলেকে কেন এক্সপালসন করা হয়েছিল জানাবেন কি?

Sjkta. Purabi Mokhopadhyay:

এখানে আপনার কারণ দিয়ে দেওয়া হয়েছে; কলেজের যেসমস্ত ডিসিপ্লিন আছে তা ভাঙ্গবার জন্য।

Sj. Sudhir Chandra Das:

আপনি জানাবেন কি, কি ডিসিপ্লিন ভাঙ্গবার জন্য তাদের এক্সপালসন করা হয়েছিল?

Sjkta. Purabi Mokhopadhyay:

কলেজে যেসব ডিসিপ্লিন আছে সেসব ভাঙ্গবার জন্যই। এই কলেজ গভর্নমেন্ট কলেজ নয়। গভর্নমেন্ট কলেজের যেসব ডিসিপ্লিন আছে, নন-গভর্নমেন্ট কলেজেও সেইরকম ডিসিপ্লিন আছে।

Sj. Sudhir Chandra Das:

অনুগ্রহ করে বলবেন কি, এই দুইটি ছাত্রকে পুনরায় পড়তে দেওয়ার সুযোগ দেওয়া হবে কিনা?

Sjkta. Purabi Mokhopadhyay:

না।

Sj. Ganesh Ghosh: With regard to answer (d), why has not the grant-in-aid been continued after the reopening of the college?

Sjkta. Purabi Mukhopadhyay: Grants-in-aid to non-Government Colleges are given very often, not always. It is not a regular feature.

Sj. Ganesh Ghosh: Was not in this particular case the grant-in-aid to be continued, or was it given on some conditions?

Sjkta. Purabi Mukhopadhyay: On some conditions.

Sj. Ganesh Ghosh : What are those conditions?

Sjkta. Purabi Mukhopadhyay: According to grant-in-aid rules.

Afforestation Units in Keshiari police-station, Midnapore

***99. Sj. Surendra Nath Pramanik:** Will the Hon'ble Minister-in-charge of the Forests Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত কেশিয়াড়ী থানায় কয়টি Afforestation Unit আছে;

(খ) উক্ত Afforestation Unit-গুলির প্রত্যেকটির জন্য কত টাকা করিয়া ব্যয় করা হইয়াছে;

(গ) ইহাতে যে কয়টি করিয়া চারাগাছ আছে, সেগুলিকে জীবিত রাখার কিরূপ ব্যবস্থা আছে; এবং

(ঘ) উক্ত Afforestation Unit-গুলিতে পলাশ গাছের জঙ্গল সাজাইবার নির্দেশ কি সরকার দিয়াছেন?

The Minister-in-charge of the Forests and Fisheries Department (the Hon'ble Hemchandra Naskar): (ক) দুইটি।

(খ) বেলমায়—৮,৫৫৭ টাকা ১৫ আনা।

দুদেবুদে—২৮,১৬৯ টাকা ৫ আনা।

(গ) নিয়মিতভাবে গাছগুলির যত্ন লওয়া হয়। আগাছা দূর করিয়া জমি পরিষ্কার রাখা হয়। ইহা ছাড়া গো-মহিষাদির হাত হইতে গাছগুলিকে রক্ষা করা হয়।

(ঘ) বেলমায় মাত্র একখণ্ড জমিতে পলাশ গাছ এবং বাকী সর্বত্রই অন্যান্য গাছ লাগান হইয়াছে।

উহা সরকারী বিশেষজ্ঞের নির্দেশানুসারেই হইয়াছে।

Construction of embankment on the Kana-Damodar river within Tarakeswar police-station.

***100. Sj. Madan Mohon Saha:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে—

(১) হুগলী জেলার অন্তর্গত তারকেশ্বর থানার কাণা-দামোদর নদীতে যে সেচ বাঁধ নির্মাণ করা হইতেছে সেই উপলক্ষে উক্ত থানার বাসুদেবপুর, টেগ্‌রা এবং আলিগড়ী এই তিন মৌজার চাষীগণের ধানি জমি বিনা নোটিসে দখল করা হইয়াছে,

(২) জমি দখল সম্পর্কে স্থানীয় চাষীদের কোন আপত্তি গ্রাহ্য করা হয় নাই,

(৩) এই বাঁধ নির্মাণের জন্য পার্শ্ববর্তী জমি হইতে মাটি তুলিয়া জমিগুলিকে পুকুর ও খাদে পরিণত করিয়া আবাদী জমিসমূহকে নষ্ট করিয়া ফেলা হইয়াছে ও হইতেছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কি পরিমাণ জমি এইভাবে দখল করা হইয়াছে এবং কতজন চাষী এই দখলের আওতার মধ্যে পড়িয়াছেন,

(২) এ-সম্পর্কে উপরোক্ত তিনটি মৌজার চাষীদের নিকট হইতে মন্ত্রীমহাশয় কোন অভিযোগ পাইয়াছেন কিনা, এবং

(৩) পাইয়া থাকিলে, প্রতিকারের কি ব্যবস্থা সরকার করিয়াছেন?

The Minister-in-charge of the Irrigation and Waterways Department (the Hon'ble Ajoy Kumar Mukherji): (ক)(১) ও (খ)(২) না।

(ক)(২) ও (খ)(১) এবং (৩) প্রশ্ন উঠে না।

(ক)(৩) সাধারণতঃ ইহা করা হয় না। তবে কয়েকটি বিশেষ ক্ষেত্রে জমির মালিকের সম্মতি গ্রহণ করিয়া মাটি লইবার জন্য ৬ ইঞ্চি হইতে ১২ ইঞ্চি গভীরতা বিশিষ্ট কতকগুলি গর্ত খনন করা হইয়াছে।

Barada-Kharar and Khirpai-Ramjibanpur Roads in Midnapore district.

***101. Sj. Jatish Chosh:** Will the Hon'ble Minister-in-charge of the Development (Roads) Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, বরদা-খড়ার এবং খীরপাই-রামজীবনপুর রাস্তা দুইটি মহকুমা উন্নয়ন কমিটি কর্তৃক অনুমোদিত হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই দুইটি রাস্তা স্থান পাইয়াছে কিনা?

The Minister-in-charge of the Works and Buildings Department (the Hon'ble Khagendra Nath Das Gupta): (ক) হ্যাঁ।

(খ) খীরপাই-রামজীবনপুর রাস্তাটি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় স্থান পাইয়াছে। অর্থাভাবহেতু বরদা-খড়ার রাস্তা পরিকল্পনাভুক্ত করা সম্ভব হয় নাই।

Dr. Jatish Chosh:

এই খীরপাই-রামজীবনপুর রাস্তাটি যা হচ্ছে সেটা ঐ রাস্তাটির সামিল কিনা?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

রামজীবনপুর রাস্তাটি এর সামিল কিনা সেটা এখন বলতে পারি না।

Dr. Jatish Ghosh:

বরদা-খড়ার রাস্তাটির অবস্থা অত্যন্ত খারাপ। এ সম্বন্ধে আপনি অবগত আছেন কিনা?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না।

Dr. Jatish Ghosh:

এই বরদা-খড়ার রাস্তাটিকে ডেভলপমেন্ট কাউন্সিলএ সাবডিভিসনাল কাউন্সিল ফার্স্ট প্রায়োরিটি দেবার জন্য রেকমেন্ডেশন করেছিল কিনা?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

ফার্স্ট প্রায়োরিটি নিশ্চয়ই দেওয়া হয় নি।

Dr. Jatish Ghosh:

এই রাস্তাটিকে ফার্স্ট প্রায়োরিটি দেওয়া হয়েছিল আমি জানি, কারণ, আমি তার একজন মেম্বার ছিলাম।

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এটা কোন্ প্রায়োরিটি পেয়েছিল তা বলতে পারি না।

Dr. Jatish Ghosh:

এই রাস্তাটি আমি চার বৎসর ধরে বলছি যে, এই বরদা-খড়ার রাস্তাটির অবস্থা এত খারাপ যে, বর্ষাকালে যানবাহন চলাচল বন্ধ হয়ে থাকে। আপনি আমার সঙ্গে গিয়ে দেখবেন কি?

Mr. Speaker:

এ প্রশ্ন উঠে না।

Number of employees in National Extension Service Blocks and their pay scales.

***102. Sj. Madan Mohon Saha:** Will the Hon'ble Minister-in-charge of the Development Department be pleased to state—

(ক) National Extension Service Block-সমূহে নিযুক্ত গ্রামসেবক এবং সেবিকাদের সংখ্যা কত;

(খ) ইঁহারা সকলেই পূর্বে agricultural assistants ছিলেন কিনা;

(গ) ইঁহাদের বেতনের হার কত; এবং

(ঘ) গ্রামসেবক-সেবিকাদের free quarters দিবার কোন সরকারী পরিকল্পনা আছে কিনা?

The Deputy Minister for Development (Sj. Tarun Kanti Ghosh):

(ক) গ্রামসেবক—২৯০ জন।

গ্রামসেবিকা—৩ জন।

(খ) প্রত্যেক গ্রামসেবক পূর্বে Union agricultural assistant ছিলেন, কিন্তু গ্রামসেবিকারা ছিলেন না।

(গ) ৬০—১—৬৮—২—৮০ টাকা, তদুপরি নিয়মানুযায়ী মাগ্‌গী ভাতা এবং প্রতিমাসে ৫ টাকা হিসাবে camp allowance এবং ৫ টাকা হিসাবে সাইকেল ভাতা।

(ঘ) নাই.

Sj. Ganesh Ghosh:

(গ) প্রশ্নের উত্তরে বলেছেন যে, গ্রামসেবক ও সেবিকাদের পাঁচ টাকা হিসাবে সাইকেল ভাতা দেওয়া হয়। গ্রামসেবিকারাও কি এটা পেয়ে থাকেন?

Sj. Tarun Kanti Ghosh:

গ্রামসেবিকার ভাতা হিসাবে কোন ভাতা নেই। সকলকেই ৫ টাকা হিসাবে ভাতা দেওয়া হয়। গ্রামসেবিকারা পায় কিনা সেটা আমি পরে জানাব।

Sj. Ganesh Ghosh:

এখানে দেওয়া আছে, সকলেই পাচ্ছে। এই গ্রামসেবিকারা কি কাজের জন্য সাইকেল ভাতা পান?

Sj. Tarun Kanti Ghosh:

তাদের গ্রামে গ্রামে ঘুরতে হয়।

Sj. Ganesh Ghosh:

এখানে বলেছেন গ্রামসেবিকার সংখ্যা তিন জন, আর গ্রামসেবকদের সংখ্যা ২৯০ জন—গ্রামসেবিকার সংখ্যা এত কম কেন?

Sj. Tarun Kanti Ghosh:

ন্যাশনাল এক্সটেনশন সার্ভিসএ গ্রামসেবিকাদের নেবার কোন ব্যবস্থা নেই। কেবলমাত্র স্পেশাল কেস হিসাবে তিনজন গ্রামসেবিকা নেওয়া হয়েছে।

Sj. Ganesh Ghosh:

গ্রামসেবক ও গ্রামসেবিকার কাজ মূলতঃ কি পৃথক?

Sj. Tarun Kanti Ghosh:

এদের কাজ কি তা চীফ মিনিস্টার অনেকবার বলেছেন, সুতরাং আমার কাছে যে লিস্ট আছে তা পড়ার দরকার নেই। তবে ন্যাশনাল এক্সটেনশন সার্ভিসএ টাকার সংখ্যা কম, অতএব সেখানে নূতন করে গ্রামসেবিকাদের রাখবার প্রয়োজন নেই। ভবিষ্যতে রাখা হবে কিনা সেটা নিশ্চয়ই ডেভলপমেন্ট ডিপার্টমেন্ট চিন্তা করছেন। সেখানে মেয়েদের মধ্যে গ্রামসেবিকা গ্রামে কাজ করে কিন্তু টাকা অল্প থাকায় তাদের নেওয়া হয় না।

Sj. Sudhir Chandra Das:

গ্রামসেবকদের কি কি কাজের দায়িত্ব দেওয়া হয়েছে?

Sj. Tarun Kanti Ghosh:

যদি আপনি চান ত আমি পড়ে শুনাতে পারি.....

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I may inform the House that so far as the women in the village areas are concerned, there is another organisation called the Social Welfare Board of which Mrs. Durgabai Deshmukh is the chairman. They are particularly instructed to work amongst the womenfolk of the villages. Therefore, that is one of the reasons why the Community Development Block and the National Extension Service are thinking that it is only duplicating the machinery. So we have divided up the two services.

Navigable canal from Durgapur Barrage near D.V.C. to the Bhagirathi river.

***103. Sj. Dasarathi Tah:** Will the Hon'ble Minister-in-charge of the Development Department be pleased to state—

(ক) ডি ভি সি-র অন্তর্গত দুর্গাপুর ব্যারেজ হইতে ভাগীরথী পর্যন্ত যে নাব্য খাল কাটা হইতেছে এজন্য মোট কত পরিমাণ জমি দখল করা হইয়াছে;

(খ) এ দখলীকৃত জমি কোন্ কোন্ শ্রেণীর এবং উহার মধ্যে কৃষি জমির পরিমাণ কত;

(গ) কি উদ্দেশ্যে উক্ত খালটি কাটা হইয়াছে;

(ঘ) এজন্য কোন্ কোন্ বাবদে কত টাকার ব্যয়বরাদ্দ হইয়াছে;

(ঙ) এই নাব্য খালের দ্বারা ডি ভি সি-র বাৎসরিক কি কি বিষয়ে কত টাকা আয় হইবে তাহার প্রাক্কলন কি; এবং

(চ) উক্ত খালের বাঁধকে মোটর চলাচলের উপযুক্ত রাস্তায় পরিণত করা হইবে কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji: (ক) প্রায় ৪,১৫৩·২ একর।

(খ) দো, শালি, সুনা, আউশ, বহাল, কানালী, আমন, ডাঙ্গা, রাস্তা, পুকুর, বাইদ, পুকুরের পাড়, বাগান, নালা, ডোবা, পতিত, জঙ্গল, ভিটি, বাস্তু এবং খাল। উহার মধ্যে প্রায় ৩,৭৪০ একর কৃষি জমি।

(গ) সেচ এবং নৌ-চলাচলের সুবিধার্থে।

(ঘ) সেচ বাবদ—৯,৪২,৬১,৫৩৬ টাকা।

নেভিগেশন বাবদ—৩,৪০,৩৮,৩২২ টাকা।

(ঙ) সেচ বাবদ—বাৎসরিক ১,১৪,৪০,১২০ টাকা।
নেভিগেশন বাবদ—বাৎসরিক ৩০,০০,০০০ টাকা।

(চ) একদিকের বাঁধে জিপ্ চলাচলের উপযুক্ত রাস্তা করার প্রস্তাব আছে।

[3-10—3-20 p.m.]

Conviction of Sj. Jyotish Joarder, M.L.A.

Mr. Speaker : I have received intimation from the Chief Presidency Magistrate, Calcutta, that Sj. Jyotish Joarder, a member of this House, has been convicted under section 143/145, Penal Code, and sentenced to a fine of Rs. 50, in default to undergo simple imprisonment for three weeks, and the fine not having been paid by him he has been committed to Presidency Jail, Alipore, to serve out the sentence of imprisonment.

Retrenchment of D.V.C. employees.

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, before you go on to Government business, a very serious information has come that there is a huge demonstration before the D.V.C. office at Alipore and that 650 employees of Maithon have been given notice of retrenchment by the D.V.C. authorities. It seems that Shri Gulzarilal Nanda, the Minister, had earlier stated that they would be found alternative employment, but that was not kept, and it seems that now after the notices were issued one of the employees named Shri Tarapada Biswas has committed suicide. People have rushed from Maithon to this place and a demonstration is being staged there. They wanted to know, specially from the Chief Minister, whether he could intervene in the matter immediately with the Central authorities—may be over the 'phone or through telegram, I do not know how—and could meet some of the representatives of the D.V.C. in view of this serious situation which has arisen that 650 notices have been served.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Shri Nanda came four or five days ago and he had a discussion with me with regard to the persons who are to be retrenched in Maithon. As far as I understood from him, the retrenchment was to take place in batches up till the end of June—the first batch of 500. We discussed and decided that the retrenchment will not take place now but that we would try to take some of them, as many of

them as are useful to the Durgapur Coke Oven Plant Project. The Chief Engineer of the project as well as the Labour Commissioner went there in order to decide as to how to rehabilitate these fellows afterwards. I have heard about the report that Shri Jyoti Basu has just now mentioned. I have made a trunk call to Shri Nanda, I have not got the connection yet, because I feel that there is something wrong somewhere. I have telephoned to the Damodar Valley but could not get anybody in authority. I would take it up as soon as my work here is finished.

Point of privilege.

Sj. Bankim Mukherji: Sir, I have a question about privilege. Some time earlier—a few days back—the Chief Minister told the House through you that he spoke about the union of Bengal and Bihar, broadcast from the Calcutta Station on the 4th March, 1956, as a private gentleman—not as the Chief Minister—but here is, Sir, from the West Bengal Secretariat, Home (Publicity) Department, Calcutta, the 5th March, 1956, the Director of Publicity, P. S. Mathur, is circulating a copy of the Chief Minister's speech and he sends it to the members of Parliament:

"DEAR SIR,

I am desired by the Chief Minister to forward for your perusal the text of the talk on the union of Bengal and Bihar, broadcast through the Calcutta Station of the All-India Radio, on March 4, 1956.

Yours faithfully,
P. S. MATHUR,
Director of Publicity.

To all M.P.s."

That is, the Publicity Officer of the West Bengal Secretariat has been directed by the Chief Minister to circulate it and, as the Chief Minister, he gave his broadcast through the All-India Radio. I think any member can utter anything in this House, but it is the privilege of the House, at least from the Leader of the House, to get true statements. Just after he makes his speech, two or three days after he categorically states during the question that it was not as Chief Minister that he gave his talk but just as a private member, knowing all the while that he gave his talk as the Chief Minister because this circular letter proves that he did it as the Chief Minister. My point of privilege is this that at least you must direct the Leader of the House at least not to misdirect or misinform you or the House in such a way. He must always give us correct information at least on a thing of such trivial nature. If he had spoken as the Chief Minister, it would not have made any difference. If he had stated "I spoke as the Chief Minister", it would not have mattered much. He has got every right to speak as the Chief Minister and as an individual member also he can speak, with permission, through the All-India Radio. But the thing is, why should the House be misinformed in this way? That is the point that I am raising.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The answer is, in the first place, my friend has not quoted me correctly. I said "I spoke as a person who was responsible for putting this proposal before the people"—that is what I said. I did not speak as the Chief Minister because it is not one of the things that is accepted by the people of this State yet. Therefore, my talk was only as a person, as an individual, who had been responsible for putting this case before you. It is true that this individual is also the

Chief Minister—I cannot separate myself, one from the other. But when I stated that I said definitely that it was from a person who has given an idea before the people and I, therefore, asked the Government of India to give me sanction to give a talk to the people.

Sj. Bankim Mukherji: I am thankful to the Chief Minister for his admission that the people of Bengal have not yet accepted it.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not hide things as you seem to think.

Dr. Hirendra Kumar Chatterjee: On a point of information, Sir, on this point—on the point of privilege.

Mr. Speaker: Any time you cannot raise it.

Dr. Hirendra Kumar Chatterjee: I am supporting the point of privilege raised by Mr. Mukherji.

Mr. Speaker: It is not necessary..

Dr. Hirendra Kumar Chatterjee: I want certain elucidation about the point of privilege.

Mr. Speaker: That is not necessary. That is not the proper way of doing it.

Dr. Hirendra Kumar Chatterjee: Can a speech of a private person be circulated by the Director of Publicity?

Mr. Speaker: That is a matter for the department—that is not a question before the House.

[3-20—3-30 p.m.]

Supplementary Estimates for the year 1955-56.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to present under the provisions of article 205 of the Constitution a statement of the Supplementary Estimates of expenditure for the year 1955-56.

It will be recalled that the revised estimates for this year have already been enquired into by the House and accepted. The total amount covered by the present supplementary estimate is Rs. 11,29,26,000 of which the voted items account for Rs. 6,13,28,600 and the charged items for Rs. 5,15,97,400.

Of the voted items the largest demand is under the head "54—Famine". The additional demand under this head is for Rs. 2,83,90,000 which was necessary for the large-scale relief works undertaken in areas affected by flood and drought. The next demand is for Rs. 1,39,32,000 under the head "Loans and Advances by State Government". It includes 65,000 for low-income group housing scheme; Rs. 6,51,000 for special, medium and long-term loans to co-operative societies and borrowers groups for agricultural development due to post-budget decision. It includes Rs. 14,99,000 for payment of loans to district boards by way of assistance in respect of unrealised cess. It will be recalled that after the vesting of the estates with the Government the district boards have not been able to get the road cess and public works cess for the year 1955-56 except to a

very small amount and, therefore, we had to advance a certain sum of money to the district boards against such unrealised cess. Rs. 35,34,000 is required mainly for distribution of loans and advances to artisans and cultivators in areas affected by flood and drought. The additional demand of Rs. 77,13,000 under the head "Police" is mainly due to the provision for meeting increased charges following the revision of the pay-scale of subordinate ranks of the Police. You will recall that this matter was mentioned when we were discussing the Police budget, but the amount was not available in the budget. Therefore, a supplementary demand has been made. The additional demand of Rs. 58,15,500 under "Agriculture" is due to the post-budget decision to continue the scheme for large-scale supplies of fertilisers to cultivators. At the time the budget for 1955-56 was prepared and placed before the House we had no idea as to the total quantity of fertilisers that would be available from the Government of India during the year for distribution amongst the cultivators, but their approval came after the budget was placed before the House. The additional grant of Rs. 25,28,000 under Community Development Projects, National Extension Service, and Local Extension Development Works is required to cover a part of the expenditure under Local Development Works which have been transferred to this head under Major Head "25—General Administration" and "57—Miscellaneous—Other miscellaneous expenditure" with effect from the current financial year. The additional demand also includes Rs. 69,000 under the head "Stamp", Rs. 1,43,000 under the head "Registration", and Rs. 1,57,000 under the head "Other Taxes and Duties", Rs. 7,50,000 under the head "General Administration", Rs. 2,86,000 under the head "Ports and Pilotage", Rs. 6,13,000 under the head "Industries—Cottage Industries" Rs. 3,95,000 under the head "Industries—Cinchona", Rs. 12,000 under the head "54—Privy Purses and Allowances of Indian Rulers" and Rs. 5,24,400 under the head "Stationery and Printing". The demands under these heads appear to be small and do not call for much comment.

Of the charged items the largest item is Rs. 4,81,37,000 under the head "Public Debt—Floating Debt". Out of this Rs. 4,36,37,000 represents repayment made from time to time this year in order to clear off the cash credit demand drawn from the State Bank of India in 1954-55 which could not be fully repaid in that year as previously contemplated, and the demand of Rs. 45 lakhs represents the provision for repayment of the ways and means advance obtained from the Reserve Bank of India in August, 1955, when there was a temporary shortfall in the cash balance in the State. The demand of Rs. 27 lakhs 91 thousand under the head "Interests on Debt and other obligations" is mainly accounted for by the additional provision for interest due to the raising of a loan of Rs. 7,58,72,000 from the open market as against the four crores originally provided for in the budget and for larger interest charges payable on the outstanding advance from the State Bank in connection with the food procurement operations in this State, also provision for larger amount of interest on loans taken from the Union Government in respect of various schemes. The demands of Rs. 1,19,000 under the head "Interests on works for which capital accounts are kept" and of Rs. 85,000 under the head "Interest on capital outlay on multipurpose river schemes" are due to the decision to calculate the interest at 4¼ per cent. instead of 4 per cent. as before.

The demand for Rs. 1,01,000 under the head "General Administration" is due mainly to the provision for pay and allowances of some additional staff of the Public Service Commission and increased payment of remuneration to examiners due to the increase in the number of candidates appearing for the various examinations under the Public Service Commission. The demand of Rs. 45,900 under the head "Medical" and Rs. 12,000

under the head "Miscellaneous—Expenditure on displaced persons", of Rs. 9,500 under the head "Extraordinary charges in India" and Rs. 71,000 under the head "Capital outlay on State schemes of Government trading" are required for payment of the decretal amount under orders of the court. The demand of Rs. 21,000 under the head "Superannuation allowances and pensions" and Rs. 5,000 under the head "Commutation of pensions" financed from ordinary revenues are required for meeting the larger demand for pensionary charges and for commutation of pension or by pensioners drawing charged pensions. The demand of Rs. 2 lakhs under the head "Public Debt—Loans for displaced persons" is required for repayment of a larger amount of loan to the Government of India, in view of the larger funds available for repayment in respect of loans distributed out of the Central loans obtained for the purpose. The reasons for payment included in the Supplementary Estimates have been set forth in the Explanatory Memorandum given under each head.

With these words, Sir, I present the Estimates for the Supplementary budget for the year 1955-56.

[3-30—3-40 p.m.]

GOVERNMENT BILLS.

The West Bengal Molasses Control (Amendment) Bill, 1956.

The Hon'ble Syama Prasad Barman: Sir, I beg to introduce the West Bengal Molasses Control (Amendment) Bill, 1956.

[Secretary then read the title of the Bill.]

The Hon'ble Syama Prasad Barman: Sir, I beg to move that the West Bengal Molasses Control (Amendment) Bill, 1956, be taken into consideration.

Sir, I will briefly explain the reasons for this Bill. Molasses are required for manufacture of alcohol. Alcohol is required not only for beverages but also for medicinal and other preparations.

There are three distilleries in West Bengal—one in Calcutta, another at Bhadrakali in the district of Hooghly and another at Asansol within the district of Burdwan. These distilleries require 3 lakh maunds of molasses for manufacture of country spirit and 5 lakh maunds of molasses for manufacturing industrial spirit. To secure equitable distribution and availability of molasses at fair prices to these distilleries manufacturing alcohol in this State, the West Bengal Molasses Control Act, 1949, was passed in 1949. As it was necessary to continue the control on molasses the life of the original Act of 1949 which was to expire on the 31st March, 1952, was extended from time to time by necessary amendments of sub-section (4) of section 1 of the Act.

The Act was last amended by the West Bengal Molasses Control Amendment Act of 1954 and is due to expire on the 31st March, 1956. The need of control on molasses continues as before. As there is acute shortage of this commodity in this State it is, therefore, considered necessary to extend the life of the Act for a further period of two years from 1st April, 1956. It has been proposed under the present Bill, sub-section 4 of section 1 for the above purposes.

Sj. Biren Banerjee:

মাননীয় সভাপাল মহাশয়, ধৈর্যসহকারে আমরা মাননীয় মন্ত্রীমহাশয়ের কথা শুনলাম। কিন্তু বোঝা যাচ্ছে না যে, কেন এই কন্ট্রোল এখনও রাখতে হচ্ছে। ১৯৪৯এ যখন মোলাসেস

কন্ট্রোল এ্যাক্ট হয়েছিল, তখন তার একটা হেতু ছিল এবং বোঝা যায় যে, তখন হয়ত স্কার্সিটি অব মোলাসেস ছিল এবং এর জন্য হয়ত প্রয়োজন ছিল। সবে তখন যুদ্ধ শেষ হয়েছে; সেই অবস্থার মধ্যে কন্ট্রোলএর প্রয়োজন ছিল। এখন বাস্তবিক কন্ট্রোল কথাটা শুনলে সাধারণভাবে লোকের মন বিষিয়ে ওঠে। ১৯৪৯এ কন্ট্রোল হ'ল, ১৯৫২এ এ্যামেন্ডমেন্ট হ'ল, ১৯৫৪তেও আবার তার এ্যামেন্ডমেন্ট হল, আজ ১৯৫৬এ এসে সেই কন্ট্রোল বজায় রাখতে হবে কেন, একথা তিনি বলেন নাই। সে সম্বন্ধে শুধু বলা হয়েছে স্কার্সিটি হয়েছে। আমি তাঁকে জিজ্ঞাসা করি, কেন এই স্কার্সিটি হয়েছে? ১৯৫৬ সালের পরে কন্ট্রোলএর কোন্ প্রয়োজন হল? তিনি বলেছেন—ডিস্টিলারীতে মদ তৈরী হয়, কান্ট্রি স্পিরিট, মেথিলেটেড স্পিরিট তৈরী হয়, সেইজন্য মোলাসেসএর কন্ট্রোল দরকার। কিন্তু তা সত্ত্বেও বলব আগে অবস্থা যা ছিল, সেই অবস্থা থেকে পরিবর্তনটা কোথায় হয়েছে এ কথা তিনি বললেন না। সেইজন্য একথা জিজ্ঞাসা করব—পরিবর্তনটা কোথায় হয়েছে, সেটা বলুন। শুধু শুধু এই কন্ট্রোলের বেগড়া লাগিয়ে রাখবেন না। আমরা বিরোধী এজন্য নয় যে, ডিস্টিলারি বন্ধ হয়ে যায়, আমরা বিরোধী এজন্য যে, কন্ট্রোল হচ্ছে। সাধারণভাবে বাজারদর, কাজ-কারবার, ব্যবসা-টাবসা—যা আছে তাতে এই কন্ট্রোল একটা আর্টিফিসিয়ালিটি এনে দেয়। সত্যি স্কার্সিটি আছে তা আপনি আগে প্রমাণ করুন। আগে যেভাবে পেতেন, এখন কেন তা পাবেন না? তার কারণ বুঝতে পারছি না। মন্ত্রীমহাশয় কারণটা নির্দিষ্ট করে বলেন নি। সেইজন্য বারবার বলছি কন্ট্রোলএর প্রয়োজন যদি না হয়, তাহলে এটা মুছে দেওয়া হোক। আবার যদি তিনি এই কন্ট্রোলএর লাইফ বাড়াতে চান, তা হ'লে পরিষ্কার করে বলুন, লুকোচুরি না করে বলুন, আগে তখন প্রয়োজন ছিল, এখন বাজারদরের এই অবস্থা, এইজন্য কন্ট্রোল বসাতে চাই, কন্ট্রোল রাখতে চাই।

আর একটা কথা জিজ্ঞাসা করতে চাই—দু-বছর কেন এটা কন্টিনিউ করতে চান? যখন এটা এক্সটেনশন করছেন তখন কেন ৩ বছরের জন্য নয়, বা ৫ বছরের জন্য নয় কেন? এর পর কি আর কোন কন্ট্রোলএর প্রয়োজন হবে না? আপনারা একটা এ্যাক্ট করলেন, প্রথমে দু-বছরের জন্য, তারপর দু-বছর, তিন বছর করে করে তার মেয়াদ বাড়িয়ে নিয়ে গেলেন। আপনি বলুন —মোলাসেসএর ব্যবসাবাণিজ্য যা রয়েছে—তাতে ৫ বছরের জন্য কন্ট্রোল চাই। তার একটা হেতু থাক। আপনারা একটা রেন্ট কন্ট্রোল এ্যাক্ট করলেন—১০।১২ বছর ধরে তার বছর বছর এক্সটেনশন করলেন। আপনি হিসাবনিকাশ করে বলুন, সত্যি সত্যি কন্ট্রোল প্রয়োজন, তখন আমরা মত দেব, না হ'লে আগে আমরা মত দিতে পারি না।

The Hon'ble Syama Prasad Barman:

মিঃ স্পীকার, স্যার, আমি আগেই বলেছি আমাদের ডিস্টিলারিগুলিতে বছরে ৮ লক্ষ মণ মোলাসেস দরকার। তার মধ্যে আমাদের পশ্চিম বাংলায় মাত্র ১ লক্ষ মণ রামনগর চিনি কলে পাওয়া যায়। বাকি ৭ লক্ষ মণ আনতে হয় বিহার থেকে এবং ইউ-পি থেকে। এখন এই যদি কন্ট্রোল না থাকে, তা হ'লে এই ১ লক্ষ মণ যা এখান থেকে পাচ্ছি এটাও হয়ত হাই রেটএ খুব বেশি দরে বিক্রি হয়ে যাবে, আমরা আর এটা বন্ধ করতে পারব না। তারপর যা এখন আমরা ইম্পোর্ট করতে পারি—এমনও হতে পারে আমরা ইউ-পি ও বিহার থেকে যা আনছি তার জন্য ইম্পোর্ট ট্যাক্স দিতে হবে। কিন্তু আমাদের এখানে মোলাসেস কন্ট্রোল এ্যাক্ট না থাকলে সেটা দরকার হবে না। এইসমস্তর জন্যে আমরা মোলাসেসএ স্বয়ংসম্পূর্ণ হতে পারি নি। যদি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমাদের এখানে আরও চিনির কল স্থাপিত হয় এবং আমরা যদি ৫।৬ লক্ষ মণ মোলাসেস তা থেকে পাই তা হ'লে এই কন্ট্রোলএর আর দরকার হবে না। (এ ভয়েসঃ আগে অবস্থা কি ছিল?) ১৯৪৯এর আগেও কন্ট্রোল রাখতে হয়েছিল। আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য বলছি—পূর্বে মোলাসেস এমন একটা জিনিস ছিল—এটাকে লোকে একটা দরকারী জিনিস বলে জানত না। আমাদের এখানে অন্য জায়গা থেকে ইম্পোর্টেড হ'ত। বাইরে থেকে মোলাসেস এখানে ইম্পোর্টেড না হওয়াতে আমাদের মোলাসেস দরকার হয়েছে। আগে বিহারে ও ইউ-পিতে মোলাসেস নদীর জলে ফেলে

দিত। তার জন্য মিল-মালিকদের মণ প্রতি চার পয়সা করে দিতে হ'ত। আর এখন চার আনা মণ দরে তারা বিক্রি করছে। ইউ-পি ও বিহারে এক মণের দাম তের আনা। আগে দরকার হয় নাই, আর এখন দরকার হচ্ছে বলে এই অবস্থা।

তারপর মাননীয় সদস্য বলেছেন, আজ কেন ৫ বছরের জন্য করা হচ্ছে না? আমাদের এ্যাক্টএ আছে অ্যাট এ টাইম দু' বছরের বেশি বাড়াতে পারি না। তাই এটা এইভাবে হচ্ছে।

The motion of the Hon'ble Syama Prasad Barman that the West Bengal Molasses Control (Amendment) Bill, 1956, be taken into considerations was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Syama Prasad Barman: Sir, I beg to move that the West Bengal Molasses Control (Amendment) Bill, 1956, as settled in the Assembly be passed.

[3-40—3-50 p.m.]

Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, এইমাত্র যে তথ্য মাননীয় মন্ত্রীমহাশয় বললেন, আমি সেই তথ্যটা বুঝতে পারলাম না। ১৯৪৯ সালের আগেতে মোলাসেসএর যেন মূল্য আমরা বুঝতাম না! তার জন্য আমরা সেটা জলে ফেলে দিতাম! এটা ঠিক নয়। অন্ততঃ এটুকু সকলে জানেন যে, চন্দননগরে একটা ডিস্টিলারি ছিল অনেক আগে থেকে। সস্তায় পাওয়া যেত বলে অনেক মাননীয় অতিথি সেখানে যেতেন। ১৯৪৯ সালের পূর্বে যে মোলাসেস থেকে এ্যালকোহল হয় নাই—তা স্বীকার করতে আমি বাধ্য নই। চন্দননগরের সে ডিস্টিলারি বন্ধ করে দেওয়া হয়েছে—সেখানে আমি দেখেছি গঙ্গার ধারে ৩০ বছর থেকে মোলাসেস থেকে অ্যালকোহল হয়, সেটা তাঁরা জানতেন। উনি যে তথ্য বললেন, তা আমি সত্য বলে মেনে নিতে পারি না। উনি বললেন—১৯৪৯এর আগে মোলাসেস জলে ফেলে দেওয়া হ'ত। তা হ'লে ১৯৪৯এর আগে ডিস্টিলারিতে মোলাসেস আসত কোথা থেকে? বীরেনবাবু যে কথা তুলেছেন—উনি কি সেটা সাপোর্ট করলেন? ১৯৪৯এর পূর্বে যখন মোলাসেস ব্যবহৃত হ'ত না, তখন কি মোলাসেস থেকে অ্যালকোহল হ'ত না? যদি হ'ত, তা হ'লে এতবড় বেকুব জগতে কেউ নেই যে, যে জিনিস অ্যালকোহল হতে পারে, সেই জিনিস চার পয়সা দিয়ে জলে ফেলে দিত।

দ্বিতীয় কথা, কন্ট্রোল যে হল তার উপরে বলছি। আমাদের গুদামে যদি মাল পড়ে থাকে তা হ'লে কন্ট্রোলের ব্যবস্থা দিলে পর সুবিধা হয়, কন্ট্রোলের ব্যাপার হলেই সেটা লাভের জিনিস হয়। যে মাল গুদামে থেকে পচছে, তার জন্য অনেক ক্ষেত্রে কন্ট্রোল পাশ করিয়ে নেওয়া হয়—এ আমরা যুদ্ধের সময় দেখেছি। পরবর্তীকালেও দেখেছি; এখানে এরকম কোন ব্যাপার আছে কিনা—মন্ত্রীমহাশয়ের কাছে থেকে জানতে চাই। আর ১৯৪৯ সালের আগে, মোলাসেস থেকে যে অ্যালকোহল তৈরি হয় এই অভিনব তথ্যটা বাংলাদেশে আবিষ্কার হয়েছে —এটা সত্য কিনা? আবহমান কাল থেকেই যে মোলাসেস হতে যে অ্যালকোহল হয়ে আসছে তার প্রকৃষ্ট প্রমাণ হচ্ছে 'চন্দননগর ডিস্টিলারি'।

আর মোলাসেস যদি জলেই ফেলা হয়, তা হ'লে তা কন্ট্রোল করার আবার কি প্রয়োজন? তা হ'লে এর পিছনে আর কোন সদুদ্দেশ্য আছে কিনা সেই তথ্যটাও আমরা জানতে চাই।

The Hon'ble Syama Prasad Barman:

চন্দননগরের সভ্যমহোদয় যে কথা বলেছেন, চন্দননগরে আগে একটা ডিস্টিলারি ছিল। তার সম্বন্ধে আমি বলতে চাই, মোলাসেস থেকে যে এ্যালকোহল তৈরি হয়, সেটা নূতন কিছু নয়। বরাবরই হয়; তবে তিনি এটা হয়ত জানেন না যে, চন্দননগরের যে ডিস্টিলারি, সেটাতে বেআইনীভাবে চোলাই হ'ত। সেইজন্য সেটাকে বন্ধ করা হয়েছে।

(Dr. HIRENDRA KUMAR CHATTERJEE:

সেটা অবশ্য চোরাই নয়।) আমাদের কথা হচ্ছে, বাংলাদেশে মোলাসেস যেটা এক্সপোর্টেড হয়ে আসে তা থেকেই এখানে অ্যালকোহল তৈরি হ'ত। তারপর যখন এক্সপোর্ট বন্ধ হয়ে গেল, তখন মোলাসেস আমাদের আপ-কান্ট্রি থেকে, বিহার থেকে এনে তৈরি হচ্ছে।

তারপর সভ্যমহোদয় যে কথাটা জিজ্ঞাসা করেছেন, তা বলব। সত্য সত্যই বিহারে, ইউ-পিতে এবং প্রত্যেক স্টেটেই মোলাসেস কন্ট্রোল এ্যাক্ট আছে। এই আইন থাকাতে প্রাইস-কন্ট্রোল হয়েছে। মাননীয় সভ্যমহাশয় যদি ইউ-পি থেকে আনতে চান, তা হ'লে সে কন্ট্রোল্ড দামে পাবেন না, তাঁকে বেশি দাম দিতে হবে, কিন্তু আমরা সেখানে কি দরে পাই বলছি—বিহারে ।০ আনা, আর ইউ-পিতে ।১৫ আনা। এইরকম মোলাসেস কন্ট্রোল এ্যাক্ট যদি সেখানে না থাকত তা হ'লে আমরা এই দরে পেতে পারতাম না।

তারপরে আর একটা কথা বলছি, চন্দননগরের ব্যাপারে। সেখানে যদি গুড় থেকেও করা যেত তা হ'লে কোন ক্ষতি হ'ত না, যদিও গুড়ের দাম বেশি। আমাদের এখানে এক গ্যালনে স্পেশাল ডিউটি দিতে হচ্ছে ৩৪৶০ আনা। কিন্তু সেখানে কোন ডিউটি দিতে হ'ত না। সেই কারণে বেশি দামের গুড় দিয়ে এ্যালকোহল তৈরি করেও তারা যথেষ্ট লাভ করতে পারত। কিন্তু আমাদের এখানে ডিউটি থাকায় আমাদের পক্ষে সে সম্ভাবনা নাই। কাজেই মোলাসেস কন্ট্রোল এ্যাক্ট শুধু আমাদের এখানেই নয়, প্রত্যেক স্টেটেই আছে।

Sj. Biren Banerjee:

বাংলাদেশে মোলাসেস কন্ট্রোল রেট কত?

The Hon'ble Syama Prasad Barman:

আমাদের এখানে পার মন্ড ১ টাকা করেছি। বিহার থেকে এখানে ।০ আনা করে আনা হয়, আর আমাদের ১৷৶০ আনা করে ফ্রেট। সবসুদ্ধ খরচ পড়ল ১৸৶০ আনা। আর ইউ-পি থেকে যদি আনা হয় তা হ'লে সবসমেত ২।০ আনা খরচ পড়ে।

The motion of the Hon'ble Syama Prasad Barman that the West Bengal Molasses Control (Amendment) Bill, 1956, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

The West Bengal Hindu Social Disabilities Removal (Repealing) Bill, 1956.

The Hon'ble Satyendra Kumar Basu: Sir, I beg to introduce the West Bengal Hindu Social Disabilities Removal (Repealing) Bill, 1956.

[Secretary then read the title of the Bill.]

The Hon'ble Satyendra Kumar Basu: Sir, I beg to move that the West Bengal Hindu Social Disabilities Removal (Repealing) Bill, 1956 be taken into consideration.

The West Bengal Hindu Social Disabilities Removal Act was passed in 1948 before the Constitution came into force. It prescribed certain

penalties. I shall draw your attention to article 17 of the Constitution. It provides as follows: 'Untouchability' is abolished and its practice in any form is forbidden. The enforcement of any disability arising out of 'Untouchability' shall be an offence punishable in accordance with law." Then the Constitution prohibits any State Legislature to prescribe any punishment with regard to this matter. I will draw your attention to article 35. It says as follows:

"Notwithstanding anything in this Constitution,—

(a) Parliament shall have, and the Legislature of a State shall not have, power to make laws—

(i) with respect to any of the matters which under clause (3) of article 16, clause (3) of article 32, article 33 and article 34 may be provided for by law made by Parliament; and

(ii) for prescribing punishment for those acts which are declared to be offences under this Part."

Article 17 is in Part III of the Constitution.

Then the Central Legislature has passed an Act called the Untouchability Offences Act, 1955. It has come into force on the 1st of June, 1955. There are two sections in this Act to which I would draw your attention. Section 16 is as follows: "Save as otherwise expressly provided in this Act the provisions of this Act shall have effect notwithstanding anything inconsistent therewith contained in any other law for the time being in force or any custom or usage or any instrument having effect by virtue of any such law or any decree or order of any court or other authority." We are at the present moment concerned with section 17 of the Central Act which runs as follows:—"The enactments specified in the Schedule are hereby repealed to the extent to which they or any of the provisions contained therein correspond or are repugnant to this Act or to any of the provisions contained therein." If you look at the Schedule and item 11 thereof you will find that the West Bengal Hindu Social Disabilities Removal Act, 1948, is mentioned there as an Act which has been repealed. The Central Act expressly repeals the West Bengal Act excepting sections 2(b), 3(c), 6 and 10. Section 2(b) deals with the definition of "local authority". Therefore, it will be useless to retain that section. Section 3(c) is declaratory. It prescribes no punishment; it does not create any offence, nor prescribe any punishment. Indeed no State Legislature can pass an Act providing for any punishment. Section 6 is also declaratory. It does not prescribe any punishment and all these matters are covered by the Central Act.

Section 10 is a section which deals with rules. Now as we cannot retain the effective provisions of the Act, it will serve no useful purpose by retaining section 10 which gives the State Government power to frame rules. In these circumstances it has become necessary to repeal this Act.

The motion of the Hon'ble Satyendra Kumar Basu that the West Bengal Hindu Social Disabilities Removal (Repealing) Bill, 1956, be taken into consideration was then put and agreed to.

[3-50—4 p.m.]

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Satyendra Kumar Basu: Sir, I beg to move that the West Bengal Hindu Social Disabilities Removal (Repealing) Bill, 1956, as settled in the Assembly be passed.

Sj. Nishapati Majhi:

স্যার, এই বিলটা সাম্প্রদায়িক অযোগ্যতা দূরীকরণ আইন—যেটা ১৯৪৭ সালে এই সভায় গৃহীত হয়েছিল এবং আজ আনন্দের কথা যে, কেন্দ্রীয় সরকার এই অস্পৃশ্যতাকে দণ্ডযোগ্য অপরাধ ব'লে ঘোষণা করেছেন এবং নানারকম বিধি বিধান করেছেন, যার ফলে এই আইন বাতিল হতে চলেছে। এর ২ ধারা, ৬ ধারা, ১০ ধারা এবং ৩ ধারা—এই বিষয়গুলি আমাদের তদানীন্তন আইনসচিব বিশেষভাবে বিচার-বিবেচনা করে লিপিবদ্ধ করেছিলেন। কেননা পশ্চিম-বঙ্গের একদল লোকের কাছে হয়ত অস্পৃশ্যতা কিছুই নয়। তাঁরা মুখে বলেন—অস্পৃশ্যতা উচ্ছেদ করতে চান কিন্তু দেখা যায় যে, পুণ্ড ক্ষত্রিয়, সুঁড়ি, রাজবংশী প্রভৃতি কয়েকটা জাতি বাদ দিলে তপশীল তালিকাভুক্ত জাতি, ডোম, মুচি, বাউড়ি প্রভৃতি যত আছে, তারা আজও সামাজিক ক্ষেত্রে অস্পৃশ্য। আমার একথা বলতে দুঃখ হয় যে, এমন গ্রাম দেখা যায়—যেখানে গরু বাঁধা থাকে সেই গোয়ালঘরের মাঝখানে আজও তাদের খাদ্য দেবার ব্যবস্থা আছে। যারা গরু চরিয়ে আসে তারা অস্পৃশ্যতার জন্য সেই নোংরা স্থানে খেতে বাধ্য হয়। এমনও দেখা গিয়েছে কলিকাতার পুলিশ হগ মার্কেটএ কোন একটা ডোম একটা চায়ের দোকানে চা খেতে গিয়েছিল তাকে সেখান থেকে বের করে দেওয়া হয়েছিল বলে তার লাইসেন্স বাতিল করে দেয়। অস্পৃশ্যতা আজও সামাজিক জীবনে যথেষ্ট রয়েছে একথা অস্বীকার করা যায় না। যদিও আমি বিশ্বাস করি আইনের দ্বারা এই অস্পৃশ্যতা একেবারে ধ্বংস করা যায় না। পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমি বলব যে, তথাকথিত যারা প্রকৃত অস্পৃশ্য ইংরাজ গভর্নমেন্ট সিডিউল্ড তালিকা করেছিলেন—সেই দৃষ্টিভঙ্গি পরিবর্তন করে হাড়ি, মুচি, ডোম, মেথর যারা আজ সমাজ-জীবনে নরকের তুল্য জীবনযাপন করে—তাদের আজকে ডাক দিতে হবে এবং তা হ'লে মহাত্মা গান্ধী পর্যন্ত স্বর্গলোক থেকে আশীর্বাদ করবেন।

এই বিলের মধ্য থেকে আজ ৬ ধারা, ৩ ধারা তুলে দিয়ে ভাল করছেন, কি মন্দ করছেন, বলতে পারি না। তবুও আইনমন্ত্রী মহাশয় নিজেই বলেছেন—রুল তৈরি করবার সময়—এর মধ্যে ভাল যদি কিছু থাকে—তবে সেটা রাখবার ব্যবস্থা তিনি করবেন। এজন্য তাঁকে আমি ধন্যবাদ জানাচ্ছি। বাংলাদেশে তাদের সামাজিক জীবনে যে অধিকার সেটা অন্য প্রদেশে নাই। এখানকার সত্যিকার শিক্ষিত সমাজ যে অধিকার আজ অস্পৃশ্য জাতিকে দিয়েছে সেই অধিকারকে বাস্তবে রূপায়িত করবার জন্য আমি আইনমন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাচ্ছি—যাতে তিনি এদের শিক্ষার উন্নতি করেন, সব নোংরা স্থান পরিষ্কার করেন, পানীয় জলের ব্যবস্থা করেন এবং তাদের পশুপক্ষীর মত যে বাসগৃহ আছে—সেগুলি পুনরুদ্ধার করবার ব্যবস্থা করেন। আজকে বাস্তুহারা আইনে সার্টিফিকেট দেখালেই ৫ শত থেকে হাজার টাকা পায় কিন্তু যারা যুগের পর যুগ বাস্তুহারা হয়ে আছে, গৃহহারা হয়ে আছে—বর্ষায় ভেজে, শীতে কাঁপে—তারা আজকে সুযোগসুবিধা পাচ্ছে না। অনেক ইউনিয়ন বোর্ড, মিউনিসিপ্যালিটির এদের ছাড়া চলে না—এরা তাদের নোংরা পরিষ্কার করে—অথচ এরাই আজ ঘরে থাকতে পারছে না। আমি আশা করি, পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে আইনমন্ত্রীমহাশয় যাতে এইসব জাতি বিশেষ স্থান পায় —তার ব্যবস্থা করবেন। আর যে রুল তৈরি করার কথা বলেছেন—সেটার সময়, যারা এ বিষয়ে হৃদয়বান, হরিজন লোকসমাজে কাজ করেন—যেমন রতনমণিবাবু, প্রিয়রঞ্জন সেন বা গুপ্ত সাহেব এবং বিরোধী বন্ধুরা যাঁরা আছেন, সে সোসালিস্ট পার্টিরই হোক বা অন্যান্য পার্টিরই হোক—তাদের নিয়ে যেন একটু আলোচনা করেন—কিভাবে, কিরূপে আজকে বাংলার সমাজজীবন থেকে অস্পৃশ্যতাকে ধ্বংস করা যায়। শুধু মুখের কথায় অস্পৃশ্যতা যাবে না। আজকাল সংবাদপত্রে অস্পৃশ্যতা দূর করবার জন্য কোন সংবাদ ছাপা হয় না, কারণ তাঁরা মনে করেন এটা অবান্তর। আমি দুঃখের সঙ্গে বলছি আজ আড়াই কোটি লোকের মধ্যে প্রায় ৫০ লক্ষ লোক এই অস্পৃশ্যতার নরকে ডুবে আছে।

The Hon'ble Satyendra Kumar Basu: Sir, the Bengal Act created substantive offences and provided for punishment of such offences. But the Act was passed before the Constitution came into force. The Constitution itself, Sir, is a sufficient guarantee because article 19 provides that untouchability is abolished and its practice in any form is forbidden. Then article 35 provdes that the Central Government and not the State Government will be competent to prescribe punishment as regards offences committed in regard to the question of untouchability. Sir, this is an all-India problem and there is a great deal of wisdom in the provision in the Constitution that such a legislation should be undertaken by the Central Government. Sir, mere retention of rule-making power will not serve any useful purpose because unless you are able to pass substantive legislation, mere rule-making power will not give you authority to punish on the ground of untouchability. Having regard to the Act which is passed by the Central Legislature I feel that people are sufficiently protected and it has created offences and it has also provided for punishment in cases of such offences. The Central Act has expressly repealed the provisions of the State Act excepting the four which I indicated—one relates to the rule-making power; another is a definition; the other is merely a declaratory provision and the other is directive so that having regard to the repeal of the State Act by section 17 of the Central Act the remaining sections will serve no useful purpose. Therefore it is essential that the Act should be repealed.

The motion of the Hon'ble Satyendra Kumar Basu that the West Bengal Hindu Social Disabilities Removal (Repealing) Bill, 1956, as settled in the Assembly be passed was then put and agreed to.

[4—4-10 p.m.]

Retrenchment of D.V.C. employees.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I just wanted to tell the House that I have made enquiries and I find that there has been no demonstration in front of the Anderson House. Whether there is a demonstration in Maithon the Chairman is not yet sure, but he has received no intimation that there is a demonstration. As a matter of fact the incident about which mention was made and I find also mention has been made in the press, the case of suicide was not in regard to Maithon but with regard to Ramgarh where there is a Power Station where, I am told, some persons were discharged—nothing to do with the Maithon arrangement at all. I am further informed that according to the Central Minister's desire no action is being taken on the notice of discharge which has been served as yet and every attempt is being made to try and put them in some other place—those who will be discharged—in a month's time or so.

Sj. Bankim Mukherji: Are you aware that the young man who committed suicide left a letter stating that the D.V.C. authorities are responsible?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I told you that is with regard to Ramgarh, not Maithon. That is a different thing altogether.

The Tribunals of Criminal Jurisdiction (Amendment) Bill, 1956.

The Hon'ble Satyendra Kumar Basu: Sir, I beg to introduce the Tribunals of Criminal Jurisdiction (Amendment) Bill, 1956.

[Secretary then read the title of the Bill.]

The Hon'ble Satyendra Kumar Basu: Sir, I beg to move that the Tribunals of Criminal Jurisdiction (Amendment) Bill, 1956, be taken into consideration.

Sir, by this Bill I am seeking two very simple amendments of the Act. I am seeking to provide that the Tribunals may have powers to tender pardon in order to obtain evidence. Then, Sir, in clause 3 I am amending the procedure so as to bring it in consonance with the Criminal Procedure Code which has been recently amended by the Central Government.

The motion of the Hon'ble Satyendra Kumar Basu that the Tribunals of Criminal Jurisdiction (Amendment) Bill, 1956, be taken into consideration was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 3, in the proviso to the proposed sub-section (2), line 6, after the words "in the interests of justice" the words "or when the accused demand it" be inserted.

মাননীয় স্পীকার, স্যার, আমার এ্যামেন্ডমেন্ট হচ্ছে প্রথম নম্বর যে দোষী সেরকম ১০ জন খালাস হয়ে যাক, কিন্তু যে নির্দোষ এরকম একজনেরও যেন দণ্ড না হয়। এই প্রিন্সিপ্‌লএ এ্যাক্ট করতে পারলেই ভাল হয়। বৃটিশদের আমরা নিন্দা করি বটে, কিন্তু তাদের এইরকম প্রিন্সিপ্‌লই ছিল। তবে যখন তারা নিজেরা ভাইটালি ইন্টারেস্টেড হয়ে পড়ত স্টেটএর ব্যাপারে তখন অন্যরকম উল্টে দিত। তা না হ'লে অনেক সময় তারা ইম্পার্সিয়াল জাজমেন্ট করেছে, তাতে অনেকে খালাস হয়ে গেছে। তারপর অনেক প্রভিশন করে আটকেছে, নানা কাণ্ড করেছে। আমি যে অ্যামেন্ডমেন্ট এখানে এনেছি, সেটা হচ্ছে যদি কেউ ট্রাইব্যুনাল বিচার হতে হতে বদলি হয়ে যান আর একজন জাজ আসেন—তিনি ট্রাইব্যুনালএ যখন প্রিসাইড করেন তখন তিনি যদি ভাবেন যে, উইটনেসকে আবার এক্সামিন করা উচিত যার সাক্ষ্য পূর্বে নেওয়া হয়েছে তার যদি পুনর্বার সাক্ষ্য নেওয়া উচিত বলে তিনি বিবেচনা করেন ইন দি ইন্টারেস্ট অব জাস্টিস তা হ'লে তাকে পুনরায় সামন করবেন। সেজন্য আমি এটুকু দিচ্ছি—

"or when the accused demand it".

যখন এ্যাকিউজ্‌ড ডিম্যান্ড করবে যে আবার তার সাক্ষ্য গ্রহণ করা হোক—যে সাক্ষ্য দিয়ে গেছে তাতে কোন গোলমাল হতে পারে বা ডিফেক্ট থাকতে পারে তখন সেই ট্রাইব্যুনাল পুনরায় সেই সাক্ষ্য নেবে। আমার এই সংশোধনীটা গ্রহণ করলে ভাল হবে। এ্যাকিউজ্‌ড যারা তারা অবশ্য স্যাটিসফায়েড হবে যে, আমাদের উপর জাস্টিস হচ্ছে, তারা অন্ততঃ বুঝতে পারবে যে, তারা ন্যায়বিচার পাচ্ছে। তাদের মনে যাতে কোনরকম ক্ষোভ না থাকে সেটা করা দরকার। সেজন্য আমি বলব যে, আমার সংশোধনী প্রস্তাবটা গ্রাহ্য করুন। য়্যাকিউজ্‌ড যে সব সময় চাইবে তার কোন মানে নেই, কিন্তু সে যদি চায় তার জন্য এখানে একটা প্রভিসন থাকা দরকার যে, সে চাইলে পুনরায় আবার সাক্ষ্য গ্রহণ করা যেতে পারে, যাতে সে খালাস পায়। এটা যদি এ্যাকসেপ্ট করেন তা হ'লে কোন ক্ষতি হবে না। তাদের উপর জাস্টিস হচ্ছে—এটা তারা যেন বুঝতে পারে।

The Hon'ble Satyendra Kumar Basu: Sir, I am sorry my friend is very unmodern. He is trying to introduce in this amendment the portion of section 350 of the Criminal Procedure Code which has been omitted deliberately by the Central Act which has been recently passed in order to speed up trial. Sir, I shall draw your attention to section 350 as it stood before the amendment of 1955. The present provision is where a Magistrate succeeding may act on evidence so recorded by his predecessor or partly recorded by his predecessor and partly recorded by himself or he may resummon the witnesses and recommence the enquiry or trial provided as follows and so on. What the Central Government has done in passing the Central Act is to delete the portion which provided for recommencement of the case on the application of the accused but has vested very large discretionary power in the Magistrate to recall a witness and examine him.

Sir, the Central Government has omitted this expression which appears towards the latter part of section 351, namely, or he may resummon a witness and recommence the enquiry or trial, and also the proviso to that section has been omitted and that provision has been revised and re-enacted as follows in section 64 of the Central Act: "provided that if the succeeding Magistrate is of opinion that further examination of any of the witnesses whose evidence has already been recorded is necessary in the interest of justice he may resummon any such witness and after such further examination, cross-examination and re-examination, if any, as he may permit, the witness shall be discharged." That is to say, Sir, instead of leaving it to the accused to drag the case the Central Act gives ample discretion to the trying Magistrate to recall witnesses if it is necessary in the interest of justice. The object of this amendment is to bring about quick disposal of cases. The amendment which we are seeking in the Bill is exactly in the same terms as the language of the Central Act.

Sir, I oppose my friend's amendment.

[4-10—4-20 p.m.]

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 3, in the proviso to the proposed sub-section (2), line 6, after the words "in the interests of justice" the words "or when the accused demand it" be inserted, was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 4

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

The Hon'ble Satyendra Kumar Basu: Sir, I beg to move that the Tribunals of Criminal Jurisdiction (Amendment) Bill, 1956, as settled in the Assembly, be passed.

Sj. Jnanendra Kumar Chaudhury:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় যা বললেন, তা আমাকে ঠিক কনভিন্স করতে পারল না, কারণ য়্যাকিউজ্‌ডএর বেনিফিট সম্বন্ধে সেন্টার কি করেছে না করেছে সেটা আমি জানতে চাই নি। এখানে কি আইন হওয়া দরকার সেইটাই আসল প্রশ্ন। য়্যাকিউজ্‌ড কিনা স্যাটিসফায়েড হওয়ার ব্যাপারে যদি সেন্ট্রাল এ্যাক্ট ভুল করে তা হ'লে সেখানে আমাদের

যেটুকু পাওয়ার আছে আমরা সেই হিসাবে কাজ করব। আমাদের পাওয়ার থাকলে এই বেনিফিট কেন আমরা দেব না? তার মনে এটুকু আশা কেন দেব না যে, তার উপরে জাস্টিস হয়েছে এবং জাস্টিস হবে। ইন দি ইন্টারেস্ট অব জাস্টিস আমাদের কথা হচ্ছে যে,

equity varies with Chancellor Foot.

আপনি যেখানে করছেন এটা ইন্টারেস্ট অফ জাস্টিস সেখানে আর একটা করলেন এটা ইন্টারেস্টস অব জাস্টিস নয়। তাই বলছিলাম যে, এটা মোটেই দরকার নেই। তাই বলছিলাম যদি সেটা সে চায় হোয়েন দি এ্যাকিউজড্ ডিম্যান্ড ইট; আমি অল্টারনেটিভ হিসাবে বলছি যদি সে চায় আবার সাক্ষ্য নেওয়া হোক তা হ'লে কেন সেটা বিবেচনা করা হবে না? এতে আইনের ক্ষতি কি হবে তা আমি জানতে চাই।

The Hon'ble Satyendra Kumar Basu: Sir, my friend wants me to reject the latest amendment of the Criminal Procedure Code by the Central Government, which has been effected in order to secure speedy disposal of cases, and says that I must reject it and go back to the old section, so that cases may be dragged on. I know, Sir, why my friend is anxious that cases should be dragged on. But the Central Government has made the amendment deliberately in order to curtail the hearing of cases. Instead of allowing the accused in every case—where a Magistrate has been transferred and another Magistrate has come—to proceed with the case *de novo* he says that he must proceed from the stage where the case has ended before the previous Magistrate. But the Magistrate succeeding is given ample opportunity, he is given ample discretion to recall one or more witnesses and examine them if such a course is needed in the interests of justice. I have explained the reasons why the amendment is necessary. If my friend still remains unconvinced, I cannot help him.

The motion of the Hon'ble Satyendra Kumar Basu that the Tribunals of Criminal Jurisdiction (Amendment) Bill, 1956, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

The Albert Victor Leper Hospital (Abolition) Bill, 1956.

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, I beg to introduce the Albert Victor Leper Hospital (Abolition) Bill, 1956.

[Secretary then read the title of the Bill.]

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, I beg to move that the Albert Victor Leper Hospital (Abolition) Bill, 1956, be taken into consideration.

While doing so, I beg to refer to the fact that the hospital was a Government institution. In 1935 Government thought that the interests of this institution may be better served if it is transferred to a Board of Trustees. That was done. As a result an Act was passed which is known as the Albert Victor Leper Hospital Act. But Government have decided in course of time as a result of experience that mere segregation of leprosy cases in an isolated place won't serve the interest of these patients. In addition to treatment facilities the question of rehabilitation of these patients in social life is imperative, and a psychological approach has got to be made to rehabilitate these unfortunate victims of a disease like leprosy. With that object in view, 316 acres of land were purchased in Gouripur in the district of Bankura where 416 beds have so far been provided, and provision has been made during the Second Five-Year Plan to have additional 400 beds. In addition to this, with Sardar Ballav Bhai Patel Memorial Trust fund, 72 beds are being added. The area being vast, not only the patients get modern treatment but they are also given training in several arts and crafts, so that they can in course of time

rehabilitate themselves. With this object in view, out of 200 patients that were stationed in the Gobra Leper Hospital now 61 patients are there. The remaining patients have been transferred to Gouripur. The original Act provided that Government will have to make a statutory provision of Rs. 60,000 for the running of the Gobra Hospital. Unfortunately our experience has been that in addition to this Rs. 60,000 more funds had to be provided each year to keep the institution going. So, Government decided to have a leprosy colony in Bankura for which nearly Rs. 20 lakhs have recently been spent, and another Rs. 39 lakhs have been provided for in the Second Five-Year Plan. It was the desire of the Government to close down this institution, so that all the patients can be better looked after not only for the sake of treatment but with the ultimate objective of rehabilitating them in life. That is the reason why Government decided to take over the assets of the Gobra Hospital by closing it down and transferring the proceeds of the trust fund for fighting leprosy either in research or in treatment facilities or rehabilitation of the patients. But to allow a sort of necleus for continuance of research by those who are interested in finding out further improvement in fighting this menace of leprosy in the School of Tropical Medicine in the Infectious Diseases Hospital which is now under construction at Belliaghata, a few beds are being provided for segregation, treatment and research of leprosy patients. Thus the students and members of the profession who want to make themselves familiar with the conditions that obtain in such cases will have ample scope and opportunity.

So far as the staff that work in the Gobra Hospital is concerned, I can assure you, Sir, that we will do our utmost to absorb all the members of the present staff under the service of the Government. Of course with regard to those who are holding appointments over Rs. 200, i.e., gazetted ranks, their merit will have to be judged by the Public Service Commission according to the rules of service that govern all Government employees. So far as the provisions for the facilities of service, gratuity and other service conditions which they now enjoy will be properly safeguarded. I can assure you, Sir, that there need not be any apprehension in this regard.

With these words, Sir, I commend the Bill, for the acceptance of the House.

[4-20—4-30 p.m.]

Dr. Narayan Chandra Ray : Sir, I beg to move that the Albert Victor Leper Hospital (Abolition) Bill, 1956, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st May, 1956.

মাননীয় সভাপাল মহাশয়, এই ছোট্ট বিল বাজেট সেসনএর পর, ফ্যাগ এন্ডএ এসেছে, হয়ত এতে লোকের দৃষ্টি আকর্ষণ করবে না। সেইজন্য আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয় ও কংগ্রেসী সদস্যদের সামনে কতকগুলি সমস্যার কথা তুলব। আমার অনুরোধ এর পক্ষে ভোট দেবার আগে, সত্যিই সেটা করা উচিত কিনা একটু বিবেচনা করে দেখবেন, এবং যদি প্রয়োজন হয় তা হ'লে এটাকে সাময়িক বন্ধ রাখবার জন্য অনুরোধ করছি।

আমি প্রথমে এর একটা পোর্সন পড়ছি যেখানে লেখা আছে—

"run under a huge deficit"

এই ডেফিসিট কথাটা খুব বড় কথা নয়। কারণ, কে কোথায় শুনেছে যে হাসপাতাল চালিয়ে লাভ হয়? সুতরাং এই ডেফিসিটএর প্রশ্ন এখানে ওঠে না। কোন হাসপাতাল কখনও ডিভিডেন্ড দিয়েছে এরকম কখনও শুনি নি। হাসপাতাল হচ্ছে একটা ব্যাধি-ব্যামোর জায়গা, এখানে এমন কি লায়েবিলিটি করে মানুষকে সেবা করতে হয়; সেটা একটা ব্যয়ের অঙ্ক, এখানে লাভের অংশ উঠতে পারে না। এখানে ডেফিসিট হয়, লাভ হয় না।

এবার আমি দেখাব ডেফিসিট যেটা হয় সেটা কি? প্রথম এই হাসপাতালটি সরকারী হাসপাতালের আন্ডারএ ছিল না, একথাটা সঠিকভাবে বলা হয় নি। ১৮০১ সাল থেকে ১৯০১ সাল পর্যন্ত পাবলিক অরগ্যানিজেশন, ট্রাস্ট এসোসিয়েশন—এরা চালিয়ে আসছিল। ১৯০১ সালের পর সরকার এটা হাতে নেন। তারপর ১৯০১ সাল থেকে ১৯৩৫ সাল পর্যন্ত এই হাসপাতাল সরকারী তত্ত্বাবধানে ছিল। ১৯৩৫ সালের পর, ওটা বোর্ডের হাতে গিয়েছে। আপনারা লক্ষ্য করুন ১৯৩৫ সাল, তখন মহাযুদ্ধ হয় নি, তখন তারা স্ট্যাটুটরি গ্রান্ট ৬০ হাজার টাকা বেঁধে দিয়েছিলেন। কিন্তু আপনারা অনুমান করুন, ১৯৩৫ সালে সেই ৬০ হাজার টাকার যা মূল্য ছিল, এখন ১৯৫৬ সালে তার দাম কি পরিমাণ কমে গিয়েছে। টাকার দাম এখন কি পরিমাণ কমে গিয়েছে তা সকলেই জানেন। বর্তমানে একটি মেয়ের বিয়ে দিতে গেলে, তার কাপড়চোপড় ইত্যাদি কিনতে গেলে কত টাকা লাগে তা সবার জানা আছে। সুতরাং ১৯৩৫ সালে ঐ ৬০ হাজার টাকা হাসপাতালের জন্য যা করণীয় বলে দিয়েছিলেন, এখন সেই পরিমাণ কাজ এই টাকায় করা সম্ভব নয়। আমি পুঙ্খানুপুঙ্খরূপে হাসপাতালের সমস্ত খরচ, আয়ব্যয় দেখলাম, তার কোথাও এই দেড় লাখ টাকার কথা লেখা নাই। অথচ তাঁরা স্টেটসম্যান স্টাফ রিপোর্টারএর কাছে বলেছেন যে, সেখানে ৬০ হাজারের উপর, আরও ৭০।৭২ হাজার টাকা এক্সট্রা দিতে হয়েছে। কিন্তু প্রশ্ন এ নয়। ৬০ হাজার টাকার উপর যদি এক লাখ টাকা বেড়েই থাকে, আর যদি দেখি যে এই গোবরা হাসপাতালের পক্ষে অনেক যুক্তি আছে যে, এটা কলকাতা সহরের পক্ষে প্রয়োজনীয় জিনিস, তা হ'লে এই টাকা ব্যয় করতে কুণ্ঠিত হবার কোন কারণ দেখি না। কত লাখ টাকা সরকারের বাজে কাজে উড়ে যাচ্ছে।

তারপর দু-বছরের শেষে অডিটএ ধরা পড়লে, সরকার যদি বলেন, এই হাসপাতাল ত' তুলে দিয়েছি, সেটা ঠিক নয়।

যে সরকারের পক্ষে একটা নূতন হাসপাতাল করবার ক্ষমতা নেই, তার পক্ষে একটা চালু হাসপাতাল তুলে দেওয়া উচিত নয়। সুতরাং আমি পুনরায় প্রশ্ন করছি যাদের একটা হাসপাতাল করবার অর্থ নেই, তাঁরা সেটা তোলবার জন্য চেষ্টা করছেন কেন?

আমার বক্তব্য হচ্ছে, ডেফিসিট কথার পরে উনি এই বিলে একটা কথা বলেছেন—

'circumstances have arisen which render the continuation of the Albert Victor Leper Hospital unnecessary'

এখানে এই আননেসেসারি কথাটা বিচার্য। এটা আননেসেসারি কিনা বিবেচনা করে দেখুন। যেমন পিপাসু লোক জল চায়, সেইরকমভাবে আজ যারা দেশের লোক এই হাসপাতালকে রাখতে চাচ্ছে, আর উনি বলছেন এটা আননেসেসারি। এটা বিচার করুন কেন আপনাদের কাছে এটা আননেসেসারি হবে? অবশ্য আমি একথা বলি না যে, গৌরীপুর ভাল জায়গা নয়। গৌরীপুরে সেন্ট্রালাইজেসন হোক; কিন্তু সেটা আরও উজ্জ্বলতর হয়ে উঠুক। আপনারা কল্পনা করুন, গৌরীপুরে ৫০০।৭০০ বেডের একটা হাসপাতাল করেছেন, তারপর ট্রপিক্যাল স্কুল হাসপাতালে দেখুন, তা ছাড়া বাঁকুড়া জেলায় প্রায় ২৮ হাজার কুষ্ঠরোগীর সংখ্যা আছে, তা হ'লে প্রতি হাজারে ২২ জন করে দাঁড়ায়।

সরকারী বিবৃতি হচ্ছে যে, কলকাতার মধ্যে ১০ হাজার কুষ্ঠরোগী আছে, কিন্তু আমরা জানি তার থেকে সংখ্যায় অনেক বেশি, অন্ততঃ ২৮ হাজারের কম নয়। কারণ, এটা সাধারণ বুদ্ধিতে বোঝা যায় যে, এই কুষ্ঠরোগ সমাজের কাছে একটা অত্যন্ত লজ্জাকর ব্যাধি; এবং সমাজের বহু লোক একে লুকিয়ে রাখেন। সুতরাং আপনারা যে হিসাব এখানে দেখিয়েছেন তার মধ্যে এই লুকান কুষ্ঠরোগীর সংখ্যা ধরা হয় নাই। সুতরাং যা ১০ হাজার বললেন, তা ছাড়া আরও বহু লুকান কুষ্ঠরোগীর সংখ্যা আছে, যা নিয়ে সর্বসমেত ২৮ হাজারের কম নয়। এবং এর মধ্যে ২৫ পারসেন্ট হচ্ছে ইনফেক্টেড, যাদের হসপিটালাইজ করা উচিত। কলকাতার মত এতবড় একটা সহর, সেখানে যে হিসাব সরকার দেন, আপনারা অনুমান করতে পারেন তার চেয়ে অনেক বেশি আছে এবং হবে। কারণ কলকাতা সহরে শুধু সহরের রোগী নয়, কলকাতার চারিপার্শ্বেও কুষ্ঠরোগী আছে। এটা একটা অন্নবস্ত্রের জায়গা। গ্রামের মধ্য থেকে অনেক কুষ্ঠরোগী সেখানে তাদের অন্ন সংস্থান

করতে পারে না, এবং তাদের একটা ট্রেন্ড আছে বড় সহরের দিকে আসতে, বিশেষ করে কলকাতা সহরের প্রতি। গ্রামের যে লোক গায়ে গেঞ্জি দিয়ে, বা গামছা দিয়ে সারাদিন কাজ করত, তার ইচ্ছা হয় যে, সে একবার কলকাতায় এসে সার্ট, পাঞ্জাবী, ধুতি পরে ঘুরে বেড়াবে। এবং যারা কুষ্ঠরোগী, তারা নিজেদের গায়ের দাগ জামাকাপড় দিয়ে সাধারণতঃ ঢেকে রাখে। এমনও অবস্থা দেখা গিয়েছে যে, মেডিকেল কলেজএ অপারেশনএর সময় দেখা গেল যে, রোগীর গায়ে লেপ্রসির দাগ রয়েছে, এবং তখন তাকে অপারেশন টেবিল থেকে নামিয়ে দেওয়া হ'ল। সমাজের নিন্দার ভয়ে যেমন ক'রে হোক এই কুষ্ঠরোগ গোপন করে রাখা স্বাভাবিক। এইভাবে গোপনে অনেক কুষ্ঠরোগাক্রান্ত লোক আছে। আপনার মত যাচাই করে দেখুন, আপনি যা আন্দাজ করছেন তার চেয়ে ঢের বেশি আছে, এটা আপনি অনুমান করতে পারেন।

গোবরা হাসপাতাল কলকাতার মত সহরের ভিতর, তার একটা বিশেষ কাজ ছিল, সেটা উঠিয়ে দিয়ে, সেই কাজ আর কাউকে দিয়ে হবে কি?

মন্ত্রীমহাশয় ইনডোর ১০০টা পেসেন্টএর কথা বলেছেন। কিন্তু এই ১০০টা পেসেন্টএর বেডের কথায় একটু গোলমাল আছে; এইরকম না বললেই ভাল। একশ'টা বেডের হাসপাতাল ছিল, সেটা তুলে দিয়ে, ৬১ জনকে বাঁকুড়ায় পাঠিয়ে দেবেন। কিন্তু ৩৯ জনের ভর্তি না হওয়ার কারণ? হয়ত বলবেন, তাদের জন্য কাঁদবার প্রয়োজন নেই, এক হাজার কি তার চেয়ে বেশি হ'লে কথা উঠত। কিন্তু এখানে আমার প্রশ্ন হ'ল—প্রথমে ২০০ ছিল ১৯৫৪ সালে সেখানে ভর্তি হ'ত, তারপর সেটা কমাতে কমাতে ৬১টি বেডে নেমেছে। এখন প্রশ্ন হচ্ছে, কলকাতা সহরের মত জায়গায় আপনাদের কলকাতায় চারটা ক্লিনিক ছিল—ট্রপিক্যাল স্কুল, ট্রপিক্যাল স্কুল অব মেডিসিনএ আউটডোর পেসেন্ট হিসাবে দেখা হ'ত। আর একটা ট্রপিক্যাল স্কুল সার্কুলার রোডএ ছিল, আর একটা কুষ্ঠনিবারণী সমিতি, এখানে ৪টা আউটডোর ছিল। এই অ্যালবার্ট ভিক্টর লেপার হসপিট্যাল উঠে যাবার সঙ্গে সঙ্গে একটা আউটডোরও উঠে গেল।

[4-30—4-40 p.m.]

১নং হচ্ছে, এখানে অনেক লোক আছে যাদের সরে থাকার জন্য দূরে দূরে আউটডোরে চিকিৎসার জন্য যারা আগ্রহশীল তাদের কিভাবে নিচ্ছেন? দূরে দূরে চিকিৎসিত হবার জন্য যে কারণই হোক, অপরে যাতে জানতে না পারে তাদের রোগের কথা—কালীঘাটের লোক যাতে স্থানীয় লোকেরা টের না পায় সেইজন্য ট্রপিকালে যায়, গোবরার কাছাকাছি যারা থাকে সেসমস্ত রোগী গোবরায় যেতে চায় না—অন্যত্র যায়, নিজের এলেকার বাইরে গিয়ে চিকিৎসা নিতে চায়, ছড়িয়ে থাকার এই যে ব্যবস্থা সেটা আপনার দিক থেকে প্রয়োজন না থাকলেও বিভিন্ন এলেকার রোগীদের দিক থেকে প্রয়োজন আছে।

দ্বিতীয় ইনডোরের প্রশ্ন। মাননীয় সভাপাল মহাশয়, একটা কথা আপনার মাধ্যমে জানাচ্ছি। কুষ্ঠরোগীর হার্নিয়া হতে পারে, স্ট্রাংগুলেশন হার্নিয়া হতে পারে, কুষ্ঠরোগী মেয়ে হলে তার প্রসব বেদনা হতে পারে, তাতে অপারেশন হতে পারে, ফরসেফ দিতে হতে পারে—এইসবের প্রয়োজন হতে পারে। আমার জানা আছে, ঠিক তারিখটা আমি বলতে পারছি না—একটি কুষ্ঠরোগগ্রস্ত মেয়ের ভীষণ ব্লিডিং হচ্ছিল, সে মেয়েটি কলকাতার কোন হাসপাতালে স্থান পায় নাই। সে শেষটায় মারা গিয়েছিল। আমি খুব জোর দিয়ে বলতে পারছি নে—কেননা দিন-তারিখ আমার কাছে নাই, আপনি হয়ত খোঁজ নিলে জানতে পারেন, মেডিকেল কলেজে অপারেশন হবার জন্য টেবিলের উপর শোয়াবার পর রোগীর গায়ে কুষ্ঠরোগের দাগ থাকার দরুণ এনেস্থেসিয়া দেওয়া হলেও তাকে নামিয়ে নিয়ে যাওয়া হয়েছিল। এইরকম কুষ্ঠরোগী সংক্রান্ত ব্যাপার মেডিকেল কলেজে হতে পারে এবং অন্যত্রও হতে পারে। তার জন্য আপনাকে প্রশ্ন করছি—আমাকে আপনি বলুন, ইনফেকসাস ডিজিসের জন্য বেলেঘাটা হাসপাতাল, সেখানে কুষ্ঠরোগীর কলেরা হ'লে তাকে নিতে পারে কি পারে না? ইনফেকসাসএর হাসপাতালে মেনিনজাইটিস রাখবেন, টিটেনাস রাখবেন, কিন্তু কুষ্ঠরোগগ্রস্ত মানুষের যদি অপারেশন দরকার হয় তবে তার রাস্তা কোথায়? আমি আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি—৬ মাসের মধ্যে আর জি কর হাসপাতালে একটা ঘটনা ঘটেছিল। সার্জারির একটা কেস টিটেনাস

হবার ফলে সেই হাসপাতালে ১৫ দিনের জন্য সমস্ত অপারেশন কেস বন্ধ ছিল—পাছে অপর কারও রোগ হয়। যে হাসপাতালগুলিতে টিটেনাস, মেনিনজাইটিস রাখছে—সেখানে কিন্তু কুষ্ঠরোগী রাখবার জন্য ব্যবস্থা নাই। গোবরার যে হাসপাতাল, সেটাও হাসপাতাল হিসেবে রাখছেন না, কিছু বেড রাখবেন, সেখানে ছাত্রদের শিক্ষা দেবার জন্য কতকগুলি বেড আছে। আপনি যে নীতি ভাবছেন আমি সে নীতিটা বলছি নে, আমি মূলনীতি এপ্লাই করছি, এই কলকাতা শহরে কুষ্ঠরোগগ্রস্ত মানুষ যারা তাদের জন্য হাসপাতালের দরকার আছে। আপনার গৌরীপুরে বেড কম বা বেশি সে প্রশ্ন তুলছি না। আমার কথা হচ্ছে বাস্তবিক এখান থেকে সেখানে যাওয়া কতদূর রোগীর পক্ষে সম্ভব হবে।

[At this stage the blue light was lit.]

আমি আর ৫।৬ মিনিট বলব—আমাকে বলতে দিন; আর কেউ বলবার নেই।

এখানে আমি মন্ত্রীমহাশয়ের মায়ামমতা এবং স্নেহের উপর আপীল করি—যাতে তাঁর জবাবটা আসে।

৩নংএ হচ্ছে, এ সম্বন্ধে আজ তিন বছর ধরে একবার নয় দু-বার নয় অনেকবার আলোচনা হয়েছে। মন্ত্রীমহাশয়কে কতকগুলি জায়গা থেকে তাদের মতামত জানিয়ে দিয়েছেন। ইন্ডিয়ান মেডিক্যাল এসোসিয়েশন একটা রেজলিউশন করে জানিয়েছেন এবং তাঁরা এটাকে তুলে দিতে বারণ করেছেন। তাঁরা এই কথা বলে দিয়েছেন, এটাকে গভর্নমেন্ট টেক-আপ করুন, স্টেট গ্র্যান্ট দিয়ে হাসপাতালের সমস্ত ডিফিসিট মেক-আপ করে দিয়ে এটাকে রাখুন। এদিক দিয়ে লাভ-লোকসানের প্রশ্ন তুলবেন না। বাস্তবিকপক্ষে গোবরার হাসপাতালটা সেখানেই বসে থাক—এইটেই আমাদের পয়েন্ট। গোবরা যে আমাদের বিশেষ একটা আত্মীয়বন্ধু জিনিস তা নয়; একটা এক্সিসটিং অর্গানাইজেশন—একটা করা জিনিস, তৈরি জিনিস, সেটাকে ভাঙ্গা সহজ কিন্তু একটা গড়ে তোলা সহজ নয়। কারও সাধ্য নেই সহজে একটা জিনিস গড়ে তোলার যে যতই আকাশ-কুসুম ভাবুন না কেন। আর যাঁরা কথায় বলেন—টাকা নাই—এটা করতে পার না, সেটা করতে পার না—তাঁরা ভাঙছেন কেন একটা তৈরি হাসপাতাল? কলকাতার মতন সহরে আমরা একটা সেন্ট্রালাইজেশন চাই। আমরা অবশ্যই চাই একটা কলোনি, সঙ্গে সঙ্গে আমরা চাই গোবরারটাও থাকুক। হাজার হাজার কুষ্ঠরোগী ঘরে ঘরে বাড়ুক—এ আমরা চাই না। ১,৬০০ একর জমি নিয়ে একটা কলোনি হবে—যেখানে অনেক রোগী থাকতে পারে এরকম একটা কলোনি নিশ্চয়ই আমরা চাই; কিন্তু তার জন্য কলকাতার হাসপাতাল তুলে দেওয়া কেন? আমরা সেন্ট্রালাইজেশন চাই। গৌরীপুরকে বড় করুন, অনেক জমি নিন, সেখানে হাসপাতালের ব্যবস্থা করুন, সেখানে অনেক কুষ্ঠরোগী কাজ করে রোজগার করে খেতে পারবে। সেখানে আপনারা রিহ্যাবিলিটেশন করতে পারবেন, নিশ্চয়ই তার প্রয়োজন আছে। আপনি হিসাব দেখুন—ডিস্ট্রিক্ট বাই ডিস্ট্রিক্ট—২৮ হাজার, ২৯ হাজার, ৩০ হাজার করে রোগীর সংখ্যা। সেই অনুপাতে আজ আউটডোর ডিস্ট্রিক্ট বাই ডিস্ট্রিক্ট হওয়া উচিত। যেমন কলকাতায় আছে, অন্য জায়গায়ও কালেক্টিভ সেন্টার হওয়া উচিত। আউটডোরে কিছুদিন থাকা,—যতদিন না বাঁকুড়ায় পাঠাতে পারেন ততদিন পর্যন্ত এইরকম একটা ব্যবস্থা থাকা উচিত। আপনারা সেটাকে বড় করবেন কি ছোট করবেন—যা খুসি করুন, কিন্তু সঙ্গে সঙ্গে এই কথাগুলি বিবেচনা করবেন।

যাঁরা এ নিয়ে মন্ত্রীমহাশয়ের কাছে এপ্লিকেশন করেছেন, তার মধ্যে অনেক অভিজ্ঞ লোক রয়েছেন। হিন্দু কুষ্ঠ নিবারণী সঙ্ঘের ডাঃ পার্বতীবাবু আপনাকে চিঠি দিয়েছিলেন ২রা ফেব্রুয়ারি ১৯৫৩ তারিখে এবং সাম্প্রতিক কালে আপনাকে অনেকগুলি জায়গা থেকে সত্যিকারের প্রতিষ্ঠাবান চিকিৎসক যারা তাঁরা আপনাকে জানিয়েছেন—গোবরার উন্নতি করুন, ওটাকে বড় করুন, যেটা আছে, তাকে তুলবেন না। যেটা এতদিন ধরে রয়েছে সেটাকে তুলে নিলে গৌরীপুরের উন্নতি হবে না। এটাও থাক, গৌরীপুরেরও উন্নতি হোক। এটাকে তুলে দিয়ে গৌরীপুরের উন্নতি করা সঠিক নীতি নয়।

আমার ৪র্থ প্রশ্ন এবং কেন্দ্রীয়করণের যে প্রশ্ন করেছি তাতে আমি বলেছি—গোবরাটাকে একেবারে তুলে না দিয়ে ডিস্ট্রিক্ট বাই ডিস্ট্রিক্ট যেমন ছোট ছোট আউটডোর আছে, এখানে যেমন

গোবরায় আছে, আরও এইরকম ব্যবস্থা করুন। গোবরাকে আরও উন্নত করে সার্জিক্যাল, গাস্ট্রো-এন্টারোলজিক্যাল এইরকম আধুনিক পর্যায়ে এনে কলকাতার নাগরিকদের স্যাটিসফাই করুন।

এখন আমার এ্যামেন্ডমেন্টের মধ্যে যা আছে সে সম্বন্ধে বলব। আমি যে কথা তুলে দিয়েছি—সে কথা ভাল ছিল না। উনি যে বললেন—কর্মচারীদের অবশ্য আমরা প্রোভাইড করব। সেখানে ২০০ টাকার উপর যারা তাদের বেলায় অনিশ্চিত করলেন; এটা নীতিগত হিসেবে ভাল নয়। যারা প্রতিষ্ঠানটির সঙ্গে সংযুক্ত রয়েছে, তারা কেউ ২০ বছর কেউ ৩০ বছর সেখানে জীবন অতিবাহিত করেছে। আজকে হাসপাতালটা তুলে দিয়ে তাদের সমস্ত জীবন যে নষ্ট করে দেবেন, কোথায় তারা যাবে? পাবলিক সার্ভিস কমিশন বয়স দেখে এ্যাপয়েন্টমেন্ট দেবে। তারা যাবে কোথায়? আমি স্যার, আর একটা কথা উল্লেখ করি, এটাকে যখন আপনাদের হাতে দেওয়া হয়, তখন পে-স্কেল, পেনসন, গ্র্যাচুইটি, সব ঠিক ক'রে আপনাদের কাছে তাঁরা পাঠিয়ে দেন। বোর্ড আপনাদের কাছে ৪।৫ বছর আগে দিয়েছেন; কিন্তু আপনারা হাসপাতালটা তুলে দেবেন ব'লে সেটাকে "ইন এ্যাবেয়ান্স" রেখেছেন। তার উপর কার্যকরী কোন প্রস্তাব নেন নি। আর আজ এক কলমের খোঁচায় হাসপাতালটা উঠে গেল, আর সঙ্গে সঙ্গে তাদের কাজও চলে গেল। তাই দুশো টাকা বেতন যাদের তাদের কোন কাজের প্রস্তাব নেন নি। ২০।৩০ বছর চাকরি করবার পরে হাসপাতাল উঠে গেল এবং সেই সঙ্গে তাদের অন্নও মারা গেল; এই নীতি ভাল নয়, এই জিনিস ওয়েলফেয়ার স্টেটের পক্ষে কলঙ্কজনক। তাই এখানে আমার বক্তব্য হচ্ছে, আপনারা যদি কোন সার্ভিস রুল নাও করে থাকেন, বোর্ডের যা রেকমেন্ডেশন ছিল, গ্র্যাচুইটি ইত্যাদি যা ছিল সেইভাবে যেন দেন।

[4-40—4-50 p.m.]

তৃতীয়তঃ, এই প্রশ্ন হচ্ছে বড় প্রশ্ন। আপনারা সত্যই কি ট্রাস্ট বোর্ড ভাঙ্গতে পারেন? এই হচ্ছে প্রশ্ন। ১৯৫৩ সালে আমি যে প্রশ্ন দিয়েছিলাম—বাজেটের কাট-মোশনএর সময়—মাননীয় প্রধানমন্ত্রীমহাশয় যে জবাব দিয়েছিলেন—

"The question of selling the property does not arise. I did say on one occasion that if it is necessary to have the place used for some other hospital, then we might take the whole group of inmates to Bankura. But at the present moment it has been decided, etc."

তিনি বলেছিলেন—

"I know a little more perhaps than Dr. Narayan Chandra Ray does. I know that nothing can be done. It is a case where purchase cannot be done. That it is a trust property, he need not remind me of that particular point."

এই হচ্ছে স্পীচ—১৮ই ফেব্রুয়ারি, ১৯৫৩—তাতে ডাঃ রায় বলেছিলেন। আমি সেখানে একটা কথা উল্লেখ করছি যে, আপনারা এই বিলের মধ্যে দিয়েছেন যে, টাকাটা তুলে নেওয়া হবে—ফ্রি অব ট্রাস্ট, যেটা সেক্সন ৪এ আছে—এই ফ্রি অব ট্রাস্ট, ইফ এনি—এটা আপনারা বিচার করে দেখুন এই ট্রাস্ট ফান্ডটা নিতে পারবেন কিনা। আমার জানা আছে—কতকগুলি টাকা এই ট্রাস্ট ফান্ডএ দেওয়া হয়েছিল—ফর লেপ্রসি ইন ক্যালকাটা। আমি সেসব লোকের নাম করে বলছি এবং মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। অ্যালবার্ট ভিক্টর কমিটি এই ফান্ডএ ৩১ হাজার টাকা দিয়েছে—

In the opinion of the committee the best memento of the visit would be the establishment of a leper asylum in Calcutta.

আপনারা সেই জায়গায় এই টাকাটা গৌরীপুরে খরচ করতে পারেন কিনা। আর একটা বলছি যে, ট্রাস্ট ফান্ডএর মধ্যে একটা কনসলিডেটেড ফান্ড আছে। ১১ই জুন ১৯৫২ সালে সেখানে দেওয়া হয়েছে—ইসাবেল বেনেসে ফান্ড—সেখানে দেওয়া হয়েছে—

"to the leper asylum of the town of Calcutta show and in such manner that interest thereof be paid to and applied for the relief of the inmates".

এই হচ্ছে—স্পেশালি ফর ক্যালকাটা। মিসেস মেরী কুক'স ফান্ড—এটাও ফর দি বেনিফিট অব দি লেপার্স অব দিস সিটি। এগুলি হচ্ছে আইনের ব্যাপার। এই হাসপাতাল উঠে যাচ্ছে। আমি এই কথাটায় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম—তার জবাবে যে

উত্তর তিনি দিয়েছিলেন সে পড়ে শোনাচ্ছি—দ্যাট ইট ক্যান নট বি সোল্ড। তিনি এটা জানেন। তবুও আবার সেই প্রশ্ন করছি—আপনারা অ্যাট অল এটা নিতে পারেন কিনা। এই হাসপাতাল তুলে দিয়ে শুধু যে কলকাতা সহরের লোকদের উপর অত্যাচার করছেন তা নয়। যাঁরা এই কীর্তি করে গিয়েছিলেন—সেই কীর্তিকে ধ্বংস করে কীর্তিনাশা টাইটেল নেবেন না—এই অনুরোধ করছি।

Sj. Saroj Roy:

স্পীকার মহাশয়, আমার বলার উদ্দেশ্য হচ্ছে যে, যদিও এই কুষ্ঠ হাসপাতালটি তুলে দেওয়া হচ্ছে এবং এই হাসপাতাল সম্পর্কে যেকথা সরকারপক্ষ থেকে বলা হয়েছে যে, এই হাসপাতাল রাখার কোন প্রয়োজন নেই—এটা আননেসেসারি, এটা প্রকৃত আননেসেসারি কিনা আমি সেই দিক থেকেই কয়েকটা কথা বলছি। আমি বাজেট আলোচনার সময় কয়েকটি কাট মোশন—গ্রামাঞ্চলে কিভাবে কুষ্ঠরোগ দ্রুত বিস্তারলাভ করছে, সেই সম্পর্কে কয়েকটি কাট মোশন দিয়েছিলাম। আমি সেই গ্রামাঞ্চলের খবর এখানে পরিবেশন করতে চাই। বিশেষ করে মেদিনীপুর জেলায় একটা অঞ্চল আছে—শালবনী অঞ্চল, তাতে সরকারী রিপোর্টএ আছে যে, এই শালবনী থানায় এমন কোন গ্রাম নেই যেখানে কুষ্ঠরোগী নেই। কোন কোন ইউনিয়নএ দেখা গিয়েছে যে, ১০০ থেকে ১৫০টি কুষ্ঠরোগী রয়েছে। এইসব রোগী বেশির ভাগই গরীব—সাঁওতাল, ক্ষেত-মজুর—এদের চিকিৎসার কোন সুবন্দোবস্ত নাই। সরকার থেকে তাদের যে চিকিৎসার ব্যবস্থা আছে, সেটা হচ্ছে—২।১টা জায়গায় আউটডোর চিকিৎসাকেন্দ্র খোলা হয়েছে। সেখানে সপ্তাহে ২।১ দিন কম্পাউন্ডার পাঠিয়ে দেওয়া হয় এবং কয়েকটা ইনজেকশন দেওয়া হয়। এর ফলে কুষ্ঠরোগ ভাল হওয়ার কোন লক্ষণই দেখা যাচ্ছে না। বরং আমরা দেখছি এই রোগ আরও ছড়িয়ে পড়ছে। আপনি মেদিনীপুর শহরে গেলে দেখবেন যে, প্রতিদিন সকাল-বেলা মেদিনীপুর সহরে ২।৩ জায়গা থেকে মিছিল আসে কুষ্ঠরোগীর। তাদের ভিক্ষা করা ছাড়া বাঁচার আর কোন পথ নাই—সারা সহরে ঘুরে বেড়ায়, রোগও ছড়িয়ে পড়ে। প্রত্যেক দলে ৬০।৭০ জন পর্যন্ত থাকে। এইসমস্ত কুষ্ঠরোগীদের অবস্থা দেখলে আশ্চর্য হতে হয়। প্রশ্ন করতে পারেন—মেদিনীপুর সহরে এত কুষ্ঠরোগী কোথা থেকে আসে! তারা আসে শালবনী প্রভৃতি অঞ্চল থেকে, তা ছাড়া শহরের ধারে পাশেও রোগ ক্রমশঃ বিস্তারলাভ করছে। মন্ত্রীমহাশয় হয়ত জানতে পারেন, এই একটা বিশেষ অঞ্চলে ব্যাপকভাবে কুষ্ঠরোগ কেন হচ্ছে। কিন্তু সেই সম্পর্কে কোন ব্যাপক চিকিৎসার কোনরকম সুবন্দোবস্ত নাই। দরখাস্ত করলেও এদের হাসপাতালে স্থান হয় না। একটা উদাহরণ দিই—একটি লোক গড়বেতায় বাড়ী—তার নাম রাধাগোবিন্দ দে—তাকে হাসপাতালে ভর্তি করার জন্য বহুবার পাবলিক হেল্‌থ ডিপার্টমেন্টএ দরখাস্ত করা হয়েছে, কিন্তু কোন হাসপাতালে স্থান হয় নি। এইভাবে বাংলা-দেশে কুষ্ঠরোগীর ব্যবস্থা হচ্ছে যার ফলে এই রোগ আজ ব্যাপকভাবে ছড়িয়ে পড়ছে। এই অবস্থায় এই হাসপাতাল রাখবার প্রয়োজন নেই—এটা শুনলে আমরা আশ্চর্য হয়ে যাই।

কুষ্ঠরোগের চিকিৎসার জন্য এই হাসপাতাল রাখার খুব বেশি প্রয়োজন আছে। আপনি জানেন যে, যাদের কুষ্ঠ আছে—তাদের অন্যান্য হাসপাতালে স্থান হয় না। এমন কি এইসমস্ত কুষ্ঠরোগীদের অন্যান্য রোগ হলেও তার চিকিৎসার জন্য অন্য হাসপাতালে নেওয়া হয় না। সেই দিক থেকে, বাংলাদেশে, বিশেষ করে কলকাতায়—এইরকম হাসপাতাল তুলে দেবার চেয়ে বরং আরও বড় করে তাকে গ'ড়ে তোলা উচিত এবং তার সিট নাম্বার আরও বাড়িয়ে দেওয়া উচিত। সেই দিক থেকে এই হাসপাতালের প্রয়োজন আছে এবং এইসমস্ত অসুবিধা দূর করতে হলে এই হাসপাতাল আরও সুচারুরূপে পরিচালনা করা উচিত। আমি জানি, এদিকে মন্ত্রীমহাশয় কান দেবেন না। আমি সেজন্য বিশেষ করে বিরোধী পক্ষের সদস্যদের অনুরোধ করি—যাতে তাঁরা তাঁদের দলের মন্ত্রীকে অনুরোধ করেন যে, এই বিলটা সাময়িকভাবে প্রত্যাহার করুন এবং যে হাসপাতালটি আছে—সেটা তুলে না দিয়ে সেটাকে আরও ভালভাবে ব্যবস্থার মধ্যে আনা হোক—এই অনুরোধই আমি বিরোধীপক্ষের সদস্যদের কাছে করব।

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, I could not follow the points enunciated by my friend Dr. Narayan Ray as well as by Shri Saroj Roy that Government are going to restrict the facilities of treatment by

trying to abolish the Gobra Leper Hospital. I have already said at the beginning while introducing the Bill that we have provided 412 beds plus 72 beds, and we are adding 500 more beds in the Gouripore Leper Hospital.

[4-50—5 p.m.]

If this is the idea of restricting the facilities for treatment of leprosy, I fail to understand the logic behind the arguments put forward by my friends in the Opposition. There is no desire on the part of the Government to restrict any facility for treatment of any disease whatsoever. I have already discussed at length during the budget discussion the possibilities of enhancement of the scope for treatment not only for leprosy but for other diseases.

Sir, it has been said that when I do not find funds for the construction of new hospitals or expansion of existing ones, our desire to close down a hospital is trying to reverse the wheel of progress in the medical relief conditions. I am astonished at this remark. We are providing more and more funds not only to augment the resources of the existing hospitals but adding more hospitals and more funds to the existing ones.

So far as the funds are concerned, it has been questioned about the deficit nature of the Gobra Hospital. In addition to Rs. 60,000 which is a statutory provision under the Act, in 1947-48 we had to pay Rs. 1,29,836 more, in 1948-49 Rs. 1 lakh, in 1949-50 Rs. 1,10,000 and in 1954-55 Rs. 1,06,780. These make a total of Rs. 5,97,616. Therefore, the deficit is mounting up. Because of the deficit we are not closing the hospital. We want to rehabilitate the patients who are segregated in a sort of a jail. Those who have seen the Gobra Hospital must have been shocked to notice the surroundings. There are burial grounds on all sides. There are crude tanneries surrounding it. During spring and other months, foul smell comes from these tanneries and I do not think the inmates there—who are lodged within high walls, as if they are lodged in jails—get the psychological make-up to get the wherewithal to rehabilitate themselves in society. That is why we are trying to organise a colony where the patients might live freely, move about freely and try to adopt some avocation to make themselves useful members of the community.

So far as outdoor facilities are concerned, Dr. Ray's contention is correct. There are four outdoor clinics. The Tropical School caters to the largest number of patients. On the working days, the attendance at the Tropical School Leprosy Clinic is 298; In the Premananda Leprosy Clinic, situated at the Upper Circular Road, 274 patients attend, in the Kalighat Leprosy Clinic 217 patients attend, whereas in the Gobra Leprosy Clinic between 30 and 40 patients attend. This proves that the outdoor facilities available at the Gobra Hospital are not as popular as those in the Tropical School and the other two clinics in the Upper Circular Road and Kalighat. Therefore, Sir, our idea is not to restrict the scope for treatment of leprosy cases. So far as leprosy patients suffering from other maladies needing special treatment are concerned, these conditions have been properly looked into at Gauripur. Whenever difficulties arise in getting specialised treatment, aid is rushed from the district town of Bankura. When, as I said, I will have an Infectious Diseases Hospital, there will be an isolated block exclusively meant for leprosy cases. There won't be any scope for contamination, as Dr. Ray has apprehended, from

other patients. They will be kept in segregation and whenever there will be any need for any specialised service, I do not think any patient will be deprived of the same.

So far as clinics are concerned, it has been said that not many clinics exist. I have said at the outset that in the laterite areas of this State of ours, the incidence of leprosy is pretty high. Local bodies, municipalities and district boards run clinics, aided by Government. Also some of the missionary institutions run clinics. We are provincialising these clinics by gradual stages and as many as 130 clinics are in existence in these areas. We have provincialised this year 20 clinics and we have provided funds for provincialising the remaining clinics during the Second Five-Year Plan.

So far as the question of gazetted officers is concerned, I have already assured that their interests will be properly safeguarded. I have gone through the conditions of service as obtain—the provident fund facilities, gratuity and all conditions which the present Board of Trustees have provided for the existing staff will not be impaired but will be honoured with all due pomp and celebrity. In addition to that, I have assured you that I will see that these officers, who have rendered some service in fighting a disease like leprosy, are not thrown to the winds and proper care is taken of their experience in utilising them in the service of the Government.

A point has been raised by Sj. Saroj Roy that beggars parade the streets of Midnapore town. They do but all of them are not infectious cases. Our idea is to isolate as many of the infectious cases as possible in these homes. I am aware that for all the infectious type of cases provision has not been made for segregating them and isolating them. One factor Dr. Ray has very rightly said that because of the feeling of social ostracism many of the victims of the disease hide that they are suffering from the disease and go underground. I have seen in Bankura—where in an area of fifty villages we are having intensive survey and work is going on—I have myself been to some of these villages. I met the villagers—I went from house to house. A lady had three children and her husband. The children were subjected to treatment, but the husband and the wife said that as they did not suffer from any disease, why should they submit to treatment? The Medical Officer asked the lady to expose a certain part of her body and when she did this, there was definite evidence of lesion of leprosy. We have got to rouse up the consciousness of the people not only on the floor of the legislature but outside that leprosy is not a disease which is outside the scope of cure. Today, the modern medicine has brought in our armoury such treatment facilities by sulphone drugs that an infectious case, after some time of intensive treatment, gets non-infective and can be let loose on the community. Our experience about the Gauripur Home, I may tell you, is that a number of patients who were segregated and given the benefit of treatment have been declared as non-infective and some of them are now on parole and are living in their houses and staying with their families.

[5—5-40 p.m.]

We are watching the result. In this desire to close down the Gobra Hospital there is hardly any question of minimising the efforts to provide all that is desirable and best for the unfortunate victims of leprosy. I do not think, Sir, much has been made out, so that I can get back from the position which I have taken in getting the Bill accepted by the House.

The motion of Dr. Narayan Chandra Ray that the Albert Victor Leper Hospital (Abolition) Bill, 1956, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st May, 1956, was then put and a division taken with the following result:—

AYES—44.

Baguli, Sj. Haripada
Banerjee, Sj. Biren
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanailal
Bose, Dr. Atindra Nath
Chatterjee, Sj. Haripada
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dey, Sj. Tarapada
Ghosal, Sj. Hemanta Kumar
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Ganesh
Ghosh, Dr. Jatish
Ghosh, Sj. Narendra Nath
Gurung, Sj. Narbahadur
Haldar, Sj. Nalini Kanta
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Mahapatra, Sj. Balailal Das
Mitra, Sj. Nripendra Gopal
Mondal, Sj. Bijoy Bhuson
Mukherji, Sj. Bankim
Naskar, Sj. Gangadhar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Roy, Sj. Biren
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Saroj
Saha, Dr. Saurendra Nath
Sahu, Sj. Janardan
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Sjkta. Mani Kuntala
Sinha, Sj. Lalit Kumar

NOES—135.

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chatterji, Sj. Dhirendra Nath
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyay, Sj. Sarojranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das, Sj. Radhanath
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Dutt, Dr. Beni Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Fazlur Rahman, Janab S. M.
Gahatraj, Sj. Daibahadur Singh
Ghose, Sj. Kshitish Chandra
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Giasuddin, Janab Md.
Golam Hamidur Rahman, Janab
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haider, Sj. Jagadish Chandra
Hansda, Sj. Jagatpati
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamala Kanta
Jalan, The Hon'ble Iswar Das
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Sasadhar
Lahiri, Sj. Jitendra Nath
Let, Sj. Panchanon
Mahammad Ishaque, Janab
Mahata, Sj. Mahendra Nath
Maiti, Sj. Pulin Behari
Majhi, Sj. Nishapati
Majumdar, Sj. Byomkes
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammad Hossain, Dr.
Mohammed Israil Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Dhaladhari
Mondal, Sj. Rajkrishna

Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Mon:, Sj. Dintaran
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Kali
Mukherjee, Sj. Shambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Rai, Sj. Shiva Kumar
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Ray, The Hon'ble Renuka
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Biswanath
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Roy, Sj. Rambhari
Roy, Sj. Surendra Nath
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sarkar, Sj. Bejoy Krishna
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Priya Ranjan
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Kripa Sindhu
Shaw, Sj. Mahitosh
Sikder, Sj. Rabindra Nath
Singha Sarker, Sj. Jatindra Nath
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.

The Ayes being 44 and the Noes 135, the motion was lost.

The motion of the Hon'ble Dr. Amulyadhan Mukharji that the Albert Victor Leper Hospital (Abolition) Bill, 1956, be taken into consideration, was then put and agreed to.

[At this stage the House was adjourned for half an hour.]

[*After adjournment.*]

[5-40—5-50 p.m.]

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Mr. Speaker: Dr. Ray, you move your amendment No. 4. Amendment Nos. 6 and 7 are not in order, but you can speak on the clause.

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that in clause 4(3), lines 3 to 5, for the words within the brackets beginning with "including claims, if any," and ending with "servants of the Board" the words "including claims relating to pensions, provident fund and gratuities of officers and servants of the Board as recommended by the Board" be substituted.

Dr. Saurendra Nath Saha: Sir, I beg to move that the following proviso be added to clause 4(4), namely:—

"Provided that the chapel inside the hospital shall in no case either be disposed of or be destroyed."

Dr. Narayan Chandra Ray

মাননীয় অধ্যক্ষমহোদয়, আমার অ্যামেন্ডমেন্ট যে আছে

"including claims relating to pensions, provident fund and gratuities of officers and servants of the Board as recommended by the Board"

আর আমার ছিল পরে ৬ নম্বর যেটা আপনি আউট অব অর্ডার করেছেন। আমার বক্তব্য হচ্ছে এই যে, আমি আগের বক্তৃতায় বলেছি আপনাদের হাসপাতাল যেখানে আপনি বোর্ড অব ট্রাস্টিজ বলেছিলেন, একটা রুলস এ্যান্ড রেগুলেশনস ফ্রেম করতে তারা ৫।৬ বছর ধরে করে আপনাদের কাছে দিয়েছে কিন্তু হাসপাতাল আজ তুলে দেওয়া হবে—রেগুলারাইজ ত করেন নি। কিন্তু আপনি যেটা দিয়েছেন এই ক্লেমস, ইফ এনি, এটা দেখলে আমাদের মনে হয় আপনি ইচ্ছা করলে দিতেও পারেন, নাও দিতে পারেন। যা বলেছেন তা যদি সত্য হয় মানুষের মনে সন্দেহ জাগে কেন তাদের সার্ভিস রুলস, পেনসন, গ্র্যাচুইটি ইত্যাদি দেওয়ার কথা নেই। আপনি বলেছেন, হ্যাঁ, তাদের দেওয়া হবে, কিন্তু তার একটা বেসিস চাই ত। বোর্ড রেকমেন্ডেশন ২।৩ বার আপনাদের কাছে করেছে, হেল্‌থ ডিপার্টমেন্টএর কাছে তার কপি আছে, আপনি সেটা বেসিস করে নিয়ে বাকী আলোচনাগুলি করুন।

আপনি জবাব দিতে গিয়ে বক্তৃতার মধ্যে বলেছেন, আপনি এখানকার লোকদের প্রোভাইড করবেন।

আমাদের সমস্যা ছিল দুটি—একটা হচ্ছে যে, চাকরিতে যে আছে, তাকে সেই চাকরিতে প্রোভাইড করা, পেন্সন, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি ইত্যাদি পাওয়া—এটা সম্বন্ধে যে বেসিস করে দেবে বোর্ড, সেই মত দেওয়া।

দ্বিতীয়, যেটা বলতে চেয়েছিলাম—আউট অব অর্ডার হয়ে গেছে, সে সম্বন্ধে আপনার মুখ থেকে একটা আশার বাণী শুনে নিতে চাই। দু-চার জন যারা দু' শ টাকার উপর পায়, তাদের বলেছেন পাবলিক সার্ভিস কমিশনএর মধ্য দিয়ে যাবে। একটা হাসপাতালে তারা ২০।২৫।৩০ বছর চাকরি করে এসেছে হঠাৎ তাদের চাকরি গেলে, যে কি পজিসনএ পড়বে? আপনি তাদের এই সার্ভিস কমিশনএর মধ্য দিয়ে আনতে চান; তাদের যদি সার্ভিস না ধরেন, তা হ'লে তো এজ-বারড হবে তারা, চাকরি পাবে কি পাবে না, একটা হতাশার মধ্যে পড়ে যাবে। সেই হিসেবে আমার অনুরোধ ছিল অ্যামেন্ডমেন্টএর মধ্যে এমনভাবে তাদের একটা প্রোভাইড করে দিন—যারা চাকরিতে ছিল, হাসপাতাল যখন তুলে দিচ্ছেন, তখন যার যা প্রাপ্য তা ন্যায়সঙ্গতভাবে মিটিয়ে দেওয়া হোক। তাঁরা এতদিন জনসাধারণের সেবা করে এসেছেন, তাঁদের এখন খালি হাতে পথে বসাবেন না। সেখানে যদি তাঁদের সার্ভিস কমিশনএর মাধ্যমে না এনে চাকরি দেন, তা হ'লে সেজন্য কেউ কিছু বলবেন না যে, মন্ত্রীমহাশয় অন্যায় করে গেছেন। সেজন্য বলছি যেটা এ্যালাউড হ'ল, যেটা অ্যালাউড হ'ল না, তা সত্ত্বেও ঐ দু'টো সংশোধনীর অন্তর্নিহিত কথা শুনে আপনি করে দিন—যেটা আমি বলতে চেয়েছি।

Dr. Sourendra Nath Saha:

মাননীয় স্পীকার মহাশয়, আমার সংশোধন প্রস্তাবটি ঐ হাসপাতাল সম্বন্ধে—যদিও ধর্ম-সংক্রান্ত ব্যাপারে। এই হাসপাতালের মধ্যে খৃস্টানদের একটা চ্যাপেল আছে। হাসপাতাল অ্যাবলিশনএর সঙ্গে সঙ্গে সেটাও যাতে এ্যাবলিশন না হয় সেজন্য আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই চ্যাপেলএর উপর হস্তক্ষেপ করা হলে, ধর্মের উপরই হস্তক্ষেপ করা হবে। এই চ্যাপেলটা রক্ষিত যাতে হয়, তার জন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি। সেইজন্য আমার অ্যামেন্ডমেন্ট রেখেছি—

"the chapel inside the hospital shall in no case either be disposed of or be destroyed."

Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমার যে অ্যামেন্ডমেন্টটা আছে, সেটা হ'ল যে জিনিস মাননীয় [illegible] বললেন আগে একটা আশার কথা বলেছেন, সেই আশার কথা আরও বেশি বাস্তব করবার জন্য আমি এই কথা বলতে চেয়েছি। এখানে যারা চাকরি করে খাচ্ছে, এখন যে

অ্যাডমিনিস্ট্রেটিভ চেঞ্জ হবে, তাতে তারা যাতে রক্ষিত হয়, কোন এমপ্লয়ি ফিনান্সিয়ালি সাফার না করে, সেই জিনিসটির জন্য এই কথা বলতে চাই। তারা মধ্যবিত্ত দরিদ্র গৃহস্থ, তারা ২০ টাকা, ৫০ টাকা কি একশ' টাকার বাজেট করে সেইমত জীবনযাপন করে এসেছে ; সেইমত সংসারিক যা কিছু দাবী খরচ, তার উপর নির্ভর করে। তাই বলছি ওখানে এমপ্লয়িজ যারা আছে, তারা অন্যত্র চাকরিতে গেলে তাদের মাইনে ছাড়া অন্য যা কিছু প্রাপ্য এ্যালাওয়েন্স ইত্যাদি যেটা বর্তমানে তারা যা পাচ্ছে, তার চেয়ে যেন কম না হয়।

আপনি প্রথমে বলেছিলেন ওপেনিং স্পীচএ যে, দু'শ টাকার বেশি মাইনে হ'লে তাকে পাবলিক সার্ভিস কমিশনএর মাধ্যমে আসতে হবে। কিন্তু দ্বিতীয়বার বলেছেন রিপ্লাই দেবার সময় একটু মডিফাই করে, নিশ্চয়ই হয়ত বুঝতে পেরেছেন, তাদের যাতে সিকিউরিটি অব সার্ভিস থাকে, সেকথা বলেছেন। আমি এই প্রসঙ্গে বলে দিচ্ছি যে, এ বিষয়ে পাবলিক সার্ভিস কমিশনএর কাছে না গেলেও চলে। কেননা ও'র ডিপার্টমেন্টএ দু'শো কেন—পাঁচশো টাকা মাইনে যারা পায়, তারা এই পাবলিক সার্ভিস কমিশনএর মধ্যে না গিয়েও ছয় মাস ছয় মাস অন্তর চাকরির মেয়াদ বাড়িয়ে দিয়ে পাবলিক সার্ভিস কমিশনকে এভয়েড করে যেখানে লোক রাখা হয় এই পদ্ধতি আছে। আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই, কারমাইকেল হসপিটালএর ক্ষেত্রে এরূপ নজীর আছে। এর পর যাদের নতুন এ্যাপয়েন্টমেন্ট দেবেন, তাদের বেলায় ঐ মেথড চালু করবেন। কিন্তু যারা আগে থেকে রিক্রুটেড হয়ে আছে, আর তাদের নূতন করে বাস্তুহারা অবস্থায় নিয়ে যাবেন না। তারা যাতে সংসারহারা না হয়ে যায়, বাস্তুহারা না হয়ে যায়, সেদিকে মন্ত্রীমহাশয় নজর দিন। পাবলিক সার্ভিস কমিশনএর মধ্য দিয়ে আসতে গেলে যে কোয়ালিফিকেশন প্রয়োজন, হয়ত এই বয়সে তাদের সেই কোয়ালিফিকেশন হয়ে উঠবে না। এই গভর্নমেন্টএর মেথড অব রিক্রুটমেন্টও নানারকম আছে—যেমন ধরুন, পাবলিক সার্ভিস কমিশন এবং প্রাইভেট সার্ভিস কমিশন অর্থাৎ পাবলিক সার্ভিস কমিশনকে সাইড ট্র্যাক ক'রে স্বয়ম্বর মেথডএ নিয়োগ করা। কাজেই যারা জীবিত রয়েছে এবং এতদিন ধরে সেখানে কাজ করছে তারা যাতে সংসারের দিক দিয়ে উদ্বাস্তু না হয়ে যায় এটা আমি অনুরোধ করব। উনি যে আশার কথা বলেছেন, সে আশাটা যেন বাস্তব করে দিয়ে যান, যেটা তাদের ভয়ের কারণ আছে, সেটা তিনি দূর করে দিন।

The Hon'ble Dr. Amulyadhan Mukharji : Sir, I have already assured that the interest of the present members of the staff will be properly looked into. So far as the inclusion of the clause under 4(3) is concerned—the amendment of Dr. Narayan Ray—I am sorry the intention of the Act is very clear. It has been mentioned that all debts and pecuniary liabilities of the Board including, if any, relating to provident fund and gratuities of officers and servants of the Board will be safeguarded as if this Act had not been passed. I think this is quite clear. The rights, claims and privileges of the employees of all categories will be properly safeguarded even after the passing of this Act. Therefore, I do not think there should be any misgiving whatsoever on this issue. Regarding the experience I have already said that the experience of persons and officers working in this hospital will be properly taken note of and I do not think that they will suffer from any difficulty on that score. As regards age-bar Government have got certain age-limits fixed. If any officer is within the age-limit fixed certainly he will continue to stay. Regarding Dr. Hirendra Kumar Chatterjee's question about the employees' financial loss one member of the Gobra Hospital staff has been taken in Government service and he is now working at Gouripur and some other officers' cases are under consideration. I do not think there will be any occasion for any of them to suffer financial losses as a result of their being absorbed in Government service because the amount of emoluments offered to all Government employees is certainly better than other institutions. So I feel that there would be no apprehension on this issue. Regarding the chapel we have not yet decided how to utilise the said premises of the Gobra Hospital. This was under the occupation of infective patients for the last 55 years. I think

some time will have to elapse before this can be utilised for any other purpose or it may so happen that we have to demolish the entire structure as has been done in this earlier institution which was situated at Amherst Street. The first leper hospital in Calcutta was at Amherst Street where subsequently the Police Hospital came into being. Now there exists the Vishudhananda Marwari Hospital. It may so happen that the entire building may have to be demolished in public interest. So far as the chapel is concerned it was a simple thing. It was meant for the Christian patients to say their prayers. This hospital after abolition certainly cannot be thrown open to members of the public for going there and say their prayers. This will be kept intact till Government decides regarding the disposal of the premises. Therefore, there should not be any misapprehension on this issue also.

With these words I oppose all the amendments.

The motion of Dr. Narayan Chandra Ray that in clause 4(3), lines 3 to 5, for the words within the brackets beginning with "including claims, if any," and ending with "servants of the Board" the words "including claims relating to pensions, provident fund and gratuities of officers and servants of the Board as recommended by the Board" be substituted was then put and lost.

The motion of Dr. Saurendra Nath Saha that the following proviso be added to clause 4(4), namely:—

"Provided that the chapel inside the hospital shall in no case either be disposed of or be destroyed."

was then put and lost.

[5-50—6 p.m.]

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clause 7

The question that clause 7 do stand part of the Bill was then put and agreed to.

Preamble.

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: I beg to move that the Albert Victor Leper Hospital (Abolition) Bill, 1956, as settled in the Assembly be passed.

Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় স্পীকার মহোদয়, লেপার হসপিটাল এ্যাবলিউশন সম্বন্ধে যে বিল এল সে সম্বন্ধে বন্ধু নারায়ণবাবু বিশদভাবে আপনাদের কাছে বলেছেন। ডেফিসিট হয় এবং ক বছরে ক লাখ টাকা। 'ডেফিসিট' হয়েছে—১ লাখ ২০ হাজার থেকে ১ লাখ ৬০ হাজার টাকা স্ট্যাটুটরি

গ্র্যান্ট—তা ছাড়া ১ লাখ টাকা বেশি হয়েছে বা ১ লাখ ১০ হাজার টাকা হয়েছে। আমাদের এটা দুঃখ যে এটাকে কেন কারণ বলে দিয়েছেন। তিনি নিজে একবার দেখুন মেডিকেল কলেজে ১০ বছর আগে কি খরচ হত এবং এখন কি খরচ হচ্ছে। তা হ'লে মেডিকেল কলেজ 'এবলিশন' করে দাও যদি ডেফিসিট হয়। আমি জানি—কারণ আমি একটা মেডিকেল কলেজের সঙ্গে সংশ্লিষ্ট আছি—যে আগে যা খরচ হ'ত তা থেকে ৪০০ পার্সেন্ট বেশি হচ্ছে। লোকের সংসার খরচ দেখুন না কত বেড়েছে, তা একটা হাসপাতালের খরচ ৮০০ পার্সেন্ট বাড়বে এ আশ্চর্য নয়। আগে যেখানে ৬০ টাকায় হ'ত এখন সেখানে ২৫০ টাকায় হচ্ছে। তা হ'লেও এই ধরনের জিনিসে কি লাভ হয় না হয় তা বিবেচনার প্রশ্ন নয়। বাবা তারকনাথের ক্ষেত্রেও লাভ হয়, ব্যবসায়েও ডিভিডেন্ড হয়, কিন্তু হসপিট্যালে ডেফিসিট হচ্ছে, এ কথা বলাটা দুঃখের বিষয়। মন্ত্রীমহাশয় নিশ্চয়ই বলবেন যে, অন্ততঃ এতে অর্থের অপব্যয় হয় নি। তা হ'লে বলতে হয় যে টাকা ওঁরা দেন—সেটা ১ লাখ ১০ হাজার হউক বা ১ লাখ ২০ হাজার হউক, সেটার সদ্ব্যয় হয়েছে, সেটাকে ডেফিসিট ব'লে উল্লেখ করার কারণ দেখি না। এটা একটা আর্গুমেন্ট হিসাবে না বললেই ভাল হ'ত, কারণ এটা একটা ইনহিউম্যান আর্গুমেন্ট যে, আগে পোস্ট-ওয়ারএ একটা হাসপাতালে যেখানে খরচ হত ৬০ হাজার টাকা সেখানে আরও ১ লক্ষ ১০ হাজার টাকা দিতে হচ্ছে। আমি বলব এটা কার্পণ্যের কথা। প্রোপোরসানেটলি খরচ বেড়েছে, কাজেই এ জিনিস যেন না বলেন।

১৯৫৩ সালের যে লিস্ট দিয়েছেন, তাতে বলা হয়েছে কন্টিনিউড ফ্রম ১৯৫২এ আদার্স। এই তিনটা কারখানায় লক আউট না স্ট্রাইক হয়েছিল?

The Hon'ble Kali Pada Mookerjee:

আপনার প্রশ্নটা ছিল খুব ব্যাপক—যে কত হয়েছে এবং ইন্ডাস্ট্রিওয়াইজ। কাজেই মেন ইন্ডাস্ট্রিগুলো ব'লে তার পরে দেওয়া হয়েছে—অ্যান্ড আদার থ্রি কনসার্ন্স। লক আউট কিম্বা স্ট্রাইক সেইপ্রশ্নটা খুব ব্যাপক ছিল। এতে দুইই কভার করে।

Dr. Ranendra Nath Sen:

যে যে ইন্ডাস্ট্রিগুলো দিয়েছেন লক আউট অথবা স্ট্রাইক হয়েছে তার প্রধান কারণগুলি কি ছিল বলতে পারেন কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

সেটা বলা যায় না।

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

১৯৫২ সাল থেকে আজ পর্যন্ত লক আউট হয়ে আছে এমন কারখানার খবর আপনার জানা আছে কিনা?

The Hon'ble Kali Pada Mookerjee:

লক আউট হয়ে আছে, এরকম খবর আমার জানা নেই।

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

বেলেঘাটার লক্ষ্মী ম্যাচ ফ্যাকটরি ব'লে একটা কারখানা ১৯৫২ সাল থেকে লক আউট আছে কিনা বলতে পারেন কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

সেটা লক আউট হয় নি, ক্লোজড হয়েছে।

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

আমার কথা হচ্ছে, সেটা ক্লোজড হয়ে রয়েছে, যারা সেখানে কর্মচারী ছিল তারা সব চ'লে গেছে। ঐ জায়গাটা এখনও পর্যন্ত কেন ব্যবহার করা হচ্ছে না বা সেটা ব্যবহার করবার ইচ্ছা সরকারের আছে কিনা?

Mr. Speaker: That supplementary does not arise out of it.

Rice Mills in Midnapore district

56. Sj. Mrigendra Bhattacharjya: Will the Hon'ble Minister in charge of the Labour Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলায় কতগুলি "রাইস মিল" বর্তমানে আছে;

(খ) কোন্ "রাইস মিলে" কতজন শ্রমিক কাজ করেন; এবং

(গ) শ্রমিকগণ স্থায়ী না অস্থায়ী?

The Hon'ble Kali Pada Mookerjee: (ক) ৪২।

(খ) ও (গ) একটি বিবরণী এতৎসহ লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Sj. Mrigendra Bhattacharjya:

লাইব্রেরি টেবিলে দেওয়া হয়েছে, খুব কমসংখ্যক শ্রমিককে স্থায়ী করা হয়েছে। এই সমস্ত অস্থায়ী শ্রমিকদের স্থায়ী করা হচ্ছে না কেন?

The Hon'ble Kali Pada Mookerjee:

চালের কল সিজন্যাল ফ্যাকটরি। কাজেই অনেক শ্রমিক অস্থায়ীভাবে কাজ করে।

Sj. Mrigendra Bhattacharjya:

স্থায়ী এবং অস্থায়ী,—এদের মাইনে কি এক?

The Hon'ble Kali Pada Mookerjee:

হ্যাঁ, মাইনে এক।

Sj. Mrigendra Bhattacharjya:

এই সমস্ত মিলের মালিকরা সরকারকে ইনকাম ট্যাক্স দেয়?

The Hon'ble Kali Pada Mookerjee:

কেন্দ্রীয় সরকারকে এই প্রশ্নটা করলে সেটা জানতে পারবেন।

Messages

Secretary (Sj. A. R. Mukherjea): Sir, the following messages have been received from the West Bengal Legislative Council intimating that the Council agreed to the West Bengal Molasses Control (Amendment) Bill, 1956, the West Bengal Hindu Social Disabilities Removal (Repealing) Bill, 1956, and the Tribunals of Criminal Jurisdiction (Amendment) Bill, 1956, at its meeting held today without any amendments.

(1)

"Message

That the West Bengal Legislative Council at its meeting held on the 21st March, 1956, agreed to the West Bengal Molasses Control (Amendment) Bill, 1956, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 21st March, 1956.

(2)

"Message

That the West Bengal Legislative Council at its meeting held on the 21st March, 1956, agreed to the West Bengal Hindu Social Disabilities Removal (Repealing) Bill, 1956, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 21st March, 1956.

(3)

"Message

That the West Bengal Legislative Council at its meeting held on the 21st March, 1956, agreed to the Tribunals of Criminal Jurisdiction (Amendment) Bill, 1956, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA:
The 21st March, 1956.

Application for leave of absence from Sj. Pran Krishna Kamar, M.L.A.

Mr. Speaker: I have received an application from Sj. Pran Krishna Kamar asking for leave of the House for his remaining absent from the meetings of the Assembly from the 2nd February, 1956, till the prorogation.

I think the House will have no objection.

[There was no objection.]

Leave is granted.

GOVERNMENT BILLS

The West Bengal Appropriation Bill, 1956

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to introduce the West Bengal Appropriation Bill, 1956.

[Secretary then read the title of the Bill.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1956, be taken into consideration.

Sir, under Article 266(3) of the Constitution of India no money out of the consolidated fund of the State Government can be appropriated except in accordance with law passed under Article 204. During the present session the Assembly voted certain grants in respect of estimated expenditure for the financial year 1956-57 under the provision of Article 203 of the Constitution of India. The present Bill is accordingly being introduced under Article 204(1) of the Constitution of India to provide for the appropriation out of the consolidated fund of West Bengal all the monies required to meet the expenditure charged on the consolidated fund and the grants made by the Assembly in respect of estimated expenditure of the West Bengal Government for the financial year 1956-57.

[3-20—3-30 p.m.]

The amount included in the Bill on account of charged expenditure does not in any case exceed the amount shown in the statement previously laid before the House. The Bill merely proposes to appropriate the money required to meet the expenditure charged on the Consolidated Fund and the grant already sanctioned by the House in respect of the estimated expenditure on West Bengal Government for the financial year 1956-57. The Constitution provides that no amendment shall be proposed to this Bill having the effect of varying the amount or altering the destination of any grant so made or varying the amount of any expenditure charged on the Consolidated Fund of the State. The total amount proposed to be appropriated by this Bill for expenditure during the financial year 1956-57 is Rs. 1,08,18,83,001. The amount includes Rs. 6,79,58,000 on account of charged expenditure. The details for the proposed appropriation will appear from the schedule to the Bill.

With these words, I commend my motion to the acceptance of the House.

Mr. Speaker: Mr. Banerjee, this is a very practical matter and I hope you will be very relevant.

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, অ্যাপ্রোপ্রিয়েশন বিল আলোচনা প্রসঙ্গে রাষ্ট্রে গ্রান্ট আলোচনাকালে যেসমস্ত বিষয় আলোচিত হয় নি তার উপর আমি প্রথম বলব। তারপরে আর একটা নীতিগত

প্রশ্নের কথা বলব। এমন কথা জেল সম্বন্ধে আমি বলব, জেলের অ্যাডমিনিস্ট্রেটর ঠিকভাবে সব সময় বিশেষ ক'রে রাজ্য পুনর্গঠন কমিটির ডাকে যারা গিয়েছেন আন্দোলন ক'রে জেলে, তাদের চরম অসুবিধার মধ্যে জেলে ফেলে রাখা হয়েছে। এই বিষয় নিয়ে বিধানসভায় প্রশ্ন করা হয়েছিল। ডাঃ রায় সুব্যবহার করার আশ্বাস খানিকটা দিয়েছিলেন, জেলমন্ত্রীকে জিজ্ঞাসা করবেন বলেছিলেন, কিন্তু একান্ত দুঃখের কথা সেদিকে কোন নজরই দেওয়া হয় নি। আপনি জানেন এবং আপনাকে আমি অনুরোধ করব খোঁজ নিতে যে পচা ভাত, বাসি ভাতগুলি তাদেরকে জোর ক'রে খাওয়ানোর ব্যবস্থা করা হয়েছিল। ডাক্তার যখন বলেছেন ভাত পচা, সেই ভাত তাদের জোর ক'রে খাওয়াবার প্রচেষ্টা অত্যন্ত অন্যায় ব'লে আমি মনে করি। শুধু তাই নয়, আপনি আরও জানেন যে তাদের উপর এমন খারাপ ব্যবহার কর্তৃপক্ষ করছেন যার জন্য তারা আল্টিমেটাম দিয়েছেন—যদি তাদের অসুবিধা দূর না হয় তা হ'লে তারা হাঙ্গার স্ট্রাইক করতে বাধ্য হবেন। কত শোচনীয় অবস্থার মধ্যে পড়লে যে লোকে হাঙ্গার স্ট্রাইক করতে বাধ্য হয় তা আপনি বুঝুন। জামান বলেছেন, জেলে পাঠাবেন না। নিশ্চয়ই তাঁরা শখ ক'রে জেলে যাচ্ছেন না। ভাষার ভিত্তিতে রাজ্য পুনর্গঠনের জন্য এবং বাংলা-বিহার সংযুক্তির প্রস্তাব তুলে নেবার যে দাবি তারই কার্যকরী রূপ দিতে গিয়েছেন। উচিত ছিল সাধারণ মানুষের মতামতের উপর নির্ভর ক'রে এই সংযুক্তির বিরুদ্ধে দাঁড়ানো। কিন্তু তা না ক'রে আবার বলছেন, জেলে পাঠাবেন না। তারা যখন হাঙ্গার স্ট্রাইকএর আল্টিমেটাম দিয়েছেন তার প্রতি নজর দিয়ে যাতে তাদের হাঙ্গার স্ট্রাইক করার প্রয়োজন না হয় সেই ব্যবস্থা করা প্রয়োজন।

দ্বিতীয় জিনিস আমি বলব, শিক্ষার ব্যাপারে সরকার অনেক গালভরা কথা বলেছেন শিক্ষানীতি সম্পর্কে। কলেজ সম্পর্কে একটি ব্যাপারে তাদের যে নীতি সেটা আমি তুলে ধরব। শিক্ষার ক্ষেত্রে তারা সম্প্রতি কয়েকটি নূতন ধরনের কলেজ করতে যাচ্ছেন—যেগুলিকে বলা হচ্ছে 'স্পনসর্ড কলেজ'।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I was just going to ask the Speaker whether the question of policy of a grant which has been discussed in the House can be raised at this stage. That's all.

Mr. Speaker: Let me hear him.

Sj. Subodh Banerjee:

তারা সম্প্রতি কয়েকটি কলেজের উপর নোটিস দিয়েছেন যে, তাদের স্পনসর্ড কলেজ হ'তে হবে। স্পনসর্ড কলেজ হ'তে হবে অথচ সরকারের শিক্ষাদপ্তরকে যখন জিজ্ঞাসা করা যায়, স্পনসর্ড কলেজকে কি কি শর্ত পালন করতে হয়, তখন সরকারের শিক্ষাদপ্তর থেকে সে বিষয়ে কোন আলো পাওয়া যায় না। সম্প্রতি বিজয়গড় কলেজের উপর নোটিস দেওয়া হয়েছে যে, তোমরা স্পনসর্ড কলেজ হবে কিনা। এর জবাবে সেখান থেকে গভর্নিং বডির Secretary Mr. Dutta, Education Officer, Relief and Rehabilitation Department কে জানালেন—

"With reference to your letter No. 7042-Ed., dated 14th February, 1956, requesting me to let you know positively within two days if the college agrees to go under the sponsored scheme, I beg to enclose the resolution of the Governing Body passed at its emergent meeting held on 19th February, 1956, where your letter was placed for consideration."

সেই রেজোলিউশনএ তারা সরকারের কাছে জানতে চেয়েছেন, শিক্ষার ব্যাপারে কি হবে, অ্যাডমিনিস্ট্রেশনএর ব্যাপারে কি হবে, অধ্যাপক রাখার ব্যাপারে কি হবে, অথচ তার কোন জবাব তাঁরা দেন নি। শুধু বিজয়গড় নয়, বিভিন্ন জায়গায় এই নীতি পরিচালনা করতে যাচ্ছেন। মালদহ, জলপাইগুড়ি, আনন্দসুন্দর কলেজ, বর্ধমান রাজ কলেজ, মুরলীধর গার্লস কলেজ এবং অন্যান্য আরও কয়েকটি কলেজ সম্বন্ধে এই ব্যবস্থা করতে চলেছেন। সরকারের কাছে আমার জিজ্ঞাসা, তারা একটা স্কিম চালু করতে যাচ্ছেন, অথচ সেটা যে কি, তার ফলে কি হবে, কলেজ অ্যাডমিনিস্ট্রেশন কিভাবে চলবে, শিক্ষকদের কোয়ালিফিকেশন কি কি দরকার:

এবং কতদূর চাকরি করতে পারবেন, কত মাইনা দেবেন—এর জবাব তাঁরা দিতে পারেন না কেন? এই নীতির প্রতিবাদ ইউনিভার্সিটি টিচার্স অ্যাসোসিয়েশন তাদের সেপ্টেম্বর-নবেম্বর সেশনএ করেছে, তবুও শিক্ষাদপ্তর থেকে কোন নজর দেওয়া হয় নি। যে জিনিস তাঁরা বলেছেন সেদিকে আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। কয়েকটি জায়গায় স্পনসর্ড কলেজ হয়েছে, তথচ সেখানকার অধ্যাপকদের ছাঁটাই করা হয়েছে। আমার জিজ্ঞাস্য, সরকার কি স্পনসর্ড কলেজএর নাম ক'রে কলেজগুলিকে নিজেদের কুক্ষিগত করতে চাইছেন? এই বিষয়ে অধ্যাপকমহলে যথেষ্ট প্রতিবাদ উঠেছে, অথচ সরকারের তরফ থেকে তার প্রতিবিধান করার কোন চেষ্টা হয় নি। আমরা চাই সরকারের তরফ থেকে শিক্ষা বিস্তার করা হ'ক, কিন্তু শিক্ষা বিস্তার করার নামে তারা স্বাধীন মত প্রকাশের সুযোগটুকু বন্ধ ক'রে দেবেন, এ কেমন কথা? যেসমস্ত কলেজকে তারা স্পনসর্ড কলেজ করতে চাইছেন, সেখানে পুলিস লাগিয়ে খোঁজ নিতে চাইছেন, সেখানকার অধ্যাপকরা কোন্ নীতিতে বিশ্বাস করেন, কংগ্রেসী নীতিতে বিশ্বাসী কিনা অর্থাৎ প্রত্যেকটি কলেজের শিক্ষকদের উপর এইভাবে হামলা করা শিক্ষার দিক দিয়ে অত্যন্ত ক্ষতিকর ব'লে আমি মনে করি। আমি তাই দাবি করব, তাঁরা পরিষ্কার ক'রে বলুন স্পনসর্ড কলেজ বলতে তাঁরা কি বোঝেন এবং যেসমস্ত কলেজ নিজের থেকে দাঁড়িয়েছে তাদের কিছু আর্থিক সাহায্য করলে যখন তারা ভালভাবে চলতে পারে, তখন স্পনসর্ড কলেজএর নাম ক'রে তাদের নিয়ে নেবার পরিকল্পনা ত্যাগ করুন। বরং মফঃস্বলে গিয়ে নূতন ক'রে কলেজ করুন। যেখানে কলেজ নেই সেখানে সরকারের চেষ্টায় কলেজ হ'ক, কিন্তু যেখানে অলরেডি এস্ট্যাবলিশ্‌ড্ কলেজ রয়েছে, যেগুলি সেল্ফ-সাফিশিয়েন্ট, সেখানে সরকারের শাসনব্যবস্থা জোর ক'রে চাপিয়ে দেবার কোন যুক্তি থাকতে পারে না এবং সেদিক থেকে আমি বলব, সরকারের এই নীতি পরিবর্তন করা দরকার।

[3-30—3-40 p.m.]

স্যার, আমরা শুনেছি গভর্নমেন্ট কয়েকটা নূতন কলেজ করবার জন্য স্কিম নিয়েছেন। কিন্তু অত্যন্ত দুঃখের কথা যে, যেখানে তাঁরা বললেন, কলকাতার চারিদিকের কলেজগুলি কেন্দ্রীভূত করবার চেষ্টা করছেন, অর্থাৎ যেখানে নীতি দেখুন বিকেন্দ্রীভূত করা সেখানে তাঁরা ডিসপার্সাল কলেজ করতে যাচ্ছেন। আর মফঃস্বলে যেখানে কলেজ নেই, যেখানে লেখাপড়া শেখার অসুবিধা আছে, সেখানে এইরকম কলেজ না করবার কি তথ্য থাকতে পারে তা আমি বুঝি না।

এখানে শিক্ষামন্ত্রী মহাশয় আদতে নাই, তাঁর ছায়াও নাই, তাই মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমার বক্তব্য, যেসমস্ত জায়গা থেকে তাঁদের কাছে দরখাস্ত এসেছে, যেখানে কলেজ ভালভাবে চলতে পারে, সেখানে পশ্চিমবাংলা সরকারের তরফ থেকে স্পনসর্ড কলেজ করা হ'ক। এবং কলিকাতা বা কলিকাতার বাইরে ইতিমধ্যেই যেসমস্ত কলেজ আছে, যেখানে সামান্য কিছু আর্থিক সাহায্য করলে সেল্ফ-সাফিশিয়েন্সি হ'তে পারে, সেইসমস্ত কলেজগুলির প্রতি শ্যেনদৃষ্টি না ক'রে তাদের সরকারী সাহায্য দেবার ব্যবস্থা করুন। অর্থাৎ যেসমস্ত কলেজ প্রাইভেট এন্টারপ্রাইজএ গ'ড়ে উঠেছে, সেইদিকে সাহায্য দেবার জন্য সরকার অগ্রসর হউন,—এই দাবি আমি সরকারের কাছে করব।

Sjkta. Mani Kuntala Sen:

মিঃ স্পীকার, স্যার, বাজেট পাস হয়ে গিয়েছে, ১৮টা হেডস সম্পর্কে কোন আলোচনা হয় নি, তাতে প্রায় ১০ কোটি টাকার বেশি টাকা বরাদ্দ হয়েছে। এইভাবে কোনরকম আলোচনা না হয়ে এতগুলি হেডস পাস হয়ে গেল এবং এতে আমি মনে করি বিরোধীপক্ষের উপর একটা ইনজাস্টিস করা হয়েছে এবং যাঁরা ট্রেজারি বেঞ্চএ আছেন, তাঁদের পক্ষে এটা অ্যাডভান্টেজ নেওয়া হয়েছে। কারণ বাজেট সম্পর্কে যথেষ্ট আলোচনা হওয়া উচিত এবং যেসমস্ত অবিচার ও অনাচারের তথ্য এখানে উঠেছে, তা থেকে নিশ্চয়ই সকলে স্বীকার করবেন, সেইসমস্ত বিষয়ে যথেষ্ট এনকোয়ারি ও এক্সপোজিশনএর দরকার আছে। অথচ এইসমস্ত হেডগুলি আলোচনা না হয়ে, এই সম্পর্কে কোনরকম সমালোচনা না হয়ে, সেগুলি পাস হয়ে গেল, আর এখন আমাদের এদের পক্ষে স্যাংশন দিতে হবে যে, এই টাকা তাঁরা খরচ করবেন।

মিঃ স্পীকার, আপনি হয়ত আমার অসুবিধাটা বুঝতে পারবেন। যেসমস্ত অভিযোগ এই বাজেট সম্পর্কে আনা হয়েছে, সেগুলি খুব গুরুতর অভিযোগ, মিসঅ্যাপ্রোপ্রিয়েশন সম্বন্ধে গুরুতর অভিযোগ করা হয়েছে। কাজেই এই সম্পর্কে না ব'লে উপায় নেই, এইগুলি এত হালকাভাবে উড়িয়ে দেবার মত বিষয় নয়। উনি যদি একটু নিজের সততা প্রকাশ করবার জন্য প্রস্তুত থাকতেন, তা হ'লে এই সম্পর্কে নিজেরাই এনকোয়ারি অফার করতেন। কারণ যেসমস্ত অ্যালিগেশন তাঁদের বিরুদ্ধে এসেছে সেগুলি তদন্ত হওয়া দরকার—তা সরকারীভাবেই হ'ক বা বেসরকারীভাবেই হ'ক। এবং সেইসমস্ত তদন্ত ক'রে সেটা আইনসভার সামনে হাজির করা উচিত ছিল, কিন্তু তার কোন আশ্বাস আমরা কিছু পাই নি। যেসমস্ত অ্যালিগেশন টেব্‌ল করা হয়েছে তার সম্পর্কে কোন উত্তর দেওয়া হয় নি, সেইসমস্ত প্রশ্ন ইভেড ক'রে এড়িয়ে গিয়েছেন। সেই প্রশ্ন সম্পর্কে তাঁরা কোন কথা উচ্চবাচ্য করেন নি, অথচ এখন ওঁদের সেই টাকাটা স্যাংশন ক'রে দিতে হবে খরচ করবার জন্য। তাঁরা এইসমস্ত অভিযোগের উত্তর দেওয়া প্রয়োজন মনে করেন নি বরং উলটে তাঁরা চেষ্টা করেছেন নানারকম মিথ্যা তথ্য এখানে উপস্থিত ক'রে বিরোধীপক্ষকে কনফিউজ করতে, এবং তার মধ্য দিয়ে পাবলিককেও কনফিউজ করবার চেষ্টা করেছেন। সমস্ত রকম বিকৃত তথ্য ও ফিগার আমাদের সামনে উপস্থিত করেছেন। বিশেষ ক'রে মাননীয় মন্ত্রী প্রফুল্লবাবু খাদ্য সম্পর্কে টনস অ্যান্ড টনস ফিগার উপস্থিত করেন, কোটি কোটি টাকার ফিগার উপস্থিত করেন। কিন্তু এইসমস্ত ফিগারগুলি 'ছাপাই' ফিগার, এইগুলি যথাযথভাবে অনায়াসে উপস্থিত ক'রে দেন। একে মিথ্যা কথা বললে আনপার্লামেন্টারি বলা হয়, কিন্তু কি বলব? এগুলি যে একেবারে অসত্য কথা—আমার বলতে ইচ্ছা করে, কিন্তু তা বলতে পারছি না, কারণ তা হ'লে ডেলিবারেট আনপার্লামেন্টারি হবে। কিন্তু তা না বললে কি বলব? কোন্ পার্লামেন্টারি ল্যাংগুয়েজএ এটা বলা যায়, জানি না। এইসমস্ত অসত্য ফিগার জেনেশুনে কেন আমাদের সামনে উপস্থিত করেন, যে দেশের এই পিকচার? সবচেয়ে বড় কথা হচ্ছে, যে টাকাটা ওঁদের দেওয়া হয় সেটা ওঁদের পার্টি পারপাসএ ব্যয় করেন। এইরকম অসংখ্য অভিযোগ আছে যে, তাঁদের দলীয় স্বার্থে, পার্টি স্বার্থে, এইসমস্ত কারণে তাঁরা টাকা খরচ করেছেন এবং তাঁদের বিভাগীয় দপ্তরে যেসমস্ত পোষ্যবর্গ আছে, তাদের স্বজনপোষণ, আত্মীয়পোষণ ইত্যাদি ব্যাপারে খরচ চলে এবং এমনকি মন্ত্রীরা নিজেরা পর্যন্ত এর সঙ্গে ইমপ্লিকেটেড আছেন। কোনকিছু এর জবাব আমাদের কাছে উপস্থিত করেন নি। স্যার, সরকার সত্যিকারের যে অবস্থা সেগুলি চেপে দেবার জন্য যেসমস্ত জাগ্‌লারি অব ফিগার আমাদের সামনে উপস্থিত করেন তার একটা দৃষ্টান্ত দেখাচ্ছি। মন্ত্রিমহাশয়রা এই যেসমস্ত উদাহরণ দেখিয়েছেন তার থেকে আমি একটা বলছি।

ধরুন, মন্ত্রিমহাশয় প্রফুল্লবাবু,—উনি এখানে বক্তৃতা করবার সময় বলেছেন, পার ক্যাপিটা ন্যাশন্যাল ইনকাম ওয়েস্ট বেঙ্গলএ বেড়েছে। কোথা থেকে উনি এই সংবাদ পেলেন তা অবশ্য পরিষ্কার ক'রে বলেন নি। তাই দিয়ে তিনি প্রমাণ করতে চেয়েছেন যে, দেশের সিচুয়েশন, দেশের আর্থিক অবস্থা অনেক ভাল। অথচ পাঁচ-ছয় মাস আগে উনি নিজেই ওঁদের কংগ্রেস সরকার কেন্দ্রীয় সরকারের কাছে একটা মেমোরেন্ডাম দিলেন। বাংলাদেশের অবস্থা সম্পর্কে লিখলেন—ভিলেজ ইকনমি কোলাপ্স করেছে, রিলিফএর উপর নির্ভরশীল ব্যক্তি ক্রমাগত বাড়ছে, লোকের পার্চেজিং পাওয়ার একেবারে ক'মে গিয়েছে এবং একটা অসম্ভব রকম অবস্থা সৃষ্টি হয়েছে। এইরকম বাংলাদেশের অবস্থা উপস্থিত করলেন কেন্দ্রীয় সরকারের কাছে টাকা চাইবার জন্য। টাকা চান, তাতে আপত্তি নেই, কিন্তু যেভাবে ঐ কথা বললেন কেন্দ্রীয় সরকারের কাছে, তারপরই এখানে এসে বললেন, পশ্চিমবাংলার পার ক্যাপিটা ন্যাশন্যাল ইনকাম বেড়ে গিয়েছে। এই ধরনের এইসমস্ত কথা বলার মানে কি? এর দ্বারা কাকে তাঁরা ভোলাতে চান? অবশ্য সেখানে যে তথ্য দিয়েছেন, তাঁর মেমোরেন্ডামএর কপি আমাদের কাছে আসে নি, "স্টেটসম্যান" পত্রিকায় যা বেরিয়েছিল তার থেকে যেটুকু বুঝতে পেরেছি। ওঁরা এখানে সব সময় বলেন পলিটিক্যাল পার্টিজরা দেশে 'ফেমিন, ফেমিন' ব'লে চিৎকার করেন। কিন্তু ওঁরা নিজেদের সুবিধার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে যে পিকচার তুলে ধরলেন, আর এখানে যে পিকচার দিলেন, তাতে বাংলাদেশের লোক কি বুঝবে? যেখানে রিলিফএর সংখ্যা দিন দিন ক্রমাগত বেড়ে যাচ্ছে

বলেছেন, সেখানে উনি ফেমিনএর পিকচার ছাড়া আর কি উপস্থিত করেছেন? তারপর ন্যাশন্যাল ইনকাম সম্বন্ধে উনি দিলেন একরকম ফিগার, আর ও'দেরই নিজের ট্রেড ইউনিয়ন আই,এন,টি,ইউ,সি, তাঁরা কি বলেছেন? মার্চ মাসে তাঁদের যে কাউন্সিল মিটিং হ'ল, এক্সিকিউটিভ মিটিং হ'ল, তাতে ও'রা বলেছেন—নো রিয়াল ইনক্রিজ অব ওয়েজেস ফর দি ওয়ার্কার্স, অর্থাৎ ওয়ার্কার্সদের রিয়াল ওয়েজ বাড়ে নি। বরং বলছে, কনসেন্ট্রেশন অব ওয়েল্থ হচ্ছে এবং এবছর সবচেয়ে বেশি হয়েছে। প্রফিট অনেক বেড়েছে এবং কনসেন্ট্রেটেড হচ্ছে। বরং যারা ডিমান্ড করছে বেসিক ওয়েজ স্ট্রাকচার বাড়ানো হ'ক, তাদের রিয়াল ওয়েজ ক'মে যাচ্ছে। এটা ও'দেরই আই,এন,টি,ইউ,সি,র কথা; আর উনি কংগ্রেসের মন্ত্রী হিসাবে তাঁদের বললেন উলটা কথা। আমরা কোন্‌টা বিশ্বাস করব। তারপর এই পার ক্যাপিটা ইনকামএর ফিগার উনি পেলেন কোথা থেকে? আমি এখানে সেদিন একটা প্রশ্ন করেছিলাম মন্ত্রিমহাশয়ের কাছে ন্যাশন্যাল ইনকাম সম্বন্ধে। তাতে মন্ত্রিমহাশয় উত্তর দিয়েছিলেন, "আমার কাছে ন্যাশন্যাল ইনকাম সম্বন্ধে কোন স্ট্যাটিসটিক্স নেই"। সাপ্লিমেন্টারি কোয়েশ্চেন করেছিলাম যে, ভবিষ্যতে এইরকম করবার কোন পরিকল্পনা আছে কিনা? উত্তরে মন্ত্রিমহাশয় বলেছিলেন—না, নেই। তা হ'লে এই 18 per cent. *per capita* income of all-India rate

ইত্যাদি যা বের ক'রে ফেলেছেন বা এইরকম পার ক্যাপিটা ইনকাম বেড়েছে বলছেন কোথা থেকে? সুতরাং যখন এই পার ক্যাপিটা টনকাম বাড়া একটা মিসনোমার ফিগার সেখানে পরিষ্কার জানা দরকার প্রফিট, কনসেন্ট্রেশন অব ওয়েল্থ যখন বাড়ে তখন সেখানে সাধারণ মানুষের পার ক্যাপিটা ইনকাম বাড়ে না, ক'মে যায়। এটা সোজা কথা যে, উনি আমাদের ভুল বোঝাবার চেষ্টা করেন।

তারপর ওয়েজ ইনকাম সম্বন্ধে দেখলে দেখা যাবে মানুষের যে ইনকাম তার সাথে সাথে এক্সপেন্ডিচারও বেড়ে গিয়েছে। মানুষের খরচ কি পরিমাণ বেড়ে গিয়েছে দেখুন। কারণ রিয়াল ওয়েজ ধরা পড়ে জিনিসের বাজারদরের উপর। আমি সেই এক্সপেন্ডিচার সম্পর্কে একটুখানি আপনাদের সামনে তথ্য উপস্থিত করছি যাতে বোঝা যাবে বর্তমানে জিনিসের বাজারদর কি এবং এখানে মানুষের অবস্থা কি।

কয়েকটি জিনিসের বাজারদরের কথা বলছি গত মাস থেকে এই মাস পর্যন্ত। সরষের তেলের দাম গত মাসে ছিল ৫০ টাকা, এ মাসে হয়েছে ৭৫ টাকা, অর্থাৎ ৫০ পারসেন্ট দাম বেড়েছে। ডালের দাম গত মাসে ছিল ১৬-১৭ টাকা মণ, এ মাসে ১৯৷৷· টাকা মণ হয়ে গিয়েছে, অর্থাৎ ২০ পারসেন্ট বেড়েছে। তারপর নারকেল তেল ৪৭ টাকা থেকে ৬০ টাকা বেড়েছে, অর্থাৎ ২৮ পারসেন্ট দাম বেড়েছে। চা'ল গত ডিসেম্বর মাসে ছিল ১৪৷৷৵· মণ, আর এ মাসে দাম বেড়ে গিয়ে ১৯৷৷· মণপ্রতি দাঁড়িয়েছে। তা হ'লে দেখুন ইতিমধ্যেই কি পরিমাণ জিনিসের দাম বেড়ে গিয়েছে!

[3-40—3-50 p.m.]

সাবান—৫ টাকা মণের সাবান ৭ টাকা হয়েছে; কাপড় জোড়াপ্রতি আট আনা থেকে বার আনা বেড়ে গেছে—একমাসের মধ্যেই এতখানি মানুষের খরচ বেড়ে গেছে। ট্যাক্সেশন হয়েছে, ইনফ্লেশনমানি বাজারে ছেড়ে দেওয়া হয়েছে যার ফলে বাজারে এফেক্ট একটা হয়েছে এবং এই এফেক্ট মানুষকে অ্যাফেক্ট করেছে। তবে পার ক্যাপিটা ইনকাম বেড়েছে বলছেন, কিন্তু খরচ কত বেড়েছে তা বলেন নি। সেটা সাপ্রেস ক'রে গেছেন। তাই বলি যে, সাপ্রেশন অব ফ্যাক্টস যদি ঘোরতর অন্যায় হয় তা হ'লে ও'কে সেই মামলায় ফেলা যায়।

দ্বিতীয় কথা, উনি বলেন নি পার ক্যাপিটা ইনকাম বেড়েছে, কিন্তু কত লোক ছাঁটাই হয়েছে, কত লোক আনএমপ্লয়েড হয়েছে, তা বলেন নি। আমরা দেখছি এই কয় বছরে—১৯৪৮-৫০ সালের মধ্যে—বাংলাদেশে কমসে কম আটটা টেক্সটাইল মিল বন্ধ হয়ে গেছে এবং তাতে ৭,৯৬২ জন ওয়ার্কার ছাঁটাই হয়েছে। সেইসব ওয়ার্কারএর কি হবে তা বলেন নি। এ সমস্ত কথা বলেন নি, কিন্তু ও'দের একটা পাবলিসিটি ডিপার্টমেন্ট আছে, তাতে ছবি বেরোয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রী প্রফুল্ল সেন হাসছেন গলাগলি ক'রে। বেশ ভাল ছাপাই, ভাল বাঁধাই, ভাল কাগজে

এই ছবিগুলো বেরিয়েছে। এসব বার করবার কি দরকার? যদি সাপ্রেশন অব ফ্যাক্টস করেন তো পাবলিসিটি ডিপার্টমেন্টএর এটা করার মানে কি? আর এই মন্ত্রীদের টাকা দিতে হবে? মন্ত্রীদের স্যাংশন দিতে হবে যে, ও'রা এইভাবে টাকা খরচ করুন? তারপরে লেবার মিনিস্টার সম্পর্কে বলতে চাই। দেখছি উনি নাই এখানে। ও'র কাজ হচ্ছে তো লেবারদের ঠেঙানো, লেবারদের সমস্ত রকম ট্রেড ইউনিয়ন রাইটস একদম নাকচ ক'রে দেওয়া। এইজন্য বাংলাদেশের ওয়ার্কাররা ও'কে 'ট্রেড ইউনিয়ন রাইটসএর' দুশমন মনে করে। কাজেই উনি কি করতে এখানে আছেন? কেন ও'কে রেখেছেন? ও'কে কি ক'রে টাকা দেব? ও'র সম্পর্কে একটা জিনিস আপনার সামনে উপস্থাপিত করতে চাই। দার্জিলিং মজদুর ইউনিয়ন ও'র কাছে চিঠি দিয়েছে, তার একটা কপিও এখানে আছে। সেখানে সেই ইউনিয়নএ এমন টেরর সৃষ্টি হয়েছে যে, কোন লোক সেখানে হাঁটতে পারে না, সেখানে ওয়ার্কার পর্যন্ত গেলে তার পকেট সার্চ করা হয়। সিগারেটের সাদা কাগজ পকেটে পাওয়া গেলে তাকে শাসানো হয়—তোমার ঘরবাড়ি জ্বালানো হবে যদি এইরকম কাগজ ফের নিয়ে আস। এইরকম লাল আতঙ্ক! এইরকম জুজুর আতঙ্ক সেখানে চলছে যে, মালিকের পক্ষ থেকে কাগজের টুকরা দেখলেই হামলা করা হয়। মন্ত্রীরা কি সেখানে তাদের রক্ষা করেন? করেন না। কিন্তু পিটিশন এসে গেছে যে, তিনি কিছু করুন। সেখানে মেয়ে মজুরেরও উপর কিরকম অত্যাচার হয় শুনুন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I do not want to interrupt. But if she wants answer from me I shall request her to go a little slowly so that I can follow her.

Sjkta. Mani Kuntala Sen:

আমি আস্তে বলব, কিন্তু উনি যে আমাকে টাইম দেবেন না।

তারপরে কয়েকটি মেয়ে মজুরের কথা এখানে উপস্থিত করি। তাদের একটা দরখাস্ত শ্রমমন্ত্রীর কাছে এসেছে। তার জবাব হয়ত উনি দেবেন না, কারণ উনি সাধারণত দেন না। সেখানে সাতটা মেয়ে ওয়ার্কার

they were deprived of their wages because they could not fulfil their quota of carrying manure

অর্থাৎ যেটা কোটা তাদের ৮ ঘণ্টায় ফুলফিল করতে হবে। তা থেকে যদি এক সের মাত্রও বাদ যায় তা হ'লে কোন মজুরি পাবে না। তা হ'লে সমস্ত দিনের মজুরি কাটা যায়। এইরকমভাবে মেয়ে মজুরদের উপর অত্যাচার করে। উনি সেখানে নিজে কখন যান? নিজে গিয়ে কখন দেখেন? তারপর ঐ যে লালা শ্রীরামের কারখানা সে কারখানায় আমি নিজে দেখে এসেছি। সেখানে প্রায় তিনশ' মেয়ে ওয়ার্কারকে ছাঁটাই ক'রে দিয়েছে শ্রীরামের মত বড় লোক। সেখানে কন্ট্রাক্টরএর উপর মালিক কাজের ভার দিয়েছেন। আগে ওয়ার্কারেরা কাজ ক'রে মাসে ৬০-৬৫ টাকা রোজগার করত, আর আজ মেয়েরা হ'ল কন্ট্র্যাক্ট লেবার। তারা কন্ট্রাক্টরএর হাতে কাজ করে এবং তাদের ১৫-২০ টাকা পর্যন্তও রোজগার হচ্ছে না এবং এমনকি বিনা কারণেই তাদের মাল রিফিউজ ক'রে দেওয়া হয়। সেই মাল আবার কন্ট্র্যাক্টর মালিককে দিয়ে দেবে কিন্তু সেখানে মেয়েদের ৫ টাকাও দেয় না। এই কন্ট্র্যাক্ট লেবার যতদিন বন্ধ করতে না পারবেন ততদিন তাদের কোন প্রোটেকশন হবে ব'লে মনে হয় না। এইসব দেখে মনে হয়, এদিকে শ্রমিকের যেন কোন মা-বাপ নেই। সরকারও দেখেন না। অতএব জিজ্ঞাসা করি—শ্রমমন্ত্রীকে কেন টাকা দেব?

তারপরে যেসমস্ত ট্রাইব্যুনাল অ্যাওয়ার্ড দেওয়া হয়, তাদের ওখান থেকে চিঠি আছে ও'র কাছে যে, ট্রাইব্যুনালের অ্যাওয়ার্ড দেওয়া হয়েছে, কিন্তু দেখা যায় তাঁরা তা পালন করেন না। উনি কিন্তু সেসব দেখেন না। অতএব ও'কে ওখানে বসিয়ে রেখে ও'র হাতে এইসব দেওয়ার মানে কি, এবং এত পরিমাণ টাকা দেওয়ার দরকার কি?

তারপরে স্বাস্থ্যমন্ত্রী এখানে আছেন। উনি প্রত্যেক বারে এক-একটা ছবি দেন, খুব মনোরম পিকচার তুলে ধরেন, এবং দেখান যেন দেশের মানুষের প্রতি ভক্ত দরদ! আমি তথ্য দিয়ে দেখাচ্ছি। এখন পর্যন্ত বাংলাদেশের ৮১টা শহর আছে। তার মধ্যে ২০টা শহর আছে

যেখানে মেডিক্যাল ফ্যাকাল্টি নাই, ডাক্তারবাবু! একটা হাসপাতালও সেখানে নাই। পুলিস স্টেশন আছে ২৪৩টা, তার মধ্যে ৭৭টা সম্বন্ধে একেবারে উদাসীন। সেখানে একেবারেই যান না, ইউনিয়ন আছে ২,০৭৯টা, তার মধ্যে ১,৭৮১টা ইউনিয়নএ একেবারে কিছুই করেন নি।

তারপরে প্রোগ্রাম অব হসপিটাল বেডস সম্বন্ধে ডিক্লেয়ার করেছেন যে, এ পর্যন্ত ২০,৯০০ হসপিটাল বেডস খুলেছেন। তাতে পার থাউস্যান্ড বেডএর সংখ্যা হয় ১ পারসেন্ট—তাও পড়ে না, মাত্র ·৮২ পড়ে।

তারপরে লঙ-টার্ম প্রোগ্রামএ বলেছেন ১,৪৪,২০০ বেড খুলবেন। আর এই যে অ্যাভারেজ বেডস এ পর্যন্ত যা দেখেছি তাতে অ্যাভারেজ বেডস ওঁরা বাড়াতে পেরেছেন বছরে মাত্র ৮০০। তা হ'লে এই লঙ-টার্ম প্রোগ্রাম কত লঙ তাই জিজ্ঞাসা করি। এইভাবে হসপিট্যাল হ'লে তিনশ' বৎসর লাগবে।

এবার টিউবওয়েলের কথায় আসি। টোটল টিউবওয়েল এ পর্যন্ত ওঁরা করেছেন—তার সব ওঁরা করেন নি, ওরা মোটে করেছেন ৪,৫৩১টা। আর টোটাল হচ্ছে ২৭,৫০৯টা, ওঁরা এক বছরে করেছেন মাত্র ৯০৫টা মাত্র। লঙ-টার্ম প্রোগ্রামএ যা আছে যে, ২০০ লোকপিছু একটা ক'রে টিউবওয়েল দেবেন, তাতে লাগবে ১,৩০,০০০টা এবং তা করতে গেলে এই রেটএ যদি হয় তা হ'লে ১১৪ বছর লাগবে। ১০টা জায়গায় ২৫টা করেছি, আর ২৫টা জায়গায় ১০০টা করেছি, তাতে হবে না; দেখতে হবে আমাদের দেশের অভাব কতখানি। সুতরাং কতখানি হয়েছে এবং কি দরকার সে বিবেচনা ক'রে সেই অনুপাতে যদি পাটা একটু জোরে জোরে চালাতে পারেন তা হ'লেই টাকা দেবার সার্থকতা থাকে। কিন্তু এইভাবে যদি চলেন তারপরে কি ক'রে টাকা ডিমান্ড করেন তা বলতে পারি না।

তারপর এডুকেশন সম্বন্ধে কার নিকট বলব? শিক্ষামন্ত্রী নাই, তিনি একটি অথর্ব মানুষ, অশীতিপর বৃদ্ধ, কানে শুনতে পান না, কথা বলতে পারেন না, বুঝতে পারেন না। ওঁকে অবসর দিয়ে অন্য কাকেও নেওয়া উচিত। তারপরে ডেপুটি মন্ত্রী শ্রীমতী পুরবী, দোহাই আপনার! অন্তত শিক্ষার দিক থেকে তাঁকে শিক্ষাবিদ ব'লে এখানে নিয়ে এসেছেন। শ্রীমতী পুরবী সম্বন্ধে আমার কোন ব্যক্তিগত অভিযোগ নাই, সে ভাল মেয়ে, কিন্তু শিক্ষাবিদ তো নয়। বাংলাদেশে কি এতই শিক্ষাবিদের অভাব? কলিকাতা বিশ্ববিদ্যালয় কি একটিও শিক্ষাবিদ তৈরি করে নি? এখানে মন্ত্রী হিসাবে কার ডিমান্ডএ কাকে টাকা দেব বলুন তো? এ তো বড়ই মুশকিল!

তারপরে স্কুল সম্বন্ধে মুখ্যমন্ত্রী মহাশয় দাবি করেছেন যে, শিক্ষার ব্যাপারে অনেক উন্নতি হয়েছে। তিনি বলেছেন যে শতকরা ৭৫ ভাগ ছাত্রকে তিনি য়্যাকমডেসন দিয়েছেন। এসব কথা বললেই ত হয় না। ফিগার বাড়িয়ে ফাঁপিয়ে ফুলিয়ে ঘুরিয়ে দিলে কি লাভ হয়? সেন্সাস থেকে দেখুন। ২ কোটি ৬৫ লক্ষ লোক যদি হয় তা হ'লে দেখব যে ২৫ পারসেন্ট ৫ থেকে ১৪ বছরের বয়সের স্কুল-গোইং বয়েজএর সংখ্যা ৬৬ লক্ষ ৩৫ হাজার হয়। কিন্তু চীফ মিনিস্টার নিজের রিপোর্টএর মধ্যে বাজেট বক্তৃতায় বলেছেন যে, মাত্র এ পর্যন্ত ১৮ লক্ষ ৬৪ হাজারকে স্থান দিতে পেরেছেন এবং এটা বছরে বছরে ১,১৪,০০০ ক'রে বাড়তে বাড়তে এইটুকুতে উঠেছে।

[3-50—4 p.m.]

১৯৫৬ সালে ১৯ লক্ষ ৭৮ হাজার। তা হ'লে কোথায় হ'ল ৭৫ পারসেন্ট? আমরা দেখতে পাচ্ছি টোটাল স্কুল-গোইং চিলড্রেন—এক-তৃতীয়াংশ করতে পারেন নি। এই হচ্ছে পোজিশন। অতএব এইসব কথা বলেন কেন?

তারপর শিক্ষা সম্পর্কে যেটা আমাদের প্রধান বক্তব্য সেটা হচ্ছে এই যে, আমাদের দেশে সকলেই স্বীকার করেন ১৫ পারসেন্ট মাত্র স্কুল-গোইং। অতএব মাস লিটারেসির জন্য আপনারা

কি চেষ্টা করেছেন? অ্যাডাল্ট এডুকেশন সম্বন্ধে কি করা হয়েছে? তা করতে হ'লে যা করা দরকার সে সম্পর্কে এখানে কিছুই নেই। আর তাই যদি না করেন তা হ'লে এই ইল্লিটারেসি কি ক'রে দূর করতে পারবেন, অথচ সামান্য একটু কাজ ক'রেই ঠাট দেখাচ্ছেন? আপনারা এই ব্যাপারে যা করেছেন সেগুলি হাস্যকর। আমি জানি দশ-পাঁচ টাকা তাদের জন্য আপনারা খরচ ক'রে থাকেন, কিন্তু এর চেয়ে বড় প্রহসন আর কিছুই হ'তে পারে না। সেইদিক থেকে এই শিক্ষা কলঙ্কজনক অবস্থায় আছে। একটা ফিগারএর মারফত দেখাছি। যেখানে ১,২০০ জুনিয়ার এইচ স্কুল হয়েছে সেই জুনিয়ার স্কুল ছাত্রদের জন্য সেখানে মাত্র ২০৩টি মাত্র মেয়েদের জন্য। মেয়েরা কি পড়তে চায় না? মেয়েদের কি পরিমাণ শিক্ষার চাহিদা সেটা সকলেই জানেন। অথচ এদের জন্য স্কুলের সংখ্যা বাড়ান নি। সেকেন্ডারি স্কুলএর বেলায় কি হচ্ছে দেখুন। ১,১৬৫টি ছেলেদের জন্য আর মেয়েদের জন্য ২৫৩টি। এতে কি নারীশিক্ষা দেবেন? এর যদি প্রতিকার না করেন এবং এই যদি তাঁদের শিক্ষানীতি হয় তা হ'লে কেন গভর্নমেন্টকে টাকা দেব বলুন? শিক্ষা সম্পর্কে ওঁরা অহঙ্কার ক'রে বলেন যে, এত টাকা শিক্ষার জন্য খরচ করা হচ্ছে। কিন্তু এ টাকা তো ওঁরা খরচ করেন না, খরচ ক'রে ছেলেদের বাপেরা। বেশির ভাগ টাকা আমাদের দেশে গভর্নমেন্ট স্কুলের জন্য খরচ হচ্ছে, কিন্তু নাম্বার অব গভর্নমেন্ট স্কুলস এদেশে মাত্র ২৯টি, এইডেড স্কুল মাত্র ৮৭৯টি, আর আনএইডেড স্কুল ৫০৩টি। মাত্র ২৯টি গভর্নমেন্ট স্কুল। এ থেকেই বুঝা যায় যে, গভর্নমেন্ট শিক্ষা ব্যবস্থা করেন নি, করেছে জনসাধারণ তাদের অর্থে, তাদের সামর্থ্যে, তাদের চেষ্টায়। এখানে শিক্ষা ব্যবস্থা যেটুকু হয়েছে এঁরা করেন নি। বরং এঁরা মেয়েদের শিক্ষার বাধা দিচ্ছেন। এখানে নানান রকম ধরনের নানা শিক্ষাপদ্ধতি আবিষ্কার ক'রে—যা শিক্ষাবিদরা নিজেরাই প্রতিবাদ করেন—সেইরকম শিক্ষাপদ্ধতি আবিষ্কার ক'রে এই শিক্ষাকে আরও পিছিয়ে দেওয়া হচ্ছে। এইজন্য মন্ত্রী ও মন্ত্রীপরিষদকে কিভাবে টাকা দেওয়া যায় বলুন? মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে আমরা দেশের একটা সঠিক চিত্র আশা করেছিলাম। সঠিক চিত্র পেতে হ'লে দেশের এমপ্লয়মেন্ট পোজিশনই হচ্ছে সঠিক চিত্রের মাপকাঠি। কয়েকটা ড্যাম খুলেছেন, ৭৫ বৎসর পরে যার ফল দেখা যাবে, তা দিয়ে এখনকার মানুষকে সন্তুষ্ট করা যায় না। আজকে এদের এমপ্লয়মেন্ট সম্বন্ধে তারা কি স্কিম নিয়েছেন, কি প্রভিশন করেছেন, এমন কিছু কথা তাঁর বক্তৃতার মধ্যে উল্লেখ করেন নি। বাংলাদেশের এমপ্লয়মেন্ট পোজিশন, আনএমপ্লয়েডএর সংখ্যা কত, সে বিষয়ে তারা নির্বাক। কিন্তু এ সম্বন্ধে মুখ্যমন্ত্রী মহাশয় যে একটা ফিগার দিয়েছেন সেটা বিশ্বাস করব কি ক'রে? কারণ মাত্র ছ' মাস আগে একটা প্রেস কনফারেন্সএ বক্তৃতা দিয়েছিলেন যে, আগামী পাঁচ বৎসরে ৬ লক্ষ ৫০ হাজার লোককে এমপ্লয়মেন্ট দেবার ব্যবস্থা করতে পারবেন। তারপর ফাইভ-ইয়ার প্ল্যানএর বই প'ড়ে বুঝলাম ৬ লক্ষ নয়, ২ লক্ষ ৪৫ হাজার। কোন্‌টা ঠিক?—প্রেস কনফারেন্সএ উল্লিখিত ৬ লক্ষ ৫০ হাজার, না এই বইতে যা বলেছে—২ লক্ষ ৫০ হাজার? এরও আবার গ্যারান্টি নেই। সাইক্ল ফ্যাক্টরিতে কিম্বা গুড় ফ্যাক্টরিতে ২ লক্ষ ৩৫ হাজার লোককে চাকরি দেবেন? তার উপর আবার দিনের পর দিন ছাঁটাই করছেন। বিভিন্ন বিভাগে ব্যাপকভাবে ছাঁটাই হচ্ছে। সরকারী ফিগারই হচ্ছে যে, বাংলাদেশে ১২ লক্ষ আনএমপ্লয়েড আছে এবং প্রতি বৎসর ১ লক্ষ ২০ হাজার মানুষ বাড়ছে। আবার এই পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই ২ লক্ষ ৪৫ হাজার লোককে কাজ দিতে পারবেন কিনা, তাও জানা নেই। তবে কি বিশ্বাসে টাকা দেব বলুন?

তারপর শেষ কথা বলছি—টাকা তো নিচ্ছেন, কিন্তু কি পারপাসএ খরচ করবেন? মার্জার ব্যাপারে খরচ করবেন না, তার গ্যারান্টি কোথায়? যে প্রস্তাবটা সম্পূর্ণভাবে বিবেচিত হয় নি তার জন্য তার প্রচারের জন্য প্রধানমন্ত্রী মহাশয় যে টাকা খরচ করছেন, সে জিনিস ঠিক নয়। এ বিষয়ে সমস্ত দেশের আপত্তি আছে; আইনসভার ভিতরও আপত্তি আছে, কিন্তু বেআইনভাবে সরকারের যেহেতু ক্ষমতা আছে সেইজন্য সেই ক্ষমতা ব্যবহার ক'রে এই টাকা অপচয় করতে পারেন না। আপনাদের দলীয় স্বার্থ বা দলীয় নীতি পূরণ করবার জন্য যারা পিছনের দরজা দিয়ে টাকা খরচ করবেন, তাদের কি জন্য, কোন্ ভরসায় টাকা দেওয়া যায় বলুন? যারা কিছুমাত্র নীতির ধার ধারে না, ন্যায় ও নীতির পন্থা অনুসরণ করে না, তাদের কোন্ খাতিরে টাকা দেওয়া যায়? আমরা অপোজিশন পক্ষ থেকে এ বিষয়ে তীব্র অভিমত পোষণ করি যে,

এদের একজন লোকও বিশ্বাসযোগ্য নয়। বিশেষ ক'রে প্রফুল্লবাবুর কথা বলছি, যার সম্পর্কে প্রত্যেকেরই এই অভিযোগ আছে যে, তিনি অত্যন্ত অভদ্র ব্যবহার করেন। তাঁর দপ্তরে যারাই যায় ডেপুটেশন নিয়ে তারাই শূন্য মন নিয়ে ফিরে আসে। অনেকে বলেন যে, হঠাৎ মন্ত্রী হ'লে নাকি এরকমই হয়। তিনিও বোধ হয় তাই হয়ে উঠেছেন। আমি তাঁর দপ্তরে একবার মাত্র গিয়েছিলাম, আর যাই নি। একথা অনেকেই জানেন যে, তিনি ভদ্র ব্যবহার করতে জানেন না। মানুষের সঙ্গে সভ্য ব্যবহার, ভদ্র ব্যবহার কি ক'রে করতে হয়, তা তিনি জানেন না। তিনি সকলকেই মনে করেন তাঁর খাসমহলের চাকর। এই অ্যাটিচুড নিয়ে যদি তাঁরা এই মন্ত্রিসভা পরিচালনা করেন, সে মন্ত্রিসভার খরচের জন্য বিরোধীদল কোন অর্থ দেওয়া সমর্থন করতে পারে না। যেভাবে বাজেট পাস করেছেন সেই হাতের জোরে এটাও পাস করিয়ে নেবেন, কিন্তু এর পিছনে আমাদের সমর্থন কিছুই নেই।

Dr. Atindra Nath Bose: Mr. Speaker, Sir, the debate on the budget is the occasion for exhaustive criticism and review of the administration and of general policy. It is the function of the Government to reply to these criticisms and to rectify the defects. But it is unfortunate that in this House our Ministers treat the Opposition criticisms with scant respect. During the 18 days of discussion of the budget we made concrete charges. Sir, our charges were not wild charges. These were based upon concrete facts and figures, but few of them were answered and our Chief Minister moreover went further to say that we indulged in mud-slinging. Sir, I must submit that even mud will be disgraced if thrown at them. The Government, the whole administration is reeking with corruption, malpractices and abuse of power and it is already too much disgraced to be abused with mud. Sir, we cited certain specific things about rural broadcasting. Does the Chief Minister deny that the Flashlights were given contract for lakhs for supplying radios? Does the Chief Minister deny that he himself and his family members, his nephew and brothers are in the Flashlights? Does he deny that none of the radio sets supplied by the Flashlights are working? Does he deny that the India Government came forward with an offer of subsidy and that it was refused? Does he deny that the same Flashlights is still having contracts for radio training and for the manufacture of projectors? Sir, he was silent during his reply to all these charges.

[4—4-10 p.m.]

Sir, on the 9th during the discussion on General Administration I referred to the Government circular issued from his own department about the pamphlet written by Shri Hem Sanyal. The same day in the morning in this House at the session of the Council he pleaded ignorance about the booklet of Shri Hem Sanyal on the merger and the same afternoon I read out the confidential circular issued from his own department to the various District Officers. He was silent about it. Our charge is he is using the entire administration for foisting his fad of merger upon the State. He is using the radio, he is using his Department of Publicity, he is using the police vehicles for carrying people from outskirts of Calcutta to dump them in the meetings held in favour of the merger and he is using the police for this purpose. Such improper use of administrative machinery has never been done in any democratic country. A scheme which has been resisted by the public tooth and nail, which has not been accepted even by this House is being imposed upon the country with all the administrative resources he has at his command.

Then about Baby Taxis. He categorically denied that Baby Taxis are issued to non-*bona fide* drivers, to owners who do not use the taxi but who employ drivers to run the taxi on a commission of 15 per cent. We had

occasions to ride taxis; we have not yet come across a single case where a taxi driver owns the taxi himself. Let him make a check up on any day on the streets of Calcutta and I am sure he would not find a single driver who is himself the owner.

Then the case of Midnapore bus scandal was raised in this House—the scandal of Contai Transport. There is a registered society named the Contai Transport Society which is charging 9 pies per mile in the bus routes running from Contai Road and Kharagpur to Digha whereas the rate fixed by Ragional Transport Authority is 8 pies per mile, and this is being done to avoid the arms of law.

Mr. Speaker: May I invite your attention to this. You have an entire misconception of the Appropriation Bill. If you take this occasion of debate on Appropriation Bill exactly on the ground in which budget discussions are made and if you go on repeating every charge that has been fully raised, debated and answered, then you do not expect on the Appropriation Bill an answer. The fundamental principle on the Appropriation Bill is very well laid down.

Dr. Atindra Nath Bose: You have pointed that out to us again and again. I know that fully.

Mr. Speaker: But you are repeating the charges *ad nauseum* which were fully replied to. It is sheer waste of time and an absolute misapplication of the scope of the Appropriation Bill. I hope in the fourth year of the Assembly a respected leader should know how the Appropriation Bill debate should be conducted. It is absolutely irrelevant. I would not be surprised if the Minister when answering thoroughly ignores it and does not give a reply. He is not expected to reply to them. During the 14 days these charges have been replied to.

Dr. Atindra Nath Bose: None of these things have been replied to. If these were replied I would not have raised them.

Mr. Speaker: They were raised; I know they were definitely raised.

Dr. Atindra Nath Bose: But we shall raise them again and again if they are not replied to.

Mr. Speaker: In an Appropriation Bill you cannot expect the definite charges again to be replied to. You have got to speak on the administrative policy with regard to the grants that have been passed.

Dr. Atindra Nath Bose: These incidents involve matters of policy and we are astounded that even in the fourth year of the Assembly the Ministers do not care to reply to such serious charges which are brought again and again before this Assembly. So we must repeat them again and again.

Mr. Speaker: You can repeat them at your own cost.

Dr. Atindra Nath Bose: We shall at least do it for the knowledge of the country that the Ministers do not care to reply to such serious charges.

Mr. Speaker: When the Minister wanted to reply you said "Why the Minister takes up so much time?" All that I have seen. On several occasions you have objected to Ministers taking more time. Objections have been raised to Ministers taking more time. You have complained "Why are you giving the Minister more time to reply to the charges?"

Naturally, if you do not give the Minister more time he cannot reply to all that. But today the question is when the Appropriation Bill is under consideration you cannot confine your speech only to specific charges without taking into consideration the administrative policy behind the Appropriation Bill.

Dr. Atindra Nath Bose: If because of shortage of time the Chief Minister could not reply earlier, he can do it now.

Mr. Speaker: Please consult the very well laid down principle how the debate on Appropriation Bill is conducted.

Dr. Atindra Nath Bose: When Hon'ble Ministers do not follow the established practice, how can we help? They do not follow the established practice of replying to criticisms by saying that all these things are not true.

Sj. Haripada Chatterjee:

আমরা পলিসি ডিসকাস করতে পারি এবং তা যদি করি তা হ'লে সেটা রেলেভ্যান্ট হবে। পলিসি আমরা ডিসকাস করতে পারি এবং কোন কিছু জিনিস সাইটও করতে পারি।

Dr. Atindra Nath Bose: I shall try to be as brief as possible. When you give me full hearing you will understand the import of my allegations.

Mr. Speaker: I have been hearing you patiently for the last 15 minutes.

Dr. Atindra Nath Bose: Out of this 6 minutes have gone over these things.

Mr. Speaker: There will never be any dearth of time.

Dr. Atindra Nath Bose: Sir, this Service, the Contai Transport Society, is charging 9 pies per mile while the rate fixed by Regional Transport Authority is only 8 pies per mile, and this society is a registered society in which our Deputy Minister Shri Chitta Roy has got a controlling hand.

Mr. Speaker: Categorically that was raised and that was replied to.

Dr. Atindra Nath Bose: This is done in order to avoid the arms of law and auditing, and furthermore it was the same company which has been given permit for two new buses running to Digha and that has been arranged from here, from Calcutta. The Chief Minister the other day spoke at length about Digha. This Digha development is done under the aegis of a co-operative society which is again another show of our Deputy Minister, Shri Chitta Roy. It is virtually a zemindary belonging to him. Fifteen lakhs have been given as loan to this co-operative society which is staffed by his own friends and relatives. This society is acquiring lands on the beach at nominal price and selling them at an exorbitant price and all this with money obtained from Government as loan. The Chief Minister spoke at length about the cafetaria. Sir, a few weeks ago perhaps you came across a report in the *Statesman* about this cafetaria alleging that the upper storey of the cafetaria is reserved for Ministers and high officials. I myself had some experience.....

Mr. Speaker: I am sorry, the previous speakers, Shri Subodh Banerjee and Sjkta. Mani Kuntala Sen, spoke for 25 minutes. They did not repeat a single item.

Dr. Atindra Nath Bose: Digha was not at all raised in this House because it was guillotined.

Mr. Speaker: Even Sjkta. Mani Kuntala Sen did not raise subjects which were guillotined; she raised other subjects.

[4-10—4-20 p.m.]

Dr. Atindra Nath Bose: I myself had some experience of that hotel, and I was categorically told by the Manager of the cafetaria that the upper storey was reserved for Ministers and high officials. Sir, if you have a glance at the hotel, you will find a curious contrast between the two storeys—a remarkable class differentiation. Moreover, the Directors cannot have any necessity for using the upper storey. All of them have bungalows of their own on the sea beaches, because all of them are local people. So, this is another fraud. This is the socialistic pattern of State towards which we are heading!

In the Government itself the disparity of salary runs between Rs. 4,000 and Rs. 40 per month, i.e., 100 to 1. The disparity is ten-fold and more in tea and jute industries. A glance on the banks of the river Hooghly will show you, Sir, beautiful pleasant spots, parks, bathing places, the only beauty spots in this dingy industrial region—all of them belonging to the European owners of Jute Mills. If they have any inclination for socialisation, let them nationalise these places first of all—the banks of the river Hooghly, decorated with parks and bathing places and throw them open to the workers in the Jute Mills, to the public for general enjoyment.

Another sad commentary on our socialistic pattern of society is the huge expenditure made for the reception of our distinguished Russian guests. About Rs. 5,00,000 was spent for them as seen in the Ministerial reply to my question a few days ago. Rs. 60,000 was spent only for barricades and rostrums for a single meeting. Nobody means any disrespect to our distinguished guests. They ought to have been received with all courtesy. But ours is a country which wants to be socialistic, and we are a democratic country, and our visitors also hail from a socialist country, and moreover they intimated their preference to be treated as ordinary citizens, not as high-browed Diplomats and Princes. So, why this princely welcome to the representatives of a socialist State given by a State which pretends to be socialist?

Similar extravagance is found in every department of this administration. For more than two years a Special Officer has been appointed in the Jails for promotion of jail manufacture, but the budget shows a fall in jail outturns. The State trading runs at a loss because of enormous overhead cost, enormous cost on offices and officers. The private bus service runs at a profit, but the State Transport runs at a loss. This is not socialism. Let them understand that nationalisation is not socialisation. There is no socialisation unless you reduce the cost, unless you raise the income, unless you reduce the economic disparity.

Now, Sir, wherein lies the remedy? Our Chief Minister suggested that we should place all these complaints to him and not bring them before the House. What if he himself is involved, if he himself is accused of corruption and nepotism and if the other Ministers are also involved? Is he not aware that Ministers use Government property and Government vehicles for personal and party purposes? Is he not aware that they undertake tours and draw travelling allowance for party purposes and personal purposes? Is he not aware that almost all of the

high officers have personal business of their own? Let him make an inventory of the assets of those officers. That will bring everything out, as Dr. Ghosh, the previous Chief Minister had attempted to do. Let him do that, and that will show how much purity is there in his administration.

Sir, I shall conclude by pointing out that the test of a good administration, a pure administration, is more employment and less disparity of income. These are the two tests by which we shall judge an administration. Let them not speak of a socialist State or a welfare State. Before they speak of these things, let them introduce a clean administration, a pure administration free from squandering, corruption and nepotism. Let them reduce the disparity of income. Let them increase employment, give more employment to our people, and thereafter let them speak either of a socialist State or of a welfare State.

Sir, I shall conclude by finally appealing to our Chief Minister drawing his attention again to the two cases to which I had referred in detail during the discussion on grants. One is the case of Shri J. P. Mitra on whom great injustice has been done. I do not expect that he will lay hand upon the Secretary in the Education Department who is responsible for all this injustice. I do not expect so much, but at least let him look into the files of Shri J. P. Mitra, because that unfortunate man has no access to him under the service rules. Let him not run against him and further victimise him because certain legitimate grievances have been brought by me before the House. Let him personally look into the file, and I have this little confidence in his sense of justice that he will be convinced of the wrongs done to him once he directly looks into the files.

Next I shall appeal to him to look into the case of "C" category primary teachers in Midnapore and elsewhere who were sanctioned a special emolument of Rs. 7-8 on condition that they did some social work. Sir, this is only promoting fraud and hypocrisy, for nobody seriously means that primary teachers will do any social work. The education they are imparting at abnormally low pay is sufficient social work to justify the drawing of this additional emolument. But there are honest teachers who have refused to make this false statement and to accept the emolument of Rs. 7-8 in lieu of that. Let him look into this case and see that this money is disbursed and honest teachers are not deprived of their legitimate dues.

[4-20—4-30 p.m.]

Sj. Jnanendra Kumar Chaudhury:

মাননীয় স্পীকার মহাশয়, রেজিস্ট্রেশন ডিপার্টমেন্ট সম্বন্ধে আগে কিছুই বলা হয় নাই, গিলোটিন হয়ে গিয়েছিল। রেজিস্ট্রেশন ডিপার্টমেন্টএ সাব-রেজিস্ট্রারদের ধরা হয় গেজেটেড অফিসার, যদিও তাঁরা কোন গেজেটেড অফিসারের স্কেলএ বেতন পান না। ইন অ্যাডিশন তাঁদের আবার ভাগচাষ কনসিলিয়েশন বোর্ডএর কাজ করতে হয়। এ সম্বন্ধে মন্ত্রিমহাশয়কে আগে একটা চিঠিতে রেফার করেছিলাম। সে সম্বন্ধে তাঁকে একটু কন্সিডার করতে বলি। অপরাপর অফিসাররা যে স্কেলএ বেতন পান এদের বেতনও সেই হারে ধার্য করতে বলি।

তারপর দাঁতনে যে সাব-রেজেস্ট্রি অফিস আছে সেটা খুব আরকর অফিস। সেটা একটা ভাড়াবাড়ি, মাটির দেওয়াল দেওয়া ডিলাপিডেটেড অবস্থায় পড়ে আছে। কবে যে সেটা প'ড়ে যাবে তার ঠিক নাই। সরকার থেকে আগে জমি অ্যাকোয়ার করা হয়েছিল, তার প্ল্যান হয়েছে, এস্টিমেট হয়েছে। অথচ এখন পর্যন্ত কোন বাড়ি হয় নাই। শীঘ্র যাতে সে বাড়িটা হয় তার জন্য আমি মন্ত্রিমহাশয়কে বলব।

তারপর হচ্ছে জেল ডিপার্টমেন্ট। এই জেল ডিপার্টমেন্টএর কয়েদীদের মধ্যে যারা খৃস্টান তাদের সঙ্গে খৃস্টান মিশনারিরা প্রত্যেক উইকএ মিট করেন। তেমনি যারা মুসলমান কয়েদী আছে তাদের সঙ্গে মুসলমান মৌলভীরা মিট করেন। কিন্তু যারা হিন্দু তাদের জন্য তেমন কোন প্রভিশন নাই, যদিও এই হিন্দু কয়েদীদের সংখ্যা সবচেয়ে বেশি। আমি সরকারকে অনুরোধ করব যাতে জেল সংশোধনাগার বা রিফরমেটরি ব'লে গণ্য হ'তে পারে এবং কয়েদীরা সংশোধিত হয়ে পূর্বের মন্দ অভ্যাস ছেড়ে দেয় তার ব্যবস্থা করুন। রামকৃষ্ণ মিশন কিংবা এইরকম কোন মিশনএর সন্ন্যাসীরা যাতে প্রতি সপ্তাহে জেলএর মধ্যে গিয়ে কয়েদীদের ধর্ম সম্বন্ধে উপদেশ দেন এবং যাতে ভজন-সংকীর্তন ইত্যাদি হয় তার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব তিনি এ সম্বন্ধে একটা ব্যবস্থা অবলম্বন করুন।

গত বছর যে আইন পাস হয়েছে তাতে কয়েদীদের অনেকটা সুবিধা হয়েছে সত্য। এই সঙ্গে আমি বলব কয়েদীদের টেকনিক্যাল শিক্ষা দিয়ে কাজের উপযুক্ত ক'রে দিন। তারা কাজের জন্য যে বেতন পাবে তার এক-তৃতীয়াংশ নগদ তাদের দিন এবং বাকি দুই-তৃতীয়াংশ কেটে রাখুন এবং যখন খালাস পাবে তখন সেই টাকাটা তাদের দিয়ে দিবেন যাতে তারা বাইরে গিয়ে জেলএর মধ্যে যে ব্যবসা শিখেছে সেই ব্যবসার কাজ করতে পারবে। তাদের যদি খাবার খরচ বাবদ এক-তৃতীয়াংশ কেটে নেন তা হ'লে জেলএর কয়েদীদের থেকে টাকা উপার্জনও হবে।

অন্যান্য প্রদেশে ওপ্‌ন ক্যাম্প রেখে কয়েদীদের দ্বারা রাস্তা তৈরি হয়েছে। উত্তরপ্রদেশে ৭-৮ মাইল রাস্তা তারা করেছে এবং মেলায় গিয়েও অনেক হেল্প করেছে। ওপ্‌ন ক্যাম্পএ বাস ক'রেও তাদের একটি কয়েদীও পালায় নাই। মন্ত্রিমাহশয় এটা এক্সপেরিমেন্ট ক'রে দেখুন তারা ওপ্‌ন ক্যাম্পএ গিয়ে পালিয়ে যায় কিনা। দেশের মধ্যে যেসব রাস্তা ইত্যাদি তৈরি হচ্ছে সেই রাস্তা তৈরির কাজে তাদের ব্যবহার করুন।

তারপর আর-একটা কথা বলছি। কটেজ প্রোডাক্টস বিক্রি, হ্যান্ডলুম ক্লথ বিক্রি করার জন্য দাঁতনে যে দোকান খোলা হয়েছে সেখানে একজন কর্মচারী একশো টাকা বেতন পান, একজন অর্ডারলি পায় ৬০ টাকা, বাড়িভাড়া দিতে হয় মাসিক ৩০ টাকা। এইরকম আরও খরচ হয়। শুনছি সেখানে দু'-একশো টাকার কাপড় বিক্রি হয়। এইভাবে পাবলিকএর টাকা নষ্ট না ক'রে যেসমস্ত সেলস ডিপোতে লাভ হয় সেগুলি রেখে আর বাকি যে সেলস ডিপোগুলিতে লাভ হয় না সেটা না রেখে অন্য কোন কাপড়ওয়ালাকে কমিশন দিয়ে যদি মাল দেওয়া হয়, তা হ'লে আমি বলি আপনাদের কাপড় চালানোর উদ্দেশ্য সফল হবে এবং সাধারণের টাকাও নষ্ট হবে না।

তারপর মন্ত্রিমহাশয় স্ট্যাম্প সম্বন্ধে যে কথা বলেছেন সেটা খুবই সন্তোষজনক। তিনি এটা শীঘ্র করুন। এতে আমরা সুখী হয়েছি।

তারপর আর-একটা জিনিস—

Separation of Judiciary from Executive

এইজন্য আমি প্রত্যেক বছরই বলছি। এটা করা কত দরকারী। মন্ত্রিমহাশয় উত্তর দিলেন যে, আপিল সেশন জজের কাছে হয়ে যাচ্ছে। এতে কি সেপারেশন হয়ে গেল? এই যে ট্রায়াল ম্যাজিস্ট্রেটএর কাছে, যেটা ডাইরেক্টলি আন্ডার দি হাইকোর্ট হবে। এই যে সেপারেশন উনি বললেন, এটা তিনি ১৯৫৩ সাল থেকে বলছেন। কর্মচারী ঠিক করছেন, শীঘ্র হবে। কিন্তু কোথায়? '৫৪ সাল চ'লে গেল, '৫৫ সাল গেল, সেটা এখনও হ'ল না। না হয় দু'টো-চারটা জেলায় করুন, ক'রে দেখান যে, হ্যাঁ, আমাদের করবার ইচ্ছা আছে, আমরা দু'টো-চারটা জেলায় শুরু করলাম। তারপর আরও করব। বোম্বে হয়ে গেছে, সেকথা আর বলতে চাই না।

তারপর আর-একটা কথা ব'লেছিলাম—একটা ইকনমি কমিটি করুন। তা হ'লে আর এত বেশি কথা বলতে হবে না, খরচ অনেক কম হবে। এই কমিটিতে আমাদের কাউকে মেম্বার নেবার দরকার নাই। উপযুক্ত ইকনমিস্টদের নিয়ে এই ইকনমি কমিটি করুন। সমস্ত গভর্নমেন্টএর ডিপার্টমেন্টএর খরচ কত কি হবে সেটা কমিটি ডিপার্টমেন্টএর এফিসিয়েন্সি

বজায় রেখে স্থির করবেন, কার্টেল করবেন। তা হ'লে এখানে আর কেউ সরকারের ক্রিটিসাইজ করবার জন্য থাকবে না। এইরকম ব্যবস্থা করেছেন উত্তরপ্রদেশ, এইরকম ব্যবস্থা করেছেন বিহার সরকার। এইসব ক'রে তাঁদের খরচ অনেক কমিয়েছেন। আমি সরকারকে অনুরোধ করব তাঁরাও যেন এইভাবে একটা কমিটি ক'রে খরচ কমান।

Sj. Bibhuti Bhushon Ghose:

মাননীয় স্পীকার মহাশয়, বাজেট ব্যয়ের বরাদ্দ এই হাউস থেকে পাস করাবার জন্য আজকে যে প্রস্তাব আনা হয়েছে, যে বিল এখানে নিয়ে আসা হয়েছে, আমি সেটা অ্যাকসেপ্ট করতে পারছি না। তার কারণ আজকে বাজেট ডিসকাশনএর মধ্য দিয়ে শাসনযন্ত্রের মধ্যে যেসমস্ত দুর্বলতা এবং যেসমস্ত নোংরামি আজকে চোখে পড়েছে তাতে ক'রে এই কথা সুস্পষ্ট হয়ে উঠছে যে, যতক্ষণ না এই গলদগুলি দূর করা যায় ততক্ষণ পর্যন্ত যত টাকার ব্যয় বরাদ্দ করা হ'ক বা খরচ করা হ'ক না কেন, এই শাসন সুশাসনে পরিণত হ'তে পারে না। যে সরিষা দিয়ে ভূত ছাড়ানো হবে তার ভেতর যদি ভূত ঢুকে থাকে, তা হ'লে ভূত ছাড়ানো যাবে না। এই বাজেটএ আমরা দেখেছি অত্যন্ত প্রয়োজনীয় যেসমস্ত গ্রান্ট এই বাজেটএ আসা উচিত ছিল তার নাম পর্যন্ত উল্লেখ হয় নাই। আমি কালকে প্রেসিডেন্সি জেলখানায় গিয়েছিলাম আমাদের সত্যাগ্রহীদের সঙ্গে দেখা করবার জন্য। জেল বিভাগের মন্ত্রিমহাশয় একটু শুনুন। আমার ধারণা ছিল জেলমন্ত্রী মহাশয় আগে ভাল লোক ছিলেন, আগে জেলও তিনি খেটেছিলেন, সত্যিই বোধ হয় জেলএর কিছু উন্নতি করেছেন। আমি সুস্পষ্ট অভিযোগ করছি তাঁর বিরুদ্ধে আপনার কাছে যে, জেলখানায় আজকে যে অবস্থা নিজের চোখে কাল দেখে এসেছি তাতে এতটুকুও অতিরঞ্জিত হচ্ছে না বা অসত্য বলছি না, তা কল্পনা করা যায় না এই স্বাধীন দেশে। যে অব্যবস্থা দেখে এসেছি তার যদি আশু প্রতিকার না হয়, তা হ'লে বাইরে হয়ত পুলিসএর লাঠি প্রয়োগের যে সুযোগ হয় নাই ঠিক ঠিকভাবে আন্দোলনকে চালিয়ে নেবার জন্য, এবার হয়ত সেই সুযোগ আসবে জেলখানার ভেতর, পুলিসকে লাঠি ব্যবহার করতে হবে। পাঁচ-ছ'দিন হয়ে গেল তাদের কনভিকশন হয়েছে, আজও তারা শোবার জায়গা পায় নি, খাবার পায় নি, কাপড়জামা পায় নি। আপনি এটা ফোন ক'রে জানুন আমার কথা সত্য কিনা। কালকে আই,জি, সেখানে গিয়েছিলেন তাঁদের সঙ্গে, আমাদের সত্যাগ্রহী নেতারা যাঁরা আছেন তাঁদের সঙ্গে ডিসকাশন হয়েছে। আমি শুনেছি কাল থেকে সব অ্যারেঞ্জমেন্ট হবে। বড়ই দুঃখের কথা, লজ্জার কথা। কনভিকশন হয়ে যাবার পর ইংরেজ আমলে, যত অত্যাচার তারা করুক না কেন, আইনে যতটুকু বন্দীরা পাবে, সেটুকু তাদের দেওয়া হয়েছে। আজকে দেখছি সাধারণের জেল হবার পর, কনভিকশন হবার পর, যতটুকু প্রাপ্য সাধারণ কয়েদীদের, সেটুকু তারা মোটেই পাচ্ছে না। কেন এইরকম অব্যবস্থা? কেন এরকম অপব্যয়? টাকা তো বাজেটএ যথেষ্ট খরচ করছেন। তবু সত্যাগ্রহীরা কেন কাপড়জামা পায় না, বিছানা পায় না, খাবার পায় না, জল পায় না? কিসের জন্য এই মিসম্যানেজমেন্ট হচ্ছে? সেখানে গলদ আছে ব'লেই তারা পাচ্ছে না।

[4-30—4-40 p.m.]

তারপরে আজকে নানা খাতে নানারকমভাবে ব্যয়বরাদ্দ করা হয়েছে। কিন্তু যারা বুকের রক্ত দিয়ে ভারতবর্ষের এবং বাংলার স্বাধীনতা নিয়ে এসেছে তাদের জন্য এ পর্যন্ত কি করা হয়েছে? আমরা জানি মন্ত্রিমহাশয় তাঁর উত্তরে বলবেন, কিছু কিছু দানখয়রাত তো করছি। আমাদের খাদ্যমন্ত্রী যেমন টেস্ট রিলিফএর ব্যাপারে কাউকে ৫ টাকা, কাউকে ১০ টাকা, বা কাউকে ২০ টাকা দেন, ওদেরও যে সেইরকমভাবে দিচ্ছেন তাতে লজ্জা করা উচিত। যারা তাদের বুকের রক্ত দিয়ে স্বাধীনতা এনেছে তাদের জন্য কিছুই না ক'রে ব'সে আছেন! আর ওঁদের মধ্যে অনেকেই সেদিন স্বাধীনতার পথে আসেন নি, অনেককেই সেদিন সে পথে আসতে দেখি নি। কিন্তু যারা নিজেদের জীবন নিয়ে ছিনিমিনি খেলে গেল সেইসব শহীদদের জন্য তাঁরা কি করেছেন? ডাঃ রায় কিছু করবেন না, জানি; তিনি দানখয়রাতের ব্যবস্থা করেছেন। তিনি যতই মনে করুন ব্যবস্থা বেশ হয়েছে, কিন্তু দেশের লোক তা মনে করে না। এখানে সেইসব ইংরেজের প্রতিকৃতি চেহারা যখন দেখি, সেই অত বড় বড় এক-একটা চেহারা এখনও পর্যন্ত রয়েছে,

তাতে ঘৃণায় ও লজ্জায় মর্মাহত হ'তে হয়। আমাদের যে রাজনৈতিক সম্মেলন দমদমে হয়েছিল তাতে একটা প্রস্তাব পাস করা হয়েছিল যে, বিপ্লবী যাঁরা মারা গিয়েছেন তাঁদের স্মরণে একটা স্মৃতিবেদী স্থাপন করা হবে—সেকথা আমার মনে আছে। আজ সেই সন্তোষ মিত্রের কথা মনে পড়ে, যে সন্তোষ মিত্র একদিন বাংলার এক প্রান্ত থেকে চট্টগ্রামের পাহাড়তলি পর্যন্ত সমস্ত এলেকায় আগুন জ্বালিয়ে তুলেছিল, যে সন্তোষ মিত্রকে ইংরেজেরা জেলে চার জায়গায় গুলি ক'রে মেরেছিল, সেই ইংরেজদের ঘোড়ায়-চড়া চেহারা আজও এখানে রয়েছে, কিন্তু এখানে সেই সন্তোষ মিত্রের কি কিছু তৈরি হয়েছে? তাদের স্বাধীনতার ক্ষেত্রে যে অবদান সে অবদানকে আজ যদি স্মরণ না করা যায়, সেটাকে একটা জঘন্য পাপ ব'লেই আমি মনে করি। তাই আমি আশা করি, পশ্চিমবঙ্গ কংগ্রেসী সরকারের যদি এতটুকু সততা থাকে, দেশাত্মবোধ থাকে,—দেশাত্মবোধ থাকলে এ দেশটাকে বিক্রি ক'রে দেবার রাস্তায় যেতেন না,—এবং সেই সংগ্রামে আমাদেরও লিপ্ত করতেন না, দেশাত্মবোধ থাকলে যাদের আমরা উড়ে-মেড়ো বলি, তারা যদি আল্টিমেটাম দিতে পারে তা হ'লে ডাঃ রায় কি একটা সিংহগর্জন করতে পারেন না? শুনেছি তিনি নাকি শক্ত মানুষ, তাঁর নাকি সেন্টারএ খুব দহরম-মহরম আছে। তিনি কি চিৎকার ক'রে বলতে পারেন না, কমিশন যা আমাদের দিয়ে গেছে বাংলা-ভাষাভাষী এলেকা, তা আমাদের ফিরিয়ে দেওয়া হ'ক, নইলে আমরা কংগ্রেসের ম্যান্ডেট মানব না। একথা বলবার তাঁর সাহস নাই, শক্তি নাই; সেইজন্য আমি যে তাঁর দেশাত্মবোধ সম্বন্ধে প্রশ্ন করেছি তার বিরুদ্ধে কিছু বলবার থাকে না। আবার বলছি শহীদদের স্মরণার্থে কিছু না করা সবচেয়ে লজ্জার কথা।

স্কুল, কলেজ ও হাসপাতালের কথা অনেক বলা হয়েছে। এখন স্টেট ইন্সিওরেন্সএর কথা বলতে গেলে দেখতে পাচ্ছি শ্রমমন্ত্রী এখানে নাই। তা তিনি না থাকলে কি হয়? ডাঃ রায় একাই একশো। সেদিন শ্রমমন্ত্রী স্টেট ইনসিওরেন্সএর খুব গুণ গেয়েছেন। আমি, স্যার, জিজ্ঞাসা করি আপনার মাধ্যমে যে, হাওড়া—যেটা নাকি শ্রমিক-অধ্যুষিত জায়গা—সেখানে ক'টা হাসপাতাল তৈরি করেছেন? ক'টা ডিসপেনসারি এবং ক'টা হাসপাতাল ক'রে দিয়েছেন? উলুবেড়েতে একটা মাত্র হাসপাতাল আছে, যেখানে ৬০টা চটকল ও সুতাকলের শ্রমিক ও কর্মচারী কাজ করে। ওখানে স্বাস্থ্যমন্ত্রী ব'সে আছেন নাকে তেল দিয়ে। ওঁকে জিজ্ঞাসা করি, স্টেট ইনসিওরেন্সএর জন্য সেখানে ৮০টা বেড করেছেন, কিন্তু আমি হিসেব দিতে পারি, গত পাঁচ বছরের মধ্যে প্রায় দুশো পারসেন্ট রোগীর সংখ্যা বেড়েছে। আশ্চর্যের বিষয়, সেখানে কিন্তু একটা সাবডিভিশনাল হাসপাতাল, তার একটা শেড নাই, জল এলে রোগী কোথায় দাঁড়াবে? প্রখর রৌদ্রে রোগী কোথায় দাঁড়াবে? উলুবেড়ে হাসপাতাল শুনলাম গভর্নমেন্ট নিয়ে নেবেন।

[At this stage the blue light was lit.]

আরও কয়েক মিনিটের দরকার। সেটা গভর্নমেন্টের নিয়ে নেওয়া উচিত এবং নিয়ে সেখানে অন্তত দেড়শোটা বেড করুন। উনি বলেছেন, ৫০ বিঘা জমি দাও টাউনের মধ্যে। সেটা কি সম্ভবপর? সেখানে যে জায়গা রয়েছে সেই জায়গায়ই, শুধু আমরাই মনে করি না, ডিরেক্টর বোর্ডএর ডাঃ রায় ও চক্রবর্তী, তাঁরাও মনে করেন, সেখানে হাসপাতাল হ'তে পারে এবং ইমিডিয়েটলি সেখানে ৫০টা বেড দিন এবং একটা শেড ক'রে দিন। নইলে স্টেট ইন্সিওরেন্স ক'রে মানুষকে স্বর্গ পাইয়ে দিয়েছেন শ্রমমন্ত্রী চার হাত তুলে। অনর্থক কতকগুলি অসত্য কথা ব'লে দিয়ে গেলেন। আমার কথা হচ্ছে, যা হ'ক শীঘ্র ক'রে দিন, নইলে মজুররা আবার লড়াই করবে। অন্তত ৫০টা বেড যদি হয় তা হ'লে কিছুদিনের জন্য মানুষ নিঃশ্বাস ফেলতে পারবে।

সবার উপরে পুলিসএর কথা একটু বলি। বজবজে একটা হিন্দু মেয়ে সংখ্যালঘু সম্প্রদায়ের লোক নিয়ে চ'লে গেল। তাদের ধরপাকড় ক'রে পুলিসএর কাছে হাজির করা হ'ল। বিলায়েৎ হোসেন অফিসার-ইন-চার্জ আটক রেখেছে ব'লে ম্যাজিস্ট্রেটএর কাছে জবানবন্দী দিল। ওদিকে হিন্দু ব'লে মেয়েটিকে কোথায় অবলা আশ্রমে পাঠিয়ে দিয়েছে; তার আর কোন এনকোয়ারি নাই, তদন্ত নাই! আই,বি,কে লেখা হ'ল, এস,বি,কে লেখা হ'ল, যেখানে যেখানে

লেখবার লেখালেখি হ'ল, কিন্তু আজ পর্যন্ত তার একটা তদন্ত হ'ল না! একটি আসামীকেও ধরা হয় নাই। এই নিয়ে একটা ভীষণ উত্তেজনা সেখানে আছে। আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে ব'লে দিচ্ছি, সাধারণ পুলিস দিয়েই বলুন কিম্বা বিশেষজ্ঞ পুলিসএর দ্বারাই হ'ক, এটা নিয়ে ভালভাবে তদন্ত করবার জন্য।

সবশেষে আমি উলুবেড়ে স্কুল এবং কলেজের কথা বলতে চাই। সেখানে যে সব স্কুল-কলেজ হয়েছে তাদের কিছু কিছু সাহায্য করলে সেগুলি স্বাবলম্বী হ'তে পারে এবং নিজেদের পায়ে দাঁড়িয়ে নিজেরা এগিয়ে যেতে পারবে। সেদিক দিয়ে আমরা চিঠি লিখেছিলাম যে, উলুবেড়ে কলেজ ও স্কুলকে কিছু সাহায্য করা হ'ক। মন্ত্রীরা বলেছেন, এত করেছি, অত করেছি ইত্যাদি। যারা কিছু সাহায্য পেলে বাঁচতে পারে তাদের সাহায্য করা উচিত—এই নীতিটা গ্রহণ করুন। আর-একটা দাবি হচ্ছে এই যে, যতক্ষণ পর্যন্ত আপনাদের শাসনযন্ত্র থেকে দুর্নীতি দূর করতে না পারবেন, যতক্ষণ পর্যন্ত আপনাদের অসৎ কর্মচারীরা উপরে ব'সে আছেন, তাদের যতক্ষণ পর্যন্ত শাসন করতে না পারবেন, ততক্ষণ পর্যন্ত এই বাজেটএর ব্যয়বরাদ্দের অঙ্ক আমরা সাপোর্ট করব না, একটা কাণাকড়িও দেব না।

[4-40—4-50 p.m.]

Dr. Ranendra Nath Sen:

মাননীয় সভাপাল মহাশয়, এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলএ যে কয়েকটা কথা বলতে চাই, সেইসব কথা মাননীয় মুখ্যমন্ত্রীর নিজের কাছে এই বিষয়গুলি আনতে চাই, তাঁর দৃষ্টিতে আনতে চাই। প্রথম নম্বর হচ্ছে, সম্প্রতি রোড ট্রান্সপোর্ট বিষয়ে বাজেট আলোচনার পর ঘোষিত হয়েছে যে, কলিকাতায় গভর্নমেন্টএর তরফ থেকে আরও দু'টা রুট নিয়ে নেওয়া হচ্ছে গভর্নমেন্টএর হাতে। এই রুট নিয়ে নেওয়া হয় রোড ট্রান্সপোর্ট বাজেট আলোচনার পর। আমরা এখানে কোন বাস-মালিকের তরফ থেকে কোন কথা বলছি না। আমরা বিশেষ ক'রে জনসাধারণের তরফ থেকে কতকগুলি দরকারী কথা বলছি। ৪ এবং ৪এ—এই দু'টো রুট গভর্নমেন্ট থেকে নিয়ে নেওয়া হচ্ছে। কেন?—না, সেখানে গভর্নমেন্টএর রোড ট্রান্সপোর্ট চালু করা হবে। আমাদের প্রশ্ন হচ্ছে—এই হাউসএ বাজেট আলোচনার সময় দেখতে পেয়েছি এবং বিভিন্ন বক্তা দেখিয়েছেন যে, পট পট ক'রে নিজেদের হাতে রুট নিয়ে নিচ্ছেন গাড়ির সংখ্যা না বাড়িয়ে, যার ফলে দেখতে পাচ্ছি যে, ছোট ছোট বাসএর মালিকদেরই অসুবিধা হচ্ছে তা নয়, শুধু যে বাসএর শ্রমিক ও কর্মচারী তাদের চাকরি যাচ্ছে তা নয়, এতে জনসাধারণকেও অশেষ দুর্ভোগ ভোগ করতে হচ্ছে। প্রথম নম্বর হচ্ছে, ভাড়া বেড়ে গেল। প্রাইভেট বাসএর বালিগঞ্জ থেকে হাওড়া স্টেশন পর্যন্ত কোথায় ন' পয়সা ভাড়া, আর স্টেট ট্রান্সপোর্ট সেখানে তিন আনা ভাড়া। এইভাবে জনসাধারণের পকেট কেটে দেখানো হয় বৎসরে কত লাভ হয়েছে। এটা প্রধানমন্ত্রী মহাশয়ের দৃষ্টিতে আনছি অ্যাপ্রোপ্রিয়েশন বিল উপলক্ষে। এটা আমরা সমর্থন করি না। কারণ পাবলিকএর অসুবিধা হচ্ছে বাসএর সংখ্যা না বাড়ানোর জন্য। পুরানো শ্রমিকদের কাজের ব্যবস্থা না ক'রে এইরকমভাবে বাস নিয়ে নেওয়ার ফলে প্রাইভেট বাসএর শ্রমিক ও কর্মচারিদের প্রতি অত্যন্ত অন্যায় করা হচ্ছে এবং ভাড়াও সঙ্গে সঙ্গে বেড়ে যাচ্ছে। কেন ভাড়া বেড়ে যাচ্ছে? প্রাইভেট বাস অল্প ভাড়ায় লাভ করতে পারে। গভর্নমেন্ট কেন লাভ করতে পারে না? যদি না পারেন তা হ'লে বুঝতে হবে যে, গভর্নমেন্টএর অব্যবস্থা বা ম্যানেজমেন্ট খারাপ, যার জন্য লোকসান হচ্ছে। ২নং রুট সম্পর্কে, ৮, ৮বি, ৩৩নং রুট সম্পর্কে একই কথা বলা যায়—এখানে যে বাসএর সংখ্যা আছে তার চেয়ে অনেক বাড়ানো দরকার। সুতরাং যে অকজিলিয়ারি বাস আছে সেখানে এইগুলি চালু করা হয় নি। ল্যান্সডাউন রোড দিয়ে যে বাসগুলি যায় দুপুরবেলায় আধ ঘণ্টা অন্তর সময় লাগে একটা বাস আসতে। অন্য দিকে অফিস টাইমএ ১০ থেকে ১৫ মিনিট সময় লাগে। আমার নিজের এ বিষয়ে ব্যক্তিগত অভিজ্ঞতা আছে। আমাকে দৈনিক এখানে আসতে হয়। আমি দেখেছি যে, ২টার সময় বেরিয়ে ৩টার সময় এখানে পৌঁছানো যায় না। ল্যান্সডাউন রোডে কেন অকজিলিয়ারি বাসএর ব্যবস্থা করেন না? অ্যাপ্রোপ্রিয়েশন বিলএ এর কোন গ্রান্ট নেই। যদি দেশের লোকের সুবিধা করতে হয় তা হ'লে এই ৪, ৪এ না নিয়ে ১৪নং রুট যেটা বন্ধ ক'রে দিয়েছেন, কোম্পানিও

লিকুইডেশনএ গিয়েছে, সেটা কেন চালু করেন না! যে রুট দিয়ে শহরের লোক যায়, সেই রুট চালু করছেন না এবং যে রুট দিয়ে পাবলিকএর উপকার হচ্ছে সেই রুটগুলি কেন পটাপট নিয়ে নিচ্ছেন? এ বিষয়টা মাননীয় প্রধানমন্ত্রী মহাশয়ের দৃষ্টিতে আনছি। সমস্ত জিনিসটাতেই দেখছি একটা ধমখেয়ালি। দেশের লোকের দুর্ভোগ খামাকা বাড়িয়ে এবং পাবলিকএর খরচ বাড়াবার কোন অধিকার গভর্নমেন্টএর নেই। সুতরাং গভর্নমেন্ট জবরদস্তি ক'রে এই টাকা পাস করিয়ে নিতে পারেন কিন্তু দেশের লোকের সমর্থন পাবেন না।

দ্বিতীয় কথা বলতে চাই, পুলিস ব্যাপারে অন্যান্য যেসব কথা বলা হয়ে গিয়েছে তার পরবর্তী ঘটনা বলছি। এই গভর্নমেন্ট গভর্নমেন্ট তহবিল থেকে মার্জারএর পক্ষে প্রোপাগান্ডা করার জন্য খরচ করছেন—এটা সম্পূর্ণ বেআইনী। শুধু রেডিও বক্তৃতাই নয়, সম্প্রতি মিটিং হ'ল দেশবন্ধু পার্কে বা যেসমস্ত বিভিন্ন জায়গায় মিটিং করছেন বা করবার চেষ্টা করছেন সংযুক্তিকরণের পক্ষে, সেই মিটিংএর চারপাশে সশস্ত্র পুলিস, লাঠি-পুলিস এবং গোয়েন্দা পুলিস কেন দাঁড় করিয়ে রাখা হয়? ৫০ গাড়ি পুলিস কেন দেশবন্ধু পার্কের আশেপাশে রাখা হয়? সংযুক্তি যদি সমর্থন করতে চান, যদি দেশের লোকের কাছে প্রচার করতে চান তা হ'লে নিজেদের যুক্তির মারফত করুন। কিন্তু এটা কোন দেশী কথা! যেটা এখনও গভর্নমেন্টএর নীতি ব'লে স্বীকৃত হয় নি, এই বিধানসভায় পাস হয় নি, যেটা দেশের লোক চায় না, তা সত্ত্বেও ডাঃ রায়ের খেয়ালখুশিমত এই জিনিস চালু করবার জন্য তিনি পুলিসের মারফত, আর্মড পুলিসের মারফত এ জিনিস চালু করবার চেষ্টা করছেন। আমি নিজে একটা মিটিংএর সামনে দাঁড়িয়ে দেখছিলাম ও ভাবছিলাম গিরিশ পার্কে—সেখানে অবাঙ্গালীই বেশি ছিল। এবং চারিদিকে পুলিসের যে ব্যবস্থা ছিল তাতে সামান্য একটুমাত্র প্রতিবাদ হ'লে পরেই সেখানে পুলিস এসে উপস্থিত হয়। তা হ'লে এইভাবে জনসভা করছেন কেন? শ-ওয়ালেশএর লোক নিয়ে সভা করেন না কেন? কিন্তু এইসব পাবলিক মিটিংএ জনসাধারণ আসবেই এবং তাদের মতামত দেবেই। অথচ যে পুলিস এইসব কাজ করে তার জন্য কি আমাদের টাকা দিতে হবে? সুতরাং সেখানে আমার বক্তব্য হচ্ছে গভর্নমেন্টএর কাছে, বিশেষ ক'রে মুখ্যমন্ত্রীর কাছে, কারণ তিনি পুলিস ডিপার্টমেন্টএর মাথা বটে, এই বৃদ্ধ বয়সে তাঁর নিজের অন্তত একটু চোখের পর্দা থাকা উচিত এবং সৎসাহস থাকা উচিত। তাঁর দলের লোককে তিনি বলুন—তোমরা জনসাধারণের মতামত জানতে চেষ্টা কর। আপনারা ইউনিভার্সিটি ইনস্টিটিউটএ মিটিং করতে পারেন, এখন টাউন হল খোলা আছে, সেখানে মিটিং ক'রে জনসাধারণকে বুঝাবার চেষ্টা করতে পারেন, জনসভা করতে পারেন, কিন্তু পুলিসের সাহায্য নিয়ে যদি এটা করেন, তা হ'লে সেটা জনস্বার্থের পরিপন্থী হয়। এইরকম জিনিস চালু করবার চেষ্টা করবেন না।

তিন নম্বর কথা, সে সম্পর্কে আসছি, সেটা না ব'লে পারছি না। বাজেট আলোচনার সময় সেটা বলতে পারি না। সেটা হচ্ছে যে, ট্রেড ইউনিয়ন আন্দোলন দমন করবার জন্য কিভাবে পুলিস ব্যবহার করা হয় সেই উদাহরণ দিচ্ছি। এটা তাঁর দৃষ্টিতে আগেও এনেছিলাম —সেটা হচ্ছে যে শ্রমিক ও মালিক বিরোধের ফলে চিংড়িহাটা বোন মিলে ইউনিয়ন সেক্রেটারিকে পি, ডি, অ্যাক্টএ ধ'রে রাখা হয়েছে। এই জিনিস প্রধানমন্ত্রী মহাশয়ের দৃষ্টিতে এনেছিলাম। তিনি বলেছিলেন, সেই জায়গায় গোলমাল চলছে, চার্জশীট দেওয়া হয়েছে, গোলমাল না মিটলে তিনি কিছু করতে পারবেন না। গোলমাল মিটে গিয়েছে আজ ছ'মাস হ'ল। যাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছিল আদালতে তিন দিন আগে, সেশন কোর্টে যাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছিল, তারা বেকসুর খালাস হয়েছে। অর্থাৎ যারা অভিযুক্ত হয়েছিল তারা খালাস পেয়ে গেল, আর যাকে পি, ডি, অ্যাক্টএ ধরা হয়েছিল—ইউনিয়নএর সেক্রেটারি—সুলতান আহমদ—তার চাকরি গেল এবং এখনও সে পি, ডি, অ্যাক্টএ আটক প'ড়ে আছে। এই অন্যায় অবিচারের প্রতি আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। বিধানসভার সদস্য সুহৃদ মল্লিক মহাশয় বলেছেন, সেখানে এখন কোন হাঙ্গামা নেই। তবে কেন এদের বিনা বিচারে আটক ক'রে রাখা হয়েছে? এর কি কারণ থাকতে পারে? এরা গরিব মানুষ, একবার এদের চাকরি গেল, আবার এরা জেলে আছে। পি, ডি, অ্যাক্টএর দু'টা সেকশন আছে—একটা হচ্ছে রাজনীতিক, আর একটা হচ্ছে অরাজনৈতিক। এদের [illegible] সেকশনএ আটক রাখা হয়েছে।

চতুর্থ কথা বলতে চাই যে, শ্রম দপ্তরে যেভাবে নীতি পরিচালিত হয় তার একটা পরিবর্তন দরকার। আমি জোরের সঙ্গে বলছি যে, কংগ্রেস-পোষিত ট্রেড ইউনিয়ন বাদে বাকি সমস্ত ট্রেড ইউনিয়নএর প্রতি গভর্নমেন্ট পুরাপুরি ন্যায্য বিচার করেন না। যেমন আমি বলছি ট্রাইব্যুনালএ যেসমস্ত দাবি যায় তার মধ্যে যেসমস্ত দাবি বিরুদ্ধপক্ষের ট্রেড ইউনিয়ন থেকে করা হয় সেগুলির ১৫% আনাই আজ পর্যন্ত স্বীকৃত হয় নি। এখানে পরিষ্কার মালিকতোষণ নীতি অনুসৃত হয় এবং এতে শ্রমিক দপ্তরের আস্কারা থাকে।

[4-50—5 p.m.]

একটা শুধু উদাহরণ দেব। গভর্নমেন্ট অব ইন্ডিয়ার নেতৃত্বে চা-বাগানের শ্রমিকদের মালিকদের একটি চুক্তি হয়েছে। সে চুক্তিতে ঠিক হয়েছে বোনাস দেওয়া হবে। এটা কেন্দ্রীয় সরকারের নীতি অনুসারে স্বীকৃত হয়েছে, মালিকও স্বীকার করেছে। মালিকদের দুটি সংগঠন আছে —আই,টি,এ,—ইন্ডিয়া টি অ্যাসোসিয়েশন, আর একটা হচ্ছে—আই,টি,পি,এ,—ইন্ডিয়া টি প্ল্যান্টার্স অ্যাসোসিয়েশন। আই,টি,এ, মেনেছে, বোনাস তারা দিচ্ছে, কিন্তু আট,টি,পি,এ, তারা দিচ্ছে না। পশ্চিমবঙ্গের গভর্নমেন্ট কি করছেন? আমি জিজ্ঞাসা করেছিলাম, সেখানে শ্রমদপ্তর থেকে বলা হয় তাদের বুঝিয়ে-সুঝিয়ে রাজী করাচ্ছি। বুঝিয়ে-সুঝিয়ে রাজী করাচ্ছেন কিরকম? যে চুক্তি হ'ল সেটা মালিকদের একটা অংশ মানলেন আর একটা অংশ কেন মানলেন না? মালিকদের একদল অস্বীকার করলেন এবং অস্বীকার ক'রে তারা ব'সে আছেন। আমি শুনলাম পরশুদিনের খবর—মালিকদের সঙ্গে শ্রমমন্ত্রী এবং ট্রেড ইউনিয়নএর প্রতিনিধিরা ব'সে মালিকদের বোঝানো হবে—কেন বোঝানো হবে? তাদের বাধ্য করা হবে না কেন? নতুবা শ্রমদপ্তর ব'সে আছে কেন? বড় বড় চা-বাগানের মালিকরা নিজেরা যা অঙ্গীকার করেছে কেন তা পালন করা হবে না—এটাই আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টিতে আনছি। কারণ একথা জোরের সঙ্গে বলতে পারি যে, শ্রমমন্ত্রীর সাহস হয় না মালিকদের সামনে দাঁড়িয়ে রাইটার্স বিল্ডিংসএ তাদের বিরুদ্ধে কোন ন্যায্য কথা বলতে, কিন্তু সেই সাহস যদি ডাঃ বি, সি, রায়ের থাকে তা হ'লে এখনও সময় আছে তিনি যেন সেটা দেখেন। পরশুদিন মিটিং আছে আই,টি,পি,এ,র সঙ্গে বোনাসের দাবি যাতে তারা অবিলম্বে স্বীকার ক'রে নেয় সেটা যেন তিনি ব্যবস্থা করেন।

চতুর্থ কথা হচ্ছে, যে কথা আমার পূর্ববর্তী বক্তা ব'লে গেছেন—সেটা হচ্ছে এমপ্লয়িজ স্টেট ইনসিওরেন্স স্কীম। এ সম্বন্ধে আমি ভাল জানি, সুতরাং কিছু বলব। আমি তার রিজিওন্যাল বোর্ডএর মেম্বার। এটা অতি দুর্ভাগ্যের বিষয় যে, আমি ভারত সরকারের দ্বারা মনোনীত হয়েছিলাম এবং রাজী হয়েছিলাম রিজিওন্যাল বোর্ডএ কাজ করব ব'লে। বর্তমানে যা দাঁড়িয়েছে, যে অবস্থা দাঁড়িয়েছে এই এমপ্লয়িজ স্টেট ইনসিওরেন্সএর তাতে বর্তমানে এর সঙ্গে ট্রেড ইউনিয়নগুলির কোন সম্পর্ক রাখা উচিত নয়, সমীচীন নয় ব'লে মনে করি। ডাঃ বি, সি, রায়কে স্মরণ করিয়ে দিই যে, কালীপদবাবুকে দিয়ে এইসব জিনিস হ'ল না। দেখি ডাঃ রায় পুরানো প্রতিশ্রুতি মনে ক'রে কিছু করেন কিনা। যখন এটা চালু হয় তখন হাওড়া জেলায় স্ট্রাইক হয়েছিল। সেই সময় বহু শ্রমিকের চাকুরি যায় এবং ডাঃ রায়ের কাছে নিজে যাই। তিনি বলেন, ব্যবস্থা করা হবে এবং তার জন্য বিশেষ ট্রাইব্যুনাল দেওয়া হয়। সেই ট্রাইব্যুনালএর রায় তত সুবিধা হ'ল না। তখন তিনি বলেন, গভর্নমেন্ট চেষ্টা করবেন, তার ব্যবস্থা করবেন। তাদের কি অবস্থা! আজও সেই লোকগুলি বেকার হয়ে আছে। তাদের অপরাধ কি ছিল? তাদের বেতন কাটতে চাওয়া হয়েছিল এমপ্লয়িজ স্টেট ইনসিওরেন্স স্কীম অনুসারে। তখন তারা হরতাল করেছিল এবং সেজন্য—অস্বীকার করতে আপত্তি নাই—কোন কোন জায়গায় মারপিটও তারা করেছিল, কিন্তু গভর্নমেন্টএর তরফ থেকে যেভাবে তারা ব্যাপারটা রটিয়েছিল সেভাবের মারপিট কিছু হয় নি এবং তারপর শ্রমিকরা তা মেনে নিয়েছে এবং তাদের টাকাও কাটতে দিয়েছে। আজও সেইসব শ্রমিকদের চাকুরি হয় না! কয়েক ডজন শ্রমিক উলুবেড়িয়া, সাঁকরাইল, বালিগঞ্জ, আন্দুল প্রত্যেক জায়গায় রয়েছে। তাদের চাকুরি হ'ল না। তিন নম্বর, ডাঃ রায়কে বলেছিলাম, আবার আমি তাঁকে স্মরণ করিয়ে দিই যে, গ্রামে ডাক্তার নাই। এবং ডাক্তার না পাবার জন্য সেখানে দুর্নীতি ঢুকেছে। ডাক্তাররা বলছেন, টাকা দাও, তা হ'লে আমি কেস করব, দেখব। ভুরি ভুরি এ জিনিস রয়েছে। কোন দিন যদি কোন

গভর্নমেন্ট অফিসার যান তা হ'লে তা দেখতে পাবেন তা জোরের সঙ্গে বলতে পারি। ডাঃ রায় বলেছিলেন, সেন্ট্রাল ডাক্তার দেব যারা ঘুরে ঘুরে সেখানে ব্যবস্থা করবেন, বিশেষ ক'রে শ্রমিকদের ফ্যামিলির ব্যাপারে—একথা তিনি বলেছিলেন। আমি তাঁকে স্মরণ করিয়ে দিই। কিন্তু আজ পর্যন্ত কিছুই হয় নি। শ্রমিকদের সম্বন্ধে তিনি যা বলেছিলেন সে সম্বন্ধে তিনি কি করতে চান, তার জবাব শোনবার জন্য এখানে কিছু কিছু শ্রমিক এই অ্যাসেম্বলি হাউসএ উপস্থিত আছেন।

(Sj. KALI MUKHERJEE:

ও, তাদের সঙ্গে ক'রে একেবারে নিয়ে এসেছেন?)

খবর পেয়েই তারা এসেছে। আজও তাদের কোন কিছু হ'ল না। সেখানে স্পেশালিস্ট ট্রিটমেন্টএর ব্যবস্থা অতি অদ্ভুত! দু' ঘণ্টা সময়ের মধ্যে ১০-২০ জন রোগী হচ্ছে।

(Dr. HIRENDRA KUMAR CHATTERJEE:

১৩০ জন হচ্ছে।)

হ্যাঁ, ডাঃ চ্যাটার্জি বলেন, ১৩০ জন আসে, দু' ঘণ্টা সময়ে এসব রোগীদের স্পেশালিস্ট ট্রিটমেণ্ট করতে হবে, নইলে শ্রমিকরা ঘুরে ঘুরে আসবে এবং যেদিন আসবে সেদিন কারখানার বেতন কাটা যাবে। হয়রানি, এবং টাকাও তাদের যাবে। ডায়গনসিসএর যে ব্যবস্থা—ল্যাবরেটরি ডায়গনসিস, স্কিয়াগ্রাম ইত্যাদিতে ডায়গনসিস করতে প্রত্যেককে দু'দিন, তিন দিন, চার দিনও কারও কারও আসতে হয়। এবং তার বেতন থেকে সেটা কাটা যায় ও কামাই করায় মাইনে কাটা যায়। তার ফলে যে শ্রমিকরা ৬৭-৭০ টাকা মাইনে পায় তার জন্য অসুখ করলে ১০-১২ টাকা, কারও ৭-৮ টাকা কাটা যায়। উলুবেড়িয়া, হাওড়া অঞ্চলে এই যে রয়েছে গভর্নমেন্ট থেকে অবিলম্বে যদি ব্যবস্থা করা না যায় তা হ'লে অবস্থা অত্যন্ত খারাপ হবে। এরকম ব্যবস্থায় এমপ্লয়িজ স্টেট ইনসিওরেন্স স্কীমএ শ্রমিকদের বেতন থেকে টাকা দিতে হয়, এই শ্রমিকদেরই কাশীপুর হাসপাতালে, নর্থ সুবার্বান হসপিটালএ হাঙ্গার স্ট্রাইক করতে হয়—সেখানে এমনি অব্যবস্থা রয়েছে। সেখানে তারা বলেন—আগেকার ব্যবস্থাই ভাল ছিল, এক পয়সাও লাগত না। এর মধ্যে এসে গভর্নমেন্ট মাইনে কেটে নিচ্ছে, মালিকরা মাইনে কেটে নিচ্ছে, হাসপাতালে বেড পাই না। বেড পেলেও খাবারের খরচ দাও, ঔষধ দাও, এর জন্য অনশন ধর্মঘট করতে হয়—এই হচ্ছে তাদের অবস্থা। এটা আমাদের বানানো কথা নয়, প্রত্যেক খবরের কাগজে বেরিয়েছে নর্থ সুবার্বান হসপিটালএ এমপ্লয়িজ স্টেট ইনসিওরেন্সএর ব্যাপারে শ্রমিকদের অনশন ধর্মঘট করতে হয়।

শেষ কথা হচ্ছে, এই যে অবস্থা চলছে তাতে ডাঃ বি, সি, রায় বলেছেন—আচ্ছা, আমাদের কাছে অনেক গণ্ডগোল হয়; কেন্দ্রীয় সরকারকে যদি বলতে হয় শ্রমিকদের কন্ট্রিবিউশন সেটা যেন কম হয়, এরকম সুপারিশ করতে আমরা রাজী আছি। সে সুপারিশ করেছেন কিনা আমি আজও জানি না। কিন্তু সেই বোর্ডএ কালীপদবাবু, অমূল্যধন মুখার্জি মহাশয়ের মত লোক আছেন, আমাদের মত লোকও আছেন। এই যে অবস্থা আছে যদি অবিলম্বে এর কোন প্রতিকার না হয় তা হ'লে আমরা শ্রমিকদের বলতে বাধ্য হব -তোমরা মাইনে কাটতে দিও না, পুরানো ব্যবস্থায়ই ফিরে যেতে হবে। আজকে এই ঘোষণা ক'রে দিচ্ছি, এই মাইনে কাটা নিয়ে যদি আড়াই লক্ষ শ্রমিকদের অশান্তির সৃষ্টি হয়, গভর্নমেন্ট যদি এই বর্তমান অবস্থার প্রতিকার না করেন, তা হ'লে গভর্নমেন্টই সম্পূর্ণ দায়ী হবেন। অ্যাম্বুল্যান্স প'ড়ে আছে, তা কেন চেয়ে পাওয়া যায় না? ভূরি ভূরি উদাহরণ আছে। আমি বোর্ডএর সেক্রেটারির তা কেন চেয়ে পাওয়া যায় না? ভূরি ভূরি উদাহরণ আছে। আমি বোর্ডএর সেক্রেটারির সামনে দিয়েছি। চারটি বিষয় মুখ্যমন্ত্রীর সামনে দিলাম, তাতেই বোঝা যাবে অবস্থা কি ভয়ঙ্কর হয়ে দাঁড়িয়েছে। এ সম্পর্কে গভর্নমেন্ট যদি অবিলম্বে কোন সুব্যবস্থা না করেন, কাগজ মারফত যদি তাঁদের ঘোষণা সুস্পষ্ট না জানান, তা হ'লে শ্রমিকশ্রেণীকে আটকে রাখবার ক্ষমতা কারও নাই—ইতিমধ্যেই এ সম্পর্কে স্ট্রাইক হচ্ছে।

Sj. Rakhahari Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, যে সরকার পশ্চিমবঙ্গের স্বার্থের প্রতি উদাসীন এবং রাজ্য পুনর্গঠন প্রশ্নে পশ্চিমবঙ্গের দাবি আদায় করতে অসমর্থ—শুধু অসমর্থই নয়, পশ্চিমবঙ্গকে বিহারের পাদমূলে উপঢৌকন দেবার জন্য প্রস্তুত, সেই সরকারকে এক পয়সাও দেওয়া উচিত নয় ব'লে মনে করি। অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হয় যে, বাংলাদেশের সমস্যা সমাধান করতে না পেরে এবং তার ন্যায্য দাবি আদায় করতে না পেরে ডাঃ রায় এই রায়-সিংহ প্রস্তাব এনেছেন।

[5—5-10 p.m.]

তিনি দেখতে পেলেন রায়-সিংহ মার্জার প্রস্তাব। এখন এতে দেশের মধ্যে, এমনকি তাঁর দলের মধ্যে এটায় ভাঙ্গন ধরেছে এবং জনসাধারণকে বিভ্রান্ত করবার জন্য রায়-সিংহের প্রস্তাবের পরিবর্তে এখন তিনি অসি ত্যাগ ক'রে বাঁশী ধরেছেন। এবং রায়-কৃষ্ণ অবতীর্ণ হয়ে বলতে লাগলেন, এইরকম কর। এর মধ্যেই দেশের মঙ্গল থাকবে। দুর্ভাগ্যের কথা, আজ সারা ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের প্রতি স্টেট রি-অর্গ্যানাইজেশন সম্বন্ধে তাদের প্রতি সুবিচার করা হয়েছে। অন্তত তাদের অধিকারকে তারা কিঞ্চিৎ স্বীকার করছেন, কিন্তু বাংলার সেই অধিকার আজ পর্যন্ত ঝুলানোই রয়েছে। এই সমস্যার সমাধান করতে এই সরকার শুধু অসমর্থই নয়, সারা বাংলাদেশের স্বার্থকে তারা পদদলিত করছেন। সুতরাং এই সরকারের সঙ্গে কোন প্রকারের সহযোগিতা অ্যাপ্রোপ্রিয়েশন বিলে আমাদের পক্ষে মত দেওয়া সম্ভবপর নয়। প্রশ্ন হচ্ছে, শুধু ১০৮ কোটি ১৮ লক্ষ টাকা ব্যয় করলেই হবে না, সেই ব্যয়ের মাধ্যমে কতটা জনসাধারণ উপকৃত হ'ল সেটা দেখাই বড় কথা। দুর্ভাগ্যের কথা, খরচ প্রতি বছরই হচ্ছে দেখতে পাচ্ছি। এত খাল এত বিল হয়ে গেল, কিন্তু এদেশে আজও দুর্ভিক্ষ গেল না। বাংলাদেশের বিভিন্ন স্থানে বিশেষত দুর্ভিক্ষপ্রপীড়িত বাঁকুড়া জেলার অবস্থা সেই রকমই রয়ে গেছে। দুর্ভিক্ষ নাই ব'লে সর্বপ্রথম যে ঘোষণা করা হয়েছিল, কিন্তু আজও দেখতে পারেন সেখানকার অবস্থা অত্যন্ত ভয়াবহ। এবং সেই খাতে যে টাকা ধরা হয়েছে এবং সারা বাংলাদেশে যে কঠিন অবস্থা আসছে তাতে সেই টাকায় হবে না। সেই বিষয়ে আমি মন্ত্রিমহাশয়কে মনোযোগ দিতে বলছি। দ্বিতীয়ত, বেকার সমস্যা সমাধানের পরিবর্তে দিন দিন বেড়েই যাচ্ছে। ডি.ভি.সি.র কয়েক হাজার কর্মচারিদের অবস্থা সকলেই অবগত আছেন। জমিদারী সেরেস্তার কর্মচারী যারা ছিলেন, সরকার তাদের কিছু কিছু সরকারী বিভাগে নিয়োজিত করেছেন বটে, কিন্তু তাদের চাকুরি সম্পূর্ণ অনিশ্চিত। এদের বিকল্প ব্যবস্থা কি হবে আজও আমরা এই ১০৮ কোটি টাকা পরিকল্পনার মধ্যে কোন পরিকল্পনা দেখতে পাচ্ছি না। আজ কয়েক বৎসর যাবৎ দেখছি, আইন যা হয়েছে তার অধিকাংশ ক্ষেত্রই খারাপের দিকে যাচ্ছে। অবশ্য কেউ কেউ বলছেন, কিছুদিন পরে হয়ত ভাল হবে। প্রমাণস্বরূপ বলতে পারি, এস্টেট অ্যাকুইজিশনএর ফলে জঙ্গল সরকারের খাস হয়ে গেল। ফরেস্ট অ্যাক্ট অনুসারে জঙ্গলকে রিজার্ভ রাখা দরকার এই অজুহাত দেখানো হ'ল বটে, কিন্তু অদ্ভুত জিনিস দেখছি জঙ্গল আজকে উড়ে গেল, রক্ষিত হ'ল না। এবং পল্লীগ্রামে জ্বালানি কাঠের গত বৎসরও চোদ্দ আনা মণ ছিল আজকে সেখানে সাড়ে তিন টাকা মণ দিয়ে পল্লীগ্রামের লোকেরা জ্বালানি কাঠ পায় না। এবং তার বিকল্প ব্যবস্থা অনুসারে কয়লা সরবরাহ করা প্রয়োজন। এই সরকার তাও করতে পারেন না। পল্লীঅঞ্চলে কয়লা সরবরাহ করা এবং সেখানে ডিলার নিযুক্ত করার জন্য লোকে আবেদন ক'রেও পায় নি। সুতরাং অবস্থা যে ভয়াবহ সে বিষয়ে সরকারকে সচেতন হওয়ার জন্য অনুরোধ করছি। পাবলিক হেল্থএর কথা আমি সময়াভাবে বলতে পারি নি। একটা কনস্ট্রাকটিভ সাজেশন দিতে চাই। গতকাল আমি এখানে উপস্থিত ছিলাম না। সেজন্য বলতে পারি নি। এখন ক্যারিং কোল টু নিউ ক্যাসল এই অবস্থা হয়েছে। কলকাতায় যে ভিকটর লেপার হসপিটাল ছিল সেটা তুলে দেওয়া হ'ল। তার সাজসরঞ্জাম বাঁকুড়ায় গৌরীপুরে নিয়ে যাওয়া হচ্ছে।

Mr. Speaker: This was debated yesterday fully.

Sj. Rakhahari Chatterjee: I know that, Sir,

লকে আমি ছিলাম না, সেজন্যই বলতে পারি নি। স্যার, আপনি জানেন এক বাঁকুড়া জেলায়ই ঠ রোগীর সংখ্যা আছে ২০ থেকে ২২ হাজার। সেখানে ৫০০ বেড ছিল, আরও ৫০০ ড নূতন করা হচ্ছে। আমরা জানি যে, ২২ হাজার লোককে ব্যবস্থা করা সম্ভব নয়। কিন্তু ারীপুরে লেপার পেসেন্টদের কতকগুলি অভিযোগ রয়েছে। এইসমস্ত লেপার পেসেন্টরা রপূর্ণ সুস্থ হওয়ার পর তাদের কি অবস্থা হবে? এই সরকারের তাদের সম্পর্কে কোন রকল্পনাই নাই। সেজন্য আমি বলতে চাই, যেমন টি,বি, পেসেন্টদের আফটার-কেয়ার কলোনি মাদের মাননীয় রাজ্যপাল করেছেন এবং জনসাধারণ এতে সহযোগিতা করছে, সরকারও এতে যোগিতা করছে এবং আমরাও অর্থ সংগ্রহ ক'রে যথাসাধ্য চেষ্টা করছি, ঠিক সেইভাবে ারীপুরে লেপার কলোনিতে যেসমস্ত রোগী চিকিৎসিত হচ্ছে এবং যাদের সুনিশ্চিত ভাল য় যাবার সম্ভাবনা তাদের একটা দাবি আছে। আমি কিছুদিন আগে গিয়েছিলাম দেখবার য্য। তারা আমাকে বললেন, আমাদের অবস্থা কি হবে? তারা সুস্থ হয়ে গেলেও বাড়িতে ান পাবে না। সুতরাং গভর্নমেন্ট থেকে আফটার-কেয়ার কলোনি ফর দি লেপার পেসেন্টস দ না হয় তা হ'লে আর একটা নূতন সমস্যা দেখা দেবে। তা ছাড়া গৌরীপুরকে উন্নতি তে পারা যায়, সেখানে বিরাট জায়গা প'ড়ে রয়েছে, সেখানে একটু ইমপ্রুভ করলেই দু'শো য়া জমি পাওয়া যায়, সেখানে যদি এইসমস্ত সুস্থ রোগীরা কাজকর্ম করে তা হ'লে এটা ফ্-সাফিসিয়েন্ট হয়ে যাবে। সরকার কিছুই করেন নি। তারা নিজেরা কিছু কাজ করেছে, রতরকারি লাগিয়েছে। আমি সেখানে গিয়েছি, তাদের সঙ্গে মিশেছি, তাদের অভিযোগ নেছি। তারা বলেছে সরকার থেকে কিছুই করা হয় নি। তারা কাজ চায়। মন্ত্রিমহাশয়কে দকে নজর দিতে বলছি। দ্বিতীয় কথা, পল্লীগ্রামে ছোট ছোট ব্যবসাদারদের অবস্থা অত্যন্ত টল। এটা আগেও বলেছি। আমরা অত্যন্ত আশা করেছিলাম, রিলিফ মন্ত্রী কিংবা মুখ্যমন্ত্রী াশয়ের এ বিষয়ে কোন জবাব পাব। তাদেরকে পুনরায় স্মরণ করিয়ে দিতে চাই, আজকে ঃস্বলে বা ছোট ছোট শহরে যারা দু'-তিন হাজার পুঁজি টাকার ব্যবসা ক'রে—যেমন াহারি, কাপড়ের দোকান তাদের অবস্থা অত্যন্ত খারাপ, দোকান উঠে যাবার উপক্রম হয়েছে। তরাং লোন অন অ্যাডভান্স বিভিন্ন কাজে আপনারা দিচ্ছেন। সেই রকম একটা স্কীম র এদের ব্যবসাকে চালু করবার জন্য তাদের বেকারী এবং অনাহারের হাত থেকে রক্ষার জন্য পনাদের অনুরোধ জানাচ্ছি। একটা লোককে রক্ষা করা মানে সমস্ত লোককে রক্ষা করা। এ য়ে সরকারকে সচেষ্ট হ'তে বলছি। আরেকটা কথা আমি বলতে চাই। এ বৎসর দেশের স্থা খুবই জটিল, অজন্মার ফলে কিছুই হয় নি। লোকে যে কৃষিঋণ, বলদঋণ নিয়েছে দের পক্ষে শোধ করা খুবই মুশকিল। যারা স্বেচ্ছায় দিতে পারবে, ভাল কথা, কিন্তু যারা বে না তাদের প্রতি সার্টিফিকেট ইসু ক'রে যেন আদায় করা না হয়। এই অনুরোধ ক'রে মি আমার বক্তব্য শেষ করব।

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৫৬ সালের অ্যাপ্রোপ্রিয়েশন বিল বিধান-য় উপস্থিত ক'রে ১,০৮,১৮,০০১ টাকা খরচ করার অধিকার চেয়েছেন। কিন্তু এই কারের কার্যকলাপ এত হতাশাব্যঞ্জক এবং দুঃখদায়ক যে, আমি তাঁর দাবির বিরোধিতা করতে ্য হচ্ছি। আমরা দেখতে পাচ্ছি সমগ্র শাসনযন্ত্রটি আজ দুর্নীতি ও পক্ষপাত দোষে দুষ্ট, ীরিত এবং পক্ষাঘাতগ্রস্ত। এই শাসনযন্ত্রের আমূল পরিবর্তন না হ'লে এর দ্বারা পশ্চিম-লার জনসাধারণের কোন মঙ্গলজনক কাজ হওয়া সম্ভব নয়। আট বৎসরের কংগ্রেসী শাসনে সাধারণের দুঃখদারিদ্র্য কমে নাই, বরং দিনের পর দিন বেড়েই চলেছে। কংগ্রেসী শাসনে াকে অধিকতর ধনী হ'তে এবং গরিবকে অধিকতর গরিব হ'তে দেখতে পাচ্ছি। খাদ্যাভাব দুর্ভিক্ষ পশ্চিমবাংলার চির সহচর হয়ে রয়েছে। অশিক্ষা ও কুশিক্ষা গণচেতনাকে পঙ্গু র রেখেছে। অচিকিৎসা ও কুচিকিৎসা সহস্র সহস্র নরনারীর শিশুর অকালে জীবনদীপ াপিত করেছে। পানীয় জলের হাহাকারে পশ্চিমবঙ্গের আকাশবাতাস কম্পিত। কুষ্ঠ, দরা, বসন্ত প্রভৃতি সংক্রামক ব্যাধির ব্যাপক আক্রমণ সমাজ জীবনকে পর্যুদস্ত করে দিচ্ছে। কারের বহু ত্রুটিপূর্ণ ভূমিরাজস্বনীতি, কৃষিনীতি, শিল্পনীতি, শ্রমনীতি মুষ্টিমেয় ধনিকের র্থে পরিচালিত হওয়ার জন্য কৃষক ও শ্রমিক সমাজ আজ বিপন্ন ও বিপর্যস্ত। সরকারের

অপরিণামদর্শী সেচনীতি দেশে বন্যা, অজন্মা ও ফসলহানির জন্য বিশেষভাবে খাদ্যাভাবের জন্য মূলত দায়ী। সরকার কুটিরশিল্প প্রসারের মধ্য দিয়ে দেশের আর্থিক উন্নয়নের ও বেকার সমস্যা সমাধানের নীতি ঘোষণা করলেও সরকারী অপচেষ্টা ও অক্ষমতার জন্য এদেশে উল্লেখযোগ্য কুটিরশিল্পগুলি একে একে নষ্ট হয়ে যাচ্ছে।

সমবায় সম্পর্কে বহু উচ্চ আদর্শের সরকারী নীতিবাক্য প্রচারিত হ'লেও জনসাধারণের সহযোগিতা ও সদিচ্ছার মূলনীতি সমবায় বিভাগ হ'তে বিদায় গ্রহণ করেছে এবং বিভেদ, বিদ্বেষ ও দুর্নীতি এখানে দেখা দিয়েছে।

পুলিস বিভাগের ব্যাপক দুর্নীতিপরায়ণতা, অবিচার, অত্যাচার আজ সর্বজনবিদিত। সরকার দুর্নীতিপরায়ণ পুলিস অফিসারদের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করতে অক্ষম। ফলে পুলিস বিভাগই দুর্নীতি প্রসারের প্রধান কেন্দ্রে পরিণত হয়েছে। পুলিস বিভাগের কার্যকলাপে আজ বাংলার জনসাধারণ ভীত, সন্ত্রস্ত। শাসন বিভাগের কর্তৃপক্ষের, বিশেষত ম্যাজিস্ট্রেটএর বিচার অধিকাংশ ক্ষেত্রে পক্ষপাতদুষ্ট; বিশেষভাবে পুলিসের অনুকূলে তাদের রায় প্রদত্ত হয়েছে। এর প্রমাণের অভাব নাই। তবুও সরকার শাসন বিভাগ হ'তে বিচার বিভাগ পৃথক করতে অক্ষম।

[5-10—5-20 p.m.]

পশ্চিমবাংলার জনমত ও গণআন্দোলনকে চির নির্বাসন দেওয়ার জন্য সরকার আজ বদ্ধপরিকর, এবং তা প্রতিদিনের ঘটনা হ'তে সুস্পষ্টভাবে প্রমাণিত হচ্ছে। তা সত্ত্বেও এই গণতন্ত্রবিরোধী ও জনস্বার্থবিরোধী একটি সরকারের হাতে কোটি কোটি টাকা ব্যয়ের দায়িত্ব দেওয়া আমি কোন অবস্থায় সমীচীন ব'লে মনে করি না। বিশেষভাবে যে সরকার অত্যাচার, অনাচার, অবিচার ও শোষণের মাধ্যমে তাঁদের শাসনকার্য চালাতে চায়, তার শাসনব্যয়ের জন্য কোটি কোটি টাকা ব্যয়েরও কোন নৈতিক অধিকার তাদের আছে ব'লে আমি মনে করি না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দু'-চারটা বিশেষ ঘটনার উল্লেখ ক'রে আমার অভিযোগগুলি প্রমাণ করতে চাই। আমি প্রথমে বলতে চাই যে, এই সরকার পশ্চিমবাংলার জনসাধারণের ভাষাভিত্তিক রাজ্য পুনর্গঠনের ন্যায় সঙ্গত দাবিকে চূর্ণবিচূর্ণ করার জন্য কিভাবে নানা অপচেষ্টা ও জবরদস্তী ক'রে আসছে। পশ্চিমবাংলার মাননীয় মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় পশ্চিমবাংলার জনসাধারণের ন্যায়সঙ্গত দাবি আদায়ের জন্য সর্বশক্তি নিয়োগ না ক'রে বরং বাংলার ভাষাভিত্তিক রাজ্যগঠনের দাবিকে নানা কৌশলে বানচাল ক'রে দেবার চেষ্টা করছেন এবং পশ্চিমবাংলার অস্তিত্ব বিলুপ্তির জন্য বঙ্গ-বিহার সংযুক্তির অবাঞ্ছিত প্রস্তাব বাংলার জনসাধারণের ঘাড়ে চাপিয়ে দেওয়ার চেষ্টা করছেন। এই ধরনের বঙ্গ-বিহার সংযুক্তির বিরুদ্ধে বাংলার জনসাধারণ সভাসমিতি, হরতাল এবং সত্যাগ্রহের মাধ্যমে তাদের সুস্পষ্ট অভিমত জানালেও সরকার এই জনমতকে দলন ক'রে পশ্চিমবাংলার সর্বনাশ সাধন করতে বদ্ধপরিকর। আজ সহস্র সহস্র নরনারী, বৃদ্ধবৃদ্ধা, শিশু ও পশ্চিমবাংলা ও বাংলা ভাষার অস্তিত্ব বজায় রাখার জন্য সকাতরে জেল বরণ করছে। তাতেও সরকার অটল অচল। কিন্তু আমার প্রশ্ন সরকার কার স্বার্থে বাংলাদেশের শত শত নরনারীর উপর শান্তিশৃঙ্খলার নামে নির্যাতন চালাচ্ছেন। যারা বাংলাদেশের স্বার্থ বজায় রাখবার জন্য বদ্ধপরিকর তারা অপরাধী, না যারা বাংলার জনমতকে পদদলিত ক'রে বাংলার প্রতি চরম বিশ্বাসঘাতকতা করছে তারা অপরাধী? সরকার নির্বাচনের মাধ্যমে জনমত জানবার চেষ্টা না ক'রে পুলিস ও ডাণ্ডার জোরে জনগণের যে মৌলিক অধিকার তাকে ধ্বংস করবার চেষ্টা করছেন, কিন্তু তা জাগ্রত জনমতের নিকট ধ্বংস হ'তে বাধ্য। জনগণের দাবির জয় অনিবার্য। সুতরাং যে সরকার জনমতের মূল্য দিতে চায় না, অধিকন্তু জনগণের উপর পীড়ন চালায়, তার হাতে আমরা কোটি কোটি টাকা তুলে দেওয়া অমার্জনীয় অপরাধ মনে করি।

সরকার কুটিরশিল্পের কিরূপ ধ্বংসসাধন করছেন তার একটা উদাহরণ আমি দেব। আমার নির্বাচকমণ্ডলীর অন্তর্গত দীঘা সমুদ্রোপকূলে প্রায় ৮ হাজার একর লবণ উৎপাদনোপযোগী জমি রয়েছে। কাঁথির জনসাধারণের লবণের উপর তাদের জন্মগত অধিকার প্রতিষ্ঠার জন্য সত্যাগ্রহ আন্দোলন করেছে। অনেকে পুলিসের গুলিতে জীবন পর্যন্ত উৎসর্গ করেছে।

বৃটিশ সরকারের দ্বারা নানাভাবে নির্যাতিত ও ক্ষতিগ্রস্ত হয়েছে। আজ প্রায় আট বৎসর হ'তে চলল আমাদের দেশ স্বাধীন হয়েছে। স্থানীয় জনসাধারণ সমুদ্রোপকূলের জমিগুলি লবণ উৎপাদনের উদ্দেশ্যে সরকারের কাছ থেকে পাওয়ার জন্য দীর্ঘদিন ধ'রে আবেদন-নিবেদন ক'রে আসছে। এই আট হাজার একর জমিতে বৎসরে অন্তত ৫০ লক্ষ মণ লবণ তৈরি হ'তে পারে, যার বাজারমূল্য হবে ১ কোটি টাকা। আজ অধিকাংশ লবণ বাংলার বাইরে টিউটিকোরিন, সৌরাষ্ট্র প্রভৃতি অঞ্চল হ'তে আমদানি হয়। এর ফলে বাংলার লক্ষ লক্ষ টাকা বাহিরে চ'লে যায়। অথচ জনসাধারণ দীঘার উপকূলে লবণ তৈরির জন্য উপযুক্ত জমি পেলে কুটিরশিল্প ও ক্ষুদ্রায়তন শিল্পের ভিত্তিতে লক্ষ লক্ষ টাকা আয় করতে পারে এবং এর দ্বারা সহস্র সহস্র লোকের বেকার সমস্যার সমাধান হয়। ইতিপূর্বে স্বর্গীয় নলিনীরঞ্জন সরকার মহাশয় বোম্বাইএর জনৈক শিল্পপতিকে ঐ জায়গাটা দিতে চেয়েছিলেন; জনসাধারণের প্রতিবাদে তা বন্ধ হয়েছে। ডাঃ রায় ওভার প্রোডাকশন ও অন্যান্য বহু অছিলায় এখন সেই জায়গা স্থানীয় অধিবাসীগণকে না দিয়ে শুনছি বর্তমানে তিনি আই,সি,আই, অর্থাৎ ইম্পিরিয়াল কেমিক্যাল ইন্ডাস্ট্রিকে দিতে চান। তিনি পশ্চিমবঙ্গ বিধানসভার ভূতপূর্ব সদস্য শ্রীযুক্ত প্রমথনাম বন্দ্যোপাধ্যায়কে নিজেই এই কথা বলেছেন। অথচ সেদিন বিধানসভায় এ কথা তিনি অস্বীকার করেছেন। যাই হ'ক সরকার জনসাধারণকে কোথায় শিল্পসংগঠনের জন্য উৎসাহ দেবেন, তা না ক'রে বরং প্রতিপদে বাধা সৃষ্টি করছেন। ডাঃ রায় সেদিন তাঁর বক্তৃতায় কোন শিল্পপতির মারফত ওখানে লবণশিল্প করবার জন্য পুনরায় নূতন কথা বলেছেন। আসলে জনসাধারণের উপর তাঁর বিশ্বাস নাই। অথচ জনসাধারণের দাবি উপেক্ষিত হওয়ায় জনসাধারণের মনে অসন্তোষ দিন দিন পুঞ্জীভূত হয়ে উঠছে। এ বিষয়ে সরকারের সতর্ক হওয়া উচিত। অতঃপর আমি দীঘা উন্নয়ন প্রসঙ্গে দু'-একটা কথা বলতে চাই।

Mr. Speaker:

দীঘা সম্পর্কে অনেক কথা বলা হয়েছে। আর আপনি এ নিয়ে সময় নষ্ট করবেন না।

So many members have spoken on Digha that it is unnecessary to speak again on Digha.

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহোদয়, দীঘা আমার কনস্টিটিউয়েন্সি, সেখানে আমার বাড়ি, আমি এখনও পর্যন্ত জানতে পারলাম না দীঘার উন্নয়ন সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে। শুধু এ সম্পর্কে একটা বইএ বেরিয়েছে। কিন্তু সেই বইখানি বহু চেষ্টা ক'রে এবং মন্ত্রি-মহাশয়ের দারস্থ হয়েও এ পর্যন্ত পাওয়া যায় নি। দীঘার যেদিন উৎসব হয়, সেদিন মন্ত্রি-মহাশয়ের সঙ্গে আমি সেখানে উপস্থিত ছিলাম, কিন্তু সেখানেও আমি ঐ বইখানা পাই নি। শোনা যায় সেই বইখানার দাম করা হয়েছে সাড়ে তিন টাকা। সেখানকার জনসাধারণ নির্বিশেষে আমরা সকলেই এই দীঘার সর্বাত্মক উন্নয়ন কামনা করি। কিন্তু কোন বিশেষ ব্যক্তি বা গোষ্ঠীর স্বার্থে দীঘার উন্নয়ন সীমাবদ্ধ হ'ক, এটা কেউ সমর্থন করে না। দীঘার সমুদ্রোপকূল কেবল প্রাকৃতিক সৌন্দর্য নয়, প্রাকৃতিক সম্পদেও পরিপূর্ণ। দীঘাকে স্বাস্থ্যনিবাসের উপযোগী ক'রে যেমন গ'ড়ে তুলতে হবে তেমনি দীঘার ১৫ মাইলব্যাপী সমুদ্র উপকূলের লবণসম্পদ, মৎস্য-সম্পদ এবং কৃষিসম্পদ গ'ড়ে তোলার জন্য পরিকল্পনা গ্রহণ করতে হবে। লবণশিল্প উন্নয়নের দ্বারা যেমন দেশবাসী বৎসরে এক কোটি টাকা উপার্জন করতে পারে, তেমনি উপযুক্ত ব্যবস্থার দ্বারা মৎস্যশিল্প গ'ড়ে তুলতে পারলে সমুদ্রের মৎস্য হ'তে অন্তত এক কোটি টাকা উপার্জন হ'তে পারে। দীঘার সমুদ্রোপকূল শিল্পাঞ্চলে পরিণত হওয়ার যথেষ্ট সম্ভাবনা রয়েছে, কিন্তু সরকার দীঘার উন্নয়নব্যবস্থাকে রহস্যজনক ক'রে রেখেছেন। ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সিড সোসাইটি নামে একটি সমবায় সমিতির মাধ্যমে দীঘার উন্নয়নব্যবস্থা করা হচ্ছে এবং তাতে লক্ষ' লক্ষ টাকা ব্যয়ের ব্যবস্থা হচ্ছে। কিন্তু এই সমিতি সম্পর্কে সাধারণের কিছু জানবার উপায় নেই। এই সমিতিটি সম্পূর্ণ ঘরোয়া ব্যাপার। আমি আগেই বলেছি, এই সমিতির পক্ষ হ'তে দীঘা উন্নয়ন পরিকল্পনা সম্পর্কে একটা পুস্তক প্রকাশ করা হয়েছে। এই পুস্তক সাধারণের পাওয়া তো দূরের কথা, এমনকি আমি সমবায় বিভাগের উপমন্ত্রীর

স্থানীয় হয়েও একখানি পুস্তক সংগ্রহ করতে পারি নি। সমিতিটি কলকাতায় রেজেস্টারি করা হয়েছে। শোনা যায় সমবায় বিভাগের উপমন্ত্রী চিত্তবাবুর সম্বন্ধী কাঁথির জমিদার শ্রীসতীশচন্দ্র জানা মহাশয় এই সমিতির একজন ডিরেক্টর। তা ছাড়া দীঘা কো-অপারেটিভ কাফেটেরিয়া ঐ সতীশবাবুর জায়গায় প্রতিষ্ঠিত হয়েছে। ঐ কো-অপারেটিভ কাফেটেরিয়া সরকারী অর্থে নির্মিত হওয়া সত্ত্বেও কাফেটেরিয়ার উপরতলার ভাল ভাল ঘরগুলি মন্ত্রী, উপমন্ত্রী, উচ্চপদস্থ সরকারী কর্মচারী এবং ঐ সমবায় সমিতির ডিরেক্টরগণের জন্য রিজার্ভ রাখা হয়েছে। এরকম অসংগত ব্যবস্থা কেন করা হয়েছে? সরকারী প্রচারের ফলে বহু দূরবর্তী স্থান হ'তে বহু বিশিষ্ট ব্যক্তিগণ সেখানে আসেন, কিন্তু তাঁরা উপরতলায় স্থান পান না, নিচের তলায় গুদামে দৈনিক সাড়ে পাঁচ টাকা দিয়ে নানা অসুবিধা ভোগ ক'রে থাকেন। এই ব্যবস্থার পরিবর্তন এক্ষণি করা দরকার। দীঘা কেবল মন্ত্রী, উপমন্ত্রী বা উচ্চপদস্থ সরকারী কর্মচারিগণের প্রমোদ ভ্রমণ কেন্দ্রে পরিণত হ'ক, এরূপ কেউ আশা করে না। দীঘার সমস্ত সুযোগ সর্বসাধারণকে উপভোগ করতে দেওয়া উচিত। কিন্তু প্রকৃতপক্ষে দেখা যাচ্ছে, দীঘা আজ সমবায় বিভাগের উপমন্ত্রী শ্রীচিত্ত রায় মহাশয়ের জমিদারিতে পরিণত হয়েছে। লর্ড কর্নওয়ালিশ একদিন যেমন তাঁর বিশ্বস্ত ও অনুগতদের জন্য জমিদারি সৃষ্টি করেছিলেন, তেমনি আজ ডাঃ বিধানচন্দ্র রায় তাঁর বিশ্বস্ত ও অনুগতদের জন্য স্থানে স্থানে জমিদারি সৃষ্টি করছেন। তিনি আজ তাঁর অনুগত চিত্তবাবুকে দীঘার জমিদারিটা দিয়েছেন। তারপর আমি এখানে দীঘার জমি দখল সম্বন্ধে দু'-একটা বিষয় উল্লেখ করতে চাই। সেখানে ফোরপোর রোডের উত্তর পার্শ্বে সাধারণের জমি উন্নয়নের নামে দখল করা হচ্ছে, কিন্তু দক্ষিণ পার্শ্বের জমির উপর হাত দেওয়া হচ্ছে না। কারণ সেখানে চিত্তবাবুর নিজের জমি ও বাড়ি এবং অনুরূপভাবে তাঁর শ্বশুর শ্রীসুরেন্দ্রনাথ জানা ও তাঁর সম্বন্ধী শ্রীসতীশচন্দ্র জানা এবং তাঁর এক আত্মীয় শ্রীসতীশচন্দ্র দীন্দা মহাশয়গণের জমি ও বাড়ি রয়েছে। এ ছাড়া সেখানে জমি নিয়ে চোরাকারবার আরম্ভ হয়েছে। পূর্বে যে জমির বিঘা ৩-৪শো টাকায় বিক্রয় হ'ত এখন তার মূল্য প্রায় আড়াই হাজার টাকায় দাঁড়িয়েছে এবং সেখানকার জমিগুলো মুষ্টিমেয় ধনীর কবলে যাচ্ছে। আমি আশা করি মন্ত্রিমহাশয় এর প্রতিকার করবেন। তারপর আমি আর একটি বিশেষ জরুরী ব্যাপারের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে, দীঘার সংগে যোগাযোগের জন্য বাস রুটগুলির পারমিট দেওয়ার ব্যাপারে সরকার গুরুতর পক্ষপাতিত্ব অবলম্বন করছেন। দীঘা-দেউলী লাইনের ৬-৭ খানি গাড়ি দীর্ঘদিন হ'তে ডবল ট্রিপ পারমিট পাওয়ার জন্য সরকারের কাছে বহু আবেদন-নিবেদন করেছে, কিন্তু তাদের ন্যায়সংগত দাবি উপেক্ষিত হয়েছে। তারা মাত্র ২১ মাইল রাস্তা যাতায়াতের জন্য বৎসরে ১ হাজার ৪০ টাকা রোড ট্যাক্স দেয়; অথচ খড়্গপুর লাইনের ৫৮ বা ৬৫ মাইল রাস্তা যাতায়াতের জন্য ঐ একই হারে ১ হাজার ৪০ টাকা রোড ট্যাক্স দিতে হয়। কাজেই দেখা যায় যে, দীঘা লাইনের গাড়িগুলি বেশি ক্ষতিগ্রস্ত হয়। তারা এতদিন ধ'রেও চেষ্টা করা সত্ত্বেও তাদের ডবল ট্রিপ যাতায়াতের অনুমতি না দিয়ে চিত্তবাবু কলকাতার সি, টি, এস, কোম্পানি ও তমলুকের শ্রীঅনিল দে মহাশয়কে কাঁথি-খড়্গপুর হ'তে দীঘা পর্যন্ত চারখানি বাসরুটের পারমিট মেদিনীপুরের আর,টি,এর অজ্ঞাতসারে মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয়ের সুপারিশে মেদিনীপুরের জেলা ম্যাজিস্ট্রেটের দ্বারা দেওয়ার ব্যবস্থা করেছেন। এটা একান্ত অশোভনীয়। সরকারের এই ধরনের কাজ আজ সর্বত্র দেখা যায়। এর প্রতিকার একান্ত আবশ্যক।

কাজেই আমি মনে করি, দীঘার উন্নয়ন যেন কোন ব্যক্তিবিশেষ বা গোষ্ঠীবিশেষের উন্নয়নে পরিণত না হয়ে একটা উন্নয়ন পরিষদের মাধ্যমে দীঘার স্বাধ্যনিবাস এবং দীঘার উপকূলের লবণ, মৎস্য প্রভৃতি শিল্পসম্পদ গ'ড়ে উঠতে পারে তার জন্য চেষ্টা করা উচিত এবং এর সংগে সংগে যাতে দীঘার উপকূল তরঙ্গাঘাত হ'তে রক্ষা পায় তার জন্যও উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা একান্ত আবশ্যক। আমি আশা করি, সরকার এগুলির প্রতি বিশেষ দৃষ্টি দেবেন।

[5-20—5-45 p.m.]

Sj. Tarapada Bandopadhyay:

স্পীকার মহাশয়, এটা খুব গুরুত্বপূর্ণ বিল। আগের বাজেটে যে দাবিগুলো পাস হয়েছে, এবং কাট মোশনগুলো যে নামঞ্জুর হয়েছে তাতেই যে টাকাগুলো খরচ করবার অধিকার এল, তা

নয়। সংবিধানে এই অধিকার আছে যে, অলরেডি বাজেট পাস হ'লে ও সে বাজেটের মঞ্জুরি-গুলো পাস করবার জন্য এই বিল আনা দরকার এবং বিলটা পাস করাও দরকার। সুতরাং এই টাকাগুলো খরচ করবার জন্য আমরা সম্মতি দেব কিনা, এই বিল পাস হ'লে সুফল হবে কি কুফল হবে, সে সম্বন্ধে আলোচনা করা প্রয়োজন এবং দেশবাসীর স্বার্থের জন্যই সেই আলোচনা করা প্রয়োজন।

এই বিলটা যদি পাস হয়, বিশেষত জেল খাতে এবং পুলিসের খাতে যে দাবি করা হয়েছে, সেই দাবি যদি পাস হয় তা হ'লে ডাঃ রায় বর্তমানে যে খামখেয়ালী, যে জবরদস্তী নীতি চালিয়ে যাচ্ছেন সেই নীতি আরও পরিপূর্ণভাবে চালাবেন এবং তাতে দেশের সর্বনাশ সাধিত হবে। স্পীকার মহাশয়, আপনি দেখেছেন বাংলা-বিহার মার্জারের জন্য কেমন ক'রে দেশে অশান্তি আসতে চলেছে। দিল্লীতেও সভা-সমিতি হচ্ছে, এখানে সত্যাগ্রহ হচ্ছে, লোক জেলে যাচ্ছে এবং গভর্নমেন্টএর সংগে ক্লিভেজ বা বিচ্ছেদ বেশি হয়ে দাঁড়াচ্ছে। এটা মোটেই উচিত নয়। এই বিচ্ছেদ ও কলহের মূলে আছে ডাঃ রায়ের অদূরদর্শী নীতি। তিনিই অশান্তির ভূতকে তুলেছেন এবং তিনিই এই ভূতকে ব্যাগে পুরতে পারেন। তিনি যদি একটু দূরদৃষ্টি নিয়ে চলেন তা হ'লে অনায়াসে এই যে ঝগড়া-কলহ তা নিবারণ করতে পারেন। আর এটা কি ঝগড়া-কলহ বাধাবার সময়? আমি তিন-চার দিন দিল্লীতে ছিলাম। সেখানে জনসাধারণের সংগে এবং পার্লামেন্টের বহু মেম্বারের সংগে দেখা হয়েছে এবং আলাপ-আলোচনা হয়েছে। সেখানে সর্বদাই সশংক ভাব। "সীয়াটো"-সাহায্যপুষ্ট, বাগদাদ-সাহায্যপুষ্ট এবং আমেরিকান-সাহায্য-পুষ্ট হয়ে পাকিস্তান কখন কি করে। কাল পণ্ডিত নেহরু যে বিবৃতি দিয়েছেন তাতে এই আশংকা সুস্পষ্ট হয়েছে। আমরা জানি বাংলা বর্ডার জায়গা, এখানে এক শ্রেণীর লোক আছে তারা দুরভিসন্ধিপরায়ণ এবং পাকিস্তানের প্রতি সহানুভূতিসম্পন্ন লোক। তারা এখানে এসে লীডার সাজে এবং এখানে হার্বার্ড হয়। আজ আমরা দেখছি হাইলাকান্দি এবং করিমগঞ্জ সেখানে বহু মৌলভী-মোল্লা এসে গিয়েছে। ইতিমধ্যেই সেখানকার মুসলমানেরা হামিদুল হক সাহেবের সংগে দেখা করেছে। তাদের কথা কাশ্মীরের সম্বন্ধে রফা হওয়ার আগে হাইলাকান্দি এবং করিমগঞ্জ নিয়ে নিন। আজ এই যে সময়, এ সময়ে কি বাংলাদেশে পঞ্চমবাহিনী নাই? বহু আছে। তারা বাংলাদেশময় ছড়িয়ে আছে। কিন্তু সেই পঞ্চমবাহিনীর উপর সতর্ক নজর রাখবার জন্য বাংলা গভর্নমেন্ট চেষ্টা করছেন না বরং অ্যাপিজমেন্ট পলিসিই বরাবর চালিয়ে যাচ্ছেন। এই যে ট্রাবল চলেছে এটার জেনেসিস কি? ৫০ বছর ধ'রে বাংলার লোককে বোঝানো হয়েছে যে দেশ যখন স্বাধীন হবে এবং কংগ্রেস যখন রাজত্ব পাবে তখন বাংলার যেসব অঞ্চল আগে অন্যায় ক'রে ইংরাজ বিহারকে দিয়ে গিয়েছে সেটা বাংলাকে দেবে। এ কথা বিহারের জনসাধারণও বাংলাকে বলেছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: This may be very good as an anti-merger speech, but what has that got to do with the Appropriation Bill?

Sj. Tarapada Bandopadhyay:

তারপরে লোক আশা করেছিল সেদিন এস.আর.সি, রিপোর্ট সম্বন্ধে আলোচনা হয়েছিল এবং কংগ্রেসপক্ষ থেকে ডাঃ রায় লীড নিয়েছিলেন এবং বলেছিলেন যে, এস.আর.সি, অন্যায় করেছে। তখন আমরা প্রত্যেকেই আশা করেছিলাম যে, আরও পাব। কিন্তু তা পাই নি। দেশের লোক যখন আশা করেছিল সেই সময় ডাঃ রায় জনসাধারণের সংগে যোগ দিয়ে কোথায় বাংলার ন্যায্য দাবি আদায় করবার চেষ্টা করবেন এবং তা করলে তিনি সকলের সাহায্য পেতেন সেই সময় তা না ক'রে.....

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: On a point of order, Sir. Again I ask what has that got to do with the Appropriation Bill?

Sj. Tarapada Bandopadhyay:

এই বিলটা পাস হ'লে আরও বেশি অশান্তি চলবে। যাক আমি মার্জারএর ভালমন্দ নিয়ে আর কিছু বিচার করছি না। কিন্তু দেশ যে প্রস্তুত নয়। সেটা চালাতে গিয়ে দেশে যখন

অন্তর্দ্বন্দ্ব, অন্তঃকলহ, বিপদের সময় তখন এটা ফর দি টাইম বিয়িং ড্রপ করা যাক। এটা স্ট্র্যাটেজিক হবে যদি উনি ব'লে দেন যে আগামী ইলেকশনএর আগে আমরা এ সম্বন্ধে কিছু করব না। তিনি আরও এগিয়েছেন এবং বলেছেন, যদি বাংলা-বিহার শেষ পর্যন্ত না হয় তা হ'লে যথেষ্ট চেষ্টা করব এস,আর,সি, যা দিয়েছে তা আদায় করবার জন্য। তিনি আর একটু এগিয়ে ব'লে দিন যে, জনসাধারণের যা দাবি সেইটুকু আদায় করব। তা না করলে সর্বনাশ হয়ে যাবে এই দ্বন্দ্বে ও কলহে। সেই দাবি অনুযায়ী তাঁর ফেরা উচিত। কিসের প্রেস্টিজ? লার্জ স্টেটস অ্যান্ড লিটল মাইন্ডস গো ইল টুগেদার। বিপদে লোক ভুল করলে জাতির ও দেশের ক্ষতি হয়। আর একটা কথা। এই বিল পাস তো করবেনই। কিন্তু এ'দের যে পলিসি তাতে দেখি হিন্দু ব'লে যে একটা জাতি বা ধর্ম আছে, তার যে একটা বিরাট ঐতিহ্য ও সংস্কৃতি আছে, সে সম্বন্ধে ও'রা খবর রাখেন না। দেশের যে ৮৭ জন লোক তাদের সম্বন্ধে কথা নাই। সর্বপ্রকারে হিন্দুকে অপমানিত, অপদস্ত করবার জন্য চেষ্টা চলেছে। একবার গোহত্যা বন্ধ করবার জন্য শতকরা ৮৭ জন লোক বলেছে, কিন্তু গোহত্যা বন্ধ করেন নি। সব ফ্লাউট ক'রে চলা হচ্ছে। সংস্কৃত ইউনিভার্সিটি করতে বলা হ'ল, কিন্তু তারও কিছু করা হ'ল না। কিন্তু আজ যদি ডাঃ রায় বিপদে পড়েন তো কে যাবে ডাঃ রায়কে সাহায্য করতে? জামান সাহেব যাবে না, যেতে তারাপদ বন্দ্যোপাধ্যায়ই যাবে। হিন্দু ছাড়া ভারতবর্ষের গতি নাই।

ভারতবর্ষ ছাড়া হিন্দুর গতি নাই। আমরা শতকরা ৮৭ জন লোক সংস্কৃত ইউনিভার্সিটি করতে, গোহত্যা নিবারণ করতে বলছি। কিন্তু তা করতে পারেন না। সেক্যুলার স্টেটএ হিন্দুদের নাম পর্যন্ত উচ্চারণ করা যাবে না। হিন্দু নাম করলে যে গোলমাল হবে। এটা করলে নাকি গোলমাল চলবে। বিল পাস হ'লে হিন্দু বিরোধিতা চলবে। কাজেই এই হিন্দু বিরোধী বিল পাস করতে দিতে পারি না।

[At this stage the House was adjourned till 5-45 p.m.]

[After adjournment.]

[5-45—5-55 p.m.]

Dr. Hirendra Kumar Chatterjee:

এই কয়েকদিন ধ'রে পুলিসের কাজ এবং তার ব্যবহার দেখে আমার মনে হয় যে, এইরূপ পুলিসের জন্য কিছুই খরচ করা উচিত নয়। কারণ আমি গত ১৫-২০ দিনের মধ্যে মফঃস্বলের বহু অ্যান্টি-মার্জার কনফারেন্সে গিয়েছিলাম। এখানে শুনে গিয়েছিলাম যে, মার্জার প্রোপোজালটা ব্যক্তিগতভাবে ডাঃ রায়ের। ডাঃ রায়ের ব্যক্তিগতভাবে যদি মার্জার প্রোপোজাল হয় এবং সেই ব্যক্তিগত মতের বিরুদ্ধে যদি সভাসমিতি করা হয় এবং সেইজন্য পুলিস ব্যবহার করা হয়, অর্থব্যয় করা হয়, তা হ'লে আমার ব্যক্তিগত মতের জন্যে পুলিস কেন কাজ করবে না? আমি শিয়াখালায়, রাজহাট, ওলগাখানা ইত্যাদি জায়গায় গিয়ে দেখেছি যে, সেখানে বাঁশঝাড়ের পাশ দিয়ে ইস্ত্রি করা খাঁকি প্যান্ট পরা পুলিসের অ্যাক্টিভিটি মিটিংএর চারিধারে হচ্ছে। তারা সেখানে গিয়ে খোঁজ নিচ্ছে যে, কেন স্কুলের মাঠে মিটিং হচ্ছে, সেই স্কুলের কমিটিতে কে কে আছে এবং কমিটির মেম্বারের কাছে গিয়ে বলছেন যে, এটা ভাল হচ্ছে না। কারণ গভর্নমেন্ট এই জিনিস চায় না। সেজন্য আশ্চর্য হয়ে যাচ্ছি যে, এই অবস্থা যদি হয়ে থাকে তা হ'লে আমরা কোন্ কথাটা ধরব—এটা বাংলাদেশের মুখ্যমন্ত্রীর প্রস্তাব, না ব্যক্তিগতভাবে ডাঃ রায়ের প্রস্তাব। অতএব এটা যদি ব্যক্তিগতভাবে ডাঃ রায়ের প্রস্তাব হয় তা হ'লে সেই প্রস্তাবকে জনসাধারণের কাছে নিয়ে আসবার জন্যে অন্তত গভর্নমেন্টের পুলিসের খাতে কোন খরচা দেওয়া উচিত নয়। কারণ অ্যান্টি-মার্জারএর লোক যারা তারাই বা কেন তাদের আন্দোলনের সাহায্যে পুলিস পাবে না? সুতরাং এই যে অবস্থা হচ্ছে তার জন্যে আমি পুলিস খাতে ব্যয়ের তীব্র প্রতিবাদ করি যে, এটা অন্যায়ভাবে খরচ হচ্ছে ব্যক্তিবিশেষের খেয়াল চরিতার্থ করার জন্য। দ্বিতীয় কথা, পুলিস সম্বন্ধে আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে জানাচ্ছি যে, চন্দননগরে বিগত ইলেকশনএর সময়ে কি ঘটনা হয়েছিল। শ্রীনারায়ণচন্দ্র দে আজকে যিনি চন্দননগরের মেয়র নির্বাচিত হয়েছেন এবং আর একজন কমিশনার, কনাইলাল বন্দ্যোপাধ্যায়, দু'জনে যখন [illegible] ডিসপেনসারিতে ব'সে আছেন তখন সেখানে কংগ্রেসী গুণ্ডারা গিয়ে হামলা করে। পুলিসকে খবর দেওয়া হয়, কিন্তু সেখানকার পুলিস সেইসব শুনেও তার কোন

প্রতিবিধান বা স্টেপ নিল না। অথচ আমি আপনাকে জানিয়েছিলাম যে, নির্বাচনের দিন আফটারনুনে ২-২৷৷টার সময় দু'জন সংযুক্ত নাগরিক কমিটির কর্মী যখন কংগ্রেস কর্মীদের হামলা সম্বন্ধে পুলিসের কাছে নালিশ করতে গেল একজন অভিযোগকারী হিসাবে এবং অপরজন সাক্ষী হিসাবে তখন তাদের দু'জনকে পুলিসের গাড়ি ক'রে থানায় নিয়ে যাওয়া হ'ল। একজনকে কমপ্লেনান্ট হিসাবে এবং আর এক জনকে উইটনেস হিসাবে নিয়ে যাওয়া হ'ল। কিন্তু তারপর থানায় নিয়ে গিয়ে সেখানে, যেটাকে বারদোয়ারী বলা হয়, সেখানে তাদের হাজতে পুরে দেওয়া হ'ল এবং হাজতে পুরে দিয়ে আমি আপনাকে জানাচ্ছি যে, প্রচণ্ড শীতের দিনে সেখানে ৭-৮ জন লোককে ভিজে স্যাঁতসেঁতে তিনখানা মাত্র কম্বল দিয়ে রাখা হয়েছিল। পুলিসের এই যে ব্যবহার সেটা আমি আপনার মাধ্যমে জানাচ্ছি এবং এই পুলিসের জন্যে যে খরচা বরাদ্দ করা হচ্ছে সেই খরচা আমরা দিতে রাজী নই।

তারপর আরও দু'টো কথা বলছি। এটা আমাদের কোন নালিশের কথা বলছি না। সরকারের নিয়োজিত ম্যাজিস্ট্রেট এবং জজদের কথাই বলছি। চন্দননগরে বিধানসভায় নির্বাচনের সময় সুবোধ ভড় নামে এক ব্যক্তি সম্বন্ধে জজ অব দি ফার্স্ট ক্লাস ম্যাজিস্ট্রেটএর জাজমেন্টএ কি বলছেন সেটা দেখবেন। একজন কমপ্লেনান্ট যার জমিতে সভা হয়েছিল তিনি মোটেই কমপ্লেন করলেন না। সেখানে একজন পুলিস অফিসার কমপ্লেন ডিক্টেড করছেন এবং আর একজন পুলিস অফিসার সেই কমপ্লেন্ট লিখছেন। এটা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের জাজমেন্টের মধ্যেই আছে এবং সেই জাজমেন্টএর কপিও আমার কাছে আছে। আপনারা যদি সেটা দেখতে চান তা হ'লে আমি সেটা দেখাব। তাতে তিনি বলছেন যে, দিস ইজ অ্যান আনহার্ড অব প্রসিডিওর।

Mr. Speaker: This is all irrelevant.

Dr. Hirendra Kumar Chatterjee:

মিঃ স্পীকার, ইরেলেভ্যান্ট নয়। তার কারণ হচ্ছে যে, এই যদি পুলিসের অ্যাডমিনিস্ট্রেশন হয় তা হ'লে দেশের অবস্থা কি হবে?

Mr. Speaker: You had 18 days to speak on that. The Appropriation Bill is an entirely different matter.

Dr. Hirendra Kumar Chatterjee:

কিন্তু পুলিসের ব্যয়বরাদ্দ করবার বিরুদ্ধে আমাকে বলতেই হবে যে, পুলিসের জন্য ব্যয়বরাদ্দ কেন করা উচিত নয়।

Mr. Speaker: But not on the Appropriation Bill. Why did you not say all this during the Police Budget? The Minister will not reply to all this.

Dr. Hirendra Kumar Chatterjee:

অ্যাপ্রোপ্রিয়েশনএ কেন আমরা খরচ করতে দেব? আমার কথা হচ্ছে যে, আমরা খরচ করতে দিতে চাই না এবং তার যুক্তি হিসাবে আমি বলব। এই প্রসঙ্গে এক কনস্টেবলএর স্ত্রীর বিরুদ্ধে কেস সম্বন্ধে আমি একটা কথা বলব। এবং আমি জানতে চাই যে, এর কি কিছু প্রতিবিধান আপনারা করেছেন। এর প্রতিবিধান যদি কিছু না করেন তা হ'লে আমি সমস্ত পুলিস ডিপার্টমেন্টকেই ইনএফিসিয়েন্ট বলব এবং এই ব'লে আমরা টাকা দেব না। অতএব পুলিসের অ্যাডমিনিস্ট্রেশন যদি ইনএফিসিয়েন্ট হয় তা হ'লে এই টাকা যে সুষ্ঠুভাবে খরচা হবে না সেইটাই আমি আশঙ্কা করছি এবং সেজন্যেই আমি এর বিরুদ্ধাচরণ করব। সেই পুলিস কনস্টেবলের স্ত্রী যে মিথ্যা মোকদ্দমা করেছিল তার বিরুদ্ধে কি কোন স্টেপ নেওয়া হয়েছে? তার জাজমেন্ট বেরিয়ে গেছে এবং সেই জাজমেন্টএ যাকে অ্যাকিউজড করা হয়েছিল সে লোকও খালাস হয়েছে। অতএব যদি এর বিরুদ্ধে কোন স্টেপ না নেওয়া হয় তা হ'লে দেশের লোক পুলিসের জন্য এই ব্যয়বরাদ্দটাকে ভাল চোখে দেখবে কেন। জনসাধারণ বুঝবে এই কংগ্রেসী শাসনকালে একজন পুলিস কনস্টেবলের স্ত্রী অপরাধী হ'লেও সে সীজারস ওয়াইফ ব'লে গণ্য হয়।

এরপর আমি এডুকেশন ডিপার্টমেন্টএর খরচার বিরুদ্ধাচরণ করছি। কারণ সেদিন আমি ঐসব বলেছিলাম ব'লে আপনি বলেছিলেন যে, মন্ত্রী এবং উপমন্ত্রী তার উত্তর দেন, কিন্তু তার উত্তর তাঁরা দেন নি। আপনার নিশ্চয় মনে থাকবে যে, আমি বলেছিলাম যে চন্দননগর কলেজে ফ্রেঞ্চএর প্রফেসর হবার যাঁর কোন কোয়ালিফিকেশন নেই তাঁকে কি ক'রে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছিল এবং এইরকম অন্যায়ভাবে সেই টাকা খরচ হচ্ছে। এটার কোন উত্তর মন্ত্রী এবং উপমন্ত্রী কেউই দেন নি। সেখানে এই সম্বন্ধে ১৯৫৫ সালের ২৭এ ডিসেম্বরের ইউনিভার্সিটির যে চিঠি আছে তাতে আছে যে অ্যাট লিস্ট সেকেন্ড ক্লাস এম,এ, ইন ফ্রেঞ্চ হ'তে হবে, কিন্তু সেই অর্ডার থাকা সত্ত্বেও সেখানে ডি,পি,আই, সিন্ডিকেটের একজন সভ্য, সেখানে সেই ডি,পি,আই, জানুয়ারি মাসে সেই অ্যাপয়েন্টমেন্টটাকে অনুমোদন করেন এবং ইন অ্যাডিশন টু হিজ ওন ডিউটিজ ব'লে তাঁকে বেশি টাকা মাইনেও দেওয়া হচ্ছে। সুতরাং এইরকম যথেচ্ছভাবে টাকা খরচ করবার কোন অধিকার সরকারের নেই। আমি আর একটা কথা মেডিক্যাল ডিপার্টমেন্টএর সম্বন্ধে বলব এবং সেই মেডিক্যাল ডিপার্টমেন্ট সম্বন্ধেও আমি কোন উত্তর পাই নি। যদিও সেদিন মন্ত্রিমহাশয় তাঁর রিপ্লাইএ আমাকে লক্ষ্য ক'রে বলেছিলেন যে,

I have waxed eloquent

কিন্তু

I think he was my elder brother who waxed more eloquent than I ever did.

আমি সেদিন বলেছিলাম যে, মেডিক্যাল কলেজে যে নিউ সেট-আপ হয়েছিল তার কি ফল হয়েছে? এতে বহু টাকা ওয়েস্টেড হয়েছে, কারণ যে উদ্দেশ্যে মেডিক্যাল কলেজে নিউ সেট আপ হয়েছে তার উদ্দেশ্য সফল হয় নি। ডাইরেক্টরদের সেখানে কিউবিক্যাল প্র্যাকটিস করবার মুখ্যমন্ত্রীমহাশয় বলেছিলেন, কিন্তু আজকে চার বছরের মধ্যে কিউবিক্যাল তৈরিই হয় নি, যেমন অন্যান্য ডাক্তার প্র্যাকটিস করে তাঁরাও সেইরকম প্র্যাকটিস করছেন। অতএব মেডিক্যাল কলেজের নিউ সেট আপএ কত টাকা বেশি খরচ হয়েছে সেটা অর্থমন্ত্রী মহাশয় জানেন, কিন্তু তার প্রতিকার না ক'রে যার উদ্দেশ্য সফল হ'ল না তার জন্যে খরচা হওয়া উচিত নয়। কার্নানী হাসপাতাল সম্বন্ধেও আমি বলেছিলাম, কিন্তু তারও উত্তর তিনি দেন নি। তবে একটা কথা তিনি বলেছিলেন যে, যাকে প্রফেসর অব অ্যানাসথেসিওলজি অ্যাপয়েন্ট করা হয়েছিল তাঁকে তাঁর নিজের প্রফেসর রেকমেন্ড করেছিলেন। আমিও জানি যে, তাঁকে তাঁর প্রফেসর রেকমেন্ড করেছিলেন, কিন্তু আমার প্রশ্ন ছিল যে,

All-India Medical Council

এর যে কন্ডিশন, যে স্ট্যান্ডার্ড নির্দিষ্ট করা আছে, সেই স্ট্যান্ডার্ড অনুযায়ী যার কোয়ালিফিকেশনস নেই, স্যাটিসফাই করে না এবং এটা মাত্র আমাদের কথা নয়, খোদ চীফ প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেটের রায়। আমার মাস্টার মহাশয় ওখানে রয়েছেন এবং তিনিও বলবেন যে, আমি খুব ভাল ছেলে, কিন্তু তাতে কিছু আসে না, কারণ গভর্নমেন্টএর যে একটা কোয়ালিফিকেশনএর স্ট্যান্ডার্ড আছে সেই স্ট্যান্ডার্ড অনুযায়ী চলতে হবে। তারপরে কার্নানী হাসপাতালে লোক অ্যাপয়েন্ট করা হয়েছে, কিন্তু আপনারা যদি খোঁজ করেন তা হ'লে দেখবেন যে, সেখানে অনেক ডিপার্টমেন্টএই ইকুইপমেন্ট, লাইব্রেরি, ল্যাবরেটরি ইত্যাদি এখনও নেই।

Mr. Speaker: This is not an occasion for replying to a reply.

Dr. Hirendra Kumar Chatterjee:

মিঃ স্পীকার, এগুলিতে অনর্থক টাকা নষ্ট হচ্ছে ব'লে আমি এগুলি বলতে বাধ্য হলাম। তিনি সেদিন বলেছিলেন অ্যাপয়েন্টমেন্ট অব টিচার্স। সেই অ্যাপয়েন্টমেন্ট অব টিচার্স..... হতে পারে কিন্তু যখন ডিপার্টমেন্টালি অ্যাপয়েন্টমেন্ট করা হয় তখন

Diploma of course of anaesthesia

এর ইউনিভার্সিটির রেগুলেশনস সৃষ্টি হয় নি। যখন কোন ইউনিভার্সিটি রেগুলেশনস ছিল না তার আগেই সেখানে ছাত্র ভর্তি করা হ'ল এবং শুনলে আশ্চর্য হবেন যে, ফার্স্ট পার্ট

এক্সামিনেশন দিয়ে তারা এখন আর সেকেন্ড পার্ট এক্সামিনেশন দিতে পারছে না। তাদের সেখানে তখন নন-কলেজিয়েট হিসাবে ভর্তি করতে হয়েছিল। এই অব্যবস্থা এবং সেখানকার শাসন পরিচালনার জন্য কে দায়ী? যেখানে গোড়া থেকে শেষ পর্যন্ত অব্যবস্থা আছে তার জন্যে আমরা কোন টাকা বরাদ্দ করব না।

[5-55—6-5 p.m.]

আমার শেষ কথা হচ্ছে যে, চন্দননগর সম্বন্ধে সেদিন মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে, সার্ভিস রুলএর মধ্যে ডিসিপ্লিন এবং লিভ আসে না। কিন্তু আমি তাঁকে জানাচ্ছি যে, আমার কাছে বেঙ্গল সার্ভিস রুলসএর কপি রয়েছে। তার মধ্যে ডিসিপ্লিন এবং লিভ রুলসও আছে। অতএব আমি জানি না, মুখ্যমন্ত্রী কোন্ তথ্যের উপর নির্ভর ক'রে বলেন যে, ডিসিপ্লিন ও লিভ রুলস সার্ভিস রুলসএর ভিতর আসে না? তাঁকে একটু অবহিত হ'তে অনুরোধ করব। চন্দননগর হাসপাতালে যেসব ডাক্তার আছেন তাঁদের কথা এবং চন্দননগর হাসপাতালে যেসব অব্যবস্থা আছে তার কথা মন্ত্রিমহাশয় জানেন। উনি সে কথা জানেন এবং ও'কে রিপোর্ট করার পরেও ৫-৭টা কেস এইরকম আরও হয়েছে। কিন্তু উনি বলেছেন যে, সার্ভিসরুলস যেহেতু নেই সেহেতু কিছু করতে পারছি না। অথচ সেই সার্ভিস রুলস করবেন কে? এই গভর্নমেন্ট সেটা করবেন এবং সেটা সার্ভিস রুল না হওয়ার জন্যে একজন অতি অক্ষম ও অপদার্থ অফিসারের কোন ব্যবস্থাই হচ্ছে না। এর মূল কারণ দেখানো হচ্ছে যে, সেখানে সার্ভিস রুল নেই, কিন্তু সেই সার্ভিস রুল থাকে না কেন? সেই যে সার্ভিস রুল সেটা গভর্নমেন্ট করবেন। কিন্তু সেটা এখনও পর্যন্ত না করার জন্য সেখানকার যা কিছু অব্যবস্থা তার জন্যে আমি গভর্নমেন্টকেই দায়ী করছি। অতএব সেখানে সার্ভিস রুল করতে হয় করুন, আর না হয় ডিসিপ্লিন বা লিভ, যা করতে হয় করুন। আপনারা সেদিন বলেছিলেন যে, লিভ এবং ডিসিপ্লিনএর মধ্যে আসে না, কিন্তু সেটা আমি সত্য বলে মনে করতে পাচ্ছি না। কারণ আমার কাছে বেঙ্গল সার্ভিস রুলএর কপি রয়েছে এবং তার মধ্যে লিভ এবং ডিসিপ্লিন সবই আছে। অতএব চন্দননগরে যে সব অফিসারসরা একর্ডিং টু দি প্রোটোকল অব অ্যারেঞ্জমেন্টএ আছেন তাঁদের জন্যে আপনারা যত শীঘ্র সম্ভব এই জিনিসটা করুন। কারণ তা না হলে যাঁরা রিটায়ার করছেন তাঁরা তাঁদের "পেনসেন" পাচ্ছেন না। আপনি এডুকেসন মিনিস্টারকে জিজ্ঞাসা করুন তিনি জানেন যে তাঁরা নিজেরাই এই বিষয় এ্যাপ্লাই করেছেন। এমন কি তাঁদের স্ত্রীদেরও দরখাস্ত করতে হয়েছে!!

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

পেন্সন কি আমরা পকেটে নিয়ে ব'সে আছি? লিখে পাঠাতে বলুন।

Dr. Hirendra Kumar Chatterjee:

লিখে পাঠানো হয়েছে, খোঁজ নেবেন। কিন্তু তারা লিখে পাঠাবে কেন তা আমি বুঝতে পারছি না। মন্ত্রীরা যখন মাইনে পান তাঁরা আর তার জন্যে কিছু লিখে পাঠান না। অতএব মন্ত্রীদের মাইনে পাঠাবার জন্যে যদি লিখে পাঠাতে না হয় তা হ'লে যারা বুড়ো মানুষ, রিটায়ার্ড করছেন, তাঁদের লিখে পাঠাতে হবে কেন? এবং রাইটার্স বিল্ডিংএ লিখলে সে চিঠি কোথায় কোন্ পাতালে প্রবেশ করে তা আমরা জানি না। অতএব এই যে কথাগুলো বললাম, এগুলো আপনারা দেখবেন এবং এইগুলো আমি সমালোচনার চক্ষে বলছি না, সহানুভূতির চক্ষে এইগুলো দেখুন এবং যত শীঘ্র যা করণীয় তাই করুন। তা না হ'লে এই অ্যাপ্রোপ্রিয়েশনএ টাকা আমরা দিতে পারি না এবং অনেক সময় দেখা যায় যে,

Appropriation almost becomes misappropriation.

Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় স্পীকার মহাশয়, গভর্নমেন্ট আমাদের কাছে অর্থ ব্যয় করবার অধিকার সংক্রান্ত বিলটি অনুমোদনের জন্য উপস্থিত করেছেন। আমার এখন কথা হ'ল, আমরা জেনেছি যে বরাদ্দ করা অর্থ আমরা কমাতে পারি না, কিন্তু দরকার হ'লে কোন বিষয়ে টাকা যাতে বেশি বরাদ্দ করা যায় সে কথা আমরা বলতে পারি। গভর্নমেন্ট সেটা কিভাবে খরচ করবেন, সেটা

অপব্যয় হবে কি অপচয় হবে, সেটা সমালোচনা করবার অধিকার নিশ্চয়ই আমাদের আছে। যোগ্যতার নীতি সংক্রান্ত বিষয়ে আমি প্রথম দিনে আলোচনা করেছিলাম যে, যোগ্যতাকে উপেক্ষা ক'রে বিদেশে যেসব ছাত্রকে প্রেরণ করা হচ্ছে তার মধ্যে কোন নীতি বাংলা সরকার স্বীকার করেন না। তার উত্তরে আমি জবাব পেয়েছি যে, আউট অব জেলাসি নাকি আমি এ কথা বলেছি। অদ্ভুত কথা! মেধাবী ছাত্রের কি অভাব হয়ে গেল আমাদের বাংলাদেশে যে, তৃতীয় বিভাগে ম্যাট্রিক পাস করা ছেলেকে বিদেশে পাঠানো হয় শিক্ষার জন্য? এ কথা বলতে গেলে দ্বিতীয় কথা এর সঙ্গে আমাকে বলতে হয় যে, স্বজনবাৎসল্য বা বন্ধুপ্রীতি দেখিয়ে যাওয়ায় যেন আমাদের দেশের সরকারের যোগ্যতার মাপকাঠি বা মান এবং বাঙ্গালী প্রত্যেক বিষয়ে জীবনযাত্রার প্রত্যেকটা ক্ষেত্রে যে হটে যাচ্ছে এর জন্য এই সরকারের নীতিই সম্পূর্ণভাবে দায়ী।

দ্বিতীয়ত বলব যে, শিক্ষাখাতে এইবার ২০ পার্সেন্ট খরচ করা হবে বলা হয়েছে। খুব ভাল কথা। দেশের সাধারণ লোকের শিক্ষার প্রতি যে আগ্রহ বেড়েছে, তার জন্য আরও বেশি টাকা বরাদ্দ করা হ'ক। আমরা তা সর্বান্তঃকরণে কামনা করি। কিন্তু এই শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত যে তিনটি অকর্মণ্য স্তম্ভের উপর এই সরকার নির্ভর করছেন সেগুলির প্রতি আগে দৃষ্টি দেওয়া দরকার ব'লে আমি মনে করি। একজন "অকর্মণ্য", একজন "অযোগ্য" এবং আর একজন "দায়িত্বজ্ঞানহীন"। এই যে তিনটি স্তম্ভের উপর শিক্ষার ভার চাপিয়ে দেওয়া হয়েছে সেগুলি সম্পূর্ণভাবে পরিবর্তিত হওয়া দরকার, বিশেষ ক'রে সেকেন্ডারি বোর্ড অব এডুকেশনএ যে দুর্নীতি চলেছে, তার প্রত্যেকটা ক্ষেত্রে প্রমাণ পাওয়া গেছে পরীক্ষার আগে প্রশ্নপত্র প্রকাশ হওয়া এবং প্রশ্নপত্র তৈরির সময় যে অযোগ্যতার পরিচয় তাঁরা দেখিয়েছেন তাতে আমি মনে করি যে, সেকেন্ডারি বোর্ড অব এডুকেশন তুলে দেওয়া দরকার। এবং আগে যেমন ইউনিভার্সিটির উপর সেকেন্ডারি এডুকেশনএর ভার ছিল সেটাই পুনঃপ্রবর্তিত হওয়া দরকার। আর একটা কথা আমি বলব যে, সরকার অদূরদর্শীতার বশবর্তী হয়ে নিজেদের সাফাই গাইবার জন্য বলেছিলেন যে আমাদের দেশে খাদ্যের অপ্রচুরতা নেই, জীবনযাত্রার মান বেড়েছে এবং দেশে শান্তি বিরাজ করছে। কিন্তু স্পীকার মহাশয়, আপনি জানেন যে, গত বছর এই দুর্ভিক্ষ খাতে সবচেয়ে বেশি টাকা খরচ করতে এই সরকার বাধ্য হয়েছিলেন স্বাধীনতার আট বৎসর পরে ও প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় খাদ্য উৎপাদনে প্রচুর সাফল্যলাভ সত্ত্বেও। কাজেই এ বছর দুর্ভিক্ষ খাতে যে টাকা বরাদ্দ করা হয়েছে আমি বলব যে, এই টাকা অত্যন্ত অপ্রচুর। এবং বাস্তব অবস্থার সঙ্গে সরকার মোটেই পরিচিত নন। আমার আগে অনেক বন্ধু ব'লে গেছেন, বিশেষ ক'রে মেদিনীপুর জেলার কথা অনেকে ব'লে গেছেন যে, অজন্মা হেতু দুর্দশা লাঘবকল্পে টেস্ট রিলিফ এবং অন্যান্য ব্যাপারে আরও অধিক টাকা ব্যয় করা দরকার এবং এইজন্য ফেমিন খাতে আরও বেশি বরাদ্দ ধরা উচিত ছিল।

আর একটা কথা বলব। এই যে সরকারী কর্মচারিদের রিপোর্টএর উপর নির্ভর ক'রে সরকার বরাবর চলছেন, কিন্তু এই সরকারী কর্মচারিদের রিপোর্টএর বিরুদ্ধে জনসাধারণের তরফ থেকে যখন অভিযোগ উপস্থিত হয় এবং সরকারের কাছে যখন আবেদন পাঠানো হয় তখন সেগুলি সম্বন্ধে সরকার আদৌ বিবেচনা করেন না। আমার মনে হয় যে, সেক্ষেত্রে নিরপেক্ষ তদন্তের ব্যবস্থা হওয়া অত্যন্ত দরকার। তা ছাড়া যখন কোন মন্ত্রীর বিভাগীয় কার্য পরিচালনার বিরুদ্ধে জনসাধারণের পক্ষ হ'তে কোন নির্দিষ্ট অভিযোগ উপস্থিত হয়, তখন সেই মন্ত্রীর অন্তত সেই ঘটনাস্থলে গিয়ে সেগুলির তদন্ত করা দরকার এবং রীতিমত তার প্রতিকার করা দরকার। তবেই না জনসাধারণের জাতীয় সরকার ব'লে বিশ্বাস হবে।

আর একটা কথা বলব। ত্রুটিবিচ্যুতির কথা যেগুলি আমরা এই হাউসে উপস্থিত করি, সেগুলি প্রতিকারের কোন ব্যবস্থা করা হয় না। সরকারপক্ষ থেকে হয় প্রমাণ করুন সেগুলি সত্য নয়, না হয় প্রতিকার করুন কর্তব্যবোধে। কিন্তু প্রতিকার তো দূরের কথা, তাঁরা সেগুলি স্বীকার পর্যন্ত করেন না এবং সব সময় বলেন যে, সরকার ভাল কাজই করছেন। তাঁরা ভুল করেন না। স্যার, ইংরাজি ভাষা, অফিসিয়াল ল্যাংগুয়েজ, একটা প্রবাদ আছে—ভুল হয় না শয়তানের। কাজেই যে সরকার এইভাবে মনে করেন যে, তাঁরা কোনরকম ভুল করতে পারেন না সেই সরকার যেসব লোকের দ্বারা পরিচালিত হয় তাদের উপর আমরা কোনমতে বিশ্বাস

স্থাপন করতে পারি না এবং আমাদের অনুমোদনের জন্য যে অর্থপ্রয়োগ বিল এসেছে, তা আমরা মঞ্জুর করতে পারি না যদি সরকার ত্রুটিবিচ্যুতি অন্যায় অবিচারের প্রতিকার করার প্রতিশ্রুতি না দেন। আমরা এইজন্য এর তীব্র প্রতিবাদ করি।

[6-5—6-15 p.m.]

Dr. Narayan Chandra Ray:

মাননীয় স্পীকার, স্যার, আমি যতদূর সম্ভব সংক্ষিপ্ত হবার চেষ্টা করব। আমার বক্তব্যের মধ্যে যদিও একটা অংশ আগে বলা আছে ব'লে আমি আবার বলব, সেটা হচ্ছে যে টাকা কেমন ক'রে খরচ করা উচিত। আর দ্বিতীয়ত, আমাদের এই পরিষদ কক্ষে আমি দেবতার কাছে নিবেদন করতে পারি নি, উপদেবতার কাছে ব'লে কোন সাড়া পায় নি, তাই দেবতাকে সামনে পেয়ে দেবতার কাছে আমার সবিনয় নিবেদন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নিবেদন আপনার মারফতে রাজস্বমন্ত্রীর সামনে, দেবতা ছিলেন না, উপদেবতার কাছে বলেছি, সাড়া পাই নি, দেবতার কাছে নিবেদন করছি যদি সাড়া পাই। আমার একটা বক্তব্য ছিল এ দেশের স্বাস্থ্য খাতে যে টাকাটা খরচ হয় তাতে সকলেই আমরা ইন্টারেস্টেড, যাতে সাধারণ মানুষ ম্যাক্সিমাম বেনিফিট কি ক'রে পেতে পারে। সেইজন্যই আমার একটা প্রস্তাব ছিল টাকা আমাদের কম। টাকা কম থাকলেও যা যা আমাদের এখানে আছে সেগুলি সংগঠিত ক'রে, অর্গানাইজড্ ক'রে ফেললে তার কার্যকারিতা অনেক বাড়তে পারে। আজ প্ল্যানিংএর যুগ, আজকে স্বাস্থ্য খাতে এই বড় শহরে সরকারী-বেসরকারী যা কিছু আছে চিকিৎসার প্রতিষ্ঠান সরকার যদি সেগুলি কো-অর্ডিনেশন কমিটি ক'রে—তাদের মালিকানা নিতে চাইছি না, তাতে রোগী ভর্তি করার অধিকার চাইছি না,—একটা কো-অর্ডিনেশন কোনরকমে ক'রে তুলতে পারেন তা হ'লে আমি আধুনিক যুগের কথাটা দিয়ে বলব—ম্যাক্সিমাম ইউটিলাইজেশন অব হসপিটাল বেডস হ'তে পারে। একবার দুইবার কথা শুনেছিলাম—ধরুন করপোরেশনএর যে যে হাসপাতালগুলি আছে তারাই এবং প্রাইভেট হাসপাতালগুলি যা আছে কো-অর্ডিনেশন মানবে না। যদি আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় এবং বিধানসভা আইন ক'রে সাধারণ মানুষদের জন্য একটা কো-অর্ডিনেশন করতে চান, তা হ'লে আমার মনে হয় না আমাদের এদেশের মানুষ এত অবিবেচক যে কাজটা তাদের মঙ্গলের জন্য স্বাস্থ্য খাতে কেউ আপত্তি করবে। সেইজন্য আমার প্রস্তাব ছিল, একটা কো-অর্ডিনেশন করা। অনেক বেসরকারী হাসপাতাল আছে, যেমন শিশুমঙ্গল ও অন্যান্য আছে যেগুলি কর্পোরেশনএর এবং সরকারীও আছে, যেমন মেয়ো। এইগুলি স্ট্যান্ডার্ড হিসেবে খুব কম। যদি কোনদিন একটা কমিটি করার ঠিক করেন এবং সমস্ত বেডগুলি একসূত্রে গাঁথবার চেষ্টা করেন, আপনার এত পাস-করা ছেলে যাদের একটা চাকরি মেডিক্যাল কলেজ বা এন.আর.এস. মেডিক্যাল কলেজে দেবার জন্য এত ঝগড়া, এত দ্বন্দ্ব, এত পক্ষপাতিত্বের প্রশ্ন এসে পড়ে, আপনার ততটুকু লোকবল এদেশে আছে, আপনি যদি সেবাপ্রবৃত্তির উপর একটা অ্যাপিল ক'রে কম বেতনে ভিন্ন ভিন্ন জায়গায় ছড়িয়ে রাখবার ব্যবস্থা করেন। আপনি যদি আপনার নীতিতে এই ছোট ছোট হাসপাতালগুলিকে এবং বাহিরে যেগুলি আছে—ডি.জি.ও, ডি.ও.এম.এস. পাস করা, এফ.আর.সি.এস. পাস করা বহু বেকার পড়ে আছে যারা হেল্থ ডিপার্টমেন্টএর দরজায়, আপনাদের দরজায় ধর্ণা দিয়ে ঘুরে বেড়াচ্ছে। আমারই চেনা এরকম বহু আছে। এদেরকে এই জায়গাগুলিতে প্রোভাইড করেন তা হ'লে মনে হয় একটা ভাল ব্যবস্থা হবে। এইসমস্ত হাসপাতালগুলিতে আপনারা যদি একটু নজর দেন, কোথায় খাদ্যের চার্ট আছে আড়াই টাকা, আবার একটায় বার আনা। এই মান যদি সব সমান ক'রে দেন, যদিও আমি বলছি না যে, আজই করা যেতে পারে। এইদিকে একটা নীতি নেন তা হ'লে আমার মনে হয় চিকিৎসা খাতে যে আপনারা বিরুদ্ধ সমালোচনা শুনতে পান, সেটা অনেক কম পেতেন। বিশেষ ক'রে এই হাসপাতালগশলিতে সার্জিক্যাল পেসেন্ট ও অন্যান্য পেসেন্ট তারা কখন চায় না যে অমুক এফ.আর.সি.এস.এর কাছে অপারেশন করলে কি অমুক ডাক্তারের কাছে দেখানো। তারা চায় একটা ভাল হাসপাতালে ভাল ডাক্তার দিয়ে অপারেশন করাবে কিংবা চিকিৎসা করাবে। কিন্তু

একটা ইমার্জেন্সি ওয়ার্ডএ পেশাছাবার পর যদি তারা বেড না পায়, সেখানে যদি সত্যিকারের একটা কো-অর্ডিনেশন বা কন্ট্রোল সিস্টেম থাকে, যে যে ওয়ার্ডে ভাল বেড আছে সেখানেই তাকে ট্রান্সফার ক'রে দেওয়া হয় তা হ'লে আপনি সাধারণ মানুষের আশীর্বাদ পাবেন। এতে কেউ আপত্তি করবে না। এ প্রশ্নের উপর সমালোচনা হবে না। আপনাদের কত নূতন বেড হাসপাতালে আন-ইউটিলাইজ্‌ড অবস্থায় প'ড়ে আছে, কিন্তু এক ঐ মেডিক্যাল কলেজটা সাধারণ মানুষ চেনে, আর, জি ,করকে চেনে, নীলরতনকে চেনে। সকলেই জানে এখানে একটু ভাল খাওয়া হয়, ভাল ডাক্তার আছে, কিন্তু সাধারণ মানুষ কি চায়? মাথায় একটা সেড চায়, একটু আস্তানা চায়, সেখানে একটা সাধারণ ডাক্তার হ'লেই যথেষ্ট। সেজন্যই বলছি, আপনারা সব কিছুই ইউটিলাইজ করতে পারেন যদি একসঙ্গে গাঁথেন। এই সঙ্গে আমার একটা প্রস্তাব ছিল, সবটা বলা যাবে না; কিন্তু আমার বলবার ভঙ্গিটা এই যে, সবগুলোকে—প্রাইভেট হাসপাতাল, কর্পোরেশন হাসপাতাল—তাদের অর্থসাহায্য দিয়ে একসূত্রে গাঁথুন। তাদের বলুন একটা কো-অর্ডিনেশন কমিটি হবে। প্রয়োজন হ'লে কন্ট্রোল টাওয়ার থেকে বেড হিসাবে ভর্তি করতে হবে। আমার মনে হয়, তাতে এরা রাজী হবে, কারণ আর্থিক সাহায্য তারা পাবে এবং সাধারণ মানুষেরও উপকার হবে। এখন নীতির বিরুদ্ধে কোন হাসপাতাল প্রাইভেট হ'ক, কর্পোরেশন হ'ক, বেসরকারী হ'ক, কেউ কি যাবে? আমি এই সঙ্গে আমার আর একটি বক্তব্য বলব। আপনারা যে ভিজিটিং স্টাফ ক'রে রেখেছেন ভিন্ন ভিন্ন হাসপাতালে সেটা একটু লোকপ্রিয় করুন। আর একটু অন্যরকমের ব্যবস্থা করুন। যাঁরা আছেন তাঁদের কোন অপমান করছি না, তাঁদের বিরুদ্ধে সমালোচনা করছি না, কিন্তু যাঁরা আছেন তাঁরা এত বড় উঁচু লোক, সাধারণ হাসপাতালের রোগীরা তাঁদের কাছে কোন কিছু বলতে সাহস করে না; হাসপাতালের বিরুদ্ধে যদি কোন অভিযোগ থাকে তা হ'লে মন্ত্রিমহাশয়ের কাছেও বলতে সাহস করে না। আপনাদের যে কমিটি আছে তাতে কিছু বিরুদ্ধ দলের লোক নিন। হাসপাতালে গিয়ে তারা মারামারি করবে, এটা নিশ্চয়ই আপনারা মনে করেন না। কিন্তু এখন যারা আছে তারা আপনাদের হুকুমের উপর চলে, তারা আপনার বিরাগভাজন হ'তে নাও চাইতে পারে। আমি আপনাকে জিজ্ঞাসা করি এত অভিযোগ, এত অনাচার, তার বিরুদ্ধে এই কমিটির মারফত ক'টা অভিযোগ আপনার কানে এসেছে, ক'টা অভিযোগ আপনি জানতে পেরেছেন? এগুলি একটু নতুন ক'রে করুন। একটা মেডিক্যাল কো-অর্ডিনেশন করুন এবং হাসপাতালগুলিতে নিরপেক্ষ দলের লোক নিয়ে কমিটি নূতন ক'রে করুন। যাদের কথায় কোন অভিযোগ থাকলে আপনার ডিপার্টমেন্ট নেবে, গরিব মানুষ হাসপাতালে গিয়ে জেলখানার কয়েদীর মত সরকারকে ভয় করে। আমার মনে আছে যখন আই,এম,এস, ডাক্তাররা এদেশে ছিলেন তখন আমরা জেলখানায় দাঁড়িয়ে থাকতাম এমনি লাইন বেঁধে। তেমনি আজকেও যে সেই নীতির একটা খুব পরিবর্তন হয়েছে তা মনে হয় না। পেসেন্টরা সব সময় তাদের অভিযোগ কর্তৃপক্ষকে জানাবার সুযোগ পায় না, তাদের অভিযোগ জানাবার যদি একটা রাস্তা ক'রে দেন তা হ'লে এর প্রতিকার হবে। তারপরের বক্তব্য হচ্ছে, আপনি হাসপাতালগুলিতে সার্জেন, নার্সেস, জমাদার, দফাদার, এদের রেসিওটা একটু নিজে ভাল ক'রে দেখুন। কতগুলি বেডে কতজন নার্স লাগে। আনএমপ্লয়েড মেয়েরা আছে, যারা নার্সিং শিখে কাজ করতে পারে এবং আমি জানি নার্সিং পাস ক'রেও বেকার হয়ে ব'সে আছে। আপনি কি করছেন? ডাক্তারদের কথাও বলেছি। এই নীতির ফলে হয়েছে কি, যদি কোন ভাল ডাক্তার ৩০ জনের জায়গায় ৫০ জনকে দেখতে না পেরে থাকে, ৩০ জনকে দেখার পর ৩৬ রোগীকে দেখবার সময় মেজাজ হারিয়ে ফেলে, তা হ'লে কার দোষ হবে? আপনার হিসাবের গোলমালের জন্য রোগী সাফার করছে, আপনারই হাসপাতালের বদনাম হচ্ছে। সেজন্য সাধারণ ডাক্তার নার্সদের গালাগাল না দিয়ে ঐ রেসিওটা দেখুন। এবং সেইভাবে কারেক্ট করবার জন্য চেষ্টা করুন। তাতে এই ব্যাপারে আপনি সত্যিকারের শান্তি পাবেন। হাসপাতালের খুব বড় বড় অভিযোগের লিস্ট আমার কাছে আসে, সেগুলো পেশ করি না। এইজন্য করি না আমরা জানি এইরকম কারণে রোগীরা সত্যিকারের অ্যাটেনশন পায় না। তবে একটা-দুটা বলতে হচ্ছে, সেজন্য দু'-একটা বলব। আমি কাঁচরাপাড়া সম্বন্ধে খবর পেয়েছি। আপনি খবর নিয়ে দেখবেন সত্য কিনা। সেখানে ব্লাড ব্যাঙ্ক নিয়ে সম্প্রতি একটা গোলমাল হয়েছিল।

[6-15—6-25 p.m.]

অন্যান্য হিসাবেও অনেক গোলমাল আছে। এখানে দেখতে পাচ্ছি ২০ টাকা পাবার কথা, সেখানে তাঁরা ৫০ টাকা নিয়েছেন, আর এই বাকি ৩০ টাকার কোন হিসাব রাখা হয় নাই। সে টাকাগুলি জমা দেওয়া হয় নাই। কিন্তু এটা আমার বক্তব্য নয়। সবচেয়ে ভয় হয়েছে এখানে এই সম্পর্কে যাঁরা প্রতিবাদ করেন তাঁদের খাতাতে, কার্ডে কম্যুনিস্ট ব'লে লেখা থাকে, তার বেডের যে টিকিট থাকে তাতে কম্যুনিস্ট ব'লে লেখা থাকে। আমরা টি,বি, ব'লে রোগ আছে ব'লে শুনেছি, কিন্তু এখন কম্যুনিজম ব'লে রোগ শুনছি। তার বেডে ব্যামোর জায়গায় কম্যুনিস্ট ব'লে লেখা থাকে।

আমার শেষ যে প্রস্তাব তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা বিরোধীপক্ষ বা যে কোন পক্ষ থেকেই যদি কোন কর্মচারী সম্বন্ধে কোন অভিযোগ আনি এবং সেখানে এখানকার মন্ত্রিমণ্ডলী নীতিগতভাবে তাদের সাপোর্ট করাটা নীতি ব'লে মনে করেন, তা হ'লে আমরা হতাশ না হয়ে পারি না। তাঁদের কাছ থেকে যে কোন একটা এক্সপ্লানেশন এসে যায়। ইংরেজ আমলের কর্মচারী যেরকম ছিল তার তুলনায় এখনকার উচ্চপদস্থ কর্মচারীরা এত নীতিহীন কেন? তাঁরা নিশ্চয়ই জানেন, যে কথাটা আমাদের অমরদা আপনাকে জানিয়েছেন, কিরণশংকর রায়ের মৃত্যুর সময় আপনাদের একজন বড় কর্মচারী বলেছিলেন, কেন খারাপ হয়ে গিয়েছিল জানেন? মনে করেছিলাম, কংগ্রেসের দিক থেকে এসেছেন, কাজেই না জানতে পারেন। কিন্তু নীতিগত হিসেবে সেই চরিত্রকে লুকিয়ে এর পেছনে আসার পর দেখলাম অফিসার থাকতে পারেন, কিন্তু দুর্নীতিমূলক সাহায্য চান। তাঁরা অনুমান করেছেন, এঁরা বোঝেন না, তা নয়। আজ মন্ত্রিমণ্ডলী নীতিগতভাবে যদি কোন অফিসারের বিরুদ্ধে কোন কর্মচারীর বিরুদ্ধে অভিযোগ থাকে, সেই কর্মচারীকে সাপোর্ট করবেন। তাই তাঁদের বলব, সরকারই তাদের এত বেশি দুর্নীতির পথে নিয়ে গিয়েছেন।

Sj. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি কুপুত্র ভূমিষ্ঠ হবার আগেই সারা বাংলাদেশে যতরকম অশান্তির সৃষ্টি হয়েছে, যার জন্য সরকারের হাজার হাজার টাকা অপব্যয় হচ্ছে, আমি বলছি এই মার্জার প্রস্তাবের কথা। যার জন্য বহু অপব্যয় হচ্ছে, বহু পুস্তিকা স্বনামে-বেনামে প্রচার হচ্ছে, ধৃত সত্যাগ্রহীদের জন্য দৈনিক হাজার হাজার টাকা সেখানে ব্যয় হচ্ছে। যাদের হঠকারিতার জন্য এটা হচ্ছে, তাদের হাতে আর টাকা দেওয়া উচিত নয়।

আমার বক্তব্য হচ্ছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, সন্তান ভূমিষ্ঠ হবার আগেই যখন এই অবস্থা, তখন ভূমিষ্ঠ হবার পর কি হবে ভাবুন। তাই এই যে কুপুত্রটি জন্মাবার সম্ভাবনা, আমরা জানতে চাই—এর জনক কে? আমরা শুনছিলুম মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় এই পুত্রের জনক। তারপর শুনলাম ডাঃ শ্রীকৃষ্ণ সিংহ এর জনক, তারপর আবার সংবাদপত্রে শুনি জগজীবন রাম, তারপরে শুনছি মৌলানা আবুল কালাম আজাদ বলছেন বঙ্গপ্রদেশের প্রবীণ কংগ্রেসনেতা সুরেন্দ্রমোহন ঘোষ এর জনক। কাজেই এখন আমরা সঠিকভাবে জানতে চাই—এ ছেলে কার? সংবাদপত্রে দেখেছি এইরকম সিনেমার একটা ছবি আসছে এই নামে, "এ ছেলে কার"? এতে জনগণের মনে অত্যন্ত কৌতুকের উদ্রেক করেছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: On a point of order, Sir. Is he relevant? I do not mind his talking the whole day against the merger. But is he relevant?

Mr. Speaker: So far as he spoke about waste of money in the different departments he was relevant but as soon as he brought in other things, he was irrelevant and I was going to stop him.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, you have rightly and correctly stated the purpose of the Appropriation Bill. Some of my friends seem to think that they will not give any more money for the Police but they have already sanctioned this. The Appropriation Bill is only for the purpose of intimating to the members that this is what we have done and

we ask them to see whether they are correctly done. You have also said that if there are any particular demands which have been guillotined then reference might be made to those particular subjects. Sir, I find that we are on the horns of a dilemma. We the Ministers are told that "You cannot take so much time". But, Sir, they want that sufficient explanation should be given to their points. But when we reply they become restless. That is a very difficult position.

With regard to the points mentioned by Sj. Subodh Banerjee and Sj. Bibhuti Bhushon Ghosh, regarding the anti-merger movement arrests, I have taken down what they said—

তারা পচা ভাত খায়, এবং তাদের আরও অনেক অসুবিধা আছে।

Sir, it so happens that this question was raised the other day and I have enquiries made by the Chief Presidency Magistrate and the report says "I did not find any difficulty in the food supply, the quality of the food supplied to the prisoners is according to the rules and ought to be sufficient to the people of the class from which the political prisoners come, that is, the Bhadralog class." What is more interesting and illuminating is that the men who have been arrested have written letters to their homes. I shall take the privilege of quoting a few sentences from those letters. One is from Sj. Rakhal Chandra Bhowmick, R.S.P., he was arrested on the 9th March, 1956

"আমরা এখানে বেশ আনন্দ উপভোগ করিতেছি।"

There is another Sj. Promode Kumar Roy, P.S.P. He was arrested on the 8th March

"এখানে বেশ আনন্দে দিন কাটিতেছে।"

There is another from Sj. Nagendra Nath Pal, President of the A. C. Jail Committee of Anti-Merger Prisoners,

"এখানে জেল কর্তৃপক্ষের আচরণ ভদ্র, তাই মোটামুটি দিন কাটিয়ে দেওয়া সম্ভব হচ্ছে।"

Another from Sj. Nikhilesh Sen, Forward Bloc,

"আমি রাজবন্দী, আমি যখনই যাহা চাই, তাহাই পাই। এখানে আমি বই আনিয়া পড়াশুনা করিতেছি। কোন কষ্ট নাই।"

[Noise.....interruptions.....] It is true my friends will not be satisfied because they are true. Some people always try to avoid truth and face the correct position. They try to be deluded by their own minds into thinking that there is something wrong somewhere and try to argue like Sancho Panza.

With regard to the complaint of Sj. Bibhuti Bhushon Ghose that bedsteads were not given to the prisoners who were arrested on the 9th, it is true that on that date we provided them with mattresses but we did not have bedsteads and we had to bring them from the Dum Dum Jail.

Sir, Sj. Subodh Banerjee has referred to the sponsored colleges. I do not know what he understands by the sponsored colleges but what I have understood is that these colleges would be under the control of Government in every matter, namely, appointment, etc., will be made by Government subject to Government rules. It is not our policy to bring all the colleges under Government control. Government would like to have sponsored colleges which will have their own governing bodies elected in the manner prescribed and which will be acceptable to the University of Calcutta and to whom we shall pay all deficit provided there the staff is of a particular type, where the students have a particular

attendance and so on and so forth. These are called sponsored colleges. If my friend Sj. Subodh Banerjee does not know this he may ask me and I would send him a note about the subject.

[6-25—6-35 p.m.]

With regard to Sjkta. Mani Kuntala Sen I am afraid her speed was so great and she spoke so rapidly that, I confess, my brain did not work—I tried to understand but it was in vain. But I have got one or two sentences from her speech. One is she talked about the famine condition. As far as I have understood from my friend Shri Prafulla Chandra Sen what she said was that there was no scarcity of food but what has happened is that in certain pockets in West Bengal there have been areas where the people had not the money to purchase the food. The purchasing power was less. That was what she said. It is true that there is contract labour in various spheres because you cannot have permanent labour everywhere because the object for which the labour is recruited may be of a temporary character.

Now, I came to my friend Dr. Ranendra Nath Sen. He has said that "why have you taken up the routes which belong to the private owners without making arrangements for supply of vehicles?" I am very sorry that when I was talking about this in the budget speech I made it perfectly clear that we are taking it in a staggered way so that whenever we are ready for replacement of a certain number of buses, we go in for taking over the routes from the private parties. He says that this thing has happened after the budget. Not a bit of it. If he takes my last year's speech he will find that I did give then and I have given this year a particular programme according to which we are taking over buses from the different owners and we are trying our level best to get those owners who have got not more than three buses rehabilitated in some other route along with their staff.

I will take the police last. He says "you have suppressed the trade union because you have arrested the Secretary of a union". If a Secretary or whoever he may be is inclined to go in for an offence it is necessary to suppress him. I did not suppress the union by that. I suppressed the individual. As you know, the cases of all persons who are detained under the Preventive Detention Act are put before the Judges. If the Judges think that the case is one for which detention can be prescribed, it is prescribed. It is not a question of my individual judgment at that stage; it is the judgment of the Judges prescribed under the Preventive Detention Act.

He has said that the I.T.P.A.—I have made enquiries from my friend Shri Kali Pada Mookerjee—have not agreed to give a bonus. They are not giving it. The Government of West Bengal asked the I.T.P.A. but they did not agree to give the bonus. In the Centre they refused to sign the bonus agreement. What we are trying to do is to induce them to sign it. It is not a question of compulsion. It is a question of agreement on this particular issue.

Then with regard to the labourers and with regard to the policy on the question of finding doctors for them, etc., my friend Shri Kali Pada Mookerjee had in his introductory speech given a complete account of the policy that we are following, the number of beds that we have arranged and so on; but my friends would not listen to him when he tried to reply, I remember. When he had spoken for 45 minutes my friends opposite became restive although he was prepared to give more information on the point. But the position is that in the Uttarpara Hospital we are providing

for 100 beds; in the Nilratan Sarkar Hospital 150 beds; and in Uluberia Hospital we are going to have 50 beds. It is true that at one stage I had suggested that if the panel system is not satisfactory for the areas near Changail, etc., you could have paid doctors there. The idea of panel system is that if the doctor is able to find his means of livelihood with a certain amount of money received through this particular labour system, then he can maintain himself. But I understand that in Changail, etc., there are no private practitioners who are really suitable for the purpose. Therefore, I had suggested and I still suggest the authorities concerned should see whether they can appoint men from the Medical College.

With regard to the after-care colony at Gouripore to which my friend Shri Rakhahari Chatterjee has referred, it was my ambition that that place should become the after-care colony. I will tell you why: unlike tuberculosis leprosy can be cured at the present moment by proper treatment. But the difficulty comes in that a man is treated and he is cured of the active disease; he is not able to earn his livelihood. The reason why I want to develop the Bankura area is that today or tomorrow we should be able to make these men do some work in order to maintain themselves. I have seen such colonies elsewhere and I am hoping that Gouripore will form an after-care colony for leprosy cases.

As regards loans to small traders, it is difficult to give them any loan except through the co-operatives because the difficulty is to get these small traders give some sufficient security according to the rules under the State Aid to Industries Act or the Bengal Finance Corporation Act. But if they come through a co-operative it is comparatively easy to issue loan. The other day Mrs. Sen came to me and told me of an area in Midnapore where they do the *dhup* business. I said that if the local co-operative officers were satisfied and if the Government was not able to pay immediately I offered to pay Rs. 500 or Rs. 600 from my relief fund just to enable them to carry on until we could get the Co-operative Society to give an advance.

Dr. Narayan Chandra Ray is perfectly right that there should be an organisation to co-ordinate the medical services rendered by different organisations, private, statutory and Government throughout the city of Calcutta and, if possible throughout West Bengal. In fact our mind has been working in this direction, and I may tell Dr. Narayan Chandra Ray that very soon after this session is over that will be one of the things that we shall go into because I feel that all the organisations should be so devised that it would be possible to give the maximum of benefit with the amount of money that will be utilised.

As regards the ratio between the doctor and the patient and the subordinate staff, I am afraid that the ratio may not be practical always because the number of extra patients that come into the hospital vary from day to day; it may not be possible to find the ratio always but it is possible to have some formula by which we can meet the emergency needs.

About the Police, my friend Dr. Ranen Sen and my friend Dr. Chatterjee said that they shall not give even one rupee for the Police because the Police are helping the pro-mergers. I want to ask if the anti-mergers did not attack me at Sovabazar. It is the anti-mergers who come to my house every morning and create disturbances. What is my protection? Am I not entitled to the same protection as Dr. Ranen Sen? Police should protect me against those who want to impose their opinion on me. I have said over and over again that the merger question is one which the people should decide, and if the people instead of solving it in a democratic way want to use force, the Police will be there always to protect me from the violence of those who are evil-doers, whoever they be.

[6-35—6-45 p.m.]

Sir, if my friend Shri Priya Ranjan Sen was confined in his house and if he had not been allowed to come to the Legislative Assembly, who did it? Was it the merger or the anti-merger people? Is that the way you work democracy? [Interruptions.] Is that the way you should come and tell me that the police are helping the merger? [Interruptions.] I deny that charge. The police are always there to keep the peace wherever peace is threatened.

With these words, Sir, I commend my motion.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the West Bengal Appropriation Bill, 1956, be taken into consideration was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Schedule

The question that the Schedule do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1956, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The Howrah Improvement Bill, 1955, as reported by the Joint Select Committee

Sj. Biren Banerjee:

মাননীয় সভাপাল মহাশয়, বহুকাল পর বহু চেষ্টার ফলে এবং বহু বৎসরের চেষ্টার ফলে হাওড়া ইমপ্রুভমেন্ট বিল অন্তত বিল আকারে এই অ্যাসেম্বলি হাউসে এসেছে। আমার বক্তব্য হচ্ছে যে, মন্ত্রিমহাশয় বলেছেন ১৯১৬ সাল থেকে এই বিল আনবার চেষ্টা হয়েছিল। ১৯১৬ সাল থেকে ১৯৫৬ সাল—৪০ বৎসর লেগেছে বিল তৈরি হয়ে অ্যাসেম্বলিতে আসতে। অবশ্য এর মধ্যে বহুবার এই নিয়ে আলোচনা হয়েছে, বিল তৈরি করবার প্রচেষ্টা হয়েছে কিন্তু এই বিল আকারে আসতে ৪০ বৎসর লেগেছে। আমরা আশা করব, এই বিল তাড়াতাড়ি পাস হ'ক। শুধু পাস হওয়াই নয়, সঙ্গে সঙ্গে এ আশাও করব যে, এই বিল পাস হওয়ার সঙ্গে সঙ্গে তাড়াতাড়ি কার্যকরী হ'ক। এখানে যে বিল হ'তে ৪০ বৎসর লেগেছে সেই বিল সম্বন্ধে যে কথা বীরেনবাবু বলেছেন আমি তার বিরোধিতা না ক'রে পাচ্ছি না। কেন বিরোধিতা করছি তার কারণ, সাধারণত লোকের এই ধারণা আছে যে, এই বিল কার্যকরী হ'তে ৪০ বৎসরের অন্তত ½ বা ¾ ভাগ সময় লাগবে। তা যদি হয় তা হ'লে আমি বলব যে, বিল তাড়াতাড়ি ক'রে আনা হয়েছে যে, বিল এত কাঠখড় পুড়িয়ে তৈরি করা হয়েছে, সেসমস্ত পরিশ্রম ব্যর্থ হবে। সভাপাল মহাশয়, কাল শেষের দিকে এই মোশন মুভ করার বিরোধিতা ক'রে শ্রদ্ধেয়

বীরেন রায় কয়েকটি কথা বলেছিলেন। আমি শ্রদ্ধেয় বীরেন রায় যে আদর্শ থেকে, যে লক্ষ্য থেকে এ কথা বলেছিলেন তার সঙ্গে আমি একমত। তার কারণ হচ্ছে, সত্যই যদি ইমপ্রুভমেন্ট করতে হয়, তা হ'লে এই পিস-মীল ইমপ্রুভমেন্ট ক'রে লাভ কি? সেই জায়গায় উনি দেখাতে চেয়েছেন বা চেষ্টা করেছেন যে, সাউথসুবার্বন মিউনিসিপ্যালিটি বেহালার দিকে এবং উত্তর দিকে কলকাতার আশে পাশে যেসমস্ত মিউনিসিপ্যালিটি আছে সেইগুলিকে আগে আরম্ভ করা উচিত ছিল। এটা তিনি ঠিকই বলেন। সেই সমস্ত মিউনিসিপ্যালিটি যাতে উন্নত হ'তে পারে, সেখানে স্যানিটেশন, স্ক্যাভেঞ্জিং এবং আদার ফেসিলিটিস এগুলি পেতে পারে এর প্রচেষ্টা গভর্নমেন্ট থেকে করা দরকার। শ্রদ্ধেয় বীরেন রায় এর পর যে কথা বলেছেন, অত্যন্ত দুর্ভাগ্য যে আমাদের তাতে বাধা দিতে হচ্ছে। এই মন নিয়ে বাধা দিচ্ছি,—যেখানে একটা বিল তৈরি হ'তে ৪০ বৎসর লেগেছে এবং যেখানে এই বিল চালু হ'তে অন্তত আরও ৪-৫ বৎসর লাগবে, সেখানে আমাদের ভয় হয় যে, যদি চারদিকের মিউনিসিপ্যালিটিকে জড় করা হয় তা হ'লে আবার হয়ত কোন বস্তার তলে গিয়ে পড়বে। তাই হাওড়াবাসী হিসাবে আমি সেইদিকে লক্ষ্য করছি যে, নাই মামার চেয়ে কানা মামা ভাল। হাওড়া মিউনিসিপ্যালিটির ইমপ্রুভমেন্ট হ'লে তার সঙ্গে সঙ্গে তার আশেপাশের যেসব মিউনিসিপ্যালিটি আছে সেগুলিও ইমপ্রুভমেন্টএর প্রচেষ্টা করা যাবে। অতএব শ্রদ্ধেয় বীরেন রায় যে কথা বলেছেন তার প্রিন্সিপলএর সঙ্গে আমরা একমত হ'লেও যে উপায়ে উন্নতির পরিকল্পনা চলেছে সেদিক থেকে এই হাওড়া ইমপ্রুভমেন্ট বিল যত তাড়াতাড়ি পাস করা যায় সেই প্রচেষ্টাই আমরা করছি। সভাপাল মহাশয়, এই বিল সিলেক্ট কমিটিতে আলোচনা হয়েছে এবং ভাল আলোচনাই হয়েছে। আমি বলব মন্ত্রিমহাশয় এই যে বলেছেন, সেই সঙ্গে আমি একমত। প্রথম আলোচনা যখন হয়েছিল তখন আমরা একটা মিনিট অব ডিসেন্ট দিয়েছিলাম এবং সেখানে মুখ্যত যে কয়েকটি কথা বলেছিলাম সেই কয়েকটি কথা ব'লেই আমি আমার বক্তব্য শেষ করব। সেটা হচ্ছে এই একটা সুখের কথা যে, ড্রেইনেজ এবং সিউয়ারেজ স্কিম এই দু'টির উপর বেটারমেন্ট ফি থেকে আমরা রেহাই পেয়েছি। যে লক্ষ্য থেকে এই বেটারমেন্ট ফি বাদ দেওয়া হয়েছে তার লক্ষ্যটা কি? হাওড়ায় এমন একটা পুরানো মিউনিসিপ্যাল অ্যাডমিনিস্ট্রেশন থাকা সত্ত্বেও এবং কলিকাতার এত পাশে থাকা সত্ত্বেও সেটা যেরকম পূতিগন্ধময়, তাতে এই দু'টো ব্যাপার আর্জেন্ট অ্যান্ড এসেনসিয়াল নেসেসিটি। এবং এই নেসেসিটির উপর যদি বেটারমেন্ট ফি লাগত তা হ'লে অত্যন্ত অন্যায় করা হ'ত। এই দৃষ্টি থেকে এ দু'টোর উপর থেকে বেটারমেন্ট ফি তুলে দেওয়া হয়েছে। এর সঙ্গে আমি বলব আরও যেসব বেটারমেন্ট ফি ধার্য করা হয়েছে সেখানে এই ধার্যের টাকা যেভাবে করা হচ্ছে, তাতে যদি একটা গ্রেডেশন থাকে তা হ'লে মনে হয় ভাল হবে। আমি কেন গ্রেডেশনএর কথা বলছি সেটা একটু বলি। ধরুন ডেভেলপমেন্ট জায়গায় জায়গায় হ'ল। একটা জায়গায় ডেভেলপমেন্ট হ'লে তার জমির ভ্যালুয়েশন বা আশেপাশের জায়গার যথেষ্ট উন্নতি হ'ল—যাতে তার ভ্যালুয়েশন বেড়ে যাবার সম্ভাবনা আছে। এইরকম হাওড়ার বহু জায়গার ডেভেলপমেন্ট হওয়া প্রয়োজন। বিশেষ ক'রে অ্যাডেড এরিয়ার ডেভেলপমেন্ট হ'লে সেখানে জমির ভ্যালুয়েশন বেড়ে যাবে। সেইজন্য ৪ —এটা সিলিং হ'ক। যেসব জায়গায় বেশি সুবিধা আছে সেইসব জায়গায় ৪ হ'ক, আর বাদবাকি জায়গাগুলিতে ৪-এর কম হ'ক।

[6-45—6-55 p.m.]

হাওড়ার অ্যাসেসমেন্ট রেট, হাওড়া ইমপ্রুভমেন্টএর জন্য ২০৪ থেকে ২২ করা হ'ল এই প্রতিশ্রুতি মনে ক'রে যে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট বিল আসছে। এই হারে ট্যাক্স বহুকাল তো তারা দিয়ে আসছে, কিন্তু কোন ইমপ্রুভমেন্ট হয় নি। এই ক'টা জিনিস মনে রেখে ৪ বেটারমেন্ট ফি যদি ধার্য করেন তা হ'লে হাওড়ায় লোকের উপর সুষ্ঠু আচরণ করা হবে, ন্যায্য আচরণ করা হবে। আমরা আর এক জায়গায় বলেছি, হাওড়ায় যে ট্রাস্ট হবে তার মেম্বার হবে ১১ জন। তার মধ্যে গভর্নমেন্ট নমিনেট করবেন ৪ জন। আমরা জোর দিচ্ছি একটা কথার উপর এই যে ১১ জন সভ্য হবে তার মধ্যে অন্তত একজন নেওয়া হ'ক যিনি টাউন প্ল্যানিং সম্বন্ধে দক্ষ—অন্তত একজনও এরকম জ্ঞানসম্পন্ন সভ্য নিন। এরকম সভ্য পেতে হাওড়ায় অন্তত খুব কষ্টকর হবে না। এজন্য হবে না ইঞ্জিনিয়ারিং কলেজ হাওড়ার মধ্যে। মন্ত্রিমহাশয়কে বলব,

যে বিল রচিত হয়েছে ৩ জন যেখানে গভর্নমেন্ট নমিনেটেড ছিল, সেই জায়গায় ৪ জন নমিনেটেড হচ্ছে। আমার বক্তব্য শুধু এইটুকু যে, এই যে চারজন তার মধ্যে অন্তত দেখেশুনে একজন সদস্য নিন যিনি টাউন প্ল্যানিং সম্বন্ধে দক্ষ। দ্বিতীয়ত, আমরা বলেছিলাম চেম্বার অব কমার্স থেকে দু'জন লোক নেওয়া হচ্ছে। চারটি চেম্বার অব কমার্স থেকে বাই রোটেশন দু'জন ক'রে মেম্বার ক'রে নেওয়া হবে। এইরকম যে ব্যবস্থা আছে সেখানে আমরা বলি—

Small Traders' Association, Manufacturers' Association

এবং স্থানীয় লোকের রেট পেয়ার্স অ্যাসোসিয়েশনএর যে বর্ধিষ্ণু সংস্থা আছে, অবশ্য তাদের আর্টিকল এবং মেমোরেন্ডামএ কি আছে সেটা উনি খোঁজ ক'রে দেখেন যেন, তাদের একটা রিপ্রেজেন্টেশন থাকা দরকার ব'লে মনে করি। এ কথা মন্ত্রিমহাশয় যেন স্মরণে রাখেন এবং স্মরণে রেখে তাদের যদি চেম্বার অব কমার্সএ ঢোকাতে পারেন তা হ'লে সবচেয়ে ভাল হয়। তা না হ'লে নমিনেশন ব্যাপারে তাদের যেন আনেন। আমার আরও বলবার ছিল, সেটা অ্যামেন্ডমেন্টএর সময়ই বলতে পারব। আমি মোটামুটি বলতে চাই, হাওড়ার ব্যাপারে বহু প্রচেষ্টা হয়েছে, গভর্নমেন্ট তরফ থেকে আমাদের তরফ থেকে। এই প্রচেষ্টার মধ্য দিয়ে যে বিলটা আজ বিল আকারে আমরা এতদিন পরে পেয়েছি, এর মধ্যে সবটাই যদিও আমাদের মনোমত নয়, তা হ'লেও একে সমর্থন করি এজন্য যে, হাওড়ার দিকে চেয়ে হাওড়ার মশামাছির দিকে চেয়ে, হাওড়ার পূতিগন্ধময় ড্রেনের দিকে চেয়ে। এবং এই কথাই বলতে চাই যে, এই বিলটা তাড়াতাড়ি পাস হ'ক এবং কার্যে পরিণত হ'ক এবং সেটা তাড়াতাড়ি হ'ক। কার্যে পরিণত করতে গিয়ে এতে দোষত্রুটি যা আছে তা খণ্ডন করবেন, হাওড়াকে সুষ্ঠু ক'রে সমৃদ্ধ ক'রে গ'ড়ে তুলতে। কলিকাতার পাশে এই হাওড়া শহরে যাতে আলোর নিচেই অন্ধকার না থাকে, কলিকাতার উজ্জ্বলতা হাওড়াও পায়, এই আশা ক'রে এবং বিলটি তাড়াতাড়ি কার্যকরী হবে এবং কার্যে পরিণত করবার সময় নমিনেশন ব্যাপারে যে কথা বললাম, সেগুলি সরকার ও মন্ত্রিমহাশয় বিশেষ ক'রে মনে রাখবেন, এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

Dr. Kanailal Battacharya:

মাননীয় স্পীকার মহাশয়, সিলেক্ট কমিটির রিপোর্ট আকারে এই বিল আমাদের সামনে রাখা হয়েছে। হাওড়া শহর এই কলিকাতার পাশে, গঙ্গা পার হ'লেই হাওড়ায় যাওয়া যায়। বাংলার বাইরে থেকে যাঁরা কলকাতায় আসতে চান, তাঁদের এই হাওড়ার ভিতর দিয়ে আসতে হয়, কিন্তু অত্যন্ত ক্ষোভের এবং দুঃখের বিষয় যে, এই হাওড়া শহরটা এতদিন পর্যন্ত সরকারের দৃষ্টি আকর্ষণ করতে পারে নি এর উন্নয়নের জন্য। তা সত্ত্বেও আজকে সরকার এই যে বিল আমাদের সামনে এনেছেন হাওড়ার উন্নয়নের জন্য, সেটা দেরিতে হ'লেও সমর্থনযোগ্য এবং এর জন্য আমি মন্ত্রিমহাশয়কে আমার আন্তরিক ধন্যবাদ জানাই। এই বিল যে এসেছে, আমি বলব দেরিতে হ'লেও এখনও হাওড়ার উন্নয়নের যথেষ্ট সময় আছে। বিলটা প্রথমত আমাদের সামনে যেভাবে পেশ করা হয়েছিল তার দ্বারা আমরা দেখতে পেয়েছিলাম যে মন্ত্রিমহাশয় এবং যাঁরা এই বিলটা রচনা করেছেন তাঁদের মনোভাব এবং দৃষ্টিভঙ্গি কলকাতা শহরের উন্নয়ন আইন যেটা ছিল সেই দৃষ্টিভঙ্গি নিয়েই বিলটাকে রচনা করা হয়েছিল। তাঁরা কলকাতা এবং হাওড়ার মধ্যে যে পার্থক্য আছে সে পার্থক্যটা অনুভব করতে পারেন নি, দেখতে পান নি। সিলেক্ট কমিটিতে আলোচনার ফলে আমরা মন্ত্রিমহাশয় এবং সিলেক্ট কমিটির অন্যান্য মেম্বারদের দৃষ্টি আকর্ষণ করতে পেরেছিলাম, অন্তত কিছু কিছু পয়েন্টসএ যে কলকাতার সঙ্গে হাওড়ার যথেষ্ট পার্থক্য আছে, যার ফলে সিলেক্ট কমিটির রিপোর্টের ভেতর দিয়ে আপনারা দেখতে পাবেন অনেক জায়গায় অনেক সংস্কার করা হয়েছে—বড় বড় সংস্কার আমি বলতে পারি। যেমন সিউয়েজ এবং ড্রেইনেজ স্কীম হ'লে তা দিয়ে যে ইমপ্রুভমেন্ট হবে তার দ্বারা বেটারমেন্ট ফি চার্জ করা হবে না। যেমন ট্রাস্ট গঠনের ব্যাপারে সংখ্যা বাড়িয়ে দেওয়া হয়েছে এবং মিউনিসিপ্যালিটির তরফ থেকে একজন বেশি নেওয়া হয়েছে। কিন্তু যখন সিলেক্ট কমিটিতে এই বিষয়ে আলোচনা চলছিল তখন আমি একটা বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম, কিন্তু সেটা এর মধ্যে ইনকরপোরেট করা হয় নি। আমি সেটা আপনার সামনে ফের পেশ করতে চাই। সেটা হচ্ছে এই যে, সরকার মনোনীত যে ব্যক্তিরা নিয়োজিত হবেন এই ইমপ্রুভমেন্ট ট্রাস্টে, তার ভেতর অন্তত এইটুকু স্ট্যাটিউটরি গ্যারান্টি থাকলে ভাল হ'ত

যে, হাওড়া শহরের দুইজন অধিবাসী অন্তত কমপক্ষে থাকবেন। এখানে মন্ত্রিমহাশয় হয়ত বলতে পারেন যে, এমন হয়ত টেকনিক্যাল লোক নিতে হ'তে পারে যারা ট্রাস্টের মধ্যে গিয়ে হাওড়া শহরের উন্নয়ন পরিকল্পনাকে ভালভাবে রূপ দিতে পারবে। আমি সেখানে বলব যে হাওড়া শহরে এইরকম লোকের অভাব হবে ব'লে আমার মনে হয় না। হাওড়া শহরের উপর সরকারের দৃষ্টি এতদিন পড়ে নি বটে, কিন্তু এইটুকু আমি গর্ব ক'রে বলতে পারি যে, এই শহরের ভেতর যেসমস্ত মানুষ আছে তারা পশ্চিমবঙ্গের অন্যান্য শহরের মানুষের তুলনায় কোন অংশে নিকৃষ্ট নয়। এইটুকু স্ট্যাটিউটরি রেকগনিশন যদি হাওড়া পিপ্‌লদের থাকত তা হ'লে আমি মনে করি, হাওড়া পিপ্‌ল মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ দিত এবং শুধু তাই নয়, এই উন্নয়ন ব্যাপারে হাওড়ায় যেটুকু দেয়, সেটুকু দিতে তারা কিছুমাত্র কার্পণ্য করত না। এই বিলে আরও ২-৪টি খুঁটিনাটি বিষয়ে আমাদের কিছু কিছু আপত্তি আছে। সেগুলি আপনার সামনে তুলে ধরতে চাই না। তার কারণ হচ্ছে, আমরা মিনিটস অব ডিসেন্টএর মধ্য দিয়ে আমাদের বক্তব্য এই হাউসের সামনে পেশ করেছি। অবশ্য এই আইনটা যখন কাজে লাগানো হবে, তখন হয়ত এর আরও খুঁটিনাটি পরিবর্তনের প্রয়োজন হ'তে পারে। সেদিকে আমি মন্ত্রিমহাশয়কে বলব যে, আইনটা চালু হবার পর হাওড়ার জন্য যে আইন রচিত হয়েছে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের যে অভিজ্ঞতা, সেই অভিজ্ঞতার দ্বারা আমার নিজস্ব ধারণা কলকাতার জনসংখ্যার সে ধরনের শ্রেণীবিন্যাস, হাওড়ার জনসংখ্যার শ্রেণীবিন্যাসে তার থেকে অনেক পার্থক্য। কলকাতায় বহু বড় বড় ধনী আছেন, বড় বড় মধ্যবিত্ত আছেন, কিন্তু হাওড়ায় সেরকমধনিক শ্রেণীর ব্যক্তি কেউ নেই এবং হাওড়ায় মধ্যবিত্ত শ্রেণী কলকাতার মধ্যবিত্ত শ্রেণীর চেয়ে আর্থিক দিক দিয়ে অনেক নীচুতে রয়েছে।

[6-55—7-5 p.m.]

তৃতীয়ত, হাওড়ার আশেপাশে অনেকগুলি কলকারখানা থাকার ফলে হাওড়ার জনসংখ্যার একটা বড় অংশ শ্রমিক শ্রেণী। এই শ্রমিক শ্রেণীর অনেকে তাদের নিজেদের বাড়িতে বাস করে। উন্নয়নের ফলে যাতে তারা বাস্তুচ্যুত না হয় সেদিকে আমাদের দৃষ্টি রাখতে হবে। এদিক থেকে আমাদের ডেভেলপমেন্টএর জন্য যে বেটারমেন্ট ফি চার্জ করা হয়েছে সেটা যাতে স্কেলিং ডাউন করা হয়—হয়ত ৪ অব দি বেটারমেন্ট ফি করা হ'ল—তা হ'লে সবদিক থেকে ভাল হ'ত এবং হাওড়ার লোকের পক্ষে সেই বেটারমেন্ট ফি দেওয়া সম্ভব হ'ত। এখানে আমি কিছু জোর ক'রে বলতে পারি না, কারণ এটা যখন চালু হবে তখন কিভাবে আদায় করা হবে, জানি না। তবে মনে হয় এই বেটারমেন্ট ফি যেভাবে করা হয়েছে তাতে হাওড়ার নিম্নশ্রেণীর লোকদের যাদের হাওড়ার মধ্যে নিজেদের বাড়ি আছে তাদের একটা অসুবিধা হবে। মন্ত্রিমহাশয় আমাদের সিলেক্ট কমিটিকে বলেছেন, ওটার জন্য খুব বেশি অসুবিধা হবে না। কেন্দ্রীয় সরকার আগামী দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় হাওড়ার উন্নয়নের জন্য ৫০ লক্ষ টাকা বরাদ্দ করেছেন। প্রতি বছর ১০ লক্ষ ক'রে খরচ হবে। বেঙ্গল গভর্নমেন্ট কিছুটা দেবেন জুটসেস থেকে এবং ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট থেকে কিছু পাওয়া যাবে। হাওড়া মিউনিসিপ্যালিটির সেদিক থেকে দেখতে গেলে আমার মনে হয় না যে, আর্থিক খুব একটা সংকট হবার কারণ আছে। সেজন্য আমি মন্ত্রিমহাশয়কে বলব, এই বেটারমেন্ট ফিএর ব্যাপারটা যদি একটু ভালভাবে চিন্তা করেন তা হ'লে এটাকে হয়ত স্কেলিং ডাউন করা যেতে পারে। আমার আর একটা বক্তব্য হচ্ছে প্রথমত এখানে ইমপ্রুভমেন্ট ট্রাস্ট করার পরে ক্যালকাটার যে ট্রাইব্যুনাল সেই ট্রাইব্যুনালই হাওড়ার সমস্ত ব্যাপার বিচার করবে। আমার কথা হচ্ছে, যদি টাকার অভাব না হয়, যদি প্রাথমিক পর্যায়ে টাকা পাওয়া যায়, তা হ'লে শত শত কেস যা ক্যালকাটা ট্রাইব্যুনালএর হাতে রয়েছে, সেগুলি ওখান থেকে নিয়ে আসা উচিত ব'লে আমি মনে করি। প্রথম কথা ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টএর যে ট্রাইব্যুনাল তার হাতে প্রচুর কেস আছে। দ্বিতীয়ত, হাওড়ার যে অ্যাটমসফিয়ার সেটা ক্যালকাটার থেকে অনেকখানি তফাৎ। সেখানে আমার মনে হয় বিচারের পার্থক্য হবার সম্ভাবনা রয়েছে। সেজন্য আমি বলব যদি ঐ ক্লজটা তুলে দেওয়া যায় তা হ'লে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট হওয়ার সঙ্গে সঙ্গে ট্রাইব্যুনালও গঠিত হ'তে পারবে এবং ট্রাইব্যুনাল গঠিত হবার পর জনসাধারণের সুবিধা হবে। আর কিছু বলতে চাই না, তাড়াতাড়ি এই বিলটা পাস ক'রে শীঘ্র যাতে হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট গঠিত হয় তার ব্যবস্থা করুন।

Dr. Beni Chandra Dutt: Sir, I was surprised to see that Srijut Biren Roy deliberately tried to undermine the whole thing by suggesting to tag on Behala and other municipalities under one Improvement Trust. I want to tell him that with his experience as Chairman of a municipality he should have known that the question of improving a particular area cannot be considered by simply tagging it on with the question of improvement of another area, for the problems of the two areas are not the same. Besides, there are certain prerequisites to develop a particular municipal area, namely to take the view of the local people, area of the municipality, and lastly finance—all these things have to be considered. Instead of looking into these points he has simply tried to undermine the whole thing by tagging the improvement of Howrah with other areas. If his suggestions are carried to the logical conclusion, the situation will be like that of a dog in the manger policy, and the whole thing will ultimately end in fiasco. Besides, the question of the improvement of Howrah is not a new one, nor has the idea of an Improvement Trust come a day too soon. The idea came long ago. In the Statement of Objects and Reasons it has been expressly stated that the question of improvement of Howrah has been a matter of serious concern to the Government for a long time past. Attempts were made in the past to effect a machinery for carrying out the improvement of the town of Howrah. Unfortunately, however, this did not materialise so far. If you permit me, Sir, I will lay before the House, in brief, the time it has taken, the distance it has covered since its inception to its presentation before us in its present form. As far back as 1916 Mr. Bompas, the then Chairman of the Calcutta Improvement Trust, wrote to the Government to extend the operation of the Calcutta Improvement Trust to Howrah, as, in his opinion, for successful implementation of the scheme for improvement of Calcutta it was necessary to have an integrated scheme for the development of Howrah as well, but the Government paid no heed to it. A few months later, however, at a meeting of the Improvement Trust Board a resolution was passed at the instance of Sir R. N. Mukherjee to the effect that the operation of this Trust be extended to Howrah and steps be taken to prepare a scheme with rough estimates for executing such improvement as would be found necessary and that within the resources of the Trust. Accordingly, Mr. Madon, the then Chief Engineer, prepared a scheme at an estimated cost of Rs. 1 crore. But this scheme, when placed before the Board, was turned down by them, the original mover voting against the motion. So the matter dropped there. A year or so later Mr. Bompas again tried to approach the Government with a view to drawing their attention to the question of extending the operation of this Trust to Howrah. This time the Government was roused from its slumber, and they proceeded to take the views of the Commissioners of the Howrah municipality.

[7-5—7-14 p.m.]

At a meeting of the Commissioners held on 5th May, 1917, the Commissioners unanimously resolved that the provisions of the Calcutta Improvement Trust should be extended to Howrah without further delay. Government thereafter by a notification declared that the Governor-in-Council was satisfied that there was imperative need of improvement of Howrah and that it should be carried out under the auspices of a Board of Trustees. Thereafter they proceeded to enquire of the municipality as to what percentage of tax they should be able to contribute to the coffer of the Board. The Municipality in reply told them that they were agreeable to pay 2½ per cent. of the rates prevailing at the time. But nothing was done after this. Although a scheme was prepared at an estimated cost of Rs. 1 crore and under this scheme there was a provision for the levy of stamp

duty and one-fifth of jute and terminal tax realised by the Calcutta Improvement Trust, the last item was vehemently protested by the Calcutta Improvement Trust. As a result Government decided to take up this item and realise the amount by making a fresh levy of jute duty and make over the same to the Board for the improvement of Howrah. Nothing was done till 1922 when as a result of constant pressure by Government a conference was held at Writers' Buildings under the auspices of Sir Surendra Nath Banerji and it was decided that a separate Board should be formed for Howrah. In 1923 Government informed the Commissioners that the question of improvement of Howrah could not be taken up until the question of financing the proposed Howrah Bridge was considered. The question was, therefore, kept at rest till 1927 when again an enquiry was made of the Commissioners as to whether they were agreeable to pay 2½ per cent. of the holdings as their contribution. Several conferences were held after that and the last one was held in Darjeeling under the auspices of the Nawab of Dacca. It was decided that the Government should initiate legislation for extending the operation of the Calcutta Improvement Trust to Howrah. Thereafter, the World War came and nothing was heard till 1947 when Mr. Mohammed Ali, the Minister-in-charge, put forward a Bill for the improvement of Howrah which was passed with minor modifications and was placed before the Council for consideration but when it came to be considered the Hon'ble Minister declared that as there were certain technical difficulties the Bill could not be considered.

Mr. Speaker: Those are all past history. Come to the present Bill.

Dr. Beni Chandra Dutt: Then came Independence. It was decided that the whole thing should be decided according to the new set-up and the Chief Minister asked Mr. Prosser to prepare a scheme which was, however, too ambitious and at his suggestion it was further modified. Then Mr. B. N. Dey, Engineer in charge to the Government, prepared another Bill on the lines of this Bill which is now before us for consideration. Sir, I need not enter into the merits of the Bill as previous speakers had said so many things but I would only say that the Bill is a modest one and it has been framed on the lines of the Calcutta Improvement Trust. Sir, there has been already inordinate delay due to the apathy of the previous Government in giving effect to their professed sympathy for Howrah with the result that sanitary conditions of Howrah remain as bad as ever.

Sir, in conclusion I would appeal to the members of this House to give the Bill a safe passage so that the Bill may appear in the form of an Act before the financial year is out. We the members from Howrah hope that we will not rest content unless the Bill is passed by both the Houses and actual implementation is made by appointing a Board of Trustees and carried into effect as early as possible. I thank the Hon'ble Minister-in-charge and the Chief Minister for the promptness with which they have brought forward this Bill within a short space of time.

The Hon'ble Iswar Das Jalan: Sir, I am glad that at least I have produced one Bill which has met with the approval of the Opposition.

Sir, so far as the points raised by Sj. Biren Roy are concerned, I think everybody in the House will agree that Behala, Garden Reach, Dum Dum etc., require improvement. The question is only of money. If money is available then all these areas can be developed. As a matter of fact there are provisions both in the Calcutta Improvement Act as well as in the Howrah Improvement Bill that any area which is adjacent to the municipal areas may be taken over by these Trusts but if at any time Behala or Garden Reach or Dum Dum is to be taken up it will be taken up by the

Calcutta Improvement Trust and not by the Howrah Improvement Trust. The Howrah Improvement Trust will take up the other areas which are on the other side of the river. We do hope that the time will come when Howrah Improvement Trust will extend its activities to the utmost possible extent but it is all a question of finance and the financial question is not for one or two years but it is a question for decades. Sir, these are the difficulties which stood in the way of the Howrah Improvement Trust coming into being so long.

So far as the other points raised by my friends are concerned, we hope that the Bill will be put into operation as quickly as possible otherwise there is no meaning in merely passing a Bill. We are trying our utmost to improve the condition of the Howrah people by this Improvement Trust because it is not only a shame to the people who are inhabiting there but it is a matter of shame to all of us who are concerned with improving the lot of the people residing in that locality.

With regard to the various other points raised by my friends I do not think it is necessary for me to deal with them at this stage. When the amendments will come I will deal with the specific items. Sir, I do not think I should take more time of the House at this stage and with these words I commend my motion for the acceptance of the House.

The motion of the Hon'ble Iswar Das Jalan that the Howrah Improvement Bill, 1955, as reported by the Joint Select Committee be taken into consideration was then put and agreed to.

Mr. Speaker: There is a slight change of business. On account of the hartal the non-official business could not be taken up and therefore on Friday next the first two hours will be devoted to non-official business and thereafter the business standing over from today will be taken up. The House will sit at 2-30 p.m. on Friday. The House now stands adjourned till 2-30 p.m. on Friday, the 23rd March, 1956.

Adjournment

The House was then adjourned at 7-14 p.m. till 2-30 p.m. on Friday, the 23rd March, 1956, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 23rd March, 1956, at 2-30 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 9 Deputy Ministers and 194 Members.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[2-30—2-40 p.m.]

Number of under-trial prisoners arrested in connection with the movement against union of Bihar and West Bengal and newspapers allowed to them

***107A.** (SHORT NOTICE.) **Sj. Ganesh Ghosh:** Will the Hon'ble Minister in charge of the Home (Jails) Department be pleased to state—

(ক) বঙ্গ-বিহার সংযুক্তি প্রতিরোধজনিত আইন অমান্য আন্দোলনের জন্য বর্তমানে ১৪ই মার্চ, ১৯৫৬ পর্যন্ত কোন্ জেলে কতজন বিচারাধীন বন্দী রহিয়াছেন; এবং

(খ) এই বন্দীদের কি কি দৈনিক এবং সাপ্তাহিক কাগজ পড়িতে দেওয়া হয়?

The Minister-in-charge of Jails Department (The Hon'ble Dr. Jiban Ratan Dhar): (ক) আলিপুর সেন্ট্রাল জেলে ৩৪৩ জন; প্রেসিডেন্সি জেলে ৫৪৪ জন।

(খ) এই বন্দীগণ নিজ খরচায় নিম্নলিখিত সংবাদপত্রগুলি পড়িয়া থাকেন:—

(১) স্টেটস্‌ম্যান্।

(২) অমৃতবাজার পত্রিকা।

(৩) আনন্দবাজার পত্রিকা।

(৪) বসুমতী।

(৫) হিন্দুস্থান স্টান্ডার্ড।

(৬) যুগান্তর।

(৭) লোকসেবক।

Sj. Ganesh Ghosh:

এই যে পত্রিকাগুলি তারা নিজ খরচে পড়ে থাকেন, তারা কি যে কোন কাগজই পড়তে পারবেন?

The Hon'ble Dr. Jiban Ratan Dhar:

না, গভর্নমেন্টের অনুমোদিত যে লিস্ট আছে, সেই অনুযায়ী পড়তে পারে।

Sj. Ganesh Ghosh:

সেই লিস্ট গভর্নমেন্ট থেকে করা হয়েছে, না, পুলিস থেকে করা হয়েছে?

The Hon'ble Dr. Jiban Ratan Dhar:

গভর্নমেন্ট থেকে।

Sj. Ganesh Ghosh:

কি কি ভিত্তিতে স্থির করা হয়েছে?

The Hon'ble Dr. Jiban Ratan Dhar:

সাধারণতঃ সারকুলেশন ও নন-পার্টি নেচারএর ভিত্তিতে।

Sj. Ganesh Ghosh:

লোকসেবক কি নন-পার্টি কাগজ?

The Hon'ble Dr. Jiban Ratan Dhar:

আমার ঠিক জানা নাই।

Sj. Ganesh Ghosh:

নন-পার্টি বেসিস যদি হয়, তাহলে এই কাগজ যখন দেওয়া হয়েছে, তখন এটা কি বুঝবো নন-পার্টি কাগজ?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Ganesh Ghosh:

জনসেবক ও স্বাধীনতা ও অন্যান্য কাগজগুলো কি কি কারণে দেওয়া হয় না?

The Hon'ble Jiban Ratan Dhar:

জনসেবক ও স্বাধীনতা কাগজ নন-পার্টি নয় বলেই দেওয়া হয় না।

Sj. Ganesh Ghosh:

এখন যে অবস্থা আছে সেই অবস্থায় বিচারাধীন বন্দীরা কি নিজেরা খরচ করলে এ কাগজগুলি পেতে পারে?

The Hon'ble Dr. Jiban Ratan Dhar:

যেগুলি অনুমোদিত নয়, সেগুলি পেতে পারে না।

Sj. Jatish Ghosh:

এই যে পার্টি পেপার, নন-পার্টি পেপার বলা হয়েছে এটা বিচার করেন কে?

Mr. Speaker:

উনি তো সেটা আগেই বলেছেন যে গভর্নমেন্ট।

Erosion of Basirhat Town by the Ichhamati river

***107B.** (SHORT NOTICE.) **Sj. Hemanta Kumar Ghosal:** Will the Hon'ble Minister in charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(ক) সরকার কি অবগত আছেন যে—

(১) ইছামতী নদীর ভাঙ্গনের জন্য ২৪-পরগণার জেলায় বসিরহাট শহর বর্তমানে ক্ষতি-গ্রস্ত হইয়াছে, এবং

(২) স্থানীয় অধিবাসিগণ এসম্বন্ধে ব্যবস্থা অবলম্বনের জন্য সরকারের নিকট আবেদন করিয়াছেন ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় জানাইবেন কি বসিরহাট সহর এবং ইহার অধিবাসীদের রক্ষার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন বা করার পরিকল্পনা করিতেছেন?

The Minister-in-charge of the Irrigation and Waterways Department (The Hon'ble Ajoy Kumar Mukherjee):

(ক)(১) হ্যাঁ, গত ১০ই জানুয়ারী প্রায় ১২॥ কাঠা নিচু জমি নদীর ভাঙ্গনে পড়েছে। কোন বাড়ীঘর ক্ষতিগ্রস্ত হয়নি। ক্ষতির পরিমাণ প্রায় ১,৫০০ টাকা।

(২) হ্যাঁ

(খ) প্রয়োজনীয় অনুসন্ধানের কাজ (ইরিগেশন) আরম্ভ করা হয়েছে।

অন্য প্রশ্ন করবার আগে আর একটা খবর আপনাদের দিই এ সম্বন্ধে। ১০ই জানুয়ারী ভাঙ্গন হয়েছে, আর পরের দিন ইরিগেশন এস, ডি, ও, সেটা দেখতে গিয়েছিলেন। তারপর এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ারও দেখতে গিয়েছিলেন। ইতিমধ্যে ওখানকার যিনি এম, এল, এ, প্রফুল্ল-বাবু তিনি আমার সঙ্গে এ সম্বন্ধে দেখা করেন। ১৭ই জানুয়ারী সেখানে সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ারকে পাঠান হয়। তিনি দেখে এলেন এবং এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ারকে কতকগুলি তথ্য অনুসন্ধান করতে বললেন। তারপর ১৩ই মার্চ তারিখে ওখানে চীফ ইঞ্জিনিয়ার গেলেন। তিনি দেখে এসে সুপারেন্টেডিং ইঞ্জিনিয়ার ও এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ারএর সঙ্গে যুক্তি করে হিসেব করে দেখলেন যে ফেরীঘাট থেকে বারণিংঘাট পর্যন্ত আড়াই হাজার ফুট লম্বা এলাকা ভাঙ্গনে বিপন্ন হয়েছে। ওখানে নদী প্রায় ৫০ ফুট গভীর। ওখানে যদি পাথর দিয়ে নদীর পাড় বাঁধতে হয়, তাহলে ১৫ থেকে ২০ লক্ষ টাকা খরচ হতে পারে। এবং এই পাথর বর্তমানে বর্ষার আগে সংগ্রহ করে নিয়ে এসে বসিরহাটে পেঁাছে দেওয়া সম্ভব নয়। তা ছাড়া যদি এইরকম একটা এত টাকার কাজ করতে হয়, তাহলে তার আগে একটা মডেল এক্সপেরিমেন্ট রিভার রিসার্চ ইনস্টিটিউটএ করা দরকার, তাঁরা মনে করে। সেই মডেল এক্সপেরিমেন্ট করানোর জন্য ৩৯ হাজার ৩৬৫ টাকার একটা এসটিমেট তাঁরা তৈরী করেছেন। এই টাকায় শুধু তথ্যানুসন্ধান হবে, ডেটা সংগ্রহ হবে। তারপর মডেল এক্সপেরিমেন্টএর জন্য টাকা চাইবেন। এসব সংগ্রহ করতে ছয় মাস সময় লাগবে, মডেল এক্সপেরিমেন্টএর জন্য ছয় মাস সময় লাগবে। তার মানে এতে ওতে প্রায় এক বছর সময় লাগবে। আর এই এক বছরের মধ্যে নদী কি করবে তা বলা যায় না। না হলে সাড়ে সতের বিঘা জমি ভেঙ্গে নিতে পারে। বড় বড় বাড়ীঘর যা সেখানে আছে টাউন হল ইত্যাদি সবশুদ্ধ বাড়ীঘর জমি নিয়ে আনুমানিক প্রায় দেড় লক্ষ টাকার সম্পত্তি সেখানে আছে। এক্ষণে ১৫ থেকে ২০ লক্ষ টাকার কাজ করলে এই দেড় লক্ষ টাকার সম্পত্তি রক্ষা হতে পারে। কাজেই এত টাকা এখন খরচ করা সম্ভবও নয়, লাভজনকও নয়। মডেল এক্সপেরিমেন্ট না করলে ঠিক করে কোন কাজ সেখানে করা যাবে না এই হচ্ছে ইঞ্জিনিয়ারদের অভিমত।

Sj. Hemanta Kumar Ghosal:

আপনার কিছুই বলা হয় নাই। আপনি উত্তরে বলেছেন বাড়ীঘরের কোন ক্ষতি হয় নাই, আবার বলছেন ক্ষতির পরিমাণ পনেরশো টাকা। তাহলে একথা কি সত্য যে ১৯৫০ সালে যখন এই নদী ভাঙ্গে, সেই ভাঙ্গনের সময় হরিসপুর, মির্জাপুর, অমরকাটা ও চৌরা এই গ্রামগুলি নদীর তলায় ভেঙ্গে চলে গেছে?

Mr. Speaker: You gave notice of an adjournment motion for immediate action.

Sj. Hemanta Kumar Ghosal:

স্যার, এটা কন্টিনিউ করছে ১৯৫০ সাল থেকে আজ পর্যন্ত।

Mr. Speaker: The object of supplementary is to elicit facts. I definitely remember that you put an adjournment motion. An adjournment motion cannot arise except on an event of immediate importance.

Sj. Hemanta Kumar Ghosal:

উনি স্যার, ক্ষতির পরিমাণ পনেরশো টাকা দিয়েছেন। এটা ফ্যাক্টস নয়। প্রশ্ন করি নদীর ভাঙ্গন হয়েছে, তাতে ক্ষতি কি হয়েছে? আমি সালটাল কিছু মেনসন করি নাই। যেহেতু ডেনজার সিগনাল দেখা দিয়েছে, সেইজন্য এডজোর্নমেন্ট মোশন দিয়েছিলাম। একটা রিটেন কোয়েশ্চেন ছিল ইচ্ছামতীর ভাঙ্গনে বসিরহাট শহর বর্তমানে ক্ষতিগ্রস্ত হয়েছে কিনা, আর যে গ্রামগুলি নদীর ভাঙ্গনে নদীর তলায় চলে গেছে সেগুলি বসিরহাট সীমানার মধ্যে কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এই প্রশ্ন শুধু বসিরহাট শহর সম্পর্কে ছিল। তাতে মিউনিসিপ্যাল এলাকার কথা বলেন নাই।

Sj. Hemanta Kumar Ghosal:

বসিরহাট শহরের মধ্যেকার এই কয়টি জায়গা ভাঙ্গনে নদীর তলে চলে গেছে একথা সত্য কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটিস দিলে বলবো।

Sj. Hemanta Kumar Ghosal:

একথা সত্য কিনা, যুগান্তর কাগজে ১৪ই মার্চ বেরিয়েছে বসিরহাট শহরের যা ক্ষতি হয়েছে, সেই ক্ষতির পরিমাণ তাঁরা বলেছেন, প্রায় দুশো ঘর একবারে নদীর ভাঙ্গনে বিলুপ্ত হয়ে গেছে?

Mr. Speaker: A supplementary cannot arise out of a statement from a newspaper.

[2-40—2-50 p.m.]

Sj. Hemanta Kumar Ghosal:

এই যে সাড়ে বার কাঠা জমি নদী ভাঙ্গায় পড়েছে তারমধ্যে বড় বড় বাড়ী বসিরহাট কোর্ট, ট্রেজারী ও টাউনহল পড়েছে কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

বর্তমান বছরে যে সাড়ে বার কাঠা জমি ভাঙ্গতে পারে তাতে বড় বাড়ীর মধ্যে টাউনহল পড়েছে।

Sj. Hemanta Kumar Ghosal:

আপনার কর্মচারীরা যে রিপোর্ট দিয়েছেন তাতে টাউনহল ছাড়া আর কি কি পড়েছে বা পড়তে পারে বলে তাঁরা রিপোর্ট দিয়েছেন।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আমি ত বল্লামই টাউনহল ছাড়া আর কিছু পড়ে নি।

Sj. Hemanta Kumar Ghosal:

বসিরহাট টাউনহল থেকে কোর্ট পর্যন্ত ভাঙ্গতে পারে একথা সত্য কিনা?

Mr. Speaker:

উনিত বলেইছেন, আবার কেন একই প্রশ্ন?

Sj. Hemanta Kumar Ghosal:

উনি বলেছেন বড় বাড়ীর মধ্যে এক টাউনহল ভাঙ্গতে পারে। আপনি বসিরহাটে গিয়েছেন উনি বলেছেন টাউনহল বড় বাড়ীর মধ্যে পড়ে—আমার প্রশ্ন হচ্ছে সেখান থেকে লাইন টান্‌লে কোর্ট পর্যন্ত যায় কিনা?

Mr. Speaker: A geographical fact is fact. He cannot alter geography.

Sj. Hemanta Kumar Ghosal:

স্যার, আমার সাপ্লিমেন্টারি কোয়েশ্চেন হচ্ছে বসিরহাট টাউন কোলাপসএর স্টেজএ এসেছে কিনা। উনি যে বলেছেন টাউনহল ক্ষতিগ্রস্ত হতে পারে তা থেকে এই প্রশ্ন উঠতে পারে।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আমি বলতে পারি কোর্ট বিল্ডিং বিপন্ন হবে না। এই আমার রিপোর্ট।

Sj. Hemanta Kumar Ghosal:

কোর্ট বিল্ডিং থেকে নদীর ভাঙ্গন কতটা তফাত হবে মন্ত্রীমহাশয় বলতে পারেন কি?

Mr. Speaker:

আবার আপনি একই ধরণের প্রশ্ন তুলছেন।

Sj. Hemanta Kumar Ghosal:

বসিরহাট কোর্টের বার থেকে টাউন বিপন্ন হওয়ার মুখে, এই অভিযোগ পেয়েছেন কিনা, আমি জিজ্ঞাসা করছি। যদি তা পেয়ে থাকেন তাহলে ইমিডিয়েটলি কিছু করা হবে কিনা; কারণ বসিরহাট টাউন কোলাপস করার মতন অবস্থায় এসে যাচ্ছে এ সংবাদ যদি উনি রাখেন তবে ইমিডিয়েটলি কিছু করার ওদের অভিপ্রায় আছে কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

টাউন কোলাপস হতে পারে কিনা সে সম্বন্ধে আমার আর বলার কিছু নাই।

Sj. Hemanta Kumar Ghosal:

উনি বলেছেন টাউনহল ক্ষতিগ্রস্ত হতে পারে টাউনহল টু কোর্ট কতটা দূরে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

বসিরহাট টাউনের কোন পার্ট সম্বন্ধে আমার সঠিক ধারণা নাই।

Sj. Hemanta Kumar Ghosal:

আমার জিজ্ঞাস্য হচ্ছে টাউনহল যদি ভাঙ্গনে পড়ে থাকে এবং তার পার্শ্ববর্তী স্থানের যদি সেই অবস্থা ঘটে থাকে তাহলে টাউনটা কোলাপস হতে পারে কিনা? সেই জবাবটা উনি পরিষ্কার কিছু বলছেন না।

Mr. Speaker: That is a matter of opinion.

The Hon'ble Ajoy Kumar Mukherji:

আমার যা এ সম্বন্ধে বলার তা ত বলেছি, এর বেশী আমার বর্তমানে বলার নাই।

Sj. Hemanta Kumar Ghosal:

সেখানে যেসমস্ত বাড়ী নষ্ট হয়ে গেছে, ভাঙ্গনের ফলে যারা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের রিহ্যাবিলিটেশনএর কোন বন্দোবস্ত আছে কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এখন কোন বন্দোবস্ত নাই, তাঁরা কেউ দরখাস্ত করেন নাই। দরখাস্ত করলে পর বিবেচনা করা যাবে।

Sj. Hemanta Kumar Ghosal:

আপনার যে কর্মচারী তদন্ত করতে গিয়েছিল যেদিকে কোলাপস হয়েছে, তার মধ্যে কোন্ কোন্ বাড়ী নদীতে চলে গিয়েছে, সে সম্বন্ধে কোন রিপোর্ট আছে কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

সে বিষয়ে আর তদন্তের কি আছে যে বাড়ী চলে গিয়েছে সেত নদীর জলেই গেছে।

Sj. Hemanta Kumar Ghosal:

আপনি ১,৫০০ টাকার কথা বলেছেন ক্ষতি হয়েছে।

The Hon'ble Ajoy Kumar Mukherji:

হ্যাঁ, ১,৫০০ টাকা ক্ষতির কথা বলেছি।

Sj. Hemanta Kumar Ghosal:

মন্ত্রীমহাশয় বলেছেন টাউনহল ধ্বংশে যেতে পারে, আর কতগুলি বাড়ী নষ্ট হতে পারে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

কতগুলি বাড়ী নষ্ট হতে পারে তার নম্বর দিতে পারব না।

Sj. Hemanta Kumar Ghosal:

তাহলে ঐ যে ১,৫০০ টাকা ক্ষতির পরিমাণ উল্লেখ করেছেন সেটা কিসের উপর বেস করে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এই ত, যা আমার এখানে বিবরণ আছে তা পড়ে শোনাচ্ছি—

This was low land with no building or structure. The estimated value of the land is Rs. 1,500.

Sj. Hemanta Kumar Ghosal:

এটা একটা সিরিয়াস ব্যাপার মন্ত্রীমহাশয় বিশেষভাবে তদন্ত করবেন কিনা?

Mr. Speaker: That is a request for action.

Sj. Hemanta Kumar Ghosal:

আমার প্রশ্ন হচ্ছে, সরকারের যে স্কীম তাতে ত আর কিছু ইমিডিয়েটলি হবার সম্ভাবনা দেখি না, সে স্কীম অনুসারে এক বছর পরে হবে বা কতদিনে হবে তার ঠিক নেই, অতএব আমি জানতে চাই যেভাবে ভাঙ্গন চলছে তাতে ইমিডিয়েটলি তাকে টেম্পোরারি বন্ধ করবার কোন ব্যবস্থা আছে কিনা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

না, এমন কোন ব্যবস্থা নাই।

Acquisition of land at Debipur, police-station Jaynagar, district 24-Parganas, for rehabilitation of refugee families

***108. Sj. Subodh Banerjee:** Will the Hon'ble Minister in charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(*a*) how many refugee families have been sent to mouza Debipur under Jaynagar police-station in the district of 24-Parganas for rehabilitation;

(*b*) the total amount of land acquired there by the Government for the purpose of rehabilitating these refugees;

(*c*) if any land so acquired is under cultivation by Bargadars;

(*d*) if so, the total amount of land cultivated by the Bargadars;

(*e*) if it is a fact that a representation has been made by the local Bargadars to the Circle Officer, Jaynagar police-station, Sub-divisional Officer, Alipore Sadar, and District Magistrate, 24-Parganas, in the matter; and

(*f*) if so, what was the result thereof?

The Deputy Minister-in-charge of the Rehabilitation Department (Sj. Bijesh Chandra Sen): (*a*) Up to date 109 refugee families have been sent to Debipur, Gurguria.

(*b*) 1,189·48 acres.

(*c*) No.

(*d*) and (*f*) Do not arise.

(*e*) Government has no such information.

Sj. Subodh Banerjee:

এখানে (সি) প্রশ্নের জবাবে বলা হয়েছে "না"। মাননীয় উপমন্ত্রীমহাশয় জানাবেন কি তাঁর বিভাগ জয়নগর ভাগচাষ বোর্ডের কাছ থেকে ঐ জমির উপর কোন নোটিস পেয়েছে কিনা?

Sj. Bijesh Chandra Sen:

আমার জানা নাই।

Sj. Subodh Banerjee:

মাননীয় উপমন্ত্রীমহাশয় জানাবেন কি স্থানীয় সার্কেল অফিসার ও আলিপুর সদর মহকুমার এস, ডি, ও, দুবার গুরগুরিয়া ভাগচাষী জমি নিয়ে কোন কনফারেন্স করেছিলেন কিনা?

Sj. Bijesh Chandra Sen:

তাঁদের মধ্যে হয়ে থাকতে পারে, আমার জানা নাই।

Sj. Subodh Banerjee:

উদ্বাস্তু পুনর্বাসন বিভাগ হোম ডিপার্টমেন্ট থেকে এ সম্বন্ধে কোন নোটিস পেয়েছেন কিনা?

Sj. Bijesh Chandra Sen:

সেটা হোম ডিপার্টমেন্টই জানেন।

Dr. Kanailal Bhattacharya:

এই যে ১,১৮৯·৪৮ একর জমি এতে ১০৯টা ফ্যামিলি যে উদ্বাস্তু বসানো হয়েছে, এতে কি আরো বসানো হবে?

Sj. Bijesh Chandra Sen:

হ্যাঁ, আরো বসানো হবে।

Dr. Kanailal Bhattacharya:

সবই কি উদ্বাস্তু বসানো হয়েছে?

Sj. Bijesh Chandra Sen:

হ্যাঁ।

Dr. Kanailal Bhattacharya:

সবই কি চাষের জমি?

Sj. Bijesh Chandra Sen:

আমার জানা নাই। নোটিস দিলে বলতে পারি।

Dr. Kanailal Bhattacharya:

এগুলো কি এগ্রিকালচারিস্টস রিফিউজিস রিহ্যাবিলিটেট করবার জন্য?

Sj. Bijesh Chandra Sen:

হ্যাঁ, যতদূর সম্ভব এগ্রিকালচারিস্টস রিফিউজিস রিহ্যাবিলিটেট করবার জন্য।

Dr. Kanailal Bhattacharya:

এদের বাড়ী তৈরীর জন্য যে জমি দেওয়া হয় সেই জমি কি চাষের জমি থেকে এ্যাকয়ার করা হয়?

Sj. Bijesh Chandra Sen:

না।

Dr. Kanailal Bhattacharya:

সেটা করা কি আপনাদের নীতি বিরুদ্ধ?

Sj. Bijesh Chandra Sen:

যেসব জমি চাষীদের চাষে আছে সেসব জমি নেওয়া হয় না।

Sj. Subodh Banerjee:

এই যে ১,১৮৯·৪৮ একর জমি নেওয়া হয়েছে তার মালিক কারা?

Sj. Bijesh Chandra Sen:

নোটিস দিলে বলতে পারি।

Mr. Speaker: That is not your question.

Sj. Subodh Banerjee:

মাননীয় উপমন্ত্রীমহাশয় বলবেন কি সাতকড়িপতি রায়ের কোন জমি নেওয়া হয়েছে কিনা?

Sj. Bijesh Chandra Sen:

জমির মালিকের নাম নোটিস না দিলে বলতে পারব না।

Sj. Subodh Banerjee:

সাতকড়িপতি রায়ের যে জমি সরকার দখল করেছেন তার জন্য ১১ জন ভাগচাষীর কাছ থেকে সরকারের একটা রিপ্রেজেনটেশন এসেছে কিনা?

Mr. Speaker: He has denied it. Therefore, it does not arise.

Sj. Subodh Banerjee:

মাননীয় উপমন্ত্রীমহাশয় জানেন কি, চন্দ্রাবতী রায়চৌধুরীর জমি নিয়েছেন কিনা?

Mr. Speaker: That question is not allowed. You know that. What is the good of confirming that.

Money allotted and spent annually in Midnapore district for water-supply

***109. Sj. Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister in charge of the Public Health Department be pleased to state—

(ক) ১লা এপ্রিল, ১৯৪৮ হইতে ৩১শে মার্চ, ১৯৫৪ পর্যন্ত প্রতিবৎসর কত টাকা মেদিনীপুর জেলায় জল সরবরাহের জন্য বরাদ্দ ছিল এবং উক্ত বরাদ্দ টাকার কোন্ বছরে কত টাকা খরচ হইয়াছে;

(খ) উক্ত বরাদ্দ টাকা প্রতিবৎসর সম্পূর্ণ খরচ হইয়াছে কিনা, এবং না হইয়া থাকিলে, তাহার কারণ কি;

(গ) ৪০০ জনের ভিত্তিতে একটি নলকূপ বা কুয়া দিতে হইলে ঐ জেলায় কতগুলি নলকূপ বা কুয়া আবশ্যক;

(ঘ) ১৯৫৪-৫৫ সালে জল সরবরাহের জন্য কোন্ কোন্ জেলায় কত টাকা বরাদ্দ ছিল;

(ঙ) মেদিনীপুর জেলায় পানীয় জলের অত্যন্ত অভাব, সরকার ইহা অবগত আছেন কিনা; এবং

(চ) অবগত থাকিলে, মেদিনীপুর জেলায় পানীয় জল সরবরাহের জন্য সরকার কি বিশেষ পরিকল্পনা গ্রহণ করিয়াছেন?

The Minister-in-charge of the Medical and Public Health Department (The Hon'ble Dr. Amulyadhan Mukharji):

(ক) "ক" বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

(খ) প্রতিবৎসরই বরাদ্দকৃত টাকার অধিকাংশ খরচ করা হইয়াছে। কোনো বছর অনিবার্য কারণে কিছু উদ্বৃত্ত থাকিয়া গেলে উহা পর বৎসরের বরাদ্দকৃত টাকার সহিত একত্র করিয়া খরচ করা হইয়াছে।

(গ) ৮,০৫৪টি।

(ঘ) "খ" বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

(ঙ) অন্যান্য জেলার ন্যায় মেদিনীপুর জেলায় জলাভাবের বিষয় সরকার অবগত আছেন।

(চ) "গ" বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

Statement "ক" referred to in reply to clause (ক) *of starred question No. 109*

STATEMENT OF ALLOTMENT AND EXPENDITURE UNDER RURAL WATER SUPPLY SCHEME IN MIDNAPORE DISTRICT—ALLOTMENT MADE BY CHIEF ENGINEER, PUBLIC HEALTH ENGINEERING

Year.	Allotment made.			Amount spent.		
	Rs.	a.	p.	Rs.	a.	p.
1st April, 1948 to 31st March, 1949 ..	1,08,211	0	0	28,570	8	0
1st April, 1949 to 31st March, 1950 ..	60,250	0	0	1,10,916	15	6
1st April, 1950 to 31st March, 1951 ..	2,49,339	4	0	2,35,170	14	6
1st April, 1951 to 31st March, 1952 ..	2,00,799	12	9	2,21,875	1	3
1st April, 1952 to 31st March, 1953 ..	2,60,115	8	0	1,53,520	5	6
1st April, 1953 to 31st March, 1954 ..	97,710	0	0	1,19,245	2	6

STATEMENT OF ALLOTMENT UNDER RURAL WATER SUPPLY SCHEME IN MIDNAPORE DISTRICT—ALLOTMENT MADE BY THE CHIEF ENGINEER, PUBLIC HEALTH ENGINEERING, FOR TRIBAL WELFARE DEPARTMENT

	Rs.	
1st April, 1953 to 31st March, 1954 ..	39,331	As the allotment was received at the fag end of the year no expenditure was incurred and the whole amount was surrendered and reallotted in the year 1954-55.

STATEMENT OF ALLOTMENT UNDER RURAL WATER SUPPLY SCHEME IN MIDNAPORE DISTRICT—ALLOTMENT MADE BY DEVELOPMENT DEPARTMENT

	Rs.	
1st April, 1953 to 31st March, 1954 ..	4,553	No expenditure was incurred during the year as no local contribution was available and the whole amount was surrendered and reallotted in 1954-55.

Statement "ঘ" referred to in reply to clause (৭) of starred question No. 109

STATEMENT OF ALLOTMENT MADE UNDER RURAL WATER SUPPLY SCHEME IN DIFFERENT DISTRICTS OF WEST BENGAL DURING 1954-55

	District.	Allotment made.
		Rs.
1.	24-Parganas	80,956
2.	Howrah	80,000
3.	Hooghly	70,000
4.	Burdwan	1,70,000
5.	Birbhum	84,000
6.	Bankura	1,30,000
7.	Midnapore	2,47,832
8.	Nadia	70,000
9.	Murshidabad	90,000
10.	Malda	83,200
11.	West Dinajpur	71,090
12.	Jalpaiguri	1,67,280
13.	Cooch Behar	49,000
14.	Darjeeling	No allotment made.

Statement "গ" referred to in reply to clause (5) of starred question No. 109

STATEMENT OF SPECIAL WATER SUPPLY SCHEMES SANCTIONED BY GOVERNMENT FOR THE MIDNAPORE DISTRICT

Name of the scheme.	Estimated cost.
	Rs.
(1) Sinking of 58 tube-wells in the drought areas of Midnapore district ..	1,50,000
(2) Sinking of 6 tube-wells in Panskura police-station (Tamluk subdivision)	10,160 (cost of labour to be met by the villagers).
(3) Sinking of 52 tube-wells in the flood and epidemic affected areas of Contai subdivision.	88,000
(4) Sinking of 25 tube-wells in the Sadar (North and South) subdivision of Midnapore district.	26,000
(5) Water-supply under Community Development Project in Jhargram Block (1953-54 and 1954-55).	51,725

Sj. Natendra Nath Das:

আপনি (গ) প্রশ্নের উত্তরে বলেছেন যে ৮,০৫৪টি নলকূপের দরকার হবে। তাহলে ঐ জেলায় কতগুলি নলকূপ আছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

8,887টি।

[2-50—3 p.m.]

Sj. Natendra Nath Das:

এখানে থানাওয়ারি বিবরণ দিতে পারবেন কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

না। সমস্ত জেলার বিবরণ দিয়েছি।

Sj. Natendra Nath Das:

এই স্টেটমেন্টএ বলেছেন যে ১লা এপ্রিল ১৯৫৩ হইতে ১লা মার্চ ১৯৫৪এ ৩,৯৩৩ টাকা পেতে বিলম্ব হয়েছিল। এই বিলম্ব হবার কারণ কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এলটমেন্ট হতে দেরী হয়েছিল। তবে কাজ সম্পূর্ণ হবে বলে আমার ধারণা এবং কাজ আরম্ভ হয়েছে।

Sj. Natendra Nath Das:

নেক্সট প্যারাগ্র্যাফএ বলেছেন যে—

"No expenditure was incurred during the year as no local contribution was available." Development Department

বলেছেন যে লোকাল কনট্রিবিউশন পাওয়া যায় নি বলে টাকা খরচ হয় নি। লোকাল কনট্রিবিউশন না পেলে কি ডেভালপমেন্ট ওয়ার্ক করবেন না?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এটা ডেভালপমেন্ট ডিপার্টমেন্টএর প্রশ্ন আমি বলতে পারি না। এইসমস্ত ব্যাপারে কতকগুলি কমপ্রিহেনসিভ স্কীম আছে সেখানে ৫০ : ৫০ বেসিসএ দেওয়া হয়।

Dr. Jatish Ghosh:

এখানে আপনি ৮,০৫৪টি টিউব-ওয়েলএর কথা বলেছেন। এর মধ্যে কতগুলি পাবলিক হেলথএর এবং কতগুলি ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টএর?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

সমস্ত জড়িয়ে হিসাব দিয়েছি।

Dr. Jatish Ghosh:

আমাদের অসুবিধা হচ্ছে যে ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট থেকে করলে লোকাল কনট্রিবিউসন দিতে হয়, আর পাবলিক হেলথ থেকে করলে দিতে হয় না। আলাদা করে হিসাব দিলে আমরা বুঝতে পারতাম যে আমাদের রাজস্ব থেকে কতগুলি পাবলিক হেলথএ হয়েছে।

Mr. Speaker: That has already been answered. You can put a specific question.

Sj. Mrigendra Bhattacharjya:

এখানে দেখছি যে প্রতি বৎসর যে টাকা দেওয়া হয় তা খরচ হয় না। এই খরচ না হওয়ার কারণ কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

৩১শে মার্চএর মধ্যে কাজ শেষ হলে আমরা কনট্রাকটারদের টাকা দিই এবং কিছু টাকা আমরা রাখি ও তা ছয় মাস পর দিই। এরমধ্যে আমরা দেখি যে ঠিকভাবে কাজটা না হলে সেই টাকা কেটে নিয়ে নেক্সট ইয়ারএ খরচ করি। কোন টাকাই ল্যাপস করে না।

Sj. Mrigendra Bhattacharjya:

যে য়্যামাউন্ট য়্যালট করা হচ্ছে তা আমরা দেখছি যে স্পেন্ট করা হয় নি।

Mr. Speaker:

এর উত্তর দিয়েছেন। [illegible] টাকা দেরী করে দেওয়া হয়। কোন টাকাই ল্যাপস করে না।

Dr. Jatish Ghosh:

টিউব-ওয়েল ছাড়া পানীয় জলের অভাব নিবারণের জন্য সরকার অন্য কোন ব্যবস্থার কথা চিন্তা করেন কিনা?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এ ছাড়া মেদিনীপুরের কোন কোন জায়গায় যেখানে টিউবওয়েল বসান যায় না সেখানে য়্যাসনরি ওয়েল ও রিং ওয়েল দেবার পরিকল্পনা গভর্নমেন্ট করেছেন।

Dr. Jatish Ghosh:

যেখানে এই টিউবওয়েল দিয়ে জলের অভাব মোচন করা যায় না সেখানে পুকুর খনন করার পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

কিছু কিছু টাকা ব্যয় করা হয় পুকুর সংস্কার করার জন্য। কিন্তু স্বাস্থ্য বিভাগ থেকে আমরা মনে করি পুকুরের জল পানীয় জল হিসাবে ব্যবহার করায় বাধা আছে, কারণ পুকুরের জল একটুতেই দূষিত হয়ে যায়। এই সমস্তর জন্য আমরা টিউব-ওয়েলই প্রেফার করি।

Sj. Kanai Lal Bhowmick:

দার্জিলিংএ জলের জন্য কোন টাকা য়্যালট করা হয় নি কেন?

Mr. Speaker: That does not arise. You cannot put specific supplementaries on every district.

Sj. Saroj Roy:

আপনি (ঙ) প্রশ্নের জবাবে বলেছেন অন্যান্য জেলার ন্যায় মেদিনীপুর জেলায়ও জলের অভাবের কথা সরকার অবগত আছেন। আমার সাপ্লিমেন্টারি হচ্ছে যে মেদিনীপুরে, বিশেষভাবে কতকগুলি অঞ্চল আছে যেগুলি ড্রট য়্যাফেকটেড, সেখানে জলের ব্যবস্থা করার জন্য সরকার কোন প্রায়ওরিটি দেন কিনা?

Mr. Speaker: That question does not arise.

Use of the patent medicine "Kemicetine" in hospitals

***110. Sj. Subodh Banerjee:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Medical and Public Health Department be pleased to state if it is a fact that the Government hospital authorities have been directed to prescribe exclusively "Kemicetine (Carto ERBA)" for patients suffering from enteric fever?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) the reason of directing the exclusive use of "Kemicetine" to the exclusion of all other patent medicines having almost the identical medicinal properties; and

(*ii*) the name of the firm having sole agency of "Kemicetine" for West Bengal?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: (*a*) No.

(*b*) Does not arise.

Sj. Subodh Banerjee:

এই কেমিসিটিন ঔষধ ব্যবহার করার ক্ষেত্রে কোন প্রেফারেন্স দেওয়া হয় কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

না।

The approved drugs are Kemicetine (Carto ERBA), Chloromycetine (Parke Davis), Synthomycetine (Leplit).

এই তিনটি য়্যাপ্রুভড। এরমধ্যে যেটা খুসী হাসপাতাল ব্যবহার করতে পারে।

Proposal for empowering the Munsiff Courts of this State to try certain cases under the Hindu Marriage Act, 1955

***111. Sj. Natendra Nath Das:** Will the Hon'ble Minister in charge of the Judicial Department be pleased to state whether there is any proposal for empowering the Munsif Courts in this State to try cases of restitution of conjugal rights, divorce and judicial separation under section 3(*b*) of the Hindu Marriage Act of 1955?

The Minister-in-charge of the Judicial Department (The Hon'ble Satyendra Kumar Basu): None at present.

Sj. Natendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয় অবগত আছেন কি যে, আগে মুনসেফ কোর্টে রেসটিটিউশন অব কনজুগ্যাল রাইটসএর মামলার বিচার হ'ত, এখন কেন হবে না?

The Hon'ble Satyendra Kumar Basu:

যখন আইন হয়েছিল তখন আমরা হাই কোর্ট কনসাল্ট করি। হাই কোর্ট বলে যে মুনসিফকে এই পাওয়ার দেওয়া যায় না।

Sj. Natendra Nath Das:

কন্সটিটিউশন অনুসারে আপনার হাই কোর্টকে জিজ্ঞাসা করবার কোন বিধান নেই একথা জানেন?

The Hon'ble Satyendra Kumar Basu:

কোন বিধান নেই তবে কনভেনসন আছে।

High Court exercises control over District Courts and subordinate courts under Article 235 of the Constitution. Therefore, High Court is consulted. Whether the Act expressly provides that a certain court or a Tribunal should have jurisdiction, there is no question. Here the power is given to the State Government and, therefore, a convention has grown to ask the High Court whether such powers should be given. In this case the High Court was asked twice and they have refused it.

Sj. Natendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয়কে একটা কথা জিজ্ঞাসা করছি, আপনি হাই কোর্টএর য়্যাটেনশন এই বিষয় আকর্ষণ করেছিলেন। কিন্তু যে রেসটিটিউশন অব কনজুগ্যাল রাইটস, এ্যান্ড মেনটিনান্স যা ডিষ্ট্রিক্ট কোর্টএর ছিল সেগুলি পর্যন্ত চলে গেল, এতে লোকের ভয়ানক অসুবিধা হবে কিনা?

The Hon'ble Satyendra Kumar Basu: The High Court is expected to know the law and the attention of the High Court has already been drawn to the fact referred to by the honourable member.

Sj. Natendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয়ের উত্তর ঠিক বুঝতে পারলাম না। এখানে হিন্দু ম্যারেজ এ্যাক্টএর ৩(বি)তে দেখছি—

Mr. Speaker: There cannot be any interpretation of the statement.

Sj. Natendra Nath Das:

আমার কোয়েশ্চেন হচ্ছে স্টেট গভর্নমেন্ট বাই নোটিফিকেশন করতে পারতেন। হাই কোর্টকে জিজ্ঞাসা করার কথা নাই। কন্সটিটিউশনএও নাই। তিনি কনভেনশনএর কথা বলেছেন। কিন্তু ক্যাবিনেট ইচ্ছা করলেই করতে পারেন। হাই কোর্টএর য়্যাটেনশন ড্র করার কারণ নেই। লোকের যেখানে অসুবিধা হচ্ছে সেখানে তাদের পাওয়ার এক্সারসাইজ করা উচিত।

Mr. Speaker: That is a request for action. That has been noted by the Minister.

[3—3-10 p.m.]

Sj. Natendra Nath Das:

এগুলি অনুগ্রহ করে খোঁজ নেবেন কি?

The Hon'ble Satyendra Kumar Basu:

দরকার হয় আবার জিজ্ঞাসা করে দেব।

Sj. Tarapada Bandopadhyay:

মুনসিফকে না দেওয়ার কোন কারণ হইকোর্ট দেখিয়েছেন কি?

The Hon'ble Satyendra Kumar Basu:

না।

Sj. Tarapada Bandopadhyay:

কেন দেননি জানতে পারি কি?

The Hon'ble Satyendra Kumar Basu:

সেটা এখন বলতে পারি না।

Fixation of rent in Malda district

***112. Sj. Raipada Das:** Will the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department be pleased to state—

(ক) তিনি অবগত আছেন কি যে, মালদহ জেলার Settlement Circle Officer-গণ গড় ১৬৷৷৵৹ আনা মণ ধানের দরে ধানের চুক্তিদার প্রজাদের দখলি জমির খাজনা ধার্য করিতেছেন; এবং

(খ) যদি ইহা সত্য হয়, তবে কোন্ সংখ্যাতত্ত্বের উপর নির্ভর করিয়া এবং কাহার নির্দেশমতে গত সাত বছরের গড় ধানের দাম ১৬৷৷৵৹ আনা নির্ধারিত হইয়াছে?

The Minister-in-charge of the Land and Land Revenue Department (The Hon'ble Satyendra Kumar Basu): (ক) হ্যাঁ।

(খ) জমিদারি গ্রহণ আইনের ৪০(২) ধারা অনুসারে।

Sj. Kanai Lal Bhowmick:

এই যে ষোল টাকা দশ আনা করে ধানের মন ধরা হয়েছে এটা কি সাত বছরের গড় ধরে করা হয়েছে?

The Hon'ble Satyendra Kumar Basu:

হ্যাঁ,

Section 42 assessment is made for the purpose of assessing compensation under section 16 of the Estates Acquisition Act.

Sj. Kanai Lal Bhowmick:

এই যে ধানের দাম ধরা হয়েছে এটা কি মার্কেট প্রাইস হিসাবে ধরা হয়েছে? নাকি গভর্নমেন্টএর ফিক্সড প্রাইস ছিল সে হিসাবে ধরা হয়েছে?

The Hon'ble Satyendra Kumar Basu:

সেকশন ৪২তে যা আছে সে অনুযায়ী ধরা হয়েছে।

Sj. Kanai Lal Bhowmick:

এই যে ষোল টাকা দশ আনা করে খাজনা ধার্য হয়েছে, পুরো খাজনা কি চাষীদের দিতে হবে?

The Hon'ble Satyendra Kumar Basu:

আগেই বলেছি কমপেনসেশন ধরা হয়েছে।

Sj. Kanai Lal Bhowmick:

কত টাকা মণ ধরে দিতে হবে জানাবেন কি?

The Hon'ble Satyendra Kumar Basu:

জায়গা অনুযায়ী হবে।

Sj. Kanai Lal Bhowmick:

সেখানে বর্তমান প্রাইস অনুযায়ী কি খাজনা ধার্য হবে? নাকি গড় অনুযায়ী চাষীদের দিতে হবে?

The Hon'ble Satyendra Kumar Basu:

এ বিষয়ে ইনসট্রাকশন দেওয়া হয়েছে এইভাবে—

Where rent payable was fixed in quantity of the produce the money value of such rent should be calculated on the basis of the harvest price of such produce to be ascertained by the District Officer.

Sj. Saroj Roy:

বর্তমানে মালদহ জেলার ধানের দর কত?

The Hon'ble Satyendra Kumar Basu:
জানি না।

Sj. Saroj Roy:
এই যে ষোল টাকা দশ আনা করে ধরা হয়েছে এটা যে ঠিক কি করে জানলেন?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Kanai Lal Bhowmick:
এই যে ষোল টাকা দশ আনা করে যে কমপেনসেশন ধার্য করবার জন্য বল্লেন সাত বছরের গড় ধরে যেটা করলেন এটা কি বেশী হয় না?

Mr. Speaker: That is a matter of opinion. It is a hypothetical question.

Sj. Kanailal Bhowmick: Government fixed price
ষোল টাকা দশ আনা করা উচিত ছিল না—

Mr. Speaker:
আপনি প্রশ্ন কর্তার প্রশ্নটা এ্যানালাইজ করছেন কেন?
It is not your function to analyse it.

Qualifications for Circle Inspectors under the State Acquisition of Zamindaries

*113. **Dr. Atindra Nath Bose:** Will the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department be pleased to state what is the minimum educational and other qualifications a candidate should possess for qualifying him to be appointed either as a Manager or as a Circle Inspector under the State Acquisition of Zamindary lands?

The Hon'ble Satyendra Kumar Basu: There is no post of Manager in the management set-up of the State Acquisition of Zamindaries. A candidate for appointment to the post of a Circle Inspector must have passed the I.A., I.Sc. or I.Com. Examination of a recognised University. Matriculates are eligible provided they have a continuous service of at least five years in Revenue and Zamindary work.

Sj. Natendra Nath Das:
মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি কে য়্যাপয়েন্ট করেছিলেন?

The Hon'ble Satyendra Kumar Basu:
বোর্ড আছে।

Sj. Natendra Nath Das:
প্রত্যেক ডিস্ট্রীক্ট?

The Hon'ble Satyendra Kumar Basu:

না না এখানে আছে।

Sj. Natendra Nath Das:

অনেক জায়গায় গ্রাজুয়েট আছে যারা কোর্ট অফ ওয়ার্ডসএ কাজ করেছেন তাকে সুপারসিড করিয়ে সেখানে নন-ম্যাট্রিক ও ম্যাট্রিককে দেওয়া হয়েছে, এটা সত্য কিনা।

The Hon'ble Satyendra Kumar Basu:

বোর্ডই সিলেক্ট করেছে, ইন্টারভিউ করেছে, বোর্ডই জানে কোন লোক এসেছে কোন লোক আসে নি।

Sj. Natendra Nath Das:

মন্ত্রীমহাশয়ের কাছে সুপারসেসন করা হয়েছে এরকম ইনস্টানস দিলে তিনি অনুসন্ধান করবেন কিনা?

The Hon'ble Satyendra Kumar Basu:

মন্ত্রীমহাশয়ের কোন ক্ষমতা নাই বোর্ডই সিলেক্ট করেছে, বোর্ডই য়্যাপয়েন্ট করেছে।

Sj. Natendra Nath Das:

অনুসন্ধান করবেন কি?

Mr. Speaker: That is a request for action.

Acquisition of lands of Khasmahal tenants for afforestation in Pabringtar and Yongmakum Blocks of Kalimpong subdivision

***114. Sj. Narbahadur Gurung:** Will the Hon'ble Minister in charge of the Revenue Department be pleased to state—

(*a*) names of Khasmahal tenants (Pattadars) of Pabringtar and Yongmakum Blocks of Kalimpong subdivision whose lands were acquired for afforestation together with the following informations:

(*i*) area acquired from each tenant,

(*ii*) value of compensation sanctioned by the Forests Department,

(*iii*) actual amount paid to each tenant,

(*iv*) names of persons who actually received the money, and

(*v*) date of payment;

(*b*) if it is a fact that many of the tenants whose lands have been acquired and already taken possession of by the Forests Department have not yet received their compensation money;

(*c*) if so, the reasons therefor;

(*d*) whether Government received representations from the legal heirs of several deceased tenants to the effect that the compensation money of those deceased tenants were given to wrong persons who falsely personified themselves to be their legal heirs; and

(*e*) if so, who are responsible for such wrong payments and what action is taken by the Government?

The Hon'ble Satyendra Kumar Basu: (*a*) A statement is laid on the Table.

(*b*) Out of 50 tenants 29 have received full payment of compensation and three have received part payment. The rest have not yet received their compensation money.

(*c*) The tenants refused to accept payment, as the rate of compensation was reduced on revised assessment.

(*d*) Yes. In four cases it was alleged that compensation money was paid to persons who were not the legal heirs of the deceased tenants.

(*e*) The Halka Amin who held mutation enquiries was suspended but later on reinstated on being found not guilty on departmental enquiry.

A criminal case was started against the Mandal of the Khasmahal Block concerned and his daughter under section 420, I.P.C. The Mandal is absconding while his daughter was convicted but acquitted on appeal. A judicial enquiry is being made with a view to detecting the culprits.

Statement referred to in reply to clause (a) of starred question No. 114

LIST OF KHASMAHAL TENANTS WHOSE LANDS WERE ACQUIRED FOR AFFORESTATION IN PABRINGTAR AND YANGMAKUM BLOCKS OF KALIMPONG SUBDIVISION

Serial No.	Name of tenant whose land was acquired.	Area acquired.		Value of compensation sanctioned.	Actual amount paid.	Name of recipient who actually received the money.	Date of payment.	Remarks.
	Pabringtar Block	Acs.	Dec.	Rs.	Rs.			
1	Ashoti Limbooni ..	3	62	724	724	Ashoti Limbooni ..	29-3-1952.	
2	Jangbir Bhujel ..	6	97	1,454	1,454	Jangbir Bhujel ..	Ditto.	
3	Pahalman and Dhanrupa	5	08	1,110	1,110	Dhanrupa ..	30-3-1952.	
4	Karbir Jogi ..	6	77	1,388	1,388	Karbir Jogi ..	29-3-1952.	
5	Balbahadur Jogi ..	12	06	2,624	2,624	Balbahadur Jogi ..	Ditto.	
6	Padamlal Bhujel ..	5	90	1,280	1,280	Padamlal Bhujel ..	Ditto.	
7	Manbir Bhujel ..	9	19	1,838	1,838	Manbir Bhujel ..	Ditto.	
8	Birbahadur Bhujel ..	3	08	645	645	Athangma Bhujelni ..	Ditto.	
9	Tilmaya Bhujelni ..	9	15	1,847	1,847	Tilmaya Bhujelni ..	Ditto.	
10	Hastabir Bhujel ..	7	39	1,532	1,532	Hastabir Bhujel ..	Ditto.	
11	Dhansingh Bhujel ..	7	11	1,688	1,688	Dhansing Bhujel ..	30-3-1952.	
12	Sahabir Sunwar ..	12	69	2,771	2,771	Sahabir Sunwar ..	29-3-1952.	
13	Ambersing Bhujel ..	6	37	1,460	1,460	Ambersing Bhujel ..	Ditto.	
14	Harkadhoj Rai ..	2	40	480	480	Premlal Rai ..	30-3-1952.	
15	Karma Tamang ..	12	48	3,369	3,369	Karma Tamang ..	29-3-1952.	
16	Kalibahadur Sunwar ..	5	00	1,057	1,057	Kalibahadur Sunwar ..	Ditto.	

17	Kuber Bhujel and others ..	3	34	788	788	Kuber Bhujel	..	Ditto.	
18	Kachi Lepcha ..	4	66	932	932	Makar Lepcha	..	Ditto.	
19	Dalsing Bhujel ..	3	99	899	899	Dalsing Bhujel	..	Ditto.	
20	Chandrabir Limboo and others.	1	97	394	394	Chandrabir Limboo	..	Ditto.	
21	Ganpati Chhetri ..	5	86	1,172	1,172	Budhimaya Chhetrini	..	Ditto.	
22	Dhanlal Tamang ..	19	95	4,206	..	..			Compensation not paid.
23	Lacchuman Tamang ..	4	24	842					
	Yangmakum Block								
24	Apiyon Lepcha ..	3	94	1,147	788	Apiyon Lepcha	..	30-3-1952	Balance due Rs.359.
25	Guhasing Chhetri ..	1	75	414	350	Guhasing Chhetri	..	Ditto.	Balance due Rs.64.
26	Seher Lepcha ..	1	22	244	244	Seher Lepcha	..	Ditto.	
27	Mansing Bhujel ..	1	35	270	270	Mansing Bhujel	..	Ditto.	
28	Jitbahadur Chhetri ..	11	39	2,602	2,602	Jitbahadur Chhetri	..	Ditto.	
29	Pirthiman Bhujel ..	17	20	4,096	4,096	Pirthiman Bhujel	..	Ditto.	
30	Lethap Lepcha and others	7	10	1,693	1,693	(1) Lethap Lepcha (2) Duga Lepcha. (3) Tenjong.	..	13-4-1952.	
31	Dalbahadur Limboo ..	3	59	718	718	Dalbahadur Limboo	..	30-3-1952.	
32	Sukpal Limboo, Guduman, Aitay.	11	78	2,717	2,231	(1) Sukpal Limboo (2) Guduman. (3) Aitay.	..	13-4-1952	Balance due Rs.486.
33	Bahadur Rai, Lalsing Rai, Bhote Rai.	11	00	2,352	2,352	Bahadur Rai	..	30-3-1952.	
34	Nandalal Bahun ..	1	02	204	204	(1) Kanyawati Bahuni (2) Lalbahadur Bahun. (3) Kashinath Bahun. (4) Parbati Bahuni. (5) Narbir Bahun. (6) Chandralal Bahun. (7) Jarada Bahuni.	..	23-4-1952.	

Serial No.	Name of tenant whose land was acquired.	Area acquired.		Value of compensation sanctioned.	Actual amount paid.	Name of recipient who actually received the money.	Date of payment.	Remarks
		Acs.	Dec.	Rs.	Rs.			
35	Rampe Singh Lepcha and others.	3	01	1,129	..	....	..	Compensation not paid.
36	Namu Lapchani and others	8	62	2,196	..	....	..	
37	Chhering Lepcha ..	26	99	5,884	..	....	..	
38	Chauray Bhujel and others	12	01	2,538	..	....	..	
39	Dambar Singh and others	29	74	7,054	..	....	..	
40	Mandhoj Bhujel ..	4	56	912	..	....	..	
41	Gaduldhoj and others ..	1	22	296	..	....	..	
42	Gantay Singh Bhujel and Gairay.	5	30	1,067	..	....	..	
43	Bhudiman and others ..	2	84	1,115	..	....	..	
44	Mansingh and others ..	10	80	2,434	..	....	..	
45	Ram Bahadur ..	5	48	1,196	..	....	..	
46	Shyam Dhoj and others ..	7	01	1,682	..	....	..	
47	Tekman and others ..	8	65	2,053	..	....	..	
48	Budhiman and others ..	6	20	1,240	..	....	..	
49	Rangbir Bhujel ..	7	44	1,630	..	....	..	
50	Dhanjit and others ..	5	53	1,106	..	....	..	
		375	61	84,489	45,000	....	..	A sum of Rs.39,489 has still to be paid.

Sj. Ganesh Ghosh:

(ঙ) প্রশ্নের জবাবে বলেছেন যে ৪ জন ইমপার্সোনেট করে টাকা নিয়েছে এখন তাদের আবার কি পেমেন্ট করার কোন ব্যবস্থা হয়েছে?

The Hon'ble Satyendra Kumar Basu:

নিশ্চয়ই যারা

originally entitled to compensation) money will be paid.

Sj. Ganesh Ghosh:

য়্যাসেসমেন্ট যেটা প্রথমে হয়েছিল সেটা কোন তারিখে হয়েছিল, ফারদার য়্যাসেসমেন্ট ভ্যালু কমে গিয়েছে কোন তারিখে?

The Hon'ble Satyendra Kumar Basu:

ভ্যালু কমে গিয়েছে তারপর ওরিজিন্যাল ভ্যালু রেস্টোর্ড হয়েছে,

and they are going to be paid on the basis of original assessment.

Sj. Kanai Lal Bhowmick:

১৫০ জনের মধ্যে ২৯ এবং ৩ জন এই ৩২ জন পেয়েছে, বাকিগুলি পাবে না কেন?

The Hon'ble Satyendra Kumar Basu:

সবাই পাবে। যেমন ২৯ জন পেয়েছে সে রেটএই দেওয়া হবে। টাকা যোগাড় হয়েছে আগে যে ভ্যালুয়েশন ছিল সে অনুযায়ীই দেওয়া হবে যেমন করে ঐ ২৯ জন পেয়েছে।

UNSTARRED QUESTION

(answer to which was laid on the table)

Tube-wells sunk by Government in Burdwan and Nadia districts

57. Sj. Subodh Choudhury: Will the Hon'ble Minister in charge of the Medical and Public Health Department be pleased to state—

(*a*) number of tube-wells sunk by the Government of West Bengal in the districts of Burdwan and Nadia from 1948 to September, 1953;

(*b*) number of tube-wells sunk during the same period in each thana and in each Union of Nadia and Burdwan districts, respectively;

(*c*) amount of money sanctioned during this period in each Union of the abovenamed districts for sinking tube-wells;

(*d*) amount of money spent in each Union of Burdwan and Nadia during the period from 1948 to 1953 for the same purpose;

(*e*) number of tube-wells out of order at present in each Union of the abovenamed districts; and

(*f*) what action, if any, has been taken by the Government with respect to the tube-wells which are out of order?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: (*a*)—

Burdwan	...	152.
Nadia	...	188.

(*b*), (*d*) and (*e*) **A statement is laid on the Library Table.**

(c) No Union-wise allotments are made.

(f) Repairing squads have been appointed at each thana to attend to minor repairs. Resinking of tube-wells is taken up according to priority and availability of funds.

Sj. Subodh Chowdhury:

আপনি (সি)তে বলেছেন—

"no Union-wise allotments are made"

বর্ধমান জেলায় কতগুলি টিউবওয়েল হয়েছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

উত্তরেই বলা আছে—বর্ধমানে ১৫২টি, নদীয়ায় ১৮৮টি।

Sj. Subodh Chowdhury:

আমি বলছি বর্ধমানে পাবলিক হেলথ ডিপার্টমেন্ট থেকে কত টিউব-ওয়েল আছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

বর্ধমান জেলায়—

the total number of tubewells in the district of Burdwan

২,৭৯৫টি।

Sj. Subodh Chowdhury:

পাবলিক হেলথ ডিপার্টমেন্ট থেকে টিউব-ওয়েল করা যে হয় তার জন্য কি লোক্যালি কিছু পে করতে হয়?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

পারলে দিতে হয়, না পারলে এক পয়সাও দিতে হয় না।

Mr. Speaker: Questions over.

Laying of Prevention of Food Adulteration Rules.

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, under section 24, sub-section (3) of the Prevention of Food Adulteration Act, 1954, I beg to lay before the Assembly the West Bengal Prevention of Food Adulteration Rules, 1956.

Non-official Resolution

Sj. Subodh Choudhury:

আমি এই রেজোলুশনএর প্রিয়্যামবেলটা একটু পরিবর্তন করতে চাই।

Mr. Speaker:

আপনি মৃগেনবাবুর এ্যামেণ্ডমেণ্ট মেনে নিচ্ছেন?

Sj. Subodh Choudhury: I accept the amendment.

Mr. Speaker: I want to finish as much as possible of the non-official business. I fix one hour for this resolution and you may speak for 15 or 20 minutes.

Sj. Subodh Choudhury: Sir, I move that in view of the rapid and steep fall in the prices of agricultural commodities in West Bengal during recent times and consequent fall in the purchasing power of the masses of the peasantry resulting in contraction of internal market, this Assembly is of opinion that the Government of West Bengal should forthwith take the following measures, viz.—

(i) fix up remunerative floor prices of the agricultural commodities and step in for the purchase of all surplus immediately after the harvest at all the existing markets and also create new markets where the peasant producers can easily cart their produce;

(ii) construct warehouses for storing grains at every big market and advance grain loans to peasants in order to enable them to meet their immediate needs;

(iii) supply of foodgrains to the consumers at the same rate and provide subsidy for the far away areas and poorer sections;

(iv) move the Government of India to bring the prices of industrial goods down to the level of the prices of agricultural commodities by controlling profits;

(v) move the Government of India to develop free and independent trade and economic relations on favourable terms with all the countries of the world;

(vi) reduce rent, tax and other burdens of the peasantry; and

(vii) develop industries to utilise raw materials.

Sj. Mrigendra Bhattacharjya: I beg to move that in the resolution No. 1 of Sj. Subodh Chowdhury, lines 1 to 4, for the words beginning with "In view of" and ending with "internal market" the following be substituted, viz.,—

"In view of the wide gap prevailing between the low prices of agricultural commodities and the high prices of industrial goods and also in view of prevailing disparity between the low price of agricultural goods just after harvest and high prices at a later period when crops pass into the hands of middlemen resulting in a great loss and hardship to the vast majority of the people,".

[3-10—3-20 p.m.]

Sj. Subodh Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, আমার প্রস্তাবের দ্বারা আপনার মারফত সরকারের কাছে, একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাইঃ সেই সমস্ত লোকের কথা বলছি, যারা আমাদের দেশে শতকরা ৮০ জন, যাদের অর্থনীতিক ভালমন্দের উপর আমাদের সমস্ত আর্থিক অবস্থা নির্ভর করে তাদের কথা। আমি অবশ্য আমার রেজোলিউশনএর মধ্যে যাদের ভূমি নেই তাদের সম্বন্ধে কিছু বলি নি—যারা সমস্ত দিন পরিশ্রম করে—বছরের ছটা ঋতুতে তারা যথেষ্ট পরিশ্রম করে, কিন্তু ভাল খেতে পায় না, দু-খানা ভাল কাপড় পরতে পারে না, যাদের সাংস্কৃতিক জীবন নেই, শুধু তাদের কথাই আমি এখানে উল্লেখ করতে চাই। কৃষকরা সবচেয়ে বড় আঘাতপ্রাপ্ত হয় তখন, যে সময় তাদের ফসল ওঠে, সেই সময় ফসলের মূল্য যা থাকে, তার পরের দিন, থেকে সেই ফসলের দাম বাড়তে থাকে। কিন্তু তারা সেই ফসলের মূল্য থেকে বঞ্চিত হয়। প্রথম বছর দেখা গেল চাষীরা যখন ফসল উৎপন্ন করে বাজারে বিক্রয় করতে বাধ্য হয়, সেই সময় ফসলের দাম কম থাকে কিন্তু তার দু-তিন মাস পরেই যখন হোর্ডারস বা বিগ স্টকিষ্টসদের কাছে ফসল গিয়ে পৌঁছে যায়, তখন তার দাম বাড়তে থাকে। আমি তার কয়েকটা উদাহরণ দিচ্ছি। এবার এখানে ধানের দাম হারভেস্টিং টাইমএ ছিল সাড়ে সাত টাকা, বর্তমানে সেই ধানের দাম

বেড়ে মণপ্রতি নয় টাকা থেকে এগার টাকায় দাঁড়িয়েছে। মালদহে ছিল নয় থেকে এগার টাকা, বর্তমানে পনের টাকা মণ হয়েছে। অবশ্য সেখানে ওজনের কিছু তারতম্য আছে। বর্ধমানে আট থেকে সাড়ে আট টাকা ছিল, আজকে সেখানে এগার টাকা থেকে সাড়ে বার টাকা মণ হয়েছে। চালের দামও ঠিক এই প্রপোরসনএ বেড়েছে। তারপর পাটের দাম যদি দেখা যায়—এই পাটের দাম বেঁধে দেবার জন্য বড় বড় কৃষক-আন্দোলন চলেছিল, তারা ডেপুটেশন নিয়ে কেন্দ্রীয় মন্ত্রীর কাছে যায় এবং অনুরোধ জানায় যে পাটের দাম বেঁধে দেওয়া হোক। কিন্তু তিনি তাঁর অক্ষমতা জ্ঞাপন করেছেন। এবার পাট ওঠবার সময় তার দাম ছিল কুড়ি-বাইশ টাকা, বর্তমানে তার দাম বেড়ে ২৬-২৭ টাকায় দাঁড়িয়েছে। তারপর আলু, যেটাকে মনি ক্রপ বলা চলে, তার দাম হারভেস্টিং সিজনএ ছিল সাড়ে চার থেকে পাঁচ টাকা, সেটা বর্তমানে বেড়ে আট থেকে নয় টাকায় উঠেছে। তারপর গুড়, ইত্যাদি প্রত্যেকটি ফসল এর দাম থেকে চাষীরা বঞ্চিত হয়। উপরন্তু তাদের উৎপন্ন ফসল যখন হোর্ডারস কিম্বা মহাজনের হাতে গিয়ে পৌঁছায়, তখন তারা চড়া দামে বিক্রয় করে, অথচ গ্রামের যারা গরীব চাষী, মজুর, যারা ক্ষেত মজুরী বা চাষের সময় কাজ করে থাকে, তাদের অধিকাংশই বেকারে পরিণত হয়েছে। তাদের এই চড়া দামে ধান-চাল কিনে খেতে হয়। সুতরাং সমগ্র চাষী দুইবার করে মারা যায়, তাদেরকে প্রথম কম মূল্যে তাদেরই উৎপন্ন ফসল বিক্রয় করতে হয়, এবং যখন তাকে ফসল কিনতে হচ্ছে তখন বেশী দামে কিনতে হয়। এই অবস্থার কি প্রতিকার করা যায় না? নিশ্চয়ই করা যায়। তার একমাত্র প্রতিকার হচ্ছে যে লাভটা বা মুনাফা মহজনদের দিতে হয়, সেই মুনাফাখোরদের লাভটা যাতে চাষীরা পেতে পারে এবং তারজন্য সরকারের উচিত যে এই সমস্ত জিনিষের একটা ফেয়ার প্রাইস বেঁধে দেওয়া এবং গভর্নমেন্ট এই সমস্ত জিনিষ কেনবার পর যদি তার একটা সামান্যতম লাভ রেখে, বা কোন লাভ না রেখে অর্থাৎ যে দামে কেনা হয়েছে, সেই দামেই বিক্রয় করবার ব্যবস্থা করেন, তাহলে নিশ্চয়ই এর প্রতিকার হতে পারে। সরকার হয়ত বলবেন এইরকম অবস্থা সৃষ্টি করতে পারা যায় না, আমরা এই দায়িত্ব নিতে পারি না। কিন্তু আমি বলবো, ইচ্ছা করলেই আপন'রা এটা করতে পারেন, যখন কন্ট্রোল ছিল তখন বিভিন্ন জায়গায় ক্রয়কেন্দ্র করেছিলেন, সেখ নে ধান স্টক করে রেখেছিলেন, হয়ত সরকার বলবেন প্রতি বৎসর বহু লস গিয়েছে। কিন্তু ইঁদুরে কেটে হাজার হাজার মণ চাল নষ্ট করেছে, তার কি হিসাব রেখেছেন? যদি এইসমস্ত অপচয় বন্ধ করে চাষীদের দিকে তাকান, তাদের সত্যিকার ভালর জন্য, তাহলে কিছুটা চাষীদের উপকার হতে পারে। এখানে আর একটা প্রশ্ন উঠতে পারে যেখানে লক্ষ লক্ষ টাকা স্টেট বাস ট্রানসপোর্টএর জন্য লসএর ব্যবস্থা করা হয়, আর যেখানে দেশের শতকরা ৮০ জন চাষী, তাদের বাঁচাবার জন্য এই টাকা ব্যবহার করা যায় না?

চাষীরা শুধু ধানের দাম থেকেই বঞ্চিত হচ্ছে তা নয়, তাদের আরও একটা প্রথা আছে—যারা গ্রামাঞ্চলে বাস করেন প্রত্যেক বছর হারভেস্টিংএর সময় তাদের 'ঢল' প্রথা বলে একটা কোন জিনিষ ধরে দিতে হয়। এই প্রথায় তারা জিনিষের দাম কম পায়। পাটের সময় আড়াই তিন সের পাট দিতে হয়, আলু ও অন্যান্য ফসলের সময়, আলু বা অন্যান্য ফসল দিতে হয়। আমি মনে করি এটা আইন করে বন্ধ করে দেওয়া উচিত। যাতে 'ঢল' প্রথায় চাষীর কাছ থেকে দাম না নেওয়া যায়, এবং যাতে তাদের উৎপন্ন ফসলের ন্যায্য মূল্যের ব্যবস্থা করা যায় তার প্রতি দৃষ্টি দেওয়া উচিত।

সরকার অবশ্য কিছু কিছু লোন দেন বটে। কিন্তু চাষীদের যে পরিমাণ লোনএর প্রয়োজন সেই পরিমাণ লোন তারা পায় না, অত্যন্ত অকিঞ্চিতকর লোন তারা পেয়ে থাকে, এবং চাষের সময় যখন লোন পাওয়া দরকার, তখন পায় না। চাষ হয়ত শেষ হয়ে গিয়েছে, এইরকম সময় লোন পায়। সেইজন্য মহাজনের কাছে যাওয়া ছাড়া আর তাদের অন্য কোন উপায় থাকে না এবং সেইভাবে তাদের কাজ করতে হয়। ফলে মহাজনরা কৃষকের উপর জুলুম ও নানা রকম অত্যাচার করে। মহাজনদের কম দামে ফসল দিতে হবে, এই অঙ্গীকার করিয়ে নিয়ে, তবে কৃষকদের টাকা ধার দেওয়া হয়। এ বছর দেখা গিয়েছে যে ২২-২৩ টাকা পাটের দাম, চাষী যেহেতু মহাজনের কাছ থেকে দাদন নিয়েছে, সুতরাং তাকে সেই পাট ১৪ টাকায় দিতে হয়েছে। এই বর্তমান অবস্থার প্রতিকার সরকার করতে পারেন যদি চাষীদের প্রয়োজনের তুলনায় লোনএর

ব্যবস্থা করেন। কিন্তু সরকার সেই ব্যবস্থা করতে চাচ্ছেন না। চাষীরা যে জিনিষ উৎপন্ন করে এবং তার যে দাম, তার তুলনায়, নিজের নিত্যব্যবহার্য যেসমস্ত জিনিষ ক্রয় করতে হয়, তার যে দাম, তা অত্যন্ত আকাশ পাতাল তফাত রয়েছে। তার উপর চাষীরা দিনের পর দিন দরিদ্র হয়ে যাচ্ছে। প্রত্যেক বছর পূজার সময়, চাষীকে কিছু না কিছু কাপড় কিনতে হয়, সে যেমনই হোক না কেন, ভাল, মোটা কাপড় কিনতে হয়। সেই কাপড়ের দাম পূজার পর থেকে আজ পর্যন্ত জোড়া প্রতি এক টাকা থেকে দেড় টাকা বেড়ে গিয়েছে। সরষের তেল চাষীকেও কিনে খেতে হয়। সেই সরষের তেলের দাম আগে যেখানে ৫২ টাকা ছিল, আজ সেখানে ৭৫ টাকা মণে উঠেছে, অর্থাৎ খুচরা হিসাবে দু টাকা সের। খোলের দাম সাড়ে আট টাকা থেকে সাড়ে তের টাকা মণ হয়েছে। বড়বাজারে গিয়ে শুনলাম যে সাড়ে ষোল টাকা বস্তা হয়েছে। আগে সাড়ে আট টাকা বস্তা ছিল, এখন সেখানে সাড়ে ষোল টাকা বস্তা হয়েছে। চাষীদের যে জিনিষগুলি কিনতে হয়, তার দাম আর চাষীর উৎপন্ন জিনিষের বিক্রয়ের দাম এত পার্থক্য যে তাতে তারা বাঁচতে পারে না। উপরন্তু আমাদের সরকার এখানে, এই আইন সভার মধ্যে অনেকবার ঘোষণা করেছেন, তাঁদের বড় বড় এচিভমেন্ট যেসমস্ত দেখান, তাতে দেখলাম যে চাষীদের ধারে সার দেবার ব্যবস্থা করেছেন। কিন্তু বাজেট বইখানি ভাল করে পড়লেই দেখতে পাবেন সারের মূল্য প্রতি বছর বাড়তি মূল্যে আদায় করা হচ্ছে। সুতরাং সারের যে বাড়তি মূল্য নিশ্চয়ই সেই মূল্য চাষীদের কাছ থেকে আদায় করা হয়। অবশ্য উনি বলবেন এরচেয়ে কম মূল্যে দেওয়া যায় না। কিন্তু আমি মনে করি নিশ্চয়ই এর থেকে কম মূল্যে দেওয়া যায়। সার কেমিকেল ফারটিলাইজার ইন্ডাস্ট্রিয়াল গুডস প্রভৃতি চাষীরা যাতে স্বল্পমূল্যে অর্থাৎ সম-ব্যবস্থা করে পেতে পারে তার কোন ব্যবস্থা করেন নি। অন্য দিক দিয়ে যদি দেখি—খাদ্যমন্ত্রী বলেছেন কি হবে ধানের দাম, অবশ্য এবার বেড়ে গিয়েছে। যখন ফেমিন সম্বন্ধে আলোচনা হয়, তখন তিনি মন্তব্য করে বলেন যে আমাদের দেশের লোকের স্ট্যান্ডার্ড অব লিভিং বেড়ে গিয়েছে। কিন্তু কাদের বেড়েছে? সাধারণের বেড়েছে? চাষীদের বেড়েছে? তাদের বাড়ে নি। বেড়েছে তাদের যারা মুনাফার পাহাড় সৃষ্টি করছে। সাধারণ লোক যারা খেটে খায়, তাদের স্ট্যান্ডার্ড অব লিভিং বাড়ে নি। আজকে গ্রামাঞ্চলের অবস্থা শোচনীয় হয়ে উঠেছে।

আমি এখানে কয়েকটা উদাহরণ দিতে চাই, ইস্টার্ন ইকনমিকস থেকে দু-একটা কথা বলতে চাই। এই সমস্ত কি-ইন্ডাস্ট্রিয়ালিস্টরা কিরকম প্রফিট করেছেন দেখুন। ১৯৫৩ সালে তাদের প্রফিটএর সংখ্যা হচ্ছে আট কোটি টাকা; তারপর ১৯৫৫ সালে প্রফিট হয়েছে ৩২ কোটি টাকা। সুতরাং এখান থেকে বুঝতে পারেন এই নেশনেল ওয়েলথ, সম্পদ যেটা বাড়ছে, সেটা গোড়া থেকে কাদের হাতে গিয়ে জমছে। ইন্ডাস্ট্রিয়ালিস্টদের পক্ষে ১৯৫৪ সালের বছরটা সবদিক দিয়ে সুবিধা ও লাভের বছর। ১৯৫৪ সালের প্রথম ছয় মাসে তাদের যে প্রফিট দেখছি সেটা হচ্ছে দুই কোটি ৯৬ লক্ষ টাকা, এবং দ্বিতীয় ছয় মাসে চার কোটি, ৯০ লক্ষ টাকা, অর্থাৎ ডবল প্রফিট হয়েছে।

[3-20—3-30 p.m.]

দ্বিতীয় ছয় মাসে তাদের চার কোটি টাকা অর্থাৎ ডবল প্রফিট হয়েছে—চার কোটি ৯০ লক্ষ টাকা। ৫৭টা টী কোম্পানীর এক কোটি তের লক্ষ টাকা হয়েছে, তার পরের ছয় মাসে তিন কোটি ছয় লক্ষ টাকা। ১০টা জুট মিলে ৪৪ লাখ টাকা এবং তার পরের ছয় মাসে হয়েছে ৪৬ লাখ টাকা।

তাহলে দেখা যায় আমাদের দেশে যাঁরা বিগ ইন্ডাস্ট্রিয়ালিস্টস তাঁদের প্রফিটএর অঙ্ক বেড়ে যাচ্ছে, দিনের পর দিন বেড়ে ডবল হচ্ছে। কিন্তু চাষীর যে অবস্থা সেই অবস্থাই রয়ে গেছে। তারা যে তিমিরে সেই তিমিরেই রয়ে গেছে।

এই অবস্থায় আরও একটা কথা আপনার মারফত আমি হাউসের কাছে উপস্থাপিত করতে চাই। সেটা এই যে আমাদের চাষীদের অবস্থা যদি আরও উন্নত করতে হয় তাহলে আমাদের সরকারকে আজ বিভিন্ন সরকারকে বলা দরকার এবং কেন্দ্রীয় সরকারকেও বলা দরকার, বিভিন্ন

দেশের সাথে আমাদের ট্রেড যাতে আরও একটু য়্যাক্সপান্ড করে। কারণ মাদ্রাজে যখন টোব্যকো নিয়ে গোলমাল হয়েছিল, সামান্যভাবে চীনের সাথে একটা পেক্ট করলে এবং চীন তামাক কিনেছিল, তার ফলে তামাকের দাম কিছু বেড়েছিল এবং অন্যান্য জিনিষের দামও সেইভাবে বাড়ে। আজ আমাদের দেশে পাটের দাম চাষীরা কি পাচ্ছে? অন্যান্য জায়গায় পাটের চাহিদা আছে, কারণ, আমাদের দেশের একরকম বলা যায় পাটে মনোপলি রয়েছে, কিন্তু সরকার কি কারণে জানি না আমাদের পাট যা বিদেশে যায় তা একমাত্র আমেরিকা এবং আর্জেন্টাইনায় বিক্রী করতে হয়। অন্যান্য জায়গার ব্যবসায়ীরা তা যেকোন ন্যায্য মূল্যে কিনতে রাজী আছে। কিন্তু তারা কিনতে পারে না। আমাদের যা ফরেন ট্রেড তাতে দেখা যায় আমাদের ১৯৫৫ সালে ১,১০০ কোটি টাকার ফরেন ট্রেড হয়েছে, তার মধ্যে ক্যালকাটা পোর্ট থেকে হয়েছে ৪৫০—৫০০ কোটি টাকার। কিন্তু তাহলে কি হবে? এখানে আমাদের পাটের দাম কি বেড়েছে? অনেক জিনিসের দাম যা চাষীরা পায় তা বাড়ে নি এবং ইন্ডিয়া গভর্নমেন্টও সে রকম ব্যবস্থা করতে চান না। এই ট্রেড যা হয়েছে এর পরিমাণটা হিসাব করলে দেখা যায় ২৮ শতাংশ হয়েছে ইংলন্ডের সঙ্গে, আমেরিকার সঙ্গে ১০—১৫ শতাংশ এবং যেসমস্ত সোস্যালিস্টিক এবং ডেমোক্র্যাটিক কানট্রিজ রয়েছে তাদের সঙ্গে হয়েছে ১·৬১ শতাংশ এবং টাকার দিক দিয়ে তা যদি দেখতে হয় তবে ৩-৪ কোটি টাকার বেশী হয় না। আর বাকী সমস্তটা ইংলন্ড, আমেরিকা, এবং কমনওয়েলথ কানট্রির সঙ্গে হয়। সত্যিকারের যাতে আজ পাটের যা ন্যায্য মূল্য সেই টাকা চাষীদের হাতে আমরা দিতে পারি, সেইজন্য সেই রকম নীতি গ্রহণ করতে হবে। যারা আমাদের সঙ্গে এই নীতিতে ব্যবসা করবে তাদের সঙ্গে সেই ব্যবসা য়্যাক্সপান্ড করতে হবে এবং তাহলে নিশ্চয় কেন্দ্রীয় সরকারকে এ কথা বলতে পারি যে এই ব্যবসা করতে গেলে যে অসুবিধা আছে তা দূর করার জন্য সে সম্বন্ধে তাঁদের চিন্তা করা দরকার। কারণ আমাদের শিপিংএর যে ব্যবস্থা তাতে মাত্র সাত শতাংশ ইন্ডিয়ান, আর বাকি ৯৩ শতাংশ ফরেন, আর শিপিংএর যে লাভ সেটা হচ্ছে ৭৫ কোটি টাকা এবং তা বিদেশীর হাতেই চলে যায়। এই ৭৫ কোটি টাকা এদেশের হলে সরকার বিভিন্ন জায়গায় বিভিন্ন উন্নয়নমূলক কাজে তা ব্যয় করতে পারেন। এজন্য বেশী কোরে চাষীর কাজে সেই টাকা লাগান যেতে পারে। এজন্য আমাদের ফরেন শিপিং যাতে বন্ধ হয়ে তাদের মুনাফা যাতে কমতে পারে অন্ততঃ সেটার ব্যবস্থা করা দরকার।

সেই কারণে আমার প্রস্তাবে যেসমস্ত সাজেশসান দিয়েছি, সেই সাজেসানগুলো সম্বন্ধে আপত্তি করবার কারণ নাই এবং সেগুলি আপনাদের বিবেচনা কোরে দেখবার জন্য বলছি, এবং মনে হয় যাঁরা চাষীর কল্যাণ চান, চাষীরা যাতে খেতে পায়, দুমুঠো খেয়ে বাঁচতে পারে এই চান, তাঁদের সেই সাজেশসানগুলি সম্বন্ধে আপত্তি থাকা উচিত নয়। তবে একথা সত্য, আপনারা জানেন এবং খাদ্যমন্ত্রী যত জোর গলায় বলুন না কেন, এবং প্রধানমন্ত্রীও বলেছেন যে তিনি খাদ্যমন্ত্রীর কাছে শুনেছেন যে মাত্র কয়েকটি পকেট সৃষ্টি হয়েছে যেখানে খাদ্যের অভাব হয়েছে। কিন্তু আমরা যারা গ্রামে থাকি, গ্রামাঞ্চলে থেকে আমাদের কাছে বিভিন্ন কেন্দ্রের সংবাদ এসেছে, তাতে কয়েকটি পকেট কেন, অধিকাংশ জায়গাতেই অর্ধেক রকম ফসলও হয় নি বা তারও কম হয়েছে। ও'রা যে স্টেটিস্টিকসই এখানে আমাদের কাছে দিন না কেন, এই হাউসের কাছে দিয়ে যদিও তা পাশ করাতে পারেন, কিন্তু বাস্তব সত্য তা নয়। গ্রামাঞ্চল হ'তে আজকে হাহাকারের সংবাদ আসছে, বিভিন্ন জায়গায় বিক্ষোভের সৃষ্টি হচ্ছে, এবং সরকারের কাছে বিভিন্ন ইউনিয়ন বোর্ড এবং অন্যান্য সমিতি থেকে দাবী আসছে যে আমাদের এখানে রিলিফের ব্যবস্থা কর, আমাদের অমুক কর, তমুক কর, এইসমস্ত দাবী আসছে। সুতরাং তাদের বাঁচাতে গেলে এগুলি করা অবিলম্বে দরকার।

আমার আর একটা দাবী রয়েছে। আমাদের দেশে ইন্ডাস্ট্রির ডেভেলপমেন্ট কোরে যাতে সমস্ত র-ম্যাটারিয়ালস ব্যবহার করা যায় তার ব্যবস্থা করা দরকার। কারণ, এখানে চাষীরা যে সমস্ত জিনিস উৎপন্ন করে তা অন্য দিকে চেয়ে না থাকলেও স্থানীয়ভাবে ব্যবহার যেন করতে পারে সেই দাবী করছি। যেমন, কোচবিহার ও জলপাইগুড়িতে তামাকের প্রচুর চাষ হয়, এবং সত্যি কোরে কোচবিহার এবং জলপাইগুড়ীর চাষীর একটা বড় অংশ তামাকের জন্য মার খেয়ে যায়। তাদের ঐখানে যদি তামাকের ফ্যাক্টরি করা যায়, তামাক বিক্রি কোরে যে লাভটা বিদেশীরা

নিয়ে যাচ্ছে সেই লাভ দেশের চাষীরা পায়, চাষীর কল্যাণ তাতে হতে পারে। আমরা চিনির কলও করতে পারি। আমাদের দেশে প্রচুর আখ চাষ হয়, এবং অন্যান্য কলকারখানাও বাড়তে পারে। আমাদের সরকার এ সম্বন্ধে কতটা করছেন তা জানি না এবং পরিকল্পনার মধ্যে ইন্ডাস্ট্রিয়ালাইজেসন সম্বন্ধে বাংলার ক্ষেত্রে কতটুকু করতে পারবেন তা জানা দরকার।

আমি পরিশেষে আপনাদের কাছে বলতে চাই যে আপনাদের কাছে আমি যে সাতটা সাজেশসান দিয়েছি এই সাতটা সাজেশসান গ্রহণ করা প্রয়োজন। সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএ এই পয়েন্ট-গুলি নীতিগতভাবে স্বীকার কোরে নিয়ে এই দিকে পদক্ষেপ করুন। তাই বলব যে বাংলা সরকার যাঁরা চাষী সম্প্রদায়ের উন্নতির উপর নির্ভরশীল তাঁরা তাদের বাঁচাবার জন্য অগ্রসর হউন এবং যাতে এটা কার্যকরী করা যায় তার চেষ্টা করুন।

Sj. Mrigendra Bhattacharjya:

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আট বছর কংগ্রেস শাসনের পরে আইনসভায় প্রস্তাব হিসাবে নিতে হচ্ছে দেশের এই সমস্যা সম্বন্ধে। এটা অত্যন্ত দুঃখ এবং লজ্জার কথা। মন্ত্রীমহোদয়ের কাছ থেকে এই আইনসভায় আজ যে সকল কথা শুনছি সে শুনতাম ঠিক আট বছরেরও আগে ব্রিটিশ গভর্নমেন্টের অফিসারদের কাছ থেকে। সেই দিনের সেই কথা যদি আজ মন্ত্রীমহোদয় বলেন ত সেটা অত্যন্ত বেদনাদায়ক হয়। দেশের প্রকৃত অবস্থা গোপন কোরে রাখবেন, এবং সত্য কথা গোপন কোরে অসত্য কথা বলবেন এরচেয়ে দুঃখ ও লজ্জার কথা কি আছে? তাঁরা এ দেশের লোক, দুঃখ নিজেদের চোখের সামনে দেখছেন, এবং আরও দুঃখের কথা এইজন্য যে এঁরাই স্বাধীনতা আন্দোলনের সৈনিক হিসাবে লড়াইএর ময়দানে ছিলেন। তাঁরা আজকে গভর্নমেন্টে এসে যখন এই কথা বলেন যে দেশে খাদ্যসমস্যা নাই, দেশের মানুষের কষ্ট নাই, আমাদের জাতীয় আয় বাড়িয়ে এনেছি, জাতির অনেক উন্নতি করেছি, এই কথা যখন এখনও বলেন তখন আমরা যারা গ্রামের মাঝে লোকদের দেখি আমরা যারা ভুক্তভোগী, আমরা যারা এখনও দেখি যে আজও ব্রিটিশ আমলের মত দেশের লোক অভুক্ত আছে এবং না খেয়েও মরে, তখন মনে হয় যে এঁরাই স্বাধীনতার জন্য কি লড়াই করেছিলেন এবং এঁদের কি উদ্দেশ্য ছিল যে গভর্নমেন্টে এসে ব্রিটিশের মত অসম্ভব অত্যাচার চালিয়ে যাবেন? এই সন্দেহ আজ দেশের লোকের মনে হয়েছে। আমরা সকলেই জানি যে আড়াই কোটি লোকের মধ্যে শতকরা ১৫ ভাগ ক্ষেতমজুর অর্থাৎ কম কোরে ধরলেও আড়াই কোটির মধ্যে ৩৫-৩৬ লক্ষ লোক হন ভূমিহীন চাষী, যাদের গতর খাটিয়ে জমিতে কাজ কোরে খাওয়া ছাড়া অন্য উপায় নাই। আমি অন্য কথা বাদ দিয়ে তাদের এইমাত্র জিজ্ঞাসা করি যে এই ৩৫ লক্ষ লোকের জন্য যারা মজুরী করে খায় তাদের জন্য সরকার কি ব্যবস্থা করেছেন? তাদের জমি নাই, তাদের অন্য উপায় কিছু নাই, তাদের গতর খাটিয়ে খাওয়া ছাড়া গত্যন্তর নাই, তাদের জমি দেওয়ার বা তাদের কাজের কি ব্যবস্থা কিছু করেছেন? তা ত করেন নি। তা যদি না করে থাকেন তাহলে এই ৩৫ লক্ষ লোক কিভাবে থাকছে, তাদের কি দশা, তার কথা ত ভাবছেন না, বরং বলছেন দেশে খাদ্যসমস্যা নাই। যারা দারুন খাদ্যসংকটে কষ্ট পায় তাদের মধ্যে প্রথম শ্রেণীতে হচ্ছে এই ৩৫ লক্ষ লোক। তারা কাজ পায় কিছু দিন মাত্র, ছয়-সাত মাস তারা কাজ পায় না, এটা ত সেন্ট্রাল গভর্নমেন্টের হিসাব। তারা কাজ পায় চাষের সময়, ধান কাটা, ধান ঝাড়া, এইসব কাজ করে, অন্যান্য সময় খুব কম কাজ পায়। এই যে লোকের বেকার অবস্থা—তারা যখন কাজ পায় না ধান কাটা ও ঝাড়া শেষ হলে তখন কাজের অন্বেষণে তারা চতুর্দিকে দৌড়াদৌড়ি করে। সরকার থেকে তাদের জন্য সে সময় কোন ব্যবস্থা করা হয় না।

[3-30—3-40 p.m.]

যাদের জমি নেই, আয়ের কোন ব্যবস্থা নেই, গতর খেটে খাওয়া ছাড়া আর কোন উপায় নেই তাদের কি আপনারা জমি দিয়েছেন, কাজের কোন ব্যবস্থা করে দিয়েছেন? তাত করেন নি। তা না করুন, কিন্তু এই ৩৫ লক্ষ লোক কিভাবে থাকছে, কিভাবে খাচ্ছে এইসব জানা সত্ত্বেও তবু তাঁরা বলছেন যে খাদ্যসমস্যার সমাধান হয়ে গেছে। দারুণ খাদ্যসংকটে যারা কষ্ট পায় তাদের মধ্যে প্রথম শ্রেণী হচ্ছে এই ৩৫ লক্ষ লোক যাদের খেটে খাওয়া ছাড়া আর কোন উপায় নেই।

কিন্তু তারা কদিন কাজ পায়—সেটা সেন্ট্রাল গভর্নমেন্টের হিসেব থেকেই পাওয়া যায় যে বৎসরের ছয়-সাত মাস তারা কাজ পায়, আর বাকী পাঁচ মাস তারা কোন কাজই পায় না। অর্থাৎ চাষের সময় ধান কাটা, ঝাড়া ইত্যাদির কাজ পায়, আর অন্যান্য সময় খুব কমই তারা কাজ পায়। এই যে লোকের বেকার অবস্থা, যেমন এখন তারা কাজ পায় না, কারণ ধান কাটা শেষ হয়ে গেছে বলে এখন তারা চতুর্দিকে দৌড়াদৌড়ি করছে। অতএব সরকার থেকে এখনও পর্যন্ত তাদের কাজ দেবার ব্যবস্থা হয় নি বলে আজকে তারা সবচেয়ে বেশী সংকটে পড়েছে। সেদিন প্রফুল্লবাবু এখানে দাঁড়িয়ে বললেন যে আমাদের বাংলাদেশের জাতীয় আয় বেড়েছে, কিন্তু কি পরিমাণ বেড়েছে না বেড়েছে তার কোন স্ট্যাটিসটিকস আমাদের কাছে নেই—সেই স্ট্যাটিসটিকস নেবার তারা কোন প্রয়োজন মনে করেন না। অথচ সেই মন্ত্রীসভার আর একজন মন্ত্রী বলে দিলেন যে বাংলাদেশের ১৮ ভাগ আয় বেড়ে গেছে, ধরে নিলাম মন্ত্রীমহাশয় যদি বলেন যে ১৮ ভাগ বেড়েছে সেটা আলোচনা করার দরকার আছে। কারণ এই যে জাতীয় আয় বেড়েছে সেটা যদি তর্কের খাতিরে ধরে নেওয়া যায় তাহলে কি জাতীয় আয় বেড়েছে সেটা আমাদের দেখা দরকার। জাতীয় আয় বেড়েছে তাদেরই যারা ধনী ছিল তারা আরও ধনী, যারা কোটিপতি ছিল তারা আরও কোটিপতি হয়েছে। কিন্তু যারা ছিল গরীব তারা আরও গরীব হয়েছে। অর্থাৎ বিড়লার লাভ হোত দুই কোটি টাকা তার ২০ কোটি টাকা লাভ হচ্ছে, অথচ সেই লাভের টাকায় সকলের ঘাড়ে চাপিয়ে দিয়ে বলে দিলেন যে আমাদের জাতীয় আয় বেড়েছে। কিন্তু তাতে লাভ কি হয়েছে দেশের লোকের—তাঁরা চোখের সামনে দেখছেন যে হাজার হাজার গ্রামের লোক বেকার অবস্থায় ঘুরছে, দেশের লোকের কাজ হয় না, খেতে পায় না, শিল্পজাত পণ্যের দামের কোন সামঞ্জস্য নেই। এইসব অবস্থা থাকা সত্ত্বেও তাঁরা বলছেন যে আমাদের জাতীয় আয় বেড়ে গেছে। তাঁরা কি দেশে যান না, তাঁরা কি গণসংযোগ ছেড়ে দিয়েছেন, না ঐ চড়বড় পাণ্ডাদের, যারা ১৯৪৭ সালের পরে কংগ্রেসী হয়েছে তাদের সঙ্গে দহরমমহরম করে তাদেরই সঙ্গে সবাইকে এক করে বলেছিলেন যে আমাদের জাতীয় আয় বেড়েছে। অতএব এই যে জাতীয় আয় বেড়েছে সেটা আমরা অত্যন্ত অসত্য বলে জানি এবং সাধারণ মানুষের আয় বাড়ে নি—বেড়েছে তাদের যারা সেইসব সাধারণ মানুষের পকেট কেটে ধনী ছিলেন তারা আরও ধনী হয়েছেন, যাঁরা বড়লোক ছিলেন তাঁরা আরও বড়লোক হয়েছেন। আমি মন্ত্রীমহাশয়কে তাঁর কার্যকলাপের জন্যে বলি যে আজ পর্যন্ত যেটা ছিল না সেটা গত বছর তাঁরা করেছেন—মধ্যবিত্ত লোন। গত বছরে মধ্যবিত্তদের লোন দিতে হয়েছে এবং এই বছরে যদি একটু খাদ্য কম হয় তাহলে শুধু ক্ষেতমজুর, কৃষক নয়, মধ্যবিত্ত পরিবারও কিভাবে আজকে নিঃস্ব হতে চলেছে। এটার প্রমাণ হচ্ছে যে গত বছর সরকার থেকে এদের নতুনভাবে লোন দেবার ব্যবস্থা করছেন এবং তার নাম দিয়েছেন মধ্যবিত্ত লোন। অতএব বোঝা যাচ্ছে যে মধ্যবিত্তদের ঘরেও সংকট এসেছে।

তারপর স্পীকার মহাশয়, আপনি জানেন যে জমিদারী ক্রয় আইন, ভূমিসংস্কার আইন ইত্যাদি আইন আনার ফলেতে নিম্ন মধ্যবিত্ত যারা গ্রামে ছিলেন, তাদের আজকে কি করুণ অবস্থা হয়েছে এবং যদি সেটা দেখেন তাহলে দেখবেন যে সেটা বড় ভয়ানক। আমি জানি বহু নিম্ন মধ্যবিত্ত পরিবারের মেয়েরা যারা বাড়ী থেকে বেরুত না তাদের আজকে পেটের দায়ে কলকারখানায় যেতে হয়েছে। তাদের যে ক্ষতিপূরণ সেটা আজও সরকার দেন নি। জমি থেকে যে ভাগ তারা পেত তাও তারা আজও পর্যন্ত পায় নি। তাদের জীবিকানির্বাহের পথ তারা আজ হারিয়েছে এবং আজ তাদের মান মর্যাদা সমস্ত বিসর্জন দিয়ে এই পথ বেঁছে নিতে হয়েছে। অথচ তাঁরা এখনও গলা বাড়িয়ে বলছেন যে আমরা জাতিয় উন্নতি করেছি।

তৃতীয়তঃ আমরা জানি যে ধান যখন ওঠে, ফসল যখন ওঠে, তখন তার দাম হুহু করে পড়ে যায় এবং যেই কৃষকের ঘরে ধান শেষ হয়ে যায় আবার সেই ধানের দাম বেড়ে যায়। ধান ওঠার সঙ্গে সঙ্গে কৃষকরা ফসল বেঁচে ফেলতে বাধ্য হয়, কারণ তাকে ধানের দাম, খাজনা ইত্যাদি দিতে হয়। পৌষ মাঘ মাসে যখনই ধান ওঠে তখনই চতুর্দিক থেকে কৃষকের ঘরে যে ধানটুকুন থাকে সেটুকুন যে কি করে কেড়ে নেওয়া যায় তার জন্যে ব্যবস্থা চলতে থাকে ; এরজন্যে মহাজন আছেই, জমিদাররা ছিল, এখন সরকার আছে। এই বছরেই দেখতে পাওয়া যাচ্ছে যে ধান ওঠার পরেই সরকার বলছেন যে খাজনা মেটাও এবং এমনভাবে সন্ত্রাস সেখানে সৃষ্টি হয়েছে যে

খাজনা না দিলে, [illegible] আমলে চার বছরে যেখানে খাজনা বাকী থাকতে পারত সেখানে এদের কিছুই বাকী রাখবার উপায় নেই এবং নালিশ করবার দরকার হবে না। সার্টিফিকেট জারী করে খাজনা আদায় করবেন, তা না হলে জমি নিলাম করে দেবেন। এইভাবে কৃষকরা তখন কম দামে বেঁচে ফেলে দেয়। অর্থাৎ যে ধানের দাম আজকে ১১ টাকা উঠেছে সেই ধানকে তখন তারা সাত টাকায় বেঁচে দিয়ে তাদের খাজনা মেটাতে বাধ্য হয়। অতএব যখনই তাদের ফসল ওঠে তখনই এই সমস্ত কারণের জন্যে তাদের বেঁচে ফেলতে হয় এবং সেই ধান কেনেন বড় বড় ব্যবসায়ীরা যাঁরা জমিওয়ালা তাঁরা ধান জমা রেখে দেন। এর জন্যেই কৃষকের ধান যখন শেষ হয়ে যায় তখন এই ব্যবসায়ীরা এবং যারা জমির মালিক তারা যত মানুষের অভাব সৃষ্টি হতে থাকে, তত তারা সেইসমস্ত ফসলের দাম বাড়াতে থাকে। আমরা সাধারণতঃ দেখি চৈত্র মাসের পর থেকে ধানের দাম বাড়তে থাকে। কিন্তু এই বছরে আমরা দেখছি যে ফাল্গুন মাস থেকে ধানের দাম তিন-চার টাকা করে মণপ্রতি বেড়ে গেছে। এর ফলেতে যে কৃষক ধান বেঁচে ফেলতে বাধ্য হয়েছিল তাকে বেশী দামে কিনতে হবে। অর্থাৎ যে কৃষক সাত টাকা মণ দরে ধান বেচতে বাধ্য হয়েছিল তাকেই আজ আঠার টাকা মণ দরে ধান কিনতে হচ্ছে। সুতরাং এইবারে আমরা যদি দেখি তাহলে দেখব যে কৃষকরা দুবার ঠকছে—একবার ধান বেঁচার সময় ঠকছে, আর একবার ধান কেনার সময় ঠকছে। অর্থাৎ কৃষককে এগার টাকার ধানকে সাত টাকায় বেঁচে দিতে বাধ্য হতে হয়েছিল সেই কৃষককে আবার আজকে এগার টাকার উপর দর দিয়েই সেই ধান কিনতে হয়। অতএব এই অবস্থা সৃষ্টি না করার জন্যে আমরা সরকারের কাছে বারবার দাবী করেছি যে একে যদি কন্ট্রোল করতে হয় তাহলে সরকারকে প্রত্যেকটা ইউনিয়নে বা বড় বড় বাজারে নিজেদের গোলা করতে হবে এবং সেখানে ধান জমা রাখতে হবে। এইজন্যে সরকারকে ধান কিনতে হবে এবং সেখান থেকে ধান সরকারকে তাদের দিতে হবে, যাতে অন্তত ন্যায্য খরচটা বাদ দিয়ে মণকরা চার আনা অতিরিক্ত দিয়ে কৃষকরা ধান কিনে নিতে পারে। এই ব্যবস্থা না করলে আজকে গ্রামে একটা শোষক শ্রেণীর উপর নির্ভর করতে হয়, আর এটা যদি না হয় তাহলে সেই বড় লোক যাদের ধান আছে তাদের উপর নির্ভর করতে হয়। কিন্তু তারা তখন মানুষের যত অভাব হয় সেই অভাবের সুযোগ নিয়ে ধানচালের দাম তারা ক্রমশঃ ক্রমশঃ বাড়ায়।

এরপরে আসে কুটিরশিল্পের কথা। আমরা সকলেই জানি যে কুটিরশিল্পের আজ কি অবস্থা হয়ে আসছে ; কুটিরশিল্প আজ প্রায় ধ্বংসের পথে। তারা যা উৎপাদন করে তার বাজার নেই। এইজন্যে কুটিরশিল্প উঠে গেছে। কিন্তু যেটুকু আছে সেটা দিয়ে তাদের খাওয়াপরার মতন অবস্থা নেই। আমি একটা উদাহরণ দিই—ইন্ডাস্ট্রি সম্বন্ধে। মাদুরশিল্প আমাদের দেশে একটা বেশ ভাল শিল্প এবং যেটা বাংলা দেশের একমাত্র মেদিনীপুর জেলায় দাসপুর এবং পাশকুড়া থানায় কিছু অংশে আছে এবং হাওড়া জেলারও কিছু অংশে আছে। এটার উপর নির্ভর করে প্রায় ২০-২২ হাজার লোকে জীবিকানির্বাহ করে। কিন্তু সেই কুটিরশিল্পের অবস্থা কি তা আমি বলছি। তারা ১৬-১৭ ঘণ্টা খেটে মাত্র ১০-১২ আনার বেশী উপায় করতে পারে না। আমি জানি একটা গ্রামে তখন পিতল কাঁসার শিল্প ছিল, কিন্তু সেই গ্রামে সেটা প্রায় নিশ্চিহ্ন হয়ে গেছে। দুই কি পাঁচ ঘর আছে কিনা সন্দেহ এবং আর সব মরে গেছে, না হয় কারবার ছেড়ে দিয়ে অন্যত্র পালিয়ে গেছে। এইরকম করেই গ্রামের কুটিরশিল্প আজ ধ্বংস হয়ে গেছে এবং যাদের আছে তাদের না চলে শিল্প, না চলে তাদের পেট। সেজন্য আজ তারা ক্ষেত মজুরের দলে চলে গেছে। এইভাবে আমরা যদি দেখি তাহলে দেখব যে ক্ষেতমজুর, গরীব কৃষক, কুটির-শিল্পী এবং মধ্যবিত্ত ইত্যাদি লোকের অবস্থা আজকে কি অবস্থায় এসেছে। তাই আমার বন্ধু যে প্রস্তাব এনেছেন তাতে যদি আমরা দেশের লোককে বাঁচাতে চাই তাহলে আজকে এই প্রস্তাবকে কার্যকরী করার জন্যে আমাদের অনতিবিলম্বে ব্যবস্থা করা দরকার।

আর একটি দুঃখের কথা যে আমরা প্রতি বছরেই দেখি যে লোক না খেতে পেয়ে তাদের অবস্থা মরার মতন হয়ে গেছে। সেগুলি সম্বন্ধে প্রশ্ন করলে তাঁরা বলেন যে ঐগুলি না খেয়ে মরে নি, পেটের অসুখে মরেছে। অতএব, স্বাভাবিক ব্যাপার যে এইরকমভাবে না খেতে পেয়ে মারা যাওয়াটাকে তারা পেটের অসুখ বা জ্বরে মারা যায় বলে চালিয়ে যাওয়ার চেষ্টা করেন। গত বছরে আমি জানি যে আমার এলাকায় তিন-চার জন অভাবের তাড়নায় ছেলেপিলেনক না খেতে

দিতে পেরে গলায় দড়ি দিয়ে মরেছে। কিন্তু তাঁরা বলেছেন যে না এইসমস্ত ব্যাপার ঠিক নয়। অথচ অবস্থাটা বুঝুন যে সে ছেলেপিলেকে না খেতে দিতে পেরে গলায় দড়ি দিল। সেদিন দেখেছেন যে অর্ডিন্যান্স ফ্যাক্টরীর ছাটাই হবার নোটিশ পাবার সঙ্গে সঙ্গে তার ফ্যামিলির কি হবে, নিজের ভবিষ্যতের কি হবে ইত্যাদি ভেবে একজন লোক গলায় দড়ি দিয়েছে। তাই আমি আশা করি যে মন্ত্রীমহাশয়ের কাছে যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাব অনুসারে এটাকে কার্যকরী করার জন্যে তিনি নিশ্চয় চেষ্টা করবেন।

[3-40—3-50 p.m.]

মেদিনীপুর জেলায় বিশেষ করে গড়বেতা, শালবনী, ঝাড়গ্রাম এলাকা ক্ষেতমজুর অঞ্চল। শতকরা ৬০-৭০ ভাগ ক্ষেতমজুরের সেই এলাকায় কাজ নেই, সেখানে সংকটজনক অবস্থা উপস্থিত হয়েছে। সমস্ত জায়গায় অনতিবিলম্বে টেস্ট রিলিফের ব্যবস্থা করে এই সমস্যার সমাধান করা প্রয়োজন। তা ছাড়া অন্ধ, খঞ্জ, এবং যারা অথর্ব্ব হয়ে গেছে, তাদেরও ইমিডিয়েটলি রিলিফ দেওয়া দরকার, যাতে তারা খেয়ে দেয়ে বেঁচে থাকতে পারে। একদিকে তাদের কাজ নেই, অন্যদিকে তারা কাজ করতে পারে না, এইরকম অবস্থা হয়েছে। সুতরাং এইসমস্ত কাণা, খোঁড়া, অন্ধ এদের রিলিফ দেওয়ার জন্য আমি অনুরোধ করছি। সত্যিকারের এর সমাধানের পথ কি সেটা চিন্তা করে দেখতে হবে। আমরা যদি বিভিন্ন দেশের দিকে তাকাই, তাহলে দেখতে পাবো যে তারা দুই-তিন বছরে খাদ্যসমস্যার সমাধান করলো কিন্তু আমরা এখনও করতে পারলাম না। সেই সংকটজনক অবস্থার মধ্যেই আমাদের দেশ রয়ে গেল। আমি আশা করি মন্ত্রীমহাশয় আমার বন্ধুর এই প্রস্তাবটি মেনে নেবেন।

Sj. Dhananjoy Kar:

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, চাষীদের অবস্থা অত্যন্ত শোচনীয়, একথা বললে অত্যুক্তি হয় না। সরকার অবশ্য বারে বারে আমাদের বুঝানোর চেষ্টা করছেন যে না, চাষীদের অবস্থা দিনের পর দিন ভালোর দিকে যাচ্ছে কিন্তু আমরা গ্রামদেশে যা দেখছি তাতে আমাদের ধারণা এই যে চাষীদের অবস্থা দিনের পর দিন খারাপের দিকে যাচ্ছে, ভালোর দিকে মোটেই নয়। সেইসব চাষীদের যদি রক্ষা করতে হয় এবং তাদের উন্নতি করতে হয় তাহলে আমার মনে হয় যে চাষের উন্নতির জন্য চিন্তা করার প্রয়োজন আছে এবং চাষীরা যাতে তাদের উৎপন্ন ফসলের ন্যায্য মূল্য পায় সেইরকম ব্যবস্থা করার অত্যন্ত প্রয়োজন আছে। চাষী আজকে তার উৎপন্ন ফসলের ন্যায্য মূল্য পাচ্ছে না বলে তার অবস্থা খারাপ হচ্ছে একথা ঠিক। সেজন্য আমি বলবো যে চাষীরা যাতে তাদের উৎপন্ন ফসলের ন্যায্য মূল্য পায়, তারজন্য সরকারের কিছু একটা ব্যবস্থা করার খুব দরকার। আমরা দেখছি কিনা চাষীরা অগ্রহায়ন বা পৌষ মাসে তাদের উৎপন্ন ফসল খুব সস্তাদরে মহাজনদের কাছে বিক্রী করে দিতে বাধ্য হয়। তাদের কোন উপায় নেই যাতে করে তারা তাদের ফসল আটকে রাখতে পারে এবং যেসময় মূল্য বৃদ্ধি পাবে সেই সময় সেটাকে বিক্রী করতে পারে। যেসময় জিনিষের দর খুব সস্তা থাকে, সেই সময় তারা তাদের ফসল মহাজনদের কাছে বিক্রী করে দিতে বাধ্য হয় এবং তা থেকে মহাজনরা প্রচুর লাভ করে থাকেন। মহাজনেরা সেই ফসল সস্তা দরে কিনে সেগুলি জমিয়ে রেখে অভাবের সময় বেশী মূল্যে তাঁরা বিক্রী করে থাকেন। সেই কারণে আমি বলবো সরকার অগ্রহায়ণ-পৌষ মাসে চাষীদের সেই ধান কিনে নেবার ব্যবস্থা করুন এবং যেসময় তার মূল্য বৃদ্ধি পাবে সেই সময় তাঁরা সেটা বিক্রী করে যে লাভ পাবেন, তা থেকে সরকার কিছু নিন এবং চাষীদের কিছু দেবার ব্যবস্থা করুন। এটা যদি করেন, তবেই চাষীরা রক্ষা পাবে—আর তা না হলে কিছুতেই তারা রক্ষা পাবে না একথা আমি জোর করে বলতে পারি। তা ছাড়া চাষীদের রক্ষা করার জন্য আরো ব্যবস্থা করতে হবে নানাপ্রকার কুটিরশিল্পের প্রতিষ্ঠা করতে হবে যাতে চাষীরা অবসর সময়ে সেই সমস্ত কুটিরশিল্পে কাজ করে কিছু পেতে পারে। সেই ব্যবস্থা যদি না করা হয়, তাহলে চাষীদের কিছুতেই উন্নতি করা সম্ভবপর হবে না।

মেদিনীপুর জেলার বিভিন্ন এলাকায় যেমন গড়বেতা, শালবনী, ঝাড়গ্রাম মহকুমায় সাবোই ঘাস প্রচুর পরিমাণে জন্মায় এবং প্রচুর বাঁশও সেখানে পাওয়া যায়। সেগুলি কাগজ তৈরীর

কাজে খুব লাগে। যদি সেই সমস্ত এলাকায় কাগজ তৈরী করার জন্য কুটিরশিল্প গড়ে তোলা যায় তাহলে সাবোই ঘাস এবং বাঁশের দ্বারা তা প্রসার লাভ করবে এবং বহু লোক তাতে কাজ পাবে। চাষীরাও তার দ্বারা কিছুটা উপকৃত হবে।

[At this stage the blue light was lit.]

দু মিনিট সময় দিন স্যার, না দিলে হবে কি করে? তারপরে দেখা যায় অনেক অঞ্চলে ধানের চেয়ে আঁখ ভাল হয়। যদি আঁখের চাষ সহজে করা যায় তাহলে চিনির কল সেখানে প্রতিষ্ঠা করতে পারা যাবে এবং তার দ্বারা চাষীরা দু পয়সা পেতে পারে। আর একটা কথা, জঙ্গল এলাকায় কুলগাছ, প্রভৃতি প্রচুর পরিমাণে হয়, সেই সমস্ত গাছে লাক্ষার চাষ খুব ভালভাবে হতে পারে। লাক্ষা আমাদের ভারত গভর্নমেন্ট বিদেশে চালান দিয়ে থাকেন এবং তার থেকে প্রচুর টাকা পান। সেই সমস্ত এলাকায় যদি লাক্ষার চাষ করা হয় তাহলে আমার মনে হয় সেই অঞ্চলের গরীব চাষীরা সেই চাষের দ্বারা বেশ দু পয়সা পেতে পারে। এইভাবে নানাপ্রকার ছোট ছোট শিল্প যেগুলিতে খুব বেশী খরচ হবে না সরকার যদি সেইগুলি গড়ে তোলেন, তাহলে তাতে চাষীদের উপকার হবে। তা না হলে চাষীদের ভাল করছি, এই বলে যদি আত্মতুষ্টি লাভ করেন তাহলে আমি বলবো তাতে চাষীদের ভাল করা যাবে না, তাদের উন্নতি করা যাবে না।

তারপর চাষীদের সার সাহায্য সম্বন্ধে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ওঁরা সারের কথা বহুবার বলেছেন যে আমরা চাষীদের সার দিয়ে বহু উপকার করছি, তাদের উন্নতি করছি। সারের কারবার কিরকম চলছে, যাঁদের সার দিচ্ছেন তাদের উপর কিরকম জুলুমবাজী ওঁরা চালাচ্ছেন, তাদের কি সর্বনাশ করছেন তা কাগজে বেরিয়েছিল একটা রিপোর্টে। ওঁকে একথা আমি কাল বলেছি। আমি আপনার মাধ্যমে পুনরায় তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। ঝাড়গ্রামে একজন চাষী কিছু সার নিয়েছিল, টাকা পাওনা ছিল, সরকার সার্টিফিকেট জারী করে দিলেন, সেই সার্টিফিকেট জারী হওয়ার পর টাকা জমা দিয়ে দেওয়া হোল সেটা হচ্ছে ১৭-২-৫৬। ঝাড়গ্রামের মহকুমা অফিসারের নামাঙ্কিত শীলমোহর দিয়ে সরকারের আদায় রসিদ বই নম্বর ২৫৭.৮৫৯, পেজ নাম্বার ৩ ইস্তাহার লিখে মোট ২৩ টাকা এগারো আনা ১১ পাই তাঁরা নগদ আদায় করে নিয়ে গেছেন। তারপরে শুনুন স্যার, আদায় নেওয়ার পরে অবস্থা কি। আদায় করে রসিদ নিয়ে চলে গেল, তার মাল ক্রোক হয়েছিল, হালের গরু প্রভৃতি। চাষীদের সার দিয়ে এইরকম উপকার করছেন। সেজন্য বলছি মন্ত্রী-মহাশয় যেন এদিকে একটু দৃষ্টি দেন। তারপরে তার কাছে নোটিশ গেল নীলাম হবে, দেনাদার তাকে বলা হোল সিভিল জেলে দেওয়া হবে। টাকা দেওয়ার পরেও সরকার ঐরকম জুলুম-বাজী চালাবেন আর বলছেন আমরা চাষীদের উপকার করছি। এই রকমভাবে যদি তাদের উপকার করেন তাহলে আমি বলবো এতে চাষীদের সর্বনাশ হবে। তারা মারা যাবে। সেজন্য বলছি এইরকমভাবে তাদের উপর যেন জুলুমবাজী না হয় সেদিকে মন্ত্রীমহাশয় একটু দৃষ্টি দিন।

Sj. Nishapati Majhi:

ডেপুটি স্পীকার মহাশয়, শ্রীসুবোধ চৌধুরী মহাশয় যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবটা অনেক দিক দিয়ে ভাববার বিষয়। কেন না কৃষকের দুরবস্থা, ভাগচাষীর দুরবস্থা এবং তাদের নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধির প্রতিকারের জন্য যে কয়েক দফা পথ তিনি দেখিয়েছেন সেটা একেবারে অবহেলার যোগ্য নয়। কিন্তু মিঃ চৌধুরী একটা ভুল করেছেন খাদ্য সমস্যা বিচার করতে গেলে একটা দিক বললেই হবে না। ডিকন্ট্রোল কয়েক বৎসরের এবং কন্ট্রোল কয়েক বৎসরের যদি তিনি তুলনা করেন

[3-50—4 p.m.]

তাহলে নিশ্চয় স্বীকার করতে হবে যে আগেকার দিনে খাদ্যসমস্যা নিয়ে যতটা তারা ব্যতিব্যস্ত হয়েছিলেন এবং জনগণের দুর্দশা নিয়ে নানা কথা বলতেন, আজকে তাদের ততটা বিচলিত হতে হয় নি। খাদ্যসমস্যা আজকাল ততটা উৎকট অবস্থায় নেই। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা

দ্বারা কিছুটা সমাধান হয়েছে। যদিও এখনও প্রচুর কাজ বাকী আছে। প্রকৃতপক্ষে খাদ্য সমস্যার সম্পূর্ণ সমাধান দুরূহ ব্যাপার। আমরা আজকাল প্রায়ই দেখছি অনেক লোকের শ্রম করবার কাজে আপত্তি রয়েছে। এইসব লোক কামনা করেন সাদা কাপড় জামা পড়ে কাজ করতে। যদিও আমরা জানি ম্যাট্রিক, বি,এ, এম,এ, পাস করতেও কঠোর পরিশ্রম করতে হয়। কিন্তু গ্রামে আজকাল দেখা যায় ম্যাট্রিক পাস করলেই ছেলেরা আর জমিতে চাষ করতে চায় না। অধিকাংশ শিক্ষিত লোকই চায় ফাঁকি দিয়ে রাতারাতি বড়লোক হতে। সেইজন্যই বর্তমান বাংলায় উৎকট রকমের বেকারী দেখা দিয়েছে। খাদ্যবিভাগে ছয় হাজার লোককে নিযুক্ত করেছিল স্বাধীনতা লাভের পর। তারপরেও দেখা গেছে গ্রামাঞ্চলে প্রচুর বেকার রয়ে গিয়েছে। এবং আরও কয়েক হাজার বেকারকে অন্যান্য কর্মস্থলে পশ্চিমবঙ্গ সরকার নানা কাজে নিযুক্ত করেছেন। সরকার বেকারী দূর করববার জন্য যথাসাধ্য চেষ্টা করছেন। কিন্তু এ্যাসেমব্লীতে একটা কথা প্রায় শোনা যায় যে সরকার নিজের দলের লোকদের চাকরী দিচ্ছেন—এটা ভুল ধারণা। আমি একটা কথা বলব যে খাদ্য উৎপাদন বেশী করতে পারলে নিশ্চয়ই বাস্তব সমস্যার আংশিক সমাধান হবে। এজন্য সকলকেই খাদ্য উৎপাদনের জন্য কাজ করতে হবে। বোধহয় এইসব কারণে সরকার একটা নীতি গ্রহণ করে ঘোষণা করেছেন গ্রামে গ্রামে সমবায় সমিতি গড়ে তুলতে হবে। কারণ সমবায় সমিতি মারফত চাষীরা আবশ্যকীয় জিনিষপত্র তৈরী করতে পারবে। অনেক দরিদ্র কৃষিকার্যে গভীরভাবে নিযুক্ত হতে শিখবে। তাতে সমবায় সমিতির মারফত প্রত্যেকে নিজেদের আয় বাড়ানর চেষ্টা করতে পারবে। আমার মনে হয় সমবায় পথ অবলম্বন করলেই আজকে আমাদের যে দুরবস্থা দেখা দিয়েছে তার উন্নতি হতে পারবে। তারপর আজকে শুনতে পাচ্ছি যে নিত্যব্যবহার্য জিনিষপত্রের দাম বেড়ে যাচ্ছে—চালের দাম কিছুটা বেড়েছে। সর্ষের তেলের দামও কিছু বৃদ্ধি পেয়েছে। তজ্জন্য কোন কোন চাষী ক্ষতিগ্রস্ত হচ্ছে। যাদের প্রচুর জমি ছিল তাদের হয়ত বেশী ক্ষতি হয় নি। কিন্তু তার নীচের তলার কৃষকদের অবস্থা আজ খারাপ হয়েছে। সেইজন্য বলছি সমবায় সমিতির মারফত আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সকলেরই অবস্থা ভাল হবে। তাই বলছি সুবোধবাবু যে প্রস্তাব উপস্থিত করছেন তার আর দরকার নাই।

তা ছাড়া জয়েন্ট ফ্যামিলিতে যাদের আড়াই শ' বিঘা তিনশ' বিঘা জমি রয়েছে তাদের অবস্থা যদি দেখা যায় তা হ'লে দেখা যাবে যে, সত্যিই একটা অংশে কৃষকের ক্ষতি হচ্ছে না। এর নিচে যারা আছে তাদের ক্ষতি হচ্ছে। তার প্রতিকার সমবায় সমিতি; পঞ্চবার্ষিক পরিকল্পনায় কৃষি-উন্নয়ন যথেষ্ট ভাল মনে করি। অতএব সুবোধবাবুর প্রস্তাবটায় ঠিক পথ প্রদর্শন করা হয় নাই, কারণ এইসব সমস্যার কথা ভালভাবে বিবেচনা ক'রেই পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে কর্মপন্থা স্থির করা হয়েছে। সুবোধবাবু যদি সরকারের পরিকল্পনাগুলিকে গভীরভাবে মনোনিবেশ ক'রে কর্মপন্থা অবলম্বন করতেন, তা হ'লে আমরা সুখী হতাম। আমি মনে করি এই প্রস্তাব যথাযথভাবে উপস্থিত করা হয় নাই।

Sj. Tarapada Bandopadhyay: Mr. Speaker, Sir, the general sense of this resolution must be widely supported by every right thinking person. It is well known that a large majority of the people of West Bengal depend on agriculture and they are also very much poor. Therefore, because of their poverty it is not possible for these agriculturists to store up their agricultural produce till a time when they can get proper price for these agricultural commodities. Unscrupulous traders, middlemen and capitalists take undue advantage of this poverty and pressing needs of the agriculturists, and they force these agriculturists to sell their commodities at too low a price and these persons, these capitalists store up these agricultural commodities for creating an artificial want in the market and they sell these commodities again at too high a rate. Therefore, something must be done by the Government to help these poor agriculturists. I think the Government should be agreeable to purchase, as much as they can, the agricultural commodities of the agriculturists at a proper and reasonable price and they should also come forward to advance to these agriculturists,

as far as they can, loans and advances against their agricultural commodities. Again, it is also clear to everybody that there is perpetual disparity between the prices of agricultural produce and the consumers' goods. The prices of agricultural produce are too low and the prices of the consumers' goods such as cloth, oil and many other articles of everyday necessity are too high. Therefore, because of this, the poor agriculturist is put to distinct disadvantage. Therefore, Government should have the inclination and they should have proper power to check the vagaries of the capitalistic traders who unnecessarily and unscrupulously raise the prices of the commodities of everyday necessity such as cloth, oil, etc. etc. Again, it is also known that the Bengal peasantry is already overtaxed and time has arrived when the number and quantity of their taxes also should reduced and it is also very clear that industries on a small scale should be developed at proper places so that the agricultural produce may be fully utilised. As for example, the soil of the Katwa subdivision is very fertile for sugarcane cultivation but the agriculturists do not get any incentive to grow sugarcane there because the price of molasses is too low. Therefore, if in Katwa a sugar mill is established then the people there would get an incentive to grow sugarcane as they would get good price for that.

[4—4-10 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বেসরকারী প্রস্তাব ডিসেম্বর মাসে আনা হয়েছে এবং এর মধ্যে অর্থাৎ তিন মাসও হয় নাই। এই তিন মাসের মধ্যে প্রস্তাবক তাঁর মুখবন্ধ (প্রিয়্যামবল) পরিবর্তন করতে বাধ্য হয়েছেন। তাঁর প্রিয়ামবল এ কথা ছিল—যেহেতু এগ্রিকালচারাল কমোডিটির দাম অত্যধিক কমে গিয়েছে, হ্রাস পেয়েছে অতএব গভর্নমেন্টের উচিত এক্ষুণি ফ্লোর প্রাইস বেঁধে দেওয়া। আজকে আমরা শুনছি—না, মশাই, ফ্লোর প্রাইস বাঁধবার প্রশ্ন হচ্ছে না। না, না, এত দাম বেড়ে যাচ্ছে যে তা লোকের ক্রয়শক্তির বাইরে গেছে। কাজেই আড়াই মাসের মধ্যে মুখবন্ধ বদলে গেল, প্রিয়্যামবল বদলে গেল! এই যে অবস্থা, এটা মোটামুটি বলতে গেলে এর কোন বেসিস নাই। প্রস্তাবক সুবোধ চৌধুরী মহাশয় বক্তৃতায় বললেন যে, আমাদের পশ্চিম বাংলায় চাষীদের সংখ্যা শতকরা ৮০ জন। তিনি কোথা থেকে এই হিসেব পেলেন আমি তো জানি না। ভারতবর্ষে যত প্রদেশ আছে, এমনকি বোম্বে প্রদেশ ধ'রে, তার মধ্যে বাংলা দেশে চাষীর সংখ্যা সবচেয়ে কম। আমি সেই হিসেব ক'রে দেখেছি, পশ্চিমবাংলায় কৃষকের সংখ্যা শতকরা ৫০ জন। কিন্তু তাঁর বক্তৃতায় শুনলাম—ভদ্রলোকের এককথার মত—এখানে নাকি চাষী শতকরা ৮০ জন। ভারতবর্ষে যত চাষী আছে, সেটা সমগ্র লোকসংখ্যার মাত্র শতকরা ৭০ জন, ৮০ জন নয়। সকলে জানেন, পশ্চিম বাংলায় মাত্র ২৩ লক্ষ কৃষকের জমি আছে, কৃষক পরিবার ২৩ লক্ষ আছে। তাদের বাড়িপিছু যদি দশ জন ক'রে ধরা যায়, তা হ'লে দেখা যাবে পশ্চিমবাংলায় লোকসংখ্যা ২ কোটি ৬০ লক্ষের মধ্যে—মাত্র তারা শতকরা ৫৪ জন দাঁড়ায়। কাজেই তাঁর প্রিয়্যামবল ভুল, যে সংখ্যাতত্ত্ব উপস্থিত করেছেন তাও ভুল। আমি এটা স্বীকার করি যে, আমাদের দেশের আরও অগ্রগতি প্রয়োজন। কৃষকের অগ্রগতি প্রয়োজন, শিল্পের অগ্রগতি প্রয়োজন, সমস্ত জিনিসের অগ্রগতি প্রয়োজন। আবার এ কথাও বলব, সবদিক দিয়ে আমরা অনেক এগিয়ে গিয়েছি। আজকে সকালে আমাদের কৃষিমন্ত্রী মহাশয় একটা মনোজ্ঞ অনুষ্ঠান ক'রে এলেন। আমাদের মহামান্য রাজ্যপাল মহাশয় কৃষিবিষয়ে পুরস্কার বিতরণ করলেন।

(A voice: হা, হা, হা!)

এটা হা-হা-হার কিছু নয়, ঠাট্টা করবারও কিছু নয়। কয়েকজন চাষীকে তিনি পুরস্কার দিয়েছেন। একজন চাষী, এটা গর্ব করবার কথা, হাসির কথা নয়, আমাদের মেদিনীপুর জেলার, সুবোধবাবুরও জেলা, সেখানকার একজন কৃষক—

(Interruptions—আলু?)

Mr. Speaker: Do not interrupt him. If you want the Minister to reply then please listen to him.

The Hon'ble Prafulla Chandra Sen:

একজন মেদিনীপুর জেলার কৃষক আজ সকালে আমাদের মহামান্য রাজ্যপালের হাত থেকে দু' হাজার পাঁচ শ' টাকা পুরস্কার পেয়েছেন। কেন না, তিনি এক একর জমিতে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১২১ মণ ধান্য উৎপাদন করেছেন অর্থাৎ বিঘায় ৪০ মণ বেশি। আর একজন আলুচাষী হুগলি জেলার—আলুচাষে হুগলি জেলা প্রসিদ্ধি লাভ করেছে—এটা গর্বের কথা, আনন্দের কথা যে একজন হুগলি জেলার চাষী এক একর জমিতে ৬২২ মণ আলু উৎপন্ন করেছে। মালদহ জেলায় একজন গমচাষী এক একর জমিতে ৫১ মণ গম উৎপন্ন করেছে।

Sj. Hemanta Kumar Ghosal: What is the average production?

The Hon'ble Prafulla Chandra Sen:

আর একজন আখচাষী নদিয়া জেলায় এক একর জমিতে ২৩৬ মণ সাদা আখ করেছে।

(বিরোধীপক্ষঃ কোয়েশ্চেন, কোয়েশ্চেন!)

No question, but fact is fact.

১৯৫১ সাল পর্যন্ত খাদ্যের এত অনটন ছিল যে, জাহাজে ক'রে চা'ল আনতে হ'ত বিদেশ থেকে। ভারত গভর্নমেন্ট ১৯৫১ সালে যে ৪৭ লক্ষ টন খাদ্যশস্য আনিয়েছিলেন আমাদের এই কৃষিপ্রধান দেশের লোকের জন্য, এটা আমাদের লজ্জার কথা। যেখানে শতকরা ৮০ ভাগ লোক কৃষক সেখানে এটা আরও গভীর পরিতাপের বিষয় যে, কৃষিপ্রধান দেশ হয়েও আমাদের এত বেশি খাদ্যশস্য বিদেশ থেকে আনতে হয়েছিল। আর আজ আমরা আনন্দিত যে, বিদেশের মুখাপেক্ষা আর করতে হচ্ছে না। আজ পশ্চিম বাংলায় আমাদের যা চা'লের প্রয়োজন তা আমরা উৎপন্ন করতে সক্ষম হয়েছি। কাজেকাজেই আজ কৃষকের অবস্থা ভালই হচ্ছে। এটা সত্য কথা যে, পশ্চিম বাংলায় হারভেস্টএর পর দাম কিছু কম থাকে। আমরা তুলনা ক'রে দেখেছি যে হারভেস্টএর পর পশ্চিম বাংলায় গত কয়েক বৎসর দাম ক'মে গেছে। এবছর হারভেস্টএর পর ধানের কম দাম হয়েছিল মণপ্রতি নয় টাকা এক আনা অর্থাৎ ধানের দাম বেড়েছে মণপ্রতি এক আনা। গত বছর এইরকমই দাম ছিল; তার আগের বছর যেবার ধান ভাল হয়েছিল, যেটাকে আমরা বলি বাম্পার ক্রপ ইয়ার, সেবারেও এর চেয়ে কিছু কম ছিল; কাজেকাজেই দাম খুব কমে নি। এখন কেউ কেউ বলছেন, একথা প্রিয়্যামবলএ লিখেছিলাম ভুল ক'রে। আড়াই মাস আগেও ভাবতে পারি নি যে, এইরকম কাণ্ড ঘটবে। কাজেকাজেই আমরা এখন প্রিয়্যামবল নাকচ ক'রে দিতে চাই, পরিবর্তন ক'রে দিতে চাই এবং সংশোধন ক'রে দিতে চাই। আজ বলছি না যে দাম ক'মে গেছে। এখন দাম কমিয়ে দিতে হবে। যেখানে দাম বাড়বে সেখানে শস্য পাঠাতে হবে অল্পমূল্যে, সেখানকার লোকের যা ক্রয়শক্তি সেই অনুপাতে, যাতে তারা নিজেদের যা প্রয়োজন তা পেতে পারে।

আমাদের বাংলা দেশে যা ধান হয় তা থেকে মোটামুটি ১৬০ কোটি টাকার ফসল চাষীরা পায়। আমাদের দেশে যে পাট হয় তা থেকে চাষীরা মোটামুটি পায় ৩০ কোটি টাকা। এবার হারভেস্টএর পর পাটের দাম ছিল ২৩/০; গত বছর ছিল ২২।/০; তার আগের বছর ছিল ২১।/০। অবশ্য ১৯৪৭ সালে ছিল ২৭ টাকা, তা থেকে খুব বেশি কমে নি। ২৩/০ হ'লে চাষী যা দাম পাবে তা ইকনমিক। অবশ্য পাটের দাম এখন বেড়েই আছে। মাননীয় সদস্যেরা বলেছেন যে, পাটের দাম যখন বাড়ছে তখন সে লাভ ইন্টারমিডিয়ারি বা মিড্‌লম্যানরা পায়। অতএব এই প্রস্তাবের সঙ্গে তার বিরোধিতা রয়েছে; কাজেই প্রস্তাবের প্রয়োজন নেই। প্রস্তাবক বলেছেন যে অয়্যারহাউস দরকার। মাননীয় সদস্যদের বলছি যে, সেন্ট্রাল গভর্নমেন্ট স্টেট অয়্যারহাউসিং কর্পোরেশন করাবার জন্য ঠিক করেছেন। আগামী পাঁচ বছরের মধ্যে সেই অনুসারে ৬২টা অয়্যারহাউস করবেন, গো-ডাউন করবেন। আমাদের পশ্চিম বাংলায় অনেক ফুডের গো-ডাউন ছিল; সেগুলিকে অয়্যারহাউস এবং গো-ডাউনে পরিবর্তিত করবেন। আজকে মাননীয় সদস্যদের কাছে লম্বা বক্তৃতা ক'রে লাভ হবে না। আজ যদি সমস্ত সদস্য—এপক্ষের এবং ওপক্ষের, সকলে সমবায়ের মাধ্যমে কাজ আরম্ভ করেন, তা হ'লে চাষীদের নিয়েই সেই সমবায় করতে হবে। চাষীদের মাল সমবায় সমিতিই কিনে নেবেন। সমবায় সমিতি টাকা পাবেন, রিজার্ভ ব্যাঙ্ক

ভাণ্ডার খুলে দিয়েছেন, যে টাকা দরকার তা তাঁরা পেতে পারবেন। তখন তারা চাষীদের বাজার দরে মূল্যের শতকরা ৮০ ভাগ দিতে পারবেন। পরে যখন দাম বাড়বে সেই সময় উচ্চদরে বিক্রি করতে পারলে চাষীদের আরও বোনাস দিতে পারবেন, ডিভিডেন্ড দিতে পারবেন, আরও টাকা দিতে পারবেন। এই ক'রে আমরা সমস্যার সমাধান করতে পারব। অয়্যারহাউস ও গো-ডাউনের যখন প্রভিশন করছি তখন এ প্রস্তাবের প্রয়োজন নাই, এবং ন্যায্য মূল্যে আমরা জিনিসপত্র সমবায়ের মাধ্যমে বিক্রি করতে পারব। মাননীয় সদস্যগণ আরও জানেন যে, আমাদের ভূমি-সংস্কার আইন পাস হয়েছে। তাতে ক'রে সমবায়ের মাধ্যমে যদি কৃষক উৎপাদনের কার্য করে তা হ'লে পর তাকে অনেক সুবিধা দেওয়া হবে। মাননীয় সদস্যেরা জানেন, যদি ছোট ছোট কৃষক সমবায়ের মাধ্যমে উৎপাদন করতে পারেন, তা হ'লে আগামী তিন বৎসর বিনা পয়সায় তাঁরা উন্নত ধরনের বীজ পাবেন মাননীয় ডাক্তার আমেদ সাহেবের কাছ থেকে; তিন বৎসর তাঁরা ফার্টিলাইজার এবং অন্যান্য জৈব সার পাবেন মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের কাছ থেকে এবং খাজনা হ্রাস করা সম্বন্ধে আমাদের রাজস্বমন্ত্রী মহাশয়ও চিন্তা করছেন। এবং তিনি তাও কমিয়ে দিতে পারেন। কাজেকাজেই এই প্রস্তাবের কোন প্রয়োজন নেই। সবকিছুই ওর মধ্যে রয়েছে। এই প্রস্তাবের সঙ্গে আরও অনেক জিনিস যোগ করা হয়েছে। ভারত গভর্নমেন্ট ব'লে দিয়েছেন যে, ইন্ডাস্ট্রিয়ালিস্টরা তাঁদের মূল্য হ্রাস করেছেন। মাননীয় সদস্যগণ জানেন যে, এগ্রিকালচারাল প্রোডাকশনএর দাম কত বেড়েছে, ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশনএর দাম তত বাড়ে নি। আমি সেদিন বলেছি, আমাদের কুটিরশিল্পের মন্ত্রিমহোদয় তন্তুশিল্পের উন্নতিবিধানের জন্য চেষ্টা করছেন এবং তাতে ক'রে যেখানে তিন বৎসর আগে ৮ কোটি গজ কাপড় হ'ত আজ সেখানে ১১৷৷০ কোটি গজ কাপড় হচ্ছে। সেদিক থেকে কৃষির উৎপাদন বাড়ছে, শিল্পের উৎপাদনও বাড়ছে এবং ধীরে ধীরে বেকার-সমস্যার সমাধানের জন্য নানারকম চেষ্টা চলছে। কাজেকাজেই এই প্রস্তাবের প্রয়োজন নাই এবং আমি এর বিরোধিতা করি।

[4-10—4-20 p.m.]

Mr. Speaker: The mover of the resolution can speak by way of reply, only the mover.

The Hon'ble Prafulla Chandra Sen: After my reply he cannot also speak.

Mr. Speaker: No, he can speak.

[Sj. Subodh Choudhury did not however rise to speak.]

Sj. Saroj Roy:

স্যার, প্রশ্ন মাত্র একটাই আছে, ৪০ মণ করে যে ধান হয়েছে সেটা গাছে ফলেছে কি?

Mr. Speaker: I will not allow you to make any question now. You put a separate question. I shall now put the resolution.

The motion of Sj. Subodh Choudhury as amended by Sj. Mrigendra Bhattacharjya, viz.,—

"In view of the wide gap prevailing between the low prices of agricultural commodities and the high prices of industrial goods and also in view of prevailing disparity between the low price of agricultural goods just after harvest and high prices at a later period when crops pass into the hands of middlemen resulting in a great loss and hardship to the vast majority of the people, this Assembly is of opinion that the Government of West Bengal should forthwith take the following measures, viz.,—

(i) fix up remunerative floor prices of the agricultural commodities and step in for the purchase of all surplus immediately after the harvest at all the existing markets and also create new markets where the present producers can easily cart their produce;

(ii) construct warehouses for storing grains at every big market and advance grain loans to peasants in order to enable them to meet their immediate needs;

(iii) supply foodgrains to the consumers at the same rate and provide subsidy for the far away areas and poorer sections;

(iv) move the Government of India to bring the prices of industrial goods down to the level of the prices of agricultural commodities by controlling profits;

(v) move the Government of India to develop free and independent trade and economic relations on favourable terms with all the countries of the world;

(vi) reduce rent, tax and other burdens of the peasantry; and

(vii) develop industries to utilise raw materials."

was then put and a division taken with the following result:—

AYES—38.

Baguli, Sj. Haripada
Bandyopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Jyoti
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanailal
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chatterjee, Dr. Hirendra Kumar
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Dey, Sj. Tarapada
Ghosal, Sj. Hemanta Kumar
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Dr. Jatish (Ghatal)
Ghosh, Sj. Narendra Nath
Haldar, Sj. Nalini Kanta
Kar, Sj. Dhananjoy
Mitra, Sj. Nripendra Gopal
Naskar, Sj. Gangadhar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Saha, Dr. Saurendra Nath
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Sjkta. Mani Kuntala

NOES—131.

Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Atawal Ghani, Janab Abul Barkat
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Bose, Dr. Maitreyee
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chatterji, Sj. Dhirendra Nath
Chattopadhyay, Sj. Sarojranjan
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das, Sj. Radhanath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Garga, Kumar Deba Prasad
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Giasuddin, Janab Md.
Golam Hamidur Rahman, Janab
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haidar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamala Kanta
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati

Kar, Sj. Sasadhar
Kazim Ali Meerza, Janab
Lahiri, Sj. Jitendra Nath
Let, Sj. Panchanon
Lutfal Hoque, Janab
Mahammad Ishaque, Janab
Maiti, Sjkta. Abha
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Majumdar, Sj. Byomkes
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Annada Prasad
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Keshab Chandra
Mitra, Sj. Sankar Prasad
Mohammad Hossain, Dr.
Mohammed Israil, Janab
Mondal, Sj. Dhajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Moni, Sj. Dintaran
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Kali
Mukherjee, Sj. Shambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Murmu, Sj. Jadu Nath
Naskar, The Hon'ble Hemchandra
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Poddar, Sj. Anandilall
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Pramanik, Sj. Tarapada
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Ray, The Hon'ble Renuka
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Biswanath
Roy, Sj. Hanseswar
Roy, The Hon'ble Radhagobinda
Roy, Sj. Ramhari
Roy, Sj. Surendra Nath
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sarkar, Sj. Bejoy Krishna
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Priya Ranjan
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Kripa Sindhu
Shaw, Sj. Mahitosh
Shukla, Sj. Krishna Kumar
Sikder, Sj. Rabindra Nath
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tripathi, Sj. Hrishikesh
Wangdi, Sj. Tenzing
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.

The Ayes being 38 and the Noes 131, the motion was lost.

Mr. Speaker: Next resolution. I fix one hour for that resolution.

Resolution No. 2

Sj. Madan Mohon Saha: Sir, I beg to move that—

This Assembly is of opinion that the Government of West Bengal should urge upon the Government of India and the Planning Commission to include the following projects in the Second Five-Year Plan, viz.—

(1) construction of a railway line from Santragachi railway station of Howrah district and Tarakeswar railway station of Hooghly district to Bishnupur of Bankura district via Arambagh of Hooghly district; and

(2) construction of a railway line between Hilli and Raigunj of West Dinajpur district via Balurghat.

Sj. Narendra Nath Ghosh: Sir, I beg to move that for paragraph (1) of the resolution the following be substituted, viz.,—

"(1) Construction of a railway line from Santragachi Railway Station of Howrah district to Bishnupur of Bankura district via Radhanagar and Arambag of Hooghly district and a railway line from Tarakeswar to Arambag of Hooghly district."

Sir, with your permission, I would like to move a short amendment to my amendment, on the floor of the House.

Mr. Speaker: All right, you move it.

Sj. Narendra Nath Ghosh: Sir, I beg to move that for the words "Radhanagar and Arambag" in my amendment, the words "Radhanagar, Arambag and Kamarpukur" be substituted.

Mr. Speaker: Does the mover accept the amendment?

[4-20—4-30 p.m.]

Sj. Madan Mohan Saha: Yes, Sir.

মাননীয় স্পীকার মহাশয়, প্রস্তাবিত রেলপথটি ৫ ফুট ৬ ইঞ্চি গেজে এবং দৈর্ঘ্য ৮৪ মাইল। প্রস্তাবিত ১নং পরিকল্পনাটি কার্যকরী হ'লে হুগলি জেলার সমগ্র আরামবাগ মহকুমা, মেদিনীপুর জেলার ঘাঁটাল মহকুমার কতকাংশ এবং হাওড়া ও বাঁকুড়া জেলার অনেকাংশ এই আওতার মধ্যে আসবে এবং এই অঞ্চলের সাত লক্ষ নিরুপায় অধিবাসীদের সুষ্ঠু যোগাযোগের ব্যবস্থা হবে। বর্তমানে তৈয়াররত জগৎপুর-ধর্মপোতা রাস্তা যার নির্মাণকার্য আগামী ১৯৫৬ সালের মার্চ মাসে পরিসমাপ্ত হবে ব'লে আশা করা যায়, এ রাস্তাই হ'ল ঘাঁটাল মহকুমার সহিত আরামবাগের বিশেষ যোগাযোগের পথ। এই রাস্তার কাছাকাছি কোন স্থানে স্টেশন হ'লে ট্রেন থেকে নেমে মোটরযোগে ঘাঁটাল যাবার বিশেষ সুবিধা হবে। সমগ্র খানাকুল থানা এবং ঘাঁটাল মহকুমার বেশির ভাগ অংশ বর্তমানে কলিকাতার সহিত যোগাযোগের পথ হ'ল—কতকাংশ ট্রেনে হাওড়া থেকে কোলাঘাট, তারপর কিছুটা লঞ্চে ও নৌকায় এবং শেষের পাঁচ-ছ' মাইল হেঁটে—এইরূপে অশেষ ক্লেশসাধন ক'রে অর্ধাহারে ও অস্বচ্ছন্দতার মধ্যে দিয়ে সুদীর্ঘ ১১-১২ ঘণ্টা কাটিয়ে তবে মাত্র ৩২ মাইল পথ অতিক্রম করা সম্ভব হয়। আরামবাগ শহরের নিকটবর্তী অঞ্চল হইতে কলিকাতা আসতে হ'লে বর্ধমান হইয়া কলিকাতা আসিতে শতাধিক মাইল অতিক্রম করিতে হয়। ৩০ মাইল বাসে বা মোটরে, বাকি ৬৮ মাইল ট্রেনে। অথচ আরামবাগ হইতে তারকেশ্বর মাত্র ৫২ মাইল। তারকেশ্বর হইতে কলিকাতা ৩৬ মাইল রেলপথ আছে, বাকি ১৬ মাইল রেলপথের অভাবে এইভাবে অশেষ কষ্টস্বীকার করিতে হইতেছে। আজকের দিনে এর থেকে অল্প সময়ে কলিকাতা থেকে বারানসী বা শ্রীক্ষেত্র যাওয়া সম্ভব হচ্ছে—দূরত্ব যার চার শ' মাইলেরও বেশি।

১৯১৪ সালের পরিকল্পিত বিষ্ণুপুর-সাঁত্রাগাছি রেলপথ বিস্তারের জন্য ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে গত ১৯১৩ সালে। তদানীন্তন বি, এন, রেল কোম্পানির ডিস্ট্রিক্ট ইঞ্জিনিয়ার মিঃ এস, এস, টুলক বিষ্ণুপুর-সাঁত্রাগাছি রেলপথ সার্ভে এবং এস্টিমেটের জন্য অফিসার নিযুক্ত হয়েছিলেন এবং এই উদ্দেশ্যে ১৯১৪ সালের ফেব্রুয়ারি মাসে রেলওয়ে বোর্ডএর কর্মকর্তারা এক বিশেষ সভায় মিলিত হন। ইঁহাদের মধ্যে নিম্নলিখিত অফিসারদের নাম উল্লেখযোগ্য:—

(1) Mr. G. O. Godfray, Agent, (2) Mr. W. O. Tailor, acting Chief Engineer, (3) Mr. K. W. Digby, Deputy Manager, (4) Mr. C. R. Duggan, Deputy Engineer and (5) Mr. S S. Tulloch, District Engineer, Bishnupur-Santragachi Line.

১৯১৪ সালের জুলাই মাসে সার্ভে এবং এস্টিমেটএর কাজ পরিসমাপ্তি হয়। সর্বমোট খরচের এস্টিমেট হয় ১,৮১,০৩,১০২ টাকা। এই এস্টিমেট বি, এন, রেল কোম্পানির তদানীন্তন গভর্নমেন্ট এক্সামিনার অব অ্যাকাউন্টস মিঃ জে, মার্টলি-এর দ্বারা অনুমোদিত ও স্বাক্ষরিত হয়। মিঃ টুলকএর রিপোর্ট অনুযায়ী সমস্ত খরচ বাদ দিয়া এর থেকে বৎসরে লাভ হবে ১০,৮৭,৫৮০ টাকা। বিষ্ণুপুর-সাঁত্রাগাছি রেলপথের চাহিদা এবং ইহার আয়ব্যয়ের অনুমান লক্ষ্য ক'রে এই পরিকল্পনার জন্য বি, এন, রেল কোম্পানির ইংলন্ডের কর্মকর্তারা সার্ভে ইত্যাদির জন্য বেশ কয়েক লক্ষ টাকা ব্যয় করেছেন। তবুও তাঁরা জানতেন তখনকার দিনে এই রেলপথকে দামোদরের এক বিরাট বন্যাপ্লাবন অঞ্চল অতিক্রম ক'রে যেতে হবে। এই রেলপথের

এস্টিমেট সার্ভে রিপোর্ট ইত্যাদি বি, এন, রেল কোম্পানি যথাযথ মুদ্রিত ক'রে প্রকাশ করেন —যাহা মিঃ টুলকস রিপোর্ট নামে পরিচিত। বিষ্ণুপুর-সাঁত্রাগাছি রেলপথকে কার্যকরী করার জন্য ভারত সরকারের মাননীয় রেলমন্ত্রী ও পশ্চিম বাংলা সরকারের মুখ্যমন্ত্রী ডাঃ রায়কে এবং রেলওয়ে বোর্ডের চেয়ারম্যান ও ইস্টার্ন রেলওয়ের জেনারেল ম্যানেজারকে দরখাস্ত দ্বারা জানানো হয়েছে এবং পরিকল্পনা কমিশনের সভাপতিরও দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। তদানীন্তন খানাকুল-কৃষ্ণনগর অধিবাসী স্বনামধন্য স্বর্গত ভূপেন্দ্রনাথ বসু স্বর্গত স্যার দেবপ্রসাদ সর্বাধিকারী মহাশয়ের দ্বারা অনুপ্রাণিত হয়ে কলিকাতা হাইকোর্টের বিখ্যাত আইনব্যবসায়ী স্বর্গত বিপিন-বিহারী ঘোষ মহাশয় প্রস্তাবিত রেলপথটি খানাকুলের নিকট দিয়া বিস্তারের জন্য বহু চেষ্টা করেন, ফলে মিঃ টুলকএর রিপোর্টএ মিঃ ঘোষস লাইন চিহ্নিত দেখা যায়। কিন্তু দুঃখের বিষয় বিশ্বযুদ্ধের জন্য সমস্ত বিষয়টি চাপা প'ড়ে যায়।

খানাকুলের পার্শ্ববর্তী গোঘাট থানায় পরমপুরুষ রামকৃষ্ণের জন্মস্থান কামারপুকুর, আর ভারতের নবযুগ স্রষ্টা রাজা রামমোহনের জন্মস্থান রাধানগর। এখানে তাঁহার স্মৃতিসৌধ সারা ভারতের অধিবাসীদের পীঠস্থান। ইহা ব্যতীত কানা দারকেশ্বর নদীর উভয় তীরে বহু দেবদেবীর প্রাচীন মন্দির। বৈষ্ণব চূড়ামণি অভিরাম গোস্বামীর লীলাক্ষেত্র, যার জন্য সারা বছর ধ'রে সারা বাংলা এবং বাংলার বাহির থেকে বহু তীর্থযাত্রী যাতায়াত করেন। প্রস্তাবিত রেল-পথটি কার্যকরী হ'লে তীর্থযাত্রীর সংখ্যা তো বাড়বেই এবং ভারতের দূরদূরান্তর থেকে আসবেন বহু সাধু এবং মনীষী শ্রীরামকৃষ্ণ ও রাজা রামমোহনের জন্মস্থান দর্শনাভিলাষে। দামোদরের উর্বর মাটিতে প্রচুর পরিমাণে জন্মায় ধান, পাট, তামাক ও বহু প্রকার রবিশস্য, যাহা স্থানীয় অধিবাসীদের চাহিদা মিটিয়ে কলিকাতার বাজারে যাওয়া সম্ভব হবে। ইহা ব্যতীত প্রস্তাবিত রেলপথ ঝরিয়া কয়লাখনি থেকে সরাসরি কলিকাতায় কয়লা এনে দেবে অপেক্ষাকৃত কম সময়ে এবং কম খরচে। দামোদর পরিকল্পনায় বন্যা নিয়ন্ত্রিত হ'লে সেতুর সংখ্যা অনেক ক'মে যাবে।

প্রস্তাবিত রেলপথটি আরও কি কি কারণে একান্ত প্রয়োজন তাহা এবার এক এক ক'রে ব'লে যাব।

(১) শাসনবিভাগীয় প্রয়োজনে মহকুমা সদর হইতে জেলা সদরে অবস্থিত জেলা হেড কোয়ার্টার্স, বর্ধমান বিভাগীয় কমিশনার অফিস, পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিদ্যালয়, ডিস্ট্রিক্ট অফিস, জেলা শিক্ষা বোর্ড অফিস, জেলা হাসপাতাল প্রভৃতির সহিত সরাসরি যোগাযোগ।

(২) সিঙ্গুরে অবস্থিত এশিয়ার মধ্যে বৃহত্তম চিকিৎসা শিক্ষাকেন্দ্রটির সহিত সরাসরি যোগাযোগ।

(৩) উচ্চশিক্ষা বিস্তারকল্পে উত্তরপাড়া, শ্রীরামপুর, চন্দননগর, চুঁচুড়া শহরস্থিত কলেজ-গুলিতে ছাত্রদের যাতায়াতের সুবিধা বিধান।

(৪) ধনিয়াখালি, ব্যান্ডেল, চন্দননগর, মানকুড়, ভদ্রেশ্বর, বৈদ্যবাটি, চাঁপদানি, হরিপাল, শ্রীরামপুর, রিষড়া, কোন্নগর, উত্তরপাড়া, বালি, বেলুড়, লিলুয়া প্রভৃতি পশ্চিমবঙ্গের প্রধান প্রধান শিল্পকেন্দ্রগুলির সহিত সরাসরি যোগাযোগ। উক্ত কেন্দ্রগুলি লৌহজাত শিল্প, পাটজাত শিল্প, বস্ত্রশিল্প, তাঁতশিল্প ইত্যাদির জন্য বিখ্যাত।

(৫) কামারপুকুর, তারকেশ্বর, লোকনাথ মাহেশ, বেলুড় মঠ প্রভৃতি ভারতবিখ্যাত তীর্থস্থান-গুলির সহিত সংযোগস্থাপন।

(৬) কালকা, সিমলা, রূপার প্রভৃতি স্থান হ'তে আমদানিকৃত আলুবীজ এই বিরাট অঞ্চলের কৃষিজীবীদের সস্তায় সরবরাহের সুযোগ।

(৭) আরামবাগ মহকুমায় পল্লীঅঞ্চল হইতে বিভিন্ন কৃষিজাত দ্রব্যাদি, যথা—পাট, আলু, গুড় ও কাঁচা শাকসবজি, ছানা, মাছের ডিম প্রভৃতি কলিকাতা, হাওড়া, শ্রীরামপুর, সেওড়াফুলী প্রভৃতি বিখ্যাত শিল্পকেন্দ্রগুলিতে সরবরাহের সুযোগ।

(৮) উক্ত বিস্তীর্ণ অনুন্নত অঞ্চলের জনসাধারণের অল্প সময়ে ও অল্প ব্যয়ে পশ্চিমবঙ্গের রাজধানী ও প্রধান প্রধান স্থানগুলির সহিত [illegible] স্বাস্থ্য, সাংস্কৃতিক ও অন্যান্য সর্বাঙ্গীন উন্নতিকল্পে সরাসরি যোগাযোগের অপরিহার্য পথ হইবে এই পরিকল্পনাটি।

পরিকল্পনাটি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্তর্ভুক্তির সুপারিশের জন্য ও কেন্দ্রীয় রেলওয়ে বোর্ড, পরিকল্পনা কমিশন ও রেলওয়ে মন্ত্রিমহাশয় কর্তৃক গৃহীত হইবার জন্য আপনার মাধ্যমে দাবি জানাইতেছি।

আজকের আলোচ্য প্রস্তাবটি ভারত সরকারের প্ল্যানিং কমিশনের সদস্য ডক্টর জ্ঞানচন্দ্র ঘোষ মহাশয়ের সভাপতিত্বে ৮ই মে ১৯৫৫ তারিখে মহাবোধি সোসাইটি হলে যে সভা অনুষ্ঠিত হয় সেই সভায় সমর্থিত হইয়াছে। ইস্টার্ন রেলওয়ের প্রাক্তন জেনারেল ম্যানেজার রায় বাহাদুর এন, সি, ঘোষ ঐ সভায় প্রধান অতিথি ছিলেন।

বহুদিন যাবৎ খানাকুল থানা (হুগলি) পল্লী-উন্নয়ন সমিতি তারকেশ্বর রেলপথ পরিবর্ধন কমিটি, আরামবাগ (প্রবাসী) গণতান্ত্রিক সঙ্ঘ, হুগলি জেলা সমিতি, বর্ধমান সম্মিলনী, বাঁকুড়া সম্মিলনী, হাওড়া উন্নয়ন সঙ্ঘ, মেদিনীপুর সম্মিলনী—এই আটটি সংগঠন দলমতনির্বিশেষে অদ্যকার আলোচ্য প্রস্তাবটির উপর আন্দোলন চালিয়ে আসছেন।

দশ হাজার স্বাক্ষর সংগ্রহ করিয়া পরিকল্পনা কমিশন ও কেন্দ্রীয় রেলমন্ত্রীর নিকট পাঠানো হইয়াছে। এই রেলপথটির উপর বহু জনসভা অনুষ্ঠিত হইয়াছে। বহু ইউনিয়ন বোর্ড, পল্লীসমিতি এমনকি জেলাবোর্ড এই রেলপথটি কেন্দ্রীয় সরকার যাহাতে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রহণ করেন তাহার জন্য প্রস্তাব গ্রহণ করিয়াছেন। বেসরকারী প্রস্তাব হিসাবে ইহা আইনসভায় আসিতেছে জানিতে পারিয়া সংশ্লিষ্ট অঞ্চলের জনসাধারণ অতি অল্প সময়ের মধ্যে ১,৩০০র বেশি স্বাক্ষর সংগ্রহ করিয়া, মাননীয় স্পীকার মহাশয়, আপনার নিকট প্রস্তাবটি যাহাতে গৃহীত হয়, তাহার জন্য আমার মাধ্যমে পাঠাইয়াছেন। গত ১৯এ গৌরহাটি গ্রামে আরামবাগ মহকুমা উন্নয়ন সম্মেলনে আলোচ্য প্রস্তাবটি সমর্থিত হইয়াছে। "যুগান্তর" পত্রিকা এই রেলপথটির উপর সাব-এডিটোরিয়াল প্রকাশ করিয়াছেন; "স্বাধীনতা" সম্পাদকীয় প্রবন্ধ প্রকাশ করিয়াছেন। এস,ডি,ও, আরামবাগ, এই প্রস্তাবকে পূর্ণ সমর্থন জানাইয়া ১২৭৬৬নং চিঠিতে আমাকে তাহা জানাইয়াছেন এবং ৪৬৫৭নং চিঠিতে ৫ই জুন ১৯৫৫ তারিখের এক পত্রে বক্তা নিজে ও এস,ডি,ও, মহোদয় দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রহণের জন্য ঊর্ধতন কর্তৃপক্ষের নিকট সুপারিশ-পত্র প্রেরণ করিয়াছিলেন। হুগলি জেলা-ম্যাজিস্ট্রেটএর ১৫২৫সি নম্বর পত্রে ৩০এ সেপ্টেম্বর ১৯৫৫ তারিখের পত্রে প্রস্তাবটি সমর্থিত হইয়াছে।

পশ্চিমবঙ্গ বিধানসভার শতাধিক সভ্য আলোচ্য প্রস্তাবের উপর স্বাক্ষর দিয়া সমর্থন জানিয়েছেন। মুখ্যমন্ত্রী ডাঃ রায় মহাশয়কে ২১এ অক্টোবর ১৯৫৫ তারিখে উক্ত এম,এল,এ,দের স্বাক্ষরিত পত্র দিয়া আমি নিজে দেখা করি। ঐ সময় আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় রেলপথটির যৌক্তিকতা স্বীকার করেন এবং পরিকল্পনা কমিশনের নিকট সুপারিশ করেন।

পরিশেষে এইটুকু নিবেদন ক'রে আমার বক্তব্য শেষ করব, আরামবাগ মহকুমা এককালে শস্যশ্যামলা বাংলার প্রকৃত আরাম বাগ ছিল। সরকারী তথ্যে প্রমাণ ১৮৭২ সালেও আরামবাগ রাজপথের কেন্দ্রস্থান ছিল। কালে ম্যালেরিয়া মহামারীর অত্যাচারে ও যোগাযোগের অভাবে সেই আরামবাগ আজ অনেকের নিকট বনবাস আখ্যা নিয়েছে। তাই এখন স্পীকার মহাশয়ের নিকট আবেদন যে, স্বাধীন ভারতের সরকার প্রস্তাবিত রেলপথ সম্প্রসারণের দ্বারা সুষ্ঠু যোগাযোগের ব্যবস্থা ক'রে এই আরামবাগ মহকুমাকে আবার সেই "আরাম বাগ" নামে পরিচিত করাবেন।

[4-30—4-40 p.m.]

Sj. Dharani Dhar Sarkar:

স্পীকার, স্যার, মদনবাবুর দ্বিতীয় যে প্রস্তাব রয়েছে সেই প্রস্তাবের সমর্থনে কিছু বলতে চাই। এই প্রস্তাবে বলা হয়েছে যে, পশ্চিম দিনাজপুরের হিলি হ'তে রায়গঞ্জ, ভায়া বালুরঘাট

একটা রেল লাইন হওয়া অত্যন্ত প্রয়োজন। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। দেশবিভাগের পর উত্তরবঙ্গের জেলাগুলির মধ্যে পশ্চিম দিনাজপুর যোগাযোগের দিক থেকে একেবারে বিচ্ছিন্ন হয়ে পড়েছে এবং এই জেলা বর্তমানে যে অবস্থায় এসে দাঁড়িয়েছে, তাতে এটা অত্যন্ত একটা বিপদসঙ্কুল অবস্থার মধ্যে এসে পড়েছে। এক নম্বর হচ্ছে যে, এখানে কোন যোগাযোগ পথ না থাকার ফলে, রেলওয়ে কোন যোগাযোগ না থাকার ফলে, সেখানকার ব্যবসাবাণিজ্য সমস্তই ধ্বংসের মুখে চলেছে। এবং এই রেলপথ যদি না হয় তা হ'লে ভবিষ্যতে এই জেলা একেবারে ধ্বংসের দিকে যাবে। তার কারণ, এখানকার ব্যবসাবাণিজ্যের দিক দিয়ে যে কোন মালপত্র কলকাতা এবং বিভিন্ন প্রদেশ থেকে আনানেওয়া করতে হয়। কিন্তু সেখানে মালপত্র বয়ে নিয়ে যাবার দিক দিয়ে কোন পথ নাই। অপর দিকে সেখানকার কৃষিজীবী যারা আছে, তারা যেসমস্ত জিনিস উৎপন্ন করে, উপযুক্ত কোন পথ না থাকার ফলে সেইসমস্ত জিনিস অত্যন্ত সস্তায় বিক্রি করতে হয়। এবং আজকে সেজন্য কৃষকগণকে অত্যন্ত ক্ষতিগ্রস্ত হ'তে হয়। তা ছাড়া, উপযুক্ত রেল লাইন না থাকার ফলে কলকাতা থেকে যেসমস্ত মালপত্র নেওয়া হয় তার খরচ খুব বেশি পড়ে এবং এর ফলে প্রত্যেক জিনিস সেখানকার মানুষ বর্তমান বাজার দর অপেক্ষা দু'-তিন টাকা বেশি দিয়ে কিনছে। তা ছাড়া যাতায়াতের দিক দিয়ে, এবং সমস্ত দিক দিয়েই, এটা বিচ্ছিন্ন অবস্থায় আছে। দিনাজপুর জেলা একটা বর্ডার অঞ্চল ব'লে বৈদেশিক আক্রমণের একটা বিপদসঙ্কুল সম্ভাবনার মধ্যে দিয়ে এইসমস্ত অঞ্চলের জনসাধারণ বসবাস করে। কাজেই কোন কারণে যদি একটা বিপদ উপস্থিত হয় তা হ'লে রক্ষা করার দায়িত্ব সরকারের। সেইজন্য রেলপথটা অত্যন্ত প্রয়োজনীয়। এইজন্য আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে সেন্ট্রাল গভর্নমেন্টকে চাপ দিয়ে এই রেলপথটা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে গ্রহণ করা হয়। রায়গঞ্জ ভায়া বালুরঘাট গ্রহণ করার জন্য অনুরোধ করছি। এই রেলপথের উপর নির্ভর করছে পশ্চিম দিনাজপুরের জনসাধারণের ভাগ্য। আমার প্রস্তাব এখানকার সমস্ত সভ্যগণ সমর্থন করুন—এই অনুরোধ ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Narendra Nath Ghosh:

মাননীয় স্পীকার, স্যার, আরামবাগ নামটা শুনতে খুব ভাল, কিন্তু যখন কেউ যাবার কথা চিন্তা করেন তখন তার মন থেকে 'আরাম' কথাটা চ'লে যায়। এই আরামবাগ রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক বিপ্লবের জন্মদাতা রাজা রামমোহন রায়ের জন্মভূমি। আরামবাগ মহকুমার কামারপুকুরে যুগাবতার শ্রীশ্রীরামকৃষ্ণদেবের জন্মভূমি। এই দুই পুণ্য জন্মস্থানে পৃথিবীর বিভিন্ন স্থান থেকে লক্ষ লক্ষ লোক এই জায়গাগুলি দেখতে আসেন, কিন্তু যখনই তারা যাতায়াতের এই দুর্ভোগের কথা শোনেন, তখন কলিকাতা হ'তেই তারা নিরাশ হয়ে ফিরে চ'লে যান। এখানে যদি একটা রেলপথ হয় তা হ'লে লক্ষ লক্ষ নরনারীর ঐ মহাপুরুষদের জন্মস্থান দেখার আকাঙ্ক্ষা চরিতার্থ হয়। হাওড়া থেকে বিষ্ণুপুরের দূরত্ব প্রায় ১২৫ মাইল, কিন্তু যদি প্রস্তাবিত রেল লাইনটা হয় তা হ'লে অর্ধেক দূরত্ব ক'মে যাবে। বি.এন.আর. কোম্পানি সেই প্রথম মহাযুদ্ধের পূর্বে একবার সার্ভে করেছিলেন এবং যার উপর এই সার্ভে করার ভার ছিল তার নাম ছিল টুলক সাহেব। সেই টুলক সাহেবের নাম অনুসারে টুলক লাইন ব'লে পরিচিত। তাঁরা যে রিপোর্ট দিয়েছিলেন, তাঁরা যে এস্টিমেট দিয়েছিলেন, হিসেব ক'রে দেখিয়েছিলেন যে, প্রস্তাবিত লাইন হতে লক্ষ লক্ষ টাকা লাভ হবে। এখনও সেইসমস্ত কাগজ-পত্র আমাদের কাছে আছে। স্পীকার, স্যার, আপনি ইচ্ছে করলেই দেখতে পারেন। এই প্রসঙ্গে আমি বলতে চাই, খানাকুলের বিখ্যাত সমাজসেবক লব্ধপ্রতিষ্ঠ ব্যবহারজীবি বিপিনচন্দ্র ঘোষ মহাশয় এদের সার্ভেতে সন্তুষ্ট না হ'তে পেরে তিনি নিজেই সার্ভে করিয়েছিলেন। তার নাম হচ্ছে ঘোষেস লাইন। ঘোষেস লাইন ঐ রাধানগর, কামারপুকুর, আরামবাগের কাছ দিয়ে বিষ্ণুপুর চ'লে গিয়েছে এবং এই লাইন হ'লে আমাদের কি কি সুবিধা হবে সেটাই আপনার মাধ্যমে মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। আরামবাগ শিক্ষায় অনুন্নত জায়গা। এখানে প্রতি দশ হাজার লোকের মধ্যে মাত্র চারজন গ্র্যাজুয়েট। এই আরামবাগে একটা কলেজ আছে। প্রস্তাবিত রেল লাইন হ'লে বহু ছাত্র কলেজী শিক্ষার সুযোগ পাবে।

[4-40—4-50 p.m.]

আরও একটা কথা। আরামবাগ মহকুমা যদিও শহর থেকে মাত্র ৪০ মাইল দূরে, তথাপি সেখানে যাতায়াতের সুবিধা না থাকায় এই ৪০ মাইল যেতে প্রায় বার-চোদ্দ ঘণ্টা সময় লেগে যায়। তাই বাধ্য হয়ে সেখানকার অধিবাসিগণকে শহরে বাস করতে হয়। কিন্তু যদি এই রেলরাস্তাটা তৈরি হয় তা হ'লে অনেকেই তাদের বাড়ি হ'তে যাতায়াত করতে পারবে এবং তার ফলে শহরের মধ্যে ভীড়ের চাপটাও খানিকটা কমতে পারে, ও তাদের স্বল্প আয়ে সংসার চালাবার অনেকটা সুবিধা হয়।

রাধানগরে রাজা রামমোহন রায়ের জন্মস্থান। সেখানে লক্ষ লক্ষ নরনারী যাত্রীর যাবার খুব ইচ্ছে আছে, একথা আমি আগেই বলেছি। তারপর কামারপুকুর সম্বন্ধেও ঐ একই কথা। তা ছাড়া কৃষ্ণনগরে, যেখানে দ্বাদশ গোপালের অন্যতম পাট, সেখানে প্রতি বৎসর রাস, রথযাত্রা, দোল প্রভৃতি উপলক্ষ্যে হাজার হাজার লোক সেখানে সমবেত হয়। শুধু তাই নয়, খানাকুলে গণ্ডেশ্বরী দেবের পূজা উপলক্ষ্যে এবং শিবরাত্রি ও চড়কের সময়ে সেখানে হাজার হাজার লোক যাতায়াত ক'রে থাকে। তা ছাড়া আরামবাগের নিকটবর্তী ডিহিবায়ড়া গ্রামে দীর্ঘীর মেলা আছে; সেই উৎসবের হিড়িকে গরুর গাড়ি ও পায়ে হেঁটে প্রায় লক্ষাধিক লোকের সমাগম হয়। সুতরাং এই জায়গায় রেল লাইন ও রাস্তার ভাল বন্দোবস্ত হ'লে পর আরও বহু লোক যাতায়াত করতে পারবে। এটা হ'লে পর শুধু যে লোকের যাতায়াতের সুবিধা হবে তা নয়, সঙ্গে সঙ্গে স্থানীয় যেসমস্ত কুটিরশিল্প আছে তারও উন্নতি সাধিত হবে। কারণ সেখানে যেসমস্ত জিনিস তৈরি হয় তার চাহিদা স্থানীয় অঞ্চলে নাই; সেইসমস্ত জিনিসের বিক্রয়ের সুবিধা হবে এবং শিল্প বেড়ে যাবে ও ফলে বেকার-সমস্যারও খানিকটা সমাধান হবে।

মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে রাজ্যসরকারের কাছে আবেদন জানাই তাঁরা যেন দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই রেলপথটাকে অগ্রাধিকার দেবার জন্য সুপারিশ করেন। আরও জানাচ্ছি যে, গত শনিবার দিন রাধানগরে খাদ্যমন্ত্রী মহাশয়ের সভাপতিত্বে পল্লী-সমিতি ভবনে যে সভা হয়েছিল সেখানেও এই প্রস্তাবটা গৃহীত হয়েছিল এবং কিছুদিন পূর্বে কলকাতার প্ল্যানিং কমিশনের অন্যতম সদস্য ও আরামবাগের অন্যতম জ্যোতিষ্ক শ্রদ্ধেয় জ্ঞানচন্দ্র ঘোষ মহাশয়ের সভাপতিত্বে যে সভা হয়, সেই সভায়ও এই প্রস্তাব গৃহীত হয়। সেইজন্য আমি পুনরায় আপনার মাধ্যমে রাজ্যসরকারকে অনুরোধ জানাচ্ছি, তাঁরা যেন এই প্রস্তাবটা গ্রহণ করেন এবং কেন্দ্রীয় সরকারকে তাঁদের দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এটার বিষয় অগ্রাধিকার দেবার জন্য সুপারিশ করেন। এই ব'লে আমার বক্তব্য শেষ করছি।

Sj. Parbati Charan Hazra:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য মদনমোহন সাহা আজ, হাউসের সামনে, তাঁর কনস্টিটিউয়েন্সিতে দুটা রেলওয়ে লাইন পরিবর্তন সম্পর্কে যে প্রস্তাব উত্থাপন করেছেন সে সম্বন্ধে আমি দু-একটা কথা আপনার মাধ্যমে বলতে চাই। তিনি আজকে এই প্রস্তাব এখানে নিয়ে এসেছেন বটে, কিন্তু এর বহু পূর্বে আমাদের আরামবাগ মহকুমার কংগ্রেস পক্ষ হতে এই দুটো রেলওয়ে পরিবর্ধন করাবার জন্য আমাদের রাজ্যসরকার ও কেন্দ্রীয় সরকারের সঙ্গে এ নিয়ে যথেষ্ট আলাপ আলোচনা করে, যে রকমভাবে কাজ করা দরকার সেইরকমভাবে দরখাস্ত বা আবেদন করা হয়েছে, আমাদের রাজ্যসরকারের মাধ্যমে। আমরা জানতে পেরেছি যে এই দুটা রেলওয়ে লাইন পরিবর্ধন করার জন্য এবং যাতে এটা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্তর্ভুক্ত হয়, তারজন্য আমাদের রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারের নিকট আবেদন করেছেন।

আজকে হটাৎ মদনবাবু সেই প্রস্তাবটা হাউসের সামনে উপস্থাপিত করে নিজে বাহাদুরী নিতে চান। তিনি নিজের কনস্টিটিউয়েন্সিতে গিয়ে বলবেন যে, দেখো এই বিষয়টা আমি হাউসের সামনে নিয়ে এসেছি। আমি তাঁকে এই কথা বলতে চাই, হাউসের সামনে বক্তৃতা দিয়ে বাহাদুরী নেওয়ার চেয়ে, বাইরে থেকে যে কাজটা করা যায়, সেইটাই হচ্ছে প্রকৃত কাজ। আমরা কংগ্রেস পক্ষ থেকে এর বহু পূর্বেই, এই রকম ধরনের প্রস্তাব নিয়েছি; এবং আরামবাগের অবস্থা সম্পর্কে উল্লেখ করে, সেই সমস্ত প্রস্তাবের কথা কেন্দ্রীয় সরকারের দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নেবার জন্য আগেই জানান হয়েছিল। উনি আজ যে প্রস্তাব উত্থাপন

করেছেন, সেই প্রস্তাবের কথা আমাদের প্রস্তাবের মধ্যে আছে এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দেবার জন্য আবেদন জানিয়েছি এবং পৃথকভাবে কংগ্রেসের পক্ষ থেকে বিভিন্ন জায়গায় সভাসমিতি করে যে প্রস্তাব গ্রহণ করা হয়েছে তার অনুলিপি কেন্দ্রীয় সরকারের কাছে পাঠান হয়েছে। আমরা জানতে পেরেছি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যাতে এটা গৃহিত হয় তারজন্য রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারের নিকট সুপারিশ করে পাঠিয়েছেন। আরামবাগের দুঃখ দুর্দশার একমাত্র কারণ হচ্ছে যে ঐ অঞ্চলটা বণ্যাপীড়িত অঞ্চল। এতদিন ধরে বণ্যার প্রকোপে ঐ সমস্ত এলাকায় রেলওয়ে লাইন নিয়ে যাওয়া ও রাস্তাঘাট নির্মাণ করার অত্যন্ত অসুবিধা ছিল। কিন্তু বর্তমানে ঐ অঞ্চলটা ডি, ভি, সি, এলাকার মধ্যে পড়ায়, বণ্যার প্রকোপ থেকে রক্ষা পাচ্ছে এবং বর্তমানে সেখানে রাস্তাঘাট প্রভৃতি নির্মাণ করবার জন্য সরকারের পক্ষ থেকে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং ইতিমধ্যেই সেখানে বহু রাস্তা নির্মাণ হয়েছে, এবং এই রেলওয়ে লাইন যাতে শীঘ্র সেখানে স্থাপিত হয় তারজন্য যথেষ্ট চেষ্টা করছেন এবং কেন্দ্রীয় সরকারের কাছে এরজন্য আবেদন করে পাঠান হয়েছে যে যাতে এটা তাঁদের দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রহণ করা হয়। সেইজন্য আমি মদনবাবুকে পুনরায় বলতে চাই যে, তিনি বাহাদুরি নেবার জন্য এই যে প্রস্তাব এখানে নিয়ে এসেছেন, এটা যদি তিনি বহু পূর্বে করতেন, তাহলে ভাল হত। সুতরাং আমি তাঁকে অনুরোধ করছি এই প্রস্তাবটা হাউসের সামনে না এনে উইদড্র করলে ভাল হয়।

Dr. Jatish Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি এখানে কয়েকটি কথা বলতে চাই, আমার বন্ধু মাননীয় সদস্য মদনমোহন বাবুর প্রস্তাব সমর্থনে।

প্রথমে আমি সরকার পক্ষের সদস্য পার্বতী হাজরা মহাশয় যে কথা বললেন যে এই প্রস্তাব কংগ্রেস পক্ষ থেকে বহুদিন আগে তাঁরা নিয়েছেন। এই চেষ্টা যদি সত্যই তাঁরা করে থাকেন, তাহলে তারজন্য আমি তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। কারণ, গত এক বছর যাবত এই দুটা রেলওয়ে লাইন সম্পর্কে বহু আন্দোলন, লেখালেখি, স্থানে স্থানে বহু সভাসমিতি করা হয়েছে, এবং এই সমস্ত পরিকল্পনা ও সভাসমিতির প্রস্তাব সরকারের কাছে পাঠান হয়েছে ; খবরের কাগজে ছাপান হয়েছে ; কিন্তু সরকারের তরফ থেকে এ পর্যন্ত কোন সাড়া শব্দ পাওয়া যায় নি। আজ হঠাৎ কংগ্রেস পক্ষের সদস্যের মুখ থেকে জানতে পারলাম যে সরকার এ বিষয় চেষ্টা করছেন এবং অনেকখানি অগ্রসর হয়েছেন। কিন্তু একথা আমরা পূর্বে জানতে পারি নি, তা জানতে পারলে হয়ত আমরা তাঁদের সঙ্গে এ বিষয়ে যোগ দিতাম। স্যার, আরামবাগের নামের একটা ঐতিহাসিক অর্থ আছে। গড়মান্দারণের নবাব যিনি ছিলেন ঐতিহাসিক কতুল খাঁ, তাঁর এইটা আরামের স্থান ছিল, এবং তা থেকেই এই আরামবাগ নাম হয়েছে। ইংরাজ রাজত্বের আমলে যেমন এটা অবহেলিত ছিল, এখন কংগ্রেস রাজত্বেও ঠিক সেইভাবে অবহেলিত আছে। সেখানে রাস্তাঘাট নাই, যানবাহন চলাচলের কোন সুবিধা নাই। বর্ষাকাল হলে সারা পৃথিবীর সঙ্গে আরামবাগ মহকুমা, বিশেষ করে গোঘাট থানা বিচ্ছিন্ন হয়ে থাকে।

বর্তমানে এই রেল পথটা নিয়ে এখানে কোন দলাদলি কববার ইচ্ছা আমাদের নেই, একথা পার্বতীবাবুকে বিশেষ করে জানিয়ে দিচ্ছি যে এখানে বাহাদুরি নেবার কারও আবশ্যকতা নেই।

[4-50—5 p.m.]

সুতরাং এই প্রস্তাব তুলে নিতে পারতেন, যদি সকলে মিলে আজ এই আরামবাগ মহকুমার প্রতি সদয় হয়ে প্রস্তাবটা একসঙ্গে পাশ করিয়ে দেন। এতে বাহাদুরি তাদেরই হবে, বাহাদুরি বিরোধীদের হবে না। বাহাদুরি হবে হাউসের, সরকারের, যদি সরকার এই প্রস্তাব কার্যে পরিণত করেন। তবে আমি এটা হবে বলে বিশ্বাস করি না।

স্পীকার মহাশয়, এখন আমি যাতায়াতের কি রকম অসুবিধা সেই কথা বলব। আরামবাগ মহকুমাবাসীর বহির্গমনের কোন পথ নাই। তাদের যদি কলকাতায় বা অন্য কোথাও যেতে হয় গ্রাম থেকে, তাহলে আরামবাগ পর্যন্ত হেটে গিয়ে বাসে বর্ধমান আসতে হয়, নৈলে রাণীচকে

আসতে হবে, সেখানে হোর মিলার কোম্পানীর ষ্টীমার ছিল। তখন ষ্টীমারে, এখন লঞ্চে যাতায়াত করতে হয়। ডাঃ রায়ের কাছে ঐ জলপথ, সরকার হতে জলের দায়িত্ব গ্রহণ জন্য বহু আবেদন করা হয়েছে। সরকার থেকে যানবাহন করা হচ্ছে, সেটাও তাঁদের নেওয়া উচিত। কারণ সেখানকার লোকের যাতায়াতে বড়ই অসুবিধা হচ্ছে। নদী মজে যাওয়ায় এখন গঙ্গার জোয়ার ভাঁটার উপর লোকের যাতায়াত নির্ভর করে।

স্পীকার মহাশয়, ষ্টীমারে সকাল বেলায় বেরিয়ে গেল তারপর হঠাৎ কোন জায়গায় লঞ্চ আটকে বসে আছে। আবার যখন জোয়ার আসবে তখন চলবে ; তারপর রাণীচক বা বন্দরে নিয়ে গেল, ছেলেপিলে নিয়ে রাস্তায় এইভাবে একদিন, দুদিন কেটে যাবে। এই হচ্ছে অবস্থা সেখানকার লোকের যাতায়াতের। আবার রামজীবনপুর থেকে বাসে চন্দ্রকোণা রোড ঘুরে যাতায়াত করতে হয়। যাকে ঢেকশেল ঘুরে কটক যাওয়া বলে, সেইভাবে তাদের যেতে হয়, এইভাবে আরামবাগবাসী জনসাধারণের যাতায়াতের বিশেষ অসুবিধা ভোগ করতে হচ্ছে। আজ আরামবাগবাসীর ব্যবসাবাণিজ্য সবরকম উন্নতির জন্য এই প্রস্তাব আনা হয়েছে, এখানে কোন বাহাদুরি বা দলগত স্বার্থসিদ্ধির প্রশ্ন নাই। আমরা জানি ইংরেজ রাজত্বে যদি কোন অফিসার বদমায়েসী করত তাহলে তাকে আরামবাগে পাঠিয়ে দিত, কারণ আরামবাগ থেকে আর কোথাও কেউ যেতে পারবে না। তার মধ্যেই আবদ্ধ থাকতে হবে, সেখানে মোটর চলবে না, বাইক চলবে না বাইরে আসতে হলে প্রাণ বেরিয়ে যাবে। সেইজন্য সে আমলে পানিসমেন্ট সার্বডিভিশন বলে তার যে নাম ছিল, এখনো তাই আছে। পার্বতীবাবু যে বলেছেন যে অনেক রাস্তাঘাট আছে, আমি কংগ্রেস সদস্যদের অনুরোধ করব ঐ খানাকুলের রাস্তাটা যে হচ্ছে একবার গিয়ে দেখে আসুন। মাননীয় মন্ত্রী প্রফুল্লবাবু জানেন যে রাস্তা কিরকম। সুতরাং রেল পথের জন্য এই প্রস্তাবটা যিনি এনেছেন, তাঁকে আমাদের ধন্যবাদ দেওয়া উচিত। যার জন্য আমরা এত বছর ধরে চেষ্টা করে আসছি সেই প্রস্তাবটা তিনি যে সরকারের কাছে এনেছেন, সেজন্য আরামবাগ-বাসী হিসেবে তাঁকে আমি ধন্যবাদ দি। আমি কংগ্রেস পক্ষীয় সদস্য মহোদয়দের কাছে নিবেদন করব যে তাঁরা কোন দলগত স্বার্থের কথা চিন্তা না করে মুক্ত মহানুভব হৃদয় নিয়ে এই রেজলুসনটা সাপোর্ট করবেন এবং যাতে এটা হয়, পঞ্চবার্ষিক পরিকল্পনাতে ধরা হয় তার জন্য সরকারকে চাপ দেবেন।

Sj. Biren Banerjee:

মাননীয় সভাপাল মহাশয়, আমার নামে একটা এমেন্ডমেন্ট ছিল, সেটা আমি মুভ করছি নে। আমার এমেন্ডমেন্টের যা উদ্দেশ্য তা নরেন্দ্রনাথ ঘোষ যে এমেন্ডমেন্ট দিয়েছেন তাতেই এসে গেছে। কাজেই আমারটা আর আমি মুভ করেছি না। তবে এ সম্বন্ধে আমার কিছু বক্তব্য আছে। প্রথম কথা হচ্ছে এই রেজলুসনটার দুটো অংশ আছেঃ একটা হচ্ছে আরামবাগের সঙ্গে হাওড়াকে সংযুক্ত করুণ, দ্বিতীয় বিষ্ণুপুরের সঙ্গে সাঁতরাগাছি সংযোগকারী রেল পথের সঙ্গে সঙ্গে তারকেশ্বরের সঙ্গে রেল পথ।

আর একটা কথা, হিলির সঙ্গে রায়গঞ্জের একটা রেল পথ যেটা বালুরঘাটের মধ্য দিয়ে যাবে। প্রস্তাবটা অতি সাধারণ। আরামবাগে যে রেল পথ সংযুক্তি হওয়া উচিত সে বিষয়ে বোধহয় কারো দ্বিমত থাকবে না। কেননা ওঁরা যে ম্যাপটা ছেপেছেন যেটা সত্যই দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য পাঠানো হয়েছিল সেই ম্যাপের নকল মন্ত্রীমহাশয়ের কাছেও আছে, আরো অনেকের কাছে আছে ; তাতে দেখতে পাচ্ছি এই রেল পথ হলে—হাওড়া, হুগলী, বাঁকুড়া ও মেদিনীপুর বিশেষ করে এই চারটি জেলার জনসাধারণের সুবিধা হবে। লোকের চলাচলের সুখ সুবিধার দিক থেকে ত বটেই, এমন কি শিক্ষাদীক্ষার দিক থেকেও এই রেলপথ হলে আরামবাগের ছেলেরা রোজ কলকাতায় এসে লেখাপড়া করতে পারবে। সেখানকার মাল চলাচল সম্পর্কে যে ইতিহাস আপনারা শুনলেন, আমার সে সম্পর্কে অভিজ্ঞতা আছে। এখান থেকে আরামবাগে যদি মাল নিয়ে যেতে হয়, পণ্যদ্রব্য নিয়ে যেতে হয় তাহলে যে কি কি দুর্দশা ভোগ করতে হয় তা আমি জানি, সে কহতব্য নয়।

বালুরঘাট সম্পর্কে বলব যে সেখানে ত কোন রেলপথ নাই, একটা মোটর রোড আছে, কিন্তু তাতে সাধারণভাবে লোকের চাহিদা মিটছে না। সেইজন্য বিশেষ করে আরামবাগ ও এইটে এই দুটো যদি পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে স্থান দেওয়া হয়, তাহলে মনে হয় সব দিক থেকেই সুষ্ঠুভাবে কাজ করা হবে। কিন্তু আশ্চার্য, ও পক্ষের একজন সদস্য এর মধ্যে (এ ভয়েসঃ রাজনীতি মিশিয়েছেন) রাজনীতি আমি বলব না, তিনি এর মধ্যে একটা ভয়ের লক্ষণ দেখেছেন। আমি অত্যন্ত ব্যাথা পাচ্ছি—তাঁর কথার জবাব দিতে। কিন্তু আমি শুধু বলব কৃতিত্ব কার হচ্ছে না হচ্ছে সেটা না দেখে সেখানকার লোকের যাতে উপকার হয় সেইটে যদি আমরা সবাই মিলে দেখি তাহলে মনে হয় এটা সদভাবে হবে, ভালভাবে হবে। কৃতিত্ব ত কারোই পাবার নয়, কৃতিত্ব কে পাবে? স্বয়ং শ্রীবিধানচন্দ্র রায় তাঁর নিজের যে ভার আছে সেইভারে যদি এটা পঞ্চবার্ষিক পরিকল্পনায় গ্রহণ করেন তাহলে কৃতিত্ব কি তাঁরই পাওনা হবে না? কৃতিত্ব কি তাদেরও হবে না যাঁরা রেলওয়ে পরিবর্ধন কমিটি তৈরি করেছেন, এবং যাঁরা এখনো মাননীয় সভ্য রয়েছেন? কৃতিত্ব কি তাদের হবে না—যাঁরা দরখাস্ত করেছেন, মিটিং করেছেন, কমিটি করেছেন, এবং এই সমস্ত কাগজপত্র ছেপেছেন এবং বিভিন্ন জায়গায় গিয়ে ধরাকরা করেছেন কৃতিত্বের ভাগী তারাই। কৃতিত্বের ভাগী তারা সবাই। আমাদের সকলের এক হওয়ায় ঐ সদস্য মহাশয় বাধা দিলেন। এই নন-অফিসিয়াল প্রস্তাব আমি বলছি, মদনমোহন বাবুর তরফ থেকে এই রেলপথ যদি হয় পার্বতীবাবু নয় আরামবাগ মহকুমার সর্বসাধারণ স্বস্তির নিঃশ্বাস ফেলে সংবর্ধনা করবে। সেখানকার লোকের শ্রীবৃদ্ধি হোক, সেখানকার লোকের নানা দিক দিয়ে উপকার হোক, সেখানকার ছেলেরা লেখা পড়া শিখুক যাঁরা এই চান ষোল আনা কৃতিত্ব তাদেরই হবে।

[5—5-10 p.m.]

আমি এই সম্পর্কে বলবো এই দৃষ্টিভঙ্গী, আমার মনে হয়, কি অপোজিশন, কি গভর্নমেন্ট সাইড, কারো থাকা উচিত নয়। আমরা জনসাধারণের কাজ করি, তাদের ভোট নিয়ে আমরা এখানে এসেছি। আমাদের কাজ হচ্ছে, আমাদের মাথায় যতটা আসে, বুদ্ধি বিবেচনা করে আমরা সেটা রাখবো। যদি আপনারা সেটা সমর্থন করতে পারেন ভাল কথা, যদি না করতে পারেন তাতেও ক্ষতি নেই কিন্তু বাঁধা দেবেন না। কারণ এটা আমাদের সকলেরই দেখা উচিত, সভাপাল মহাশয় আপনার মাধ্যমে বলছি যে তাতে জনসাধারণের উপকাব হচ্ছে কিনা সেটা দেখা উচিত। আমি বলবো এখানে যে দুইটি রেল পথের কথা উঠেছে তা প্রত্যাহার করবার কোন প্রয়োজন নেই। এই দুইটি রেলপথ উত্তরবঙ্গ এবং মধ্যবঙ্গের মধ্যে অত্যন্ত গুরুত্বপূর্ণ। অবিলম্বে এই দুইটি পথ পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে গ্রহণ করা হক্। এর জন্য মুখ্যমন্ত্রী মহাশয়কে বহু আবেদন নিবেদন, দরখাস্ত করা হয়েছে। তার জবাবে যদি তিনি এটা বলেন যে এটা গ্রহণ করবেন অন্ততঃ প্রচেষ্টা করবেন তাহলে সকলেই সন্তুষ্ট হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, the resolution refers to the asking of the Government of West Bengal to urge upon the Government of India and the Planning Commission to include two railway lines for the use of the people of this State. I may say at once that the West Bengal Government has put in claims for six railway lines in West Bengal. I will give you the details. Soon after the partition of Bengal and after Independence it was realised that we have 600 miles of border with East Pakistan and the communication between the lower Bengal and Upper Bengal used to be through the Hardinge Bridge, as we all knew. That is now not accessible, except recently, to transport from the lower part of Bengal to the upper part of Bengal. We realised also that although Assam Rail Link was constructed at great speed but rather ineffectively, it was not possible to get Malda and Balurghat connected with a railway line. As you are aware, Sir, the districts of West Dinajpur and Malda used to be connected with two direct broad gauge rail routes, one by the Hardinge Bridge and the other by transhipment at Lalgola Ghat. At the present

moment if you want to go to Malda, you have got to go the roundabout way. We asked for investigation of this route from Khejuria Ghat, Malda, Eklakhi, Balurghat, Hilli as far back as 1947-48. The railway people at first thought that it was not a paying proposition. My reply was that if one part of Bengal is separated from the other due to causes over which Bengal has no hand, then it is up to the railway to find communication between those parts of Bengal where communication existed before the partition irrespective of whether such construction of railway would be profitable to the railway or not. At first—I am talking of 1948-49—they were not very hopeful of including it in the First Five-Year Plan. It appears now that at the instance of the Bengal Government a later survey was made and it upset the previous report and it was later found out that running a power ferry between Khejuria Ghat and Farakka and a railway from Khejuria Ghat up to Balurghat was an urgent matter for the Railway Board to take up. There was an attempt made to suggest that this might wait until the Farakka Bridge was laid. My reply was that even if the Farakka Bridge was laid, this transport over Farakka and Khejuria will be an additional help to the transport problem of West Bengal in the upper part. I understand this railway is under the active consideration of the Board for being taken up. The administrative requirements, apart from the transport requirements, are so important as to justify the construction of this line to Calcutta. It is to be remembered that the total production of the principal crops of the catchment area covered by this project amounts to approximately 70 lakh maunds a year, mostly mangoes. The mangoes used to be transported to Calcutta by the route Lalgola Ghat, but now due to the difficulties of ferry across Monihari Ghat and Sakrigali Ghat many of the mangoes get spoiled so much so that the mango-growers are even prepared to contribute towards laying down an airfield in Malda and I understand from the Communications Department that they have agreed to put their airfield in the Malda because it would save the delay for transport to Calcutta. Similarly, these areas transport essential goods like salt, sugar, cement to the tune of 15 lakh maunds. Therefore this route was given a top priority by the West Bengal Government. We also asked the Railway Board to include a portion of railway from Tildanga to Farakka and Tildanga to Pakur.

[5-10—5-35 p.m.]

At the present moment within the last few months we have been able to open up the Pakistan route from Sealdah to Haldibari, also from Sealdah via Santahar to Cooch Behar and to Assam. We have made arrangement with them but that does not solve the problem of West Dinajpur. It so happens that of the station Hilli one platform is on the Indian side and the other—down platform—is on the Pakistan side. The railway line is on the Pakistan side. Therefore, I have asked the Railway Board to try and have a branch from, say, four or five miles to the south of Hilli which would take transport and goods into the Indian Union, deposit goods to Balurghat and Dinajpur area and then on to Siliguri. That matter also is being investigated.

We also asked for a tributory Chhilmour-Raiganj project to be added on to the main line from Farakka, or rather Farakka-Khajuriaghat to Balurghat.

The second route we asked for was the connection between Alipur Duar-Farakata-Dhupguri-Maynaguri-Paharpur and Belakora.

The third route that we asked for was Santragachi-Arambag-Bishnupur. For this I have been receiving letters and requests, particularly from our Congress friends in that area for nearly three years and we found out that

as far back as 1913-14 this area was surveyed. It was discussed at the Central Board in December 1948; it was postponed pending the Damodar Valley scheme being completed. We are now putting before them that the Damodar Valley scheme is now almost completed. It is necessary to take up this rail link which, I agree with my friend, will open up new areas and connect Howrah or Calcutta with the district of Bankura via Arambagh. At the present moment we told them that Bishnupur and Bankura are connected with Calcutta via Kharagpur which is a roundabout way. The proposed chord line from Bishnupur to Santragachi will not only cut the distance by about 50 per cent. but the isolated pockets of Goghat, Arambagh, etc., will be opened up. This important subdivisional town is practically cut off from the rest of the State during the best part of the year. We have taken up some road development in that area, but that is not adequate enough. It is also felt that if these areas are opened up, possibly the settlement of refugee population may be easier. We also pressed that the opening up of this area would mean dispersal of people from congested Calcutta. People then could come to Calcutta as daily passengers. The latest report is that they are going to electrify the railway up to Tarakeswar. There is no reason why they should not extend it a little further.

The other railway link that we have pressed for is Ajimganj railway station to Jiaganj and Mechedah-Tamluk, Contai-Digha and Lakshmikantapur-Kakdwip. Sir, we have placed this before the Railway Board not today but for the last six or seven years. I know that the Railway Board are pressed by different authorities for extending facilities in their areas but I have always pleaded that these areas about which I have spoken have been neglected for a long time. There is no reason why they should not take these up. I am not clear yet what amount of money will be given by the Planning Commission to the Railway Board. I am informed that the Railway Board's demand has been cut down fairly drastically. I have no idea therefore how it would reshape, but my feeling is that if the resources are adequate we shall be able at least to place these two railways on the Second Five-Year Plan if the Planning Commission relents.

So far as the Railway Board is concerned, they are quite sympathetic and, as you have heard, it is not now but for the last six or seven years that we have been pressing this and they realise that they should be taken up. In view of what I have said, all I can say is that there is no need for pressing this resolution because we have already taken the step asked for in the resolution. Therefore, I would request my friend to withdraw this resolution.

Sj. Ganesh Ghosh: Would it not be better to make a united demand again?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: If you think it better, you do it, but don't put on me the responsibility. As you see, I have been doing it for the last six or seven years and I do not think it would help us very much. On the other hand, it may be argued "while we are considering it, you are again putting the demand from the Legislative Assembly". So, I will suggest this. It would be better if you withdraw the resolution and let me go in my own way. I promise that I will do as much as I can with the resources at my command.

Mr. Speaker: I don't think the resolution is pressed.

The motion of Sj. Madan Mohon Saha, as amended, that this Assembly is of opinion that the Government of West Bengal should urge upon the Government of India and the Planning Commission to include the following projects in the Second Five-Year Plan, viz.,—

(1) Construction of a railway line from Santragachi Railway Station of Howrah district to Bishnupur of Bankura district via Radhanagar, Arambag and Kamarpukur of Hooghly district and a railway line from Tarakeswar to Arambag of Hooghly district; and

(2) Construction of a railway line between Hilli and Raigunj of West Dinajpur district via Balurghat.

was then, by leave of the House, withdrawn.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[5-35—5-45 p.m.]

[*After adjournment*]

GOVERNMENT BILL

The Howrah Improvement Bill, 1935, as reported by the Joint Select Committee.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 2

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that in clause 2(h), line 6, after the words "Howrah Municipality" the words "or the valuation or rating list prepared under section 136 of the Bengal Municipal Act, 1932", be added.

এটা একটা ট্যাকনিকেল নেচারএর। সেজন্য আমি বলছি

for the valuation or rating list prepared under section 36 of the Bengal Municipal Act 1932,

এটা যোগ করে দেওয়া হক্। তারপর এই হাওড়া মিউনিসিপ্যালিটির স্কোপটা আশেপাশের মিউনিসিপ্যালিটিতে এক্সটেন্ড করা যেতে পারে বাই নোটিফিকেশন তাই যদি করতে হয় তাহলে বলবো যে জ্ঞানবাবু যে এ্যামেন্ডমেন্টটা দিয়েছেন সেটা গ্রহণ করতে হবে। বালি মিউনিসিপালিটিকে এই আইনের আওতার মধ্যে যদি আনা হয় তাহলে এই আইনটা আবার সংশোধন করতে হবে। অথচ এদের ধারায় যে আছে শুধু স্টেট গভর্নমেন্ট বাই নোটিফিকেশন এটার স্কোপ এক্সটেন্ড করতে পারবেন সেটা তাহলে হবে না। সেজন্য আমি বলবো যে সিলেক্ট কমিটিতে যখন আলোচনা হয়েছিল তখন এটার একটা অলটারনেটিভ থাকবে এই ধারণা ছিল। তা ছাড়া এর স্কোপটা কমে যাচ্ছে। সেজন্য এটাকে গ্রহণ করবার জন্য অনুরোধ করছি।

The Hon'ble Iswar Das Jalan: Sir, at present we are extending it to Howrah, and therefore the Calcutta Municipal Act as extended to Howrah has been substituted instead of the Bengal Municipal Act. We are also thinking of constituting the Howrah Municipality into a Corporation. That is a matter which is under consideration. Therefore an amendment may be necessary later on even if the section stands as it is today. If we find that as a matter of fact we are improving those areas which are governed by the Bengal Municipal Act, we shall have to come forward to make the necessary amendment later on. At present, I think it is not necessary.

The motion of Dr. Kanailal Bhattacharya that in clause 2(h), line 6, after the words "Howrah Municipality" the words "or the valuation or rating list prepared under section 136 of the Bengal Municipal Act, 1932", be added, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 4

[5-45—5-55 p.m.]

Sj. Biren Banerjee: Sir, I beg to move that in clause 4(1)(e), line 1, after the words "other persons" the words "of which one must be an Engineer having experience in town planning" be inserted.

স্যার, আমার এমেন্ডমেন্টটা সেলফ-এক্সপ্লানেটরি আমি আমার বক্তৃতায় বার বার বলেছি এখনো বলছি একজন ইঞ্জিনিয়ার বিশেষ করে টাউন প্ল্যানিং বিভাগের বিষয়ে যাঁর দক্ষতা আছে, সেইরকম একজন ইঞ্জিনিয়ার নিয়োগ করা হোক। সিলেক্ট কমিটিতে আলোচনা হয়ে যেভাবে বিলটি এখানে এসেছে, তাতে ঐ ভাবের কোন কিছু গৃহীত হয় নাই। কিন্তু একজন নমিনেটেড মেম্বর বাড়ান হয়েছে। আমি তাই এখানে বলছি যে ঐ নমিনেটেড মেম্বরদের মধ্যে

One member must be an engineer having experience in town planning.

এই হচ্ছে আমার বক্তব্য। এটা মন্ত্রীমহাশয় বিশেষ করে অনুধাবন করবেন বলে আশা করি।

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that in clause 4(1)(e), line 2, after the words "by notification" the words "which shall include at least two persons, who are residents of Howrah town" be added.

আমার এই সংশোধন প্রস্তাবে বলতে চেয়েছি যে হাওড়া রেসিডেন্টদের ভেতর থেকে স্টেট গভর্নমেন্ট যদি দুজনকে নমিনেট করেন, তাহলে ভাল হয়। তার কারণ হচ্ছে হাওড়ায় যারা বাস করেন, তারা ইমপ্রুভমেন্ট ট্রাস্টএর মধ্যে যাবার সুযোগ পাচ্ছেন এই স্টেট গভর্নমেন্টের নমিনেশন দ্বারা। তারা যতটা ইন্টারেস্ট নিয়ে কাজ করবেন, বাইরের অন্য কেউ তেমন ইনটারেস্ট নিয়ে কাজ করবে না। তা ছাড়া হাওড়ায় যথেষ্ট কোয়ালিফায়েড পারসনস আছেন বলে আমি মনে করি। আশা করি মন্ত্রীমহাশয় এ বিষয়ে একমত হবেন। আমার বক্তব্য হচ্ছে সেই জিনিসটা তিনি স্ট্যাটিউটরি রিকগনিশন ক'রে নেন যাতে স্টেট গভর্নমেন্ট যদি চারজনও নমিনেট করেন, তার মধ্যে অন্ততঃ দুজন হাওড়া রেসিডেন্টদের ভেতর থেকে নেবেন

resident of Howrah town.

The Hon'ble Iswar Das Jalan: Sir, so far as nomination is concerned, we always take into account that properly qualified persons are to be nominated, and therefore I am sure that when the nomination is made there will be engineers among the nominated people.

The next amendment, namely, that two persons shall be the President and the Secretary of the local Bar has not been moved. So, I need not refer to it.

The third amendment is to include at least two persons who are residents of Howrah town. It is quite clear that the four persons who are nominated by the Municipality will be people from Howrah. But this does not bar the Government from appointing people from Howrah as nominated members also on behalf of the Government. I do hope that while making the nomination this thing also will be kept in view, but there cannot be any statutory provision with regard to this. Therefore I oppose the amendments.

Sj. Bankim Chandra Kar: On a point of order, Sir. So long the Howrah Municipality is administered by an Administrator, who will be the member?

Mr. Speaker: That is a problematical question.

The Hon'ble Iswar Das Jalan: We will think over it.

The motion of Sj. Biren Banerjee that in clause 4(1)(e), line 1, after the words "other persons" the words "of which one must be an Engineer having experience in town planning" be inserted, was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharya that in clause 4(1)(e), line 2, after the words "by notification" the words "which shall include at least two persons, who are residents of Howrah town" be added, was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 5

Sj. Raipada Das: Sir, I beg to move that in clause 5(1)(a), line 2, for the words "an offence punishable" the words "an offence involving moral turpitude" be substituted.

I also move that for clause 5(3), the following be substituted, namely:—

"(3) The State Government shall remove by an order the disqualification mentioned in clause (a) of sub-section (1), if the offence does not involve moral turpitude."

Mr. Speaker, Sir, I have not got much to say about the amendments. A person should not be disqualified from being elected or appointed a Trustee of the Board purely on political grounds. It is only when he is convicted for moral turpitude that he should be debarred from being a Trustee. The political views of a person should not be regarded as such as a determining factor in selecting him as a Trustee of the Board.

Sj. Jnnnendra Kumar Chowdhury: Sir, I beg to move that in clause 5(1)(a), line 2, after the words "an offence" the words "involving moral turpitude and" be inserted.

I also move that in clause 5(2)(iv), line 2, for the words "two thousand" the words "five hundred" be substituted.

I again move that in clause 5(3), lines 3 and 4, the words beginning with "and shall do" and ending with "moral turpitude" be omitted.

স্যার, আমার ক্লজ ৫এ যে এ্যামেন্ডমেন্ট আছে, তাতে আমি বলছি যে

"a person shall be disqualified from being appointed or elected if he has been convicted and sentenced by any court for an offence."

এখানে আমি য়্যাড করতে চাচ্ছি—

"involving moral turpitude."

এটা মন্ত্রীমহাশয় বিবেচনা করবেন। কারণ অনেক বিষয়ে ছয় মাসের উপর জেল হতে পারে। সিভিল ডিজঅবিডিয়েন্সও হতে পারে তার কোন মানে নাই। কিন্তু যেখানে মরাল টারপিচুড থাকবে, সেখানে ডিসকোয়ালিফায়েড হবে। এখানে দেখাতে চাই ক্লজ ৫(৩)এ আছে—

"and shall do it so if in the opinion of the State Government the offence does not involve moral turpitude".

এখানে আছে এ কথা। কিন্তু এখানে একটা কথা আছে সেটা নিয়ে সন্দেহ হয়।

"If in the opinion of the State Government"

এই স্টেট গভর্নমেন্ট যেটা যেটা মনে করবেন না, সেখানে আমি বলবো—এই ইফ স্টেট গভর্নমেন্ট রাখবার কি দরকার? সেখানে লিখেছেন

"If in the opinion of the State Government that it shall do so."

আমি বলছি এটা দূর করে দিন—

"If in the opinion of the State Government"

এই প্রভিসন রাখবেন কেন? স্টেট গভর্নমেন্টএর মতে কোনটা মরাল টার্পিচুড হবে, কারা করবেন না করবেন এটা বাদ দিয়ে সোজা করে দিন মরাল টার্পিচুড যদি থাকে, তাহলে তা ডিসকোয়ালিফিকেশন বলে গণ্য হবে। এটা স্টেট গভর্নমেন্টএর হাতে রাখবেন না। অনেক সময়ে দেখেছি স্টেট গভর্নমেন্টকে লিখলেও রেফার করেও কতদিন পরে তার উত্তর পাওয়া যায়। সেজন্য বলছি—এটা এ্যাকসেপ্ট করুন এই জেনারল প্রিনসিপলটা যে মরাল টারপিচুড থাকলে সে হতে পারবে না।

The Hon'ble Iswar Das Jalan: Sir, I think we have provided that in case the offence does not involve any moral turpitude Government will be bound to revoke the disqualification. "In the opinion of the State Government" means that the matter need not unnecessarily go to law courts. So far as the State Government is concerned whatever may have been the justification before when we did not believe the Government of the day but there is no justification now to disbelieve the State Government even on a question whether an offence involves moral turpitude or not. We do not want unnecessarily to drag the matter to the court. Therefore, I oppose the amendments.

The motion of Sj. Raipada Das that in clause 5(1)(a), line 2, for the words "an offence punishable" the words "an offence involving moral turpitude" be substituted was then put and lost.

The motion of Sj. Jnanendra Kumar Chowdhury that in clause 5(1)(a), line 2, after the words "an offence" the words "involving moral turpitude and" be inserted was then put and lost.

The motion of Sj. Jnanendra Kumar Chowdhury that in clause 5(2)(iv), line 2, for the words "two thousand" the words "five hundred" be substituted was then put and lost.

The motion of Sj. Raipada Das that for clause 5(3), the following be substituted, namely:—

"(3) The State Government shall remove by an order the disqualification mentioned in clause (a) of sub-section (1), if the offence does not involve moral turpitude"

was then put and lost.

The motion of Sj. Jnanendra Kumar Chowdhury that in clause 5(3), lines 3 and 4, the words beginning with "and shall do" and endnig with "moral turpitude" be omitted was then put and lost.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

Sj. Raipada Das: Sir, I beg to move that for the proviso to clause 6(2), the following be substituted, namely:—

"Provided that the State Government may permit him to perform any honorary duties which in the opinion of the State Government will not interfere with the performance of his duties under this Act."

Mr. speaker, Sir, the Chairman, if at all appointed, may be permitted to perform honorary duties in addition to his duties as Chairman, provided such performance does not interfere with or hamper the work of the municipality. But to give him extra emoluments for such work is in no way justifiable. His primary and principal duty is to attend to municipal work for which he is paid handsomely. He must not, therefore, be allowed to divert his time and energy to any extraneous work, if such diversion is detrimental to the day-to-day working of the municipality. After ensuring a thorough discharge of his official duties, he may, if he can or has a desire to do honorary work for the general well-being of the rate-payers.

The Hon'ble Iswar Das Jalan: Sir, I do not think that this clause debars the Chairman from performing his duties. It is only a permissive clause and sometimes it may be necessary for the Chairman to be engaged in addition to his duties as the Chairman in other works. This may be possible in the incipient stage and this clause already exists in the Calcutta Improvement Trust Act. Therefore I oppose the amendment.

The moton of Sj. Raipada Das that for the proviso to clause 6(2), the following be substituted, namely:—

"Provided that the State Government may permit him to perform any honorary duties which in the opinion of the State Government will not interfere with the performance of his duties under this Act.",

was then put and lost.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clause 7

Sj. Raipada Das: Sir, I beg to move that in clause 7(1), line 2, for the words "two thousand" the words "one thousand" be substituted.

I further move that in the proviso to clause 7(1), line 5, for the words "two thousand five hundred rupees" the words "one thousand one hundred and twenty-five rupees" be substituted.

I also move that in clause 7(3), line 3, for the words "three hundred rupees" the words "one hundred and fifty rupees" be substituted.

Mr. Speaker, Sir, the appointment of a Chairman is by itself an imposition. To attach to the post a monthly salary of two thousand rupees in the first instance, and rupees two thousand and five hundred in the second is to make the imposition much heavier and much more burdensome. To always seek to foist a Government's man with sweeping powers on each and every local body betrays a chronic and lamentable lack of confidence on the part of our popular Government in the people. It seems that the Government cannot get away from the fear complex that has seized them—perhaps as a result of their utter inability to promote the welfare of the people. The appointment of a high salaried officer to lord it over the representatives of the people, simultaneously with the setting up of a grand

show of popular institution seems to have an ulterior motive of taking in the people and showing them up as unworthy of being entrusted with the task of running an administration. The Chairman of the municipality would have been the fittest person to be at the head of the administration according to all canons of justice and fair play and his appointment as such would have saved at least two to three thousands of rupees a month—by no means an insignificant sum which could have been utilised for providing additional amenities to the people.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in the proviso to clause 7(1), line 5, for the word "five" the word "two" be substituted.

আমার এমেন্ডমেন্ট এই যে যিনি চেয়ারম্যান হলেন তাঁকে দুই হাজার টাকা বেতন দেওয়া হ'ল মাসে। তারপরে তিন বছর থাকবার পর তাঁর সেলারি বেড়ে যাবে এবং হবে ২,৫০০ নট এক্সসিডিং ২,৫০০ টাকা কিন্তু এই ৩নং ক্লজে দেখতে পাই তিনি একটা হাউসরেন্ট এবং কনভেয়ান্স য়্যালাউয়েন্স পাচ্ছেন—নট এক্সসিডিং ৩০০ টাকা কংগ্রেসের আইডিয়াল ছিল যে ৫০০ টাকার বেশী কারও বেতন থাকবে না, সেসব ভুলে গেছেন। এক ত দু হাজার বেতন হ'ল, দু হাজারে আবার বেড়ে ২,৫০০ টাকা হবে, তার উপর আবার হাউস এলাউন্স এবং কনভেয়ান্স এলাউন্স সেইসব করে হবে আর ৩০০ টাকা আমি বলি এসব করবেন না। যদি বাড়িয়ে নিতে হয় আর ২০০ টাকা বাড়ান, তাতে ২,২০০ টাকা হবে এবং তিন বছর পরে আর নাও বাড়তে পারে। কেন না, প্রিন্সিপল এ্যান্ড প্যারিটি নিম্নের দিকে যেরকম বেতন আছে উচ্চ দিকে তা থেকে অনেক তফাত। নীচের দিকে কেরাণীদের কি রকম। তাতে প্যারিটি নাই। কংগ্রেসপক্ষ থেকে আমরাও বলেছি যে এরকম ডিসক্রিপান্সি থাকতে পারে না। এখনও মধ্যে মধ্যে বলা হয়। তাহলে এইরকমভাবে বেতন বেড়ে যাওয়া মানে সাধারণের টাকা চলে যাওয়া। এটা ঠিক মনে করতে পারি না। কাজেই আমার এমেন্ডমেন্টটা গ্রহণ করা উচিত।

[5-55—6-5 p.m.]

The Hon'ble Iswar Das Jalan: In Calcutta the salary is Rs. 3,000 and if he is reappointed there is an increase of Rs. 500, whereas in Howrah we have provided for a salary of Rs. 2,000 and if he is reappointed there is an increse of Rs. 500. The allowance in Calcutta is Rs. 500 and for Howrah we have made it Rs. 300. It is necessary that the Chairman of Improvement Trust should be a first class man. If you take him from the services you will have to put the scale on such a basis that a serviceman can go there. Even if you have to take a man from outside, a competent man, even then the salary that we have offered is necessary in order to attract a man. Moreover, the Calcutta Improvement Trust and other Improvement Trusts require a man of ability and integrity. There is enough scope for speculation, and for corruption and it is necessary therefore that we find out a man who is expert so far as town planning is concerned and who has so much of an administrative ability that he can carry on with the Trust work efficiently. After all it is an expert body of eleven people who are charged with an expert task of improving a city like Calcutta.

I, therefore, oppose all the amendments.

The motion of Sj. Raipada Das that in clause 7(1), line 2, for the words "two thousand" the words "one thousand" be substituted, was then put and lost.

The motion of Sj. Raipada Das that in the proviso to clause 7(1), line 5, for the words "two thousand five hundred rupees" the words "one thousand one hundred and twenty-five rupees" be substituted, was then put and lost.

The motion of Sj. Raipada Das that in clause 7(3), line 3, for the words "three hundred rupees" the words "one hundred and fifty rupees" be substituted, was then put and lost.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in the proviso to clause 7(1), line 5, for the word "five" the word "two" be substituted, was then put and lost.

The question that clause 7 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 8 to 17

The question that clauses 8 to 17 do stand part of the Bill was then put and agreed to.

Clause 18

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 18(3), line 3 after the words "are present" the words "from the beginning to the end of the meeting" be added.

Sir, I also beg to move that in clause 18(4), line 2, after the word "present" the words "from the beginning to the end of the meeting" be inserted.

আমার ক্লজ ১৫তে ছিল—

"Conduct of business—Meetings of the Board—The Board shall meet, and shall, from time to time, make such arrangements with respect to the place, day, hour, notice, management and adjournment of their meetings. No business shall be transacted at any meeting unless ta least one-half of the existing number of the Trustees are present from the beginning to the end of the meeting."

এটায় ছিল,

"from beginning to the end of the meeting"

তারপরে ক্লজ ১৮তে আছে—

"No business shall be transacted at any meeting of a committee unless at least one half of the number of members of the committee are present."

আর এখন সেই বিগিনিং টু এ্যান্ড তুলে দিলেন। এটা কেন তুলে দিলেন? এখানে এটা থাকা দরকার। এই যে কমিটি হবে, এই কমিটিতে যেসব মেম্বর হবেন তাঁদের

half the number of the members should remain from beginning to end of the meeting.

এখানে একটা রহস্যের কথা বলতে চাই। যখন বীরেন শাসমল মহাশয় ডিস্ট্রিক্ট বোর্ডের চেয়ারম্যান ছিলেন তখন কংগ্রেস মাইনরিটি ছিল, তখন কংগ্রেসের বিরুদ্ধে যাঁরা ছিলেন তাঁদের মেজরিটি ছিল। সেজন্য সেখানে এমন কোরে বক্তৃতা আরম্ভ হত যেগুলো নন-কন্ট্রোভারসিয়াল সেগুলো নিয়ে চারটা ৫টা থেকে আরম্ভ করে বক্তৃতা চলত। তারপর একটি একটি করে গভর্নমেন্ট অফিসাররা বলে যখন চলে গেলেন তখনই আমরা হয়ে গেলাম মেজরিটি, বাস, তখন মেজরিটির বক্তৃতা হতে লাগল। তাই আমি বলব সেইরকম না কোরে হ্যাফ অব দি মেম্বারস যেন থাকেন এই বিধান গ্রহণ করুন। আর ক্যালকাটা ইমপ্রুভমেন্টের সেকসন (১৮)তেও তা আছে। কাজে কাজেই আপনারা এটা বাদ দেবেন না। তাঁরা যেন ফ্রম বিগিনিং টু এন্ড এই মিটিংএ উপস্থিত থাকেন। ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টসএর এটা সেকশন ২১(৩)—

"No business shall be transacted at any meeting of a committee unless at least half the number of members of the committee are present from the beginning to the end of the meeting."

Section 21 of the Calcutta Improvement Act, sub-section (3)

তাতে এইটা আছে। কাজে কাজেই এই প্রভিশন রাখা উচিত। এই একটা সেফগার্ড রাখা উচিত। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে রিকোয়েস্ট করবো এটা রাখুন।

The Hon'ble Iswar Das Jalan: I think it is not necessary because the moment there is no quorum business cannot be transacted. Even in this House if there is no quorum business cannot be transacted. Therefore it is provided here that no business shall be transacted at any meeting of a Committee unless at least one-half of the number of the members of the Committee are present. If one-half of the members is not present no business can be transacted.

Sj. Jnanendra Kumar Chaudhury: Then why is there the provision in clause 15 that "no business shall be transacted at any meeting unless at least one-half of the existing number of the Trustees are present from the beginning to the end of the meeting?"

The Hon'ble Iswar Das Jalan: It is superfluous. If you objected to the provision when the House was considering clause 15, I would have deleted it.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 18(3), line 3, after the words "are present" the words "from the beginning to the end of the meeting" be added, was then put and lost.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 18(4), line 2, after the word "present" the words "from the beginning to the end of the meeting" be inserted, was then put and lost.

The question that clause 18 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 19 *to* 21

The question that clauses 19 to 21 do stand part of the Bill was then put and agreed to.

Clause 22

Sj. Jnendra Kumar Chaudhury: Sir, I beg to move that in item (a) of the proviso to clauses 22(1), line 2, for the word "three" the word "one" be substituted.

স্যার, এই কথাই আমি বলেছিলাম,

"contract involving an expenditure exceeding three thousand rupees shall not be made by the Chairman without the previous sanction of the Board."

এই ক্লজে আমি তিন জায়গায় কোয়েশ্চেন করেছি। তার কারণ হচ্ছে চেয়ারম্যানের এত বেশি পাওয়ার দেওয়া উচিত নয়। তিনি ওয়ান থাউজ্যান্ড পর্যন্ত করতে পারবেন, বাকিটা বোর্ডের স্যাংশন নিয়ে করতে পারবেন। তাঁকে এত বেশি পাওয়ার দেওয়া উচিত নয়। এতে অনেক সময় ফেভারিটিজম এবং নানারকম করাপশন হ'তে পারে। এই কোয়েশ্চেনএর উপর নানারকম করাপশন হ'তে পারে। গোড়া থেকে যদি সেটা বেঁধে দেন তা হ'লে ভাল হয়। তিনি এক হাজার টাকার বেশি করতে পারবেন না, বাকিটা বোর্ডের স্যাংশন নিয়ে করতে হবে। তাই আমি বলছি, টু রিমুভ অল সাসপিশন এটাও থাকা উচিত।

The Hon'ble Iswar Das Jalan: In Calcutta it is Rs. 5,000. The Bill originally provided for Rs. 5,000 but the Select Committee reduced it to Rs. 3,000. Moreover, I draw the attention of the member to the proviso to clause 24 in which it is mentioned "Provided further that every contract made by the Chairman involving an expenditure exceeding one thousand rupees and not exceeding three thousand rupees shall be reported by the Chairman to the Board within fifteen days after it is made."

[6-5—6-15 p.m.]

Therefore, the safeguard is there against abuse. But Rs. 3,000 nowadays is a very small sum, and if the Chairman is not invested even with this power, the Trust's works may be impeded, and that is the reason why we have put in Rs. 3,000. I oppose the amendment.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in item (a) of the proviso to clause 22(1), line 2, for the word "three" the word "one" be substituted, was then put and lost.

The question that clause 22 do stand part of the Bill was then put and agreed to.

Clause 23

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I do not move my amendment.

The question that clause 23 do stand part of the Bill was then put and agreed to.

Clause 24

Sj. Janendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 24(2), line 5, for the words "one thousand" the words "five hundred" be substituted.

Sir, I also beg to move that in clause 24(3), line 2, for the words "three thousand" the words "five hundred" be substituted.

ক্লজ ২৪, সেকশন ২, সেখানে আছে—

"When it is decided to execute a work by contract or purchase any materials or goods and the expenditure involved in such execution or purchase is estimated to exceed one thousand rupees"

আমি সেখানে বলছি,

"exceed five hundred rupees, the Chairman shall, at least seven days before entering into such contract or making such purchase, give notice by advertisement in the local newspapers inviting tenders for the same."

আমি সেখানে বলছি—

"exceed five hundred rupees"

এটা আর কিছু নয়, ওঁরা বলছেন, এক হাজার টাকার জিনিস কিনতে হ'লে বা কন্ট্র্যাক্ট করলে তার টেন্ডার নিতে হবে সাত দিন আগে। সেখানে আমি বলছি, ৫০০ টাকা হ'লে আগে থেকে টেন্ডারে দিন। আমি অনেকবার এই হাউসে নোটিস এনেছি যে, কিভাবে জনসাধারণের টাকা নিয়ে ছিনিমিনি খেলা হয়। এইসমস্ত কারণেই এই কথা বলছি। আজকের দিনে ওরা বলছেন যে, এটা সামান্য ব্যাপার, আজকের দিনে তিন হাজার টাকার কোন মূল্য নেই। কিন্তু আমি সেখানে বলব যে, আমাদের দেশে একটা কথা আছে—রাই কুড়িয়ে বেল হয়। একটা পাইস সেভ করলে শতটা পাইস হয়। আমি এইজন্য একটা চেক রাখুন—৫শত টাকার বেশি জিনিস কিনলে বা কনট্রাক্ট দিলে খবরের কাগজে বিজ্ঞাপন দিয়ে টেন্ডার আহ্বান করবেন। তাহলে ফেবারিটিজম বন্ধ হয়ে যাবে। অনেক জায়গায় আমরা দেখেছি যেমন পাবলিসিটি ডিপার্টমেন্টএ ম্যাজিক ল্যান্টার্ন কিনে সেখানে বহু টাকা লস হয়ে গেল। এইজন্য আমি বলবো হাজার টাকার জায়গায় ৫ শত টাকা করা হ'ক।

আর একটা আছে ক্লজ ২৪(৩)। সেখানে

"In every case involving an expenditure exceeding three thousand rupees in which tenders are invited the Chairman shall place before the Board."

এখানে আমি বলতে চাই যে ৫ শত টাকার বেশি হলেই বোর্ডের সামনে রাখতে হবে। বোর্ডের সামনে টেন্ডার রাখতে হবে এবং বোর্ড ঠিক করবেন টেন্ডার এ্যাকসেপ্ট করবেন কি না করবেন; খালি চেয়ারম্যান কেন করবেন। তাহলে ফেবারিটিজম এবং নেপোটিজম এর কোয়েশ্চেন আসবে। বোর্ড থেকে যদি স্যাংশন করা হয় তাহলে কারো উপর দোষ আসবে না। তাই আমি বলছি এটা এ্যাকসেপ্ট করা হলে এর উপর একটা চেক রাখা হবে। এখানে জদি দু'পয়সা বাঁচে তার চেষ্টা করা উচিত। তা হ'লে সমস্তটাই পাবলিসিটি হবে। কারণ টেন্ডার ইস্যু করা হ'লে তারপর বোর্ডএ প্লেস করে বোর্ড যদি সেই টেন্ডার অ্যাকসেপ্ট করেন তা হ'লে এটার ওয়াইড পাবলিসিটি হয়। গোপনে হিডন ওয়েতে কাজ করলে অনেক রকম দুর্নীতি দেখা যায়। এই কারণে বলছি এটা এ্যাকসেপ্ট করুন।

The Hon'ble Iswar Das Jalan: My friend forgets that for purchasing goods worth Rs. 500 if advertisements are to be given, the cost will be Rs. 500. Therefore it is a proposition which will not stand scrutiny. Moreover, we have given power to the Chairman to enter into contracts up to Rs. 3,000. Therefore the other amendment cannot stand. We say that contracts above Rs. 3,000 should be placed before the Board and passed by them. Therefore, the other amendment is, I believe, out of order in view of the fact that the previous clause has been passed. In any event I oppose the amendments.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 24(2), line 5, for the words "one thousand" the words "five hundred" be substituted, was then put and lost.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 24(3), line 2, for the words "three thousand" the words "five hundred" be substituted, was then put and lost.

The question that clause 24 do stand part of the Bill was then put and agreed to.

Clause 25

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 25, line 3, for the words "one thousand" the words "five hundred" be substituted.

মিঃ স্পীকার, স্যার, আমার ঐ একই কথা আমি রিপিট করেছি। এক হাজারের জায়গায় একশো টাকা হ'লে, এতে কোন বাধা নেই, বলবার কিছু নেই। কেন না আমি বলছি কেবল সিকিউরিটি নেবার জন্য। যিনি কন্ট্রাক্ট করলেন পাঁচশো টাকার উপর, তাঁর কাছ থেকে সিকিউরিটি নেওয়ার জন্য আমি বলেছি। কারণ ম্যাজিক ল্যাণ্টার্ন কিনে পাবলিসিটি ডিপার্টমেন্টের কত টাকা জলে গেছে। যদি তাদের কাছ থেকে সিকিউরিটি নেওয়া হ'ত তা হ'লে এত টাকা যেত না। সেইজন্য আমি বলছি যে, তাদের কাছ থেকে সাফিসিয়েন্ট সিকিউরিটি নিন, তারপর তারা জিনিস সাপ্লাই করুন। তা না হ'লে সেই ম্যাজিক ল্যাণ্টার্নের মতই অবস্থা হবে, কোম্পানি ভেগে গেল, সেই কোম্পানিকে খুঁজে পান নি। বৌবাজারের কোথায় একটা ঠিকানা দেওয়া ছিল, তাদের সেখানে খুঁজে পাওয়া যায় নি। পাঁচশো টাকাটা কম মনে করবেন না। কাজেই যাদের সঙ্গে কন্ট্রাক্ট হবে তাদের কাছ থেকে সাফিসিয়েন্ট সিকিউরিটি নিন—একথা আমি বলব।

The Hon'ble Iswar Das Jalan: Sir, the clause provides that the Chairman shall take sufficient security for the due performance of every contract involving an expenditure exceeding one thousand rupees. My friend wants that it should be limited to Rs. 500. As I have already explained, I do not think that it is a practicable proposition. I think Rs. 1,000 itself is too low.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 25, line 3, for the words "one thousand" the words "five hundred" be substituted, was then put and lost.

The question that clause 25 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 26 to 43

Mr. Speaker: There are no amendments to clauses 26 to 43. I am putting them together.

The question that clauses 26 to 43 do stand part of the Bill was then put and agreed to.

Clause 44

Sj. Biren Banerjee: Sir, I beg to move that the following proviso be added to clause 44, namely:—

"Provided that in providing housing accommodation for displaced person, attempt shall always be made to provide such housing accommodation scheme in the vicinity of the locality to whish this Act applies."

মাননীয় স্পীকার মহাশয়, ক্লজ ৪৪এ যেখানে হাউসিং অ্যাকোমোডেশন স্কীম আছে সেখানে আমি একটা প্রোভাইসো অ্যাড করতে চাই।

"Provided that, etc."

এটা আমি বলেছি এইজন্যই যে, ধরুন হাউসিং অ্যাকোমোডেশন স্কীম টেক আপ করা হ'ল। এই বিলে অবশ্য প্রভিশন আছে যে, তাদের আগে অ্যাকোমোডেশনের ব্যবস্থা ক'রে দিয়ে তারপরে সেই স্কীম টেক আপ করা হবে। কিন্তু ধরুন, হাওড়া শহর প্রায় দশ মাইল লম্বা। হাওড়ায় যদি কর্পোরেশন হয় এবং বালি যদি তার মধ্যে ইনক্লুডেড হয়, তা হ'লে তার দৈর্ঘ আমার মনে হয় কলকাতা কর্পোরেশনের চেয়ে বেশি হয়ে যাবে এবং হাওড়ার একপ্রান্তে যদি আপনি একটা হাউসিং অ্যাকোমোডেশন স্কীম টেক আপ করেন এবং সেখানকার লোক যারা ডিসপ্লেসড হবে, তাদের আপনি ব্যবস্থা করলেন হাওড়ার আর এক প্রান্তে। শিবপুর অঞ্চলে যে রোজগার ক'রে খেত, কাজকারবার ক'রে খেত, তাকে চ'লে যেতে হবে বালির অপর প্রান্তে। এইরকম ব্যবস্থা যাতে না হয়, তার থেকে সেফগার্ড করবার জন্য আমি এই প্রভিশন দিয়েছি এবং সেখানে আমি বলছি না যে, তাদের সেখানেই ব্যবস্থা করতে হবে। কিন্তু বর্তমানে সেই প্রচেষ্টা হওয়া উচিত, আশেপাশে যাতে তাদের রাখা যায়, যাতে ক'রে তাদের লাইফ এবং লিভিং সম্পূর্ণরূপে ব্যাহত না হয়। যেখানে সে চাকরিবাকরি করছে, সেখানে ইমপ্রুভমেন্ট করার সময় নিশ্চয় এই অ্যাটেমপ্ট যেন করা হয়, এই প্রচেষ্টা যেন থাকে, তার কাছাকাছি কোন জায়গায় তাকে রাখার ব্যবস্থা যেন হয়, হাউসিং অ্যাকোমোডেশনের ব্যবস্থা যেন হয়, যাতে ক'রে অনায়াসে সে যেসমস্ত কাজকারবার করছে সেগুলি করতে পারে। এই উদ্দেশ্যেই আমি এই প্রভিশনটা দিয়েছি।

[6-15—6-25 p.m.]

The Hon'ble Iswar Das Jalan: Sir, I believe that the amendment is out of place. Section 44 provides for housing accommodation, not rehousing accommodation. Therefore it does not deal with displaced persons at all. It deals with "Whenever the Board are of the opinion that it is expedient and for the public good to provide housing accommodation for any class of persons.....the Board may frame a scheme for the purpose to be called A Housing Accommodation Scheme." There is another scheme—re-housing scheme. This amendment would have been proper there, not here. But in any event so far as the amendment is concerned, it is very vague. First of all, it is mentioned "attempts shall always be made". Law has to be

precise; law should be in a form in which it can be enforced. Attempts to do anything may be a pious wish; it cannot be incorporated in a legal Act. "Vicinity" itself is a vague word. What is vicinity? It may be 100 yards, 20 yards, 30 yards. Therefore, as a matter of fact it is a vague term, and in a legal document you should not introduce vague terms which lead to complications. Of course, any Government must look to the welfare of the people who are displaced and every Government must try to put the least inconvenience to its people. That may be done by an executive act, but so far as its incorporation in the Bill itself is concerned, it is out of place.

The motion of Sj. Biren Banerjee that the following proviso be added to clause 44, namely:—

> "Provided that in providing housing accommodation for displaced person, attempt shall always be made to provide such housing accommodation scheme in the vicinity of the locality to which this Act applies."

was then put and lost.

The question that clause 44 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 45 *to* 49

The question that clauses 45 to 49 do stand part of the Bill was then put and agreed to.

Clause 50

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that in item (b) of the first proviso to clause 50, line 3, for the word "reasonable" the words "comparable to the rents they were paying" be substituted.

I also beg to move that after item (b) of the first proviso to clause 50, the following new item be added, namely:—

> "(c) that the accommodation provided for the displaced bustee-dwellers is in the vicinity of the area where they were residing:".

I also beg to move that in the second proviso to clause 50, line 4, for the word "reasonable" the word "comparable" be substituted.

মাননীয় স্পীকার মহাশয়, জালান সাহেব এইমাত্র বললেন যে, বীরেনবাবুর সংশোধনী প্রস্তাবটা ঠিক ৪৪ নম্বর ধারায় হওয়া উচিত হয় নি, সেটা ৫০ নম্বর ধারায় হওয়া উচিত ছিল। অবশ্য কথাটা হয়ত ঠিক। সেইজন্য আমার যে অ্যামেন্ডমেন্ট আছে, আমার মনে হয়, উনি বললেন যে, এই ধারায় সেটা ঠিক ফিট করবে। এই ৫০ নম্বর ধারায় আছে যে, স্টেট গভর্নমেন্ট যেসমস্ত বস্তী-ডোয়েলারদের বস্তী ইমপ্রুভমেন্ট স্কীমের ভেতর ফেলে তাদের উচ্ছেদ করবেন, সেইসমস্ত বস্তী-ডোয়েলারদের রিহাউসিং কিভাবে করা হবে এই ক্লজের মধ্যে সেটা দেওয়া আছে। আমার তিনটি সংশোধনী প্রস্তাব আছে। প্রথমটা হচ্ছে যে, জালান সাহেব বলেছেন—এই বিলের মধ্যে আছে রিজনেবল এবং এই রিজনেবল কথাটা থাকলে সত্যই বস্তী-ডোয়েলারদের, যারা মনে করুন বস্তীর একটা ঘরে দশ টাকা ভাড়া দিয়ে সেখানে থাকত, সেখানে বড় বাড়ি যদি তোলা হয় রিহাউসিংএর জন্য, তার একটা ঘরের ভাড়া রিজনেবল যদি করা যায়, সেটা কম ক'রে ধরলেও ২০-৩০ টাকা হয়ে যাবে। সেই জায়গায় রিজনেবল কথাটা আইনের বাধায় ব'লে রেখে দিলে দেখা যাবে যে, বস্তী-ডোয়েলার্স যাদের রিহাউসিং করা হচ্ছে, তাদের সেটা ক্ষমতার বাইরে চ'লে যাবে। হয়ত তারা সেই ঘর নিতে পারবে না, হয়ত কেন নিশ্চয়ই

তারা নিতে পারবে না। জালান সাহেব যে কথাই বলুন না কেন এই ইমপ্রুভমেন্ট ট্রাস্টের খানিকটা নীতি হচ্ছে সেই বিজ্‌নেস পলিসির মত। এটা ঠিক একটা ওয়েলফেয়ার স্টেটে যতখানি জনসাধারণের কল্যাণের দিকে দৃষ্টি দেওয়া উচিত, অন্তত ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের ভেতর দিয়ে আমরা ঠিক ততখানি দেখতে পাচ্ছি না। তারা কড়ায় গণ্ডায় তদের লাভ-লোকসান হয় কিনা, এটা তারা বুঝে নেয়। সেজন্য রিজনেবল কথাটা এখানে আছে, সেই রিজনেবল ভাড়াটা যদি বস্তী-ডোয়েলারদের কাছ থেকে নিতে চেষ্টা করা হয় তা হ'লে দেখা যাবে বস্তী-ডোয়েলাররা ঐসব বড় বাড়ি যা উঠবে, সেই ঘর ভাড়া নিয়ে তারা থাকতে পারবে না এবং তার কোন সুযোগও গ্রহণ করতে পারবে না। সেজন্য আমি আমার সংশোধনী প্রস্তাবে বলেছি—

"comparable to the rents they were paying."

যে ভাড়া তারা আগে দিচ্ছিল তার সঙ্গে যাতে কমপেয়ার করা যায় এইরকমভাবে ভাড়া যাতে হয়, সেদিকে এই বিলে দৃষ্টি দেওয়া উচিত এবং ইমপ্রুভমেন্ট ট্রাস্টের বিলের ভেতর এটা ইনকরপোরেটেড হওয়া উচিত।

আমার দ্বিতীয় সংশোধনী প্রস্তাব হচ্ছে, আপনারা যা বলছেন, সে তো দশ টাকার সঙ্গে একশো টাকার কমপেয়ার করা যায়। যাই হ'ক, আমার দ্বিতীয় সংশোধনী প্রস্তাব হচ্ছে, এই যেসমস্ত বস্তী-ডোয়েলারদের উচ্ছেদ করা হবে বস্তী ইমপ্রুভমেন্টের জন্য অর্থাৎ যাদের সরিয়ে দেওয়া হবে তাদের অ্যাকোমোডেশন যাতে ঐ বস্তী যেখানে ছিল তার কাছাকাছি জায়গায় তাদের থাকবার ব্যবস্থা করা হয় সেজন্যই আমি আমার সংশোধনী প্রস্তাব দিয়েছি। জালান সাহেব বীরেনবাবুর যে ভিসিনিটি কথাটা ছিল সেটায় আপত্তি করেছেন। আমি জালান সাহেবকে মনে করিয়ে দিতে চাই যে, তারা কিছুদিন আগে যে সিকিউরিটি বিলটা পাস করিয়ে নিয়েছেন সেই আইনের মধ্যে অনেক জায়গায় ভিসিনিটি কথাটা আছে এবং এটি আমাদের কথা নয়। এই বিলের যেসমস্ত খসড়া তা থেকে এটা আমরা গ্রহণ করেছি। কাজেই এটা কোন মতেই ভেগ নয়। এটা যদি ভেগ তা হ'লে সমস্ত ওয়ার্ডই এই বিলের মধ্যে ভেগ হবে। ভিসিনিটি বলতে আশেপাশে বুঝায়। তার ব্যবস্থা করার কথা এইজন্যই বলেছি, কারণ একজন শালকিয়ায় কাজ করে, তাকে যদি শিবপুরে অ্যাকোমোডেশন দেওয়া হয় কিংবা শিবপুরের লোককে যদি বালিতে অ্যাকোমোডেশন করা হয় তা হ'লে তার থাকবার জায়গা থেকে কাজের জায়গায় যাতায়াত করবার যে খরচ হবে তার বস্তী ভেঙ্গে সে জায়গায় বাড়ি তুলে যে সুবিধা ক'রে দেওয়া হ'ল তার চেয়ে ঢের বেশি অসুবিধার সৃষ্টি করা হবে। সেজন্য আমি মনে করি, জালান সাহেব এই সংশোধনী প্রস্তাবটা গ্রহণ করবেন।

Sj. Biren Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, জালান সাহেব এক ভাল পন্থা বের করেছেন—এই কথাটা ভেগ হচ্ছে। তাঁকে জিজ্ঞাসা করি, রিজনেবলটা কিভাবে করবেন? তাঁরই এই বিলে আছে রিজনেবল কথাটা।

What does he mean by reasonable.

তার সংজ্ঞাটা কিভাবে দেবেন? এটা কি খুব স্পেসিফিক হ'ল? এবং জালান সাহেবকে আরও মনে করিয়ে দিতে চাই, কানাইবাবু বলেছেন ভিসিনিটির কথা। তাঁকে বলি আজ পর্যন্ত তিনি এমন একটা আইন দেখান যা মানুষের মাথা দিয়ে বেরিয়েছে এবং কমপ্লিটলি ফুল প্রুভ হয়েছে। আমি আইনজ্ঞ নই, জালান সাহেব আইন নিয়ে বহুদিন ধ'রে ঘাঁটাঘাঁটি করছেন, চুলও পেকেছে, চুল হয়ত ঝ'রে পড়বার উপক্রম হয়েছে। কিন্তু এমন একটা আইন দেখান যা মানুষের মাথা থেকে বেরিয়েছে। দেবতারা যদি কোন আইন করেন, জানি না, কিন্তু মানুষের মাথা থেকে যে আইন বেরিয়েছে সেটা যে কমপ্লিটলি ফুল প্রুভ হয়েছে, এইরকম আইন তো দেখি নি। তাই বলব, যেটা রিজনেবল বলে আমরা মনে করতে পারি সেইরকম রিজনেবল আইন করুন। এইটুকুই আমার বক্তব্য।

[6-25—6-35 p.m.]

সেইজন্য বারবার বলছি, ধরুন বালিতে একজন লোক রয়েছে, তাকে কোথায় কি দিলেন? তার কি ইমপ্রুভমেন্ট করলেন? হাওড়ায় যদি কর্পোরেশন হয় তা হ'লে বালিতে কিংবা তার আশেপাশে তাকে অ্যাকোমোডেশন দেবেন?—এইটাই কি আপনারা ভিসিসিটির ভিতর বলতে চান? আরও হ্যাপিয়ার টার্ম বলুন,—এই ভিসিসিটি শব্দ যথেষ্ট স্পেসিফিক ব'লে মনে করি না। সেইজন্য আমরা মনে করি তাকে দূরে দিলে তার সমূহ বিপদ হবে, তাকে সাহায্য না ক'রে বেগড়া দেবেন। অতএব তাকে ধারে কাছে দেবেন। কাজেই কানাইবাবু যে অ্যামেন্ডমেন্ট রেখেছেন, সেটা আমি মন্ত্রিমহাশয়কে গ্রহণ করতে বলছি।

কানাইবাবুর প্রথম যে অ্যামেন্ডমেন্ট সেটার সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, কমপেয়ারেবলটা বলা মুশকিল। শ্রদ্ধেয় প্রফেসর মহাশয় তিনি যা বললেন তাতে আমার ক্ষুদ্র বুদ্ধিতে মনে হ'ল, একের সঙ্গে মিলিয়ে কমপেয়ারড হয়। যাই হ'ক, কমপেয়ারেবল এইজন্য বলতে চাই, —সত্যি সত্যি আপনি ভেবে দেখুন যেখানে বস্তী রয়েছে, যেখানে পূতিগন্ধময় অবস্থায় রয়েছে, সেখানে বস্তীগুলি ভেঙ্গে দু'-তিনতলা টেনেমেন্ট হাউস করবেন। সেখানে টেনেমেন্ট হাউস যখন করলেন, তখন সেখানে নিশ্চয়ই অঙ্ক কষে কত জমির দর, চূণ, সুরকি ইত্যাদির কি দর, তার সমস্ত কিছুর হিসাব ক'রে দেখে তারপর তার একটা রিজনেবল ভাড়া ঠিক করলেন। ধরুন, রুম-প্রতি ১৫ টাকা ঠিক করলেন। কিন্তু বস্তী-ডোয়েলার তারা সেখানে পূর্বে তিন টাকা কিংবা আট টাকা মাত্র ভাড়ায় থাকত। প্রতিমাসে বোধ হয় তাও দিয়ে উঠতে পারত না, অর্থাৎ সেই ভাড়া দেওয়াও তার পক্ষে কষ্টকর ছিল, সময়মত দিতে পারত না। এই হ'ল তার পেয়িং ক্যাপাসিটি। সুতরাং তারা যে ভাড়া দিতে পারে, সেইরকম একটা রিজনেবল ভাড়া করুন। তারা খোলা, এঁদো-পচা ঘরে ছিল। তার থেকে এখন আপনারা তাদের ভাল ঘর দেবেন ব'লে যদি ঘরের ভাড়া ১৫ টাকা করেন, তা হ'লে তাকে আমি কস্মিন কালেও রিজনেবল ভাড়া বলব না, এটা সম্পূর্ণ আনরিজনেবল। কারণ, যে ব্যক্তি সেই ঘরে থাকবে তার পেয়িং ক্যাপাসিটি কি সেটা বিবেচনা করা দরকার। যেখানে সে পূর্বে যে ভাড়া দিচ্ছিল তার সঙ্গে কমপেয়ার ক'রে ভাড়া ঠিক করুন, তা হ'লে এটা সম্পূর্ণ রিজনেবল হবে। সেইজন্য এইটা আমি এখানে রাখতে বলছি যে, সে যে ভাড়া দিচ্ছে সেই ভাড়া থেকে কিছু বেশি হ'ক, কিন্তু সেই বেশিটা যেন রিজনেবল যুক্তির দ্বারা আসে। তা না হ'লে আমাদের ধারণা সেটা অত্যন্ত বেশি হবে। যারা মধ্যবিত্তের চেয়েও গরিব, যারা হাওড়া শহর ভর্তি হয়ে আছে, তাদের এই ইমপ্রুভমেন্ট ট্রাস্টের দ্বারা কোন কিছু উপকারে লাগবে না। সেইজন্য বারবার ব'লে আসছি হাওড়ায় ইমপ্রুভমেন্ট করতে গেলে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের দিকে নজর দিয়ে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের হুবহু ছাপ যদি ফেলতে চান, তা হ'লে সেখানকার গরিব বস্তীবাসীদের কোন উন্নতি হবে না। এর দ্বারা কতকগুলি ল্যান্ড-গ্র্যাবার্সদের সুবিধা হবে। সেই দৃষ্টিভঙ্গি নেবেন না। সেইজন্য আমার শেষ অনুরোধ, যেসমস্ত রিজনেবল অ্যামেন্ডমেন্টস উপস্থাপিত করা হয়েছে, সেগুলিকে আনরিজনেবলি রিজেক্ট করবেন না।

The Hon'ble Iswar Das Jalan: Sir, I quite realise the anxieties of my friends opposite with regard to "reasonable rent" and "vicinity". The difficulty is that whenever an Improvement Trust has to improve a city much less a city like Howrah a certain amount of inconveniences is inevitable. Now, it is a question which cannot be decided today as to what will be the total cost of building, what will be the susidies that will be possible to be granted either by the State or by the Centre or by any other authority. It is also impossible to fix the rent which must be taken in order to provide accommodation. Therefore, a flexible word like "reasonable" has been put in. The moment you say "comparable" that leads to a good deal of difficulties and vagueness. Suppose a man lives in a bustee for which he was paying Rs. 5 as rent. Now we are going to provide him with a pucca building with a kitchen, with a bath room, with one room with varandah which is the minimum. If we do not want the people to have this slum condition, then certainly if we fix a rent at say Rs. 10 for that it may be that it will not be "comparable" to Rs. 5, that

difficulty will be there—it will be very reasonable. Therefore, the word "comparable" cannot be put. As a matter of fact, the people who are living in slums paying a certain amount of rent live in a wretched condition, and when we provide alternative accommodation, we do not wish that they should remain in the same wretched condition in which they were paying a rent of Rs. 2, Rs. 3 or Rs. 5. At least they must be living in a habitable accommodation. Even one room tenement is regarded as not satisfactory from the point of view of habitation. Therefore, at present we cannot use any other word than "reasonable" as suggested by my friend.

So far as the word "vicinity" is concerned, no doubt no law can be fool-proof, but knowingly we cannot put a language which we consider to be not proper. I don't know in what connection the word "vicinity" has been used in the Security Act, but the word "vicinity" in an Improvement Act is a very dangerous thing. Vicinity may be about five furlongs off whereas it may be even a mile from the city itself, a place where you can provide accommodation. Therefore, it may be called "vicinity" or it may not be called "vicinity", and they have to seek the protection of the court. Never in the history we have seen so many cases under Article 226 of the Constitution being brought up before the Court and impeding the entire progress of administration. As a matter of fact even yesterday because the Court decided that one nomination paper had been improperly rejected, I had to postpone the election of a munucipality for one full year, because we cannot have a piece-meal general election. Therefore, we have got to see that our laws are such that by unnecessary litigation we are not impeded in the progress of the work. We want the improvement of Howrah. Naturally any Government which depends upon the popular will cannot forget the inconvenience of the vast population which it is to displace. Our anxiety, you know, is to provide a rent which is suitable, which is proper and payable by these bustee-dwellers. Therefore, for practical purposes it is quite o.k. but if I admit the amendments, it will rather open the flood-gate of difficulties and litigation, and it is for that reason I am sorry I cannot accept the amendments.

The motions of Dr. Kanailal Bhattacharya that in item (b) of the first proviso to clause 50, line 3, for the word "reasonable" the words "comparable to the rents they were paying" be substituted; that after item (b) of the first proviso to clause 50, the following new item be added, namely:—

> "(c) that the accommodation provided for the displaced bustee-dwellers is in the vicinity of the area where they were residing;"

and that in the second proviso to clause 50, line 4, for the word "reasonable" the word "comparable" be substituted, were then put and lost.

The question that clause 50 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 51 *to* 77

The question that clauses 51 to 77 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 78

Mr. Speaker: Dr. Bhattacharya, your amendment to clause 78 is out of order, as it is a negative amendment.

Dr. Kanailal Bhattacharya: But, Sir, I want to speak on the clause.

Mr. Speaker: All right.

[6-35—6-45 p.m.]

Dr. Kanailal Bhattacharya:

স্যার, এই ৭৮নং ধারায় দেওয়া আছে যে, কলিকাতায় যে ট্রাইব্যুনাল আছে সেই ট্রাইব্যুনাল হাওড়ায় যতদিন না ট্রাইব্যুনাল গঠিত হয় ততদিন সেইসমস্ত হাওড়ার মামলা কলিকাতায় চলবে। জালান সাহেব আমাদের কাছে সিলেক্ট কমিটিতে বলেছেন এবং এখনও উনি হয়ত বলবেন যে, ট্রাইব্যুনাল তৈরি করতে দেরি হতে পারে, বা ট্রাইব্যুনাল তৈরি ক'রে প্রাথমিক যে খরচপত্র আছে সেজন্য—

Mr. Speaker: Mr. Bhattacharya, you cannot refer to proceedings of the Select Committee. It is a good convention. Those are confidential things.

Dr. Kanailal Bhattacharya:

জালান সাহেব হয়ত বলবেন যে, হাওড়ায় ট্রাইব্যুনাল কস্টলি হবে অথবা হাওড়ায় ট্রাইব্যুনাল তৈরি করতে দেরি হতে পারে। সেইজন্য হাওড়ার কেসগুলি কলিকাতায় চলবে। এখানে আমার বক্তব্য হচ্ছে, এই ক্লজটা যদি থাকে তা হ'লে হাওড়ায় ট্রাইব্যুনাল গঠন করায় গড়িমসি করা হবে। দ্বিতীয়ত, এই গড়িমসি হওয়ার ফলে কলিকাতার ট্রাইব্যুনালের কাছে হাওড়ার কেস প্রথমত যেতে থাকবে এবং আমরা যতদূর জানি কলিকাতা ট্রাইব্যুনালে বহু কেস পেন্ডিং আছে এবং হাওড়ার কেস সেখানে ফেলে রেখে দেবে। শুধু তাই নয়, কলিকাতায় যে ট্রাইব্যুনাল তার যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গি নিয়ে যদি হাওড়ার কেস বিচার করেন তা হ'লে সুবিচার হবে ব'লে মনে করি না। তা ছাড়া, হাওড়ার ট্রাইব্যুনাল গঠিত হ'তে দেরী হ'লে পর হাওড়াবাসীর পক্ষে কলিকাতায় গিয়ে মামলা করতে আসায় অসুবিধা হ'তে পারে। সেইজন্য আমার মনে হয় ইম্প্রুভমেন্ট ট্রাস্ট যদি গঠন করা যায় তার সঙ্গে সঙ্গে হাওড়া ট্রাইব্যুনাল গঠিত করতে বেশি সময় এবং বেশি অর্থ খরচ হবে না। কারণ, মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে, ট্রাস্ট বোর্ড গঠিত হ'লে সঙ্গে সঙ্গে টাকার সংস্থান করা হবে এবং টাকা পাওয়া যাবে। সেইজন্য এই ধারা যদি এখানে থাকে তা হ'লে ট্রাইব্যুনাল গঠন করতে অত্যন্ত দেরি হবে। এ বিষয়ে মন্ত্রীমহাশয়ের কাছে জানতে চাই যে, সত্যই এই ধারাটা থাকলে ট্রাইব্যুনাল গঠিত হওয়ার দেরি হওয়ার সম্ভাবনা আছে কিনা। যদি থাকে তা হ'লে বলব এই ধারাটা পালটে দেওয়া হউক।

The Hon'ble Iswar Das Jalan: Sir, it is not a question of delay but it is a question of finance. So far as the Howrah Improvement Trust is concerned, the question of finance is a very important thing. In the first few years there will be less of work and therefore to have a tribunal for a few cases would be wasting public money. Therefore we have provided that the Calcutta Improvement Tribunal would hear the cases which come up before them from the Howrah side. I do not think there is any question of principle but it is a question of finance. Sir, the Calcutta Improvement Tribunal will be quite competent to do justice in all cases. I do not think that there need be any misapprehension on the part of any honourable member on this score. It is a question of finance. I remember one member raised this point in the Select Committee...

Mr. Speaker: Mr. Jalan, I stopped the other member for divulging the Select Committee's proceedings.

The Hon'ble Iswar Das Jalan: All right, Sir, I have nothing further to add.

The question that clause 78 do stand part of the Bill was then put and agreed to.

Clause 79

The question that clause 79 do stand part of the Bill was then put and agreed to

Clause 80

Sj. Biren Banerjee: Sir, I beg to move that in clause 80(2), line 2, after the word "one-third" the words "in the maximum with gradation according to nature and area of the land" be inserted.

স্যার, আমি এই ক্লজ ৮০র একটু সংশোধন করতে বলছি। এখানে আমি বলতে চাই, ওয়ান-থার্ড ম্যাক্সিমাম করা আছে—

Such betterment fee shall be an amount equal to one-third of the increase in value of the land "in the maximum with gradation accordnng to nature and area of the land".

এখানে আমি বলতে চাই—এই কথাটা যোগ করতে চাই—ওয়ান-থার্ড কেন করতে চাই? এইজন্য, অবশ্য পূর্বে ছিল হাফ। সেই হাফ কমিয়ে ওয়ান-থার্ড করা হয়েছে। কিন্তু তা সত্ত্বেও আমি বলব হাওড়ায় বহু অনুন্নত জায়গা আছে, এমন কি বহু লো ল্যান্ড আছে। সেখানে যদি ইম্প্রুভমেন্ট স্কীম যায় এবং যদি সেই জায়গা ইম্প্রুভ করা যায় নিশ্চয় সেখানকার যথেষ্ট উন্নতি হবে এবং সঙ্গে সঙ্গে দামও বাড়বে। অথচ হাওড়ায়, ধরুন স্টেশন থেকে হাফ মাইলের মধ্যে এমন জায়গা আছে, সেখানে যদি উন্নতি হয়, রাস্তা যদি চওড়া হয়, আন্ডার-গ্রাউন্ড ট্রেন হয়, তা হ'লে দাম অনেক বেশি বাড়বে। কলকাতায় যে অঞ্চলের দাম খুব বেশি এমন কি সেই অঞ্চলের সমান দাম হতে পারে। কিন্তু যদি উন্নতি করে সেই অনুপাতে জমির দাম আদায় করেন, এবং হাফ অব দি ফি আদায় করেন তা হ'লে অনেকের পক্ষেই তা দেওয়া সম্ভব হবে না। যেখানে ওয়ান-থার্ড আছে সেখানে ম্যাক্সিমাম নাই, ওয়ান-থার্ড আদায় হবে। যেখানে অনুন্নত জায়গা, সেখানে যদি বেটারমেন্ট ফি ওয়ান-থার্ড হয় তা হ'লে সেখানকার দাম এখনকার তুলনায় অসম্ভব রকম বেশি হবে।

এই প্রসঙ্গে আমি জালান সাহেবকে স্মরণ করিয়ে দি, বালি মিউনিসিপ্যালিটির একটি এলাকা যা ইউনিয়ন বোর্ডের অধীন ছিল, তা এ বছর থেকে টাউনের মধ্যে এসেছে। সেখানকার লোক যারা ইউনিয়ন ট্যাক্স দিত, যেহেতু মিউনিসিপ্যালিটির মধ্যে এসেছে, সে এলেকায় যদিও নাই জল, নাই রাস্তা, নাই কোন কিছু, কিন্তু এ্যাসেসমেন্ট করবার সময় তাদের ট্যাক্স ৪ গুণ ৫ গুণ বেড়ে গিয়েছে। সেইজন্য হাওড়ার যেসমস্ত অনুন্নত জায়গা তার সম্বন্ধেও আশঙ্কা আছে। সেইজন্য আমি বলছি—যেখানে অনুন্নত জায়গার ডেভেলপমেন্ট হচ্ছে সেখানে পরে ওয়ান-থার্ড আদায় না করে তার চেয়ে কম আদায় করা হবে। এই আমার এ্যামেন্ডমেন্টএর উদ্দেশ্য। হাওড়ার যা অবস্থা সেই অবস্থার সঙ্গে সঙ্গতি রেখে আমি এই এ্যামেন্ডমেন্ট এনেছি।

The Hon'ble Iswar Das Jalan: Sir, in Calcutta the betterment fee is half. At the instance of my friends from Howrah, we reduced the fee to 1/3rd in the case of Howrah, and we have also accepted that there will be no betterment fee in the sewerage scheme and therefore it is not possible to accede to the amendment suggested by my friend. Moreover, it is a vague amendment how much will be the lowest, how much will be the highest, what will be the gradation of the land, etc. etc. There are well-recognised principles according to which betterment fee is levied. I am sorry I cannot accept the amendment.

[6-45—6-54 p.m.]

The motion of Sj. Biren Banerjee that in clause 80(2), line 2, after the word "one-third" the words "in the maximum with gradition according to nature and area of the land" be inserted, was then put and lost.

The question that clause 80 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 81 *to* 96

The question that clauses 81 to 96 do stand part of the Bill was then put and agreed to.

Clause 97

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that in clause 97(L), line 7, for the word "three-fourths" the word "one-half" be substituted.

মাননীয় স্পীকার মহাশয়, এই ৯৭ ধারা সিলেক্ট কমিটিতে যেটা ছিল তা এখানে চেঞ্জ করা হয়েছে।

A sum equivalent to three-fourths per centum per quarter.

এটার দ্বারা দেখা যায়, বার্ষিক হাওড়াবাসীরা যে মিউনিসপ্যাল রেট দিচ্ছে সেটার শতকরা তিন ভাগ বেড়ে যাচ্ছে। সেখানে আমার বক্তব্য হচ্ছে, ঐ থ্রি-ফোর্থএর জায়গায় হাফ করা হোক। তা হ'লে বার্ষিক মিউনিসিপ্যাল রেট যা হাওড়ার লোকেরা দেয় সেটা শতকরা দুই ভাগ বাড়বে। আমার বক্তব্য হচ্ছে, কলিকাতা ইম্প্রুভমেন্ট ট্রাস্টএ যা আছে তাতে বলা হয়েছে

one-half per centum per quarter,

অর্থাৎ

2 per cent. per year.

সেখানে হাওড়ার বেলায় থ্রি-ফোর্থ করা হচ্ছে। এই ব্যাপারে আরও একটা বিবরণ পেশ করতে চাই। ১৯৪০-৪১ সালে যখন হাওড়া ইম্প্রুভমেন্ট বিল করা হবে ঠিক করা হ'ল তদানীন্তন সরকার পক্ষ থেকে, তখন হাওড়ায় একদফা রেট বাড়ান হয়েছিল—শতকরা দুই ভাগ বাড়ান হয়েছিল, ২০ থেকে ২২ করা হয়েছিল। আবার শতকরা তিন ভাগ বাড়লে সে ২২½ শতাংশ যা আছে সেটা বেড়ে ২৫½ শতাংশ হবে। এটা হাওড়ার লোকের পক্ষে ইনজাস্টিস হবে এবং বেশি হবে। অবশ্য হাওড়া ইম্প্রুভমেন্টএ হাওড়ার জনসাধারণকে কন্ট্রিবিউট করতে হবে সেটা স্বীকার করছি কিন্তু সেটা যদি তাদের সাধ্যাতীত হয় তা হ'লে তারা সেটা দিতে পারবে না। সেইজন্য আমি থ্রি-ফোর্থএর জায়গায় হাফ করতে বলছি।

Sj. Biren Banerjee:

এটার প্রতি আমি স্পেশ্যালি জালান সাহেবকে নজর দিতে বলছি এইজন্য যে, হাওড়ার লোকেরা হাওড়ার রেটপেয়ার্সরা কয়েক বৎসর ধ'রে এনহ্যান্সড রেট দিয়ে আসছে ইম্প্রুভমেন্ট হবে ব'লে এবং সেটা ২ শতাংশের বেশি। এটা তারা এতদিন দিয়ে এসেছে একটা ইম্প্রুভমেন্ট হবে এই আশায়। কিন্তু ইম্প্রুভমেন্ট তারা কিছুই পায় নি। বরং ডিটিরিওরেশন হয়ে হাওড়া শহরের অবনতি হয়েছে। সেইজন্য এটাকে আরও ১ শতাংশ করলে ৩ শতাংশ বেড়ে যাবে। তাতে তাদের উপর হার্ডশিপ হবে। এতদিন তারা বিপুল প্রত্যাশা ক'রে এই রেট দিয়ে এসেছে, সেখানে কাজ আরম্ভ হবে এই আশায়। আমরা বলব, হাওড়া সেটা মধ্যবিত্তের জায়গা। আজকে মধ্যবিত্ত সংসারের যে অভাব ও অর্থের অনটন আছে জালান সাহেব নিজেও সেটা জানেন যে, তারা যে দুরবস্থায় দিন কাটায় তার পরে যদি আরও এই ১ শতাংশ করেন তা হ'লে খুব বেশি হবে। এটাকে কমিয়ে কেন ২ শতাংশ করবেন না তা বুঝতে পারি না। তিনি বলেছেন, টাকার অভাব। নিশ্চয়ই ৩ শতাংশ করলে যে টাকা উঠে ২ শতাংশ করলে সেটা উঠে না। কিন্তু টাকাটাই বড় কথা নয়। এক জায়গাকে উন্নত করতে হ'লে টাকাটাই সবচেয়ে বড় প্রশ্ন নয়; এটা একটা দিক বটে কিন্তু আমাদের দিক থেকে যেটা দেখছি সেদিক থেকে টাকাটা বড় প্রশ্ন না করে, যদি উন্নতির প্রশ্নটাই বড় করতে চাই তা হ'লে কিছু পার্সেন্ট কম হ'লে—এক পার্সেন্ট কম হ'লে সেটা মারাত্মক হবে না। কলিকাতায় ২ পার্সেন্ট আছে, আগেই জালান সাহেবকে বলেছি যে, কলিকাতায় ২ পার্সেন্ট আছে হাওড়ায় কিছু কম করেন না কেন। এখানে তিনি অন্য যুক্তি দেখাবেন, কিন্তু যুক্তির মধ্যে আমরা যেতে চাই না। সেইজন্য আমি যা বলেছি যে, হাওড়া একদিক থেকে হাওড়াবাসী কলিকাতার এত কাছে থেকেও হাওড়ার উন্নতি করতে পারে নি, তারা আরও পুতিগন্ধময় স্থানে আছে, এটা হাওড়াবাসীর পক্ষে অত্যন্ত দুর্ভাগ্য। তবে এটা যদি করেন, তা হ'লে হাওড়াবাসী তাঁকে ধন্যবাদ দেবে। এবং এর সঙ্গে সঙ্গে একথা বলছি যে, হাওড়া পিপলএর যাতে ট্যাক্স না বাড়ে সেদিকে দৃষ্টি দিয়ে আমার এই যে এ্যামেন্ডমেন্ট দিয়েছি থ্রি-ফোর্থএর জায়গায় হাফ করুন, এটা এ্যাকসেপ্ট করুন।

The Hon'ble Iswar Das Jalan. In the Bill itself the provision was 2½ per cent. to 5 per cent. The Select Committee reduced it to a uniform rate of 3 per cent. I think that is the utmost concession that could be given. Well, had it been possible for me to have the financial provisions of Howrah without charging anything, I would have done it. But the difficulty is that it is not possible. We have got to find Rs. 25 lakhs and these are the sources from which money has to be found. Moreover, it is not also possible, nor practicable nor reasonable that the locality which gets the improvement should not give a reasonable contribution to its improvement. I say that the three per cent. which has been fixed is quite reasonable and I am sorry that I cannot accept the amendment.

The motion of Dr. Kanailal Bhattacharya that in clause 97(1), line 7, for the word "three-fourths" the word "one-half" be substituted, was then put and lost.

The question that clause 97 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 98 *to* 185

The question that clauses 98 to 185 do stand part of the Bill was then put and agreed to.

Schedule I

The question that Schedule I do stand part of the Bill was then put and agreed to.

Schedule II

The question that Schedule II do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 6-54 p.m. till 9-30 a.m. on Saturday, the 24th March, 1956, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Saturday, the 24th March, 1956, at 9-30 a.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 9 Deputy Ministers and 189 Members.

[9-30—9-40 a.m.]

President's Assent to Land Reforms Bill.

The Hon'ble Satyendra Kumar Basu: Mr. Speaker, Sir, a Bill was circulated yesterday called the West Bengal Bargadars (Amendment) Bill, 1956. This was printed because we did not get the assent of the President to the Land Reforms Bill. It is also mentioned in the Statement of Objects and Reasons, but we expect it before the 31st of March. In anticipation of that we had it printed. I beg to withdraw the Bill because we expect the assent of the President.

Message.

Secretary (Sj. A. R. Mukherjea): Sir, the following Message has been received from the West Bengal Legislative Council, namely:—

"Message

The West Bengal Appropriation Bill, 1956, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 23rd March, 1956, and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA,
The 23rd March, 1956.

Discussion on Supplementary Estimate for the year 1955-56

Mr. Speaker: The next item is discussion and voting of supplementary demands for the year 1955-56. In conformity with the previous practice I have to fix the time for this. I fix that the House will sit up to 1 p.m. and also that guillotine will fall at 12. Thereafter I will put all outstanding motions without debate. I hope the members will be brief in their speeches so that the business may be finished before the time for guillotine arrives. So far as the discussion is concerned, would members like to speak on motions one by one or would they take them up as a whole?

Sj. Biren Banerjee: We will speak on the motions as a whole. That would be easier.

Mr. Speaker: Then they do not want to make any speeches on the cut motions.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, the point is that we must move the main demands ourselves. That would be done after 12. So you can fix the time for discussion up to quarter to 12.

Mr. Speaker: All right. They can speak up to fifteen minutes before the guillotine time.

Dr. Ranendra Nath Sen: In the course of the discussions we will make observations on the cut motions.

Mr. Speaker: Some time should be given for the Ministers to reply. So the discussion on the Opposition side will be up to 11-30. Thereafter the Ministers will reply. I hope the members will not take more than 10 minutes each.

Dr. Ranendra Nath Sen:

মিঃ স্পীকার, স্যার, আমাদের কাছে যে অতিরিক্ত বাজেট উপস্থিত করা হয়েছে সেই প্রসঙ্গে প্রথম কথা হচ্ছে যে, সরকার থেকে যখন বাজেট রাখা হয়, তখন খরচ সম্পর্কে তাঁদের কোন সঠিক দৃষ্টি থাকে না বলে হঠাৎ শেষকালটাই এই সাপ্লিমেন্টারি বাজেটে এত মোটা টাকার একটা অংক উপস্থিত করতে হয়। সুতরাং এখন কথা হচ্ছে যে, কোন সরকারের যদি ঠিকমত বাজেট প্লেস করবার ক্ষমতা না থাকে, তা হ'লে এইরকম হবে, প্রতি বছর কয়েক কোটি টাকা পরে এই এ্যাসেমব্লির সামনে আসবে যে আমরা খরচ করে ফেলেছি, অতএব এটা তোমরা মঞ্জুর করে দাও। সুতরাং নীতির দিক দিকে প্রথমে এটাই আমরা আপত্তি জানাই।

দ্বিতীয়তঃ এই বাজেটের মধ্যে গোটা কয়েক যে কথা আছে সেগুলি খুবই মারাত্মক। আমি দু-একটা উদাহরণ তুলে দেখাচ্ছি—যেমন, জেনারাল অ্যাডমিনিস্ট্রেশন খাতে আছে যে, মন্ত্রী এবং উপমন্ত্রীদের যাতায়াতের খরচ বাবত বেশী বরাদ্দ করতে হয়, অর্থাৎ বেশি খরচ হয়েছে। এখন এখানে একটা মস্তবড় প্রশ্ন আছে—আমরা চোখের সামনে দেখেছি যে, বিভিন্ন মফঃস্বল সহরে বিভিন্ন জায়গায় মন্ত্রী এবং উপমন্ত্রীরা বর্তমানে কিছুদিন ধরে যেখানে যাচ্ছেন, সরকারী খরচে যাচ্ছেন অথচ সেখানে সরকারী কাজ ছাড়াও তাঁদের নিজেদের ব্যক্তিগত দলীয় কাজে তাঁরা ঘুরে বেড়ান সরকারী পয়সায়। যেমন একটা বলতে পারি যে, কলকাতা সহরে মিটিং হয়েছে, অতুল্যবাবুর মিটিং, সেখানে মন্ত্রী, উপমন্ত্রীরা ডায়াস্ অলঙ্কৃত করে বসেছিলেন —যে মোটরে তাঁরা যাতায়াত করেছেন, সেই মোটর সরকারের মোটর, যে পেট্রোল তাঁরা খরচ করেছেন সেটা সরকারের পয়সায় কেনা পেট্রোল। এটা শুধু কলকাতা সহরেই নয়, বাইরেও এইরকম ঘটনা ঘটছে এবং মন্ত্রী-উপমন্ত্রীরা এইভাবে যথেচ্ছভাবে তাঁরা খরচ করছেন এবং সেটা আজকে উপস্থিত করা হচ্ছে যে, এটাকে মেনে নেওয়া হোক, এটাকে মঞ্জুর করে দাও। আমরা এটার তীব্র প্রতিবাদ জানাই এবং বলি এইভাবে যদি সরকারের ব্যয়বরাদ্দ চলতে থাকে, তা হ'লে পর আমাদের দেশের জনসাধারণের প্রতি সরকার পক্ষ থেকে সুবিচার করা হবে না।

তৃতীয় কথা হচ্ছে—বিধানবাবু আগেকার বাজেটের সময় বলেছেন যে, আমাদের টপ হেভি এ্যাডমিনিস্ট্রেশন এটা বলাটা ঠিক নয়। কিন্তু আমি তাঁর সামনে একটা শুধু উদাহরণ দিচ্ছি যে, আমাদের পশ্চিমবাংলার চীফ সেক্রেটারী তাঁর যে বেতন এবং একটা লোয়ার ডিভিসন ক্লার্কের যে বেতন, তার মধ্যে যথেষ্ট পার্থক্য রয়েছে—প্রায় ৬০ গুণ বেশি একজন লোয়ার ডিভিসন ক্লার্কের চেয়ে চীফ সেক্রেটারীর বেতন, এটা হিসাব করলে বিধানবাবু দেখবেন, প্রত্যেকেই দেখবেন। সুতরাং বলা হবে যে, চীফ সেক্রেটারীর মত মাইনে আর ক'জন পান, কিন্তু তার পরের অফিসার যদি দেখা যায় তা হ'লে পর দেখা যাবে অসম্ভব একটা খরচ এবং সাধারণভাবে একটা কেরানী—চাপরাসী, পিয়নের কথা ছেড়ে দিলাম—তার বেতনের সঙ্গে ২০।৩০ গুণ তারতম্য আজও রয়েছে এবং সেটা কমাবার লক্ষণ নেই। এই প্রসঙ্গে জেনারাল এ্যাডমিনিস্ট্রেশন খাতে হঠাৎ দেখলাম খরচ হিসাবে লেখা হয়েছে "এ্যাপয়েন্টমেন্ট অব স্পেশ্যাল অফিসার ইন দি ডিপার্টমেন্ট অব লেবার"। হঠাৎ কি কারণ ঘটল ডিপার্টমেন্ট অফ লেবারে একজন স্পেশ্যাল অফিসার নিয়োগ করার? কে সেই ভাগ্যবান ব্যক্তি, তার কত বেতন, তাকে কেন রাখা হল তার কৈফিয়ৎ আমরা এখানে চাই এবং এটা টপ হেভি অ্যাডমিনিস্ট্রেশনের আর একটা নমুনা। এখানে

আমি স্পষ্ট ভাষায় বলতে চাই যে, লেবার ডিপার্টমেন্টে নিম্নস্তরের কেরানী অথবা স্টেনোগ্রাফার, টাইপিস্ট, তাদের অভাব হয়েছে, বহু ক্ষেত্রে লেবার অফিসারের অভাব হয়েছে, দু'শো আড়াইশো, তিনশো টাকার লেবার অফিসার নিয়োগ করা হয় নি, অথচ হাজার, বারশো টাকা মাইনে দিয়ে স্পেশ্যাল অফিসার নিয়োগ করা হয়েছে। আমি জানি—কাল মন্ত্রীমহাশয়ের সঙ্গে একটা কনফারেন্সে বসেছিলাম—ডুয়ার্স এলাকায় ১৫৪টি চা-বাগানে একটা লেবার অফিসার, ডিসপুট হলে সেই ভদ্রলোক চেষ্টা করলেও কিছু করতে পারেন না। এক একটা ডিসপুটের সমাধান করতে দু' বছর লাগে। ব্যারাকপুর মহকুমায় একজন এ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার আর একজন লেবার অফিসার আছেন। ব্যারাকপুর মহকুমা হচ্ছে পশ্চিমবাংলার অন্যতম বড় শিল্পাঞ্চল। লেবার ডিরেক্টরেটে দুইজন স্টেনোগ্রাফার, একটা কন্সিলিয়েশন হয়ে গেলে পর তার রিপোর্ট তৈরি করতে বহু সময় লেগে যায়, কারণ, টাইপ করবার জন্য তাদের বহুক্ষণ বসে থাকতে হয়। সুতরাং স্পেশ্যাল অফিসার নিয়োগ করবার কি দরকার ছিল, কি তার কাজ? আমি ঘনিষ্ঠ-ভাবে লেবার মুভমেন্টএর সঙ্গে জড়িত আছি, আমি জানি, দেখি কোন কাজ নেই। যা কাজ তা সেক্রেটারী, লেবার ডিপার্টমেন্টই করতে পারেন। লেবার কমিশনার আছেন, মন্ত্রী আছেন, উপমন্ত্রী আছেন, পার্লামেন্টারী সেক্রেটারী জামান সাহেব আছেন, হেয়ারারকি অব হাই অফিসিয়ালস এ্যান্ড মিনিস্টার্স, তারপরেও কেন এইরকম রাখা হবে?

[9-40—9-50 a.m.]

বিভিন্ন খাতে আমরা দেখতে পাব, এমন কি রিফিউজি ডিপার্টমেন্টএ আমরা দেখছি, সেখানে মাথাভারি খরচা, এবং নানারকম ডিপার্টমেন্টএর অফিসারের পদ সৃষ্টি করা হয়। অথচ গত বৎসর কতকগুলি প্রতিশ্রুতি রিফিউজি ডিপার্টমেন্ট থেকে দেওয়া হয়েছিল সেগুলি প্রতিপালিত হয় নি। তার দু-একটি আমি তুলে ধরছি। এই কলকাতার অল্প দূরে উল্টাডাঙ্গা অঞ্চলে প্রাদেশিক সরকার এবং কেন্দ্রীয় সরকার বলেছিলেন যে, একটা পার্মানেন্ট বাজার তৈরি করে দেবেন। সমস্ত স্কীম হল, খবরের কাগজে পর্যন্ত বেরুল। আমরা যতদূর জানি মেহেরচাঁদ খান্নাও এটা এ্যাপ্রুভ করেছিলেন। কিন্তু এক বৎসর হয়ে গিয়েছে, তাদের যে খরচা করবার কথা, যে ব্যবস্থা করার কথা ছিল তা করেন নি। এখন অন্যভাবে অন্য খাতে খরচা হয়েছে সেটা তাঁরা দেখাতে ব্যস্ত। আরেকটি জিনিস আমি দেখাতে চাই, যেটাতে আমাদের মনে একটা ঘোরতর সন্দেহ উপস্থিত হয়েছে—

Grant No. 52—Loans and Advances by the State Government

যেখানে দেখান হচ্ছে লো ইনকাম হাউসিং গ্রুপ স্কীমে ৬৫ লক্ষ টাকা। ব্যাপারটা বুঝতে পারলাম না, কিভাবে এত টাকা ৩১এ মার্চএর মধ্যে খরচা হয়ে যাবে। তাই যদি হয় তা হ'লে মন্ত্রীমহাশয় বলবেন কি কোন্ লোক পেল, তাদের নামগুলি উপস্থিত করতে পারেন কি? আমাদের কাছে অভিযোগ এসেছে যে, মন্ত্রিসভার অনুগৃহীত লোকেরা এবং কংগ্রেস পার্টির লোকেরা পাচ্ছে। আমাদের কাছে দু-একটা উদাহরণ আছে যারা উপযুক্ত লোক তারা চেয়ে পান নি। আমরা জানতে চাই, কত লোক কিভাবে এবং কোন্ সর্তে পেয়েছে? তার জবাব আশা করি দেবেন। এখানে আমি বলতে চাই, উপযুক্ত লোক চেয়ে পায় নি আর নিজেরা দল পোষণ করছেন—এটা সত্যিই সারা বাংলাদেশের পক্ষে লজ্জাজনক ব্যাপার। এখানে আমার বক্তব্য হচ্ছে এখানে আলোচনা না করে যেভাবে টাকাটা খরচ করা হয়েছে সেটা অত্যন্ত দুঃখের বিষয়। পুলিসের ব্যাপারে আরও খরচ দেখান হয়েছে। বিশেষ করে আমরা দেখছি যে এ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্টএর পদ খালি পড়ে আছে সেখানে লোক নিয়োগ করতে হবে তার জন্য খরচা। আমরা বার বার বলছি কোথায় পুলিসের খরচা সংকুচিত করবেন, না দিনের পর দিন বাড়ান হচ্ছে। এই পুলিশকে দিয়ে নিজেদের খেয়ালকে চরিতার্থ করা হচ্ছে। এই সংযুক্তি প্রস্তাবের সমর্থনের জন্য পুলিস নিযুক্ত করা হচ্ছে। এই সেদিন শিয়াখালাতে একটি মিটিং করতে গিয়েছিলাম। আমার মিটিংএর একটু দূরে দাঁড়িয়ে একটি পুলিশের লরী হর্ন বাজিয়ে আমার মিটিংকে নষ্ট করে দিতে চাইছিল। তারপর তাকে প্রশ্ন করতে লরী নিয়ে চলে গেল, এইরকম ত অবস্থা। সুতরাং এই ধরনের এস্টিমেট আমাদের সামনে আনলে আমরা কিছুতেই তা সমর্থন জানাতে পারি না।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Mr. Speaker, Sir, it has almost become a rule with the Government to place before us a list of excess expenditure. From year to year we find that the amount is also increasing.

Mr. Speaker: There is difference between excess grant and supplementary grant. You are referring to excess.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri. I am coming to excess. It is quite relevant because it is for the sanction of the excess expenditure that we have met here and we are called upon to sanction it by the supplementary budget.

Mr. Speaker: Excess grant, according to the financial term, is an amount to be sanctioned next year after this year, but supplementary grant is for expenditure within the year. There are two diffrent terms.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Sir, I still maintain excess is within the year.

Mr. Speaker: Please consult the budgetary and financial terms. Excess grant is entirely different from the supplementary grant.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: I have gone through all possible literature on the subject and I have found the word "excess" everywhere and I shall point it out.

Mr. Speaker: I say there is a word "excess" but that is for the next year. This is supplementary grant.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Now, Sir, Rs. 11,29,26,000 is the amount of the excess over the budget that was presented to us for the year 1955-56. It, of course, includes certain charged amounts also, but that is not the reason why Government failed to include this entire amount in the original budget. It is only in exceptional cases, it is only in unforeseen cases, that a supplementary budget could be justified. But what do we find? We find from this supplementary budget that the amounts, barring only one instance, which could be included in the original budget, were not so done. The reason is that the administration is being run very loosely, very inefficiently and very arbitrarily and this is due to our Chief Minister holding many portfolios including the portfolio of Finance. Sir, he is the person who is ordering expenditure and he is the person who is releasing it from the Government's till without sufficient control and scrutiny.

Sir, it is high time that we should record our permanent disapproval on these departmental excess expenses. When a certain amount of expenditure for a particular service has been determined by this House, it is the bounden duty of the Minister-in-charge, who has the service under his control, to take care that the expenditure does not exceed the amount placed at his disposal for the purpose.

[9-50—10 a.m.]

Sir, even rent, arrears of rent, arrears of salary payable by certain departments were not included in the original estimate. There is no excuse for it. The departments concerned should not have slept over these items. They should have included items like these as payment of rent, wages, rent of a particular building, payment of arrears of salary of a particular officer. Could not the department foresee them and include them in the original budget?

Then, Sir, about agriculture—supply of manure. How could this expenditure be incurred pursuant to a post-budget decision? The Government was, as we understood here, encouraging distribution of manure amongst the peasants. How in the midst of the current year could they take a decision like this? Was it not possible for them, was it not prudent for them to take a decision earlier, particularly when they were telling the people: "We are here to improve the agriculture of the country." In the midst of the year, they found one morning that they should supply manure, and they took a decision and spent a large amount over it. This only indicates their complete ignorance of the subject and total incompetence so far as the Ministry is concerned.

Now, Sir, about expenditure on travelling allowances of Ministers, and on Police and Famine. The Ministers as a whole draw salaries of over Rs. 3 lakhs. The gentlemen who draw a salary of over Rs. 3 lakhs are given every year travelling allowances of over Rs. 2 lakhs. Why Rs. 25,000 more this year? We would like to know from Dr. Roy if any portion of this expenditure was incurred due to his travel to Delhi over the merger plan or for the journey of his Ministers to go to their constituencies and to advertise his plan amongst the local people, if any portion of this expenditure, this post-budget estimate is due to his post-budget union plan or not.

So far as Police expenditure is concerned, how could that be under a decision taken all of a sudden? Last year there was provision for revision of the emoluments of the lower grade police. We pointed out that the money that was provided for was not spent, due to which there was growing discontentment amongst the policemen. The need, the necessity of providing the poor ill-paid, lower grade police officers was there. It was known to Government. Why did they not provide this amount in the original budget? What was the necessity of coming to a decision after the budget was passed? I charge Government that it was to placate the police officers with a view to set them up against the popular anti-merger movement.

Now, Sir, about famine. More than Rs. 2 crores was spent above the budget estimate. There was a lot of complaint over expenditure under this head. Corruption, distribution of undue patronage were complained of by various speakers from this side of the House. Sir, much detail has not been given about this large expenditure in this small supplementary budget. We have felt that unless rigid control was placed over this expenditure there was going to be, as has been done in the past, secret payments to the proteges of the party in power for party propaganda. All this expenditure, mostly important expenditure, was incurred in our view to get the union plan thrust upon the people, and steps were taken from all sides, so that at least a number of people could be made mum.

Sir, one thing that I would ask Dr. Roy is to give up the Finance portfolio, if he really wants the abuses in the administration to disappear. He is laughing, as usual with him. He thinks that he is indispensable. I want to remind him that no one in this world is indispensable. Many a great ruler had come and gone away, but the administration continued as usual. It is high time that he realises his defects. His end, as I see, is near, and he has hastened it, I say with all the emphasis I can command, by his ill-begotten union plan.

Sj. Jnanendra Kumar Chaudhury:

মিঃ স্পীকার, স্যার, আমি এতদিন ধরে যেসমস্ত অভিযোগের কথা বলে আসছি, তা প্রায় কমে যাবে যদি মাননীয় ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয় একটা ইকনমি কমিটি গঠন করেন। এ'রা

এইসমস্ত খরচখরচা দেখবেন, চেক করবেন ; এ সম্বন্ধে মন্ত্রীমহাশয়ের কি আপত্তি আছে তার কোন অভিমত দেন নি। আমি বলব, আজকে অভিমত প্রকাশ করুন, তাঁর কি বাধা আছে এই ইকনমি কমিটি গঠন করবার জন্য। যখন দেখা যাচ্ছে অন্যান্য প্রদেশ, যেমন বিহার উত্তরপ্রদেশ তারা ইকনমি কমিটি গঠন করে তাদের খরচ কমিয়েছে তখন তিনি সেটা কেন করবেন না? আমি আশা করি এর উত্তর মাননীয় মন্ত্রীমহাশয় তাঁর জবাবে দেবেন। অবশ্য আমি একথা বলি না যে, কোন পার্টির লোক নিয়ে এটা করুন। আমার মতে, যারা উপযুক্ত ইকনমিস্ট, যাদের এ সম্বন্ধে বিশেষ জ্ঞান আছে, তাঁদের নিয়ে এই কমিটি গঠন করুন ; তাঁরা গভর্নমেন্টের সমস্ত ডিপার্টমেন্টের যা কিছু খরচখরচা সব হিসাব করে দেখে, কি ইকনমি করতে পারেন এবং কোনখানে, কোথায় ইকনমি এফেক্টেড হতে পারে সেই সমস্ত বিবেচনা করবেন। আমি বলব, এইরকম একটা কমিটি এক্ষুনি গঠন করা একান্ত প্রয়োজন। অপর স্টেট যখন এটা করে লাভবান হচ্ছে, তখন আমরা কেন করব না, তা বুঝতে পারছি না।

তারপর, কোর্ট স্ট্যাম্প সম্বন্ধে বর্তমান নিয়ম কিছু পরিবর্তন করবেন বলেছেন ; খুব ভাল কথা। যেহেতু এ্যান্টি-ডেটেড স্ট্যাম্প নিয়ে অনেক গোলমাল হয়ে আসছে, সেখানে আমি অনুরোধ করব, আর একটু পরিবর্তন করে যাতে এই স্ট্যাম্পএর শেষের দিকে, যেখানে ক্রেতার নাম ও সাকিন লেখা আছে, যেমন ভেন্ডর ঐ স্ট্যাম্প বিক্রয় করছে তার নাম লেখা থাকে, ঠিক তেমনি যে ক্রেতা তার নিজের হাতের সই ও টিপ থাকবে। এইরকম ব্যবস্থা করলে পরে, ভেন্ডরএর হাতের টিপ নিয়ে, অনেক অগ্রবর্তী তারিখ দিয়ে যে দলিলের কাজ হয় সেটা বন্ধ হয়ে যাবে। এমন কি দেখা যায় যে, মৃত ব্যক্তির নামেও স্ট্যাম্প কিনে জোচ্চুরি চলে আসছে। উড়িষ্যা প্রদেশে এই ধরনের ব্যবস্থা প্রচলিত আছে ; এখানেও উনি এটা চালু করুন এবং এর জন্য রুলটা যেরকমভাবে পরিবর্তন করা দরকার সেইরকম করুন।

[10—10-10 a.m.]

তারপর মেদিনীপুর জেলার দাঁতনের সাব-রেজিস্ট্রি অফিস একটা জীর্ণ ঘরের মধ্যে আছে। মাটির দেওয়ালে বীম দিয়ে সে ঘর কোনরকমে খাড়া রাখা হয়েছে, তার দু-একটা বীম ভেঙ্গে গেলেই যে-কোন মুহূর্তে তা কোলাপ্স করতে পারে। সেখানে একটা বিল্ডিং হবার জন্য সাইট সিলেকশন হয়ে অনেক আগেই ল্যান্ড এ্যাকোয়ার করা হয়েছে, কিন্তু সে বাড়ীটা হবার কোন লক্ষণ দেখছি না। সেটা যাতে শীঘ্র হয় তার ব্যবস্থা করা উচিত।

এখানে আর-একটা জিনিসও বলতে চাই—সেটা হচ্ছে স্ট্যাম্প ভেন্ডার্স লাইসেন্স যাদের আছে তাদের ডীড-রাইটার্সএর লাইসেন্স না দেওয়ার ব্যাপার নিয়ে আমার কিছু বলবার আছে। অনেক জায়গায়ই বিশেষতঃ মফঃস্বলে স্ট্যাম্প-ভেন্ডারদের ডীড-রাইটার্সএর লাইসেন্স দেওয়া হয়েছে কিন্তু দাঁতনে ৫।৬ জনকে এইরকমভাবে দেওয়া হয় নাই। তাদের দাবী অগ্রাহ্য করেছেন। তারপর তারা ইন্সপেক্টর-জেনারেল অব রেজিস্ট্রেশনএর কাছে অ্যাপীল করেছিল কিন্তু তিনি কোন কথা বলার সুযোগ না দিয়েই আরবিট্রেরিলি তাদের আপীল অগ্রাহ্য করেছেন। এমন কি তিনি আপীল শুনানীর তারিখ পর্যন্ত দেন নি এবং যেহেতু তিনি দেখিয়েছেন যে, স্ট্যাম্প-ভেন্ডার্স ডীড-রাইটার্সএর লাইসেন্স পেতে পারে না। সে গ্রাউন্ড টেঁকসই নয় এই কারণে যে, মেদিনীপুরের ডিস্ট্রিক্ট রেজিস্ট্রার ঐরকম লাইসেন্স কয়েকটি ক্ষেত্রে মঞ্জুর করেছেন।

তারপর, স্যার, আমি মাননীয় পাঁজা মহাশয়কে বলতে চাই, গভর্নমেন্ট থেকে যে অনেকগুলি শপ খোলা হয়েছে—

as sales depots for sale of handloom clothes

তাতে কতকগুলি জায়গায় হয়ত কিছু কিছু লাভ হচ্ছে, কিন্তু কতকগুলি জায়গায় লোকসান হচ্ছে। দাঁতনের কথা জানি, সেখানে ঘরভাড়া হচ্ছে ৩০ টাকা, একজন কর্মচারী আছেন, তাঁকে দেওয়া হয় ৬০ টাকা। অথচ দৈনিক ১০ টাকার কাপড়ও বিক্রি হয় না। এইরকম দোকান রেখে লাভ কি? হয়ত বলবেন যে, প্রচারের কাজ হচ্ছে। সে আলাদা কথা। কিন্তু যদি কাপড় বিক্রয়ই উদ্দেশ্য হয় তা হ'লে আমি বলতে চাই—অনেক জায়গায় অনেক বড় দোকান

আছে, আমি শুধু দাঁতনের কথাই বলছি না, আরও অনেক জায়গার কথা বলছি, যেখানে লোকসান হচ্ছে সেখানে যদি সেইসব বড় দোকানের মারফৎ তাদের কমিশন দিয়ে ঐ কাপড় বিক্রি করার ব্যবস্থা হয়, তা হ'লে সাধারণের অর্থ এইভাবে নষ্ট হয় না।

তারপর দুর্ভিক্ষমন্ত্রী মাননীয় প্রফুল্ল সেন এখানে উপস্থিত নাই। আপনার মাধ্যমে তাঁকে বলছি—মেদিনীপুর জেলার দাঁতন, মোহনপুর, নারায়ণগড়, কেশিয়ারী থানার জায়গায় জায়গায় ১৩৬১-৬২ সালে ধান হয় নাই। সেইজন্য সেখানে ফেমিন কন্ডিশন এসে গিয়েছে। অতএব সেইসব জায়গায় যাতে নানারকমের টেস্ট রিলিফের কাজ আরম্ভ হয়, সেই ব্যবস্থা করবেন এবং যাতে বৈশাখ মাসেই আরম্ভ হয় সেই চেষ্টা যেন করেন। আশা করি কোয়শ্চেনএর সময় তাঁকে আবার এ সম্বন্ধে স্মরণ করিয়ে দিতে হবে না।

তারপর, স্যার, কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোজেক্টের উপর বলেই আমি শেষ করব। আমাদের ওখানকার এস-ডি-ও আমাদের আশা দিয়েছিলেন যে, দাঁতনে একটা কমিউনিটি ডেভেলপমেন্ট সেন্টার হতে পারবে। তারপর শুধু আমরাই নই কংগ্রেস মেম্বাররাও তাঁর পিছনে পিছনে ঘুরেছেন। এখন আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীমহাশয়কে বলছি—আমরা যখন একটু আশা পেয়েছি যে, দাঁতনে কমিউনিটি ডেভেলপমেন্ট সেন্টার হবে, সেস্থলে যদি না হয়—

Mr. Speaker:

আর কত বলবেন? আপনি ত কাট মোশনই দিয়েছেন।

Sj. Jnanendra Kumar Chaudhury:

আমি ত বেশি বলি নি। দাঁতন একটা পুরানো জায়গা। একটা হিস্টরিক্যাল প্লেস। সেখানে বুদ্ধদেবের দাঁত রক্ষিত হয়েছিল, সেখান থেকে তাম্রলিপ্ত হয়ে সেই দাঁত সিংহলে গিয়েছিল। আগে তার নাম ছিল দন্তরক্ষপুরম্। তারপর চৈতন্যদেবও ঐখান দিয়ে পুরী গিয়েছিলেন। তিনি যে বাড়ীতে বসেছিলেন সে বাড়ী এখনও সেখানে আছে, আর শুধু প্রাচীনত্বেই নয়, আধুনিককালে দাঁতনে রেলস্টেশন, মুন্সেফ কোর্ট, রেজিস্ট্রি অফিস প্রভৃতি বহু অফিস, তিনটি বিদ্যালয় প্রভৃতি আছে। তা ছাড়া, উড়িষ্যার বর্ডারে এবং ছোটখাটো বাণিজ্যকেন্দ্র বলে সেখানে একটা কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোজেক্ট সেন্টার হওয়া উচিত। এবং সেটা যাতে হয় সেজন্য মন্ত্রীমহাশয়কে আমি অনুরোধ করছি।

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, মূল বরাদ্দ যেখানে ৬২ কোটি টাকা, সেখানে ১১ কোটি টাকা অতিরিক্ত ব্যয়বরাদ্দ চাওয়া হয়েছে। এ থেকে বোঝা যায় যে, পশ্চিমবঙ্গ সরকার যখন কোন বিষয়ে একটা পরিকল্পনা গ্রহণ করেন সে পরিকল্পনার মধ্যে একটা দূরদৃষ্টি থাকে না কিম্বা সুষ্ঠু নীতি থাকে না, যার ফলে কোথায় কি খরচ করবেন না করবেন সেগুলি ঠিকভাবে দেখতে পান না। যখনি আমরা একটা পরিকল্পনার কথা বলি, কি করব তার একটা ছবি আমাদের চোখের সামনে থাকবে যে, কোন্ কোন্ বাবদ আমরা কতটা খরচ করব—এইরকম একটা সুষ্ঠু ধারণা আমাদের চোখের সামনে সর্বদা থাকা দরকার। আমি বলব, অঙ্কের কিছু কম বেশি থাকতে পারে! কিন্তু ৬২ কোটি টাকার ব্যয়বরাদ্দ যেখানে, সেখানে এক-ষষ্ঠাংশের বেশি অতিরিক্ত ব্যয়বরাদ্দ নিয়ে আসাটা একটা সুষ্ঠু বিচারবুদ্ধির পরিচায়ক নয়। সেইজন্য আমি বলছি, অন্ততঃ ফাইনান্স মিনিস্টার এবং ফাইনান্স বিভাগের যাঁরা নাকি উচ্চস্তরের কর্মচারী তাঁদের কারোই ফাইনান্স বিভাগীয় দৃষ্টিভঙ্গি নাই, এবং তাঁদের যে কর্তব্য সে কর্তব্য করবার উপযুক্ত তাঁরা নন।

দ্বিতীয় জিনিস, আমি কয়েকটি বিষয় নিয়ে এখানে বলব। প্রথমত জেনারেল এ্যাড-মিনিস্ট্রেশন খাত নিয়ে বলব। জেনারেল এ্যাডমিনিস্ট্রেশন খাতে দিয়েছেন—এই এই বাবদ মোট খরচ করবেন ৮ লক্ষ ৫১ হাজার টাকা। কি কি বাদ খরচ হচ্ছে? সেকেন্ডারি এডুকেশনকে আরও শক্তিশালী করবার জন্য নয়, খরচ করছেন অফিসারদের মাইনের বাবদ, এস্টাবলিশমেন্টএর বাবদ। তারপর লেবার ডিপার্টমেন্টে একজন স্পেশ্যাল অফিসার নিযুক্ত করেছেন। সে

স্পেশ্যাল অফিসারটি কে? একজন রিটায়ার্ড পার্সোনেল! আগে জয়েন্ট সেক্রেটারী ছিলেন, পিরিয়ড অফ সার্ভিস ওভার হয়ে গেছে, তাঁকেই আবার সেখানে বসিয়ে দিলেন! এদিকে সরকার বলে বেড়ান—তাঁরা বেকারসমস্যার সমাধান করবেন, কিন্তু তাঁদের যা নাকি কর্মধারা তাতে ফ্রেস ব্লাডএর আর আসবার কোন সম্ভাবনা নাই। নূতন লোক যাঁরা, বয়স যাঁদের কম, যাঁরা নাকি উৎসাহের সঙ্গে কাজ করতে পারবেন এবং যাঁদের নিলে পর বেশি লোক নিযুক্ত করতে পারবেন—এটা ত পরিষ্কার বোঝা যায়, কিন্তু সরকার তা না করে মোটা মাইনের লোক, যাদের নাকি পিরিয়ড অব সার্ভিস চলে গেছে, তাদের নিযুক্ত করবেন। এইরকম নিযুক্তির যে কি যুক্তি আছে আমি তা বুঝতে পারি না। স্পেশ্যাল অফিসার ইংরেজের আমলে ছিল না। তারা কখনও সার্ভিস থেকে যে রিটায়ার্ড হয়ে গেছে সে লোককে আবার এনে বসাত না। সুতরাং এই ধরনের স্পেশ্যাল অফিসার এনে বসাবার কি প্রয়োজন আছে একথা আমরা ধারণা করতে পারি না।

[10-10—10-20 a.m.]

এইরকম লেবার ডিপার্টমেন্টএও হচ্ছে, তার একটা উদাহরণ দিচ্ছি। লেবার কমিশনারএর দপ্তরের মধ্যে দেখলে দেখতে পাবেন কয়েকজন মাত্র ডেপুটি লেবার কমিশনার, অ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার, লেবার অফিসারস কনসিলিয়েশনএর কাজ করে উঠতে পারছে না। এক একটা কনসিলিয়েশন হতে ৫।৬ মাস সময় লাগে, যে জায়গায় আইনের মধ্যে উল্লেখ আছে যে, ১৪ দিনের মধ্যে কনসিলিয়েশন প্রসিডিং শেষ করতে হবে। তাঁদের জিজ্ঞাসা করলে বলেন যে, আমাদের লোক নেই, মাত্র একজন টাইপিস্ট ও স্টেনোগ্রাফার। লোক না বাড়ালে পর ১৪ দিনের জায়গায় ৬ মাস লাগবেই। এইরকম বারাকপুরে লেবার কমিশনারএর অফিসে একজন মাত্র অফিসার আছে, সে ভদ্রলোক চলে গেলে আর কাজ হবে না। এইজন্য ইভ্ন আই-এন-টি-ইউ-সি সেই জায়গায় স্টাফ বাড়াবার কথা বলেছেন। কিন্তু সেখানে নিম্নপদস্থ কর্মচারী বাড়ান নি, বাড়িয়েছেন—একটা বুড়ো লোককে বসিয়ে দিয়ে ১৫ শত টাকা মাইনে দিচ্ছেন। তাঁর কাজ হচ্ছে নীচের দিক থেকে যখন সমস্ত রিপোর্ট যাবে, সেই রিপোর্ট দেখে ট্রাইব্যুনালএ কেস দেওয়া যাবে কিনা এইটা শুধু দেখবেন। সেইজন্য নীচের দিকের কাজ যাতে ডিসপোজ করা যায় সেটা না করে উপরে একটা বুড়ো লোককে বসিয়ে দেওয়া হয়েছে স্পেশ্যাল অফিসার করে। এর জন্য লোকের এ্যাডমিনিস্ট্রেশনএর এফিসিয়েন্সি বাড়ে না, বরং কমে যাচ্ছে। মানুষকে স্বাভাবিকভাবে যদি প্রোমোশন না দেন তা হ'লে একটা লোকের প্রোমোশন, প্রসপেক্ট, তাদের আশা-আকাঙ্ক্ষাকে দমিয়ে দেওয়া হচ্ছে। অতএব এদের প্রোমোশন দিন, নইলে ডিপার্টমেন্টের এফিসিয়েন্সি বাড়তে পারে না। রিটায়ার করা বয়স্ক লোককে এনে স্পেশ্যাল অফিসার না করে নূতন লোককে প্রোমোশন দিন, তা হ'লে ডিপার্টমেন্টের এফিসিয়েন্সি বাড়বে, নইলে বাড়বে না। এইরকম ধরণের লোককে এনে স্পেশ্যাল অফিসার করা অন্যায়।

তৃতীয় জিনিস, পুলিশের জন্য মোটা টাকা বরাদ্দ করা হয়েছে। পুলিশের এই খরচের জন্য বুঝাবার চেষ্টা করা হয়েছে এবং কনস্টেবলএর মাইনে বাড়াবার কথা বলা হয়েছে এবং এখানে বাড়ান হয়েছে। সুতরাং পুলিশের খাতে বেশি খরচ হয়েছে। কিন্তু তার জন এখানে অধিকসংখ্যক ইন্সপেক্টর নিযুক্ত করার দরকার নেই। ক্যালকাটা পুলিশএ দেখতে পাচ্ছি ইন্সপেক্টরদের জন্য ৭৬ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে; সাব-ইন্সপেক্টরদের জন ৯৪ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে; সার্জেন্টদের জন্য ৭৫ হাজার টাকা দেওয়া হয়েছে এবং এইজন্য ব্যয়বৃদ্ধি হয়েছে। কিন্তু আমরা সাব-অর্ডিনেট অফিসারদের মাইনে বাড়ানর কথা বলি নি। যাদের মাইনে বাড়ানর কথা বলেছিলাম তাদের মাইনে সরকার বাড়ান নি তাদের নিজেদের হাঙ্গার-স্ট্রাইক করে মাইনে বাড়াতে হয়েছে এবং আরও আপনাদের বাড়ানোর দরকার আছে। তারপর আমি পুলিশের একজন বড়কর্তার কাছে শুনেছি যে, সম্প্রতি একট সার্কুলার দেওয়া হয়েছে, তাতে এই কথা বলা হয়েছে—কার আদেশে হয়েছে জানি না—এত দিন আমরা জানতাম যে, এ্যান্টি-রাউডি যে কাজ করে আসছিল সম্প্রতি এটাকে রাউডি না করে রাফ করা হচ্ছে। এবং এইসমস্ত রাফ যারা প্র-মার্জারএর পক্ষে কথা বলবে বা বলবে তাদের হয়রাণ করে না। অর্থাৎ যারা ডাক্তার রায়ের মার্জারকে সমর্থন করে তাদের ধরে

না বরং তাদের নিয়ে এসে মার্জারএর পক্ষে আন্দোলন করার সুযোগ করে দাও। এইকথা আমি একজন পুলিশ অফিসারএর কাছ থেকে শুনেছি, তাদের কাছে এই সার্কুলার এসেছে এবং তাঁরা এটা আমাকে বলেছেন। এতেই বুঝা যায় যে, বিধানবাবুর এই পরিকল্পনা চালু করবার জন্য সারা বাংলাদেশ তাঁর বিরুদ্ধে যে আন্দোলন করছে সেটা নষ্ট করবার চেষ্টা করছেন। এবং দু-একদিন আগেও বলেছি যে, প্রোভোকেশন দিচ্ছেন একথা এখানে পরিষ্কার বোঝা যায়। এখানে যে শান্তিপূর্ণভাবে আন্দোলন চলেছে সেটাকে বানচাল করে দেবার চেষ্টা করছেন। এইভাবে পুলিশরাজ আনছেন এবং এইসব পরিকল্পনা যা করছেন তার জন্য এই টাকা খরচ করছেন। এই 'অর্জি অব ভায়োলেন্স' আমরা সমর্থন করতে পারি না। সেইজন্য আমরা দাবী করব, এই যেসমস্ত বড় বড় পুলিশ অফিসারদের মাইনে বেশি করার ব্যবস্থা হয়েছে সেইগুলি তুলে নেওয়া হোক।

Sj. Mrigendra Bhattacharjya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলা সরকারের একটা রেওয়াজ হয়ে পড়েছে যে বাজেট হবার পরেও কিছু টাকা খরচ করা—এটা আমরা প্রতি বছরেই দেখে আসছি এবং এবারও এই বছরে প্রায় ১১ কোটি টাকা অতিরিক্ত ব্যয়বরাদ্দ ওঁরা চেয়েছেন। আমি বেশি সময় নেব না বলে আমি যে কাট মোশান দিয়েছি তার মধ্যেই আমি বলব।

প্রথম কথা হচ্ছে যে, সরকার চান দুর্নীতি দমন করতে, কিন্তু জেনারেল এ্যাডমিনিস্ট্রেশনএ শিক্ষাবিভাগের জন্য ওঁরা যে প্রায় দেড় লক্ষ টাকা চেয়েছেন সেই শিক্ষাবিভাগে কিভাবে দুর্নীতি দমন যে হয় তার একটা বিশিষ্ট প্রমাণ এখানে দিচ্ছি। সেটা হচ্ছে যে, গত বছরে টি-আর ওয়ার্কএর কাজে বাকলু থানার সোনাখালির যে রাস্তা তাতে প্রায় ১০।১২ হাজার টাকা সেখানে যাঁরা পরিচালকগণ ছিলেন তাঁরা মেরেছেন এবং সেই কেস ধরাও পড়ে যায়। তাদের সেই কেস ধরা পড়বার পর তদ্বির করছেন। একজন প্রাথমিক শিক্ষক এই বিষয়ে পুলিশকে সহায়তা করবার জন্যে তাকে অন্য জায়গায় বদলী করে দেওয়া হয়েছে। অর্থাৎ যাতে সে পুলিশকে সহায়তা না করতে পারে বা যাতে ঐ দুর্নীতি ধরা না পড়ে। এইভাবে শিক্ষাবিভাগে দুর্নীতি যাতে ধরা না পড়ে বা এইরকম অতিরিক্ত টাকা নিয়ে তাঁরা দুর্নীতিকে পোষণ ব্যবস্থা করছেন—এটাই হচ্ছে তার একটা প্রমাণ।

দ্বিতীয়তঃ কলকাতার পুলিশের কথা। আমরা পেপারে দেখেছি যে ফটোসহ একটা আন্ডারগ্রাউন্ড টেলিফোন এক্সচেঞ্জ ধরা পড়েছে, কিন্তু যেসমস্ত রাঘববোয়াল ধরা পড়েছে তাদের নাম এখনও প্রকাশিত হয় নি এবং শুনা যাচ্ছে যে, সেইসমস্ত কেস নাকি চেপে দেবার ব্যবস্থা হচ্ছে। এইরকমভাবে যারা গভর্নমেন্টের হাজার হাজার টাকা ফাঁকি দিচ্ছে এবং এইরকম একটা এতবড় আন্ডারগ্রাউন্ড টেলিফোন এক্সচেঞ্জ করে ভেতরে ভেতরে কারবার করছিল তারা ধরা পড়া সত্ত্বেও সেইসমস্ত সমাজবিরোধী লোকদের প্রকাশ্য আদালতে বিচার না করে চেপে দেবার ব্যবস্থা করা হচ্ছে এবং দীর্ঘদিন ধরে এইরকমভাবে টালবাহানা করার পর এই কেস প্রত্যাহার করে দেওয়া হবে। এইসবের জন্যেই মনে হয় অতিরিক্ত টাকা খরচা হচ্ছে। অতএব এই টাকা খরচা করা অন্যায় হচ্ছে বলে আমরা মনে করি।

তৃতীয়তঃ, গত বছর আমাদের ওখানে টি আর ওয়ার্ক হয়েছিল। সেই টি আর ওয়ার্কএ পটাশপুর থানার কাঁথিতে কুটনীতে ধান কোটার জন্যে যখন তাদের ধান দেওয়া হয়েছিল তখন সেইসমস্ত চাল তাদের কাছ থেকে এবং পাওনা সমিতির কাছ থেকে বহু চাল উধাও হয়ে গেছে। আজ প্রায় ৬।৭ মাস হয়ে গেল তার সম্পূর্ণ পাওয়া যায় নি। সেই টি আর ওয়ার্কএর কাজ শেষ হয়ে গেছে, কিন্তু যেসমস্ত ধানচাল দেওয়া হয়েছিল তা এখনও পর্যন্ত কেন আদায় করা হয় নি—এটা একটা বিচারের বিষয়। আমার কাছে সংবাদ এসেছে যে, সেখানে দুটি সদর সমিতি আছে, তার মধ্যে একটা সমিতির কাছে ৯৫৭ মণ স্টক থাকা দরকার। এক-একটি সদর সমিতির স্টক থাকা উচিত ১০৪ মণ, কিন্তু সেখানে আছে মাত্র ২৮ মণ। তারপর এ ছাড়া মকরামপুরে ৭১ মণ থাকা দরকার, সেখানে আছে ৩৫ মণ; জাগদা সমিতিতে ২২৪ মণ থাকা দরকার, সেখানে আছে ১০০ মণ; অধর দাস ঐ সমিতির সম্পাদক। তাঁর কাছে থাকা দরকার ৩৫৩ মণ, সেখানে আছে মাত্র ১৫ মণ এবং সারদা

সমিতির কাছে ১৮৫ মণ থাকা দরকার, আছে মাত্র ৮৫ মণ। অতএব আমার বক্তব্য হচ্ছে যে, এই যেসমস্ত দুর্নীতি হচ্ছে, এইসমস্ত দুর্নীতিগুলোকে চেপে দেবার ব্যবস্থা হচ্ছে, তাড়াতাড়ি একটা ফয়সলা করা হচ্ছে না এবং এইভাবে হাজার হাজার টাকা সরকারের অপব্যয় হচ্ছে। শোনা যায় যে, পটাশপুরের এই ঘটনার সঙ্গে একজন উপমন্ত্রীও জড়িত আছেন, দেখা যাচ্ছে যে, মন্ত্রীরাই এই সমস্ত দুর্নীতিকে সমর্থন করেন। যাই হোক, এইসমস্ত দুর্নীতি ধরা পড়লে তাড়াতাড়ি ফয়সলা করে যদি দুর্নীতিকারীদের শাস্তি না দেওয়া যায় তা হ'লে কোনদিনই দুর্নীতি বন্ধ হতে পারে না, কিন্তু পুলিশ বিভাগের জন্য লাখ লাখ টাকা চাওয়া হচ্ছে। অতএব এইসমস্ত ব্যাপারের যাতে তাড়াতাড়ি ফয়সলা হয় এবং যাতে এখনি এইসমস্ত জিনিসের অডিট গভর্নমেন্ট থেকে করা হয় তার ব্যবস্থা করা দরকার। এবং সেইসমস্ত অপরাধীদের প্রকাশ্য কোন আদালতে বিচারও হওয়া দরকার।

শেষ কথা হচ্ছে যে, এখানে খাদ্যসংকট দেখা দিয়েছে। গত বছরে এখানে টি আর ওয়ার্ক করা হয়েছিল বলে ক্ষেতমজুর গরীবরা খানিকটা খাদ্যসংকট থেকে রক্ষা পেয়েছিল, সুতরাং যাতে এ বছরও টি আর ওয়ার্ক করা যায়, তার ব্যবস্থা করুন। আমরা বাজেট স্পীচের সময়ও এই কথা বলেছি এবং এখনও এই বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে, তাড়াতাড়ি সেখানে টি আর ওয়ার্ক আরম্ভ করে দিয়ে গরীব কৃষকদের যাতে কাজ দেওয়া যায় তার ব্যবস্থা করুন।

[10-20—10-30 a.m.]

Dr. Kanailal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, সাপ্লিমেন্টারি এস্টিমেট খাতে প্রায় ৭৭ লক্ষ টাকা পুলিশ বাবত ধরা হয়েছে লোয়ার গ্রেড পুলিশ অফিসার এবং কনস্টেবলদের মাইনে বাড়াবার জন্য। আমরা অবশ্য এটার খুব বেশি বিরোধিতা করি না। তার কারণ বার বারই আমরা বলে আসছি—পুলিশের দুর্নীতি নীচের পর্যায়ে যেভাবে অনুপ্রবেশ করেছে তাকে রুখতে গেলে নীচের তলাকার পুলিশের কিছু মাইনে বাড়ানো উচিত। কিন্তু শুধু মাইনে বাড়ালেই চলবে না। এইসমস্ত সাব-ইন্সপেক্টর, এ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর এবং কনস্টেবলদের মধ্যে যেসমস্ত দুর্নীতি আজ ওয়াইড স্প্রেড রয়েছে দেশের মধ্যে সেদিকে আমাদের স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাইনে বাড়িয়ে যাতে তাদের মধ্যে অন্ততঃ একটা আদর্শ আসে সেই আদর্শ আনবার জন্য তাঁকে অনুরোধ জানাব। এই দেশের পুলিশের ভিতর দুর্নীতি খুব বেশী তার একমাত্র কারণ হচ্ছে এই যে, সাব-ইন্সপেক্টর, এ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর যে অঞ্চলে ভার নিয়ে কাজ করে সেই অঞ্চলে যে দুর্নীতিপরায়ণ মনোভাব নিয়ে কাজ করে তার জন্য সমস্ত পুলিশেরই বদনাম বলে মনে করি এবং এর ভিতর আছে উপরকার অফিসারদের খানিকটা সমর্থন—সমর্থন এজন্য বলব যে ইনডাইরেক্ট হেল্প অর্থাৎ ঘুষ নিয়ে সেসব বন্ধ করবার জন্য কোন চেষ্টাই উপরতলা থেকে করা হয় না, সেগুলি ধামাচাপা দেওয়া হয়।

মাননীয় স্পীকার মহাশয়, গুটিকতক উদাহরণ আপনার সামনে উদ্ধৃত করে দেখাব যে, পুলিশ সাব-ইন্সপেক্টরদের মধ্যে দুর্নীতি কিরকম প্রবেশ করেছে এবং সমাজবিরোধী যেসমস্ত ব্যক্তি তাদের কিরকমভাবে সাহায্য করে। চুঁচুড়া সহরে গুণ্ডার দৌরাত্ম্য অতিমাত্রায় বেড়ে গিয়েছে, সেখানে পুলিশের নিষ্ক্রিয়তা অত্যন্ত নিন্দার্হ। সেখানে নারায়ণ বাগ ওরফে ন্যাড়া গুণ্ডা দলের নেতা অবাধে সেখানে বিরাজ করছে। কিছুদিন আগে সেখানে একটি দুর্ঘটনা ঘটে। এই গুণ্ডাটি মোটর সাইকেলে যাবার সময় ছোট একটি ছেলেকে চাপা দেয়, ফলে সেখানে উত্তেজনার সৃষ্টি হয় এবং সেখানকার অধিবাসীরা তাকে ভয় দেখায়, পুলিশেও খবর দেওয়া হয়, তাড়াতাড়ি সে চলে যায় কিন্তু কিছুক্ষণ পরেই সে তার দলবল নিয়ে ফিরে আসে এবং যেসমস্ত সমাজসেবী ঐ ছেলেকে হাসপাতালে পাঠায় সেইসমস্ত সমাজসেবী এবং রাজনৈতিক কর্মী যারা ছেলেটিকে হাসপাতালে যেতে সহায়তা করে তাদের উপর হামলা চালায়—এমনভাবে হামলা চালায় যে, সেখানে নৃপেন্দ্রকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় বলে একজন লোক সিরিয়াসলি ইনজিওর্ড হয় এবং তাকে হাসপাতালে ভর্তি হতে হয়। এই ব্যাপার পুলিশের

দৃষ্টিগোচর করা হয় এবং এস পি-কে বলা হয়। এস পি বিশেষ কোন প্রতিকার না করায় এস ডি ও-কে খবর দেওয়া হয়। এস ডি ও পুলিশ অফিসারকে ডেকে যাতে এই সম্বন্ধে এ্যাকশন নেওয়া হয় তার নির্দেশ দেন, কিন্তু অফিসার-ইন-চার্জ যেহেতু এস ডি ও-র অর্ডার আছে সেজন্য নারায়ণ বাগকে এ্যারেস্ট করলেন বটে কিন্তু সঙ্গে সঙ্গেই তাকে ছেড়ে দেওয়া হল। এই গুন্ডাদলের সঙ্গে সাব-ইন্সপেক্টর, অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর এবং কনস্টেবলদের যোগাযোগ থাকার ফলে সেই সহরে এক আতঙ্কের সৃষ্টি হয়েছে, গুন্ডারাজত্ব সৃষ্টি হয়েছে। এই সম্বন্ধে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি দেওয়া দরকার কারণ, সেখানকার হায়ার অফিসাররা যেরকমভাবে এ্যাকশন নেওয়া উচিত সেরকমভাবে নিচ্ছেন না।

দ্বিতীয় কথা, আমি হাওড়া সহরের গুন্ডার উপদ্রবের কথা বলব। কাঙ্গালী দল বলে একটা গুন্ডা দল আছে, ১০।১৫ বছর আগে থেকে। একে দমন করবার জন্য হাওড়া পুলিসের তৎপরতা মাঝে দেখেছিলাম। হঠাৎ এখন দেখছি শিথিল হয়ে গিয়েছে। গত কয়েকদিন আগে এই কাঙ্গালীদলের জনৈক গুন্ডা সর্দার একটা স্ত্রীলোককে নিয়ে পালিয়ে যাচ্ছিল। স্থানীয় অধিবাসীরা তখন সেই কাজে বাধা দিয়েছিল, ফলে তারা সেখানকার জনকয়েক অধিবাসীকে ছুরিকাঘাত করে। পুলিশকে খবর দিলে কয়েকজনকে এ্যারেস্ট করে কিন্তু পরে তাদেরকে বেল দেওয়া হয় এবং তারা তখন যারা পুলিশকে খবর দিয়েছিল তাদের উপর অত্যাচার করবার চেষ্টা চলেছিল। পুলিশ যে এইসব জানে না তা নয়। হাওড়ার কাঙ্গালী দল যে একটা বিখ্যাত দল এটা সকলেই জানেন। হাওড়া সহরে এটা ফ্লারিস করতে পেরেছে তার কারণ, এস-পি, ইন্সপেক্টর অব পুলিশ প্রভৃতির সঙ্গে এদের প্রত্যক্ষ যোগাযোগ আছে এবং এরা পুলিশকে যেসমস্ত লুটস হয় তার একটা শেয়ার দিয়ে থাকে। এইজনাই দেখা যাচ্ছে, আজকাল হাওড়া সহরে আবার এই ধরণের সমাজবিরোধী কার্যকলাপ বেড়ে চলেছে। আমি মনে করি, এদের পি ডি অ্যাক্টএ অথবা গুন্ডা আইনে এ্যারেস্ট করে জেলের মধ্যে রেখে দেওয়া প্রয়োজন। সেদিক থেকে আমি বলব যে, নীচের তলার এই পুলিসের সঙ্গে সমাজবিরোধীদের যে যোগাযোগ সেটা কেন নষ্ট করা হবে না? তাদের মাহিনা বাড়ালেই শুধু চলবে না, সঙ্গে সঙ্গে যাতে তারা সৎভাবে কাজ করে সেটাও দেখতে হবে। দ্বিতীয়ত সোস্যাল ওয়েলফেয়ার স্কীমএ যে টাকা স্যাংশন করা হয়েছে, সেখানে বিভিন্ন গ্রামে বিভিন্ন জেলার যেসমস্ত লাইব্রেরিজ এবং ক্লাবস আছে তাদের যেন অর্থসাহায্য করা হয়। আমরা দেখেছি হঠাৎ কয়েকটি লাইব্রেরিকে অর্থসাহায্য বন্ধ করে দেওয়া হল, কিন্তু কোন কারণ দেখান হল না। জগাছা এবং জিগাছা দুটো বড় বড় লাইব্রেরি ছিল, বহু ছাত্র সেখান থেকে বই নিয়ে পড়ছিল এবং সঙ্গে সঙ্গে তাদের কার্যকলাপ বেশ ভালভাবে এগিয়ে চলছিল। গত বৎসর সেখানে গ্র্যান্ট দেওয়া হয়েছিল, এবছর হঠাৎ বন্ধ করে দেওয়া হল, এর পিছনে আর কোন কারণ দেখি না, শুধু কারণ হল কংগ্রেসকে এরা পুরাপুরি সমর্থন করে না। এইভাবে সোস্যাল ওয়েলফেয়ার স্কীমএর অর্থ নিয়ে কংগ্রেসের প্রচারকার্যই আসলে চালান হয়ে থাকে। সেটা অবিলম্বে বন্ধ হওয়া উচিত বলে মনে করি।

[10-30—10-40 a.m.]

Sj. Subodh Choudhury:

মাননীয় সভাপাল মহাশয়, আমি কুটিরশিল্প সম্বন্ধে দু-চারটি কথা বলতে চাই। অবশ্য সাধারণভাবে বাজেট যখন আলোচনা হয়েছিল এই ব্যয়বরাদ্দের ব্যাপারটিকে গিলোটিন করা হয়েছিল বলে কিছু বলা যায় নি। সুতরাং সেই সময় বলা সম্ভব হয় নি বলে আমি একটা কথা এখানে উল্লেখ করতে চাই।

এখানে আছে যে, তন্তুবায়দের উন্নতির জন্যে সাপ্লিমেন্টারি বাজেটএ অনেকগুলি টাকা ধরা হয়েছে এবং সেই বাজেটেও বলা হচ্ছে যে, ৬৩টা প্রোডাকশন সেন্টার করা হয়েছে। কিন্তু বর্তমান ঘটনাটা কি এবং সেগুলো কেমন চলছে যদি কেউ একটু সেগুলিকে উল্লেখ করতেন তা হ'লে সত্যিকারের বোঝা যেত যে, তাঁরা যে পরিকল্পনা গ্রহণ করছেন সেই পরিকল্পনা কার্যকরী হয়েছে কিনা। আমি জানি যে, এক বছর আগেও এই প্রোডাকশন ইউনিটকে কার্যকরী করার জন্যে তাঁরা ব্যবস্থা অবলম্বন করেছিলেন, কিন্তু এই এক বছরের মধ্যেই

তাঁদের পরিকল্পনাকে পরিবর্তন করতে হয়েছে। তাঁরা পরিকল্পনা করেছিলেন যে ৬০ ঘর তন্তুবায়কে নিয়ে একটা প্রোডাকশন ইউনিট হবে, সরকার থেকে তাদের সুতা সরবরাহ করা হবে এবং মেহনত করে যে জিনিস তারা করবে তার একটা উচিত পারিশ্রমিকও তাদের দেওয়া হবে। এ ছাড়া, তাদের জন্যে যে ক্রয়কেন্দ্র স্থাপন করা হচ্ছে সেখানে গিয়ে তারা তাদের জিনিস বিক্রি করবে এবং টাকায় ৩ পয়সা করে তারা রিবেট পাবে। কিন্তু এই পরিকল্পনা কার্যকরী হয় নি বলে তাঁরা নূতন পরিকল্পনা নিতে বাধ্য হয়েছেন। এতে আছে যে, তন্তুবায়দের তাঁরা লোন দেবেন, নিজের টাকায় তারা সুতো কিনে যাবে এবং ২৫ পার্সেন্ট কিনে বাকিটাকে নিজেকে বাজারে বিক্রি করতে হবে। এই প্রোডাকশন ইউনিট করার ক্ষেত্রে দেখা গেছে যে, যখন অন্যান্য অন্ততঃ বিরোধী দলের লোকেরা উৎসাহ নিয়ে কোনখানে তারা প্রোডাকশন ইউনিট করার চেষ্টা করে থাকে তখন তার প্রতিবন্ধকতার সৃষ্টি করা হয় এবং যে-কোন উপায়ে তাকে বানচাল করার জন্যে বিভিন্নভাবে চেষ্টাও করা হয়েছে। এইসমস্ত প্রোডাকশন ইউনিট যার জন্যে তাঁরা তন্তুবায়দের অনেক কাজ করেছেন বলে ঘোষণা করেন সেখানে শান্তিপুরের প্রোডাকশন ইউনিট সম্বন্ধে আমি একটি কথা বলব। শান্তিপুরে অনেককাল থেকেই তাঁত-শিল্প প্রসিদ্ধ এবং সেখানে এই ব্যাপারে একটা কো-অপারেটিভও আছে। সেই কো-অপারেটিভ সুতো পায় না বলে ১৯৫৩ সালে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কে একটা মিটিং করে সুতোর জন্যে টেলিগ্রাম করে তারা কিছু সুতো পায়, কিন্তু বাকী কাজ তাদের বন্ধ হয়ে থাকে। তাদের লভ্যাংশ হিসাবে ৪ টাকা করে কেটে নেওয়া হয়, সেই লভ্যাংশের টাকা তারা এখনও পর্যন্ত পায় নি। এ ছাড়া বিভিন্ন সময়ে সেখানে যাঁরা পরিদর্শনে যান তাঁরা বিভিন্ন রকমের নির্দেশ দিয়ে আসেন, কিন্তু তাঁরা কেউ লিখে নির্দেশ দেন না। কারণ একজনের নির্দেশের সাথে আর একজনের নির্দেশ মেলে না, অর্থাৎ একজন করতে বলেন একরকমের কাজ, আর একজন গিয়ে বলে এলেন যে, না, এটা ভুল হচ্ছে। সুতরাং এই শিল্প সমবায় করার জন্যে তারা যে অবস্থার মধ্যে পড়ে সেই অবস্থাটা বিচার করবার জন্যে আমি অনুরোধ করি যে, যাতে এই ব্যাপারগুলো আর না হয়।

এরপর তাঁরা যে ক্রয়কেন্দ্র স্থাপন করেছেন সে সম্বন্ধে আমার পূর্ববর্তী বক্তা শ্রদ্ধেয় জ্ঞানবাবু বলে গেছেন, আমিও একটু বলি। কারণ, আমি একটা ক্রয়কেন্দ্র সম্বন্ধে জানি যে, গভর্নমেন্ট থেকে তাদের ৩০০ টাকা করে মাসে মাসে দেওয়া হয়। কিন্তু এই ক্রয়কেন্দ্রগুলিতে তন্তুবায়দের উন্নতির জন্যে কোন কিছুই করা হয় নি। কারণ ফিক্সড টাকাটা গভর্নমেন্ট থেকে তাদের বরাবর সরবরাহ করে আসেন, কিন্তু অধিকাংশ সময়ে এই ক্রয়কেন্দ্রের দরজা বন্ধ থাকে এবং যেসমস্ত তন্তুবায়রা তাদের পেটোয়া লোক তাদেরই কিছু কিছু কাপড় এঁরা কেনেন। কিন্তু সেগুলো জমা হয়েই থাকে, বাজারে বিক্রি হয় না। কারণ বাজারে বিক্রি করতে হলে যে অবস্থায় দোকান খোলার প্রয়োজন আছে, সমস্ত দিন দোকান খোলার দরকার আছে, যার জন্যে সরকার ৩০০ টাকা করে তাদের প্রত্যেক মাসে মাসে দিয়ে থাকেন, তার ব্যবস্থা তাঁরা করেন না।

তারপর তন্তুবায়দের জন্য তাঁরা একটা গ্র্যান্ট এখানে ধরেছেন, অর্থাৎ তাদের তাঁত বদল করার জন্যে সাপ্লিমেন্টারি বাজেটে তাঁরা ৪০ হাজার টাকা দিয়েছেন। কিন্তু যে তাঁত তাঁরা সরবরাহ করেছেন সেই তাঁতগুলোকে তন্তুবায়রা সত্যিকারের চালু করতে পেরেছে কিনা সেই খবরটা আমি মন্ত্রীমহাশয়কে নেবার জন্যে বলব। অথচ তাঁরাই জানেন যে, সেই তাঁত সরবরাহ করা সত্ত্বেও তন্তুবায়রা সেই তাঁত চালু করতে পারেন নি। এর কারণ হচ্ছে যে, তারা সেই সিস্টেমএ অভ্যস্ত নয় এবং তাদের যে কো-অপারেটিভ আছে তাতে আমাদের সরকার থেকে যে তাঁত সরবরাহ করা হয়েছে তাতে তাদের চলে না বলে সেগুলো অকেজো হয়েই পড়ে আছে। এইবারেই আমি জানি যে, কাটোয়ায় যে কো-অপারেটিভ আছে সেখানে নতুন তাঁত সরবরাহ করবার জন্যে তাঁরা ব্যবস্থা করেছেন এবং এক্সাম্পল দিয়ে ব্যবহার করতে শিখিয়েও দিয়েছেন যে, এইভাবে করলে কাজ চলতে পারে, সেখানে গিয়ে এ্যাডজাস্ট করতে পারে নি। সুতরাং তাদের যদি তাঁতের বাবদে টাকা দেওয়া হয় তা হ'লে ভালই হয় এবং সেই পরিকল্পনা এখন তাঁরা করেছেন যে, ৬০ টাকা করে প্রত্যেক তাঁতীকে দেওয়া হবে। সেই টাকা তারা এর আগেও চেয়েছিল এবং বলেছিল যে, আমাদের এই তাঁতকে এ্যাডজাস্ট

করে নিয়ে যাতে নতুন ধরনের করতে পারি এবং প্রোডাকশন বাড়াতে পারি তার জন্যে ব্যবস্থা কর, কিন্তু সে ব্যবস্থা করা হয় নি। সুতরাং তাঁতের জন্যে যে টাকা খরচ করা হচ্ছে তাতে সত্যিকার কোন উপকার তন্তুবায়দের লাগছে না এবং এতে তাদের কোন উন্নতির অবস্থাও সৃষ্টি করা হবে না।

শেষে সুতোয় রং করার ব্যাপার নিয়ে ডাইং সেন্টার যেভাবে বিভিন্ন জায়গায় খোলা হচ্ছে তাতে তাদের কোন লাভ হচ্ছে না। কারণ যেখানে যেখানে খোলা হচ্ছে সেখান থেকে ১০ মাইল দূরে তন্তুবায়রা থাকে। অর্থাৎ তাঁতের সুতো প্রথমে নিয়ে যেতে হয়, তারপরে একটা চার্জ দিয়ে এখান থেকে সুতো তাদের রং করে নিয়ে যেতে হয়—অযথা এই যে তাদের পরিশ্রম হয়, একদিন কোন কোন ক্ষেত্রে দুদিনও এর জন্যে লাগে, এবং এই যে অযথা ব্যয় হয় তার জন্যে তারা কোন পারিশ্রমিক পেতে পারে না বা পায়ও না। সুতরাং এই ব্যবস্থা যদি চালু করতে হয় তা হ'লে যেসমস্ত জায়গায় কো-অপারেটিভ আছে সেখানে কিম্বা কোন গ্রামের কাছাকাছি যদি ২।৩টা কো-অপারেটিভ থাকে তার ভেতরে তন্তুবায়রা কি করে সহজে সুতো রং করে নিয়ে যেতে পারে এবং কম পরিশ্রমে ও সময়ের মধ্যে নিয়ে যেতে পারে তার ব্যবস্থা করা প্রয়োজন আছে।

[10-40—10-50 a.m.]

Sj. Dhananjoy Kar:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সাপ্লিমেন্টারি এস্টিমেট, ফাইন্যান্স খাতে আমি দেখছি যে, ২ কোটি ৮২ লক্ষ ৯০ হাজার টাকা আবার মঞ্জুর করবার কথা বলা হয়েছে। এই টাকাটা যদি দেশের অভাবগ্রস্ত লোকদের অভাব দূর করবার জন্য ব্যয় করা হ'ত তা হ'লে এ সম্বন্ধে আমাদের বলার কিছু ছিল না। কিন্তু আমরা দেখছি যে, এই টেস্ট রিলিফএ যেভাবে কাজ হয়েছে তাতে টেস্ট রিলিফএ এই টাকা অপব্যয় হয়েছে, দেশের অভাবগ্রস্তদের কোন উপকারে আসে নাই, দেশের কোন ভাল কাজ এর দ্বারা হয় নাই। আমরা দেখেছি, যেসমস্ত টেস্ট রিলিফএর কাজ হয়েছে তাতে বহু টাকা অপব্যয় করা হয়েছে, চুরি করা হয়েছে; তার দেখাশোনার জন্য কেউ ছিল না। সরকারের কাছে, তথা যাঁরা কর্তৃপক্ষ ছিলেন তাঁদের কাছে, বহুবার অভিযোগ করেছি। এইভাবে অপব্যয় করলে দেশের মঙ্গল তো হবেই না, বরং দিন দিন অমঙ্গল বেশি হবে, দেশের লোক দুঃখকষ্ট পাবে। আপনারা এটা বন্ধ করবার চেষ্টা করুন। এই অপব্যয় না হয়ে যাতে দেশের সত্যিকারের কাজ কিছু এই টাকার দ্বারা হয় তার ব্যবস্থা করুন। কিন্তু আমাদের সেই কথা শোনেন নাই। এক ঘরের বিভিন্ন লোক টেস্ট রিলিফএর কাজে বিভিন্নভাবে নিযুক্ত—ডিলার, সুপারভাইজার, মোহরার, পেমাস্টার—সবই এক ঘরের লোক নিযুক্ত হয়েছে। ফলে— একজোট হয়ে সংঘবদ্ধভাবে লুট করেছে, কাজ দেখে নাই। কে কাকে চেক দেবেন? এক ঘরের লোক যদি এক জায়গায় নিযুক্ত থেকে লুণ্ঠন করতে থাকে তা হ'লে সেটা রোধ করবার কারও সাধ্য নাই। এই ভ্রান্ত নীতির জন্য দেশের এত টাকা অপব্যয় করা হয়েছে, গরীবের কোন উপকারে আসে নাই। রাস্তাঘাট যেসমস্ত হবার কথা ছিল তা হতে পারে নাই। বাস্তবিক এটা দুঃখের কথা। আমাদের সার্কল অফিসার সব সময় দরকার। তাঁরা তাঁদের ইচ্ছামত যেখানে সোসাইটি করা প্রয়োজন মনে করেছেন, সেখানে সোসাইটি করেছেন। আবার যেখানে সোসাইটিকে বাদ দিয়ে কোন ব্যক্তিকে নিযুক্ত করবার প্রয়োজন মনে করেছেন সেখানে তাই করেছেন কোন নীতির উপর ভিত্তি করে এই কাজগুলি তাঁহারা করেন নাই। এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। কিন্তু আজ পর্যন্ত তার কোন প্রতিকার হয় নাই।

যা হোক, সেদিন আমাদের খাদ্যমন্ত্রী বলে গেছেন—মেদিনীপুর জেলায় আর টেস্ট রিলিফএর প্রয়োজন নাই। এটা ভুল কথা। মেদিনীপুর জেলায় টেস্ট রিলিফএর খুব প্রয়োজন আছে। মেদিনীপুর জেলার কোন কোন অংশে দু-এক স্থানে কিছু ফসল বেশি হলেও অধিকাংশ জায়গায় ফসল ভাল হয় নাই। সেইজন্য সেইসমস্ত স্থানে টেস্ট রিলিফএর কাজের বিশেষ প্রয়োজন। তা ছাড়া আমার কনস্টিটিউয়েন্সি ঝাড়গ্রাম-গোপীবল্লভপুর—সেখানে আদিবাসীর সংখ্যা অত্যন্ত বেশি। তাদের জমি-জায়গা নাই। যারা চাষী তাদের

এমন বেশি ফসল ফলে নাই যাতে সেইসমস্ত আদিবাসী শ্রমিকদের তারা কাজ দিতে পারে—বার মাস ধরে। এই আদিবাসীরা এখন থেকেই কাজের অভাবে কষ্ট পাচ্ছে। সেইজন্য আদিবাসী মন্ত্রীমহাশয়ের দৃষ্টি সেদিকে আকর্ষণ করছি। যদি আদিবাসীদের প্রতি তাদের দরদ থাকে, আদিবাসীদের মঙ্গল চান, আদিবাসীরা উন্নতি করুক, তাদের কল্যাণ হোক, তা হ'লে এই টেস্ট রিলিফএর কাজ বন্ধ করলে চলবে না। আদিবাসী এলাকায় এই টেস্ট রিলিফএর কাজ চালাতে হবে; তাদের খাওয়ার ব্যবস্থা করতে হবে। আদিবাসী এলাকায় যাতে কাজ বেশি হয় সেইজন্য টেস্ট রিলিফএর কাজও সেইসমস্ত এলাকায় করতে হবে। আমি আরও বিশেষ করে বলব—কেশপুর, ডেবরা প্রভৃতি বন্যাপ্লাবিত অঞ্চলে ফসল এবার ভালভাবে হয় নাই। এইসমস্ত এলাকায় টেস্ট রিলিফএর কাজ করতে হবে।

আর একটা বক্তব্য হচ্ছে—লোন আদায়। বন্যাপ্লাবিত অঞ্চলে ৪।৫ বছরেরও বেশি হ'ল লোন নিয়েছে, দিতে পারে নি। সরকার সেটা বুঝে লোন আদায় বন্ধ করেছেন। এই ৪।৫ বছর লোন নিয়েছে, সমস্ত লোন এ বছরে আদায় করবার ব্যবস্থা হয়েছে। এত বছরের লোন যদি এক বছরে আদায় করা হয় তা হ'লে তা তাদের দেবার কোন উপায় নাই। যে ফসল হয়েছে তা দিয়ে দেনাগ্রস্তদের সেই দেনা মেটানো সম্ভবপর নয়। এদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর টেস্ট রিলিফ কমিশন সেখানে তাঁরা যেভাবে দিতে চেয়েছিলেন তা এখনও পাওয়া যায় নাই। তারা বহু চেষ্টা করে একাধিকবার ঝাড়গ্রামে এসে ফিরে গিয়েছে—তবুও তা পাচ্ছে না। যেটুকু লাভ পায় এই কমিশন হিসেবে তাও তারা পাচ্ছে না। অথচ ওদিকে টাকা কি করে অপব্যয় হয়েছে। যেখানে এক মণ দশ সের দেবার কথা ছিল, তা দেওয়া হচ্ছে না। তার জন্য ডিলাররা ক্ষতিগ্রস্ত হচ্ছে।

তারপর কুটিরশিল্প আজকে প্রায় ধ্বংস হতে বসেছে। কুটিরশিল্প মন্ত্রীমহাশয়কে তাঁতীদের সম্বন্ধে পূর্ববর্তী বক্তা অনেক কথা বলে গেছেন। এই তাঁতীদের যদি বাঁচাতে হয়, বিশেষ করে আমি যে এলাকায় আছি, তা হ'লে ভালভাবে তাদের তাঁতশিল্প শিক্ষা দেবার ব্যবস্থা করতে হবে। আজকে সরকারী নীতি আমরা দেখছি—যেসমস্ত জাতি তাঁতশিল্পের উপর তথা কুটিরশিল্পের উপর নির্ভরশীল তাদের সেখানে নিযুক্ত না করে অন্য লোককে কুটিরশিল্প শিক্ষা দিয়ে নূতন নূতন জাতির সৃষ্টি করা হচ্ছে। তার ফল অত্যন্ত বিষময় হবে। সেইজন্য মন্ত্রীমহাশয়কে বলব—যেসমস্ত জাতি কুটিরশিল্পের মধ্যে আছে সেইসমস্ত জাতির লোককে কুটিরশিল্পে বিশেষ করে শিক্ষা দেবার ব্যবস্থা করতে হবে। তা হ'লে আমাদের বেকার-সমস্যারও সমাধান হবে, চাষীদের উপরও বেশি চাপ পড়বে না। সেখানে সস্তা দরে সুতা দেওয়া দরকার। কুম্ভকারদেরও সস্তায় কাঠ দেবার ব্যবস্থা করতে হবে, না হ'লে তারা হাড়ির কাজ করতে পারবে না। কয়লার অভাবের জন্য কাঁসারিরা কাজ করতে পারছে না, কামারেরাও তাদের ব্যবসায় চালাতে পারছে না। এদেরকে বাঁচাবার জন্য সত্বর কয়লা সরবরাহ করা প্রয়োজন। কাজেই সমস্ত গ্রাম্যশিল্পকে বাঁচাতে হলে তাদের উপর দরদ দেখাতে হবে।

তারপর ডেভেলপমেন্টএর কথা। গোপীবল্লভপুর, নয়াগ্রাম, সাঁকরাইল প্রভৃতি থানার অনুন্নত এলাকায় ন্যাশনাল এক্সটেনশন সার্ভিস বা কোন ডেভেলপমেন্ট ওয়ার্ক বা কোন হেল্‌থ সেন্টার সেখানে হচ্ছে না। প্রধানমন্ত্রী মহাশয় ১৯৫২ সালে জবাব দিয়েছিলেন যে, সেইসমস্ত জায়গায় থানা স্বাস্থ্যকেন্দ্র করবেন। কিন্তু আজও সেসব কিছুই হল না। সেদিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং যাতে এই ডেভেলপমেন্ট ওয়ার্ক সেখানে গ্রহণ করা হয় তার জন্য অনুরোধ করছি।

Sj. Bankim Mukherjee:

মাননীয় সভাপাল মহাশয়, আজ আমি অল্প সময়ে যত কিছু টেকনিক্যাল পয়েন্টস তুলছি যেটা আমি অ্যাপ্রোপ্রিয়েশন বিলএ বিশদভাবে আলোচনা করব। এখন তার উত্তর চাই না। আমি আশা করি, ফাইন্যান্স মিনিস্টার তখন এ বিষয়ে বিশদ উত্তর দিবেন। কতকগুলি জিনিস আমি দেখতে পাচ্ছি যে, রিভাইজড এস্টিমেটএর সঙ্গে এই সাপ্লিমেন্টারি এস্টিমেটএর

অনেক পার্থক্য রয়েছে। রিভাইজ্‌ড এস্টিমেটএর বহু জায়গায় যা বেশি ধরা হয়েছে সাপ্লিমেন্টারি এস্টিমেটএর সব জায়গায় তা চাওয়া হয় নাই। হয়ত ভাল লক্ষণ। খরচ সেইসমস্ত খাতে আসলে কম দেখা যাচ্ছে। সেটা বাজেট এস্টিমেটএর ব্যাপারে অত্যন্ত একটা দুর্ভাগ্যের বিষয় যে, বাজেট এস্টিমেট ও রিভাইজ্‌ড এস্টিমেট যখন করা হয় তখন সত্যিকার যা খরচ হবে সে সম্বন্ধে তাঁরা কিছুই স্থির করতে পারেন না এবং এই দুটোর তফাৎ খুব বেশি নয়। রিভাইজ্‌ড এস্টিমেট খুব সম্ভব ডিসেম্বরের শেষে কিংবা জানুয়ারির গোড়ায় এবং সাপ্লিমেন্টারি এস্টিমেটও অন্ততঃ ফেব্রুয়ারি মাসে তৈরি হয়েছে, বই ছেপে এসেছে।

[10-50—11 a.m.]

এই মাসখানেকের তফাতে কোটি টাকার ডিফারেন্স দেখা যাচ্ছে।
অর্থাৎ মাঝখানে অনেক কোটি টাকার তফাৎ দেখা যাচ্ছে। এতখানি তফাৎ হওয়া ফাইন্যান্স মিনিস্টারের পক্ষে খুব শুভলক্ষণ নয়।

তারপরে একটা জিনিস আছে যেটা আমি বুঝতে পারি নি, পরে বুঝিয়ে দেবেন—আমার ধারণা যে, গ্র্যান্ট নম্বর এবং মেজর হেড্‌সএর যে নম্বর আছে সেটা চিরস্থায়ী। কিন্তু কতকগুলোয় দেখতে পাচ্ছি, আমাদের বর্তমান বাজেটে যেমন গ্র্যান্ট নম্বর ৩৫ সেটা সাপ্লিমেন্টারিতে এসেছে ৩৬, এইরকম ৩৬—৩৭, ৪৩—৪৪, এইভাবে গ্র্যান্ট নম্বরে তফাৎ আছে। মেজর হেড্‌স ঠিক আছে। যদি গ্র্যান্ট নম্বর অডিটর জেনারেলের বলে দেওয়া থাকে তা হ'লে আমার বক্তব্য যে, যখন বাজেট আলোচনা করি তখন জানিয়ে দেওয়া উচিত, তা না হ'লে বাজেটে একটা গ্র্যান্ট নম্বর থাকবে এবং সাপ্লিমেন্টারি এস্টিমেটে আর একটা থাকবে। অবশ্য আমি দেখি নি যে, ৫৫—৫৬ ঐটা ছিল কিনা। কিন্তু ৫৬—৫৭তে এই তফাৎ হচ্ছে। এটা একটা টেকনিক্যাল ব্যাপার। সবচেয়ে আশ্চর্য হচ্ছি যে, এ্যাপ্রোপ্রিয়েশনএর সময় বলবেন এ ত মার্চ মাসের শেষ, তার পরে ২৭শে এ্যাপ্রোপ্রিয়েশন হবে। মাত্র আর ৪ দিন থাকবে। এই ৪ দিনে এত টাকা খরচ করবেন কি করে? এই যে সাপ্লিমেন্টারির জন্য আজকে আমাদের কাছ থেকে অনুমতি নেওয়া হচ্ছে ৪ দিনে এত টাকা খরচ করবেন? (অনারেবল ডাঃ বিধানচন্দ্র রায়ঃ বাকি আছে।) সেটা যদি শুধু বাকি দিয়ে বোঝান হয় যে এত টাকা বিলের তা হ'লেও এত টাকা খরচ হয় না। কিন্তু আমার আশঙ্কা ল্যাক্সিটি এত বেশি গভর্নমেন্টের ভিতরে যে ১৯৫৫-৫৬ সালে যে বাজেট হয়েছিল এবং যে স্যাংশন বা এ্যাপ্রোপ্রিয়েশন পাওয়া হয়েছিল তা ছাড়াও বাহির থেকে টাকা খরচ ক'রে গেছেন এবং একটা গ্র্যান্টের টাকা আর একটা গ্র্যান্টে খরচ হয়েছে। তা না হ'লে টাকাগুলো খরচ হয় কি ক'রে? যেমন একটা জিনিস দেখছি—ফেমিন খাতে ২ কোটি ৩০ লক্ষ ৯০ হাজার টাকা চাওয়া হয়েছে। এটা খরচও হয়েছে, সেগুলো সবই কনট্রাক্টরের বিল বলে যে ২ কোটি ৩০ লক্ষ টাকা পড়ে আছে তা ত' মনে হয় না। তার অধিকাংশ টেস্ট রিলিফে নগদ দেওয়া হয়েছে। কোথা থেকে হল? কে স্যাংশন করেছে? ১৯৫৫-৫৬ সালের বাজেট এ্যাসেমব্লির সামনে এসেছিল—ফেমিনও তার মধ্যে ছিল। সেই সময় আমরা বলেছিলাম যে ফেমিনের আশঙ্কা আছে, কিন্তু সে সময় আমাদের খাদ্যমন্ত্রী তাঁর চিরকালের যেমন স্বভাব সেইভাবেই বাজেটের সময় খুব গদগদভাবে বলে যান—বাংলাদেশের কি সুন্দর চিত্র! কিভাবে খাদ্য বেড়ে যাচ্ছে! কিভাবে লোকের অবস্থার উন্নতি হচ্ছে—এইসব বলতে খুব গদগদ হয়ে যান। তখন আমরা তাঁকে সাবধান করেছিলাম যে, এ বৎসর খাদ্যের অবস্থা অত্যন্ত খারাপ। অবশ্য আমি এটার জন্য আনন্দিত যে, এই টাকা খরচ করে—এই ২ কোটি ৩০ লক্ষ টাকা খরচ করে—যে সাংঘাতিক অবস্থা হ'তে পারত তা থেকে যে কতকটা রেহাই দিয়েছেন সেজন্য তাঁদের ভাল বলতে হবে, কিন্তু এ জিনিসটা আগে থেকে, যখন বিরোধীপক্ষ থেকে বার বার তাঁদের দৃষ্টি আকর্ষণ করেছিলাম তখন সেদিকে দৃষ্টি দেন নি কেন? তারপরে এই টাকা খরচ করলেন কি করে? এজন্য ত এ্যাপ্রোপ্রিয়েশন চাওয়া হয় নি; কোথা থেকে এই ২ কোটি ৩০ লক্ষ টাকা বছরের শেষে আজ সাপ্লিমেন্টারি বাজেটে চাইছেন? আগের একটা এ্যাপ্রোপ্রিয়েশন বিল আলোচনার সময় বলেছিলাম যে, বাংলার অ্যাসেমব্লির এ্যাপ্রোপ্রিয়েশন বিলের যথাযথ নাম হওয়া উচিত মিসএ্যাপ্রোপ্রিয়েশন বিল। আমি যেটা পরিহাস করে বলেছিলাম, আজ দেখছি সেটা সত্য সত্যই তাই, অর্থাৎ মিসঅ্যাপ্রোপ্রিয়েশন ক'রে নিয়ে তারপরে আমাদের কাছে আসছেন ফর অ্যাপ্রোপ্রিয়েশন। শেষ

মুহূর্তে, মার্চ মাসের শেষে আমাদের কাছে সাপ্লিমেন্টারি বাজেটে এটা চাওয়া হচ্ছে। তা হ'লে খরচ হ'ল কি করে? এটা ত আইনের বিরোধী। অ্যাপ্রোপ্রিয়েশন বিলএ পরিষ্কার লেখা থাকে যে, এই গ্র্যান্টে খরচ চাওয়া হচ্ছে; তার বাহিরে এক পয়সা খরচ করা চলবে না। তা সত্ত্বেও এই জিনিসটা হয়। যা হউক, এটার সম্বন্ধে বিশদ আলোচনা পরে করব। আজকে শুধু দৃষ্টি আকর্ষণ করলাম; এ সম্বন্ধে ডিটেল্‌ড আলোচনা এ্যাপ্রোপ্রিয়েশনএর দিন করতে চাই। কতকগুলো জিনিস দেখতে পাচ্ছি যা চাওয়া হচ্ছে—রিভাইজ্‌ড এস্টিমেটএ যা হয়েছিল তার চেয়েও কম চাওয়া হয়েছে। জেনারাল এ্যাডমিনিস্ট্রেশনএ, কটেজ ইন্ডাস্ট্রিজএ, সিনকোনায় রিভাইজ্‌ড এস্টিমেটএর চেয়ে কম নেওয়া হয়েছে। আমার আশ্চর্য লাগছে কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোজেক্টে ৬৫ লক্ষ টাকা কম চাওয়া হচ্ছে। অর্থাৎ রিভাইজ্‌ড এস্টিমেটএর সময় কমিউনিটি ডেভেলপমেন্টএ যে টাকা খরচ করবেন ঠিক করেছিলেন এখন দেখছি ৬৫ লক্ষ টাকা খরচ করতে পারবেন না। এইরকম কটেজ ইন্ডাস্ট্রিতেও—তবে তাতে বেশি কম নয়, কিন্তু তা হ'লেও কম কেন হবে? বরং সেসমস্ত জায়গায় বেশি হতে পারে। যেমন একটা জায়গায় চাওয়া বেশি উচিত ছিল—এ্যাডমিনিস্ট্রেশন অব জাস্টিস—তার জন্য সাপ্লিমেন্টারি এস্টিমেট চাওয়া হয় নি। এটার সম্বন্ধে পরে বলব। আমি এজন্য আলোচনা করছি যে, জাস্টিস সম্বন্ধে সাপ্লিমেন্টারিতে চাওয়া হয় নি, কারণ, আজ ক্রিমিন্যাল প্রসিডিওর কোডএ নিয়ম হয়েছে যে, ডিফেন্ড্যান্ট বা এ্যাকিউজ্‌ডকে সমস্ত জিনিসের কপি দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এই ব্যবস্থা হওয়ার ফলে সম্প্রতি রিপোর্টেড হয়েছে যে, গভর্নমেন্ট সে ব্যবস্থা করতে না পারার ফলে কয়েকটা কেস ডিসমিস হয়েছে, যেহেতু কোর্ট কপি দিতে পারে নি। যেটা আগে অ্যাকিউজ্‌ড বা ডিফেন্ড্যান্ট নিজের খরচে নিত নূতন প্রসিডিওরএ কোর্ট থেকে তা দেবেন; কিন্তু যথেষ্ট সংখ্যক টাইপিস্ট না থাকায় তা দিতে পারেন নি এবং সেজন্য কয়েকটা কেস ডিসমিস্‌ড হয়েছে। কাজেই উচিত ছিল সাপ্লিমেন্টারি বাজেটএ সে সম্বন্ধে একটা গ্র্যান্ট চাওয়া। কিন্তু সেটা চাওয়া হয় নি। কিন্তু এইরকম ব্যাপার যা খুব প্রয়োজনীয় সে জায়গায় চাওয়া হয় নি, বা রিভাইজ্‌ড এস্টিমেটএর চেয়ে কম চাওয়া হয়েছে, যেমন দেখলাম কমিউনিটি ডেভেলপমেন্ট প্রভৃতিতে। কয়েকটা জায়গায় আমার বলার আছে। ফেমিন সম্বন্ধে যেকথা বললাম, রেভিনিউ সম্বন্ধেও সেইরকম কথা। জেনারাল এ্যাডমিনিস্ট্রেশনএর একটা জায়গায় টাকা যা চাওয়া হয়েছে তাতে দেখছি কিজন্য চাওয়া হয়েছে। সেখানে কয়েকটা জিনিস আছে। তার মধ্যে একটা আছে—

Additional provision for the newly created social welfare work of the Home Department—

ভাল কথা। তবে সে সম্বন্ধে আমরা এখনও পর্যন্ত ভালরকম নির্ঘণ্ট পাই নি যে, কিরকম সোস্যাল ওয়ার্ক হয়েছে। আর একটা হচ্ছে—

Pay and accounts office set up under the Education, Relief and Rehabilitation Departments—

এটা ভাল কথা। কিন্তু এ সম্বন্ধে গভর্নমেন্টের দৃষ্টি আকর্ষণ করছি। বাজেট ডিসকাসনএর সময় কিছু কিছু প্রকাশ পেয়েছে যে, গোবরডাঙ্গা গার্লস হাই স্কুলে ঠিক সেই ব্যাপারটা হয়। সেখানে রিফিউজি এ্যান্ড রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট থেকে কতকগুলি টাকা স্যাংশন করা হয়েছিল এবং সেখানকার স্কুলের হেড মিস্ট্রেস এবং সেক্রেটারী উভয়ে মিলে বহুরকমে ঐ ডিপার্টমেন্ট থেকে টাকা নিয়েছিলেন ফল্‌স বিল দেখিয়ে এবং তারপর নানারকমভাবে বহুদিন ধরে টাকা নিয়ে আসছিলেন। এটা সেখানকার পাবলিক ধরিয়ে দেয়। তখন এনকোয়ারি করবার জন্য অফিসার গিয়ে চেক করে আসেন। ব্যাপারটা ধামাচাপা দিয়ে রেখে দিয়েছেন, সেটা পাবলিস করছেন না। অর্থাৎ জিনিসটা অত্যন্ত পরিষ্কার যে, ডিপার্টমেন্টএর সংগে যোগসাজস না থাকলে তা হতে পারে না। তা হবার ফলে হয়েছে যে, সেক্রেটারিকে বদলে দিয়েছে পাবলিক এবং সেই হেডমিস্ট্রেসকে সরিয়ে দেওয়া হয়েছে এবং নূতন হেডমিস্ট্রেস নেওয়া হয়েছে। কিন্তু তা সত্ত্বেও এডুকেশন ডিপার্টমেন্ট থেকে ইন্সপেকশনে গেলে তাঁরা খাতাপত্র পান না। কিন্তু রেড ট্যাপিজম যাকে বলে তার নমুনা—তাঁদের বলা হল যে, খাতাপত্র অকল্যান্ড হাউসে পড়ে রয়েছে, সেখান থেকে দেখতে হবে, কিন্তু তাঁদের সে বিষয়ে গরজ নাই: এডুকেশন ডিপার্টমেন্ট কেন অকল্যান্ড হাউসে একটা স্কুলের খাতাপত্র দেখতে যাবেন?

সেজন্য সেই স্কুলের রেকগনিশন বন্ধ হ'ল, গ্রান্ট বন্ধ হ'ল। তাতে সেখানকার পাবলিক বলছে গভর্নমেন্টের যেখানে যেখানে চুরি যায় তা যদি ধরিয়ে দিই এবং তাতে করে একটা মেয়েস্কুল যদি বন্ধ হয়, তা হ'লে গভর্নমেন্ট বোধহয় চান যে, চুরি কেউ না ধরে। এটা থেকেই তা প্রমাণ হচ্ছে। অর্থাৎ এখানে জেনারেল এ্যাডমিনিস্ট্রেশনএ দেওয়া হয়েছে সেইজন্য রিলিফ এ্যান্ড রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্টএ পে অ্যান্ড অ্যাকাউন্টস অফিস একসঙ্গে হওয়ার জন্য অনেক জিনিস ধামাচাপা পড়ে আছে। এই জিনিসের সঙ্গে আরও অনেক জিনিস বেরুতে পারে যদি এই জিনিসটাকে পারসু করা যায়। অকল্যান্ড হাউসএ যা হচ্ছে, তাতে আমার মনে হয় এটা স্পঞ্জএর মত সোক্‌ড উইথ ব্রাইবারি। গভর্নমেন্টএর কোটি কোটি টাকা এই নর্দমা দিয়ে বেরিয়ে যাচ্ছে—এ জিনিসটাকে যদি পারসু করা যায়, তা হ'লে আরও জিনিস পাওয়া যাবে। আমার শেষ কথা হচ্ছে—করাপশন এবং ব্রাইবারি সম্বন্ধে যখন বলা হয় এবং তার যে উত্তর দেওয়া হয় তাতে আমি অবাক হয়ে যাই। চীফ মিনিস্টার বলেন এবং অন্যান্য মিনিস্টাররা বলেন এবং রেভিনিউ মিনিস্টাররাও বললেন যে, ব্রাইবারি যে নেয় সেই কী কেবল দোষী—যে দেয় সে কি দোষী নয়? কে বলেছে দোষী নয়? গভর্নমেন্ট যে দেয় তাকেও ধরতে পারছেন না যে নেয় তাকেও ধরতে পারছেন না। যে নেয় ও যে দেয় তাদের দুজনকে ধরাই গভর্নমেন্টের কাজ। সেটা কি আমাদের কাজ? ব্রাইব যে দেয় ও যে নেয় এ দুজনকে ধরাই হচ্ছে গভর্নমেন্টের কাজ, পুলিশের কাজ। যেহেতু গভর্নমেন্টের পুলিশ একজনকে ধরতে পারছেন না সেইজন্য কি আর একজনকেও ধরা হবে না? এখানে গভর্নমেন্ট ডাবল ডিফল্টার হচ্ছেন। তাঁদের বলার ভঙ্গী এমন যে, বেশ রাগের সঙ্গে বলেন এবং বলবার ভঙ্গী দেখে মনে হয়, জনসাধারণ ও পাবলিকএর জন্য দায়ী আমরা। এ'দের বলবার ভঙ্গী দেখে মনে হয় যে, জনসাধারণ যখন ঘুষ দেয় তার জন্য দায়ী হচ্ছে অপোজিশন এবং যেসমস্ত অফিসার ঘুষ নেয় তার জন্য দায়ী সরকার। এই হচ্ছে ও'দের অ্যাটিচুড। এইভাবে টুইস্ট করে এ'রা কথা বলেন। এই ধরণের কথা শুনলে আমাদের অবাক হয়ে যেতে হয়। এখানে যে ব্রাইবারি নেয় তাকে ধরার দায়িত্ব হচ্ছে গভর্নমেন্টের এবং যে দেয় তাকে ধরার দায়িত্বও হচ্ছে গভর্নমেন্টের। এই উভয়ের জন্য তাঁরাই দায়ী। এই উভয়ই তাঁদেরই বন্ধ করতে হবে। করাপশন ও ব্রাইব যে অফিসার নেয়, সেটা ধরার দায়িত্ব তাঁদেরই এবং যেসমস্ত পাবলিক দেয়, সে স্টপ করার দায়িত্বও তাঁদেরই। সুতরাং এই উভয় কাজেই তাঁরা ফেলিওর হয়েছেন।

[11—11-10 a.m.]

Sj. Probodh Dutt:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এটাকে ওয়েলফেয়ার স্টেট বলা হয় কিন্তু কিরকম ওয়েলফেয়ার স্টেট তার একটা নমুনা আমি দিচ্ছি। বাঁকুড়ায় বর্তমানে যিনি সদর সাব-ডিভিসনাল অফিসার আছেন এ সি ব্যানার্জি, তিনি আগে মালদায় সাব-ডিভিসনাল অফিসার ছিলেন। তাঁর ব্যবহারে সেখানকার লোকেরা অত্যন্ত প্রপীড়িত হয়েছিলেন, এমন কি অনেকসময় তাঁর বিরুদ্ধে অভিযোগ মন্ত্রীমণ্ডলীর কাছে এসেছিল। সেখানকার কংগ্রেস মেম্বার উমেশ মণ্ডল তাঁর কাছ থেকে জানতে পেরেছি। তাঁকে সেখান থেকে সরাবার জন্য মন্ত্রী-মণ্ডলীর কাছে অনেক অনুরোধ করা হয়েছে। যা হোক, বাঁকুড়ার দুর্ভাগ্যক্রমে সরকার বাহাদুর তাঁকে বাঁকুড়ায় পোস্ট করেছেন। সেখান থেকে যাওয়া অবধি জনসাধারণ এবং বারের মেম্বার-দের সঙ্গে যেরকম ব্যবহার করে এসেছিলেন তাতে তিনি সকলের অতি অপ্রিয় হয়েছিলেন। কোন ভদ্রলোক বা কোন উকিল তাঁর সম্মুখে যেতে ইচ্ছা করেন না।

আর একটা কথা, ২০এ মার্চ তারিখে সত্যাগ্রহ কেসে জনৈক উকিল বীরেশ্বর ঘোষ, তিনি হলেন সেখানকার কংগ্রেসকর্মী এবং খ্যাতনামা উকিল অহীন্দ্রবাবুর জ্যেষ্ঠপুত্র, তাঁকে সেই কেসে নিযুক্ত করা হয়েছিল। তিনি বলেছিলেন এস-ডি-ওর ইংরাজী রায়টাকে বাংলায় তাঁদের বুঝিয়ে দেবার জন্য। এই অপরাধে তাঁকে সেই কোর্টের মধ্যে গ্রেপ্তার করা হয়। সেই সময় বারের মেম্বাররা ইমার্জেন্সি মিটিং কল করে রেজলিউশন করেন এবং তা শুনে তিনি তাঁকে ছেড়ে দেন। আমার আপনার কাছে অনুরোধ, এইরকম সুবিচারককে বাঁকুড়া

থেকে সরিয়ে অন্য জায়গায় দিন। তা ছাড়া, তিনি সময় সময় স্থানীয় কাগজে কবিতাও লেখেন। কাজেই তাঁকে বিচারকের কার্যে না দিয়ে এমন কোন পোস্টে দিন যাতে তাঁকে জনসাধারণের সঙ্গে কাজ না করতে হয় এবং নিরিবিলিতে বসে বসে তিনি যেন কবিতা লিখতে পারেন এবং সেই সুযোগে যেন তিনি রবীন্দ্রনাথ হন, এই সুযোগটুকু তাঁকে দেওয়া হোক, এই আমার বক্তব্য।

Sj. Narendra Nath Ghosh:

মিঃ স্পীকার, স্যার, পুলিশ খাতে ব্যয়বরাদ্দের সমালোচনা করতে গিয়ে আমি আমাদের স্থানীয় দু-একটি ঘটনার কথা আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের নিকট উপস্থিত করতে চাই। কয়েকদিন আগে প্রশ্নোত্তরের সময় আমি আরামবাগের মার্ডার কেস সম্বন্ধে বলেছিলাম কিন্তু আবার আমি জানাচ্ছি যে, গোঘাট থানায় সম্প্রতি এক মাসের মধ্যে আর একটা মার্ডার হয়েছে। অনেক সময় পোস্ট মর্টেমএ সেটাকে মার্ডার না বলে আত্মহত্যা বা অন্য কোনরকম কিছু কথা বলা হয়, কিন্তু এখানে সেই লোকটির মাথা কেটে নিয়ে চলে গেছে—এটা নিশ্চয় আত্মহত্যা নয়। কারণ, সে নিশ্চয় আত্মহত্যা করার জন্য মাথাটা কেটে অন্য কোথাও লুকিয়ে রেখে রাস্তায় পড়ে থাকবে না। কাজেই এই অবস্থার প্রতিকারের জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ জানাব যে, ইনটেলিজেন্স ব্রাঞ্চ থেকে কোন লোকজন সেখানে পাঠিয়ে এর অনুসন্ধান করে যাতে প্রকৃত দোষী সাজা পায় তার ব্যবস্থা করা হোক। অবশ্য পুলিশ কয়েকজন লোককে সেখানে ধরেছেন, কিন্তু সাধারণ লোকের ধারণা যে, যারা প্রকৃত দোষী তারা নামাবলি গায়ে দিয়ে বেড়াচ্ছে এবং পুলিশ তাদেরই কাছে গিয়ে খোঁজ নিচ্ছে যে—"মহাশয়, বলতে পারেন প্রকৃত দোষী কে, কাকে আপনাদের সন্দেহ হয়?" সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়কে এই বিষয়ে ভালভাবে খোঁজ নিয়ে যাতে প্রকৃত দোষী ধরা পড়ে এবং সাজা পায় তার ব্যবস্থা করতে বলছি। কারণ আমরা দেখতে পাচ্ছি যে, গত কিছুদিন যাবৎ আরামবাগ মহকুমার সমস্ত জায়গায় এইভাবে মার্ডার হচ্ছে। এর জন্য একটা স্টেপ নেওয়া উচিত—লোক সেখানে সব শঙ্কিত হয়ে পড়েছে।

আর একটা কথা আমি বলব যে, আরামবাগের সিভিল সাপ্লাই ইন্সপেক্টরএর বিরুদ্ধে ঘুষের জন্য এক দরখাস্ত করা হলে টেক্সটাইল ডাইরেক্টরেট থেকে এ্যাসিস্ট্যান্ট টেক্সটাইল ডাইরেক্টর এনকোয়ারি করতে যান এবং এনকোয়ারি করতে গিয়ে সমস্ত ঘটনা সত্যি বলে প্রমাণ পান। তারপরে কনজিউমার গুড্স ডাইরেক্টরেট থেকে এনকোয়ারি হয়, সেন্ট্রাল এনফোর্সমেন্ট ব্রাঞ্চ থেকেও এনকোয়ারি হয়ে কেস হচ্ছে, কিন্তু সেই ভদ্রলোককে এখনও সেখানেই রাখা হয়েছে—স্থানীয় লোকও তাঁর বিরুদ্ধে বহু সাক্ষী দিয়েছেন। তিনি শেষে চেষ্টা করে কয়েকজন লোককে পারমিট দিয়ে সেখানে তাঁর পক্ষে সাক্ষী দেবার চেষ্টা করাচ্ছেন। যে তিনজন সাক্ষী তিনি দিয়েছেন তার মধ্যে এমন একজন লোক সাক্ষী দিয়েছেন, যিনি তিন বেল সুতো ব্ল্যাকমার্কেট করেছিলেন বলে ধরা পড়েছিলেন।

Mr. Speaker:

এখানে এগুলো বলার দরকার কি?

Sj. Narendra Nath Ghosh:

স্যার, জেনারেল এ্যাডমিনিস্ট্রেশনএর বিষয় বলছি। তাঁকে সেখানে আজও রেখে দেওয়া হয়েছে এবং তিনি পারমিট দিয়ে সাক্ষী সংগ্রহ করছেন। এমন একজনকে সাক্ষী দিয়েছেন যিনি তিন বেল সুতো ব্ল্যাকমার্কেট করেছিলেন বলে কেস আছে। দ্বিতীয় সাক্ষী দিয়েছেন এমন একজন লোক যিনি স্কুলের নামে টিন নিয়ে নিজের ঘরে লাগিয়েছেন। এবং তৃতীয় এমন একজন সাক্ষী দিয়েছেন যাঁকে সম্প্রতি তিনি ডিফেকটিভ টিনের পারমিট দিয়েছেন এবং তিনি সেই টিনও বেচে দিয়েছেন। কাজেই এই কেসটা সম্বন্ধে খোঁজ নিতে আমি তাঁকে অনুরোধ জানাব এবং আমার আজ একটা বক্তব্য হচ্ছে যে, এইরকম লোককে সেই জায়গা থেকে অন্ততঃ সাসপেন্ড করবার সাহস যদি না থাকে, তাঁর খুঁটোর জোর যদি বেশী হয়, তা হ'লে এই বিচার চলাকালীন তাঁকে যাতে অন্য জায়গায় সরিয়ে দেওয়া যায় তার ব্যবস্থা করা হোক; কারণ, আমার মনে হয় যে, তা হ'লেই এর সঠিক সত্য নির্ধারণ করতে পারবেন।

Sj. Nalini Kanta Halder:

মাননীয় স্পীকার মহাশয়, সাপ্লিমেন্টারিতে একটা লেট ডিসিসান অব সাপ্লাই অব ফার্টিলাইজারএর জন্যে দেখছি যে, ৮৪ লক্ষ ২৫ হাজার টাকা নিয়েছেন, কিন্তু এই লেট ডিসিশনটা কত লেট তা আমরা বুঝতে পারছি না—তবে আমরা বুঝতে পারছি যে, এটা খুব লেটএ নিয়েছেন। কারণ যখন ফার্টিলাইজার সাপ্লাই হয় তখন লোকের চাষ আরম্ভ হয়ে গেছে, কাজেই এইভাবে লেট ডিসিশন নেবার কি অর্থ আছে? কিন্তু তাতেও হল না আবার ৫৮ লক্ষ ১৫ হাজার টাকা সেদিকে খরচা করেছেন—ভালই করছেন কিন্তু বুঝতে পারছি যে, একটা আনপ্ল্যান্ড ডিস্ট্রিবিউশন হয়েছে। তার ফলে কোন এ্যাপ্রিসিয়েব্‌ল ইন্‌ক্রিজ অব ইল্ড হয়েছে কিনা এবং সেটা খোঁজ নিয়েছেন কিনা আমরা সেটা জানতে চাই। খুব সম্ভব সেটা হয় নি। কারণ, গত বছর দেখেছি যে, ১ কোটি ৪২ লক্ষ ৪০½ হাজার টাকা এই বাবদে খরচা করেছেন কিন্তু এই বৎসর দেখছি যে, সেটা কমিয়ে একেবারে ৩ লক্ষ করেছেন। তাতেই মনে হয় যে, আপনাদের পলিসিটা একেবারে ফেলিওর হয়েছে।

তারপরে এখন আবার দেখছি যে, এমোনিয়াম সালফেটএর এক্সপেরিমেন্ট চলছে। এইজন্য গত বৎসর ১১ হাজার ৬০০ টাকা নিয়েছেন এবং এই বছরও ১১ হাজার ১০০ টাকায় নিয়ে সেটার উপর এক্সপেরিমেন্ট চলছে। সেটার উপর এখনও এক্সপেরিমেন্ট চলছে এবং আমরা এখনও তার কোন ডেফিনিট রেজাল্ট জানতে পারি নি। সেটার সম্বন্ধে প্রচার করবার জন্য এত টাকা খরচা করে ক্ষতিগ্রস্ত হওয়া ছাড়া আর যে কিছু লাভ হয় বলে আমার মনে হয় না। এবং এর জন্যে স্কিল্‌ড এ্যাডভাইসও কিছু দেওয়া হয় না। সেজন্য ফার্টিলাইজারটা যদি এইরকমভাবে ডিস্ট্রিবিউট করা হয় তা হ'লে আমার ধারণা যে, তাতে আপনাদের ফার্টিলাইজার পলিসিটা ফেলিওর হবে।

কালকে আবার দেখলাম যে, এক ভদ্রলোক এক একরে ১২২ মণ ১৬ সের ধান ফলিয়েছেন কিন্তু আমি বুঝতে পারছি না যে, তাঁদের হাতে আলাদীনের প্রদীপ ছিল কিনা। আমি খুব চেষ্টা করে এবং আপনাদের সমস্ত নিয়ম মেনেও একরে ৪২ মণের বেশী ধান ফলাতে পারি নি—এটা যে কি ক'রে হল আমি তা বুঝতে পারছি না। অর্থাৎ আমার যা ফলেছে সেখানে একরে তার তিন গুণ বেশী ফলেছে। আমার একটা আঁটিতে যে পরিমাণ শীষ হয়েছে, যদি তাদের শীষটা ৩ গুণ বড় হয় তা হ'লে ঐ ভারী শীষ থাকবে, গাছ পড়ে যাবে। কিম্বা যদি বলেন যে, শীষের পরিমাণ বড় না হয়ে সংখ্যা বেশী হয়েছে তা হ'লে গোছ এত মোটা হবে যে, জাপানী প্রথায় চাষ সেখানে সম্ভব হবে না। অতএব সেখানে জাপানী প্রথায় চাষ কেন করেন, কারণ জাপানী প্রথায় চাষ আমরা দেখেছি এবং আমাদের কাছে ইন্সট্রাকশন আসে যে, ১০ ইঞ্চি অন্তর এক একটা রো হবে এবং ৮ ইঞ্চি অ্যাপার্ট এক একটা গোছ হবে। অতএব ৮ ইঞ্চি এ্যাপার্ট যদি গোছ হয় এবং সেটা যদি ঐরকম মোটা হয় তা হ'লে প্যাডি উইডার চালান যায় না। আমি দেখেছি যে, এইরকম আমার যেখানে ৪২ মণ ধান ফলেছে সেখানে যে গোছ হয়েছে তার ভেতরে প্যাডি উইডার যদি এক লম্বালম্বি এবং আড়াআড়ি চালান তা হ'লে সেখানে ১০ ইঞ্চি এ্যাপার্ট রোয়ার গোছ বসাতে হবে—৮ ইঞ্চিতে উইডার চালান যায় না। অতএব সেখানে জাপানী প্রথায় চাষ সম্ভব হয় নি এবং যদি হয়েও থাকে তাহ'লে সেটা কি করে যে সম্ভব হয় আমি তা বুঝতে পারি না। এক্সপেরিমেন্টাল ফার্মএ যদি এটা করে দেখাতে পারতেন তা হ'লে আমার এটা বিশ্বাস হতে পারে। আর না হয় আমি চ্যালেঞ্জ করে জমি দিচ্ছি এবং সেখানে আপনার কর্মচারী পাঠান, তাঁরা যা বলবেন (আমি সমস্ত খরচা বিয়ার করছি) তাই আমি করব, কিন্তু তাঁরা এটা করে আমাকে প্রমাণ করে দেখিয়ে দিন। একবার দেখেছিলাম যে, বোম্বেতে ৫৪ মণ পর্যন্ত ধান হয়েছিল, কিন্তু এইরকম এত বড় গোছ যদি হয় তা হ'লে সেটা থাকবে কি করে—এটা আমি বিশ্বাস করতে পারি না। জাপানী প্রথায় চাষে আছে যে, ৩।৪ হাত অন্তর অন্তর দু হাত লম্বা কাটি পুঁতে পুঁতে, দড়ি বেঁধে টানা দিতে হবে। গাছ তা হ'লে মাটিতে শুয়ে পড়তে পারবে না। ছোট প্লটএ সেটা সম্ভব হতে পারে, কিন্তু আমাদের এখানে বড় বড় প্লটএ কিম্বা এইরকম ওয়াইড স্কেল কালটিভেশনএ সেটা সম্ভব হয় কিনা বা প্র্যাকটিকেবল কিনা সেটা আপনারা পরীক্ষা না করে চাষীকে খরচ করার জন্য উপদেশ দেন কেন? মানুষ বার বার ক্ষতিগ্রস্ত হয়ে যাচ্ছে।

তারপর আর-একটা কথা, সয়েল এ্যানালিসিস-এর জন্য আমি মাটি পাঠাই। তাঁরা পরীক্ষা করে জানালেন—হাই স্যালিনিটি রয়েছে। কিন্তু শুধু এইটুকু বললেই যথেষ্ট হল না—সল্টটা নিউট্রালাইজ হবে কি করে কিম্বা সেই জমিতে কি সার দিতে হবে সেই উপদেশটা না পেয়েই এইরকম একটা রেজাল্ট পাঠিয়ে দিলেই কাজ হয় না। সেজন্য আমার মনে হয় যে, সয়েল অ্যানালিসিস এবং ফার্টিলাইজার সাপ্লাইএর কো-অর্ডিনেশন না করলে আপনাদের এই ফার্টিলাইজার পলিসিটা কখনও সাকসেসফুল হতে পারবে না। অতএব আমি মনে করি যে, এইদিক দিয়ে একটা বিশেষ পরীক্ষা করে তবে একটা কিছু জিনিস প্রচার করলেই ভাল হয়, তা না হ'লে এর পাবলিশিটির জন্য অনর্থক খরচ বেশি হয় এবং চাষীরাও ক্ষতিগ্রস্থ হয়। এই আমার মূল বক্তব্য।

[11-10—11-20 a.m.]

Sj. Saroj Roy:

মাননীয় মন্ত্রীমহাশয়, এবার একটু ভেবে চিন্তে জবাব দেবেন। আপনি জবাব দিয়েছেন যে, বাসা থাকে অফিসএ আসতে গেলে সরকারী গাড়ী যা আছে, তা ব্যবহার করার আইন নেই। মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি আগের কনজারভেটার অব ফরেস্টস—মিঃ পাল, তিনি বাসা থেকে অফিসএ আসার জন্য এই সমস্ত গাড়ী ব্যবহার করতেন?

The Hon'ble Hemchandra Naskar:

তা আমার জানা নেই। তবে গাড়ী ব্যবহার করার নিয়ম নেই:

Sj. Subodh Banerjee:

ব্যবহার করতো কি না জানেন?

The Hon'ble Hemchandra Naskar:

তা জানি না।

Dr. Hirendra Kumar Chatterjee:

সেই অফিসার কি প্রমোশন পেয়েছে?

Mr. Speaker: That question does not arise.

Opening of a level crossing at Agarpara railway station

***130. Sj. Jyoti Basu:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state with regard to superseded Panihati Municipality, 24-Parganas, if it is a fact that the people of the locality of Ward III approached the present Administrator to take steps for opening the level crossing at Agarpara railway station?

(b) If the reply to (a) is in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) if any decision has been taken in this regard by the present Administrator;

(ii) if so, what are the said decisions; and

(iii) whether Government consider the desirability of moving the railway authorities to open the said level crossing?

The Minister-in-charge of the Local Self-Government Department (The Hon'ble Iswar Das Jalan): (a) Some people of Ward No. VII, in which the level crossing is located, approached the Administrator in December last.

(b)(i) and (ii) No action has been taken by the Administrator in the matter as, in his opinion, the opening of the level crossing may result in damage to the road passing over it through heavy traffic and there is another level crossing about a furlong to the north of the Agarpara railway station which can be used by vehicles.

(iii) No.

Sj. Biren Banerjee:

মাননীয় অধ্যক্ষমহাশয় জানেন কি; এই ব্যাপারে য়্যাসেম্‌ব্লিতে দুইবার প্রশ্ন দেওয়া হয়েছিল?

The Hon'ble Iswar Das Jalan: No, I do not remember it.

Sj. Biren Banerjee:

আমি আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি। ১৯৩৫এ এবং ১৯৫১এ।

The Hon'ble Iswar Das Jalan: May be, I do not remember.

Sj. Biren Banerjee:

সেই সময় আপনি স্পীকার ছিলেন।

The Hon'ble Iswar Das Jalan: I do not remember.

Sj. Biren Banerjee:

আমি জিজ্ঞাসা করছি, সেই সময় গভর্ণমেন্টএর তরফ থেকে Minister-in-charge of Roads and Buildings Department যে উত্তর দিয়াছিল সেটা আপনি দেখেছেন কি না?

The Hon'ble Iswar Das Jalan: I don't know about it.

Sj. Biren Banerjee:

এ কথা কি সত্য যে, তদানীন্তন মিনিষ্টার এই কথা বলেছিলেন যে গভর্ণমেন্ট অব ইণ্ডিয়ার সঙ্গে লেখালেখি হচ্ছে এবং রেকমেণ্ড করা হয়েছে সেখানে লেভেল ক্রসিং করার জন্য?

The Hon'ble Iswar Das Jalan: May be. I am not aware of what happened before. I am aware of what is happening now.

Mr. Speaker:

উনি ত বলছেন যে এটা জানেন না।

Sj. Biren Banerjee:

আমার বক্তব্য হচ্ছে যে, এই প্রশ্ন বহুদিন ধরে আছে এবং উনি আনপ্রিপেয়ার্ড অবস্থায় জবাব দিচ্ছেন—ফাইল পত্র না দেখে এসে উনি এইভাবে আনপ্রিপেয়ার্ডভাবে জবাব দিচ্ছেন।

Mr. Speaker: You can make your own comments. What is the good of putting questions to him?

Sj. Biren Banerjee:

আমাদের বক্তব্য হচ্ছে যে, এই সম্পর্কে তিনি যে উত্তর দিচ্ছেন সেটা সাফিসিয়েন্ট নয়। এটা আরো এলিউসিডেট হওয়া দরকার। কারণ এই ব্যাপারটা এই হাউসএ দুইবার আলোচনা হয়েছে।

Mr. Speaker: I would suggest that you see the Minister about it and get it clarified.

Sj. Biren Banerjee:

তিনি যদি এই ব্যাপারে একটা স্টেটমেন্ট করে দিতে পারেন তাহলে ভাল হয়।

The Hon'ble Iswar Das Jalan: I want to make it clear. I am concerned only with the present state of affairs, and I have already said that the opening of level-crossing is not being contemplated now, because of the reasons given therein. That is enough. What happened in the past is not material. The past Government might have thought about it in one way, but what the present Government is thinking is material.

Sj. Biren Banerjee:

এ কথা কি সত্য যে, যে বোর্ড সুপারসিড হয়েছিল, তারা আপনার কাছে দরখাস্ত করেছিল এবং রেকমেণ্ড করেছিল যে এখানে লেভেল ক্রসিং করা হ'ক?

The Hon'ble Iswar Das Jalan: I ask for notice about it. It is not in the question at all. You asked what the Administrator has done, and I have answered it.

Sj. Biren Banerjee:

আমার প্রশ্ন তা নয় যে এখানে কয়েক ফার্লং তৈরী করা দরকার। আমার বক্তব্য হচ্ছে এই level crossing, elected representatives in a body recommend করেছিল কি না?

The Hon'ble Iswar Das Jalan: The honourable member should look at the question that he has put. What is the question? It is that such and such persons approached the present Administrator to take steps for opening the level crossing. I am to answer your question but not all questions.

Sj. Biren Banerjee:

আপনি নিজেই বলেছেন যে কিছু লোক দরখাস্ত করেছিল এবং সেখানে সুপারসিড হবার আগেই তারা করেছিল?

The Hon'ble Iswar Das Jalan: Yes.

Sj. Biren Banerjee:

তাহলে সেখানে ইলেকটেড রিপ্রেজেন্টেটিভসরা সুপারসিডেড হবার আগেই এই রিপ্রেজেন্ট করেছিল?

The Hon'ble Iswar Das Jalan: I can answer him if he puts that question to him.

Sj. Biren Banerjee:

একথা কি সত্য যে এর পাশেই

at the instance of Texmaco

দুইটি লেভেল ক্রসিং করে দেওয়া হয়েছে?

The Hon'ble Iswar Das Jalan: Yes. I know about this level crossing and not about other level crossings.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Level crossing is not within the competence of the Local Self-Government Department. In fact, I remember some years ago, two or three years ago, with regard to that portion of Dhakuria level crossing and Serampore level crossing I repeatedly approached the Government of India for making arrangement for that, that is to say, either to take the railways in a lower level or have an over-bridge, but we have not been able to persuade the Government of India.

Sj. Biren Banerjee:

আর একটা প্রশ্ন করছি। মাননীয় মন্ত্রীমহাশয়, কি খবর রাখেন কলিকাতার ওয়েসাইড ষ্টেশন যে সমস্ত আছে, শিয়ালদা টু নৈহাটি—সমস্ত জায়গায় লেভেল ক্রসিং আছে—

save and except Agarpara.

Mr. Speaker: How can the Mininster remember it?

The Hon'ble Iswar Das Jalan: This level crossing was stopped 20 years ago, not today.

Sj. Biren Banerjee: When?

The Hon'ble Iswar Das Jalan: 20 years ago.

Sj. Biren Banerjee: In which year?

The Hon'ble Iswar Das Jalan: My information is that it was stopped 20 years ago.

Sj. Biren Banerjee:

কি কারণে বন্ধ হয়েছিল?

I want facts. I have nothing to do with your impression. Why does he answer in that fashion? I want facts.

Mr. Speaker: He says that his information is that it was stopped 20 years ago.

The Hon'ble Iswar Das Jalan: My information is that this level crossing was stopped 20 years ago.

Sj. Biren Banerjee: Why that was stopped?

The Hon'ble Iswar Das Jalan: I ask for notice.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The railway people can say that. If my honourable friend is interested in the question I may suggest that this is the time when he can approach the railway people for the re-arrangement of the level crossings as there is going to be electrification of this railway from Sealdah to Ranaghat.

[4—4-10 p.m.]

Advancing of paddy to Bharat Samaj Sevak Samity of Contai for test relief work

***131. Sj. Natendra Nath Das:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state if it is a fact that paddy was advanced last year to the Bharat Samaj Sevak Samity of Contai as a test relief measure in pursuance of husking scheme?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) how much paddy was advanced to the said samity;

(*ii*) how much paddy was given to different unions of Contai police-station by the said samity;

(*iii*) whether all rice, due on that scheme, has been realised from the said samity; and

(*iv*) if not, how much remains still unrealised?

The Minister-in-charge of the Food, Relief and Supplies Department (The Hon'ble Prafulla Chandra Sen): (*a*) No.

(*b*) Does not arise.

Test Relief Scheme for 1956 within Narayangarh and Keshiari police-stations in Midnapore district

***132. Sj. Surendra Nath Pramanik:** Will the Hon'ble Minister-in-charge of the Food, Relief and Supplies (Relief) Department be pleased to state—

মেদিনীপুর জেলার অন্তর্গত নারায়ণগড় ও কেশিয়াড়ী থানায় বর্তমান বৎসরে relief এবং dry dole দেওয়ার এবং test relief-এর কাজ চালু করার পরিকল্পনা সরকারের আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

বর্তমান বৎসরে (১৯৫৬) বিভিন্ন প্রকারের relief দেওয়া এবং test relief এর কাজ চালু করার পরিকল্পনা এখনও বিবেচনাধীন আছে।

Mr. Speaker: The question time of one hour is over.

Sj. Jyoti Basu: I have an important point to raise.

Mr. Speaker: Let the messages be read first.

Sj. Jyoti Basu: But you shall see that the Chief Minister does not go away.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I cannot go because I have got to move the Appropriation Bill.

Messages

Secretary (Shri A. R. Mukherjea): Sir, the following Messages have been received from the West Bengal Legislative Council:—

(1)

"That the West Bengal Legislative Council at its meeting held on 27th March, 1956, agreed to the Albert Victor Leper Hospital (Abolition) Bill, 1956, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA,
The 27th March, 1956.

(2)

"That the West Bengal Legislative Council at its meeting held on the 27th March, 1956, agreed to the Bengal State Aid to Industries (Amendment) Bill, 1956, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,
Chairman,
West Bengal Legislative Council."

CALCUTTA,
The 27th March, 1956.

Enquiry about the Merger Plan

Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, when the Chief Minister together with certain other people went to Delhi two days' back there was eager expectation in West Bengal that on coming back from Delhi he would announce that he has given up the idea of the merging of the two States of West Bengal and Bihar or in the alternative we shall get certain portions of Bihar's territory which are inhabited by Bengalees inside West Bengal, but unfortunately we have found to our dismay that the Chief Minister of Bihar was not even present in Delhi when the Chief Minister of West Bengal visited that place, and we are told once again to wait till the 15th April when the Working Committee is to meet or till Dr. B. C. Roy writes a letter to the Chief Minister of Bihar. But in the meantime you know that by the 15th of April or by the end of April throughout India States' reorganisation would take place—at least the recommendation would be put into effect in the shape of a Bill or an Act in Parliament and Bengal-Bihar boundaries would be left out of the purview of this present Bill. Therefore, I think it is pertinent for us, for the people of West Bengal, to know as to what really is the situation today and I believe today is the last day of the session of the Assembly. I do not know and I asked some of the Ministers who also do not know excepting the Chief Minister. Therefore, this is the only chance today when we can raise this question inside the Assembly. Nearly 3,000 people are inside the jail and more are courting arrests daily throughout West Bengal in order to resist this question of merger. In such a situation it is very urgent for us to know what would happen to the readjustment of boundaries between West Bengal and Bihar in the present session of Parliament and whether an inch of Bihar territory would come to Bengal. We are very keen in knowing whether the West Bengal Government or the Central Government or the Bihar Government have completely given up the idea of merger of the two States of West Bengal and Bihar.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

আমি, স্যার, একটা কথা বলে নিই। উনি যে সাঙ্গপাঙ্গ নিয়ে দিল্লীতে গেলেন, সেখানে বিহারের মুখ্যমন্ত্রীর আসার কথা ছিল কি না, সেটা আমরা জানতে পারলে একটু সুখী হই। উনি সেখানে গেলেন অথচ বিহারের মুখ্যমন্ত্রীমহাশয় গেলেন না। এই ব্যাপারটা আমাদের কাছে কিরকম অস্বাভাবিক বলে মনে হচ্ছে।

(Sj. JYOTI BASU: অপমানকর।)

সেটা ও'র কাছে, আমাদের কাছে অস্বাভাবিক বলেই মনে হচ্ছে। উনি সেখানে গিয়ে পন্থ-সাহেবের সঙ্গে কথা বলে এলেন, সেটা খবরের কাগজে পেয়েছি। খবরের কাগজে আরো একটু পেয়েছি যে, দুইজন মুখ্যমন্ত্রী বসে এই জিনিষটা স্থির করবেন। উনি কবে বিহারের মুখ্যমন্ত্রীর সঙ্গে বসছেন, এ সম্বন্ধে কোন তারিখ ঠিক হয়েছে কি না?

আর একটা কথা জানতে চাচ্ছি যে উনি কি এখনও আশা করছেন যে দুইজন মুখ্যমন্ত্রী একসঙ্গে বসে এই মার্জার প্ল্যানটাকে আরো এগিয়ে নিয়ে যেতে পারবেন? উনি যদি দয়া করে বুঝে থাকেন যে ও'র পক্ষে এটা আর চালানো সম্ভব নয়, দেশের লোকও এটাকে চাচ্ছে না এবং বিহারও মুখ ফিরিয়ে নিয়েছে, এই অবস্থায় যদি এসে পৌঁছে থাকেন এবং উনি যদি দয়া করে আমাদের জানান যে আর উনি এ ব্যাপারে এগুবেন না, তাহলে আমরা আমাদের কর্তব্য সম্বন্ধে স্থির করতে পারি।

Sj. Bibhuti Bhushon Ghose:

মাননীয় স্পীকারমহাশয়, এই প্রসঙ্গে আমি ও'কে আরো একটু আলোকপাত করতে চাই যে, আমরা এতদিন ধরে যে কথা বলে আসছিলাম এই সংযুক্তি প্রস্তাবের বিরুদ্ধে, আমরা

জানি এস, আর, সি, [কংগ্রেস বেঞ্চ হইতে গোলমাল]—ওদের চীৎকার করতে বারণ করুন, তা না হলে অপ্রিয় ঘটনা হয়ত ঘটে যাবে—আমরা বরাবর বলে এসেছি যে ডাঃ রায়ের এই সর্বনাশা বঙ্গ-বিহার সংযুক্তি প্রস্তাবের মধ্যে একটা বিরাট ষড়যন্ত্র আছে এবং সেই ষড়যন্ত্রের মধ্যে.....

Mr. Speaker: It is not a debate. You cannot repeat things.

Sj. Bibhuti Bhushon Chose:

জিজ্ঞাসা করবার অধিকার আছে ত। কেন উনি অপমানিত হয়ে ফিরে এসেছেন, সেটা আমাদের জানা আছে। 'স্পার্ক' বলে পাটনা থেকে আধা-সরকারী একটা উইক্লি পেপার বেরোয়। তাতে এক ভদ্রলোক বিহারের ও'র বন্ধু শ্রীদোয়ারকানাথ তিয়ারী, এম,পি, বলেছেন—
the idea of merger originated.....

[কংগ্রেস বেঞ্চ হইতে তুমুল হট্টগোল] এরকম গোলমাল করলে কি করে বলবো স্যার! আমি জানতে চাচ্ছি সত্যই কি এস, আর, কমিশন তাদের রিপোর্টে আমাদের যে ব্যবস্থা করেছিলেন সেটাকে ফাঁকি দেবার জন্য বিহারের এই ভদ্রলোকেরা, তারা নিজেরাই এই সংযুক্তির প্রস্তাব এনেছেন,
it has not originated from Dr. Roy
[হট্টগোল] উনি যতই চীৎকার করে বলুন না কেন। আমি ও'কে দুটো লাইন পড়ে শুনিয়ে দিচ্ছি।

Sj. Jyoti Basu: I think you should maintain order.

Sj. Bibhuti Bhushon Chose:

ঐ সমস্ত চাটুকারের দলকে সামলান, স্যার। কাজেই আমরা দেখতে পাচ্ছি এই ভদ্রলোক লিখেছেন—দোয়ারকানাথ তিয়ারী—আমরা যখন দেখলাম যে কমিশন আমাদের বিরুদ্ধে রায় দিয়েছে, এবং আমাদের কেস লষ্ট হয়ে গিয়েছে, তখন আমরা লবীতে গল্পচ্ছলে আলোচনা সুরু করলাম, বঙ্গ-বিহার সংযুক্তির আলোচনা সুরু করলাম—তার একটা লাইন হচ্ছে কি—
this would raise the eyes of the Bihar people and at the same time place the West Bengal people in a tight corner.
টাইট্ কর্ণারে ফেলবার জন্য আজকে তাদের মাথায় এই সংযুক্তির বুদ্ধি এসেছে। আমি ও'কে বলছি যে এর পিছনে যে বিরাট ষড়যন্ত্র আছে, সেই ষড়যন্ত্রের জালে উনি নিজেকে জড়িয়ে বাংলাদেশের সর্বনাশ করতে চলেছেন। উনি দিল্লী থেকে অপমানিত হয়ে ফিরে এসেছেন। উনি কি দয়া করে সেই ষড়যন্ত্রের জাল থেকে নিজেকে বের করে এনে পশ্চিমবাংলায় আজ যে অস্বাভাবিক অবস্থার সৃষ্টি হয়েছে, সেটাকে বন্ধ করবেন?

মাননীয় সভাপালমহাশয়, আজ যে বিরাট আন্দোলন চলছে সেই আন্দোলনকে যদি স্তব্ধ করতে চান আমাদের ও'র কাছে আবেদন উনি এখনই ঐ সংযুক্তির প্রস্তাব প্রত্যাখান করুন এবং এস, আর, সি,র যে জায়গা আমাদের দিয়েছেন সেটা পাওয়ার জন্য এবং আমাদের যে মূল দাবী ভাষার ভিত্তিতে রাজ্য পুনর্গঠন—সেটা জোর করবার জন্য কিছু করবেন কি না তাই বলুন।

[4-10—4-20 p.m.]

Sj. Jnanendra Kumar Chaudhury:

আগের দিন যখন উনি তাড়াতাড়ি করে য়্যাসেমব্লি থেকে চলে গিয়েছিলেন আমরা শুনেছিলাম উনি তখন দিল্লীতে যাচ্ছেন এবং সেদিন আমরা
Supplementary Budget discussion
তাড়াতাড়ি শেষ করেছিলাম। কেন না যতই তাঁকে আমরা ক্রিটিসাইজ করি, তাঁকে আমরা ভালবাসি। আমার জিজ্ঞাস্য হচ্ছে তিনি কি আগে থেকে জানতেন যে শ্রীকৃষ্ণ সিংহ দিল্লীতে যাবেন না। আগে থেকে কি ঐরকম য়্যারেঞ্জমেন্ট ছিল যে শ্রীকৃষ্ণ সিংহ পরে যাবেন?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have been asked several questions and I rise to give the answers. The first question is, have you given up the idea of merger? No. Definitely not. (Sj. GANESH GHOSH: Shame, shame.) May be so; may be disgraceful but I am not giving up the idea because that is the solution of the problem.....[interruption]. If they do not want to hear I refuse to say anything.

The next question was whether we went there because we were asked by the Home Minister to go there and inform him of the present situation in Bengal regarding this problem. That is why we went there. We did not know, nor did we enquire whether the Chief Minister of Bihar was going. The whole mischief has arisen because of an article appearing in the *Statesman* on the day we were leaving—an article which was full of mistakes—and there was some amount of, shall I say, visionary ideas which they put in together as if they were really correct. That was not so. I did not know whether he had called the Chief Minister of Bihar.

Third, my answer is that no date has been fixed for meeting the Chief Minister of Bihar. Probably we might meet some time next month.

The fourth question is—

আমি অপমানিত হয়ে দিল্লী থেকে ফিরে এলাম, আমার বন্ধু শ্রীবিভূতি ঘোষের আমার মানের জন্যে প্রাণ গেল। তিনি উদ্বেগ ফিল করছেন যে আমার অপমান হল। কিন্তু আমার অপমান বিভূতি ঘোষও করতে পারবে না এবং স্বাধীনতা কাগজে যে রিপোর্ট করা হয়েছে যে আমি দ্বারে দ্বারে ঘুরে বেড়াচ্ছি তাতেও হবে না।

That is wishful thinking. That has nothing to do with me. I feel that I am so much in the right that I do not need to convince others that they are in the wrong.

Sj. Jyoti Basu: The main question has not been answered—whether in the present Bill which is in Parliament the adjustment of boundaries between Bengal and Bihar.....

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: There is no mention of it in the present Bill.

Sj. Jyoti Basu: Will it be there?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I cannot say. It is a Parliament Bill. I am not responsible for the Bill. I have seen the Bill; it is not there.

Sj. Jyoti Basu: What will happen in the present Bill? Will it be there.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Future can say.

Sj. Jyoti Basu: If there is no union of Bengal and Bihar, then do we not claim even the recommendations made by the S. R. C.?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have said many times in this House that if the merger does not come in, that is to say, if Bihar does not agree or the Centre does not agree to the proposal that we have placed before the House here, then obviously—and I think I made it as emphatic as possible—the recommendation of the S. R. C. regarding the boundaries of Bengal and Bihar as modified by the Government of India shall have to be given effect to. I cannot say anything more than that.

Sj. Jyoti Basu: When?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The date I cannot mention because the problem of merger has to be first finalised.

Sj. Jyoti Basu: Will it be this year or next year or after the election?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I cannot say.

Sj. Jyoti Basu: Is it known to the Chief Minister whether it will come up this year or next year or after the General Election?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: All I can say is that it is bound to come within the next few months.

Sj. Jyoti Basu: Before the election?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I think so.

Sj. Bankim Mukherjee: Mr. Speaker, Sir,

ব্যাপার হচ্ছে

S.R.C. Bill Parliament এ এপ্রিল মাসে হচ্ছে এবং তার মধ্যে যদি য়্যামেণ্ডমেণ্ট কিছু আনতে হয়, সেই সময় আনতে হবে। যতক্ষণ মার্জার ইস্যু সেট্‌ল্‌ না হচ্ছে ততক্ষণ পর্য্যন্ত বেঙ্গলএর প্রশ্ন এস,আর,সি, বিলএ আসবে না। মার্জার কোয়েশ্চেন সেটল হবে যখন বেঙ্গল এবং বিহারএর চীফ মিনিষ্টাররা মিট করবেন। এবং তারা কবে মিট করবেন, না

in the middle of April.

তাহলে আশঙ্কা হচ্ছে বর্তমান যে এস, আর, সি, বিল রয়েছে সেটা পার্লিয়ামেণ্টএ আলোচনা-কালের মধ্যে এ বিষয়ে নিষ্পত্তির কোন আশা নেই। এবং সেক্ষেত্রে বাংলার ব্যাপারটা যা এস, আর, সিতে রয়েছে সেটাও আসবে না। আমি জিজ্ঞাসা করি সেই আশঙ্কা প্রধানমন্ত্রীর আছে কি না এবং থাকলে তা দূর করবার জন্য কি করছেন। অর্থাৎ কত তাড়াতাড়ি বেঙ্গল-বিহারএর চীফ মিনিষ্টার্স মিট করতে পারবেন যাতে এই বিল পার্লিয়ামেণ্টে থাকাকালীন সমস্ত ব্যাপারটার নিষ্পত্তি হতে পারে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have already said that if this Bill does not contain any provision regarding the problem of Bengal and Bihar as soon as we decide and whenever we decide within the next few months the Parliament would have to take up the problem of Bengal and Bihar separately obviously—it will be a separate Bill for the purpose either of introducing the merger or giving to Bengal what the S. R. C. has given.

Sj. Bankim Mukherjee:

আমরা যতটা জানি পার্লিয়ামেণ্টএ এই বিল পাশ হবার পর পার্লিয়ামেণ্টএ রিসেস আরম্ভ হবে এবং তারপর যদি কোন সময় এটা আনতে হয়,—এবং আর একটা সংবাদ আমরা জেনেছি যে অক্টোবর মাসের কোন সময়ে হবে অর্থাৎ রিঅর্গানাইজড্‌ স্টেটস গঠন হবে এবং তা নাহলে আগামী ফেব্রুয়ারীর মধ্যে জেনারেল ইলেকসন হওয়া কঠিন। এপ্রিল সেসান যদি পেরিয়ে যায় তাহলে এই যে, যে কোন সময় আসতে পারে অথচ অক্টোবরএ স্টেট যে নূতন করে গড়ে তোলা হবে এবং তাড়াতাড়ি করে কন্সটিটিউয়েন্সি ডিলিমিটেসন করা হবে না অর্থাৎ আসছে জেনারেল ইলেকসনএ যদি বেঙ্গলএর সীমা নির্দ্দিষ্ট না হয়, তাহলে যে সীমানা আছে সেই সীমানার মধ্যেই ইলেকসন হবে। তাহলে এই বর্তমান পার্লিয়ামেণ্ট সেসানএর ভেতরে বাংলার প্রশ্ন যাই হোক সেটা আসা উচিত। এবং সে সম্বন্ধে আমাদের প্রধানমন্ত্রী অবহিত আছেন কি না এবং থাকলে কি করছেন তা জানতে চাই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: All I know is that the Government of India has not put in the question of Bengal and Bihar in this Bill. It is up to them to consider, if necessary by calling a special session of Parliament, the question of Bengal and Bihar and also to see that the arrangements that have been made regarding the giving of effect to the problems of the reorganisation of the boundary do take effect from the 2nd October.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

মিঃ স্পীকার, স্যার, এখানে আমার একটা ছোট কথা আছে। সেটা হচ্ছে, মন্ত্রীমহাশয় বলেছেন যে যদি মার্জার প্ল্যান য়্যাডপটেড হয় তাহলে নিশ্চয়ই আইন আসবে এবং সে আইনে S.R.C. Report as modified by the High Power Committee অনুযায়ী যেটুকু জমি বাংলাকে দেওয়া হয়েছে সেইটুকু আমরা যাতে পাই তার ব্যবস্থা থাকবে। কিন্তু আমি এইটুকু বলতে চাই যে আমরা তাতে মোটেই সন্তুষ্ট নই। আমরা জানতে চাই যে বাংলার পুরো দাবী আমরা আদায় করতে পারবো কি না? কংগ্রেসের অনেক বন্ধু এবং সরকারের তরফ থেকেও আগে বহু বেশী জায়গা চাওয়া হয়েছিল এবং আমরাও এখান থেকে অনেক বেশী জায়গা চেয়েছি, যেটা খুব ন্যায়সঙ্গত বলে আমরা মনে করি; সেই বিলে আমাদের এই দাবী উত্থাপন করতে পারবো কি না?

[4-20—4 30 p.m.]

Mr. Speaker: Well, if the matter comes before the House, certainly you are entitled as a matter of right.

Sj. Nripendra Gopal Mitra:

মিঃ স্পীকার, স্যার, এ সম্বন্ধে আমার কিছু বলবার আছে।

Mr. Speaker: Your leader has already raised the matter. I have only allowed leaders to speak.

Sj. Jyoti Basu: Sir, may we know whether the Panchayat Bill is coming at all this session because we are kept in the dark about everything.

Mr. Speaker: It will be decided today.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Is it any use having it at the tail-end of the session? We can have it next session.

Mr. Speaker: It will be in the next session because it will be a long Bill.

Point of Privilege

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, I have got to raise a point. You will remember that the Chief Minister told us a few days ago that all the questions will be answered during this session. But I find that the promise has not been fulfilled and a good number of questions are still unanswered. I put the matter before you because an assertion was made by the Chief Minister that all the questions will be answered during this session. I want to know whether this promise will be kept or not.

Mr. Speaker: Today is the last day of the session. What can be done now? Everyday questions have been put and answered. There was no time to put more questions. A separate session cannot be called only for questions

Sj. Bankim Mukherji: On a question of privilege, Sir, we, the members on this side, are always kept in the dark about *the time a session* is going to be held, I mean all the *non-official* members and, may be, many on the Treasury benches also. We are in the dark about the duration of the session, what business is going to take place, and all this. For example, in this session we had given notice of several non-official resolutions. Only half a day was given. In fact if we had known that the session was going to be prorouged today, then we would have demanded that a whole day be given. In the whole session we have got one non-official day.

Mr. Speaker: We gave you two days. In two days that would have been finished.

Sj. Bankim Mukherji: We could have taken more time because it was expected that this session was going to be a long-drawn one. Therefore it did not matter whether at the beginning we could get half a day. If we had known that the session would end in March, we would have demanded two full days because during the budget discussion we could not have it. Then there is another question which Dr. Chatterjee has raised about getting the answers to questions. I would request as a point of privilege that the House will sit for two or three days more only for getting answers to questions. That is a privilege because this is going to be the end not only of this session, but it might be the end of this House. There might be one short session so that all the questions we put should not fall through. Then there is the question of electing the Public Accounts Committee and electing the Privilege Committee. These things are generally done during the budget session. This session this has not been done. All these things have got to be settled because I had asked a ruling from you last session whether you were electing the Public Accounts Committee.

Mr. Speaker: I was just going to announce it following the previous year's practice.

Sj. Bankim Mukherji: I had asked you about a ruling whether a Public Accounts Committee elected in one year can go through two or three reports of the Auditor-General.

Mr. Speaker: If the House agrees then that is all right.

Sj. Bankim Mukherji: It is no question of the House agreeing. The House has elected one Committee. There is no terms of reference that they have got to go only through the report of such and such year. My submission is that such a Committee, whatever reports come before the House during this year, till another Public Accounts Committee is elected, is competent to go through all these reports. But this question does arise because the Finance Minister demanded a Public Accounts Committee for one year and to go through one year's account. If that be the case, I think there would always be a five-year career for the Committee. We will never be able to agree to it. A ruling on this I asked from you during the previous session. So I was thinking of raising this question in a day or two as soon as the budget was over. As soon as the Appropriation Bill would be over, I would raise all these questions. We were given also to understand that the programme of this session was up to the 29th. So we knew that the session was going to be ended on the 29th. But all on a sudden we find that the Government determines that they would not move certain Bills—a certain Bill was moved and then withdrawn—a certain Bill which is pending before the House is not going to be moved before the House.

All these are points of privilege. We should not always be at the tenterhooks of the Government. Sometime they call us, sometime they dismiss us like a general or marshal ordering his troops to disperse, and so on. That cannot be. In the Parliament at least members know beforehand how long the session would last, when the next session will be, and all that. Government should not treat us with so much contempt. If they think that they are going to prorogue, then we should have been told so two or three days before. I think as a matter of privilege I can demand from Government through you that they take the Opposition into confidence and let us know what is their programme.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: With regard to the withdrawal of the Bill about which Shri Bankim Mukherji has said I think that the Judicial Minister made it clear that the Bill was introduced before the House because we thought that probably the President's assent would be obtained regarding the Land Reforms Bill before the 31st March.

Sj. Bankim Mukherji: Have you got the assent?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Tomorrow it is coming. So that is covered. It has not come these days because Sunday, Monday and Tuesday were holidays in the Central Government. With regard to the suggestion about the questions, what I said last time was we might appoint one day in this session. As my friend Dr. Chatterjee is demanding, I said it may be that instead of waiting from day to day and having only 10 questions, if the rules permit, we may have one day for only questions. That is what I said and nothing more.

Mr. Speaker: Regarding the third point about the Public Accounts Committee I was just going to announce it. According to the precedent of the last budget session I am asking the leave of the House that the House will agree to the same Public Accounts Committee to continue. The Public Accounts Committee elected last year ceases to exist today.

[4 30—4-40 p.m.]

The said Committee could not meet due to pressure of sessions continuing throughout the year. I accordingly propose that the following resolution be passed by the House just as last year—

"Resolved that notwithstanding Rule 126 of the West Bengal Legislative Assembly Procedure Rules the term of office of the members of the Public Accounts Committee elected on March 21, 1955, be and is hereby extended till the reconstitution of the Committee under the Rules."

I think the House gives leave for this Committee to continue.

[There being no objection, leave was granted.]

GOVERNMENT BILL

The West Bengal Appropriation (No. 2) Bill, 1956

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to introduce the West Bengal Appropriation (No. 2) Bill, 1956.

[Secretary then read the title of the Bill.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 1956, be taken into consideration.

Under section 266(3) of the Constitution of India no monies out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with law passed under article 204. In March last this House passed the West Bengal Appropriation Bill, 1955, to provide for the appropriation out of the Consolidated Fund of West Bengal of certain monies required to meet the expenditure charged on the Consolidated Fund and the grants made by the Assembly in respect of the estimated expenditure of West Bengal for the financial year 1955-56. During the present session the Assembly voted certain further grants for the purposes of the year 1955-56 under the provision of article 203 of the Constitution of India. The present Bill is accordingly being introdured under the provisions of article 204(1) of the Constitution to provide for the appropriation out of the Consolidated Fund of West Bengal all the monies required to make good the further grants which have been voted by the Assembly and also to meet further expenditure charged on the Consolidated Fund of the State in accordance with the provision of the Constitution.

The Constitution provides that no amendment shall be proposed to this Bill having the effect of varying the amount or altering the destination of any grant so made or of varying the amount of expenditure charged on the Consolidated Fund of the State. The details of the Appropriation Bill will appear from the Schedule of the Bill.

With these words I commend my motion to the acceptance of the House.

Sj. Bankim Mukherjee:

সভাপালমহাশয়! সংবিধান অনুসারে আমরা এই বিলটার কোন সংশোধন বা কোনপ্রকার ছাঁটাই বা রদবদল কিছুই করতে পারি না। এইমাত্র প্রধানমন্ত্রীমহাশয় সেকথা বললেন, অথচ এই য়্যাপ্রোপিয়েসন সম্বন্ধে আমাদের মতও নেওয়া প্রয়োজন। কিন্তু আমি আশংকা করছি গভর্ণমেন্ট কি কোন সম্মতির প্রয়োজন রাখবেন। য়্যাপ্রোপিয়েসন বিল সম্পর্কে আলোচনাকালে প্রথমেই মনে হচ্ছে এই বিলের তৃতীয় ধারায় পরিষ্কারভাবে রয়েছে—সিডিউলএর ৩নং কলমএ যে টাকা মঞ্জুর করা হয় তা ছাড়া এক পয়সাও গভর্ণমেন্ট ব্যয় করতে পারেন না। এটা মঞ্জুরীকৃত কনসোলিডেটেড ফান্ড অব ওয়েষ্ট বেঙ্গল এ থেকে খরচ প্রভৃতি করা হবে। অথচ আমরা দেখতে পাই যে গত বৎসর বহু কিছু খরচ করা হয়েছে। সেটাও এইরকম। গত বৎসরের যে য়্যাপ্রোপিয়েসন বিল তাতেও অবিকল এই ভাষাই ছিল। তা সত্ত্বেও আমি একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং সেটা হচ্ছে ফাইনান্সএ ধরা ছিল ১,২৬,০০,০০০ টাকা। তারপরে ২ কোটি ৩০ লক্ষ টাকা বাড়িয়ে দেওয়া হ'ল, এবং সেটা সাপ্লিমেন্টারি এস্টিমেট চাওয়া হয়েছে ২ কোটি ৩০ লক্ষ; অর্থাৎ সওয়া কোটি থেকে পৌনে তিন কোটি—এতখানি বেড়ে গেছে। এটা আমি খুঁজে দেখলাম কোথা থেকে নেওয়া হ'ল। ওয়েজ য়্যান্ড মিন্সএর মধ্যে কোন সন্ধান পাই না। এক্সপ্লানেসন প্রভৃতিও এমনভাবে লেখা যে তা থেকেও পরিষ্কার কিছু পাওয়া যায় না যে কোথা থেকে টাকা খরচ হ'ল। বড় অল্প নয়, ১ কোটি ৩০ লক্ষ টাকা! ওয়েজ য়্যান্ড মিন্স থেকে যা দেখতে পাচ্ছি—সেটা ৪৫ লক্ষ টাকা স্টেট ব্যাঙ্ক থেকে নেওয়া হয়েছে। কিন্তু ১ কোটি ৩০ লক্ষ টাকা হয় ত রিজার্ভ ব্যাঙ্ক থেকে আসতে পারে। কিন্তু কিভাবে, কি অজুহাতে, তা ধরতে পারছি না। যে সাপ্লিমেন্টারি বাজেট আজকে পাশ হচ্ছে, আর ৪ দিন মাত্র ৩১শে মার্চের বাকী, এই ৪ দিনের মধ্যে যা সাপ্লিমেন্টারি বাজেটে চাওয়া হয়েছে তা প্রায় ১১ কোটি টাকা। অবশ্য তার ভিতর ৫।০ কোটি টাকা হ'ল চার্জড, কিন্তু তাহলেও প্রায় ৬ কোটি ১৩ লক্ষ টাকা এটা ত ভোটেড। যদি বলা হয় যে সব টাকাটা হচ্ছে বিলস যা পড়ে আছে সেই বাকী তা শোধ করতে হবে, সেটা হ'লে পর ২।৩ দিনের ভিতর হয়ে যাবে। কিন্তু সেটার সম্বন্ধেও সন্দেহ আছে যে সব বিল কি না এই ৬ কোটি ১৩ লক্ষ টাকা। তাহলে সাপ্লিমেন্টারি স্যাংকসন হ'লে পর সেটা হয়ে যায়। না হলে পর ৪ দিনে ৬ কোটি ১৩।১৪ লক্ষ টাকা যে খরচ হবে তা হওয়া কঠিন। কিন্তু এই ব্যাপারটার যদিও বা এখানে উত্তর দেন আমাদের পক্ষে সেই উত্তর স্বীকার করা ছাড়া আর কোন গতি

নাই, যতক্ষণ না অডিটর-জেনারেলের এ সম্বন্ধে কোন রকম মন্তব্য পাচ্ছি। অবশ্য অডিটর-জেনারেল যে মন্তব্য করবেন সেই মন্তব্য পাব্লিক [illegible] কমিটির প্রুতে এখানে আসতে বছর পাঁচেক লাগবে। এতদিনে এ জিনিষ জানা বা না জানায় কোন লাভ নেই। কিন্তু সম্প্রতি যেটা এসেছে তাতে এই স্টেটের যে সাপ্লিমেন্টারি এস্টিমেট তার সমস্ত ব্যাখ্যা পরিষ্কার থাকা উচিত ছিল যে কেন এই টাকা এতখানি লাগছে এবং সেটা এই ৪ দিনে কি কোরে খরচ হবে? ফেমিন খাতে যে ব্যয় বেশী হয়েছে—২ কোটি ৩০ লক্ষ টাকা যেটার সম্বন্ধে বলেছি যে সেই ব্যয়ের সম্বন্ধে আমার আপত্তি নাই, ব্যয়টা ভালই হয়েছে, নাহলে পর লোকজনের আরও বেশী দুর্গতি হত। বরং আমাদের আপত্তি হ'ল যে এ সম্বন্ধে আমরা গত বাজেটের সময় মন্ত্রীদের সাবধান করেছিলাম, তখন তাঁরা তা গ্রাহ্য করেন নি। কিন্তু পরে দেখা গেছে যে সত্যই অবস্থা এরকম হয়েছিল যাতে ৩ কোটি টাকা বেশী ব্যয় করতে হয়েছে—৪।০ কোটি টাকা মোট। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে টাকা পেলেন কোথা থেকে? ব্যয় হ'ল কোথা থেকে? য়্যাসেমব্লির থেকে কোন গ্র্যান্ট পাশ করে নি, এবং সাপ্লিমেন্টারি বাজেট আজকে পাশ হচ্ছে। আর টেস্ট রিলিফএর যে কাজ সে ত মাস তিন-চার আগে হয়ে গেছে। সেই টেস্ট রিলিফএর কাজে যা দেওয়া হয়েছে তার বেশীরভাগই নগদ দেওয়া হয়েছে। এক কন্ট্রাক্টর প্রভৃতির কাছে কিছুটা বাকী থাকতে পারে।

The Hon'ble Prafulla Chandra Sen:

টেস্ট রিলিফের বেশীরভাগ চাল এবং ধানে খরচ হয়, যেটা গভর্ণমেন্টের কাছে স্টক থাকে।

[4-40—4-50 p.m.]

Sj. Bankim Mukherji:

গভর্ণমেন্টের কাছে যে ধান-চাল থাকে তা থেকে পুরিয়ে দেওয়া হয়েছে। এতে আপত্তি হবে না। আপত্তি হ'ল টেকনিক্যাল দিক থেকে। চাল, ধান টাকা-কড়ির অঙ্কের ভিতর পড়ে। এটার জন্য গভর্ণমেন্টের এই য়্যাসেমব্লির মঞ্জুরী নেওয়ার দরকার করে। কেন না—

every grain of paddy and rice can be converted, is converted into money and is accounted for as money.

টাকার হিসাবে তাকে ধরতে হয়। সে এমন জিনিষ নয় যে খাদ্য-মন্ত্রীমহাশয় ভাঁড়ার থেকে বাড়ীর গিন্নীকে বললেন—'ওগো! ২৷৷· সের দিয়ে দাও'। গভর্ণমেন্টের খাদ্য স্টকে সেরকম হওয়ার যো নাই যে আড়াই সের ভিখারীকে দিলেন। এর হিসাব রাখতে হয়। যেগুলো জিজ্ঞাসা করছি তার অধিকাংশই টেকনিক্যাল, কারণ, জিনিষগুলোর সারবত্তা কি সে সম্বন্ধে বাজেটের সময় দেখতে হয়; সাপ্লিমেন্টারি বাজেটে তার বিশেষ স্থান নাই; তার উপর য়্যাপ্রোপ্রিয়েসন বিলএ ত মোটেই স্থান নাই।

এই যে জিনিষগুলো হয় এতেই আমার আপত্তি আছে। যদি সত্যি সত্যি পাব্লিক য়্যাকাউন্টস কমিটি আরও ভালভাবে কাজ করত তাহলে এটা হতে পারত না এবং এই সঙ্গে আমি দেখাচ্ছি যে একটা জায়গায় রয়েছে যে বোধ হয় ৫০ নম্বর গ্রান্টে ফ্লোটিং ডেট তাঁরা ওয়েজ য়্যান্ড মিন্স হিসেবে গভর্ণমেন্টের টাকার দরকার পড়েছিল বলে ব্যাঙ্ক অব ইণ্ডিয়া থেকে ওয়েজ য়্যান্ড মিন্স খাতে তারা ৪৫ লক্ষ টাকা নিয়েছে। কিন্তু সেটা নিতে গেলেও, এদিকে ৪৫ লক্ষ টাকা বাজেটের বাইরে ওয়েজ য়্যান্ড মিন্স খাতে নেওয়া হল, অন্যান্য দেশে সেই জিনিষটাকে স্যাংকসন করাবার জন্যে অর্থাৎ যখন য়্যাসেমব্লি ইজ নট ইন সেসন তখন সেখানে ওয়েজ য়্যান্ড মিন্স কমিটি থাকে। সেই ওয়েজ য়্যান্ড মিন্স কমিটির ভেতর দিয়ে অন্ততঃ য়্যাসেমব্লি এইটকুন অবহিত থাকেন এবং এস্টিমেট কমিটি একটা থাকে। কিন্তু ওয়েজ য়্যান্ড মিন্স থাকলে অন্ততঃ গভর্ণমেন্ট যেটা নিলেন সেটা সম্বন্ধে য়্যাসেমব্লি এই কমিটির মারফতে ওয়াকিবহাল হয়ে থাকত, অর্থাৎ অল সেক্সন অব দি হাউস সেটা সম্বন্ধে ওয়াকিবহাল থাকত। কিন্তু এ পর্য্যন্ত বহুবার বলেও আমরা ওয়েজ য়্যান্ড মিন্স কমিটি বা এস্টিমেট কমিটি করাতে পারি নি। তারপর ধরুন বাজেট এস্টিমেট কমিটির কতখানি প্রয়োজনীয়তা আছে। এই ব্যাপারে আমি দেখতে পাচ্ছি যে প্রায় ২৩টি গ্রান্টে চাওয়া হয়েছে, ২৫টি হেডে এবং তার মধ্যে অধিকাংশ ব্যাপারেই দেখতে পাচ্ছি যে রিভাইজড্ এস্টিমেটসএর সঙ্গে সাপ্লিমেন্টারি

বাজেটএর কোন সম্পর্ক নেই। মাত্র ২৫টা হেডের ভেতরে ১১টি হেডে রিভাইজড্ এস্টিমেট এবং সাপ্লিমেন্টারি বাজেট হচ্ছে এবং আর বাকী ১৪টি হেডে বেশী বেশী চাওয়া হচ্ছে। অর্থাৎ ২৫টি হেডের মধ্যে বেশীরভাগেতেই যেটা রিভাইজড্ এস্টিমেট তার থেকে পার্থক্য আছে। এছাড়া সাপ্লিমেন্টারি বাজেটএ চাওয়া হয় নি, কারণ রিভাইজড্ এস্টিমেটএ আমি দেখতে পাই যে প্রায় ১২টি হেডে ১ কোটি ৮০ লক্ষ টাকা বেশী চাওয়া হয়েছিল, কিন্তু আবার পরে সেগুলো চাওয়া হয় নি। অর্থাৎ রিভাইজড্ এস্টিমেটএ ১২টি হেডে ১ কোটি ৮০ লক্ষ টাকা মনে করা হয়েছিল বেশী লাগবে, কিন্তু সাপ্লিমেন্টারি বাজেটে সেটা তাঁরা চান নি। আবার সঙ্গে সঙ্গে ২২টি হেডে ৩ কোটি ৫১ লক্ষ টাকা কম পড়বে এইটুকুন বলা হচ্ছে এবং তার ভেতর থেকে কতকগুলি বিষয়ে তাঁরা চেয়েছেন বলে এটাই হচ্ছে সবচেয়ে আশ্চর্য্য, যেমন ধরুন একটি গ্রান্ট হচ্ছে এক্সট্রা-অর্ডিনারি চার্জেস। সেই এক্সট্রা-অর্ডিনারি চার্জেসএর রিভাইজড্ এস্টিমেটএ বলা হচ্ছে যে ১ কোটি ৩৭ লক্ষ ৮৯ হাজার টাকা কম পড়বে, আর সাপ্লিমেন্টারি বাজেটএ ৯·৫ থাউজ্যান্ড চাওয়া হ'ল। এই যে এতটা কম পড়বে সেটাকে ছাপিয়ে এই টাকাটা সাপ্লিমেন্টারি বাজেটএ নেওয়া হ'ল এবং সেটা খুব ক্লিয়ার নয়। অর্থাৎ রিভাইজড্ এস্টিমেটএ মনে হয়েছিল যে ১ কোটি ৩৭ লক্ষ টাকা কম পড়বে, সেটা কম পড়ল বলে কি তা থেকে ঐ ৯½ হাজার টাকা নেওয়া হ'ল না, সেটাকে ছাপিয়ে ৯½ হাজার টাকা নেওয়া হ'ল। এইসমস্ত জিনিষগুলো এক্সপ্লানেসন করে ক্লিয়ার করা নেই—খুব সম্ভব যেটা মনে হয়েছিল কম পড়ল তাকে ছাপিয়ে ওটা গেল।

দ্বিতীয় হচ্ছে, যে এগ্রিকালচার ৪০—এই দুটোর পার্থক্য বড় বেশী। কারণ এগ্রিকালচারএ আশা করা হয়েছিল ১ কোটি ৩৬ লক্ষ ৮২ হাজার টাকা বেশী থাকবে এবং সেটা রিভাইজড এস্টিমেটএ ধরা হয়েছিল, কিন্তু সাপ্লিমেন্টারিতে যেটা চাওয়া হ'ল তাতে মাত্র ৫৮ লক্ষ ১৫ হাজার টাকা চাওয়া হয়েছে। এর কারণ হিসাবে বলা হচ্ছে যে সারওয়ালা দেবেন মনে করেছিলেন সেটা একটু বেশী। সেই জায়গাটা পড়ে শোনাই যে তাতে আছে যে

"The additional demand (Rs. 58,15,000) is for continuance of the scheme for large-scale supply of fertilisers to the cultivators in accordance with the post-budget decision."

আমার এই এক্সপ্লানেসনএ কোন আপত্তি নেই যে বাজেটের পরে তাঁরা ঠিক করলেন যে এই ফার্টিলাইজারটা বেশী দেওয়া দরকার—অর্থাৎ ৫৮ লক্ষ ১৫ হাজার টাকা। কিন্তু কতবার যে এই আলোচনাটার পরিবর্ত্তন হয় সেটাই আমার প্রশ্ন। আবার রিভাইজড্ এস্টিমেটএ দেখতে পাচ্ছি যে ঐ এগ্রিকালচারএর ৪০ নম্বর মেজর হেডএ ১ কোটি ৩৬ লক্ষ ৮২ হাজার টাকা বেশী লাগবে।

The Hon'ble Rafiuddin Ahmed:

রিসিট আমরা পেয়েছি।

Sj. Bankim Mukherjee:

রিসিটস পেয়েছেন এবং সেগুলো আলাদা রিসিট বলেই থাকে, কিন্তু সেটাও এখানে নেই। অর্থাৎ রিভাইজড্ এস্টিমেটএ অন্য জায়গায় রিসিট প্রভৃতি ছিল, এখানে সেটা নেই। এবং ঐ ১ কোটি ৩৬ লক্ষ ৮২ হাজার টাকাটা কমে হয়ে গেল ৫৮ লক্ষ টাকা এবং এটাও ঐ সেই পোস্ট-বাজেটএ ঠিক হয়েছিল। আমার কথা হচ্ছে যে ঐ দুটোর ভেতরে তফাৎটুকুন কোথায় আছে। আমি যদি মনে করতাম যে নভেম্বর মাসে সাপ্লিমেন্টারি এস্টিমেটএর গ্রান্টটা চাওয়া হয়েছে তাহলে বুঝতে পারতাম যে রিভাইজড্ এস্টিমেটএর চেয়ে কিছুটা তফাৎ হচ্ছে। অর্থাৎ রিভাইজড্ এস্টিমেট আরও য়্যাকচুয়ালসএর কাছাকাছি গিয়ে হবে। কিন্তু এখানে প্রায় একই সময়ে দুটো আসছে—বাজেটের সঙ্গে সঙ্গে লাস্ট ইয়ারএর রিভাইজড্ এস্টিমেটও আমরা পাচ্ছি এবং তারপর সাপ্লিমেন্টারিটা পাচ্ছি। এর মানে দাঁড়াচ্ছে বিশেষ করে যে এটা পাবার সাথে হচ্ছে কি না যখন রিভাইজড্ এস্টিমেট হয়েছে তখন একটা হ'ল এবং তার থেকে অনেক পার্থক্য আমি সাপ্লিমেন্টারি এস্টিমেটএ দেখেছি। সেজন্যে আমার প্রশ্ন হচ্ছে যে ১২টা আইটেমএ প্রায় ১ লক্ষ ৮০ হাজার টাকা বেশী চাওয়া হয়েছিল, কিন্তু সেটা সাপ্লিমেন্টারি

এস্টিমেটএ চাওয়া হয় নি এবং ২২টা আইটেমএ ৩ কোটি ৫১ লক্ষ টাকা যেটা চাওয়া হয়েছিল তার মধ্যে থেকে বেশীরভাগটাই চাওয়া হয় নি। কিন্তু আবার তার ভেতর থেকেও কোনটায় কোনটায় চাওয়া হয়েছে। অতএব এই পার্থক্যটা আছে এটা কেন হবে? মানে কতদিনকার তফাৎ। অর্থাৎ রিভাইজড্ এস্টিমেটটা কবে তৈরী হয়েছে এবং সাপ্লিমেন্টারি বাজেট কত পরে হয়েছে—এটা একটা আমার প্রশ্ন। আমার সবচেয়ে বড় প্রশ্ন হচ্ছে এই যে এটা একটা হাস্যকর জিনিস যে একটা বছরের বাজেট শেষ হয়ে গেছে এবং আর একটা বছরের বাজেট পাশ হয়ে গেল, কিন্তু তারপর এল লাস্ট ইয়ারএর সাপ্লিমেন্টারি বাজেট। অর্থাৎ ১৯৫৫-৫৬ ইজ ক্লোজড এবং আমরা ১৯৫৬-৫৭এর বাজেটের পাশ করে দিলাম—অবশ্য আইনতঃ ঠিকই আছে যে ৩১শে মার্চের ভেতরে এসেছে, কিন্তু জিনিসটা দেখতে কিরকম দাঁড়াচ্ছে। কারণ ১৯৫৬-৫৭এর বাজেট আমরা পাশ করে দিলাম, কিন্তু ১৯৫৫-৫৬এর সাপ্লিমেন্টারি এস্টিমেট সময়ে আসে নি। আমার এই কথা বলবার তাৎপর্য্য হচ্ছে এই যে, যখন আমি ১৯৫৬-৫৭এর বাজেট পাশ করছি সেই সময় আমার সামনে রয়েছে রিভাইজড এস্টিমেট, কয়েকটি ফিগার এবং যখন আমি ১৯৫৬-৫৭ সালের বাজেট পাশ করছি তখন আমার সামনে রয়েছে ১৯৫৪-৫৫ সালের য়্যাকচুয়ালস, ও ১৯৫৪-৫৫ সালের বাজেট রয়েছে, ১৯৫৫-৫৬ সালের বাজেট এবং রিভাইজড্ এস্টিমেট রয়েছে এবং তার উপরে ১৯৫৬-৫৭ সালের বাজেটও রয়েছে।

[4-50—5 p.m.]

কাজেই আমরা যখন ১৯৫৬-৫৭ সালের বাজেট পাশ করি তখন সব কটা জিনিষ আমাদের চিন্তার ভেতরে নিতে হয়—১৯৫৪-৫৫ সালের য়্যাকচুয়ালস, ১৯৫৫-৫৬ সালের রিভাইজড্ এস্টিমেট এবং ১৯৫৬-৫৭ সালের বাজেট। অর্থাৎ এইগুলিকে সব একসঙ্গে নিয়ে আমরা ১৯৫৬-৫৭ সালের বাজেট পাশ করি। কিন্তু পাশ করিয়ে নেবার পর যদি ১৯৫৫-৫৬ সালের সাপ্লিমেন্টারি এস্টিমেট আসে এবং তাও ঐ রিভাইজড্ এস্টিমেট থেকে এত পার্থক্য থাকে যে তার মানে হয় না। কারণ যদি দেখতাম যে রিভাইজড্ এস্টিমেটএ যা আছে সাপ্লিমেন্টারি এস্টিমেটএ তা ছাড়া একটি কথা এদিক ওদিক নেই, তাহলে আমি বুঝতাম যে এটা মাত্র টেকনিক্যাল ব্যাপার—আজ কি কাল এই তিনটে মাসের মধ্যে করে নেওয়া হবে। কিন্তু যখন সাবস্ট্যান্সিয়াল ডিফারেন্স নেই, সাবস্ট্যান্সিয়াল চেঞ্জেস দেখতে পাচ্ছি না তখন রিভাইজড্ এস্টিমেটএ এতগুলো হেড প্রায় বেশীরভাগ কেন? আমরা যখন রিভাইজড্ এস্টিমেটএর বাজেট পাশ করার সময় কন্সিডার করি তখন বাজেট পাশ করবার সময় রিভাইজড্ এস্টিমেটটা কন্সিডার করা হয়ে গেছে এবং এটা হবার পর সেদিন আমাকে জানান হয়েছে যে এই এই চাওয়া হবে। তারপরে হঠাৎ সাপ্লিমেন্টারি এস্টিমেটে দেখা যাচ্ছে যে তা থেকে ওয়াইডলি ডিফারেন্ট হয়েছে। সেজন্য আমি এটাকে অপরাধ বলে মনে করি, কারণ রিয়াল বাজেট পাশ করিয়ে নেবার পর সাপ্লিমেন্টারি এস্টিমেট যেটা রিভাইজড বাজেট থেকে অনেক তফাৎ থাকে বলে সেইরকমের একটা সাপ্লিমেন্টারি এস্টিমেট নিয়ে আসা অত্যন্ত অন্যায়। এই প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে এই যে গভর্ণমেন্ট অন্ততঃ গণতন্ত্রের সম্মতি না নিয়ে যতদূর এঁরা এটাকে হতে দিতে বাধা দিয়েছেন এমন করা আর কারুর পক্ষে সম্ভব নয়। অবশ্য এখন আমি অন্যান্য ব্যাপারে যাবো না, কারণ একটু আগেই আপনারা দেখেছেন যে এসেম্বলীর কোয়েশ্চেন্স, য়্যান্সার্স সম্বন্ধে তাদের কি চমৎকার ব্যাপার এবং এসেম্বলীর দিন, তারিখ ইত্যাদিও দেখা হয়েছে। আজকেই এই হাউসএ এটা দেখা গেছে, কিন্তু য়্যাপ্রোপ্রিয়েসন বিল আলোচনাকালে এটা আমার বক্তব্য নয়। কিন্তু বাজেট ফাইন্যান্স সম্বন্ধে এই গভর্ণমেন্টের যেটা মনোভাব সেটা য়্যাপ্রোপ্রিয়েসন বিলএর সময় আমাদের আলোচনা করতে হবে। এই গভর্ণমেন্টের মনোভাব হচ্ছে এই যে একাউন্টস বাজেট "গ্র্যান্টস" পাশ হয়েই যাবে, খরচ আমরা করে যাবো, টাকা না থাকলে স্টেট ব্যাঙ্ক থেকে টাকা নিয়ে নেব এবং তারপর যদি কোন কারণে কোথাও গোলমাল হয় তাহলেও প্লেটা পাব্লিক য়্যাকাউন্টস কমিটিতে ৫টা বছর পরে আসবে। কিন্তু আমার এখন যা খরচ, যা প্রয়োজন তাত ঘাড়ে-গর্দানে রথ চালিয়ে করে যাই—এই যে মতি-গতি এটা গণতন্ত্রের পক্ষে অত্যন্ত ক্ষতিকর। কাজেই এই গভর্ণমেন্টের অত্যন্ত প্রয়োজন ছিল প্রত্যেকটি বিষয় এইভাবে নেওয়া, কেন না এটা খুব অসাধারণ ব্যাপার হচ্ছে যে

